Ambidexterity, *n. s.* সব্যসাচিত্ব, দুইহস্ত সমানরূপে চালন ; দ্বিপক্ষি কার্য্যকারিত্ব ; প্রতারণাকর্ত্তা।
Ambidextrous, *a.* সব্যসাচীস্বভাব, দুই হস্ত সমরূপে চালনসমর্থ, দ্বিপক্ষপাতী, উভয়পক্ষপাতী।
Ambidextrousness, *n. s.* সব্যসাচিত্ব, দ্বিপক্ষপাতিত্ব।
Ambient, *a.* Lat. বেষ্টন বা প্রদক্ষিণশীল, ঘেরা বা বেড়াধর্ম্মক।
Ambigu, *n. s.* Fr. একত্রস্থিত নানা প্রকার ব্যঞ্জন বা ঝোল।
Ambiguity, *n. s.* অস্পষ্ট, সন্দেহার্থ, অর্থবিষয়ে সন্দেহ, দ্ব্যর্থবাক্য।
Ambiguous, *a.* Lat. সন্দেহবিশিষ্ট, দ্ব্যর্থ, দ্বিবাচক, দ্বিধাবাক্শীল, দ্বিবচনকারী, অস্পষ্ট, সন্দেহজনক।
Ambiguously, *ad.* সন্দেহপূর্ব্বক, অনিশ্চিত বা অস্পষ্টরূপে, দ্ব্যর্থ বা দ্বিবচনপূর্ব্বক, দ্বিরূপবাক্য বা কথাপূর্ব্বক।
Ambiguousness, *n. s.* অনিশ্চিতত্ব, অস্পষ্টত্ব, সন্দিগ্ধত্ব, দ্বিবাক্য, দ্বিবচন।
Ambilogy, *n. s.* Lat. and Gr. অনিশ্চয়ার্থক বচন, দ্ব্যর্থকথোপকথন।
Ambiloquous, *a.* Lat. অনিশ্চিত বাক্যবাদ, দ্ব্যর্থ বাক্য কথনশীল, দ্ব্যর্থধর্ম্মক।
Ambiloquy, *n. s.* অস্পষ্টবাক্য, অনিশ্চিত বচন বা ব্যবহার, দ্ব্যর্থক কথোপকথন।
Ambit, *n. s.* Lat. মণ্ডল, চক্রবাল, বেড়, বেষ্টন, রেখা, গণ্ডী।
Ambition, *n. s.* Lat. গর্ব্ব, যাহা আছে তদপেক্ষা অধিক প্রাপণ বাঞ্ছা, মহদ্বিষয়ে বাঞ্ছা, প্রশংসেচ্ছা, ঐশ্বর্য্য বা বিদ্যা বা সম্ভ্রম প্রাপণাকাঙ্ক্ষা।
Ambitious, *a.* গর্ব্বিত, প্রশংসা বা সম্ভ্রম বা ঐশ্বর্য্য বা কোন এক বিষয়ে বর্দ্ধনেচ্ছাবিশিষ্ট বা আকাঙ্ক্ষাশীল ; লালচী, লোভী।
Ambitiously, *ad.* বাঞ্ছা বা আকাঙ্ক্ষাপূর্ব্বক, লালচরূপে।
Ambitiousness, *n. s.* প্রশংসেচ্ছুতা, সম্ভ্রমাকাঙ্ক্ষা, বিদ্যা বা ঐশ্বর্য্য ইত্যাদি কোন এক বিষয়ে বৃদ্ধ্যাকাঙ্ক্ষা, লালচ, লোভ।
Ambitude, *n. s.* বেষ্টন, বেড়, মণ্ডলাকারত্ব।
To **Amble**, *v. n.* Fr. পায়েং বা সহজরূপে গমনশীল-হ, মায়াপূর্ব্বক-গম, নানাবিধ ঠাট করিয়া-চল।
Amble, *n. s.* অশ্ব যখন এক পার্শ্বের দুই পাদ এককালে তুলিয়া গমন করে তৎপ্রকার গতি বা চালি।
Ambler, *n. s.* চালিঅশ্ব, সুন্দরগতিশীল ঘোটক, চালি ঘোড়া।
Amblingly, *ad.* সুন্দর চালিপূর্ব্বক।
Ambo, *n. s.* Gr. পাঠমঞ্চ বা আসন।
Ambrosia, *n. s.* Gr. পরমান্ন, দেবান্ন, দেবগণেরদের ভোজ্য ; অমৃত ; বৃক্ষবিশেষ।
Ambrosiatick, *a.* সুস্বাদু, পরমান্নবিশিষ্ট, দেবান্নবৎ মনোহর বা সুস্বাদু।
Ambrosial, *a.* তথা ; পরমান্নস্বভাব, অমৃত গুণবিশিষ্ট।
Ambrosian, *a.* পরমান্ন বা দেবান্নবৎ মনোহর বা সুস্বাদু।
Ambry, *n. s.* দানকর্ত্তার নিবাস, গৃহপাত্র রক্ষার্থস্থান, পর্য্যুষিত খাদ্যদ্রব্যাধার।
Ambs ace, *n. s.* তাসখেলাতেযখন দুই মন্না একত্র উঠে।
To **Ambulate**, *v. n.* Lat. ইতস্ততো প্রদক্ষিণ করিয়া-যা বা- গম।
Ambulation, *n. s.* প্রদক্ষিণ বেড়ান, ইতস্ততো গমন-ভ্রমণ-চলন বা গতি।
Ambulative, *a.* প্রদক্ষিণ বা ইতস্ততো গমনশীল বা তৎস্বভাব।
Ambulatory, *a.* ভ্রমণকারী, প্রদক্ষিণকারক, ইতস্ততোগামী ; গমনেতে ঘটনীয়, গমন বা প্রদক্ষিণশীল, যথা ইতস্ততো গমন বা প্রদক্ষিণকারী আদালত বা কাছারি, দায়েরসাহেব ইত্যাদি।
Ambulatory, *n. s.* গমনাগমন বা প্রদক্ষিণ স্থান।
Ambury, *n. s.* Sax. অশ্বশরীরের কোন এক অংশে স্থিত রক্তবিশিষ্ট আব বা স্ফীতি।
Ambuscade, *n. s.* Fr. শত্রু অপেক্ষায় লুক্কায়িত থাকনস্থান, ওৎ, গোপনীয় ঘাঁটা বা পথ বা বাট।
Ambuscado, *n. s.* তথা।
Ambuscadoed, *a.* লুক্কায়িতরূপে স্থিত।
Ambush, *n. s.* Fr. শত্রু অপেক্ষায় লুক্কায়িত হওনস্থান, ওৎ, আড়াল, লুক্কায়িত হইয়া থাকিয়া শত্রুকে আক্রমণকরণ।

Digitized by Google

To Ambush, *v. a.* শত্রু আক্রমণার্থে লুক্কায়িতরূপে স্থাপন-কৃ, ওতে বা আড়ালে স্থিতি-কৃ, ওতে-থাক্।
Ambushed, *a.* লুক্কায়িত স্থানে স্থাপিত, ওতে বা আড়ালে স্থিত।
Ambushment, *n. s.* শত্রু আক্রমণনিমিত্তে বা তদুপরি চড়াউ করণার্থে ওতে বা আড়ালে লুক্কায়িত হইয়া থাকন।
Ambust, *a.* Lat. অগ্নি বা তপ্তজলদ্বারা দগ্ধ।
Ambustion, *n. s.* দাহ, দগ্ধতা, দগ্ধস্থান বা দ্রব্য।
Amel, *n. s.* Fr. মিনার্থক দ্রব্য, ধাতু ইত্যাদি গলাইবার মুচিহইতে নির্গত কাঁচ বিশেষ রোগন।
To Ameliorate, *v. a.* Fr. ভদ্র-কৃ, উত্তম-কৃ, উপশম বা সহজ বা লঘু বা আশান-কৃ।
Amelioration, *n. s.* ভদ্রকরণ, উত্তমকরণ ; শ্রেষ্ঠকরণ ; উপশম, সহজ, লঘুত্ব, আশান।
Amelled, *part. a.* মিনাবিশিষ্ট, মিনাতে লিপ্ত।
Amen, *ad.* Heb. এই শব্দ স্তবশেষে বা প্রার্থনান্তে ব্যবহার্য্য, তদনুসারে হউক, ভবতু, তথাস্তু ইত্যাদি অর্থ।
Amenable, *a.* হিসাব বা উত্তর বা জবাব দেওনোপযুক্ত, কারণ দেওন বা দর্শানযোগ্য, প্রয়োজনকথনার্হ, জামিন্দারী দায়ভাগী।
To Amenage, *v. a.* Fr. বলপূর্ব্বক-দৃশ্(ক্রি) বা কার্য্য-কৃ (ক্রি)।
Amenance, *n. s.* Lat. আচার, রীতি, ব্যবহার ; চালি, আকার।
To Amend, *v. a.* Lat. শুদ্ধ-কৃ, আচার শুদ্ধ-কৃ, গ্রন্থ শুদ্ধ-কৃ।
To Amend, *v. n.* শুদ্ধ বা সাধু-হ, স্বাস্থ্য বা উপশম-হ, উত্তম-হ।
Amendable, *a.* উত্তরোত্তর ভদ্রভবনীয়, সাধুভবনার্হ, শোধনযোগ্য, স্বাস্থ্যার্হ, উপশমনীয়।
Amende, *n. s.* Fr. দণ্ড, দোষফল।
Amender, *n. s.* শোধনকর্ত্তা, ভদ্র বা শুদ্ধ বা সাধু করায় যে, শাস্তা।
Amendful, *a.* শোধনগুণবিশিষ্ট, ভদ্র বা উত্তমভবনীয়, সাধুহওনযোগ্য, উত্তমকরণশীল।
Amending, *n. s.* শোধন করা, শুদ্ধ বা সাধু বা উপশম হওয়া।
Amendment, *n. s.* শোধন, দোষশোধন, মন্দহইতে ভদ্রপ্রতিপরিণাম, আচার শোধন ; উপশম বা আরোগ্য হওন।
Amendment, [In Law.] বিচারশোধন, দোষশোধন।
Amends, *n. s.* প্রতিনিধি দান, প্রতিনিধি দেয় দ্রব্য, দোষ শোধনার্থে কৃত বা দত্ত যাহা।
Amenity, *n. s.* Lat. রম্যত্ব, সুখাবহত্ব ; মিতাচার ; স্বচ্ছন্দপূর্ব্বক অবস্থিতি বা বাস।
Amentaceous, *a.* Lat. সূক্ষ্মসূত্র বা বিষয়দ্বারা লুণ্ঠিত।
Amenty, *n. s.* Fr. উন্মত্ততা, পাগলামী।
To Amerce, *v. a.* Fr. রূপ্য বা অর্থ দণ্ড-দা, জরিমানা-কৃ, প্রতিফল শাস্তি বা সাজা-দা, গুনাহগারি-কৃ, বা-নী(ক্রি)।
Amerceble, *a.* অর্থদণ্ড শাস্তিযোগ্য দণ্ডার্হ।
Amercer, *n. s.* রূপ্যদণ্ড নিরূপণ করে যে, শাস্তি বা সাজা দেয় যে।
Amercement, *n. s.* দণ্ড, অর্থদণ্ড, জরিমানা, গুনাহগারি ; হানি, ক্ষতি।
Amerciament, *n. s.* তথা।
American, *n. s.* আমেরিকা দেশীয় বা তদ্দেশজাত লোকদ্রব্য ইত্যাদি।
American, *a.* আমেরিকাদেশীয় বা তদ্দেশবিষয়ক বা তদ্দেশজ।
Ames ace, *n. s.* তাস খেলনে যখন দুই মন্না এককালে উঠে।
Amess, *n. s.* Fr. পুরোহিতের বস্ত্র, আচার্য্যের পরিধেয় বস্ত্রাদি।
Amethodical, *a.* অধারাবিশিষ্ট, বিলি বা ব্যবস্থারহিত।
Amethodist, *n. s.* Methodist শব্দ দেখ। ধারাপূর্ব্বক কার্য্য চালায় না বা করে না যে; হাতুড়িয়া চিকিৎসক, ব্যবস্থা বা ধারা নাই যাহার।
Amethyst, *n. s.* Gr. বাগুনীয় বর্ণ প্রস্তর বা মণি।
Amethyst, *n. s.* [In Heraldry.] বস্ত্রেতে তৎপ্রস্তরবর্ণ বুঝায়।
Amethystine, *a.* বর্ণেতে বা গুণেতে তৎপ্রস্তরবৎ।
Amiable, *a.* Fr. স্নেহার্হ, প্রীতিযোগ্য, আদরণীয় ; সুন্দর, রমণীয়, প্রিয়দর্শন, প্রিয়, সুখদ, বৎসল, মনোহর, আনন্দার্হ।
Amiableness, *n. s.* প্রিয়দর্শনত্ব, মনোহরত্ব, রমণীয়ত্ব, সুখদত্ব, প্রিয়তমত্ব, বাক্যেতে বা আচারে সুশীলত্ব।
Amiability, *n. s.* Amability শব্দ দেখ।
Amiably, *ad.* প্রীতিপূর্ব্বক, স্নেহরূপে, সুন্দররূপে ; সুখদ বা মনোহর বা রমণীয়রূপে, বাক্যে বা আচারে সুশীলতাপূর্ব্বক।
Amicable, *a.* প্রীতি বা মিত্রতাশীল, স্নেহশীল, ঐক্যস্বভাব, সর্ব্ব বা কোন এক গুণে সম্পূর্ণ, যথা প্রিয়বাচক, প্রিয়দর্শী, সুবক্তা, সুশ্রাব্য, সুব্যবহারী ইত্যাদি ; অনায়াস, আপশ।
Amicableness, *n. s.* মিত্রতা, বন্ধুত্ব, স্নেহ, ঐক্য, মঙ্গলবাঞ্ছা, অনুকূলতা।
Amicably, *ad.* মিত্রতারূপে, বন্ধুত্বপূর্ব্বক, স্নেহপূর্ব্বক, ঐক্য বা মিলনপূর্ব্বক, আনুকূল্যরূপে, আত্মীয়তা বা প্রণয়পূর্ব্বক, অনায়াসপূর্ব্বক, আপশে।
Amice, *n. s.* Lat. পুরোহিতের বা আচার্য্যের পরিচ্ছদ বিশেষ।
Amid বা Amidst, *prep.* Sax. মধ্যে, অভ্যন্তরে, ভিতরে, মাঝা মাঝি।
Amiss, *ad.* দোষপূর্ব্বক, অপরাধপূর্ব্বক; অনুপযুক্তরূপে, অপ্রকৃতরূপে, অকর্ত্তব্যরূপে ; পরিহাস্যরূপে, অস্বাস্থ্যরূপে, দুষ্ট বা মন্দরূপে, নিন্দনীয়, অনাদরণীয়পূর্ব্বক।
Amiss, *n. s.* দোষ, অপরাধ, অকর্ত্তব্যতা, মন্দ।
Amission, *n. s.* Lat. ক্ষতি, হানি নোক্সান্।
To Amit, *v. a.* চ্যুত-কৃ, শ্লথ-কৃ, খোলা।
Amity, *n. s.* Fr. মিত্রতা, ঐক্য, বন্ধুত্ব।
Ammiral, *n. s.* Admiral শব্দ দেখ।
Ammoniac, *n. s.* Gum ammoniac এবং Sal ammoniac নামে দুই প্রকার ঔষধ বিশেষ ; প্রথম একপ্রকার নির্য্যাস, দ্বিতীয় একপ্রকার লবণ।
Ammoniacal, *a.* তল্লবণ বা নির্য্যাসধর্ম্মক বা তদ্গুণবিশিষ্ট।
Amunition, *n. s.* Lat. যুদ্ধসজ্জা, বারুদগুলি বন্দুক তোপ ইত্যাদি।
Amunition-bread, *n. s.* যুদ্ধার্থে ভক্ষ্যদ্রব্য, সৈন্যজন্য ভক্ষণীয় দ্রব্য বা আহার বা অন্ন।
Amnesty, *n. s.* Gr. ক্ষমা, গোপনীয়ত্ব, গুপ্তকার্য্য; রাজ ক্ষমা, দোষবিস্মরণ, রেআত, মাফ।
Amnicolist, *n. s.* Lat. নদীতীরবাসী।
Amnigenous, *n. s.* Lat. নদীতীরজ, নদীজ।
Amnion বা Amnios, *n. s.* Gr. কুলান্তস্থ ত্বক্।
Amomum, *n. s.* Lat. এলাচি।
Among বা Amongst, *prep.* Sax. মধ্যে, অভ্যন্তরে, মধ্যস্থিত, মিশ্রিত ; সাথে, সঙ্গে, সহিত।
Amoret, *n. s.* Ital. স্নেহ করে যে, প্রীত্যাক্রান্ত।
Amorette বা Amourette, *n. s.* প্রীত্যাক্রান্তা স্ত্রী, উপপত্নী ; পুষ্পহার।
Amorist, *n s.* উপপতি, নাং, প্রীতিদর্শনকর্ত্তা, কামাক্রান্ত পুরুষ।
Amornings, *ad.* প্রাতঃকালে, প্রভাতে।
Amorosa, *n. s.* Ital. লম্পট, লুচ্চা, প্রীতেপড়া বা কামাক্রান্ত ব্যক্তি, প্রেমী বা মুগ্ধ লোক।

Digitized by Google

Amoroso, *n. s.* Ital. প্রীতিতে মগ্ন বা আক্রান্ত হইয়াছে যে।

Amorous, *a.* প্রীতিতে আক্রান্ত, প্রীতিতে মজ্জনশীল, রসিক, শৃঙ্গার রসে মগ্ন, কামুক, প্রেমশীল, প্রীতিবিষয়ক।

Amorously, *ad.* স্নেহপূর্ব্বক, প্রীতিপূর্ব্বক, রসিকভাবে, কামাক্রান্তরূপে।

Amorousness, *n. s.* প্রেম, স্নেহ, প্রীতি; রসিকতা, কামাক্রান্তত্ব।

Amorphous, *a.* আকাররহিত, মূর্ত্তিহীন।

Amorphy, *n. s.* Gr. স্থাপিত মত ত্যাগ, নিরূপিত ধারাচ্যুত হওন।

Amort, *ad.* Fr. মৃতাবস্থাতে, স্পন্দনরহিতরূপে, মৃত্যুবৎ; দুঃখী বা মনঃক্ষুণ্ণাবস্থাপূর্ব্বক।

Amortization বা **Amortizement**, *n. s.* যে সমাজের অন্ত নাই এমত সমাজস্থেরদিগকে ভূম্যাদি দান বা অর্পণশক্তি বা স্বত্ব।

To **Amortize**, *v. a.* অন্য লোকহইতে লইয়া কোন সমাজেতে বা তদুত্তরাধিকারিকে ভূমি অর্পণ-কৃ, স্থাবরাদি ধন-দা, প্রদান-কৃ।

Amotion, *n. s.* অন্যত্র করণ, দূরকরণ, স্থানান্তর করণ।

Amoval, *n. s.* স্থানান্তর করণ, দূরকরণ।

To **Amove**, *v. a.* Lat. স্থানান্তর বা দূর-কৃ, চল (ক্রি)।

To **Amount**, *v. n.* Fr. সংখ্যাতে বা মূল্যেতে বা কার্য্যে বা বিষয়ে বৃদ্ধি-পা, পূর্ণ বা সম্পূর্ণ-হ, সম্পূর্ণরূপে কোন কিছু গ্রহণকরণেতে উৎপন্ন-হ; উদ্ধগত-হ, যড় বা একত্র-হ, মোট-হ, জুমল-হ।

Amount, *n. s.* সমুদায়, তাবৎ; ঠিক, জমা, মোট, জুমল; মূল্য।

Amour, *n. s.* Fr. প্রীতি কার্য্য, নাঙ্গামি, প্রীতিদ্বারা ভুলান, মজান।

Amper, *n. s.* Sax. জ্বালাবিশিষ্ট স্ফীতি, বিস্ফোটক।

Amphibious, *a.* Gr. জলবায়ুজ, জলবায়ুগ, জলবায়ুবিহারী, বহুস্বভাবজলবায়ুতে সমভাবে জীবধারণশক্ত; দ্বিধর্ম্মক, মিশ্রিত।

Amphibiousness, *n. s.* জলবায়ুচর স্বভাব বা ধর্ম্ম, জলবায়ুতে জীবধারণ বা গতি করণ সমধর্ম্ম বা শক্তি; দ্বিধর্ম্মত্ব।

Amphibium, *n. s.* জলেতে ও স্থলেতে সমরূপে জীবধারণ করে যে, জলস্থলজীব ভূজলনিবাসকর্ত্তা।

Amphibological, *a.* সন্দেহবিশিষ্ট, সন্দিগ্ধ; দ্বিধর্ম্মক, অস্পষ্ট।

Amphibologically, *ad.* সন্দেহরূপে, সন্দিগ্ধচিত্তপূর্ব্বক, দ্বিধর্ম্মপূর্ব্বক।

Amphibology, *n. s.* অনিশ্চিত কথোপকথন, সন্দেহার্থক বচন বা বাক্য।

Amphibolous, *a.* ইতস্ততো বা একহইতে অন্যেতে উদ্বাহিত বা উৎক্ষিপ্ত বা উত্তোলিত; অনিশ্চিত, অস্থৈর্য্য, এদিগ্‌ওদিগ্ চালিত, ছিন্নভিন্ন।

Amphiboly, *n. s.* বহুর্থক কথোপকথন, নানার্থক বচন বা বাক্য।

Amphilogy, *n. s.* Gr. দ্ব্যর্থ বচন, সন্দেহবিশিষ্ট কথোপকথন, দ্বিমুখ।

Amphisbæna, *n. s.* Lat. দ্বিমস্তক সর্প, সাকনি সর্প, পুঁয়াসাঁপ।

Amphiscii, *n. s.* Gr. বৎসরের অয়নবিশেষ, এক অয়নে একদিগে অন্য অয়নে অন্যদিগে ছায়া পড়ে যে দেশে তদ্দেশীয় লোকা

Amphitheatre, *n. s.* অর্দ্ধচন্দ্রাকার নাটমন্দির বা তামাসা দর্শন গৃহ।

Amphitheatrical, *a.* তদ্রূপ গৃহ বা তামাসাবিষয়ক।

Ample, *a.* Lat. বৃহৎ, বড়, প্রশস্ত, ওসার, সীমা নাই যাহার, অসীমক অনিবার্য্য, প্রগল্ভ, সুন্দর, সৌন্দর্য্যবিশিষ্ট, ব্যাপী, আঁটো নয়, বিস্তৃত; যথেষ্ট, প্রচুর, বহুল, অনবধি।

Ampleness, *n. s.* বৃহত্ত্ব, মহত্ত্ব, প্রশস্ততা, সৌন্দর্য্য, বিস্তৃতত্ত্ব, যথেষ্টত্ব, প্রাচুর্য্য, অসীমত্ব, বিশালতা।

To **Ampliate**, *v. a.* Lat. বর্দ্ধন বা প্রশস্ত বা বিস্তীর্ণ-কৃ।

Ampliation, *n. s.* বৃদ্ধি, বিস্তার, প্রশস্তত্ব।

To **Amplificate**, *v. a.* Lat. বর্দ্ধন বা যথেষ্ট বা বাহুল্য বা বিস্তার বা ওসার-কৃ, বাড়া (ক্রি), বড়-কৃ।

Amplification, *n. s.* বর্দ্ধনভাব, বৃদ্ধি, বিস্তারত্ব, প্রশস্তত্ব।

Amplifier, *n. s.* বর্দ্ধন বা বিস্তার করে যে, বিস্তারকর্ত্তা; বিষয় বর্দ্ধনকর্ত্তা, গল্পী, বহুভাষী।

To **Amplify**, *v. a.* বর্দ্ধন-কৃ, বিস্তার-কৃ, নূতনদ্রব্য বা বিষয় বা বাক্য দ্বারা বর্দ্ধন বা উত্তম-কৃ।

To **Amplify**, *v. n.* বিস্তারপূর্ব্বক বাক্যশীল-হ, বিস্তার করিয়া ব্যাখ্যাতা-হ, বহুভাষী-হ।

Amplitude, *n. s.* বর্দ্ধিত পরিমাণ বা পরিসীমা, বৃহত্ত্ব, বহুত্ব; অনভাব, তাচ্ছল্য, অপরিমিতত্ব; আধারশক্তি, আধেয়ত্ব; সৌন্দর্য্য, প্রতাপ, মহিমা; কোন বিষয়ের সম্পূর্ণত্ব বা প্রচুরত্ব বা যথেষ্টত্ব বা বিস্তার; পরিসীমা। [In Astronomy.] চক্রবালের পরিসীমা।

Amply, *ad.* বর্দ্ধিতরূপে, বিস্তৃতরূপে, প্রচুরতাপূর্ব্বক, যথেষ্টতারূপে; তাচ্ছল্যপূর্ব্বক, অনুভাবরূপে, অপরিমিতে, যথেষ্টাচারে।

To **Amputate**, *v. a.* Lat. অঙ্গচ্ছেদন-কৃ, অঙ্গ-ছিদ্ বা কাটা।

Amputation, *n. s.* অঙ্গচ্ছেদন বা কাটন।

Amulet, *n. s.* Fr. কবজ, তাবিজ, মাদুলি; রোগনাশক বা নিবারক ঔষধ।

Amurcosety, *n. s.* Lat. গাদের বা ছানির বা স্বরের গুণ বা ধর্ম্ম।

To **Amuse**, *v. a.* কোন বিষয় বা বাক্যদ্বারা পরিতোষ বা সন্তোষ বা আহ্লাদ-কৃ বা জন (ক্রি), প্রসঙ্গদ্বারা অতিথি-কৃ, অপেক্ষায়-রক্ষা, মনঃপ্রবোধ বা পরিতোষপূর্ব্বক ভুলা (ক্রি), প্রসঙ্গ-কৃ।

To **Amuse**, *v. n.* আলোচনা-কৃ, ভাব্যভাবনা-কৃ, চিন্তা-কৃ।

Amusement, *n. s.* আহ্লাদজনক কর্ম্ম, কোন বিষয়ে তুষ্টি বা আনন্দ জন্মায় যাহা; ধ্যান, তপস্যা, অনুধাবন; খুশী, আহ্লাদ।

Amuser, *n. s.* আহ্লাদ বা সন্তোষ জন্মায় যে; পরিতোষকর্ত্তা।

Amusingly, *ad.* আহ্লাদরূপে, সন্তোষপূর্ব্বক, পরিতোষরূপে।

Amusive, *a.* আহ্লাদ বা সন্তোষজনক, আহ্লাদনীয়।

Amusively, *ad.* আহ্লাদপূর্ব্বক, সন্তোষরূপে।

Amygdalate, *a.* Lat. বাদামকৃত, বাদামতৈলাক্ত।

Amygdaline, *a.* বাদামবৎ, বাদামাকার।

An, *ad.* অব্যয় শব্দ। a অক্ষর দেখ। অনুচ্চার্য্য বা স্বরাদি শব্দের পূর্ব্বে প্রয়োগ হয়। এক, কতক, কোন, ইত্যাদি অর্থ।

Ana, *ad.* Gr. উপসর্গ; ঔষধ বিদ্যায় তুল্য পরিমাণ বা সমানাংশ বুঝায়।

Ana, *n. s.* যে গ্রন্থের সংজ্ঞান্তে ana প্রয়োগ হয় তদ্গ্রন্থ অর্থ।

Anabaptism, *n. s.* পুনর্ডুবমত, খ্রীষ্টীয়ানধর্ম্মের এক মতবিশেষ।

Anabaptist, *n. s.* Gr. পুনর্ডুবমতাবলম্বী।

Anabaptistical, *a.* পুনর্ডুবমতবিষয়ক।

Anabaptistick, *a.* পুনর্ডুবমতালম্বিবিষয়ক।

Anabaptistry, *n. s.* পুনর্ডুবমতালম্বিত্ব।

To **Anabaptise**, *v. a.* পুনর্ডুব-দা, পুনর্ডুবিত-কৃ।

Anacamptick, *a.* Gr. মুড়িয়া বা উল্টিয়া আইসনশীল, প্রতিচ্ছায়াদর্শনশীল, প্রতিগমনধর্ম্মক।

Anacampticks, *n. s.* আলোর মড়ন বা উল্টিয়া আইসন মত বা বিদ্যা।

Anacathartick, *n. s.* ঊর্দ্ধচালক ঔষধ; বমি বা উদ্গার জন্মানদ্বারা কার্য্য নিষ্পাদনশীল কোন দ্রব্য।

Anacephaleosis, *n. s.* Gr. বাক্যের প্রধান কল্প বা প্রসঙ্গ বিস্তার করণ বা আওড়ন।

Digitized by Google

Anachronism, *n. s.* Gr. কালগণনাবিষয়ে চুক বা ভ্রম।
Anachoretical, *a.* সন্ন্যাসিসম্বন্ধীয়, তপস্বিবিষয়ক।
Anachorete বা **Anachorite**, *n. s.* Gr. সন্ন্যাসিবিশেষ, তপস্বী।
Anachronistick, *a.* কালগণনাভ্রমবিশিষ্ট, কালনিরূপণ দোষবিশিষ্ট।
Anaclaticks, *n. s.* Gr. দীপ্তি বা আলো উল্টিয়া গতি করণ মত বা বিদ্যা।
Anacoenosis, *n. s.* Gr. বাদানুবাদবিষয়ে প্রতিবাদির মত জিজ্ঞাসা, বাগিদ্যার এক চিহ্ন বা নিয়ম।
Anacrontique, *n. s.* কবিতাবিশেষ।
Anademe, *n. s.* Gr. পুষ্পনির্ম্মিত মুকুট বা হার।
Anadiplosis, *n. s.* Gr. একবাক্যেতে এক শব্দের দুইবার উক্তি; বাগ্বিদ্যার এক নিয়ম।
Anagliph, *n. s.* Gr. প্রস্তর বা কাষ্ঠ খোদনদ্বারা কৃতালঙ্কার।
Anagliptick, *n. s.* কাষ্ঠ প্রস্তর খোদনবিদ্যাবিষয়ক, তক্ষণবিদ্যা সম্বন্ধীয়।
Anagogetical, *a.* Gr. আশ্চর্য্য, মনুষ্যবুদ্ধির অগম্য, গুহ্য।
Anagogical, *a.* আশ্চর্য্য অদ্ভুত, উচ্চ, গুহ্য।
Anagogically, *ad.* আশ্চর্য্যরূপে, অদ্ভুতরূপে।
Anagogicks, *n. s.* আশ্চর্য্য ভাবনা বা অনুমান বা চিন্তা বা বিবেচনা।
Anagram, *n. s.* Gr. কোন নামসংজ্ঞার অক্ষর লইয়া ভ্রমার্থে অন্য ব্যবস্থাপূর্ব্বক স্থাপন বা লিখন, নামাক্ষর পরীবর্ত্তনে যে ভ্রম জন্মে, অস্পষ্ট বা কঠিন সঙ্কেত বিশেষ, যথা *I moyl in law* অর্থাৎ W, i, l, l, i, a, m, N, o, y.
Anagrammatical, *a.* নামাক্ষর পরিবর্ত্তনবিষয়ক, পূর্ব্বোক্ত সঙ্কেতবিষয়ক বা তদ্বিশিষ্ট।
Anagrammatically, *ad.* নামাক্ষর পরিবর্ত্তনরূপে, পূর্ব্বোক্ত সঙ্কেতরূপে।
Anagrammatism, *n. s.* নামাক্ষর পরিবর্ত্তন করণ, পূর্ব্বোক্ত সঙ্কেতানুসারে লিখন বা সঙ্কেত করণ।
Anagrammatist, *n. s.* নামাক্ষর পরীবর্ত্তন করে যে, পূর্ব্বোক্ত সঙ্কেত লেখক বা রচনাকর্ত্তা।
To **Anagrammatize**, *v. a.* নামাক্ষর পরীবর্ত্তন-কৃ, পূর্ব্বোক্ত সঙ্কেত-কৃ।
Analects, *n. s.* সংগ্রহ, নানাগ্রন্থহইতে সংগ্রহ।
Analeptick, *a.* Gr. সন্তোষজনক, পুষ্টীকারি, স্থির বা সাভ্যন্তকারক। এই শব্দ ঔষধ বিদ্যাতে বহু ব্যবহার্য্য।
Analogal, *a.* তুল্য, সমান; সম্বন্ধীয়, সম্পর্কীয়, তৎসম্বন্ধীয়।
Analogical, *a.* সম্পর্ক বা সম্বন্ধবিষয়ক; তুল্য, সমান, তদবয়বী, তৎসম্বন্ধীয়, তদ্বিশিষ্ট।
Analogically, *ad.* তৎসম্বন্ধ বা সম্পর্করূপে তদবয়বপূর্ব্বক।
Analogicalness, *n. s.* তৎসম্পর্কত্ব, তৎসম্বন্ধত্ব, তদবয়বত্ব; সম্পর্কের বা সম্বন্ধের গুণ বা ভাব।
Analogism, *n. s.* কার্য্যকারণবাক্য, কারণহইতে কার্য্যোৎপত্তিসূচক বিচার বা অনুশীলন।
To **Analogize**, *v. a.* সম্বন্ধদ্বারা অর্থ-কৃ, অন্যের সহিত সম্পর্ক করিয়া অর্থ-দা, বাক্যের ভাব দৃশ (ক্রি)।
Analogous, *a.* সম্বন্ধী, সম্বন্ধ বা সম্পর্কবিশিষ্ট; তুল্য, সদৃশ, সমভাব, একধর্ম্ম, একাবয়বক, তুল্যসম্পর্ক, তদ্ধর্ম্ম।
Analogously, *ad.* তুল্যরূপে, সমানরূপে, সমভাবে, তুল্যধর্ম্মপূর্ব্বক।
Analogy; *n. s.* Gr. সম্পর্কের তুল্যাতুল্যত্ব; সাদৃশ্য, সদৃশতা, সম্বন্ধ, নৈকট্য, সম্পর্ক, একভাব, ঐক্য।
Analysis, *n. s.* স্থূলহইতে প্রত্যেক অংশের পার্থক্য, খণ্ডং বা বিশেষং করণ, বিভাগকরণ, পৃথক্ করিয়া অনুধাবনকরণ, কোন দ্রব্যের অংশ পৃথক্ং করণ; প্রত্যেক অংশ পৃথক করিয়া ব্যাখ্যা করণ, মূলার্থ বিশেষ করিয়া ব্যাখ্যা করণ; সারসংগ্রহ।
Analyst, *n. s.* কোন দ্রব্যের অংশ পৃথক্ করিয়া দেখে বা বিবেচনা করে যে, বিভাগকর্ত্তা।
Analytical, *a.* অংশং করণশীল বা তদ্ধর্ম্মক, বিভক্ত করণদ্বারা কার্য্যনিষ্পাদক, বিভাগ বা খণ্ডং কারী।
Analytically, *ad.* অংশং করণরূপে; বিভক্ত বা অংশং বা পৃথক্ করণপূর্ব্বক, বিশেষং করণপূর্ব্বক, প্রত্যেক অংশের অর্থ বা ভাব ব্যাখ্যা করণপূর্ব্বক।
Analytick, *a.* অংশং করণ মত বা দাঁড়াবিশিষ্ট, পৃথক্ বা বিভাগকরণ ব্যবস্থাশীল।
Analytick, *n. s.* অংশং করণ মত বা দাঁড়া বা ব্যবস্থা।
To **Analyze**, *v. a.* Gr. অংশং বা বিভাগ বা পৃথক্ বা বিশেষং-কৃ, খণ্ডং-কৃ; সারসংগ্রহ-কৃ, মূলার্থ সংগ্রহ করিয়া ব্যাখ্যা-কৃ।
Analyzer, *n. s.* অংশং করণশক্তি আছে যাহাতে, অংশকর্ত্তা, কোন কার্য্য সিদ্ধ্যর্থে স্থূল বা মূল খণ্ডং করে যে।
Anamorphosis, *n. s.* Gr. কদাকার করণ; চিত্র সময়ে কোন এক দ্রব্যের এমত স্থাপন যে একদিগহইতে দর্শন করিলে বিকলাঙ্গ আর অন্য দিগহইতে দেখিলে সম্পূর্ণাঙ্গ দেখায়।
Ananas, *n. s.* আনানাশ; পক্ষিবিশেষ।
Anapest, *n. s.* Gr. ছন্দোবিশেষ; বিশেষতঃ দুই দীর্ঘ অন্তে লঘু, যথা ছন্দো মঞ্জরীতে ইহার নাম ত সংজ্ঞা কহে।
Anapestick, *a.* পূর্ব্বোক্ত ত সংজ্ঞাবিষয়ক।
Anapestick, *n. s.* পূর্ব্বোক্ত ত ছন্দঃ।
Anaphora, *n. s.* Gr. বাক্যের পৃথক্ং অংশের আদিশব্দ সমজাত বা সম সুর হইলে এতদর্থ, সমাক্ষরাদি বাক্য বা শব্দ।
Anaplerotick, *a.* Gr শূন্যস্থানসম্পূরণশীল, সম্পূরক, পূরণকারী; মাংস বর্দ্ধক, বা পূরক, খোল বা গর্ত্ত বুজান বা পূরণশীল।
Anarch, *n. s.* অস্থিরকর্ত্তা, অব্যবস্থাকর্ত্তা, হুড় বা গোলমালকর্ত্তা, উৎপাত জন্মায় যে।
Anarchical, *a.* অস্থির, গোলমাল, অব্যবস্থিত, নিয়মরহিত, ব্যবস্থাশূন্য, প্রভুত্বরহিত; উৎপাতগ্রস্ত, হুলস্থূলবিশিষ্ট, অরাজক, বেআইন।
Anarchick, *a.* ব্যবস্থারহিত, অব্যবস্থিত, গোলমাল, প্রভুত্ব বা রাজত্বহীন।
Anarchism, *n. s.* অব্যবস্থাভাব, অস্থিরত্ব, গোলমালত্ব, হুলস্থূলত্ব।
Anarchist, *n. s.* অস্থির বা গোলমালকর্ত্তা, অব্যবস্থাকর্ত্তা, ব্যবস্থা বা প্রভুত্ব মানে না যে।
Anarchy, *n. s.* Gr. প্রভুত্বরাহিত্য, যাহাতে কেহ কাহারো প্রভুত্ব মানে না এমত অবস্থা, অরাজকতা, শাসনরাহিত্য, অনধীনতা, পরস্পর কর্তৃত্ব।
Anasarca, *n. s.* Gr. শোথ, জলস্ফীতি।
Anasarcous, *a.* শোথসম্বন্ধীয়, জলস্ফীতিবিশিষ্ট, শোথময়।
Anastomatick, *a.* বাধা বা প্রতিবন্ধক নিবারণধর্ম্মক; পরিষ্কারক অবরোধাবসারক।
Anastomosis, *n. s.* Gr. সন্ধি, শিরাসন্ধি, রগসন্ধি, সংযোগ।
Anathrophe, *n. s.* Gr. প্রয়োজনীয় শব্দের স্থানান্তরকরণ এমত কথা কহনের রূপবিশেষ।

Digitized by Google

Anathema, *n. s.* Gr. শাপ, অভিশাপ, ধর্ম্মপুস্তকবাক্যানুযায়ি শাপদেওন, মণ্ডলী বা মজলিশহইতে বহিষ্করণ।
Anathematical, *a.* শাপধর্ম্মক, অভিশাপযোগ্য।
Anathematically, *ad.* অভিশাপরূপে, শাপপূর্ব্বক।
Anathematization, *n. s.* অভিশাপদেওন, মণ্ডলি বা সভা বহিষ্করণ।
To **Anathematize**, *v. a.* শাপ বা অভিশাপ কৃ, মণ্ডলি বা সভা বা মজলিশ বহিষ্কৃ।
Anathematizer, *n. s.* শাপদায়ক, শাপোক্তি করে যে, অভিশাপদাতা।
Anatiferous, *a.* Lat. হংসবাহক, হংসোৎপাদক।
Anatocism, *n. s.* Lat. সুদের উপর সুদ বর্দ্ধন বা চড়ান, সুদের সুদ বাড়ান বা বৃদ্ধি।
Anatomical, *a.* ব্যবচ্ছেদবিদ্যাবিষয়ক, ব্যবচ্ছেদবিদ্যা মতানুযায়ী, ব্যবচ্ছেদযোগ্য।
Anatomically, *ad.* ব্যবচ্ছেদরূপে, ব্যবচ্ছেদবিদ্যাপূর্ব্বক।
Anatomist, *n. s.* ব্যবচ্ছেদবিদ্যাজ্ঞাতা, শরীরাবয়ব পৃথক্‌কর্ত্তা, শরীরচ্ছেদ বা অংশং করে যে।
To **Anatomize**, *v. a.* ব্যবচ্ছেদ-কৃ, অবয়বীভূত-কৃ; পৃথক্‌ং করিয়া কোন দ্রব্য প্রকাশ বা ব্যাখ্যা-কৃ।
Anatomy, *n. s.* Gr. ব্যবচ্ছেদবিদ্যা, ব্যবচ্ছেদকরণ, শরীরব্যবচ্ছেদ বা অবয়বীভূত করণবিদ্যা, ব্যবচ্ছেদবিদ্যাদ্বারা শরীরনির্ম্মাণ বিষয়জ্ঞহওন; কঙ্কাল; শুষ্কটিয়কদর্য্যাকার বা অতিক্ষীণ মনুষ্য।
Anatron, *n. s.* দ্রবীভূত কাঁচের গাদ, ইষ্টকভিত্তিজ লবণ।
Anbury. *n. s.* সালগ্রামের রোগবিশেষ বা তদ্বৃক্ষের রোগোৎপাদক কীট বা পোকাবিশেষ।
Ancestor, *n. s.* Lat. পূর্ব্বপুরুষ, পিতৃলোক, পিতৃ বা মাতৃকুল উৎপন্ন হয় যে লোকহইতে।
Ancestral, *a.* পূর্ব্বপুরুষবৎ, পূর্ব্বপৌরুষিক বা পৈতৃক, পিতৃপিতামহাদি সম্বন্ধীয়, পূর্ব্বকুলবিষয়ক।
Ancestrel, *a.* পূর্ব্বপুরুষাবধি অধিকৃত।
Ancestry, *n. s.* পূর্ব্বপুরুষ, কুল, গোষ্ঠী, গোত্র, পিতৃপিতামহাদি, কুল শ্রেণী, পূর্ব্বপুরুষাবধি শ্রেণীক্রম, কুলধর্ম্ম বা মর্য্যাদা, বংশ ধর্ম্ম, কুলমর্য্যাদা।
Anchentry, *n. s.* কুলের বা পূর্ব্বপুরুষের বা বংশের বা প্রাচীনত্ব, প্রবীণত্ব।
Anchor, *n. s.* Lat. নঙ্গর; জাহাজ বা নৌকা বদ্ধ হয় যদ্দ্বারা; স্থৈর্য্য বা সুরক্ষিতত্ব হয় বা জন্মে যদ্দ্বারা।
To **Anchor**, *v. n.* নঙ্গর-হ, নঙ্গরে বদ্ধ-হ, নঙ্গরে-থাকা।
To **Anchor**, *v. a.* নঙ্গর-ফেল, নঙ্গর-কৃ; বদ্ধ-কৃ, স্থির-কৃ।
To **Anchor**, *n. s.* পরিমিতাচারি যে, অন্যের সম্ভাষহইতে আপনাকে স্থানান্তর করে যে, সন্ন্যাসী বা তপস্বিবিশেষ এই শব্দ Anchoret শব্দের পরিবর্ত্তনে লিখে।
Anchorable, *a.* নঙ্গর করণোপযুক্ত, নঙ্গরে থাকা বা নঙ্গর ফেলন যোগ্য।
Anchor-hold, *n. s.* নঙ্গরবন্ধন, নঙ্গরধরা, নঙ্গরকামড়; স্থৈর্য্য, স্থিরত্ব, সুরক্ষিতাবস্থা।
Anchor-smith, *n. s.* নঙ্গরকর্ত্তা, নঙ্গরগড়ে যে, নঙ্গর কর্ম্মকার।
Anchorage, *n. s.* নঙ্গরের কামড় বা বন্ধন, নঙ্গরস্থান, নঙ্গরবাড়ি জাহাজে রাখা ব্যবহার্য্য নঙ্গরসকল, নঙ্গর বাড়িতে বা ঘাটে নঙ্গর করণ রাজস্ব বা শুল্ক, নঙ্গরকরণ মাসুল।
Anchored, *part. a.* নঙ্গরে বদ্ধ, নঙ্গরবন্নির্ম্মিত; ত্রিশূলবৎ। [In Heraldry.] নঙ্গরবদাকৃতি।
Anchoress, *n. s.* সন্ন্যাসিনী; অন্য মনুষ্যহইতে আপনাকে স্থানান্তর করে যে স্ত্রী।
Anchoret বা **Anchorite**, *n. s.* Gr. গৃহস্থাশ্রমত্যাগী, সন্ন্যাসী, তপস্বী।
Anchovy, *n. s.* Span. ক্ষুদ্র মৎস্যবিশেষ; খাদ্যার্থ লবণাক্ত করিয়া পাত্রে পূরিয়া রাখে যে ক্ষুদ্রমৎস্যবিশেষ।
Anciency, *n. s.* প্রাচীনত্ব, অনর্ব্বাচীনত্ব, পূর্ব্বকালীনত্ব, পুরাতনত্ব।
Ancient, *a.* Fr. প্রাচীন, অনর্ব্বাচীন, পূর্ব্বকালীন, পুরাতন কালীন; গত, বৃদ্ধ, পূর্ব্ব।
Ancient, *n. s.* পূর্ব্বকালে ছিল যে বা যাহা, এইক্ষণে বর্ত্তমান নহে যাহা, বৃদ্ধ বা পূর্ব্বকালীন লোক, প্রধান বা প্রাচীন মনুষ্য; পতাকা, ধ্বজা, নিশান্ বা তদ্বর্ত্তা বা বাহনকর্ত্তা।
Anciently, *ad.* পূর্ব্বকালে, প্রাচীনমতপূর্ব্বক।
Ancientness, *n. s.* পূর্ব্বকালীনত্ব, প্রাচীনত্ব, পুরাতনত্ব, পুরাণত্ব।
Ancientry, *n. s.* পূর্ব্বকালীন গোত্র, প্রাচীন বংশ বা কুলমর্য্যাদা।
Ancienty, *n. s.* পূর্ব্ব বা প্রাচীনকাল।
Ancile, *n. s.* Lat. রুমজাতীয়েরদের ধর্ম্মসম্বন্ধীয় ফলক বা ঢাল।
Ancillary, *a.* Lat. দাসী।
Ancle, *n. s.* গুল্ফ। Ankle শব্দ দেখ।
Ancome, *n. s.* অকস্মাৎ ক্ষুদ্র নালি স্ফিতি।
Ancony, *n. s.* লৌহ পত্রেতে সংযোগীকৃত, অন্যচতুষ্কোণলৌহা
And, *conj.* Sax. অব্যয় শব্দ; এবং, আর, অপি, যদিতু, অপর, তথাপি।
Andabatism, *n. s.* Lat. অনিশ্চয়ত্ব, অনিশ্চিততা, নিশ্চয় নাই যাহার।
Andante, *a.* Ital. [In Musick.] স্পষ্ট, পৃথক্‌ং, ঠিক।
Andiron, *n. s.* কাঁজরির হাতল, শিক ঘুরায় যাহাতে।
Androgynal, *a.* দ্বিলিঙ্গবিশিষ্ট, স্ত্রীপুরুষ এই উভয়ধর্ম্মক, যুগ্মধর্ম্মক।
Androgynally, *ad.* দ্বিলিঙ্গবৎ, স্ত্রীপুরুষধর্ম্মপূর্ব্বক।
Androgyne, *n. s.* Gr. দ্বিলিঙ্গ বা স্ত্রীপুরুষ এই উভয় ধর্ম্মধারি জীববিশেষ, পুংস্ত্রীলিঙ্গ, হিজড়া।
Androgynus, *n. s.* দ্বিলিঙ্গ বা স্ত্রীপুরুষধর্ম্মক জীবি, পুংস্ত্রীলিঙ্গ।
Androtomy, *n. s.* Gr. মনুষ্যশবচ্ছেদব্যবহার।
To **Aneal**, *To* **Anele** শব্দ দেখ।
Anear, *prep.* নিকট, সমীপ।
Anecdote, *n. s.* Gr. ছাপা বা প্রকাশ হয় নাই যাহা, মনুষ্য বর্ণনামধ্যে কোন এক অদ্ভুত বাক্য, উপাখ্যান, আখ্যায়িকা, ভেদ, উপকথা।
Anecdotical, *a.* উপাখ্যানবিষয়ক, বর্ণনাসম্বন্ধীয়।
To **Anele**, *v. a.* Sax. অবসান কালে বা মৃত্যুসময়ে তৈল মর্দ্দন-কৃ, মরণসময় নিকটে পীড়িতেরদের সেবা-কৃ।
Anemography, *n. s.* Gr. বায়ুনির্ণয় বা বর্ণনা।
Anemometer, *n. s.* Gr. বায়ুর বেগাবেগ পরিমাপক কল বা যন্ত্র, বায়ুশক্তি পরিমাপক কল।
Anemone, *n. s.* Gr. পুষ্পবিশেষ।
Anemoscope, *n. s.* Gr. বায়ুর গমনাগমন বা তদ্গতিপরিবর্ত্তনজ্ঞাপক কল বা যন্ত্র।
Anent, *prep.* বিষয়ে, সম্বন্ধীয়, অভিমুখ, মুখামুখি।
Anes বা **Awns**, *n. s.* শস্যশিসের শুঙা।
Aneurism, *n. s.* রক্তপ্রবাহক নাড়ীর অতিশয় স্ফীতি বা বিস্তার, তদ্রোগ।

Digitized by Google

Anew, *ad.* পুনর্ব্বার, পুনশ্চ, পুনরপি ; নূতনরূপে, গোড়াঅবধি করিয়া, আরবার।
Anewst বা Aneust, *ad.* Sax. প্রায়, প্রায়তুল্য, সমান২।
Anfractuose বা Anfractous, *a.* Lat. বক্রময়, বেঁকা, ঘূরণীয়, বহুপথ বা সুড়ঙ্গবিশিষ্ট।
Anfractuousness বা Anfractuosity, *n. s.* বহুবক্রতা বা বহুবেঁকা বা ঘূরণবিশিষ্টত্ব।
Anfracture, *n. s.* বহুবক্রপথ বা সুড়ঙ্গ বা দ্বার।
Angariation, *n. s.* Lat. উদ্যোগ।
Angel, *n. s.* Gr. দূত, চর, ফিরিশ্‌তা, পরী, অপ্সরা, ধর্ম্মগ্রন্থে ঈশ্বরকর্ত্তৃক প্রেরিত আত্মা, এবং কখন২ অধর্ম্মাত্মা বুঝায় ; সুন্দর লোক ; কোন কার্য্য বা বিষয়ে প্রেরিত ব্যক্তি, প্রেষ্য ব্যক্তি ; দূতাকারদ্বারা মুদ্রিত দশ টাকামূল্যক মুদ্রাবিশেষ।
Angel, *a.* দূতবৎ, প্রেষ্যস্বরূপ, ফিরিশ্‌তাসম্বন্ধীয়।
Angel-age, *n. s.* দূতাবস্থা।
Angel-like, *a.* দূতবৎ, দূতস্বরূপ, ঈশ্বরদূতগুণবিশিষ্ট।
Angelically, *ad.* দূতবৎ, দূতরূপে।
Angel-winged, *a.* দূতবৎপক্ষবান।
Angel-worship, *n. s.* দূতপূজা, দূতারাধনা।
Angel-shot, *n. s.* লৌহ শৃঙ্খলদ্বারা একত্র বদ্ধ তোপগোলাদ্বয়, শৃঙ্খলদ্বারা সংযুক্ত কাটা গোলা। কেহ২ অনুমান করে যে এই শব্দ Angle-shot লেখে।
Angelica, *n. s.* বৃক্ষবিশেষ।
Angelical, *a.* দূতবৎ, দূতগুণযুক্ত, দূতধর্ম্মবিশিষ্ট, দূতবিষয়ক।
Angelicalness, *n. s.* দূতবন্মূর্ত্তি, দূতাবয়বত্ব বা তৎসদৃশত্ব বা স্বরূপত্ব।
Angelick, *a.* দূতস্বরূপ।
Angelot, *n. s.* তারবিশেষ, বাদ্যযন্ত্রবিশেষ। Angel নামক মুদ্রার অর্দ্ধমূল্যক স্বর্ণমুদ্রাবিশেষ ; পনির বিশেষ।
Anger, *n. s.* হিংসাদ্বারা উৎপন্ন মনোদুঃখ বা ক্ষুণ্ণতা ; ক্রোধ, উষ্মা, কোপ, রোষ, তাপ ; স্বায়ের বা স্ফীতির পীড়া বা ব্যথা। এই শব্দ কখন২ বহুবচনে ব্যবহার্য্য হয়।
To Anger, *v. a.* ক্রোধ-জন্মা -(ঞি), কুপিত-কৃ, রাগ বা তাপ বা ব্যথা বা পীড়া জন -(ঞি), ক্ষিপ -(ঞি)।
Angerly, *ad.* ক্রোধ-কোপ-রাগ-তাপ-ব্যথা বা পীড়াপূর্ব্বক। Angrily শব্দ দেখ।
Angerness, *n. s.* ক্রোধাবস্থা, তাপ বা পীড়াক্রান্তা বস্থা।
Angiography, *n. s.* Gr. নাড়ীনির্ণয়।
Angiology, *n. s.* Gr. নাড়ীবিদ্যা।
Angiomonospermous, *a.* Gr. এক বীজমাত্র থাকে যে বৃক্ষর কলিকাতে তদ্ধর্ম্মক।
Angiotomy, *n. s.* Gr. নাড়ীচ্ছেদন।
Angle, *n. s.* Lat. পরস্পরানুপ্রস্থগামি রেখাদ্বয়ের অভ্যন্তর স্থান বা কোণ ; কোণ, কোণা ভুজ -অস্র।
Angle, *n. s.* Sax. মৎস্য ধরিবার অস্ত্র, বিশেষতঃ সূতা বড়শী ছিপ।
To Angle, *v. n.* ছিপবড়শীদ্বারা মৎস্য -ধৃ বা -মার ; চার বা টোপ বা কোন ছলদ্বারা -ধৃ বা -প্রা।
To Angle, *v. a.* ভুলা বা মজা (ঞি)।
Angled, *part. a.* ছিপবড়শীকর্ত্তৃক ধৃত ; কোণযুক্ত, কোণওয়ালা।
Angle-rod, *n. s.* ছিপ।
Angler, *n. s.* ছিপবড়শী দিয়া মৎস্য মারে বা ধরে যে, মাছুয়া।
Angles, *n. s.* Lat. জর্ম্মণি জাতিবিশেষ, ইংগ্লণ্ডীয়েরাও পূর্ব্বে এ তন্নামে প্রখ্যাত ছিল।
Anglican, *a.* ইংগ্লণ্ডীয়।
Anglican, *n. s.* ইংগ্লণ্ডীয় স্থাপিতমতাবলম্বী।
To Anglicise, *v. a.* ইংগ্লণ্ডীয়-কৃ, ইঙ্গরাজি-কৃ।
Anglicism, *n. s.* ইংগ্লণ্ডীয় ভাষায় চলন কথা বা বাক্য, ইংগ্লণ্ডীয় ভাষা।
Angling, *n. s.* ছিপবড়শীদ্বারা মৎস্যধরণ বা মারণ।
Anglo-danish, *a.* ইংগ্লণ্ডীয় দীন্‌মারজাতিবিষয়ক।
Anglo-norman, *n. s.* ইংগ্লণ্ডীয় নরমান্ জাতি।
Anglo-saxon, *n. s.* ইংগ্লণ্ডীয় সাক্সন্ জাতি।
Anglo-saxon, *a.* পূর্ব্বোক্ত জাতিবিষয়ক।
Angober, *n. s.* ফলবিশেষ।
Angour, *n. s.* Lat. পীড়া, ব্যথা, বেদনা।
Angrily, *ad.* ক্রোধপূর্ব্বক, উষ্মা-, কোপ-, রাগপূর্ব্বক।
Angry, *a.* ক্রোধান্বিত, রাগান্বিত, রাগান্ধ, কোপান্বিত, ক্রোধাক্রান্ত, ক্রোধবিশিষ্ট ; ব্যথা বা বেদনাযুক্ত, জ্বালা বা ব্যথাবিশিষ্ট।
Anguilliform, *a.* Lat. বাইমাকৃতি, আঁইস নাই অথচ অল্পদৃঢ় এবং চিক্কণ যে মৎস্য, যথা বাইম মাছ।
Anguish, *n. s.* Fr. অতিশয় পীড়া বা ব্যথা, যন্ত্রণা।
Anguished, *part.* ব্যথা বা পীড়া বা যাতনাবিশিষ্ট, ব্যথাক্রান্ত।
Angular, *a.* কোণবিশিষ্ট, কোণযুক্ত।
Angularity, *n. s.* কোণধর্ম্মকত্ব, কোণগুণধারিত্ব, কোণবিশিষ্টত্ব।
Angularly, *ad.* কোণপূর্ব্বক।
Angularness, *n. s.* কোণত্ব, কোণাবস্থা। Angularity শব্দ দেখ।
Angulated, *a.* কোণবিশিষ্ট।
Angulosity, *n. s.* কোণত্ব, কোণাকারত্ব।
Angulous, *a.* কোণাকার, কোণাকৃতি।
Angust, *a.* Lat. আঁটো, সঙ্কীর্ণ ; ঋজু, সরল।
Angustation, *n. s.* আঁটো বা সঙ্কীর্ণকরণ।
Anhelation, *n. s.* Lat. হাঁপান, কষ্টপূর্ব্বক প্রশ্বাস বা নিঃশ্বাস ত্যাগ, বুক ধড়ফড়ি, হৃদয়দেশ কম্পন, ধুকধুকনি।
Anhelose, *a.* হাঁপানি বা হৃদয়স্পন্দনবিশিষ্ট, নিঃশ্বাসহীন, শ্বাসরহিত।
Aniented, *a.* Fr. ভ্রষ্ট, চ্যুত, লুপ্ত, নষ্ট, ভগ্ন ; বৃথা।
Anight, *ad.* রাত্রে, রাত্রিকালে, নিশাসময়ে।
Anights, *ad.* তথা।
Anil, *n. s.* নীলগাছ, বৃক্ষবিশেষ যদ্দ্বারা নীল হয়।
Anileness বা Anility, *n. s.* Lat. বৃদ্ধা স্ত্রীলোকের অবস্থা, বুড়া থুড়থুড় কাল বা অবস্থা।
Animable, *a.* জীবধারণশীল, জীবধারণশক্তিবিশিষ্ট।
Animadversal, *n. s.* জ্ঞান বা বুদ্ধি বা বিচারশক্তি আছে যাহাতে।
Animadversion, *n. s.* অনুযোগ, ভর্ৎসনা, অনুরোধ ; দণ্ড, ফল, দোষ, অপবাদ, ছিদ্র অন্বেষণ। [In Law.] শরীরদণ্ড ; জ্ঞান, বোধশক্তি, অনুধাবনক্ষমতা।
Animadversive, *a.* অনুধাবনীয়, বোধগম্য, দূষ্য, অপবাদযোগ্য।
Animadversiveness, *n. s.* বিচার, অনুধাবনীয়ত্ব, দূষণীয়ত্ব, অপবদনীয়ত্ব, দোষান্বেষণ।
To Animadvert, *v. n.* Lat. দোষ-দা, দণ্ড বা অপবাদ-দা, দণ্ড-কৃ।
Animadverter, *n. s.* দণ্ড বা দোষ দেয় যে, দোষ অন্বেষণ করে যে, অন্যের কার্য্যবিচারক বা দোষান্বেষণকর্ত্তা।

Digitized by Google

Animal, *n. s.* Lat. জীবী, জীবধারণ করে যে, জন্তু, পশু; এই শব্দ মনুষ্যবিষয়ে ব্যবহার্য্য হইলে পশুবন্মূর্খ বুঝায়।

Animal, *a.* জীবি বা জন্তুসম্বন্ধীয়, পশুবিষয়ক।

Animalcule, *n. s.* জীবশাবক, ক্ষুদ্রজীবী।

Animality, *n. s.* জীবধারণশক্তি, জীববিশিষ্টত্ব, জীবন।

To Animate, *v. a.* Lat. জীব-দা, সচেতন-কৃ, জীবিত-কৃ, কোন শক্তি-প্রদা, সাহস-জন (ক্রি), শক্তি বৃদ্ধি-কৃ, ঔৎসুক্য বা আশ্বাস-জন (ক্রি)।

Animate, *a.* জীবিত, জীববিশিষ্ট, জীবধারণশীল, সচেতন।

Animated, *part. a.* সজীব, সচেতন, জীববিশিষ্ট, ঔৎসুক্যযুক্ত, চালিত।

Animateness, *n. s.* সজীবত্ব, সচেতনত্ব, চালিতভাব বা অবস্থা, তেজ।

Animation, *n. s.* সজীব বা সচেতন বা চালিত হওন বা করণ; জীব, চেতন, ঔৎসুক্য, চালন।

Animative, *a.* জীব বা চেতন দানশক্তিবিশিষ্ট, সজীব, সচেতন, চালনশীল, গতিশক্তি দানসমর্থ।

Animator, *n. s.* জীব দেয় যে, উদ্যোগ বা সাহস জন্মায় যে, সচেতনকর্ত্তা, জীবদাতা, তেজঃপ্রদানকর্ত্তা।

Animose, *a.* Fr. তেজোময়, তেজোবিশিষ্ট, উত্তপ্ত, তাপবিশিষ্ট, উষ্মান্বিত, রাগান্বিত।

Animoseness, *n. s.* তেজ, তাপ, রাগবিশিষ্টত্ব।

Animosity, *n. s.* Lat. দ্বেষ, অতিশয় ঈর্ষা বা মাৎসর্য্য বা বৈরিতা, আড়ি, মনের মালিন্য।

Anise, *n. s.* Lat. জীরা।

Anker, *n. s.* Dut. আমস্তরদাম নগরে ব্যবহার্য্য পরিমাণবিশেষ, ১ মোন ৮ শের পরিমাণ।

Ankle, *n. s.* Sax. গুল্ফ।

Ankled, *a.* গুল্ফবিশিষ্ট, গুল্ফসম্বন্ধীয়।

Anklebone, *n. s.* গুল্ফাস্থি।

Annalist, *n. s.* বিবরণরচক, কোন রাজ্যের বা বিষয়ের আখ্যায়িকা কালের ক্রমানুসারে সংগ্রহ করিয়া লেখে যে, উপাখ্যানকর্ত্তা, পৌরাণিক, নির্ণয়কর্ত্তা।

Annals, *n. s.* Lat. ক্রমানুসারে আখ্যায়িকা, ক্রমেতে সংগৃহীত বিবরণ বা উপাখ্যান, পুরাণ।

To Annalize, *v. a.* বিবরণ বা উপাখ্যান সংগ্রহ-কৃ বা-লিখ, নির্ণয়-কৃ।

Annats, *n. s.* Lat. বৎসরের প্রাথমিক ফল বা উৎপন্ন দ্রব্য; রুমীয় ধর্ম্মশালাতে এক সমুদায় বৎসর ব্যাপিয়া উক্ত পাঠ বা অর্চ্চনা শ্রেণী, পর্ব্ববিশেষ।

To Anneal, *v. a.* Sax. রঙ্গ বা বর্ণ বসাবার নিমিত্তে বা তৎস্থাপনার্থে বা দৃঢ়ার্থে কাঁচে আঁচ বা তাপ-দা, কাঁচ ঢালা গেলে পর তদ্ভঞ্জনশীলত্ব নিবারণার্থে আঁচ বা তাৎ-দা, কোন দ্রব্যকে পরিমাণানুসারে দৃঢ় বা শক্তকরণার্থে আঁচ বা তাৎ-দা।

Annealing, *n. s.* পরিমাণানুসারে কাঁচকে দৃঢ়াদৃঢ় করণ বা বাঞ্ছিত ধর্ম্ম দেওন; তাতান, তাপন।

To Annex, *v. a.* Lat. শেষে বৃদ্ধি-কৃ, অগ্রে বা অন্তে যোড়া-দা বা যোগ-কৃ বা-দা, বৃহদ্দ্রব্যের সহিত ক্ষুদ্র দ্রব্য যোড়া-দা, অগ্রে বা পূর্ব্বে বা পশ্চাৎ যোগ-কৃ, ভরতি-কৃ, সন্ধি-কৃ, একদ্রব্য অন্যের সহিত যুড়িয়া বা গাঁথিয়া-দা।

Annex, *n. s.* যোড়া দেওয়া বা সংযোগীকৃত বা গাঁথা দ্রব্য।

Annexary, *n. s.* সংযোগ; যোড়, সংস্রব, লাগাও, সন্ধি।

Annexation, *n. s.* যোগকারি অব্যয় শব্দ; যোড়, সংযোগ।

Annexion, *n. s.* যোড়, সংস্রব, সংযোগ, সন্ধি।

Annexment, *n. s.* যোড় বা সংযোগ বা সন্ধিকরণ, সংযুক্ত বা সংযোগীকৃত বা সন্ধীকৃত দ্রব্য।

Annihilable, *a.* অভাবকরণীয়, ভাবরহিতকরণযোগ্য, ব্যর্থ বা বিনাশ বা সংহারকরণীয়, লোপকরণীয় বা ভবনীয়।

To Annihilate, *v. a.* Lat. লোপ-কৃ, ভাবকে অভাব-কৃ, বস্তুকে অবস্তু-কৃ, ভাবরহিত বা হীন-কৃ, বিনাশ বা সংহার-কৃ; কোন বস্তু দ্রব্য গুণ শক্তি ইত্যাদি লোপ বা রহিত বা হীন বা শূন্য-কৃ।

Annihilate, *a.* লুপ্ত, ভাবরহিতকৃত, বিনষ্ট।

Annihilation, *n. s.* লোপ, অভাব, নির্ভাব, নাশ; লোপ বা অভাবকরণ, বিষয় বা গুণ বা শক্তি শূন্যাবস্থা বা রাহিত্য।

Anniversarily, *ad.* বার্ষিকরূপে, বৎসরান্তে, বার্ষিকদিবসপূর্ব্বক, প্রতি বার্ষিক দিবসানুসারে।

Anniversary, *n. s.* Lat. বৎসর২ কোন কার্য্যজন্য প্রসিদ্ধ কোন এক দিবস; বার্ষিক দিবস, প্রতিবার্ষিক দিবস, বৎসরান্ত নিরূপিত কোন এক দিবস; তদ্দিবস মানন বা পালন; বৎসরান্তে কোন কার্য্যজন্য কোন এক দিবস পর্ব্বরূপে প্রতিপালন।

Anniversary, *a.* সাম্বৎসরিক, প্রতিবার্ষিক, বৎসর২, প্রতিবৎসর, সন২।

Anniverse, *n. s.* বার্ষিক দিবস প্রতিপালন, বৎসরান্তে কোন এক দিবস মানন বা মর্য্যাদাকরণ।

Anno domini, Lat. য়িশুখ্রীষ্টের শক অর্থাৎ খ্রীষ্টীয়ানেরদের শক, যথা ১৮৩০ অর্থাৎ য়িশুখ্রীষ্টের জন্ম পরে ১৮৩০ বৎসর।

Annoisance, *n. s.* কদর্য্যতা, কুৎসিত দ্রব্য, গলিজ, ময়লা; উৎপাত।

Annolis, *n. s.* টিক্‌টিকির বা কৃকলাশের মত আমেরিকাদেশীয় জন্তুবিশেষ।

Annomination, *n. s.* Lat. এক পদেতে বা ছন্দেতে সম আদ্যক্ষর শব্দ ব্যবহারকরণ। Alliteration শব্দ দেখ।

To Annotate, *v. a.* Lat. টীপ্পনী বা টীকা রচনা-কৃ বা লিখ।

Annotation, *n. s.* টীপ্পনী, টীকা।

Annotationist, *n. s.* টীপ্পনীকর্ত্তা, টীকালেখক, টীপ্পনী রচনাকর্ত্তা।

Annotator, *n. s.* তথা।

Announce, *v. a.* Lat. জ্ঞাপন-কৃ, সমাচার বা সম্বাদ-দা, প্রচার বা প্রকাশ বা ঘোষণা-কৃ; ব্যক্ত বা উক্ত-কৃ, উচ্চারণ-কৃ।

Announcement, *n. s.* জ্ঞাপন, সম্বাদ, সমাচার, প্রচার, ঘোষণাকরণ।

Announcer, *n. s.* সম্বাদ বা সমাচার দেয় যে, প্রচার বা ঘোষণাকর্ত্তা।

To Annoy, *v. a.* Fr. বিরক্ত বা ব্যস্ত বা ত্যক্ত-কৃ, উৎপাত বা পীড়া-জন (ক্রি), দুঃখ বা ক্লেশ বা বাধা-দা বা -জন্মা (ক্রি), দায়ে-ফেল।

Annoy, *n. s.* হিংসা, দায়, আপদ্, উৎপাত, পীড়া, দুঃখ, ক্লেশ।

Annoyance, *n. s.* বিরক্ততা, বৈরক্ত্য, ত্যক্তত্ব; দায় বা আপদ্ বা উৎপাতকরণ, পীড়া বা দুঃখদান; পীড়া, দুঃখ, দায়, বাধা, হিংসা, ক্লেশ।

Annoyer, *n. s.* বিরক্ত বা ত্যক্ত করে যে, পীড়া বা দুঃখ বা ক্লেশ বা বাধা জন্মায় যে, দায়ে বা আপদে ফেলে যে।

Annoyful, *a.* পীড়াদায়ক, দুঃখময় বা তদ্বিশিষ্ট।

Annoyous, *a.* পীড়াযুক্ত, দুঃখজননশীল, বিরক্ত বা ত্যক্ত করণধর্ম্মক।

Annual, *a.* Fr. বার্ষিক, সাম্বৎসরিক, প্রতিবৎসর হওন বা উপ

Digitized by Google

স্থিতশীল বৎসরানুক্রমে গণিত, এক বৎসরমাত্র বাঁচন বা তিষ্ঠন স্বভাব ; বর্ষীয়, বর্ষোপযুক্ত, বর্ষজীবী।

Annually, *ad.* বৎসরং, বৎসরক্রমানুসারে।

Annuary, *a.* বার্ষিক, বর্ষীয়।

Annuitant, *n. s.* সাম্বৎসরিক নিয়মিত প্রাপ্তিভোক্তা, বৎসরং নিশ্চিত বৃত্তিভোক্তা ; বার্ষিক বা বর্ষীয় বেতন বা নিরূপিত বৃত্তি ভোগ করে যে।

Annuity, *n. s.* Fr. বার্ষিক বা বর্ষীয় বেতন বা বৃত্তি বা কর বা শুল্ক বা খাজানা বা রাজস্ব।

To Annul, *v. a.* Fr. লোপ বা রহিত-কৃ, বৃথা বা নিরর্থক বা অপ্রামাণ্য-কৃ, বাতিল্ বা রদ বা বাদ-কৃ, উঠিয়া বা বাদ-দা ; ভাবরহিত-কৃ।

Annular, *a.* Fr. বলয়াকৃতি বা তদাকার, বলয়বৎ, কড়ার বা বালার ন্যায়, চক্রাকার অঙ্গুরীয়কাকার।

Annulary, *a.* তথা।

Annulet, *n. s.* Lat. ক্ষুদ্র বলয় বা অঙ্গুরীয়ক। [In Heraldry.] অনেক কুলের পদচিহ্নের কিয়দংশ বা ভাগ। [In Architecture.] দারিক নামে প্রসিদ্ধ পিল্পার মাথলার ক্ষুদ্রং চতুষ্কোণ স্থান।

Annulment, *n. s.* লোপকরণ, ভাবরহিতকরণ, নাশ বা সংহার করণ।

To Annumerate, *v. a.* Lat. পূর্ব্ব সংখ্যাতে পূরণ বা ভরতি-কৃ বা তদুপরি-বাড়া (ক্রি), বৃদ্ধি বা সংযোগ-কৃ।

Annumeration, *n. s.* পূর্ণসংখ্যাতে বা তদুপরি পূরণ বা ভরতি করণ বা বাড়ান ; অন্য সংখ্যার সহিত যোগকরণ, বৃদ্ধিকরণ।

To Annunciate, *v. a.* Lat. সম্বাদ বা সমাচার-আন বা -দা।

Annunciation, *n. s.* সম্বাদ, সমাচার, প্রচার, ঘোষণা। গাব্রিএল্নামক দূতের খ্রীষ্টের মাতা মারিয়াকে ভেটনস্মারক দিবসের নাম, তদ্দিবস বা পূর্ব্ব তাহা মার্চ মাসের পঞ্চবিংশতি দিবসে হয়।

Anodyne, *n. s.* Gr. বেদনাশামক বা পীড়াহ্রাসক ঔষধ, ব্যথার বা বেদনার বা কোনপ্রকার পীড়ার উপশম বা সমতা শক্তি আছে যাহাতে।

To Anoint, *v. a.* Fr. মর্দ্দ, লিপ, মাখা; তৈলাক্ত-কৃ, অভিষেক-কৃ।

Anointer, *n. s.* মর্দ্দনকর্ত্তা, লেপনকর্ত্তা, মাখায় যে।

Anointing, *n. s.* মর্দ্দন, লেপন, মাখান, প্রলেপন।

Anointment, *n. s.* মর্দ্দন, প্রলেপ, প্রলেপাবস্থা।

Anomalism, *n. s.* নিয়মবহিঃ, অনিশ্চিত নিয়ম, অশৃঙ্খল কোন বিষয় ; সমান বা শ্রেণীবদ্ধ নয় যাহা, অব্যবস্থা, ব্যবস্থা বা ধারা বা রীতি বহির্ভূত হওন, বেদাঁড়া।

Anomalistical, *a.* নিয়মরহিত, বিশ্রেণী বা অশৃঙ্খল বা অব্যবস্থা বিশিষ্ট, বেদাঁড়া ; জ্যোতিষ বিদ্যায় সংজ্ঞাবিশেষ।

Anomalous, *a.* তথা।

Anomalously, *ad.* অশৃঙ্খলতাপূর্ব্বক, বিসদৃশ বা বিশ্রেণীরূপে, অব্যবস্থাপূর্ব্বক, অধারারূপে।

Anomaly, *n. s.* Fr. অশৃঙ্খল, অনিয়ম, নীতি বা ধারা বহিঃ, বেদাঁড়া, অসমান, বিশ্রেণী, অব্যবস্থা, অব্যবহার।

Anomy, *n. s.* Gr. আজ্ঞাতিক্রম, ব্যবস্থালঙ্ঘন।

Anon, *ad.* শীঘ্র, ত্বরারূপে, অত্যল্পক্ষণে, এবং কখনং, যখন তখন, যতক্ষণ ততক্ষণ অর্থ বুঝায়।

Anonymous, *a.* Gr. নামহীন, নির্নাম, সংজ্ঞারহিত।

Anonymously, *ad.* নাম বা সংজ্ঞাব্যতিরেকে, নামহীনতাপূর্ব্বক বিনা আখ্যারূপে।

Anorexy, *n. s.* Gr. আহারেতে বা অন্নে ঘৃণা বা অশ্রদ্ধা।

Another, *a.* Goth. অন্য, ভিন্ন ; আর এক ; অন্য কেহ, পর ; ভিন্ন বা পৃথক্, বহুভিন্ন, দুসরা, দুসরারকম।

Anothergaines, *a.* অন্যবিধ, ভিন্নপ্রকার।

Anothergates, *a.* তথা।

Anotherguess, *a.* তথা।

Anough বা Anow, Enough এবং Enow শব্দ দেখ।

Ansated, *a.* Lat. দণ্ডবিশিষ্ট, হাতুলবালা, বাঁট বা ডাঁটাযুক্ত।

Anslaight, *n. s.* Sax. চড়াউ, আক্রমণ, যুদ্ধ। Onslaught শব্দ দেখ।

To Answer, *v. n.* Sax. উত্তর-দা, প্রতিবাদ-কৃ, প্রত্যুত্তরকারী-হ, পরতন্ত্র বা পরাধীন-হ, পরকে বা আপনাকে নির্দ্দোষ-কৃ, স্বদোষ দণ্ডভোগী-হ, দায়ী-হ, পরকে হিসাব-দা, উপযুক্ত বা যোগ্য-হ ; সদৃশ বা তুল্য বা সমান বা অনুসার-হ ; পরস্পর কার্য্যকারী-হ ; অন্যপক্ষ বা অন্য কিছুর অভিমুখ-হ, অন্যের পরে বা উত্তরে-হ।

To Answer, *v. a.* উত্তর বা প্রত্যুত্তর-কৃ বা-দা, প্রতিবাদ-কৃ, জবাব-দা ; সদৃশ বা সমান বা তুল্য বা অনুসার বা সমানাংশ-কৃ, পরিতোষ বা শান্ত বা নিবৃত্ত-কৃ, উদ্যোগীকৃত বা প্রবৃত্তকার্য্য নিষ্পন্ন বা সম্পন্ন-কৃ, অনুমতি-দা, সম্মত-হ, উপস্থিত-হ, অভিমুখ বা অন্যপক্ষ বা অন্য পারে-হ।

Answer, *n. s.* উত্তর, প্রত্যুত্তর, প্রতিবাদ, জবাব; হিসাব বা জবাব দেওন। [In Law.] অপবাদের উত্তর, প্রতিবাদ, ফরিয়াদের জবাব ; প্রতিদোষ দেওন বা লাগাওন।

Answer-jobber, *n. s.* উত্তরদেওনে বা লিখনে ব্যবসায় করে যে, প্রতিবাদকর্ত্তা বা প্রতিবাদ রচনাকর্ত্তা।

Answerable, *a.* উত্তর বা প্রত্যুত্তরকরণীয়, প্রত্যুত্তরযোগ্য বা প্রতিবাদার্হ ; দায়ী হওনে বা উত্তর দেওনে বদ্ধ বা প্রয়োজনার্হ ; সদৃশ বা তুল্যধর্ম্মক, সমানাংশশীল, উপযুক্ত, যোগ্য, সমান, তুল্য, তুল্যসম্পর্কবিশিষ্ট, তুল্য পক্ষ বা অভিমুখধর্ম্মক।

Answerably, *ad.* যোগ্য বা তুল্য বা সদৃশ বা সমানরূপে, উচিত মতে উপযুক্তরূপে।

Answerableness, *n. s.* উত্তর বা প্রত্যুত্তরযোগ্যত্ব ; যোগ্যত্ব, তুল্যত্ব, সদৃশত্ব, উপযুক্তত্ব।

Answerer, *n. s.* উত্তর বা প্রত্যুত্তর করে বা দেয় যে, উত্তরকর্ত্তা, উত্তরদাতা, প্রতিবাদকর্ত্তা।

Ant, *n. s.* Sax. পিপীলিকা, পিঁপড়া, চুঁটি।

Ant-bear, *n. s.* পিপীলিকাখাদক জন্তুবিশেষ। White-ant, উই পোকা, বল্মীক।

Ant-hill বা Ant-hillock, *n. s.* পিপীলিকাকৃত মৃত্তিকাঢিপি, উই ঢিপি।

An't, *And if it* বাক্যের সঙ্কেত, যদ্যপি হয় ইত্যর্থ।

Antagonism, *n. s.* বিরোধ, যুদ্ধ, বিপরীতত্ব, বৈরিত্ব, শত্রুতা।

Antagonist, *n. s.* বিরোধকর্ত্তা, বিপক্ষ হয় যে, বিপরীত বা উল্টা যে ; প্রতিবাদকর্ত্তা, মুদ্দই, বৈরী, শত্রু। [In Anatomy.] বিরুদ্ধ মাংসপেশী, অন্যমাংসপেশীর বিরুদ্ধকার্য্যকারক বা বিরুদ্ধ কার্য্যসম্পাদক মাংসপেশী।

Antagonistick, *a.* বৈরিরূপ কার্য্যকারী, শত্রুরূপকার্য্যসম্পাদক; বিরোধী, প্রতিবাদী, বিপরীতশীল, উল্টাপন, অহিতাত্মক, শত্রুধর্ম্মক।

To Antagonize, *v. n.* বিরোধী বা প্রতিবাদী-হ, বিপরীতাচারী-হ, বৈরী বা শত্রু-হ।

Digitized by Google

Antagony, *n. s.* Gr. বিরোধ, বিপক্ষতা, বৈরিতা, শত্রুতা, প্রতিবাদিত্ব।

Antalgick, *a.* Gr. ব্যথান্যূনকারী, বেদনাহ্রাসকারী, পীড়াউপশমশীল, বেদনাস্বাস্থ্যকারী, পীড়ানিবর্ত্তক।

Antanaclasis, *n. s.* Gr. [In Rhetorick.] স্বার্থভিন্ন অন্যার্থেতে গৃহীত শব্দ, বিপরীতার্থেতে ব্যবহার্য্য বাক্য, ছাড়কথার বা ছাড় বাক্যের পর পুরাতন বাক্য বা স্থূলবচন পুনর্গ্রহণ।

Antaphroditick, *a.* Gr. উপদংশোপশমক, বাধিরোগ ব্যথানাশক।

Antapoplectick, *a.* মৃগীরোগোপশমকারী।

Antarctick, *a.* Gr. দক্ষিণকেন্দ্রবিষয়ক, দক্ষিণকেন্দ্রীয়।

Antarthritick, *a.* Gr. বাতরোগবিশেষ উপশমকারী।

Antasthmatick, *a.* শ্বাসরোগনিবর্ত্তক, হাঁপানিকাসোপশমক।

Ante, Lat. পূর্ব্বে, আদিতে, অগ্রে। এই অব্যয় শব্দ অন্য শব্দের আদিতে প্রয়োগ হয়।

Anteact, *n. s.* পূর্ব্বকৃত কার্য্য, পূর্ব্বকর্ম্ম, অগ্রকৃত বিষয়।

Antecedaneous, *a.* পূর্ব্বগ, অগ্রগামী।

To **Antecede**, *v. n.* Lat. পূর্ব্ব-গম, অগ্র-ভূ, পূর্ব্বে-হ।

Antecedence, *n. s.* পূর্ব্বে হওন, অগ্রগমন, পূর্ব্বগমন, অগ্রে হওন, পূর্ব্ববর্ত্তি হওন, অগ্রোৎপন্ন হওন, পূর্ব্বোপস্থিত হওন, পূর্ব্বে থাকন।

Antecedency, *n. s.* অগ্রস্থায়িত্ব, পূর্ব্বভাবিত্ব, অগ্রেভবনীয়ত্ব, পূর্ব্বাবস্থা; প্রাধান্য, শ্রেষ্ঠত্ব।

Antecedent, *a.* পূর্ব্বগত, অগ্রগত, আদিতে হওনশীল, অগ্রগামী, পূর্ব্বজাত, পূর্ব্বোপস্থিত, অগ্রবৃত্ত।

Antecedent, *n. s.* পূর্ব্বে হয় বা অগ্রে গমন করে যে। [In Gram.] বিশেষণ বাচক শব্দ। [In Logic.] পূর্ব্বপক্ষান্যতরৈকতর, প্রশ্নদ্বয়বিশিষ্ট বাক্যের আদি প্রশ্ন।

Antecedently, *ad.* পূর্ব্বে, অগ্রে, আদিরূপে, আদিপূর্ব্বক।

Antecessor, *n. s.* অগ্রগমনকর্ত্তা, অগ্রগন্তা, পূর্ব্বেগমন করে যে প্রধান বা শ্রেষ্ঠ যে; পূর্ব্বাধিকারকর্ত্তা।

Antechamber, *n. s.* উপশালা, কুঠরি, কামরা; গৃহের প্রধান শালাতে বা কুঠরিতে যায় যে অন্য শালা বা কুঠরি।

Antechapel, *n. s.* ধর্ম্মশালার প্রধান শালাতে যায় যে উপশালা।

Antecursor, *n. s.* Lat. অগ্রগামী হয় যে, অগ্রে বা পূর্ব্বে দৌড়িয়া যায় যে, অগ্রে দ্রুতগন্তা।

To **Antedate**, *v. a.* Lat. পূর্ব্বে তারিখ-দা, নিয়মিত সময়ের পূর্ব্বে স্বাক্ষর-কৃ, অতীতদিবসাঙ্ক বর্ত্তমানকালে-লিখ, নিরূপিত সময়পূর্ব্বে গ্রহণ-কৃ।

Antedate, *n. s.* অপেক্ষা, আশা, প্রতীক্ষণ।

Antediluvian, *a.* Lat. প্রলয়পূর্ব্ববর্ত্তী, প্রলয়পূর্ব্বকালসম্বন্ধীয়।

Antediluvian, *n. s.* প্রলয়পূর্ব্বে ছিল যে, প্রলয়পূর্ব্ববর্ত্তি লোক।

Antelope, *n. s.* কৃষ্ণসার, কালসার।

Antelucan, *a.* Lat. প্রভাতপূর্ব্ব, অতিভোর, ভোরের পূর্ব্ব, প্রত্যূষপূর্ব্ব, ঊষাপূর্ব্ব, বড়সকাল।

Antemeridian, *a.* মধ্যাহ্নকালপূর্ব্ব, দুই, প্রহরের প্রাক্কাল পূর্ব্বাহ্ন।

Antemetick, *a.* Gr. বমিনিবারক, উদ্গারনিবর্ত্তক।

Antemundane, *a.* Lat. সৃষ্টিপূর্ব্ববর্ত্তী, সংসারসর্জ্জনপূর্ব্বস্থায়ী।

Antenumber, *n. s.* পূর্ব্বাঙ্ক, অন্যাঙ্করের বা অঙ্কের পূর্ব্বগত অঙ্ক।

Antepast, *n. s.* Lat. অগ্রাস্বাদন, পূর্ব্বজ্ঞান, নিয়মিত কালের পূর্ব্বে জ্ঞান, অগ্রগ্রহণ, পূর্ব্বে ভোগকরণ।

Antepenult, *n. s.* Lat. শব্দান্তাক্ষরদ্বয়ের পূর্ব্বাক্ষর।

Antepileptick, *a.* Gr. মৃগীরোগনাশক, মূর্চ্ছাবায়ুনিবারক।

To **Antepone**, *v. a.* Lat. পূর্ব্বস্থাপন-কৃ; এক অন্যের পূর্ব্বে-স্থা বা-রক্ষ, পূর্ব্ব-স্থা, অগ্র-স্থা।

Antepredicament, *n. s.* ধারা বা বর্গ বিশেষকরণ পূর্ব্ববিষয়, পরগ্রহোপযোগ্য পূর্ব্বগ্রহ, পরগ্রহোপস্থিত পূর্ব্ব ঘটে যে, উপদ্রব বা আপদুপস্থিত পূর্ব্বে, উপস্থিত হয় যে।

Anteriority, *n. s.* পূর্ব্বাবস্থিতত্ব, পূর্ব্বত্ব, অগ্রগতত্ব, পূর্ব্বগামিত্ব, পূর্ব্বেস্থিতি, অগ্রবর্ত্তন, অগ্রভবনীয়ত্ব।

Anteriour, *a.* Lat. পূর্ব্ববর্ত্তী, অগ্রগামী, অগ্রজ, পূর্ব্বগত বা জাত, পূর্ব্বে বা অগ্রে হওনশীল।

Antepaschal, *a.* Lat. এস্তরনামক পূর্ব্বের বা উৎসবের পূর্ব্বকাল সম্বন্ধীয়।

Anteroom, *n. s.* উপশালা, প্রধানশালা বা কুঠরির নিকটবর্ত্তি অন্য শালা বা কুঠরি বা কামরা।

Antetemple, *n. s.* ধর্ম্মশালার বা কোন মন্দিরের উপশালা বা কুঠরি, মন্দিরনিকটবর্ত্তি শালা বা মন্দির।

Antes, *n. s.* Lat. ঘরের বা ইষ্টকনির্ম্মিত গৃহের সম্মুখস্থ প্রধানস্তম্ভ বা পিল্‌পা, ইমারতের উঠানের পিল্‌পা বা স্তম্ভ।

Antestomach, *n. s.* আমাশয়পূর্ব্বভাগ, প্রথমামাশয়।

To **Antevert**, *v. a.* Lat. নিবারণ-কৃ, অন্যথা-কৃ।

Anthelminthick, *a.* Gr. কিঞ্চলুকানিবারক, কেঁচুয়ানাশক, ক্রিমিনাশক।

Anthem, *n. s.* Gr. স্তুতিগান, সঙ্কীর্ত্তন, ঈশ্বরস্তবগীত।

Anthem-wise, *ad.* স্তুতিগান ধারাবৎ, গীতগাওন রীতিপূর্ব্বক।

Anthemis, *n. s.* Gr. and Lat. ঔষধীয় বৃক্ষবিশেষ।

Anthology, *n. s.* Gr. পুষ্পরাশি, সংগৃহীত পুষ্প; গ্রিকধর্ম্মশালাতে ব্যবহার্য্য স্তব বা আরাধনাসংগ্রহ, কবিতাসংগ্রহ।

Anthological, *a.* পুষ্পরাশিবিষয়ক, আরাধনা বা কবিতা সংগ্রহসম্বন্ধীয়।

Anthony's-fire, *n. s.* চর্ম্মোৎপন্নজ্বালাযুক্ত রোগবিশেষ।

Anthrax, *n. s.* Gr. কচ্ছু, পামা, বিচর্চ্চিকা; তাম্রবর্ণমণি।

Anthropology, *n. s.* Gr. ব্যবচ্ছেদবিদ্যা, মনুষ্যশরব্যবচ্ছেদ বিদ্যা।

Anthropomorphite, *n. s.* Gr. ঈশ্বরেতে মনুষ্যাকার বা মনুষ্যমূর্ত্তি আছে এতন্মতাবলম্বী, ঈশ্বরকে মনুষ্যাকারে ভাবে যে।

Anthropopathy, *n. s.* Gr. জ্ঞান, মনুষ্যেতে স্থিত জ্ঞানেন্দ্রিয়।

Anthropophagi, *n. s.* Gr. মনুষ্যখাদক, মনুষ্যভোক্তা, রাক্ষস, নরজীবী, নরভোক্তা, নরভুক্।

Anthropophagy, *n. s.* Gr. নরখাদকত্ব, মানুষভোজিত্ব, মনুষ্যাহারিত্ব, রাক্ষসত্ব।

Anthroposophy, *n. s.* Gr. মনুষ্যস্বভাবজ্ঞান, নরজ্ঞান।

Anthypnotick, *a.* Gr. নিদ্রানিবারক, তন্দ্রাভঞ্জক।

Anthypochondriack, *a.* Gr. মনোবিকার রোগনিবারক।

Anthypophora, *n. s.* Gr. [In Rhetorick.] বিরুদ্ধানুমানসূচক অলঙ্কারবাক্যবিশেষ।

Anthysterick, *a.* বায়ুরোগনিবারক, উগ্রবায়ুপশমক।

Anti, Gr. এই উপসর্গ বা অব্যয় শব্দ গ্রিকভাষাহইতে গৃহীত হইয়া গ্রিক্ শব্দের আদ্যংশেতে প্রয়োগ হয় এবং বিপরীতার্থ বুঝায়, যথা Anti-monarchical, এক প্রভুত্ববিপরীত, একাধিপত্য বিরুদ্ধ।

Antiacid, *n. s.* অম্লবিপরীতধর্ম্মক; ক্ষার।

Antiapostle, *n. s.* খ্রীষ্টের প্রথম প্রেরিতেরদের মত বিপরীত যে

Antiarminian, *n. s.* আর্মিনিয়স্‌নামক মতবিপরীত চলে যে, তন্মতবিপক্ষকর্ত্তা, আর্মিনিয়স্‌মতামানক।

Digitized by Google

Antiarthriticks, *n. s.* বাতরোগবিশেষ নাশকৌষধ।
Antichachectick, *a.* ক্ষয়রোগনিবারক, ক্ষীণকারি রোগনাশক, জারকরোগনিবর্ত্তক।
Antichrist, *n. s.* বিপরীত খ্রীষ্ট, খ্রীষ্টমত বিপরীত যে।
Antichristian, *a.* খ্রীষ্টমতবিপরীতকারী, খ্রীষ্টমত বিপক্ষতাকারী, খ্রীষ্টীয়ান ধর্ম্মদ্বেষী বা তন্মততুচ্ছক।
Antichristian, *n. s.* খ্রীষ্টমতবিপরীতাচরণকর্ত্তা, খ্রীষ্টমতবৈরী যে, খ্রীষ্টধর্ম্মামানক।
Antichristianism, *n. s.* খ্রীষ্টধর্ম্মবিপক্ষতা, খ্রীষ্টমতবিপরীতত্ব।
Antichristianity, *n. s.* তথা; খ্রীষ্টধর্ম্মবিরুদ্ধ অন্য কোন ধর্ম্ম বা মত।
Antichronism, *n. s.* Gr. শৃঙ্খলাপূর্ব্বক নিরূপিতসময়ের বা কালের অন্যথারূপে চলন বা আচরণ।
To Anticipate, *v. a.* Lat. অগ্রে-কৃ, দিন থাকিতে-কৃ, অন্যের পূর্ব্বে গ্রহণদ্বারা অন্যের নিবারণ-কৃ, নিরূপিত কাল বা সময়পূর্ব্বে বা নিয়মিত কালাপ্রাপ্তে গ্রহণ-কৃ, অপেক্ষা-কৃ, নিরীক্ষণ-কৃ, পূর্ব্ব-বুধ, অগ্রে বিবেচনা বা আশা-কৃ, অপেক্ষায় বা আশাতে-থাক; নিবারণ-কৃ।
Anticipately, *ad.* নিয়মিত কালাপ্রাপ্তে আশাপূর্ব্বক, অপেক্ষাপূর্ব্বক, নিরীক্ষণপূর্ব্বক, পূর্ব্ববোধক্রমে।
Anticipation, *n. s.* অগ্রেগ্রহণ, দিন থাকিতে গ্রহণ, নিয়মিত কালাপ্রাপ্তে বা উপস্থিত না হইতে-লওন বা-গ্রহণ বা-জনন, পূর্ব্ব আশা বা বোধ, কারণজ্ঞ হওনপূর্ব্বে বিবেচনা বা বিচার স্থিরকরণ, কারণ অবগত না হইয়া ব্যবহারকরণ; আশা, অপেক্ষা, নিরীক্ষণ, ভরসা।
Anticipator, *n. s.* নিবারণকর্ত্তা, বাধা জন্মায় যে, আশা বা ভরসা রাখে যে, অপেক্ষাকর্ত্তা, আশা বা নিরীক্ষণ করে যে, পূর্ব্ববোধ জন্মে যাহার।
Anticipatory, *a.* নিয়মিত কালপূর্ব্বে বা নিরূপিত সময়াপ্রাপ্তে গ্রহণসূচক বা করণশীল, অপেক্ষাকারী, নিরীক্ষণকারী, পূর্ব্ববোধক।
Antick, *a.* অসঙ্গত, কদর্য্য, দৃষ্টকৌরূপ্য, অপরূপ, ব্যাকার, বিকটাকার, ভেল্কিদর্শনশীল।
Antick, *n. s.* অসঙ্গত বা কদর্য্য আচার করে যে, অপরূপদর্শয়িতা, দৃষ্ট কুরূপ, বিকটাকার, ভঙ্গি, ব্যঙ্গকর্ত্তা, ভঙ্গি দর্শায় যে; বিকৃতাকৃতি, আরোপিত শোভা বা আকৃতি।
To Antick, *v. a.* ভঙ্গি-কৃ, ভঙ্গি-দৃশ (ঞি), বিকটাকার বা বদন-কৃ, রঙ্গ-কৃ, ভাঁড়ামি-কৃ, ভেল্কিদৃশ (ঞি)।
Antickly, *ad.* ভঙ্গিরূপে, ব্যাকারপূর্ব্বক, অপরূপে, রঙ্গপূর্ব্বক, ভেল্কিপূর্ব্বক।
Anticlimax, *n. s.* Gr. পূর্ব্বভাগ বা আদ্যংশাপেক্ষা অন্তাংশে লঘুবচন বা অল্পার্থক বাক্য, অঙ্গসমচ্ছন্দ।
Anticonstitutional, *a.* দেশের বা রাজ্যের মূলব্যবস্থাবিপরীত।
Anticonvulsive, *a.* মূর্চ্ছিত হওন পীড়ানাশক, মৃগীরোগনিবর্ত্তক বা তদুপশমক, খেঁচনিরোগোপশমক।
Anticor *n. s.* Gr. and Lat. ঘোড়ার হৃৎপিণ্ডসম্মুখে বক্ষস্থলে উৎপন্ন ফোড়া বা স্ফীতি।
Anticosmetick, *a.* সৌন্দর্য্যনাশক, রূপনাশক, রূপহ্রাসকারী বা মলিনকারী, অপরূপকারী।
Anticourt, *a.* ব্যবস্থানমতবিপরীত, রাজসভামতান্তর।
Anticourtier, *n. s.* ব্যবস্থানমত বা রাজসভাবিপরীত আচরণ করে যে রাজমন্ত্রিশত্রু।
Anticreator, *n. s.* সুষ্টুবিপক্ষ চলে যে, সৃষ্টিকর্ত্তৃশত্রু।
Antidotal, *a.* রোগনিবারণধর্ম্মক, বিষহননার্হ, গরলঘ্ন।
Antidotary, *a.* তথা; গরলঘ্ন, বিষনাশক।
To Antidote, *v. a.* বিষঘ্ন বা গরলঘ্ন বা রোগনাষকৌষধ-দা, জারক বা বিপরীত গুণকারী ঔষধ-দা, উপশমকার্য্যৌষধ পান-কৃ (ঞি)।
Antidote, *n. s.* Gr. রোগঘ্ন বা বিষঘ্ন বা গরল নাশকৌষধ, জারক বা বিপরীত গুণকারি ঔষধ, উপশমকার্য্যৌষধ।
Antidysenterick, *a.* Gr. আমাশয়রোগনাশক, আমরক্তবিকারোপশমকারী, রক্তভেদ রোগনিবারক।
Antienthusiastick, *a.* ব্যগ্রতানিবারক, কোন ধর্ম্মবিষয়ক ব্যগ্রতানাশক, উগ্রতা বা উত্তাপনিবর্ত্তক।
Antiepiscopal, *a.* ধর্ম্মাধ্যক্ষকর্তৃত্ব বিপরীত।
Antiface, *n. s.* অভিমুখস্থ মুখ, বিপরীত বা উল্টা মুখ।
Antifanatick, *n. s.* ধর্ম্মব্যগ্রতা বিপরীতত্ব, ধর্ম্মবিষয়ে উগ্রতার বৈপরীত্য, কোন বিষয়ে উত্তাপশত্রুতা।
Antifebrile, *a.* জ্বরঘ্ন, জ্বরনিবারক, তাপনিবর্ত্তক, জ্বালা উপশমকারী, উষ্মনিবর্ত্তক, জূর্ত্তিনাশক।
Antiflattering, *a.* উপাসনাবিপক্ষ, তোষামোদবৈরী, খোসামোদ অপ্রিয়।
Antihysterick, *n. s.* উগ্রবায়ুরোগঘ্ন ঔষধ।
Antilogarithm, *n. s.* গণনাবিশেষ।
Antilogy, *n. s.* Gr. বাক্যের এবং তচ্ছব্দের বৈলক্ষণ্য বা বিপরীতত্ব।
Antiloquist, *n. s.* Gr. and Lat. বিপরীতবক্তা, বিরোধকর্ত্তা, বিবাদী, তকরার করে যে, তকরারকারী, হুজ্জতী।
Antiloquy, *n. s.* পরিভাষা।
Antimagistrical, *a.* বিচারকর্তৃ বিপরীতশীল, বিচারনিষ্পাদকের মতান্তর।
Antimaniacal, *a.* উন্মত্ততানাশক, উন্মত্ততাহ্রাসকারী, বাতুলতাঘ্ন, উন্মাদঘ্ন, পাগলামিনিবর্ত্তক।
Antimasque, *n. s.* উপচ্ছদ্মবেশ, অপ্রধানচ্ছদ্মবেশ।
Antiministerial, *a.* দেশে প্রসিদ্ধোপদেশবিপরীত, দেশমতান্তর।
Antimonarchical, *a.* একাধিপত্যবিপরীত, এক প্রভুত্বমতান্তর।
Antimonarchist, *n. s.* একাধিপত্য বিরোধী, একপ্রভুত্বমত বৈরী।
Antimonial, *a.* রসাঞ্জনবিশিষ্ট, সুরমাযুক্ত বা তদ্ধাতুতে নির্ম্মিত।
Antimony, *n. s.* Gr. রসাঞ্জন, সুরমা; ধাতুবিশেষ।
Antimoralist, *n. s.* নীতিশাস্ত্রবৈরী বা শত্রু যে।
Antinephritick, *a.* মেটিয়াজ রোগনাশক, মেটিয়ারোগনিবর্ত্তক।
Antinomian, *n. s.* Gr. ঈশ্বরের ব্যবস্থাবজ্ঞাকারী, ব্যবস্থাগ্রন্থমত বৈরী যে অর্থাৎ মোশহব্যবস্থামতান্তর মতাবলম্বনকর্ত্তা।
Antinomian, *a.* আন্তিনোমিআন মতবিষয়ক, তন্মতসম্বন্ধীয়।
Antinomianism, *n. s.* আন্তিনোমিআননামক মত বা ধর্ম্ম।
Antinomist, *n. s.* শাস্ত্রামানক, ব্যবস্থাহেলনকর্ত্তা।
Antinomy, *n. s.* শাস্ত্রীয় ব্যবস্থাদ্বয়ের বিরোধ, কোন এক শাস্ত্রের দুইস্থলের পরস্পর অনৈক্য বা বিরোধ, দুই শাস্ত্রের পরস্পর দ্বন্দ্বজ।
Antipapal, *a.* পাপার মতবিপরীত।
Antipapistical, *a.* তথা।
Antiparellel, *a.* পরস্পর সমগামিবিষয়ের বিপরীত গতি।
Antiparalytick, *a.* পক্ষাঘাতরোগ, পক্ষাঘাতরোগোপকারক।
Antipathetical, *a.* স্বভাবতঃ বিরুদ্ধ, প্রকৃতিবিপরীত, অনুভববিরুদ্ধ, ইন্দ্রিয়বিপরীত।

Digitized by Google

Antipathetick, *a.* তথা।
Antipathous, *a.* বিরুদ্ধ, বিপরীত, বিপক্ষ, উল্টা।
Antipathy, *n. s.* Gr. স্বভাবতঃ বিরুদ্ধমনঃ বা আচার, অনিচ্ছা, বিমন, অশ্রদ্ধা, শত্রুতা, বৈরিতা।
Antiperistasis, *n. s.* Gr. বিপরীতগুণবর্দ্ধনকর্ত্তা, বিপরীতগুণের বৈরিত্ব, বিরুদ্ধধর্ম্মের শত্রুতা।
Antipestilential, *a.* মরকরোগঘ্ন, মরকরোগোপশমকারী, মারী ভয়নাশক, সাংঘাতিকরোগনিবর্ত্তক।
Antiphologistick, *a.* তাপনাশক, জ্বালভাবনিবর্ত্তক।
Antiphologistick, *n. s.* Gr. তাপনাশকৌষধ, জ্বালভাবনিবর্ত্তক দ্রব্য।
Antiphon, *n. s.* Gr. ধর্ম্মশালাতে পরস্পর একের পর একের গান বা কীর্ত্তন; উল্টাশব্দ, প্রতিধ্বনি, প্রতিশব্দ, প্রত্যুত্তর।
Antiphonal, *a.* ধর্ম্মশালাস্থ প্রতিগানসম্বন্ধীয়, প্রতিসংকীর্ত্তনবিষয়ক।
Antiphonal, *n. s.* প্রতিগান পুস্তক, প্রতিকীর্ত্তনগ্রন্থ।
Antiphoner, *n. s.* তথা।
Antiphonical, *a.* Antiphonal শব্দ দেখ।
Antiphony, *n. s.* Antiphon শব্দ দেখ।
Antiphrasis, *n. s.* Gr. বিপরীত বা উল্টাভাবে শব্দের অর্থ গ্রহণ বা বাক্যের ফলিতার্থ করণ বা দেওন।
Antiphrastically, *ad.* বিপরীতভাবে শব্দার্থ গ্রহণপূর্ব্বক।
Antipodal, *a.* সমসূত্রপাতসম্বন্ধীয়, ভূমণ্ডলান্যতরপার্শ্বস্থিত দেশ সম্বন্ধীয় বা লোকবিষয়ক।
Antipodes, *n. s.* Gr. সমসূত্রপাতস্থিত লোক, ভূমণ্ডলান্যতরপার্শ্ব বা তৎস্থানবাসি লোক অর্থাৎ পরস্পরাভিমুখপাদ যাহারদের। তদ্ভিন্ন এই শব্দ বিপরীতার্থে ব্যবহার্য্য।
Antipoison, *n. s.* বিষঘ্ন বা গরলনাশক দ্রব্য, রোগধ্বংসক বা ব্যাধ্যুপশমকার্য্যৌষধ; মান্দুলি, কবজ।
Antipope, *n. s.* পাপাপদগ্রাহী যে, পাপাপদাপহরণকর্ত্তা।
Antiport, *n. s.* বহির্দ্বার, পুরদ্বার, উপদ্বার।
Awkwardly, *ad.* অপটুতাপূর্ব্বক, অসভ্যরূপে, অশিষ্টতাপূর্ব্বক, মূর্খতাপূর্ব্বক, আনাড়ীমাফিক।

Awkwardness, *n. s.* অপটুতা, অশিষ্টতা, অশুভত্ব, অসভ্যতা, অপরিচ্ছন্নতা, মূর্খতা, অসুন্দরত্ব, অপরিপাটিত্ব, কার্য্যে আনাড়ী, চাষামী।

Awl, *n. s.* Goth. রন্ধ্রকারকাস্ত্র, তুরপুনবিশেষ, ফোড়।

Awless, *a.* মর্য্যাদাহীন, সম্ভ্রমজনকশক্তিরহিত, ভয়পূর্ব্বকমর্য্যাদাব্যতিরিক্ত, নির্ভয়, শঙ্কারহিত, অমানক।

Awme বা **Aume**, *n. s.* হলণ্ড দেশীয় পরিমাণবিশেষ।

Awn, *n. s.* Goth. শুড়া, শস্যের শুড়া।

Awning, *n. s.* চন্দ্রাতপ, চাঁদওয়া, বিতান, চান্দনী, পরদা, ছত্রী, আচ্ছাদন।

Awoke, **Awake** ক্রিয়ার ভূতকাল বাচক শব্দ, যথা, জাগিয়াছিলাম।

Awork, *ad.* কার্য্যেতে, কর্ম্মে, ব্যবসায়ে।

Aworking, *a.* ক্রিয়মাণ, কর্ম্মযুক্ত, কার্য্যে নিযুক্ত, কর্ম্মবান, ক্রিয়াবান, কর্ম্মকরণাবস্থিত, ব্যবসায়ে নিবিষ্ট।

Awry, *ad.* Sax. অসরলরূপে, তের্চারূপে, টেড়ামতে, বক্ররূপে, কুঁজ্যে, অনৃজুপূর্ব্বক, অসমানরূপে, বিপরীতরূপে, দুষ্টরূপে।

Axe, *n. s.* Sax. কুঠার, পরশু, টাঙ্গি, কুড়ালি, দাও।

Axhead, *n. s.* পরশুর অগ্র, কুঠারমস্তক, কুড়ালের মাথা।

Axilla, *n. s.* Lat. কক্ষ, বাহুমূল, বগল।

Axillar বা **Axillary**, *a.* বাহুমূলবিষয়ক, কক্ষসম্বন্ধীয়, কক্ষদেশসম্বন্ধীয়, পত্রমূলস্থ, পাতার মূলস্থিত।

Axiom, *n. s.* Gr. সূত্র, স্থিরীকৃত মত বা ধারা, সিদ্ধান্ত।

Axiomatical, *a.* সূত্রবিষয়ক, সূত্রসম্বন্ধীয়।

Axis, *n. s.* Lat. অক্ষ, মেরু, মধ্যগ রেখা, আল।

Axle বা **Axle-tree**, *n. s.* অক্ষদণ্ড, লিগা, মেরুদণ্ড, তস্‌লা, গাড়ির চাকার আল।

Ay, *ad.* Sax. হাঁ, হাঁহাঁ, হু, অয়, হুঁ, বটে, সত্য, অবশ্য, নিশ্চয়।

Ay me, *interj.* Gr. শোকজ্ঞাপক অব্যয়শব্দ, যথা, হায়, হায় মোরে, হায় আমারে, বাপ্‌রে।

Aye, *ad.* Sax. সর্ব্বদা, সদা, বটে।

Aygreen, *n. s.* বৃক্ষবিশেষ।

Ayry, *n. s.* Sax. বাজের বাসা, শ্যেনপক্ষির বাসা।

Azerole, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Azimuth, *n. s.* [In Astronomy.] কল্পিত চক্রবিশেষ, *Azimuth* of the Sun, সূর্য্য বা নক্ষত্র স্থল নিশ্চয়কারী কল্পিত চক্রবিশেষ, *Azimuth* compass, জ্যোতির্বিদ্যোপকারক কলবিশেষ, *Azimuth* dial, ছায়া, ঘড়ীবিশেষ।

Azure, *a.* Fr. নীলা, আকাশবর্ণ, অল্পনীলবর্ণ, আসমানীরঙ্গ।

To **Azure**, *v. a.* নীলবর্ণ-কৃ, আকাশবর্ণ-কৃ।

Azured, *a.* নীলা, আকাশবর্ণবিশিষ্ট।

Azurn, *a.* তথা, এবং ঘোরনীলবর্ণ।

Azyme, *n. s.* Fr. বেখমিরুটি বা পিষ্টক।

B.

B, ইউরোপীয় বর্ণমালার দ্বিতীয়াক্ষর। ইহার উচ্চারণ বা অক্ষরবৎ, যথা ball, এবং বর্ণমালার প্রথম ব্যঞ্জন জানিবেন।

Baa, *n. s.* ভ্যাভ্যাশব্দ, মেষের ডাক, ভেড়ার শব্দ।

To **Baa**, *v. n.* Lat. মেষের ডাক-ডাক, ভেড়ার শব্দ-কৃ, ভেঁভেঁ শব্দ-কৃ।

To **Babble**, *v. n.* Germ. বালকের ন্যায় অব্যক্ত শব্দকারী-হ, অস্পষ্ট কথা-কৃ, নিরর্থককথা-কথ, অনর্থক বাক্যব্যয়ী-হ, জ্ঞানশূন্য বাক্যবাদী-হ, বহুভাষী-হ, বাবদূক-হ, নির্বোধ বাক্যবাদী-হ, অধিক কথা-কথ, জড়িয়া কথা-কথ বা -বক্, গপ্পী-হ, গুপ্তবিষয় প্রকাশ-হ।

Digitized by Google

To Babble, *v. a.* বালকের মত বাক্য-কৃ, ছালিয়ার মত বক্‌২ বা বাক্য-কৃ, ভড়২ করিয়া কথা-কথ, অবিবেচনাপূর্ব্বক ভড়২ বা বড়২ করিয়া বাক্য-কৃ, যাহা ইচ্ছা তাহা-বক।

Babble, *n. s.* বালকের মত বাক্য করণ, ছালিয়ার মত কথন, বকন, অলস্য বাক্যকরণ, গপ্পকরণ, ভড়ভড়ানী, বক্‌বকানী, বড়বড়ানী, বকনী, না বুঝিয়া না সুজিয়া কথা কহন।

Babblement, *n. s.* মূর্খের ন্যায় বাক্যকরণ, ছালিয়ার মত গপ্পকরণ, বকন, গপ্প, ভড়ভড়ানী, বড়বড়ানী, বক্‌বকানী, নির্ব্বোধবাক্য, নিরর্থক কথা, জ্ঞানশূন্য বাক্য, অবিবেচনা বাক্য।

Babbler, *n. s.* ছালিয়ার ন্যায় কথা কহে যে, মূর্খের ন্যায় বকে যে, গপ্পকর্ত্তা, আলস্যরূপে বা মূর্খতাপূর্ব্বক কথা কহে যে, অবিবেচনাপূর্ব্বক বাক্যবাদী, বড়বড়্যা, বক্‌বক্যা, ভড়২ করিয়া কথা কহে যে।

Babbling, *n. s.* ছালিয়ার ন্যায় কথা কথন, মূর্খের ন্যায় বকন, গপ্পকরণ, আলস্যরূপে বা মূর্খতাপূর্ব্বক কথা কহন, বড়বড়ানী, বক্‌বকানী, বকনী, ভড়২ করিয়া কথা কথন।

Babe, *n. s.* Welsh. শিশু, শাবক সন্তান, সন্ততি, স্ত্রী বা পুরুষ বালক, বালক, বালিকা, বাচ্চা, বৎস, ছা, ছানা, ছেলিয়া, কাঁচাছেলিয়া, চেংড়া, লড়কা, দুগ্ধপ বালক, বালকের অনুরূপ, ছেলিয়ার মূর্ত্তি।

Babel, *n. s.* Heb. গোলমাল্, গণ্ডগোল্, কোলাহল, উৎপাত, ছিন্নভিন্নাবস্থা, ছিতড়বিতড়।

Babery, *n. s.* বালকসন্তোষজনক দ্রব্য, শিশু সন্তোষকারক কোন বিষয়, বাল্যানন্দজনক কোন দ্রব্য বা বস্ত্র বা বিষয় ইত্যাদি, খেলনা, ছেলিয়া ফুসলায় বা ভুলায় যাহা দিয়া।

Babish, *a.* বালকন্যায়, ছালিয়ার মত, ছেল্যামি, বালকবৎ, ছেলিয়াপন।

Babishly, *ad.* বালকত্বরূপে, ছেলিয়ারূপে, বালকত্বপূর্ব্বক, শিশুর আচরণপূর্ব্বক, চেংড়াপনারূপে।

Baboon, *n. s.* Fr. বৃহজ্জাতিবানরবিশেষ, কপি।

Baby, *n. s.* বালক, ছালিয়া, দুগ্ধপায়িবালক, শিশু, চেংড়া, কাঁচাছেলিয়া, বালকের ন্যায় পুত্তলিকা, খেলানা।

Baby, *a.* ছালিয়ার মত, বালকন্যায়, শিশুবৎ, কাঁচাছালিয়ার ন্যায় ক্ষুদ্র, ছোট, খোকা।

To Baby, *v. a.* ছালিয়ার মত আচার-কৃ, বালকজ্ঞান করিয়া আচরণ-কৃ, বালকবন্মূর্খ জ্ঞান করিয়া পরসহিত আলাপ-কৃ।

Babyhood বা Babyship, *n. s.* বাল্য, বালকত্ব, ছালিয়াপনা, ছেল্যামি, বাল্যাচার বা বাল্যাবস্থা, ছেলিয়াবেলা।

Babyish, *a.* শিশুত্বযুক্ত, বালকত্ববিশিষ্ট, শিশুশীল, ছেলিয়াপনা, চেংড়া, চেংড়ামুখা।

Babylonical, *a.* বাবেলদেশসম্বন্ধীয়, বাবেলদেশবিষয়ক, বাবেলদেশসূচক, কোলাহলবিশিষ্ট, গোল্‌মাল্‌যুক্ত, গড়বড়িসূচক।

Baccated, *a.* Lat. মুক্তা বা রত্নবিশিষ্ট, মুক্তাঘটিত, মুক্তাভূষিত, মুক্তাতে বা কোন প্রকার মণিতে খচিত।

Bacchanal, *a.* Lat. বাকস্‌নামক মদ্যপ্রিয় দেবতার রসে রত বা মোহিত, মত্ত, মোহিত, মাতাল, রসিক, মদ্যরসিক, লম্পট।

Bacchanal, *n. s.* মদ্যদেবতারসপ্রিয় উপাসক যে, মদ্যপায়ী, মদ্যপ্রিয়, মাতাল, মদ্যপ, মদখোর, মদবাজ, কয়েফী।

Bacchanalian, *n. s.* তথা।

Bacchanalian, *a.* বাকস্‌নামক মদ্যদেবতাবিষয়ক, মদ্যরসবিষয়ক, লম্পট বা লুচ্চা আচরণসম্বন্ধীয়।

Bacchanals, *n. s.* বাকস্‌নামক মদ্যদেবতার পর্ব্ব, মাতালের পরব, মদ্য দেবতার পূজা।

Bacchus bole, *n. s.* পুষ্পবিশেষ।

Bacciferous, *a.* Lat. ক্ষুদ্রফলোৎপাদক, গুটি ফলজনক।

Bacchant বা Bacchante, *n. s.* মদ্য দেবের ন্যায় আচরণকর্ত্তা।

Bacchical বা Bacchick, *a.* মদ্যদেবতার পর্ব্বসম্বন্ধীয়, মদ্যোৎসববিষয়ক, মত্তসভাবিষয়ক।

Baccivorous, *a.* ক্ষুদ্রফলভোজী, গুটিফলখাদক।

Bachelor, *n. s.* Sax. অনূঢ়া, অবিবাহিতা স্ত্রী বা পুরুষ, পাঠশালার প্রথম পদপ্রাপ্ত যে, বিদ্যালয়ে প্রথম প্রবৃত্ত ব্যক্তি, কুলীন ক্ষুদ্র পদস্থ যে।

Bachelorship, *n. s.* অনূঢ়ত্ব, অবিবাহিতাবস্থা, অকৃতোদ্বাহত্ব, পাঠশালার প্রথম পদে প্রবর্ত্ত যে, বিদ্যাগারস্থ প্রথম পদ।

Back, *n. s.* Sax. পৃষ্ঠ, পীঠ, পাছা, হস্তপৃষ্ঠ, শরীরের বাহ্যাংশ, গাত্রের উপরিভাগ, শরীরাভরণীয়াংশ, পশ্চাদ্দেশ, নিতম্ব, পশ্চাদংশ, কোন দ্রব্যের অদৃষ্টাংশ, অস্ত্রের পৃষ্ঠ বা পীঠ। *To* turn the *back*, পৃষ্ঠ-ফিরা, পরাঙ্‌মুখ-হ, ত্যাগ-কৃ, অবজ্ঞা বা অবহেলা-কৃ ইত্যর্থ। শুণ্ডিককর্ত্তৃক ব্যবহার্য্য পাত্রবিশেষ, হৌজ।

Back, *ad.* পশ্চাৎ, পশ্চাদ্দিগে, ফের, পুনর্ব্বার, পরাঙ্‌মুখে, পাছে২, পুনঃ, দ্বিতীয়বার, পুনশ্চ, প্রতি, ত্যক্ত, কোন স্থানের বা দ্রব্যের প্রতি।

To Back, *v. a.* পৃষ্ঠারোহণ-কৃ, অশ্বপৃষ্ঠোপরি-উঠ, পৃষ্ঠোপরি-দা বা চড়, অশ্বদমন বা জব্দ-কৃ, ঘোড়াশিক্ষা-কৃ, উপরি-স্থা বা -রক্ষ, ঘাড়ে-দা বা -রক্ষ বা -চাপা, রক্ষ, প্রতিপালন-কৃ, পৌষ্টিকতা-কৃ, প্রমাণ-দা, সাক্ষী-কৃ, সহায়তা-কৃ, সহকার্য্যকারী-হ, পক্ষ-হ, হঠ, পশ্চাৎ-হঠ।

To Backbite *v. a.* অপ্রত্যক্ষে নিন্দা-কৃ, পরোক্ষে দুর্নাম-দা, অগোচরে পরের মন্দ-কথ বা হিংসা-কৃ, চুকলী-কৃ।

Backbiter, *n. s.* পৃষ্ঠমাংসখাদক, পরোক্ষে নিন্দক, অপ্রত্যক্ষে দুর্নামদাতা, পরচর্চ্চক, চুগলখোর, চুগল্‌বাজ, পীঠের পাছে চুকলী করে যে, নিন্দক।

Backbiting, *n. s.* পরোক্ষনিন্দা করণ, অপ্রত্যক্ষে দুর্নামদেওন, পরচর্চ্চা, চুকলী করণ, পীঠের পিছে হিংসাজনক বাক্য কথন।

Backbitingly, *ad.* পরোক্ষে নিন্দাকরণপূর্ব্বক, অপ্রত্যক্ষে দুর্নাম দেওনরূপে, নিন্দাপূর্ব্বক, দুর্নামরূপে, হিংসাপূর্ব্বক।

Backbone, *n. s.* কশেরুকা, মেরুদণ্ড, ডাঁড়া, পিঠের হাড় বা ডাঁড়া বা হড্ডি, পৃষ্ঠাস্থি।

Backcarry, পৃষ্ঠস্থিত, পৃষ্ঠোপরিবাহিত।

Backdoor, *n. s.* গৃহপশ্চাৎস্থ দ্বার, উপদ্বার, উপপথ, খিড়কীর পথ।

Backed, *a.* পৃষ্ঠবিশিষ্ট, ডাঁড়াযুক্ত, পীঠওয়ালা, চৌড়া।

Backfriend, *n. s.* মৌখিকসুহৃদ কিন্তু অন্তঃকরণে বৈরী যে, অন্তরে শত্রু, দুস্‌মন, ভিতরে দুস্‌মন।

Backgammon, *n. s.* Welsh. ক্রীড়াবিশেষ, পাশা।

Backhouse, *n. s.* প্রধানগৃহের পশ্চাদ্ভাগে স্থিত ক্ষুদ্র২ গৃহ, উপগৃহ, অন্তঃপুর, অন্দরমহল, কানাচিঘর।

Backpiece, *n. s.* পৃষ্ঠাভরণ, পৃষ্ঠসজ্জা, সংজম।

Backreturn, *n. s.* পুনঃ২ পরীবর্ত্তন, পুনরাবর্ত্তন, বারম্বারফিরণ, বারম্বার ফিরিয়া আইসন।

Backroom, *n. s.* গৃহের পশ্চাদ্ভাগস্থ শালা, উপকুঠরি, গাছের ঘর।

Backset, *part. a.* পশ্চাদ্ভাগে দণ্ডায়মান, পাছে খাড়া করা।

Backside, *n. s.* নিতম্ব, পাছা, পশ্চাদ্দেশ, কোন দ্রব্যের পশ্চাদংশ, গৃহের পশ্চাৎ উঠান, ঘরের পাছা, ঘরের কানাচি।

Digitized by Google

To Backslide, *v. n.* পশ্চাৎ-হট, উল্টাদিগে পিচ্ছলিয়া-পড়, প ধবহির্ভূত-হ, ধর্ম্মচ্যুত-হ, ধর্ম্মভ্রষ্ট-হ, পতিত-হ, কুপথে-গম বা -চল, যথার্থ বা সরলপথ ত্যাগ-কৃ।

Backslider, *n. s.* পশ্চাদ্দিগে পিচ্ছলিয়া পড়ে যে, পিছায় যে, প শ্চাৎ হটে যে, পতিত ব্যক্তি, ধর্ম্মচ্যুত লোক, ধর্ম্মভ্রষ্ট লোক, কুপথগমনকর্ত্তা, বিমার্গগন্তা, উন্মার্গগমনকর্ত্তা।

Backsliding, *n. s.* পশ্চাদ্দিগে পিচ্ছলিয়া পড়ন, পিছান, পশ্চাৎ হটন, হটিয়া যাওন, পিচ্ছলিয়া পড়ন, পতিত হওন, ধর্ম্মভ্রষ্ট হওন, বিমার্গগামি হওন, বিপথগামিত্ব, আজ্ঞাতিক্রম, ভদ্রাচর ণত্যাগ।

Backstaff, *n. s.* সমুদ্রে সূর্য্যের উচ্চত্বপরিমাপক কল।

Backstairs, *n. s.* ঘরের পিছের শিঁড়ি, ঘোর শিঁড়ি, মফস্বলের শিঁ ড়ি, গৃহস্থ গুপ্তসোপান।

Backstays, *n. s.* [Sea Term.] লবড়ান, ফরোদী, পেটফরোদী, ঘাই, মাস্তুলদৃঢ়ার্থক মাস্তুলোভয়পার্শ্বীয় দড়া।

Backsword, *n. s.* একধারযুক্ত তলোবার, আসা বা অসিবিশেষ।

Backward বা Backwards, *ad.* পৃষ্ঠ সম্মুখে বা অগ্রে স্থিতিপূর্ব্ব ক, পৃষ্ঠ দিগে, পৃষ্ঠপ্রতি, পৃষ্ঠে, পীঠে, পৃষ্ঠোপরি, পশ্চাদ্দিগে, পশ্চাতে, উল্টদিগে; পশ্চাৎ হটনপূর্ব্বক, পৃষ্ঠ অগ্রু করিয়া চলন রূপে, হটিয়া যাওনক্রমে, অতীত হওনক্রমে, ভদ্রহইতে মন্দপ্র তি গমনক্রমে, ক্রমশঃ উত্তরিয়া যাওনরূপে, হ্রাস হওন ক্রমে, অতীতে, গত কালে, অধঃপতনপূর্ব্বক, কুপথগমনপূর্ব্বক, বিমা র্গগামিতাক্রমে, উন্মার্গগমনপূর্ব্বক।

Backward, *a.* অসম্মত, অস্বীকৃত, সন্দেহযুক্ত, বিপরীত, পরাঙমুখ, অসত্বর, অলস, ঢিলা, লঘুগতিবিশিষ্ট, অল্পবর্দ্ধনশীল, দেরি বা গৌণে বা ব্যাজে হওনশীল, যথা *backward* fruits গৌণপক্ব হওনশীল ফল, নাবি ফল, শেষফল।

Backward, *n. s.* অতীতকাল, গতকাল, পূর্ব্বাবস্থা।

To Backward, *v. a.* নিবারণ-কৃ, অবশেষ বা হাড়ে রাখিয়া কো ন কার্য্য-কৃ, বাধা-কৃ, পশ্চাৎ-রক্ষ।

Backwardly, *ad.* অসম্মতিপূর্ব্বক, অনিচ্ছাপূর্ব্বক, পশ্চাৎ২ হটন ক্রমে, পরাঙমুখ হইয়া গমনপূর্ব্বক, মুখ পাছে করিয়া গমনক্র মে, বিপরীতরূপে, অতিক্রমাচারপূর্ব্বক।

Backwardness, *n. s.* শ্লথত্ব, ঢিলতা, অক্ষিপ্রত্ব, অসত্বরতা, অসম্ম তি, গৌণত্ব, বিলম্বত্ব, দীর্ঘসূত্রতা, চিরক্রিয়তা।

To Backwound, *v. a.* পৃষ্ঠদেশে ক্ষত-কৃ, পিঠে ঘা-কৃ, পশ্চাদা ঘাত-কৃ, মার বা আঘাত-কৃ, উল্টাদিগে চোট-কৃ বা ঘা-মার।

Bacon, *n. s.* Fr. শূকরের লোণা শুষ্কমাংস, শূকর। To save the *bacon*, কোন অন্যায়হইতে বা কোন বিপত্তিইইতে আপনা কে রক্ষা মাত্রকরণ ইত্যর্থ, বাঁচিয়ামাত্র যাওন।

Baculometry, *n. s.* Lat. and Gr. এক বা অধিক নল বা দণ্ডদ্বারা স্থানের দূরাদূর মাপ করণ।

Bad, *a.* Dutch. মন্দ, অভদ্র, কুৎসিত, কদর্য্য, দুষ্ট, নীচ, অকৃষ্ট, দুরাত্মা, কদাচার, কুশীল, অধার্ম্মিক, অভাগ্য, হিংসাজনক, অ ধম, অহিতকারী, পীড়িত, অসুস্থ, অমঙ্গল, অশুভ, অস্বচ্ছন্দ।

Bad বা Bade, *Bid* ক্রিয়াপদের অতীতকালসূচক অনুমতি বা বি ধি ইত্যর্থ যথা, কহিয়াছি, কহিয়াছিলাম, বলিয়াছিলাম, কহ, বল, কহুন, কহিয়া-দিউন ইত্যাদি।

Badge, *n. s.* Lat. চিহ্ন, পদচিহ্ন, নিদর্শন, কোন বিষয়জ্ঞাপক বা কার্য্যসূচক চিহ্ন, হুদ্দা, চাপড়াস, পাট্টা।

To Badge, *v. a.* চিহ্ন-দা, নিদর্শন-জানা, পদচিহ্নদ্বারা ভূষণ-কৃ, হুদ্দা-দা বা-বাঁধ, চাপড়াস-দা, কোন বিষয়জ্ঞাপক বা কোন কার্য্যসূচক চিহ্নদ্বারা পরিধান-কৃ।

Badgeless, *a.* চিহ্নহীন, পদচিহ্নরহিত, বেহুদ্দা, চাপড়াসহীন।

Badger, *n. s.* Fr. গর্ত্তবাসি জন্তুবিশেষ, ভালুকজাতীয় ক্ষুদ্রপ শু; শস্যের কড়িয়া।

To Badger, *v. a.* মুগ্ধ-কৃ, হতবুদ্ধি-কৃ, ঘাবরা, গোলমাল-কৃ।

Badger-legged, *a.* অসমান পাদবিশিষ্ট, ছোটবড়পাওয়ালা, ছো টবড়ঠেংযুক্ত, খোঁড়া।

Badger, *n. s.* এক স্থানে আহার ভক্ষদ্রব্যাদি ক্রয় করিয়া অন্যত্র লইয়া যায় যে, স্থানান্তর বিক্রয়কর্ত্তা।

Badinage বা Badinerie, *n. s.* Fr. লঘুবাক্য, বাল্যানন্দবাক্য, হা স্যবাক্য, ছোট কথা, হালকা কথা বা বিষয়।

Badly, *ad.* মন্দরূপে, অপরূপে, অভদ্ররূপে, কদর্য্যতাপূর্ব্বক, অসৌ ন্দর্য্যপূর্ব্বক, দুষ্টতাপূর্ব্বক, অশুভরূপে, পীড়িতরূপে।

Badness, *n. s.* মন্দ, অভদ্রতা, দুষ্টত্ব, কদর্য্যত্ব, নীচত্ব, দুরাত্মতা, অশুভত্ব, সর্ব্বপ্রকার ভালকার্য্যের বা ভদ্রগুণের হীনতা।

To Baffle, *v. a.* Fr. ভাঁড়া, ঘাবরা, অগোচর-কৃ, উড়াইয়া-দা, হ টাইয়া-দা, হারাইয়া-দা, গড়বড়-কৃ, বাক্যেতে-জন (ক্রি), বাক্যে তে-বুঝ (ক্রি), কার্য্যেতে বাধা-জন বা-লাগ (ক্রি), প্রতিকূল আ চার-কৃ, নিরর্থক-কৃ, লোপ-কৃ, নিরাশ-কৃ, পস্ত-কৃ, সকলঙ্ক-কৃ, দুর্নাম-দা, অপনাম-দা।

To Baffle, *v. n.* ছলব্যবহারী-হ, ভাঁড়া, ঘাবরা, ঠগা, হারাইয়া বা হটাইয়া-দা, গড়বড়ি-লাগ, বাক্যেতে-জড় (ক্রি), প্রতিকূলা চারী-হ।

Baffle, *n. s.* পরাজয়, দমন, দখল, হটান, হারাণ, নিরাশ, লো প, বাধা, নিবারণ, প্রাতিকূল্য।

Baffler, *n. s.* হটিয়া বা হারাইয়া দেয় যে, গড়বড়ি লাগায় বা ক রে যে, উৎকণ্ঠাকর্ত্তা, ছিন্নভিন্ন বা লণ্ডভণ্ড করে যে, বাক্যেতে বা কার্য্যেতে বাধাকর্ত্তা, অপ্রস্তুতকর্ত্তা, অপ্রতিভকর্ত্তা প্রতিকূল কর্ত্তা।

Bag, *n. s.* Sax. আধার, কোষ, থৈলা, ঝুলি, কোলা, গাঁঠরি, বো কচা, বোচ্কা, সাঁকালী,পুঁটলী, গেঁজি, খীসা, বস্তা, মশক, শরী রস্থ কোন আধারস্থান বা কোষ, যথা, রক্তকোষ, অণ্ডকোষ, গর লকোষ ইত্যাদি, কেশে পরিধেয় রেশমনির্ম্মিত আভরণবিশেষ, কবচ।

To Bag, *v. a.* থৈলীতে-দা, ছালাতে-দা বা পূর, ঝুলি-কৃ, ছালা২ -কৃ, ছালাতে-পূর, বস্তা-ভর, থৈলী-পূর, বস্তা-বাঁধ, সাঁকালি -ভর।

To Bag, *v. n.* থৈলীবৎ পূর-হ, বস্তার ন্যায়-ফুলা বা-ফাঁপ, সাঁকা লির ন্যায় স্ফীত-হ, বস্তাবন্দি-হ।

To Bag, *v. a.* স্ফায়, ফাপ, ফুলা।

Bagatelle, *n. s.* Fr. অল্পবিষয়, ছোটবিষয়, অল্পমূল্যকদ্রব্য, সামা ন্য বিষয়, ক্ষুদ্রদ্রব্য, কোন ক্ষুদ্র বা অল্পমান্য দ্রব্য বা বিষয়।

Baggage, *n. s.* Fr. সৈন্যের দ্রব্যাদি, সামগ্রী, তামটোকড়া, ক্ষেপ ণীয় দ্রব্যাদি, বহনীয় দ্রব্য; *bag* and *baggage*, ঝুলিকাঁথা,ধোকড়া ধুকড়ি, হাঁড়িপাটিল, কাপড়চোপড়, পথে চলনের দ্রব্যাদি, লটব হর, সাজ, আসবাব, উপযোগ, অতিসামান্যাস্ত্রী, সৈন্যের সহি ত ভ্রমণকারিণী স্ত্রী, বেশ্যাবিশেষ, অগড়বাগড়।

Bagnio, *n. s.* Ital. স্নানাগার, গাত্রমার্জ্জনশালা, ভাবরা বা ভাপ লয় যে ঘরে, স্বেদার্থে বা স্নানার্থে তপ্তাম্বুকুণ্ডবিশেষ, বেশ্যালয়।

Bagpipe, *n. s.* সানাইবিশেষ, সানাইর ন্যায় ধ্বনিকারি বাদ্যয ন্ত্রবিশেষ।

Bagpiper, *n. s.* সানাইদার, বংশীবিশেষ বাদ্যকর।

Baguette, *n. s.* Fr. পিলপার বা স্তম্ভের চূণকামে কৃত সূক্ষ্মদড়াবি শেষ।

Digitized by Google

To Baigne, *v. a.* Fr. নির্ঝর-কৃ, ঝরিয়া-লও বা-ফেল ভিজ, ভিজিয়া ঝরঝর-কৃ, জলে-চুবড়, জলে, ভিজিয়া-রক্ষ।

Bail, *n. s.* Fr. বন্ধকদায়ির বা জামিনদার লোকের মুক্তকরণ, উদ্ধারকরণ, খালাশকরণ, লগ্নক, বন্ধন, প্রতিভূ, জামিন, হাজিরজামিন, উপবনাধিকারস্থ নিয়মিত স্থান।

To Bail, *v. a.* প্রতিনিধিরূপ-গ্রহ বা-দা, প্রতিভূ-লও বা-দা, জামিন-লও বা-দা, বন্ধক-লও বা-দা।

Bailable, *a.* প্রতিভূ লওনযোগ্য বা দেওনযোগ্য, প্রতিভূদ্বারা বা বন্ধক রাখনদ্বারা মোচনার্হ, জামিন দেওন বা লওন উপযুক্ত, জামিন দিয়া খালাশ হওনশীল।

Bailif, *n. s.* Fr. ক্ষুদ্রপদস্থ, ব্যবস্থানাজ্ঞাবহনকর্ত্তা, কাছারির হুকুমে কয়েদ করে যে, দণ্ডনায়কবিশেষ, উপবনের ক্ষুদ্রপদস্থ, মহাশীল, থানাদার, কোতোবাল, চাপড়াসি, পেয়াদা।

Bailiwick, *n. s.* দণ্ডনায়কের পদ বা অধিকার, থানার সরহদ্দের নাম ব্যবস্থানাজ্ঞাবাহকের অধিকার পদ বা কার্য্য।

Bailment, *n. s.* ব্যবস্থানস্থেরদের স্থানে অর্পণ, কাছারিতে গচ্ছিয়া দেওন, থানাদারের স্থানে অর্পণ।

Baily, *n. s.* দণ্ডনায়কের পদ কার্য্য বা অধিকার।

Bain, *n. s.* Fr. স্নানস্থান, স্নানাগার, গোসলখানা, স্নানশালা।

To Bain, *v. a.* স্নান-কৃ, গাত্র ধৌত-কৃ, গোসল-কৃ, গা-ধো।

Bairn বা Barn, *n. s.* Sax. বালক, ছালিয়া।

To Bait, *v. a.* Sax. বড়শিতে টোপ-দা, টোপ বা চার-ফেল, চার-দা, ফাঁদ-পাত, পেঁচ-লাগা, ভোগা-দা, ফন্দনার্থে আহারাদি-দা, ধরণার্থে খাওয়া-দা, শিকার-কৃ, লোভ-দৃশ্ (ঞি), ভুলা, পথশ্রান্তে আরাম-কৃ, পথগমনে আপনাকে বা আপন বাহনকে আহারদ্বারা পরিতোষ-কৃ বা বিশ্রান্ত-কৃ, দম-লও, জিরা, কোন স্থানে অবস্থিতি-কৃ, পথে খাদ্য সামগ্রী-যোগা।

To Bait, *v. a.* Fr. বলপূর্ব্বক চড়াউ-কৃ, বলদ্বারা যুদ্ধ বা বাগ্যুদ্ধ আরম্ভ-কৃ, অন্যের দ্বারা ব্যস্ত-কৃ, দিক-কৃ, তাড়না-কৃ, হৈরাণ-কৃ, খানে হাল-কৃ।

To Bait, *v. n.* উড্ডীয়মান হওনে পাখা-ঝাড়, ডেনা-লাড় বা -ঝাড়, পাখা মেলিয়া ধড়ফড়-কৃ।

Bait, *n. s.* মৎস্যধরণার্থক বা ফাঁদনার্থক আহারাদি, টোপ, চার, ফাঁদ, পেঁচ, পরীক্ষা, ভোগা, লোভদর্শান, ভুলান, পথগমনে শ্রমপরিতোষণীয় আহার দ্রব্যাদি, পথের খাদ্যসামগ্রী, পথখরচ।

Baize, *n. s.* ঊর্ণানির্ম্মিত বস্ত্র, পশমী বস্ত্রবিশেষ, মোটা বনাতবিশেষ।

To Bake, *v. a.* Sax. চুলাতে কোন দ্রব্যের পাক-দা, তনুরেতে বা উনানে পোড়া, তনুরে পাক-দা, অগ্নিতে সেক, আঁচ-দা, অগ্নিদ্বারা শক্ত-কৃ, তাতা, তাত-দা, তাপদ্বারা শক্ত-কৃ, ভাজ, ঝলসা।

To Bake, *v. n.* পোড়, তপ্ত-হ, তাত, তাতে শক্ত-হ, আঁচে দৃঢ়-হ, সেক, ভাজ, ঝলসা, তনুরে পাক-হ।

Bake-meats বা Baked-meats, *n. s.* তনুরে পক্ব মাংস, আঁচদ্বারা পক্বদ্রব্য, তাপদ্বারা পক্বসামগ্রী।

Bakehouse, *n. s.* তনুরখানা, পূপাগার, তনুরদ্বারা পাক হয় যে গৃহে।

Baken, *Bake* ধাতুর অসমাপক ক্রিয়াপদ, তনুরে পাক করা, পূপাগারে পক্ব ইত্যর্থ।

Baker, *n. s.* রুটিওয়ালা, আপূপিক, পূপকার, তনুরে বা অন্য কোন স্থানে অগ্নিতাপদ্বারা পূপ পাক করে যে।

Bakerfoot, *n. s.* বক্রপাদ, সংজ্ঞু, সংহতজানুক, প্রজ্ঞু, প্রগতজানুক, খোঁড়া, খঞ্জ।

Baker-legged, *a.* সংজ্ঞু, সংহতজানুক, অন্তর দিক বক্রজানুক।

Balance, *n. s.* Fr. কলবিদ্যাতে প্রচলিত এক প্রকার শক্তি, নিক্তি, দাঁড়ী, তৌল, তরাজু, তৌলদণ্ড, পাষাণ, বাকী কৈফিয়ত। [Metaphorical *balance.*] বিবেচনা, মনোদ্বারা কোন কিছুর গুণাগুণ জ্ঞাত হওন, কৈফিয়ত করিয়া দুই দ্রব্যের কমবেশ জানা, তুলনাকরণ, পাষাণ, অধিকাংশ, বাড়তিভাগ, বাকি, ন্যূনাংশ, অবশিষ্ট, জমাখরচকরণ, জমাখরচ পূরণার্থক বা সমানকরণার্থক হিসাবের অধিকাংশ বা ন্যূনাংশ, সমতৌল, সমভার, সমাংশ, ঘড়ীর যে অংশদ্বারা শব্দ হয়। [In Astronomy.] লক্ষত্রসমূহ, তুলা।

To Balance, *v. a.* তুল, তৌল-কৃ, পাষাণ-কৃ, তরাজু সমান-কৃ, দাঁড়ি সমান-কৃ, সমতৌল-কৃ, পাষাণ-ভাঙ্গ, বাটখারা সমান-কৃ, ন্যূনাংশ বর্দ্ধন-কৃ, এবং অধিকাংশ ন্যূন-কৃ, হিসাব সমান-কৃ, জমাখরচ তুল্য-কৃ, কৈফিয়ত-কাট, হিসাবের কমতিভাগ-দা বা বাড়তিভাগ লও, সমভার বা সমাংশ-কৃ। [Sea Term.] যা হাম-কৃ বা বান্ধ, মতীলা-চাপ।

To Balance, *v. n.* সন্দেহী-হ, বিবেচনাবিশিষ্ট-হ, ইতরতম ব্যবহারী-হ, মন্ত্রণাশীল-হ, সাবধান-হ।

Balancer, *n. s.* তৌলকর্ত্তা, তৌলদার, পরিমাণকর্ত্তা, দুই অংশ সমান করে যে, ওজন করে যে, সমভারকর্ত্তা, পাষাণভাঙ্গে যে।

Balancing, *n. s.* সমতৌলহরণ, সমপরিমাণহওন, সমানকরণ, সমাংশ বা সমভার করণ, পাষাণভাঙ্গন।

Balass *Ruby*, *n. s.* Fr. য়াকুতবিশেষ।

To Balbucinate বা Balbutiate, *v. n.* Lat. তোৎলা-হ।

Balcony, *n. s.* Fr. সাজা, বারাণ্ডা, বৈঠকখানা।

Bald, *a.* Welch. কেশহীন, টাকপড়া, লেড়া, স্বাভাবিক আচ্ছাদনরহিত, অচিকুর, অভূষিত, অনলঙ্কৃত, অসুন্দর, অশিষ্ট, কদর্য্য, নীচ, নগ্ন, নেংটা, ইউরোপীয় উত্তরদেশবাসি লোককর্ত্তৃক এই শব্দ সাহসবান এবং বীরত্ববিশিষ্ট ইত্যাদি অর্থে ব্যবহার্য্য হয়।

Baldachin, *n. s.* Ital. চাল, ছতরী, চালি, চাঁদনী, বেদ্যাচ্ছাদনবিশেষ।

Balderdash. *n. s.* অবিবেচনাপূর্ব্বক স্থাপিত কোন দ্রব্য, অশৃঙ্খলাপূর্ব্বক স্থাপন, অব্যবস্থাপূর্ব্বক মিশ্রণ, গোলমালরূপে স্থিতি, অশৃঙ্খলা বাক্য অকথ্য কথোপকথন।

To Balderdash, *v. a.* মিশ্রণ-কৃ, খাদি-দা -বা মিশ্র, মদেতে ভাঁজ -দা।

Baldly, *ad.* কেশহীনতাপূর্ব্বক, টাকপড়ারূপে, লেড়ারূপে, নেংটারূপে, নগ্নত্বরূপে, কদর্য্যতাপূর্ব্বক, নীচতারূপে।

Baldmony, *n. s.* বৃক্ষবিশেষ, ঔষধীয় বৃক্ষ। এই শব্দ Gentian শব্দের তুল্যার্থ হয়।

Baldness, *n. s.* কেশহীনতা, অনাবৃততা, আচ্ছাদনরাহিত্য, লেড়া অবস্থা, নগ্নতা, অচিকুরত্ব, কোন কিছুর শূন্যতা, কোন বিষয়ের বা গুণের অভাব, অসৌন্দর্য্য, লিখনের অজ্ঞতা বা কদর্য্যতা, অনুমত্ততা, কদর্য্যতা।

Baldpate, *n. s.* লেড়ামাথা, টাকপড়ামাথা, ক্ষৌরীকৃত মস্তক, নগ্ন মস্তক, নেংটামাথা, লেড়ামুণ্ড, মুণ্ডিতমস্তক, ঠকঠকীয়া মাথা।

Baldpate বা Baldpated, *a.* টাকপড়া মাথাযুক্ত, মুণ্ডিতমস্তকবিশিষ্ট, লেড়ামাথাযুক্ত, ক্ষৌরীকৃত মস্তকধারী, নেংটামাথাযুক্ত।

Baldrick, *n. s.* Fr. পট্টী, পেটি, বন্ধন, কটিবন্ধন, দামন, কমরবন্দ, লগ্ন মণ্ডল, রাশিমণ্ডল, রাশিচক্র।

Bale, *n. s.* Fr. গাঁইট, বস্তা, মোট, বোচ্কা, এক যুগ্মমন্না, মন্নাদ্বয়।

Digitized by Google

To Bale, *v. n.* বস্তাবন্দী-হ, গাঁইট-কৃ, বোচ্কা-কৃ বা-বাঁধ, গাঁঠরি -বাঁধ, বস্তা-বাঁধ, গাঁইট-বাধ।

To Bale, *v. a.* সিচ্, জল-ফেল, সেঁচ, ছেঁচ, সিঞ্চ, জলনিক্ষেপ-কৃ।

Bale, *n. s.* Sax. দুঃখ, ক্লেশ, বিপদ, আপদ, শোক।

Baleful, *a.* ক্লিষ্ট, দুঃখগ্রস্ত, বিপদ্গ্রস্ত, আপদ্যুক্ত, শোকান্বিত, আপজ্জনক, দুঃখদায়ী, চিন্তাজনক, হিংসাকারী, মন্দকারী, দুর্দশাসূচক, অশুভকারী।

Balefully, *ad.* ক্লেশপূর্ব্বক, দুঃখপূর্ব্বক, হিংসাপূর্ব্বক, শোকান্বিতরূপে, বিপৎক্রমে, আপদ্যুক্তরূপে, অশুভপূর্ব্বক, দুর্দশাক্রমে।

Balister, *n. s.* Lat. কলধনুঃ।

Balk, *n. s.* Sax. ইষ্টকগৃহগুম্বনে ব্যবহার্য্য তীর বা আড়কাটা, কড়ি, বালোক, গৃহচ্ছদিঃ আড়পাকে বা আড়বাগে রাখে যেং কাষ্ঠ বা বাঁশ।

Balk, *n. s.* আলি, সীতাদ্বয়মধ্যস্থিত আলি, ফাকি ভোগা, ঠগামি।

To Balk, *v. a.* ফাকি-দা, ভোগা-দা, নিরাশ-কৃ, ব্যর্থ-কৃ, স্তোভা -দা, অপ্রতিভ-কৃ, লজ্জিত-কৃ, প্রতারণা-কৃ, বাধা-জন (ক্রি), বা গড়া -দা বা লাগা, বৈপরীত্য বা বিপদুপস্থিত-কৃ, অসাফল্য-কৃ, ত্যাগ-কৃ, ছাড়িয়া-দা, অপহ্নব-কৃ, আলি-কৃ, আলিবৎ হওন পর্য্যন্ত উপর্য্যুপরি-স্থা (ক্রি)।

To Balk, *v. n.* ফির, একপার্শ্বস্থ-হ, পরিবর্ত্ত-হ, উল্টাবিষয় বা বিপরীত কার্য্য ব্যবসায়ী-হ, ব্যর্থ-হ, বাগড়া -লাগ।

Balkers, *n. s.* মাছুয়া বা জালিয়াবিশেষ।

Ball, *n. s.* Dan. বর্ত্তুলাকৃতি কোন দ্রব্য, বর্ত্তুল, নুড়ি বটিকা, বাঁটুল, ভাঁটা, গোলক, গুলিভাঁটাজন্যে নির্ম্মিত চিহ্নযুক্ত বর্ত্তুল, পৃথ্ব্যাকার নিদর্শক, গোলক, রাজচিহ্নবিশেষ, শরীরের কোন গোলাংশ, যথা অঙ্গুষ্ঠের গোলক, চক্ষুর্গোলক, কনীনিকা, চক্ষুস্তারা, চর্ম্ম দ্বারা মুণ্ডিত কোন গোলক, যথা ছাপার গুলি, ক্রীড়ার্থক গুলি বা বর্ত্তুল, গোলা।

Ball, *n. s.* Fr. পরববিশেষ, যথা নাচ, রাশ, নৃত্য কীর্ত্তন, বাইনাচ যাত্রা ইত্যাদি ইউরোপীয় জাতিমধ্যে বহুব্যবহার্য্য নৃত্যক্রীড়াবিশেষ।

Ballad, *n. s.* Fr. কবি, গীত, টপ্পা, সামান্য গান বা কবিতা, কীর্ত্তন।

To Ballad, *v. a.* গানরচনা-কৃ, কবি-গা, গীত বা গান-কৃ, কীর্ত্তন -কৃ, সঙ্কীর্ত্তন গান-কৃ, সামান্য বা ছেঁচড়া কবিতা গান-কৃ।

To Ballad, *v. n.* গানরচক-হ, কবিরচক-হ, কীর্ত্তনসংগ্রাহক-হ।

Ballad-maker, *n. s.* সামান্য কবিতা বা গান রচনাকর্ত্তা।

Ballad-monger, *n. s.* সামান্য কবিতা বা গান ব্যবসায়কর্ত্তা।

Ballad-singer, *n. s.* সামান্যকবিতা বা গান গায়ক, গায়ক, পথেং গান করিয়া বেড়ায় যে।

Ballad-style, *n. s.* সামান্য কবিতা বা গানের গাতব্য ধারা বা রচনা, দাঁড়া, ছেঁচড়া গীতের বা গানের রীতি।

Ballad-tune, *n. s.* সামান্য কবিতার বা গানের সুর।

Ballad-writer, *n. s.* সামান্যকবিতা বা গান রচনাকর্ত্তা।

Ballader, *n. s.* সামান্য কবিতা বা গান ব্যবসায়ী যে।

Balladry, *n. s.* সামান্য কবিতার বা গানের রীতি এবং তদ্দ্বারা বা বিধি, সামান্যকবিতার বা গানের বিষয় বা অভিপ্রায়।

To Ballarag, *v. a.* ব্যস্ত-কৃ, দিক্-কৃ, ধমকা, ডাঁট, টুক।

Ballast, *n. s.* Dutch. জাহাজের বা নৌকার স্থৈর্য্যার্থে বা পালি সহনার্থে তলায় দেয় কোন ভারি দ্রব্য, নিলাম, কোন দ্রব্যের স্থিরতানিমিত্তে ব্যবহার্য্য কোন দ্রব্য।

To Ballast, *v. a.* স্থৈর্য্যার্থে বা না লড়ে এই নিমিত্তে জাহাজে বা নৌকায় কোন ভারি দ্রব্য-দা, নিলাম-দা বা বোঝাই-কৃ, কোন দ্রব্যকে স্থৈর্য্য বা অলড়-কৃ।

Ballated, *part. a.* সামান্য গীতেতে গীত, সামান্য কবিতাতে রচিত।

Ballatry, *n. s.* সামান্য কবিতা বা গান, ছেঁচড়া গীত।

Ballet, *n. s.* Fr. কোন বিবরণ নির্ণায়ক নৃত্য, কোন আখ্যায়িকা প্রকাশকারি নাচ, বাইনাচ, যাত্রা।

Balliards, *n. s.* বর্ত্তুলক্রীড়াবিশেষ, ভাঁটাখেলা। এখন এই শব্দকে billiards লিখে এবং উচ্চারণ করে।

Ballister, Baluster শব্দ দেখ।

Ballon বা Balloon, *n. s.* Fr. কিমিয়া বিদ্যাতে ব্যবহার্য্য শোধনপাত্র বা মুচিবিশেষ, শিঙ্গাপাত্রবিশেষ, স্তম্ভোপরি স্থাপিত গোলক বা বর্ত্তুল, পিল্পার বা থামের মস্তকোপরিস্থ কোন গোলাকার গড়ন, বারুদবাজিবিশেষ বিশেষতঃ যে গুলিনেতে আগুন দিলে উপর উঠিয়া তারার মত ফুটে, রেশমেতে বা অন্য কোন প্রকার বস্ত্রেতে কৃত বৃহদ্ গোলক তাহাতে জ্বলনীয় বায়ু পুরিলে আকাশে উঠে, গগণগ যান, ক্রীড়াবিশেষ।

Ballot, *n. s.* Fr. গুলিবাটকার্য্যে ব্যবহার্য্য বর্ত্তুল বা কোড়ি, গুলি বাঁটবিশেষ, গুলি বাঁটকরণ, কোন বিষয়ে প্রবৃত্তি বা নিবৃত্তি পরীক্ষার্থে আপন অভিপ্রেত চিহ্ন অর্পণ বা দেওন।

To Ballot, *v. n.* গুলিবাঁটবিশেষদ্বারা মনোনীত-কৃ, গোপনে মতামত-কৃ, গুলিবাঁট-কৃ, বাঁট-ফেল বা-পড়।

Ballotation, *n. s.* গুলিবাঁটবিশেষদ্বারা কাহারো মনোনীত বা পসন্দকরণ, গুলিবাঁটদ্বারা নিরূপণ।

Balm, *n. s.* Fr. ক্ষুদ্রবৃক্ষবিশেষের রস, বহুমূল্য কোন ঔষধ বা প্রলেপকৌষধ, বেদনা উপশমক কোন দ্রব্য, সুস্থিরকার্য্যৌষধ।

Balm বা Balm mint, *n. s.* পোদীনার মত ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Balm of Gilead, অগুরুবৃক্ষবিশেষের নির্য্যাস বা রস, অতিসুগন্ধিকর ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

To Balm, *v. a.* অগুরুবৃক্ষবিশেষের নির্য্যাসদ্বারা বা রসদ্বারা প্রলেপ-কৃ বা-দা, শাম্য-কৃ, উপশম-কৃ, শান্তি-জন (ক্রি), সুস্থির -কৃ।

Balmy, *a.* অগুরুবৃক্ষবিশেষের গুণবিশিষ্ট, শমক, উপশমকারী, শান্তিকারী, সুস্থিরকারক, সুগন্ধিকর, খোশবোওয়ালা।

Balneal, *a.* Lat. স্নানাগারবিষয়ক, গাত্রমার্জ্জনশালাসম্বন্ধীয়।

Balneary, *n. s.* স্নানাগার, স্নানকুণ্ড, গাত্রমার্জ্জনশালা, গোসলখানা, গোসলঘর, গা ধুইবার জায়গা বা পাত্র।

Balneation, *n. s.* স্নান, অবগাহন, গাত্র ধৌতকরণ, গা ধোওন, গোসলকরণ, গাত্রমার্জ্জন, জল দিয়া গা কচ্লান।

Balneatory, *a.* স্নানাগারসম্বন্ধীয়, স্নানকুণ্ডবিষয়ক।

Balotade, *n. s.* শিরপা, অশ্বের লম্ফনবিশেষ, সম্মুখ পাদ উচ্চ করিয়া পশ্চাৎ পাদের নালমাত্র যখন দর্শায় ঘোড়ার এমত লম্ফন অর্থ।

Balsam, *n. s.* প্রলেপকৌষধ, মরহম, মলম, পাতলা তৈলবিশেষ, বেদনা জ্বালাইত্যাদি উপশমকার্য্যৌষধ।

Balsam apple, *n. s.* ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

Balsam tree, *n. s.* সুগন্ধিকর নির্য্যাসজনক বৃক্ষবিশেষ।

Balsamation, *n. s.* বেদনা জ্বালা ইত্যাদি উপশমকারী কোন দ্রব্য, সুগন্ধিকর নির্য্যাসগুণবিশিষ্ট যাহা।

Balsamical বা Balsamick, *a.* জ্বালা বেদনা ইত্যাদি উপশমকারী, সুগন্ধিকরনির্য্যাসগুণবিশিষ্ট।

Balsam-sweating, *part. a.* সুগন্ধিকর নির্য্যাসক্ষারক।

Baluster, *n. s.* Ital. চতুষ্কোণ স্তম্ভ থাম থাম্বা বা পিল্পাবিশেষ,

Digitized by Google

ইষ্টকনির্ম্মিত ধর্ম্মশালাতে বা অন্যগৃহেতে অলঙ্কাররূপ গাঁথা চতুষ্কোণ পিল্‌পাবিশেষ, গরাদি।

Balustered, *part. a.* চতুষ্কোণ পিল্‌পাধারী এবং তৎপ্রকার পিল্‌পাতে নির্ম্মিত, গরাদিবিশিষ্ট।

Balustrade, *n. s.* গরাদি, ছোটোং পিল্লা বা থাম বা থাম্বা।

Bam বা **Beam**, Sax. এই শব্দ কোন স্থানসংজ্ঞার আদ্যক্ষররূপ প্রয়োগ হইলে তৎস্থান অরণ্য বুঝায়।

Bamboo, *n. s.* বংশ, বাঁশ।

To **Bamboozle**, *v. a.* প্রতারণা-কৃ, ঠগা, ভাঁড়া, স্তব্ধ-কৃ, হতবুদ্ধি-কৃ।

Bamboozler, *n. s.* ঠগ, ঠগায় যে, প্রতারণাকর্ত্তা, ছলকর্ত্তা, ভোগা দেয় যে, ফাঁকি দেয় যে, ভাঁড়ায় যে।

Ban, *n. s.* Teut. বিবাহসম্বন্ধ স্থির হইলে গির্জ্জাঘরে ইস্তাহার প্রকাশমানরূপে আজ্ঞপ্ত বা নিষিদ্ধ কোন বিষয়ের সম্বাদ বা সমাচার, প্রকাশমান সমাচার, সম্বাদ, ইস্তাহার, ঘোষণাপত্র, শাপ, অভিশাপ, পদচ্যুতকরণ, বারণ, নিষেধ, জর্ম্মনীয় রাজপুত্রপদচ্যুতকারি প্রকাশমান দুর্নাম বা দোষ।

To **Ban**, *v. a.* শপ্ত-কৃ, অভিশাপ-দা, দুর্নাম-কৃ বা -দা, অপবাদ-ঘট, দুর্নাম বা দোষদ্বারা পদচ্যুত-কৃ।

To **Ban**, *v. n.* শপ্ত-হ, অভিশপ্ত-হ, অপবাদ-ঘট।

Banana Tree, কদলী, কলাগাছবিশেষ।

Band, *n. s.* Sax. বন্ধন, বন্ধনী, ছন্দন, ছাঁদনী, কোন জন্তু দ্রব্য ইত্যাদি আটক বা বদ্ধ হয় যদ্দ্বারা, যথা, রজ্জু, ছিকলী, বেশী, শৃঙ্খল, এবং এতদর্থে এখন *bond* লিখে, কোন কিছুর চতুষ্পার্শ্বে বেড় দেওয়া যায় যদ্দ্বারা, যথা বেড়, পটি, পেটি, দামন, গলাবন্দ, কমরবন্দ, হাসলী, বলয়, কোন কার্য্য সম্পন্নার্থে একত্রীভূত লোকসমূহ, দল, ব্যূহ, সৈন্যসমূহ, চোরসমূহ, সম্প্রদায়, সমাজ, সম্বন্ধ, সম্পর্ক।

To **Band**, *v. a.* একত্রে বদ্ধ-কৃ, সম্বদ্ধ-কৃ, শৃঙ্খলাপূর্ব্বক বদ্ধ-কৃ, শ্রেণী বা দলরূপে বদ্ধ-কৃ, ব্যূহপূর্ব্বক বদ্ধ-কৃ, বিন্যাস-কৃ, মিল-কৃ, কোন পট্টিদামন বন্ধন ইত্যাদিদ্বারা বদ্ধ-কৃ, বেড়া-দা, পট্টি-জড়, লপট, পেটি দিয়া লপেট। [In Heraldry.] ভিন্নবর্ণ কোন দড়া বা দামনদ্বারা বেড়-দা, তাড়িয়া-দা, খেদিয়া-দা, দেশচ্যুত-কৃ।

To **Band**, *v. n.* একত্র-হ, সমাজস্থ-হ, সেনার দল-বাঁধ, মিল, ব্যূহীভূত বা দলীভূত-হ, শ্রেণী বা শৃঙ্খলাপূর্ব্বক বদ্ধ-হ।

Bandage, *n. s.* বন্ধন, তাগা, ছাঁদনী, পট্টি, বেড়, কোন দ্রব্যের চতুর্দ্দিগে বা উপরি লপেটা যাহা, বেষ্টন, বেড়ি, ঘায়ের বন্ধন।

Bandbox, *n. s.* স্ত্রীলোকে ব্যবহৃত চুপড়িবিশেষ, হাল্কী সিন্দুকবিশেষ।

Bandelet, *n. s.* বেষ্টন, দামন, বেড়, পট্টি।

Bander, *n. s.* অন্যের সহিত মিলে যে, ব্যূহকর্ত্তা, দল করে যে, সমাজকর্ত্তা, শৃঙ্খলাক্রমে বা শ্রেণীপূর্ব্বক বদ্ধ করে যে।

Bandit, *n. s.* Ital. ব্যবস্থানার্হ ব্যক্তি, লুটেরা, ডাকাইত, বম্‌বেটীয়া, দস্যু, চোর, বহুল্যে।

Banditto, *n. s.* তথা।

Bandog, *n. s.* বৃহৎকুক্কুরবিশেষ। এই শব্দ শুদ্ধ লিখিলে *band-dog* লিখিতে হয়।

Bandle, *n. s.* দুই ফুট অর্থাৎ বত্রিশ অঙ্গুলি পরিমাণ ইংগ্লণ্ডীয়মাপবিশেষ।

Bandoleers, *n. s.* তোষদান, বন্দুকের এক চোট পরিমাণ বারুদধারী ডিবিয়াবিশেষ, ছোট বারুদদান, তোড়া।

Bandon, *n. s.* Fr. দান, দানশক্তি, কোন কার্য্য করিবার শক্তি বা আজ্ঞা বা হুকুম বা সনন্দ।

Bandore, *n. s.* Gr. বংশীবিশেষ।

Bandrol, *n. s.* Fr. পতাকা, ছোট নিশান বা ধ্বজবিশেষ।

Bandstring, *n. s.* কোন বন্ধন বা দামনবন্ধকারি রজ্জু, পট্টির রসি, বন্দ, তাগা বাঁধা দড়ি।

Bandy, *n. s.* বক্রযষ্টি, ক্রীড়াবিশেষ, দাঁড়া, বর্ত্তুল বা গুলিমারা দণ্ডবিশেষ।

To **Bandy**, *v. a.* এদিগ্‌ওদিগ্ আঘাত-কৃ, ইতস্তত আঘাত-মার, এদিগ্‌ওদিগ্ চড়্-মার, বদল-কৃ, অদলবদল-কৃ, ঘোলা, লাড়াচাড়া-দা।

To **Bandy**. *v. n.* ক্রীড়াতে যোদ্ধৃ-হ, ক্রীড়াবিষয়ে বিবাদী-হ।

Bandyleg, *n. s.* বক্রপাদ, কুশ্‌পাদ, খোঁড়াঠেং।

Bandylegged, *a.* বক্রপাদবিশিষ্ট, কুশ্‌পাদযুক্ত, খোঁড়া পা।

Bane, *n. s.* Sax. বিষ, জহর, অন্তক, নাশ করে যে, অপকারকর্ত্তা।

To **Bane**, *v. a.* বিষ-দা, বিষ-ভক্ষ, বিষাক্ত-কৃ, বিষ-খাদ (ক্রি)।

Baneful, *a.* বিষাক্ত, বিষযুক্ত, নাশকারী, অপকারক, ক্ষতিকারক, হানিকারী, মন্দজনক, অমঙ্গলোৎপাদক।

Banefulness, *n. s.* বিষাক্তত্ব, নাশকত্ব, অপকারকত্ব, ক্ষতিজনকত্ব, হানিজনকত্ব, মন্দজনকত্ব, অমঙ্গলোৎপাদকত্ব, বিষবিশিষ্টত্ব।

Banewort, *n. s.* ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

To **Bang**, *v. a.* Goth. কোঁক্তা-মার, আঘাত-কৃ, চড়-মার, ঘা-মার, চড়া, কিলা, ঠেঙ্গা, ঠেঙ্গাঠেঙ্গি-কৃ, মারপীঠ-কৃ, পেটা, চক্‌কড় বা ছক্‌কড় বা থাপড়া-মার, ঘুসা-মার, ঢিপং বা ঢুপং করিয়া-মার বা-কিলা, নিষ্ঠুরতাপূর্ব্বক আচার-কৃ, নির্দ্দয়তাপূর্ব্বক-চল।

Bang, *n. s.* আঘাত, ঘুসা, কিল, চড়, চড়ছক্কড়, ঠোকন, চড়চাপড়, ঠেঙ্গাঠেঙ্গি, ঘুসাঘুসি, কিলাকিলি।

To **Bangle**, *v. a.* অল্পং ক্ষয়-কৃ, ক্রমেং ক্ষয়-প্রাপ (ক্রি)।

To **Banish**, *v. a.* Fr. দেশবহির্ভূত-কৃ, দেশচ্যুত-কৃ, ত্যাগ-কৃ, দেশান্তর-কৃ, বনবাস-দা, শহর বদল-কৃ, দেশছাড়া-কৃ, দূর-কৃ, দূর করিয়া-দা।

Banisher, *n. s.* দেশান্তরকর্ত্তা, দেশচ্যুত করায় যে, বনবাসদাতা।

Banishment, *n. s.* দেশান্তরকরণ, দেশত্যাগ, বনবাস, কোন দেশ বা মত বা ধর্ম্ম চ্যুত করণ, শহরবদল।

Banister, **Baluster** শব্দের অপ্রচলিত লিখন মত এবং তচ্ছব্দ দেখ।

Bank, *n. s.* Sax. তট, কাঁদা, কল, তীর, পার, ধার, ভেড়ী, পুল, মৃত্তিকার ঢিবী, কোন দ্রব্যের রাশি, ক্ষেপণিক্ষেপমঞ্চ, দাঁড়বহনের পিড়ি বা আসন, যে স্থানে বসিয়া বা দাঁড়িয়া নৌকা খেওবাই করে, কুঠী, ধনভাণ্ডার, কুঠীর কর্ম্মাধ্যক্ষসমূহ, কুঠীওয়ালা।

To **Bank**, *v. a.* পুলবন্দী-কৃ, পোস্তা-বাঁধা, সেতু-দা, ভেড়িবন্দী-কৃ, কুঠীতে টাকা-রক্ষ বা -স্থা (ক্রি)।

Bank-bill, *n. s.* কুঠীহইতে স্থাপিত টাকাগ্রহণপত্র, টীপ, বরাৎ, হুণ্ডী।

Bank-stock, *n. s.* ইংগ্লণ্ডদেশে নিরূপিত এক কুঠী বা সমাজ, সাধারণ ধনভাণ্ডার, সম্ভূয়সংস্থান বা মূলধন ভাণ্ডার।

Banker, *n. s.* রোকড়ী বানিয়া কুঠী রাখে বা চালায় যে, পোদ্দার, শেট, কুঠীওয়ালা।

Bankrupt, *a.* Fr. and Ital. সর্ব্বস্বচ্যুত, শোধনাক্ষম ঋণগ্রস্ত, সংস্থানাতিরিক্ত ঋণী, বহুঋণবদ্ধ, দেউলিয়া, ফতুয়া, ফতুর।

Bankrupt, *n. s.* সর্ব্বস্বহানি হইয়াছে যাহার, শোধনাক্ষম ঋণগ্রস্ত ব্যক্তি, সংস্থানাসাধ্যঋণি ব্যক্তি।

To **Bankrupt**, *v. a.* দেউলিয়া-কৃ, সংস্থানাতিরিক্ত ঋণ-কৃ, সংস্থানরহিত-কৃ, করজদার-কৃ, ফতুয়া-কৃ।

Digitized by Google

Bankruptcy, *n. s.* শোধনাক্ষম ঋণিহওন, সংস্থানাতিরিক্ত ঋণ গ্রস্ত হওন, সর্ব্বস্বহানি, ফতুয়া বা দেউলিয়াহওন প্রকাশকরণ।

Banner, *n. s.* Sued. পতাকা, ধ্বজ, রণধ্বজ, নিশান, বরশীর চামর।

Bannered, *part. a.* পতাকাযুক্ত, ধ্বজবিশিষ্ট, নিশানওয়ালা।

Banneret, *n. s.* কুলীন মর্য্যাদাবিশেষ বিশেষতঃ রণস্থলে ধ্বজাগ্র ছেদন করিয়া অন্য ধ্বজ নির্ম্মাণকরণরীতিক্রমে কুলীন পদে নিযুক্তকরণ, ক্ষুদ্র পতাকা বা ধ্বজ, ছোট নিশান।

Bannerol, *n. s.* Fr. এই শব্দকে Banderol লিখে এবং ক্ষুদ্রপতাকা বা ধ্বজ তদর্থ।

Bannian, *n. s.* অঙ্গরাখা, মের্জাই, মুৎসদ্দী, দেওয়ান, বাবু বট বৃক্ষ।

Bannition, *n. s.* Lat. নিক্ষেপ, প্রক্ষেপ, বহিস্করণ।

Bannock, *n. s.* Irish. পিষ্টক বিশেষ।

Banquet, *n. s.* Fr. ভোজ, নিমন্ত্রণ, উৎসব, পর্ব্ব, যজ্ঞ, নেওতা।

To **Banquet**, *v. a.* ভোজ-কৃ, ভোজের ঘটা-কৃ, নিমন্ত্রণ-কৃ, উৎসব-কৃ, নেওতা-কৃ, খানা-দা বা-কৃ।

To **Banquet**, *v. n.* ভোজী-হ, নিমন্ত্রিত-হ, নেওতা-হ।

Banqueter, *n. s.* ইষ্টভোক্তা, ভোজয়িতা, নিমন্ত্রিত লোক, সুন্দরাহারী, খোশখোরাকী, ভোজ করে যে, নিমন্ত্রণকর্ত্তা।

Banquet-house বা **Banqueting-house**, *n. s.* ভোজনাগার, আহারশালা, যজ্ঞশালা, উৎসবস্থান।

Banqueting, *n. s.* ভোজকরণ, উৎসবকরণ, খাওয়াদাওয়া করণ, আহারকরণ, খানাকরণ বা খাওন।

Banquette, *n. s.* Fr. পিড়িবিশেষ, সৈন্যেরদের গোলা বাণাদি স্বচ্ছন্দপূর্ব্বক ক্ষেপার্থে দুর্গনিকট নির্ম্মিত মঞ্চ, বুরুজ, মুর্চ্চা।

Banshee বা **Benshi**, *n. s.* ঐর্লণ্ডীয় পরমসুন্দরীবিশেষ।

Bansticle, *n. s.* ক্ষুদ্রমৎস্যবিশেষ।

To **Banter**, *v. a.* Fr. ক্রীড়া-কৃ, গদ্য-কৃ, ফষ্টী-কৃ, বিদ্রূপ-কৃ, ব্যঙ্গ-কৃ।

Banter, *n. s.* ক্রীড়া, গদ্য, ফষ্টী, ব্যঙ্গ, রঙ্গ, বিদ্রূপ, তামাসা, মজাক, ঠাট্টা, ছেলিয়া-খেলা।

Banterer, *n. s.* ক্রীড়াকর্ত্তা, ফষ্টী করে যে, রঙ্গদর্শনকর্ত্তা, মজাক করণ্যা।

Bantling, *n. s.* পরিহাসার্থে বালক, বালিকা, ছালিয়া, চেংড়া, লড়কা, লড়কী, গোভিমা, বাচ্চা, বৎস।

Baptism, *n. s.* খ্রীষ্টীয়ান ধর্ম্মাবলম্বিহওন সংস্কার বা চিহ্ন ডুব, স্নান, অবগাহন, জলে মজ্জন, ধর্ম্মপুস্তকে নিরূপিত বাক্য ব্যবহার পূর্ব্বক ডুব দেওন, ধর্ম্মপুস্তকে এই শব্দ কখনোং দুঃখ কষ্ট ক্লেশ ব্যামোহ ইত্যাদিতে মগ্ন বুঝায়।

Baptismal, *a.* ডুববিষয়ক, স্নানসম্বন্ধীয়।

Baptist, *n. s.* ডুবদেওয়ায় যে, ডুবদাপয়িতা, ডুবমতাবলম্বী যে। এই শব্দ Anabaptist শব্দের সঙ্কেত।

Baptistery, *n. s.* ডুবিত হয় যে স্থানে, ডুবকুণ্ড, ডুবশালা।

Baptistical, *a.* ডুবসম্বন্ধীয়, ডুবমতসম্বন্ধীয়।

To **Baptize**, *v. a.* Gr. ডুব-দা, স্নান-কৃ (ক্রি), জলে মগ্ন-কৃ, জলে আবৃত-কৃ, অবগাহন-কৃ, সংস্কার-কৃ।

Baptizer, *n. s.* ডুবদাপক, ডুব দেওয়ায় যে, জলে মগ্নকর্ত্তা, অবগাহনকারয়িতা, সংস্কারকর্ত্তা।

Bar, *n. s.* Fr. কোন পথের বা দ্বারের আড়পাকে রক্ষিত বা স্থাপিত কোন দ্রব্য, গরাদি, হুড়কা, গলান, অর্গল, ফিড়কিনি, ছিটকিনি, আটক, অবরোধ, বেড়া, দ্বারকপাট, দরবাজা, কেওয়াড়, নঙ্গরবাড়ীর বা নদীর মহনায় স্থিত কোন চড়া বা পাষাণ বা ঢিপি, প্রতিবন্ধক, অবরোধ, নিবারক, ব্যবস্থানের যে স্থানে আসামী বা ফরিয়াদি দাড়ায়, শুণ্ডাপানে বা সরাইতে বা ভেটিয়ারা ঘরে গরাদিতে বেড়া দেওয়া যে স্থানে গৃহের কর্ত্তা আসন করে বা বসে, আড়গড়ার গাদী বিশেষ। [In Law.] ফরিয়াদির দাওয়া বা বাদ যদ্দ্বারা লোপ বা ব্যর্থ হয় আসামীর এমত বাদ বা শওয়াল, কোন কিছুর প্রত্যঙ্গ বা অবয়ব সুরক্ষিত হয় যদ্দ্বারা, অন্য কিছুর আড়ে স্থাপিত যাহা। [In Herald.] আড়পাকে স্থিত রেখা, লৌহের পাটী বা গরাদি, কামী, রূপ্যের বাটা বা খান বা খণ্ড। [In Music.] সুরের আড়ে লিখিত রেখা, তালের চিহ্ন, ঘোড়ার কষ বা মাড়ি বা খোৎনা।

Bar-shot, *n. s.* সমুদ্রযুদ্ধে ব্যবহার্য্য শৃঙ্খলা বা লৌহগরাদিদ্বারা পরস্পরযুক্তগোলা, অর্দ্ধগোলদ্বয়, যোড়াগোলা।

To **Bar**, *v. a.* গলান বা হুড়কাদ্বারা কোন কিছু বন্ধ-কৃ, গলান-দা বা -লাগ, অর্গল-দা, গরাদি দা, হুড়কা-দা, নিবারণ-কৃ, রোধ-কৃ, বাধা-কৃ, আটক কৃ, বেড়া-দা, বন্দ-কৃ, বদ্ধ-কৃ, নিবদ্ধ-কৃ, বহির্বদ্ধ-কৃ, কার্য্যে লাগনে বা কোন প্রাপ্তিবিষয়ে নিবারণ-কৃ, বা বর্জ্জন-কৃ, নিষেধ-কৃ, বর্জ্জ, বিশেষ-কৃ। [In Law.] বাহির করিয়া-দা, রহিত বা রদ-কৃ, মকদ্দমা মুলতবিতে-রক্ষ, প্রতিবন্ধক-জন (ক্রি), ব্যাঘাত-কৃ বা জন (ক্রি), অসাধ্য-কৃ। [In Farriery.] রক্তপ্রবাহকনাড়ী বদ্ধ-কৃ।

Barb, *n. s.* Lat. শুঙা, রোঁয়ার ন্যায় গাজে যাহা, বরশীর বা তীরের আলি, শরের হুল, ঘোড়ার সাজ।

Barb, *n. s.* [Barbary.] বারবারী দেশীয় অশ্ব, বারবারীঘোড়া।

To **Barb**, *v. a.* ক্ষৌরী-কৃ, দাড়ি কাম, দাড়িমোচ ক্ষৌরী-কৃ, লোম বা কেশ মুণ্ডন-কৃ, অশ্বকে সজ্জাদ্বারা সজ্জ-কৃ, ঘোড়ার সাজ-দা বা -চড়া বা পরা, তীরের বা শরের ফলিতে আলি বা হুল-দা বা -গড়, কাকুড়া কাটা-কৃ, হুলবাহির-কৃ, হুল বাহির করিয়া-কাটা বা-গড়।

Barbacan, *n. s.* Sax. নগরসম্মুখ স্থিত দুর্গ, শহরের সম্মুখে নির্ম্মিত বুরুজ, সাঁকোর অগ্রে বুরুজ, পুলের সম্মুখস্থিত দুর্গ, গোলা বা বাণ চালনার্থে দেওয়ালে বা ভিত্তিতে ছিদ্র বা সুড়ঙ্গ।

Barbarian, *n. s.* Lat. মনুষ্য ব্যবহারে মূর্খব্যক্তি সভ্যতাহীন লোক, বিদেশী, ম্লেচ্ছ, রাড়চোয়াড়, জঙ্গলি লোক, নির্দ্দয়ব্যক্তি, দুর্দ্দান্তমানুষ।

Barbarian, *a.* অত্যন্তজ, নির্দ্দয়, দুর্দ্দান্ত, অশিষ্ট, মূঢ়, মূর্খ, ম্লেচ্ছ, মনুষ্যব্যবহারানভিজ্ঞ, সভ্যতাহীন, বিদেশী, চোয়াড়, গোঁয়ার চাষা।

Barbarick, *a.* তথা।

Barbarism, *n. s.* অশুদ্ধভাষা বা কার্য্য বা আচার, অপরভাষা, অশুদ্ধ রচনা বা রচন, চাষাড়িয়া কথা, বিদ্যানভিজ্ঞতা, শিল্পবিদ্যাহীনতা, মূর্খত্ব, মূঢ়তা, পশুত্ব, অসভ্যতা, ম্লেচ্ছত্ব, নিষ্ঠুরতা, নির্দ্দয়তা, অত্যন্তজত্ব, দুর্দ্দান্তত্ব, নির্ব্বোধত্ব।

Barbarity, *n. s.* তথা।

To **Barbarize**, *v. a.* অশুদ্ধভাষা-লিখ বা রচনা-কৃ, অশুদ্ধভাষা-কথ, অসভ্যব্যবহার-কৃ, মূর্খের বা আনাড়ির ন্যায় আচরণ-কৃ, চাষার ন্যায়-চল, নির্দ্দয়কার্য্য-কৃ, দুর্দ্দান্তব্যবহার-কৃ, অত্যন্তজকর্ম্ম-কৃ।

To **Barbarize**, *v. n.* মূর্খতা-দৃশ, অসভ্য-হ, অশুদ্ধ বাক্যবাদী-হ, পশু বদাচারী-হ, মূর্খ-হ, মূঢ়-হ, নিষ্ঠুর-হ, নির্দ্দয়-হ, অত্যন্তজ-হ।

Barbarous, *a.* অসভ্য, অনাদর, আলাপরহিত, মূর্খ, মূঢ়, ম্লেচ্ছ, নির্দ্দয়, দুর্দ্দান্ত, নিষ্ঠুর, বিদেশী, রীতিরহিত, নির্ব্বোধ, ব্যবহারান্তর রাড়চোয়াড়, গোঁয়ার, বোকা।

Digitized by Google

Barbarously, *ad.* মূর্খরূপে, মূঢ়তাপূর্ব্বক, অজ্ঞানতাপূর্ব্বক, অসভ্যতাপূর্ব্বক, অশুদ্ধরূপে, বাক্যকরণ রীতিবহিঃ কথনপূর্ব্বক, ব্যবহার্য্যরীত্যন্তররূপে, নিষ্ঠুররূপে, নির্দ্দয়ব্যবহারপূর্ব্বক, গেঁয়ার তিমিরূপে।

Barbarousness, *n. s.* কথার অশুদ্ধতা, ভাষার বা ব্যবহারের অশুদ্ধতা, মূর্খত্ব, অশিষ্টতা, অসভ্যত্ব, মূঢ়ত্ব, ম্লেচ্ছত্ব, সুব্যবহারহীনতা, নিষ্ঠুরতা, নির্দ্দয়তা, জঙ্গলি লোকের মত ব্যবহার করণ।

Barbary, *n. s.* বারবারিদেশীয় অশ্ব, এবং তীরের ফলির আলি বা হুল। Barb শব্দ দেখ।

Barbated, *part. a.* খাণ্ডরাকাটা, কাঁকুড়াকাটা, শুণ্ডাবিশিষ্ট।

To **Barbacue,** *v. a.* আমেরিকাদেশস্থ ইংগ্লণ্ডীয় অধিকারে ব্যবহার্য্য বাক্য এবং শূকর আস্তরূপে পাককরণ তদর্থ।

Barbed, *part. a.* খাণ্ডড়াকাটা, শুণ্ডাযুক্ত, ফালিযুক্ত, সজ্জাবিশিষ্ট।

Barbel, *n. s.* Fr. মৎস্যবিশেষ, অশ্বমুখমধ্যে বর্দ্ধিত মাংসবিশেষ।

Barber, *n. s.* নরসুন্দর, নাপিত, হাজ্জাম, ক্ষৌরী করে যে, নায়ি।

To **Barber,** *v. a.* ক্ষৌরী-কৃ, চুল-বানা, মস্তক ভূষণ-কৃ, মস্তকে গুঁড়া-দা।

Barber-chirurgeon, *n. s.* নাপিতবৈদ্য, নাপিতকার্য্য এবং অস্ত্র চিকিৎসা করে যে, অস্ত্রচিকিৎসা ব্যবসায়ি বৈদ্য।

Barber-monger, *n. s.* ঠাট করে যে, ঠাটপূর্ব্বক চলে যে, জাঁককর্ত্তা।

Barberess, *n. s.* স্ত্রীনাপিত, ক্ষৌরিকারিণী।

Barberry, *n. s.* Lat. ভাট, ঘটকবিশেষ, ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Bard, *n. s.* Welsh. ভাট, কবি, শ্লোককর্ত্তা, কবিতারচনা করে যে, কাব্যশাস্ত্রজ্ঞ, কবিতাবিদ্যাবিৎ।

Bard, *n. s.* অশ্বের সজ্জা, ঘোড়ারসাজ।

Barded, *part. a.* সজ্জিত, অলঙ্কৃত, ভূষিত।

Bardick, *a.* কবিবিষয়ক, কাব্যশাস্ত্রসম্বন্ধীয়।

Bardish, *a.* কবিদ্বারা রচিত, কবিতাবিশিষ্ট।

Bare, *a.* Sax. নগ্ন, উলঙ্গ, নেংটা, বিবস্ত্র, আদুল, লেড়া, ঠক্‌ঠকবস্ত্রহীন, অনাবৃত, অনাচ্ছাদিত, কাঁচা, টাটকা, মর্য্যাদা দর্শনার্থে অনাবৃত, অভূষিত, অনলঙ্কৃত, দোষে ধৃত, গরিব, দরিদ্র, দীনহীন, হৃতসর্ব্বস্ব, কেবল, মাত্র, নিরালা, ফকৎ, খালি, thread-*bare,* জীর্ণ, ফেঁসুয়াহীন, সূত্রমাত্রদৃষ্ট, অসংলগ্ন, অসংযুক্ত।

To **Bare,** *v. a.* নগ্ন-কৃ, উলঙ্গ-কৃ, নেংটা-কৃ, বিবস্ত্র-কৃ, আদুল-কৃ, লেড়া-কৃ ঠক্‌ঠক্-কৃ, অনাবৃত-কৃ, অনাচ্ছাদন-কৃ, বস্ত্রহীন-কৃ, কোন প্রকার আবরণ রহিত-কৃ, সর্ব্বস্বরহিত-কৃ।

Barebone, *n. s.* অস্থিমাত্র বা অতিকৃশ লোক, অতিক্ষীণব্যক্তি, হাড়মাত্রাবশিষ্ট লোক, কেবল অস্থিচর্ম্মাবশিষ্ট লোক।

Bareboned, *part. a.* কেবল অস্থি এমতক্ষীণ, হাড় মাত্রবিশিষ্ট, অস্থিমাত্রাবশিষ্ট, অতিরোগা, অতিকৃশ, অতিক্ষীণ, চর্ম্মমাত্রাবশিষ্ট।

Barefaced, *a.* অনাবৃতমুখ, নেংটামুখ, বেহায়া বা বেশরমমুখ, নির্লজ্জ, লজ্জাশূন্য, বেহায়া, বেশরম।

Barefacedly, *ad.* মুখ অনাবৃতরূপে, নির্লজ্জাপূর্ব্বক, লজ্জাশূন্যরূপে, ত্রপা রহিতরূপে, বেহায়ামাফিক।

Barefacedness, *n. s.* মুখ অনাবৃতত্ব, মুখে লজ্জাহীনতা, নির্লজ্জত্ব, লজ্জা শূন্যত্ব, খোলামুখ, বেহায়া মুখ।

Barefoot, *a.* Sax. খালিপা, খোলাপা, পাদুকাহীন, অনাবৃতপাদ, অনাচ্ছাদিতচরণ।

Barefoot, *ad.* খালিপায়ে, অনাবৃত পাদপূর্ব্বক, পাদুকাহীনতাপূর্ব্বক।

Barefooted, *a.* শূন্যপাদবিশিষ্ট, পাদুকাহীন অনাবৃতপাদবিশিষ্ট।

Baregnawn, *a.* কার্য্য ঘর্ষণ ইত্যাদিদ্বারা খাদিত বা জারিত, লেড়া কৃত, আভরণ রহিত, আচ্ছাদনশূন্য।

Bareheaded, *a.* মর্য্যাদা দর্শনার্থে অনাবৃত মস্তক, শূন্যমস্তক, খালিশিরওয়ালা, খালিমাথাওয়ালা, লেড়ামাথাযুক্ত, মূর্খ, জ্ঞানশূন্য, নির্ব্বোধ।

Barelegged, *part. a.* চরণাবধি অষ্ঠীবৎপর্য্যন্ত অনাবৃত, অনাচ্ছাদিত চরণ, খালিপা, খালি ঠেঙ।

Barely, *ad.* নগ্নরূপে, উলঙ্গপূর্ব্বক, আদুলরূপে, নেংটারূপে, অনাবৃতরূপে, অনাচ্ছাদনপূর্ব্বক, দীনহীনরূপে, সজ্জাহীন, দরিদ্রক্রমে, গরিবমাফিক, দুঃখিতাবস্থায়, অনলঙ্কৃতরূপে, অভূষণপূর্ব্বক, সৌন্দর্য্যবিহীনত্বরূপে কোন প্রকার আভরণ শূন্যরূপে, সামান্যরূপে, সাদামাটায়, ফকৎ, সুধরূপে, কদাচার, কেবল, মাত্র, নিরালারূপে, একলারূপে।

Barenecked, *part. a.* অনাবৃতগল, অনাচ্ছাদিত কণ্ঠ, খোলাগলা।

Barepicked, *part. a.* শূন্যহওয়াপর্য্যন্ত খাদিত বা ঘর্ষিত, অস্থিশূন্যপর্য্যন্ত খাদিত, নির্মাংসহওনপর্য্যন্ত ভক্ষিত বা ঘর্ষিত বা ক্ষয়প্রাপ্ত।

Bareribbed, *part. a.* দৃষ্টপঞ্জক, পর্শুকা দেখা যায় এমত ক্ষীণ, পঞ্জর বা পাঁজরা বহিষ্কৃত, হাড়জিরজিরিয়া রোগগ্রস্ত।

Bareness, *n. s.* নগ্নতা, উলঙ্গতা, অনাবৃতত্ব, অনাচ্ছাদনত্ব, অনলঙ্কৃতত্ব, অভূষিতত্ব, ক্ষীণতা, জীর্ণত্ব, শীটকিয়া যাওন অবস্থা, দরিদ্রতা, দীনহীনতা, অসংস্থানাবস্থা, গরিব, দুঃখিপনা, মন্দ বস্ত্র পরিধানত্ব, কুৎসিত পরিচ্ছদ, শস্যহীনতা, ফলরাহিত্য, ফলশূন্যতা, বাঁজা অবস্থা বা ধর্ম্ম।

Barful, *a.* Barrful শব্দ দেখ।

Bargain, *n. s.* Welsh. সন্ধি, নির্ব্বন্ধ, নিয়ম, পণ, ক্রয় বা বিক্রয়পত্র, ক্রয় বা বিক্রয়দ্রব্য, সওদা, ভাও, চুক্তি, মূল্য, দর, দাম, জিনিস, দ্রব্য, সামগ্রী, বিষয়, অবস্থিতি, সংস্থান।

To **Bargain,** *v. n.* সন্ধি-কৃ, নির্ব্বন্ধ-কৃ, নিয়ম-কৃ, চুক্তি-কৃ, দর-কৃ, ভাও-কৃ, দাম-কৃ, মূল্য-কৃ, ক্রয় বা বিক্রয়-কৃ, সওদা-কৃ, চুকিয়া-দা, ক্রয়ে বা বিক্রয়ে নির্ব্বন্ধ-কৃ, কুবাক্য প্রয়োজক অনিশ্চিত উত্তর।

Bargainee, *n. s.* ক্রেতা, বিক্রেতা, ক্রয় বা বিক্রয়বিষয়ে নির্ব্বন্ধ হয় যাহার সহিত, সওদা বিক্রয় করে যে, কোন সন্ধি নির্ব্বন্ধ নিয়মইত্যাদি স্বীকারকর্ত্তা।

Bargainer, *n. s.* দর ভাও দাম মূল্য কিম্মৎ ইত্যাদি করে যে, খরিদার, সন্ধিনির্ব্বন্ধ নিয়ম ইত্যাদিকর্ত্তা, ক্রয় বা বিক্রয়বিষয়ে নিয়মকর্ত্তা, দালাল, ঘটকবিশেষ কোন বিষয় চুকায় যে।

Barge, *n. s.* Fr. নৌকাবিশেষ যথা হাওবা খাবার নৌকা, বজরা, বাইচখেলিবার নৌকা, জাহাজকর্ত্তার চড়িবার নৌকা, ভড়, বোঝ বা মাল চড়ায় যেং নৌকাতে।

Bargeman, *n. s.* পূর্ব্বোক্ত নৌকার অধক্ষ্য বা চালনকর্ত্তা, কর্ণধার, মাজি, প্রধান নাবিক, তরিবাহক।

Bargemaster, *n. s.* ভড়ের মাজি, মাল বা বোঝ চড়ায় যে নৌকাতে তাহার কর্ত্তা বা মাজি।

Barger, *n. s.* তথা।

Digitized by Google

Bark, *n. s.* Dan. বল্ক, বল্কল, ত্বক, ছাল, চর্ম্ম, ঔষধবিশেষের নাম, পিরুদেশ জাত বৃক্ষবিশেষের ছাল, ক্ষুদ্র নৌকা বা জাহাজ।

To **Bark**, *v. a.* বল্কল নিষ্ক্রমণ-কৃ, চর্ম্ম-উখড়, বল্ক-ছড়া, খাল-খসা, ছাল-ফেল বা -ফেল, নিস্তচ-কৃ।

To **Bark**, *v. n.* Sax. কুক্কুরবৎ-ডাক বা শব্দ-কৃ, ভেউং-কৃ, ভুকভুক্-কৃ, ভৎর্সনা-কৃ, টেঙা বাক্য-কৃ, খেঙা, গোঁগা, খেচ্‌ং-কৃ।

Bark-bared, *a.* ছিন্নবল্কল, ছালছাড়া, চর্ম্মউখড়া, ছালখসান, কেলিতত্বক, ত্বক্‌শূন্য।

Barker, *n. s.* কুক্কুরের মত শব্দ করে যে, খেউং কর্ত্তা, ভেউং বা ভুকং করে যে, টেঙা কথা কহে যে, কটু বাক্যবক্তা, খেঙায় যে, ভেঙায় যে, বৃক্ষের বল্কল উখড়ায় যে, গাছের ছাল খসায় বা কেলায় যে।

Barky, *a.* বল্কলবিশিষ্ট, ছালযুক্ত, চর্ম্মযুক্ত ত্বঙময়, খেচ্‌খেচ্‌নীয়, খেঙানীয়, ভেঙানীয়।

Barley, *n. s.* বিলাতি যব, যব।

Barleybrake, *n. s.* নাগরীয় ক্রীড়াবিশেষ, বেগাবেগের পরীক্ষা লওয়া ক্রীড়াবিশেষ।

Barley-broth, *n. s.* নীচ লোকের ব্যবহার্য্য কথা বা বাক্য এবং যবজ মদ্য এতদর্থ বুঝায়।

Barley-corn, *n. s.* যবের এক দানা, এক যব পরিমাণ, যবদানার পরিমাণ, যবের এক দানার মত দীর্ঘ, বুরুলের তৃতীয়াংশের একাংশ।

Barley-mow, *n. s.* যবশস্যপুঞ্জ, যবকাটা গেলে একত্র করা যায় যে স্থানে, গোলা, ভাণ্ডার, খামার।

Barley-sugar, *n. s.* দানাং বা রোয়াং চিনি, যবরসদ্বারা কৃত চিনি।

Barm, *n. s.* Sax. কারোত্তম, সুরামণ্ড, নূতনসুরাতে উৎপন্নফেনা, মদ্যবিশেষে জন্মে যে ফেণা।

Barmy, *a.* সুরামণ্ডযুক্ত, মদ্যফেণাবিশিষ্ট।

Barn, *n. s.* Sax. গোলা, আড়ি, শস্যভাণ্ডার, গোলাঘর।

To **Barn**, *v. a.* গোলায় একত্র-কৃ, গোলা-কৃ, শস্যভাণ্ডারে যড়-কৃ।

Barn-door, *n. s.* গোলাদ্বার, গোলার দরবাজা, শস্যভাণ্ডারদ্বার।

Barnacle, *n. s.* Sax. লোণাজলজ ক্ষুদ্রশম্বুকবিশেষ, নৌকার গাত্রজ ক্ষুদ্রশম্বুকবিশেষ, লোণাকীড়া, হংসবিশেষ, অশ্বের নাসিকাআক্রমণার্থ লৌহার আকড়াবিশেষ, নাকসাঁড়াশি।

Barometer, *n. s.* Gr. বায়ুর তৌল পরিমাপক বা তৎপরিমাণজ্ঞাপক কলবিশেষ, তৎকলদ্বারা পর্ব্বতের উচ্চতা এবং বৃষ্টি বায়ু গ্রীষ্ম শীত ইত্যাদির বৈষম্য বা পরিমাণ অনুমান হয়।

Barometrical, *a.* বায়ুর গুরুত্ব বা লাঘববিষয়ক বা তৎপরিমাপক কলসম্বন্ধীয়, বায়ুপরিমাপককলসম্বন্ধীয়।

Baron, *n. s.* Lat. সম্ভ্রান্ত উপাধিবিশেষ, অধিপতি, কুলীনপদ বিশেষ, কুলীন, স্বামী, উভয়পার্শ্বীয় পঞ্জরসুদ্ধ গোমাংস।

Baronage, *n. s.* অধিপতি বা কুলীনপদস্থসমূহ, কুলীনপদমর্য্যাদা, যদ্ভূমি জন্যে বারণ্ নামক কুলীনপদ কৃত হয় বা তাহার পদাধিপত্য।

Baroness, *n. s.* আধিপত্যকারিণীস্ত্রী, Barn সংজ্ঞক, কুলীনপদস্থ স্ত্রী।

Baronet, *n. s.* উপাধিবিশেষ ব্যক্তির, অধিপতিপদবিশেষ, কুলীনবিশেষপদ।

Baronial, *a.* অধিপতিবিশেষপদসম্বন্ধীয়, কুলীনপদবিশেষসূচক।

Barony, *n. s.* যন্মর্য্যাদাদ্বারা বা যদাধিপত্যদ্বারা বারণ্‌পদ কৃত হয়, জমীদারী।

Baroscope, *n. s.* Gr. আকাশবায়ু পরিমাপক কলবিশেষ।

Barracan, *n. s.* Fr. মোটা বনাৎবিশেষ ঊর্ণানির্ম্মিত বস্ত্রবিশেষ।

Barrack, *n. s.* Span. সৈন্যপ্রবাসগৃহ, সেনাবাসঘর, কোট, সৈন্যরক্ষা স্থান, অযুদ্ধ সময়ে সেনা থাকে যে ঘরে, সৈন্যাগার বা গৃহ।

Barrack-master, *n. s.* সৈন্যগৃহকর্ত্তা, সেনাগৃহের প্রধান, সৈন্যাগার রক্ষাকর্ত্তা, সিপাহি ঘরের দারোগা।

Barrator, *n. s.* বিবাদকর্ত্তা, বিরোধ জন্মায় যে, অভিযোক্তা, আদালতে মোকদ্দমাতে অনুরাগ জন্মায় যে, ফরিয়াদ বা লালিশ বাড়ায় যে, মোকদ্দমার দালাল।

Barratry, *n. s.* ব্যবস্থানে প্রতারণা, অদালতে প্রবঞ্চনা, মিথ্যাপ্রকরণ, বকুলিয়ামি।

Barrel, *n. s.* Welsh. দীর্ঘগোল কোন পাত্র, পিপা, পরিমাণবিশেষ, দীর্ঘগোল অথচ ফাপা কোন দ্রব্য, প্রণালী, নলী, চুঙ্গী, অন্তরশূন্য শলাকা, কর্ণরন্ধ্রস্থ ঢক্কানামক ত্বক্ পশ্চাদ্ভাগে স্থিত স্থানবিশেষ, নাদাপেটা, ভুটে, প্রকাণ্ডপেট, বড় তুন্দ বা ভুড়ি।

To **Barrel**, *v. a.* পিপা-পুর, পিপাতে-ভর বা -সান্ধ।

Barrel-bellied, *a.* পিপাবৎ পেটবিশিষ্ট, প্রকাণ্ড পেটযুক্ত, ভারিতুন্দ বা ভুড়িবিশিষ্ট, তুন্দিল, মোটা বা ভারিপেটওয়ালা, ভুড়িয়া।

Barren, *a.* Fr. বন্ধ্যা, অফলা, রাঁড়া, বাঁঝা, বহুপ্রজারহিত, শাবকশূন্য, বহুবৃদ্ধিহীন, অনর্থক, অর্থ বা ভাবরহিত।

Barrenly, *ad.* বন্ধ্যারূপে, অফলারূপে, অফলতাপূর্ব্বক।

Barrenness, *n. s.* প্রজারাহিত্য, সন্তানহীনতা, শাবকশূন্যতা, বন্ধ্যাত্ব, অফলকত্ব, বুদ্ধিহীনতা, জ্ঞানরাহিত্য, বুদ্ধির অসরণ। [In Theology.] শুষ্কত্ব, শূন্যতা, হীনতা।

Barren-spirited, *part. a.* ক্ষুদ্রবুদ্ধি, নীচজ্ঞানবিশিষ্ট, অল্পসাহসযুক্ত।

Barren-wort, *n. s.* বৃক্ষবিশেষ।

Barrful, *a.* পূর্ণপ্রতিবন্ধক, বাধাপূর্ণ, অবরোধময়, আটকভরা।

Barricade, *n. s.* Fr. মৃত্তিকা বা বৃক্ষের ডালপালা ইত্যাদিদ্বারা নির্ম্মিত দুর্গ, কোন প্রকার আটক বা অবরোধ, মূর্চ্ছাবন্দির দ্বারা পথরোধ, বেড়, ঘেরা, প্রাচীর, দেওয়াল।

To **Barricade**, *v. a.* পথাবরোধ-কৃ, পথবন্ধ-কৃ, পথনিবারণ-কৃ, আটক-কৃ, বেড়া বা ঘেরা বা প্রাচীরদ্বারা বন্ধ-কৃ।

Barricado, *n. s.* Span. দুর্গ, মূর্চ্ছাবিশেষ, গড়কুহবন্দি, আটক, প্রবেশ নিবারণ, বেড়া বা ঘেরা বা প্রাচীরবৎ কোন অবরোধ।

To **Barricado**, *v. a.* দুর্গ নির্ম্মাণ-কৃ, মূর্চ্ছাবন্দি-কৃ, বেড়া-দা, মূর্চ্ছাদ্বারা আটক-কৃ, পুলবন্দি-কৃ, অবরোধ-কৃ, বেড়া বা ঘেরা বা প্রাচীর বা কোন দ্রব্যদ্বারা পথরোধ বা বন্দ-কৃ।

Barrier, *n. s.* Fr. বেড়া, ঘেরা, আটক, অবরোধ, বাধা, নিবারণ, প্রতিবন্ধ, দুর্গ, মূর্চ্ছা, সরহদ্দের অঙ্ক, সীমাচিহ্ন।

Barring-out, *n. s.* বাহিরে বন্ধ করিয়া রাখণ বা দেওন, কোন স্থানহইতে কোন দ্রব্য বিষয় লোক ইত্যাদি বাহির করিয়া রাখণ, কোন ব্যক্তিকে বহিস্করণ, বহির্বন্ধকরণ, ছেলিয়া ক্রীড়াবিশেষ।

Barrister, *n. s.* পরার্থী, ব্যবস্থানে পরার্থে বাদানুবাদকর্ত্তা, অদালতে শওয়াল জওয়াব করে যে, ধীসচিব, উকীল।

Barrow, *n. s.* Fr. হস্তদ্বারা প্রচালিত কোন প্রকার যান বা বাহন, হাতগাড়ি, হস্তচালিত রথ।

Barrow, *n. s.* Sax. শূকর।

Barrow, এই শব্দ স্থানবাচক সংজ্ঞার আদিতে বা অন্তে প্রয়োগ করিলে বৃক্ষপংক্তি বুঝায়, প্রাচীনকালীয় কবরটীপি, মৃত্তিকার রাশি।

Digitized by Google

To Barter, *v. n.* Fr. পরিবর্ত্ত-হ, নৈমেয়-হ, অদলবদল-হ, এক দ্রব্য দিয়া অন্য দ্রব্য-প্রাপ বা -লও, দ্রব্য অদলবদলকরণদ্বারা ব্যবসায়ী-হ।

To Barter, *v. a.* পরিদান-কৃ, বিনিময়-কৃ, অদলবদল-কৃ, একদ্রব্য দিয়া অন্যদ্রব্য-লও বা ক্রয়-কৃ, দ্রব্য অদলবদলদ্বারা ব্যবসা-কৃ, আদানপ্রদান-কৃ, মাড়চা-কৃ, অদলবদলদ্বারা তেজারৎ-কৃ।

Barter, *n. s.* পরিদান, পরিবর্ত্ত, নৈমেয়, বিময়, বিনিময়, অদলবদল, আদানপ্রদান, তেজারৎ, মাড়চা।

Barterer, *n. s.* পরিদানকর্ত্তা, নৈমেয়কর্ত্তা, দ্রব্য অদলবদলদ্বারা বাণিজ্য করে যে, আদানপ্রদানদ্বারা ব্যবসায়কর্ত্তা, অদলবদল করে যে, একদ্রব্য দিয়া অন্য দ্রব্য লয় বা গ্রহণ করে যে, তেজারৎওয়ালা মাড়চাদার, এক শওদার জন্যে অন্য শওদা দেয় যে।

Bartery, *n. s.* পরিদান, অদলবদল, দ্রব্যাদানপ্রদান, তেজারৎ, মাড়চা।

Bartholomew-tide, *n. s.* বার্ত্তোলমিনামক পর্ব্বদিবস।

Barton, *n. s.* Sax. প্রাচীনকালাবধি অধিকৃতভূমি, এবং তদ্ভূমিস্থ গৃহ উপগৃহ কুঁড়িয়া ইত্যাদি।

Bartram, *n. s.* বৃক্ষবিশেষ।

Basalt, *n. s.* অতিদৃঢ়কৃষ্ণবর্ণ প্রস্তরবিশেষ।

Basaltes, *n. s.* হরিৎকৃষ্ণবর্ণ প্রস্তরবিশেষ।

Basaltick, *a.* তৎপ্রস্তরবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Base, *a.* Fr. হেয়, নীচ, অপর, নীচমনাঃ, ক্ষুদ্রচিত্তবিশিষ্ট, নিষ্কর্ম্মণ্য, অন্ত্যজ, জঘন্য, সম্ভ্রমরহিত, মর্য্যাদাহীন, কুঁজড়া, পাজী, খারাব, ক্ষুদ্র বা নীচপদস্থ, ক্ষুদ্র বা নীচকুলজাত, অপবংশজ, জারজ, পরস্ত্রীজাত, পারস্ত্রৈণেয়, অল্পমূল্যক, খাদিবিশিষ্ট, নোড়, খোঁটা, মরা, গম্ভীর, ঘোর, ভারি, মোটা, স্থিতিবিষয়ে নীচত্ব বা নিম্নত্ব বুঝায়।

Base-born, *a.* নীচজাত, অপজ, পারস্ত্রৈণেয়, পরস্ত্রীজাত, নীচকুলজ, অপবংশ্য, অনভিজাত, জারজ উপস্ত্রীর, সন্তান, বর্ণসঙ্কর।

Base-court, *n. s.* অপব্যবস্থান, প্রধান ব্যবস্থানের নীচ ব্যবস্থান সামান্য মহল, পশ্চাৎমহল, কারখানার ঘর।

Base-minded, *a.* নীচমনাঃ, ক্ষুদ্রচিত্তবিশিষ্ট, দুষ্টমনাঃ, কুচিন্তক, ভ্রষ্টমনাঃ, জঘন্য, দুর্ম্মনাঃ, বিমনাঃ, অপচিত্ত, অধমচেষ্টক, নীচানুরাগী, নীচপ্রিয়, কুস্বভাবী কুমতিবিশিষ্ট।

Base-mindedness, *n. s.* নীচমনস্ত্ব, অপচিত্তত্ব, দুর্ম্মনস্ত্ব, কুচিন্তকত্ব, কুস্বভাবত্ব, কুমতিবিশিষ্টত্ব, কুরীতিযুক্তত্ব।

Base-viol, *n. s.* গম্ভীরসুরসূচক সারীন্দা বা বেয়ালা, খাদসুরবিশিষ্ট বাদ্য বা যন্ত্র, ঘোর শব্দ করে এমত বাদ্যযন্ত্রবিশেষ।

Base, *n. s.* Lat. মূর্দ্ধন, মূল, গোড়া, তলা, তলী, বুনিয়াদ ভিত্তিমূল, খুরশী, আসন, পদাসন, কোন প্রকার অলঙ্কারের লুণ্ঠমানাংশ, কোন দ্রব্যের বা বিষয়ের মূলাংশ, চৌড়া বা গোড়াভাগ, আড়া, ঘোড়দৌড়ে নিরূপিতস্থান, গম্ভীর বা খাদসুরজনক তার বা রজ্জু, পূর্ব্বকালীয় ক্রীড়াবিশেষ, ক্ষুদ্রতোপ বা কামানবিশেষ।

To Base, *v. a.* নীচ-কৃ, অপকৃষ্ট-কৃ, অধম-কৃ, ছোট-কৃ, ভ্রষ্ট-কৃ, খাট-কৃ, অপচয়-কৃ।

Baseless, *a.* মূলরহিত, গোড়াহীন, তলাশূন্য, প্রমাণরহিত।

Basely, *ad.* নীচরূপে, অপরূপে, কদর্য্যরূপে, কুৎসিতরূপে, অধমতাপূর্ব্বক, জঘন্যরূপে, কুজাতরূপে, জারজত্বপূর্ব্বক।

Basement, *n. s.* দীর্ঘরেখাবন্মূল, দীর্ঘভিত্তিমূল, লম্বা খুরশী।

Baseness, *n. s.* নীচত্ব, অধমত্ব, হীনত্ব, কদর্য্যত্ব, কুৎসিতত্ব, জারজত্ব, মল, শব্দের গভীরত্ব, খাদি।

Basenet, *n. s.* Fr. টোপর বর্ম্মবিশেষ চর্ম্মনির্ম্মিত মস্তকাচ্ছাদন বা টুপি।

Basestring, *n. s.* সর্ব্বাপেক্ষা নীচসুর, সর্ব্বাপেক্ষা লঘুশব্দ।

To Bash, *v. n.* লজ্জিত-হ, মন্দাক্ষবিশিষ্ট-হ, সরমিন্দা-হ, সরম্-পা।

Bashaw, *n. s.* তুরকিদেশীয় উপাধিবিশেষ, বাদশাহ সৈন্যাধ্যক্ষ, গর্ব্ব।

Bashful, *a.* সবুড়ী, মুখচোরা, লাজুক, লজ্জিত, লজ্জান্বিত, মন্দাক্ষবিশিষ্ট, ব্রীড়াজনক, শরমিন্দা, মেয়্যামুখা, মেনিমুখা।

Bashfully, *ad.* লজ্জাপূর্ব্বক, লজ্জান্বিতরূপে, মন্দাক্ষতাপূর্ব্বক, সব্রীড়রূপে।

Bashfulness, *n. s.* লজ্জা, মুখদর্শনে লজ্জা, লাজুকতা, ব্রীড়ান্বিততা, মুখচোরামি, শরম।

Basil, *n. s.* তুলসী, বাবুই।

Basil, *n. s.* ছুতারের অস্ত্রের ধার, অস্ত্রধারের শানকরা কোণ।

Basil, *n. s.* কার্য্যার্থে প্রস্তুতীকৃত মেষচর্ম্ম।

To Basil, *v. a.* কোণাকারে অস্ত্রের শান-দা।

Basilica, *n. s.* Gr. কুলীননামক রক্তাবাহক নাড়ী। তাহা বাহুমধ্য দেশে স্থিতি করে এবং রক্ত মোক্ষণ তাহাতে বহুব্যবহার্য্য হয়।

Basilical বা Basilick, *a.* তন্নাড়ীবিষয়ক।

Basilick, *n. s.* Gr. বৃহৎ ধর্ম্মশালা, বড় দালান, উত্তমগৃহ, মঠ।

Basilicon, *n. s.* প্রলেপৌষধবিশেষ, মলমবিশেষ।

Basilisk, *n. s.* Gr. বিষধর বা সর্পবিশেষ, আগ্নেয়াস্ত্র বা তোপ বা কামানবিশেষ।

Basin, *n. s.* Fr. পাত্র, বহুগুণা, চমক, কটোরা, বাটী, পেয়ালা, খুরি, খোরা, সানকি, ঢোক্সা, ডোবা, জলাশয়, পুষ্করিণী, পুকুর, তলাউ, পর্ব্বত বা অন্য কিছুতে বেষ্টিত জল, জলাধার চষকাকৃতি কোন স্থান, গুদ্দী, টুপিনির্ম্মাণ করিবার ছাচ, বস্তিদেশ, পাল্লা।

Basined, *a.* চষকাকৃতি কোন স্থানেতে বেষ্টিত।

Basis, *n. s.* Lat. আদি, মূল, গোড়া, কিছু গুস্থিত বা স্থাপিত হয় যদুপরি এমত চাতাল স্থান, খুরশী, আসন, বুনিয়াদ, জড়, আসল।

To Bask, *v. a.* Dutch. তাত-লও বা -দা, রৌদ্র-পোহা, তপ্ত-কৃ, তাপা।

To Bask, *v. n.* তাত, পোহ, তপ্ত-হ, তাপ, তাপ-লও বা -দা, তাত-লও বা -দা, সূর্য্যের তেজ-পোহ।

Basket, *n. s.* Welsh. টুকরি, চুপড়ি, ডালা চেঙ্গারী, সাজী, ঝাঁপিয়া, পেটারা, ঝুড়ি, ঝোড়া।

Basket-hilt, *n. s.* ঝাঁজরা বা জালিকার্য্যনির্ম্মিত অস্ত্রের বাট বা হস্তরক্ষণী, অস্ত্রের দণ্ড বা কব্জা, মুট হাতসাজুয়া।

Basket-hilted, *a.* ঝাঁজরা বা জালিকার্য্যনির্ম্মিত হস্তরক্ষণীবিশিষ্ট।

Basket-woman, *n. s.* ঝুড়িওয়ালী, সাজীবাহিনী, মেয়্যামুটিয়া।

Basquish, *a.* বিস্কি দেশভাষাসম্বন্ধীয়।

Bass, *n. s.* বাদ্যের বামা, ধর্ম্মশালাতে ব্যবহার্য্য মাদুর, সপ বা পাটীবিশেষ।

Call, *n. s.* প্রত্যাদেশ, দৈববাণী, আকাশবাণী, স্বর্গে অহ্বান, আজ্ঞা হুকুম, দাবি, চাহ, ডাক, তলব, আহ্বান, হুকুম, প্রয়োজন, উঠতি, টান, যন্ত্রবিশেষ যদ্দ্বারা পক্ষিকে ডাকা যায়, ঢেপু বা তূরী বিশেষ যদ্দ্বারা নৌকার দাঁড়ি লোককে ডাকে, নাম করণ, ডাক, হাঁক, আহ্বান, ইংগ্লণ্ডের মহাসভাতে গরহাজির ব্যক্তিরদিগের নাম নির্ণয় করণ।

Caller, *n. s.* ডাকে বা আহ্বান বা তলব করে যে।

Callet, *n. s.* কুন্দলিয়া বা ভ্রষ্টা স্ত্রী, দুষ্টা স্ত্রী, সামান্যা স্ত্রী, বেশ্যা।

To **Callet**, *v. n.* অপভাষা বা নীচ বাক্য-কথ, গালি-দা, ভৎর্সনা-কৃ, ঝকড়া-কৃ, কলহ-কৃ।

Callico, **Calico** শব্দ দেখ।

Callidity, *n. s.* Lat. চতুরতা, ধূর্ত্ততা, প্রতারণা।

Calligraphy, *n. s.* Caligraphy শব্দ দেখ।

Calligraphick, *a.* উত্তম লেখনবিষয়ক বা সম্বন্ধীয়।

Calling, *n. s.* ব্যবসায়, ব্যাপার, উপজীবিকা, বিষয়, স্বধর্ম্ম, স্বকর্ম্ম, এক ধর্ম্ম কিম্বা একধর্ম্মাক্রান্ত মনুষ্য সমূহ, প্রত্যাদেশ, অবতীর্ণতা, নাম, সংজ্ঞা।

Callipers, *n. s.* Fr. পরগার বিশেষ।

Callosity, *n. s.* Fr. মাসুড়া, বেদনারহিত স্ফীত মাংস, জামুড়া, কড়া।

Callot, **Calotte** শব্দ দেখ।

Callous, *a.* Lat. কড়াপড়া, দাগুড়াপড়া, মাসুড়াপড়া, শক্ত, কঠিন, কর্কশ।

Callously, *ad.* কঠিনত্বরূপে, দৃঢ় বা শক্তরূপে।

Callousness, *n. s.* কঠিনত্ব, কড়া, মাসুড়া, কর্কশতা, অসানত্ব।

Callow, *a.* Sax. অতিশিশু, গোডিম্ব, অজাতপক্ষ, পক্ষরহিত।

Callus, *n. s.* Lat. তন্তু বা মৃণালীর কঠিনাংশ, দ্রব্য বিশেষ যদ্দ্বারা ভগ্নাস্থি যোড়া হয়।

Calm, *a.* Fr. খোলাসা, নিথর, নির্ব্বাত, স্থির, ধীর, শান্ত, স্বচ্ছন্দ, পরিতুষ্ট, অচঞ্চল।

Calm, *n. s.* স্থৈর্য্য, শান্তি, আরাম, পরিতুষ্টি, নিবৃত্তি।

To **Calm**, *v. a.* থামা, স্থির-কৃ, নিরস্ত-কৃ, ধৈর্য্য-কৃ, নরম বা ঠাণ্ডা-কৃ, নিবৃত্তি-কৃ।

Calmer, *n. s.* স্থিরকারক, শান্তকর্ত্তা, নিবারক।

Calmly, *ad.* ধীরে, আস্তে, অক্রোধে, বিনাব্যস্ত হইয়া, বিনাউৎপাতে, বিনাঝড়তুফানে, স্বচ্ছন্দে, শান্ত হইয়া, স্থিরতাপূর্ব্বক।

Calmness, *n. s.* স্থিরতা, ধীরত্ব, খোলাসা, অচঞ্চলতা, শান্তি।

Calmy, *a.* স্থির, ধীর, খোলাসা।

Calomel, *n. s.* শোধিতপারা বিশেষ, পারাভস্ম, কালমিল, মারকুরি।

Calorifick, *a.* উগ্র, উত্তাপজনক, গরমীকারক বা গ্রীষ্মজনক।

Calotte, *n. s.* Fr. ফ্রান্সদেশে পাদরির টুপী বিশেষ, তাজ। [In Architecture.] গর্ত্ত, কূপ, গাড়া।

Caloyers, *n. s.* Gr. য়িহুদীয় মণ্ডলীর সন্ন্যাসী বিশেষ।

Caltrop বা **Calthrop**, *n. s.* Sax. চারিমুখা লোহার অস্ত্রবিশেষ, যুদ্ধাস্ত্র, বৃক্ষবিশেষ।

Calvary, *n. s.* খ্রীষ্টের হত্যাস্থান।

To **Calve**, *n. s.* Sax. গরুর প্রসব-হ, গরু-বিয়া, উৎপত্তি-হ, গাই গুর্বিণী-হ।

To **Calver**, *v. a.* ক্ষুদ্র২ করিয়া-কাট, কুটি২-কৃ, টুকরা২ ছেদ-কৃ।

To **Calver**, *v. n.* ছেদদ্বারা কোঁকুড়ে-যা, কুঞ্চ।

Calves-snout, বৃক্ষবিশেষ।

Calville, *n. s.* Fr. আতাফলবিশেষ।

Calvinism, *n. s.* কালবিনীয় মত বা উপদেশ।

Calvinist, *n. s.* কালবিনীয় মতাবলম্বী।

Calvinistical বা **Calvinistick**, *a.* কালবিনীয় মতবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Calvis-nut, *n. s.* বৃক্ষবিশেষ।

Calvish, *a.* বৎসবৎ, গোবৎসবৎ, বাছুরের মত।

Calvity, *n. s.* নগ্নত্ব, খোলামাতা, নিষ্কেশত্ব, নেড়ামি।

To **Calumniate**, *v. n.* অপবাদ-কৃ, পরিবাদ-কৃ, অপলাপ-কৃ, মিথ্যা কলঙ্ক-কৃ, পরোক্ষে নিন্দা-কৃ, কল্পিত কুৎসা-কথ, তহমত-লাগ।

To **Calumniate**, *v. a.* মিথ্যা কুৎসা বা নিন্দা-কথ।

Calumniation, *n. s.* তহমত, অপযশ, নিন্দা, কলঙ্ক, পরোক্ষে, নিন্দা, অপবাদ মিথ্যাপরিবাদ।

Calumniator, *n. s.* মিথ্যাপবাদক, নিন্দক, কুৎসাকারী, তহমত লাগান্যা, ঝকড়াউ।

Calumniatory, *a.* মিথ্যা, কল্পিত, ঝুটা।

Calumnious, *a.* কুৎসাবিশিষ্ট, মিথ্যার্ণব, নিন্দিত।

Digitized by Google

Calumniously, *ad.* কুৎসাপূর্ব্বক, নিন্দাপূর্ব্বক, মিথ্যা কলঙ্ক বা অপযশঃপূর্ব্বক।
Calumniousness, *n. s.* কুৎসাবিশিষ্টত্ব, নিন্দাপূর্ণত্ব।
Calumny, *n. s.* Lat. কুৎসা, কলঙ্ক, নিন্দা, অপযশঃ, তহমত।
Calx, *n. s.* Lat. যে দ্রব্য পোড়াইলে ভস্ম হয়, ছার, চূণ, ছাই, ভস্ম।
Calycle, *n. s.* Lat. ক্ষুদ্র মুকুল, কুঁড়ি।
Calzoons, *n. s.* Span. সিন্দুকের খোপ, ভাঁড়ি।
Camaieu, *n. s.* Fr. নানাবিধ বর্ণবিশিষ্ট প্রস্তর বিশেষ।
Camber, *n. s.* বাঁক বা কোর বিশিষ্ট কাষ্ঠ, কড়ি বিশেষ।
Cambering, *n. s.* বক্র, খিলান, যোড়া, কোণবিশিষ্ট গড়ন।
Cambist, *n. s.* Lat. যে ব্যক্তি হুণ্ডি ক্রয় বিক্রয়ের কর্ম্ম করে বা তৎকর্ম্মে নিপুণ।
Camblet, Camelot শব্দ দেখ।
Cambrick, *n. s.* খাসা, নয়নসুখ, কাপড় বিশেষ।
Came, Come ক্রিয়াপদের অতীতকালবাচক শব্দ, আসিয়াছে।
Camel, *n. s.* Lat. উষ্ট্র, উঠ।
Camel-backed, *a.* উষ্ট্রের ন্যায় পৃষ্ঠ যাহার, উটপিঠে।
Camelopard, *n. s.* আবিশিনিয়া দেশের উষ্ট্রাকার জন্তু বিশেষ।
Camelot বা Camlet, *n. s.* Gr. রক্তবর্ণ সরু বনাত বিশেষ, শুপ, পটু।
Camletted, *a.* রং করা, চিত্রিত।
Camera obscura, Lat. যন্ত্র বিশেষ যদ্দ্বারা দুরন্ত কোন বস্তু প্রতি কিছু ক্ষুদ্র দেখা যায়।
Camerade, *n. s.* Fr. এক গৃহবাসী, এক ঘরে থাকে বা বাস করে যে।
To Camerate, *v. a.* Lat. ছাত-কৃ, খিলান-কৃ।
Camerated, *a.* ঢালছাত, খিলান করা।
Cameration, *n. s.* খিলান।
Camis, *n. s.* Ital. পোশাক বিশেষ।
Camisado, *n. s.* Ital. রাত্রিযুদ্ধ, অন্ধকারে আক্রমণ।
Camisated, *a.* উল্টা কামিজপরিহিত, উল্টা জামা পরিহিত।
Camlet, Camelot শব্দ দেখ।
Cammock, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।
Camomile, *n. s.* Gr. পুষ্পবিশেষ।
Camous বা Camoys, *a.* Fr. নাক খেবড়া, চ্যাপটা, খাঁদা।
Camoused, *part. a.* বক্র, বাঁকা, টেড়া।
Camously, *ad.* বক্রতারূপে।
Camp, *n. s.* Lat. শিবির, ছাউনি, সেনানিবেশ।
To Camp, *v. a.* ছাউনি-কৃ, সৈন্যের আড্ডা-লও, কটক-কৃ।
To Camp, *v. n.* ছাউনিতে-থাক, বিছা।
Camp-fight, *n. s.* যুদ্ধ, লড়াই।
Campana, *n. s.* Lat. পুষ্পবিশেষ।
Campanula, *n. s.* Lat. ঘণ্টার ন্যায় পুষ্পবিশেষ।
Campaign বা Campania, *n. s.* Fr. বৎসরের মধ্যে সৈন্যেরা যত কাল রণভূমিতে বাস বা যুদ্ধ করে, ময়দান, যুদ্ধ, লড়াই, ভ্রমণ।
To Campaign, *v. n.* যুদ্ধ-কৃ, লড়াইতে কর্ম্ম-কৃ,।
Campaigner, *n. s.* সেপাই, যোদ্ধা, লড়াক।
Campanology, *n. s.* Lat. ঘণ্টা বাদ্য করণ, ঘণ্টা বাদ্য।
Campaniform, *a.* ঘণ্টাকৃতি পুষ্প।
Campanulate, *a.* তথা।
Campestral, *a.* Lat. যে দ্রব্য প্রান্তরে হয় তাহার বিশেষণবাচক, জঙ্গলা, বনজ, মাঠোৎপন্ন।
Campestrian, *a.* মাঠ সম্বন্ধীয়।
Camphire, *n. s.* Lat. কর্পূর।
Camphire-tree, *n. s.* কর্পূরবৃক্ষ।
To Camphire, *v. a.* কর্পূরাক্ত-কৃ, কর্পূরদ্বারা ধৌত-কৃ।
Camphorate বা Camphorated, *a.* কর্পূরবিশিষ্ট, কর্পূরাক্ত, কর্পূরীয়।
Camping, *n. s.* ক্রীড়া করণ।
Campion, *n. s.* বৃক্ষবিশেষ।
Camus, *n. s.* Lat. পাতলা বা সূক্ষ্ম পোশাক বিশেষ।
Can, *n. s.* Sax. পেয়ালা, পাত্র, খোল, ডোঙ্গা, ডোবা, খাই, কুণ্ড।
To Can, *v. n.* Sax. পার, সমর্থ-হ, শক্ত-হ, পারগ-হ।
To Can, *v. a.* জ্ঞা।
Canaille, *n. s.* Fr. সর্ব্বান্ত্যজ, অধমাধম, পাজী, অতিতুচ্ছ, নীচ লোক, ইতর লোক।
Canakin, *n. s.* ক্ষুদ্রডোবা, গর্ত্ত, বাটী, পেয়ালা।
Canal, *n. s.* Lat. খালবিশেষ, নালা, মোহানা, শহর নরদমা [In Anatomy.] শরীরের ছিদ্র যদ্দ্বারা রস নির্গত হয়, লোমকূপ।
Canal-coal, *n. s.* ইংগ্লণ্ড দেশে মৃত্তিকাহইতে খুদিত কয়লা বিশেষ, পাতরীয় কয়লা।
Canaliculated, *a.* প্রণালবিশিষ্ট, নালাকাটা, মুহরিওয়ালা, নরদামাকৃতি।
Canary, *n. s.* মদ্যবিশেষ, প্রাচীন নৃত্যবিশেষ, *Canary* islands, আমেরিকা দেশের নিকটবর্ত্তি উপদ্বীপবিশেষ।
To Canary, *v. a.* নৃত্য-কৃ।
Canary-bird, পক্ষিবিশেষ।
To Cancel, *v. a.* Fr. রদ-কৃ, বাতিল-কৃ, লেখা-কাট, পুঁছিয়া-ফেল, মিটাইয়া-দা।
To Cancel, *v. n.* মিষ্ট-হ, পুছিয়া-যা
Cancellated, *part. a.* আড়ে বদ্ধ, তেরছা দিগে খিল-মারা বা বদ্ধ।
Cancellation, *n. s.* পুঁছন, কাটন, রদকরণ, বাতিল করণ, আড়ে যেরণ।
Cancer, *n. s.* Lat. কর্কটরাশি, নালী ক্ষত বিশেষ, বিস্ফোট, ঘুর ঘুরে ঘা, কর্কট।
To Cancerate, *v. n.* নালী-হ, ক্ষত দোষপ্রাপ্ত-হ, ঘুরঘুরে ঘার ন্যায় বৃদ্ধি-হ।
Canceration, *n. s.* নালীহওন, দোষপ্রাপ্ত ক্ষত।
Cancerous, *a.* বিস্ফোটবৎ দোষপ্রাপ্ত ক্ষত, ঘুরঘুরে ঘাবৎ নালী বিশিষ্ট।
Cancerousness, *n. s.* ক্ষতের দোষত্ব, নালীহওনাবস্থা।
Cancriform, *a.* Cancerous শব্দ দেখ।
Cancrine, *a.* কর্কটীয়, কাঁকড়ার, কর্কটের গুণবৎ, কর্কটধর্ম্মক।
Candent, *a.* Lat. অত্যন্ত উগ্র, অগ্নিবৎ উষ্ণ, জ্বলনশীল, তেজোময়।
Candicant, *a.* Lat. শুভ্র, শ্বেত, শাদাটে।
Candid, *a.* Lat. সরল, নির্ম্মল, উদার, নিষ্কপট, যথার্থ, সত্য, খোলাশা।
Candidate, *n. s.* Lat. প্রার্থক, যাচক, প্রত্যাশা, উম্মেদওয়ার, পদাভিলাষী, পদান্বেষী।
To Candidate, *v. a.* প্রত্যাশী-কৃ, প্রার্থিতোপযুক্ত-কৃ।

Digitized by Google

Candidly, *ad.* নিষ্কপটে, সারল্যপূর্ব্বক, যাথার্থরূপে, অন্তঃকরণের সহিত, প্রকৃতরূপে, স্বরূপে।

Candidness, *n. s.* সারল্য, সরলতা, নির্ম্মলতা, ঔদার্য্য, নিষ্কপটতা, সত্যতা, যথার্থতা।

To **Candify**, *v. a.* নির্ম্মল-কৃ, সরল-কৃ।

Candle, *n. s.* Lat. বর্ত্তি, সলিতা, পলিতা, শুভ্র-দীপ্তি, আলো, উজ্জ্বল।

Candleberry tree, বৃক্ষবিশেষ।

Candleholder, *n. s.* যে ব্যক্তি বাতি ধরে, মশালচী, বর্ত্ত্যাধার।

Candlelight, *n. s.* বাতির আলো, বর্ত্তি, বাতি।

Candlemas, *n. s.* Sax. উৎসব বা পর্ব্ববিশেষ।

Candlestick, *n. s.* বর্ত্ত্যাধার, শামাদান, দীপদান, পীলসুজ, দীপঝাড়, দীপগাছা।

Candlestuff, *n. s.* বর্ত্তিজনক, মোম কিম্বা চরবি যাহাতে বাতি হয়।

Candlewaster, *n. s.* বর্ত্তিব্যয়ী, বাতি খরচিয়া, হাতদরাজে।

Candles-ends, *n. s.* অত্যল্প, সামান্য, ঘৃণাসূচক শব্দ অবশিষ্ট বা যৎকিঞ্চিৎ বুঝায়।

Candock, *n. s.* শৈবাল বিশেষ।

Candour, *n. s.* Lat. সারল্য, অন্তঃকরণের নির্ম্মলতা, ঔদার্য্য, খোলাশা, অন্তঃকরণের নির্ম্মলতা, যাথার্থ, সত্যতা, অনুগ্রহ, সুশীলতা।

To **Candy**, *v. a.* রসে-ফেল, মিষ্টাদি দ্রব্যের চাপ-কৃ, মিছরি কিম্বা চিনির কন্দ-কৃ, রসে-ফেল।

To **Candy**, *v. n.* বসিয়া-যা, ঘন-হ, জমিয়া-যা।

Candy *Lion's foot*, *n. s.* বৃক্ষবিশেষ।

Candy *Tuft tree*, বৃক্ষবিশেষ।

Cane, *n. s.* Gr. নল কিম্বা শর, বিশেষ যাহাতে নড়ী হয়, বেত্র, ছড়ি, খাকড়া যাহাতে চিনি হয়, ইক্ষু।

To **Cane**, *v. a.* ছড়ি-মার, বেত-মার লগুড়াঘাত-কৃ, যষ্টিপ্রহার-কৃ।

Canicular, *a.* সোহেল সম্বন্ধীয়, ধূমকেতুসম্বন্ধীয়, উত্তপ্ত।

Canicule, *n. s.* Lat. তারাবিশেষ।

Canine, *a.* Lat. কুক্কুরবৎ, কুক্কুরের গুণ বা ধর্ম্মবিশিষ্ট, *Canine* hunger, যে ক্ষুধার নিবৃত্তি হয় না, জঠরানল।

Canister, *n. s.* Lat. কৌটা, ডিবা, কেনিস্ত্রা, চা পাতার সিন্দুক।

Canker, *n. s.* Lat. ঘুন কীট বিশেষ, প্রজাপতি কিম্বা অন্য কীটের বাচ্চা যে খায় ও নষ্ট করে, কোন বস্তু যাহা নাশ করে কিম্বা ক্ষয় করে, বন গোলাপ বিশেষ, বৃক্ষের রোগ বিশেষ, ক্ষয়, বিকার।

To **Canker**, *v. n.* বিকার-হ, ক্ষয়-হ, পচ, সড়, সড়িয়া-যা, দোষগুস্ত-হ- দোষাপ্রাপ্ত হইয়া মৃত্যু-হ।

To **Canker**, *v. a.* বিকারপ্রাপ্ত-কৃ, নষ্ট-কৃ, ক্ষয়-কৃ, ভ্রষ্ট-কৃ।

Cankerbit, *part. a.* বিষাক্তদন্তদ্বারা দষ্ট, বিষযুক্ত দন্তদ্বারা আহত।

Cankered, *a.* Fr. খিটমিটে, উগ্র, দুঃশীল, কটুভাষী, বক্র, তেড়া, বাঁকা।

Cankeredly, *ad.* বক্ররূপে, বাঁকারূপে, তেড়ারূপে, আড়াআড়িরূপে।

Cankerlike, *a.* ক্ষয়কারী, নাশনীয়, নাশ্য, ধ্বংসনীয়।

Cankerous, *a.* ক্ষয়শীল, নাশ্য।

Cankery, *a.* মরিচাবিশিষ্ট, অপরিষ্কৃত, ভ্রষ্ট।

Cannabine, *a.* Lat. শুণ্ডবৃক্ষের তন্তুবিশিষ্ট, শোণ নির্ম্মিত, শূণো।

Cannibal, *n. s.* নরভুক্, মনুষ্যভোজী, রাক্ষস বিশেষ, যে মনুষ্য আহার করে।

Cannibalism, *n. s.* মনুষ্য ভোজিত্ব, মনুষ্যাহার।

Cannibally, *ad.* রাক্ষস ন্যায়, মনুষ্যাহারির ন্যায়।

Cannippers, *n. s.* Callipers শব্দ দেখ।

Cannon, *n. s.* Fr. বড় গোলা, কামান, তোপ।

Cannon-ball বা **Cannon-bullet** বা **Cannon-shot**, *n. s.* বড় কামানের গোলা, তোপের গোলা গুলি।

Cannon-proof, *n. s.* কামান পরীক্ষা, কামানহইতে বাঁচা বা রক্ষা।

Cannoning, *n. s.* কামানের ন্যায় শব্দ।

To **Cannonade**, *v. a.* তোপ-দাগ বা-কৃ, বড় কামান-ছোড়, বড় কামানদ্বারা-ভগ্ন।

Cannoneer, *n. s.* গোলেন্দাজ, যে বড় কামান চালায়, তোপকারক।

To **Cannoneer**, *v. a.* বড় কামান-কৃ, তোপ-মার বা-ছোড় বা -দাগ।

Cannot, যৌগিক শব্দ, অপারগ বা অক্ষম বুঝায়।

Canoa বা **Canoe**, *n. s.* ডিঙ্গিনৌকাবিশেষ, কোষা, ডোঙ্গা, শাল্তি।

Canon, *n. s.* Gr. নিয়ম, শাস্ত্র, আইন, ধর্ম্ম পক্ষীয় বা মণ্ডলীয় ব্যক্তিকর্তৃক প্রণীত স্মৃত্যাদিরূপ শাস্ত্র বিশেষ, ধর্ম্মশাস্ত্রোক্ত পুস্তক, গ্রিজার পুরোহিত বিশেষ, অস্ত্র চিকিৎসকের অস্ত্র বিশেষ, ছাপার বড় অক্ষরবিশেষ। [In Music.] রচনাবিশেষ, ছন্দোবিশেষ। Canons Regular, ধর্ম্মশালাস্থিত বা রক্ষিত ব্যক্তি। Canons Secular, যাজকবিশেষ।

Canon-bit, *n. s.* ঘোড়ার লাগাম বা তদংশ যাহা ঘোড়ার মুখের ভিতর থাকে।

Canoness, *n. s.* পাপার দেশে মঠের অধ্যক্ষ।

Canonical, *a.* ধর্ম্মশাস্ত্রীয়, কানুনের, রীত্যনুসারে প্রচলিত, দস্তুর, শাস্ত্রানুযায়ী, ব্যবস্থানুযায়ী, ব্যবস্থানুসারে, রীত্যনুযায়ী।

Canonically, *ad.* রীতিপূর্ব্বক, শাস্ত্রানুযায়ী, ক্যানানসংজ্ঞক, নিয়মানুসারে।

Canonicalness, *n. s.* ধর্ম্মশাস্ত্রত্ব, ক্যানানসংজ্ঞক রীত্যনুযায়িত্ব।

Canonicals, *n. s.* পুরোহিতের সম্যক প্রকার বস্ত্র বা পোশাক, যাজকেরবেশ বা আভরণ, পাদরির পোশাক।

Canonicate, *n. s.* যাজকের পদ বা কর্ম্ম।

Canonist, *n. s.* ব্যবস্থাজ্ঞ, ধর্ম্মশাস্ত্রজ্ঞ, ধর্ম্মশাস্ত্রবেত্তা।

Canonistick, *a.* ধর্ম্মশাস্ত্রবেত্তার বিদ্যাবিশিষ্ট।

Canonization, *n. s.* কোন মনুষ্যকে সিদ্ধপুরুষ ব্যক্ত করণ, অভিষেককরণ, পদার্পণ, সিদ্ধপুরুষত্ব বা তদবস্থা।

To **Canonize**, *v. a.* Fr. কোন মনুষ্যকে সিদ্ধপুরুষ-কৃ, সিদ্ধপুরুষ পুরঃসরে ব্যক্ত-কৃ।

Canonry বা **Canonship**, *n. s.* গ্রিজাতে বৃত্তি বিশেষ, যাজকের পদ।

Canopied, *a.* চন্দ্রাতপাবৃত, চাঁদওয়াতে আচ্ছাদিত, চাঁদওয়া টানান।

Canopy, *n. s.* Gr. চন্দ্রাতপ, সামিয়ানা, চাঁদওয়া, আচ্ছাদন, পালি।

To **Canopy**, *v. a.* সামিয়ানা-খাট, চাঁদওয়াদ্বারা-ঢাক, আচ্ছাদন-কৃ।

Canorous, *a.* Lat. গীতের, বাদ্যের, বাদ্যসম্বন্ধীয়, বাদ্যোপযুক্ত, স্বরবিশিষ্ট।

Digitized by Google

Canorousness, *n. s.* বাদ্য বা গীতসম্বন্ধীয়ত্ব বা তদুপযুক্ততা।
Cant, *n. s.* Lat. অপভাষা, কুভাষা, খেচড়া কথা, ঢেট কথা, নীচভাষা, কল্পিত নীচোক্তি বা ভাষা বিশেষ, বাক্যবিশেষ, ব্যবহার বিশেষ, প্রতারণা, ভাঙ্গ, নিলাম।
Cant, *n. s.* Dutch. কোণ, টের, কোণা।
To Cant, *v. n.* ভঙ্গি করিয়া-কথ, অস্পষ্ট বা নীচভাষায় কথা-কথ।
To Cant, *v. a.* নিলাম-কৃ, নিলামে বিক্রয়-কৃ, নিলাম-ডাক।
Cantata, *n. s.* Ital. গীতবিশেষ, গান, সুর, রাগ।
Cantation, *n. s.* Lat. গীত গাথন, গানকরণ।
Canteen, *n. s.* দস্তার মদ্যপাত্র, মদ্যাধার, মদ্যভাণ্ড, সৈন্যেরদিগের নিমিত্তে মদ্যের ভাণ্ড বা স্থান।
Canter, *n. s.* ভণ্ডতপস্বী, ভৎর্সনাসূচক বাক্যবিশেষ, যে ব্যক্তি বাহ্যে শাস্ত্রানুশীলন করে ও তদনুসারে চলে কিন্তু অন্তঃকরণে মানে না, কপটী, পাপী, এতদর্থ প্রয়োজক বাক্য বিশেষ।
Canter, *n. s.* ক্যাণ্টরবরি নামকস্থানের সংক্ষেপার্থ, Canterbury Gallop শব্দ দেখ।
To Canter, *v. n.* ঘোড়ায় চড়িয়া ধীরে-গম বা -চল।
Canterbury bells, Belflower শব্দ দেখ।
Canterbury gallop, ঘোড়ার গতি বা চলন, ঘোড়ার দৌড়।
Canterbury tale, *n. s.* উপকথা, উপন্যাস, চাশর নামক কবির ইতিহাসানুযায়ি কথা।
Cantharides, *n. s.* Gr. স্পানিয়া দেশের মক্ষিকা বিশেষ, কুমরিয়া পোকা।
Canthus, *n. s.* Lat. চক্ষুর কোণ, কোণা।
Canticle, *n. s.* সঙ্গীত, সংকীর্ত্তন, স্তুতি, ধর্ম্মবিষয়ক গীত, কবিতার ভাগ বা অংশ, অধ্যায়, পরিচ্ছেদ।
Cantilivers, *n. s.* গৃহ নির্ম্মাণে ব্যবহৃত কাষ্ঠবিশেষ, পাড়ি বিশেষ।
Cantingly, *ad.* ভঙ্গিরূপে কথা কথনপূর্ব্বক।
Cantion, *n. s.* গান, গীত, পদ, কবিতা।
Cantle, *n. s.* Dutch. অল্প, ক্ষুদ্র, অবশিষ্ট, একাংশ বা ভাগ।
To Cantile, *v. a.* ক্ষুদ্রং করিয়া-কাট, টুকরা-কৃ, টুকরাং করিয়া -ছিন্দ।
Cantlet, *n. s.* টুকরা, খণ্ড, এক খানি, একভাগ।
Canto, *n. s.* Ital. পদ্য বা কাব্য গ্রন্থের অধ্যায়, কাণ্ড, ভাগ, অংশ, কবিতা।
Canton, *n. s.* Fr. চীন দেশে নগরবিশেষ, জিলা, অল্পভূম্যধিকার, পরগনা, পাড়া, টোলা, ডাঙ্গা, জাতি, বংশ, দল,। [In Heraldry.] ঢালের চিহ্ন বিশেষ।
To Canton, *v. a.* নগর ভাগ-কৃ, জিলাবন্দি-কৃ, অংশ-কৃ, ভাগ -কৃ, ক্ষুদ্রং করিয়া ভাগ-কৃ,।
To Cantonize, *v. a.* টুকরাং-কৃ, ভাগ-কৃ, নগর বিভাগ-কৃ।
Cantonment, *n. s.* Fr. ছাউনি, তাম্বু, সৈন্যের আড্ডা বা থানা, আবাস।
Cantred, *n. s.* একশত, শত শংখ্যা।
Canty, *a.* হৃষ্ট, পুলকিত, আহ্লাদিত, খুস, গপ্পা, বকুন্যা।
Canvass, *n. s.* Lat. কোন কর্ম্ম বা পদ প্রাপণার্থে উদ্যোগ, টাট বিশেষ, আজাড়, শণবস্ত্র, শণের চট, চিত্রকরা কাপড়, তাম্বু, বিবেচনাকরণ, ঠাওরাণ।
To Canvass, *v. a.* বিতর্ক-কৃ, বিবেচনা-কৃ, পরীক্ষা-কৃ, বাগ্যুদ্ধ-কৃ, বিচার -কৃ, তকরার-কৃ।
To Canvass, *v. n.* আছড়, ঝাড়, ফোড়, সম্মতি প্রার্থনা-কৃ, স্বীকার -যাচ, মত যাচ্ঞা-কৃ।
Canvass-climber, *n. s.* জাহাজের দাঁড়ি বা খালাসী বিশেষ, যে মাস্তুলে উঠিয়া পালি জড়ায় বা খাটায়।
Canvasser, *n. s.* পদের উপায়কারী, সম্মতি প্রার্থক, যাচক।
Cany, *a.* বেত্রবিশিষ্ট, বেতো, বেতে নির্ম্মিত বা গঠিত।
Canzonet, *n. s.* Ital. টপ্পা, ক্ষুদ্র গীত, গান, রাগ, তুক্ক।
Cap, *n. s.* Wel. শিরোবস্ত্র, টুপী, তাজ মস্তকাচ্ছাদক মাথা, সর্ব্বাগ্রভাগ, টুপীখুলন অর্থাৎ শিরোনমন প্রণাম, টুপীর ন্যায় পাত্র *Cap* of a gun, রঞ্জকঘর আচ্ছাদনি শিশার পাত সরপোষ, ক্যার্ডিনেলনামক কর্ম্ম পদস্থ ব্যক্তির চিহ্ন, রাজপতাকা বিশেষ।
To Cap, *v. n.* নমস্কার করণার্থে টুপী খুল বা-নম।
To Cap, *v. a.* মাথা-ঢাক, টুপী কাড়িয়া -লও. To *cap* verses, শ্লোক কাটাকাটী-কৃ, বয়েৎবাজী-কৃ।
Cap à pè বা Cap à piè, Fr. অঙ্গপ্রত্যঙ্গ, মস্তকহইতে পাদপর্য্যন্ত, সর্ব্বাঙ্গ, তাবৎ, সমস্ত।
Cap-paper, মোটা কাগজ বিশেষ।
Capability, *n. s.* শক্তি, পারগতা, ক্ষমতা, সামর্থ্য, যোগ্যতা, সাধ্য, সীমা, সামঞ্জস্য।
Capable, *a.* Fr. উপযুক্ত, সামঞ্জস্যোপযুক্ত, যোগ্য, শক্ত, ক্ষম, পারগ, বুদ্ধিমান, ধীমান, নির্দ্দোষ।
Capableness, *n. s.* উপযুক্ততা, পারগতা শক্তি, সামর্থ্য, যোগ্যতা।
To Capacify, *v. a.* পারগ-কৃ, সমর্থ-কৃ, উপযুক্ত বা যোগ্য-কৃ।
Capacious, *a.* Lat. বৃহৎ প্রশস্ত, বিস্তীর্ণ, পরিসর বড়, ফালাউ।
Capaciously, *ad.* প্রশস্তরূপে, বিস্তীর্ণ বা পরিসররূপে।
Capaciousness, *n. s.* প্রশস্ততা, বিস্তীর্ণতা, ফালাউ, পরিসরত্ব, সামঞ্জস্য হওনোপযুক্ততা বা তৎক্ষমতা।
Capacitation, *n. s.* Capability শব্দ দেখ।
To Capacitate, *v. a.* পারগ-কৃ, উপযুক্ত-কৃ, যোগ-কৃ, ক্ষমতাপন্ন-কৃ, শক্ত-কৃ।
Capacity, *n. s.* পারগতা, যোগ্যতা, উপযুক্ততা, গুণ, শক্তি,সামর্থ্য, আন্দাজ, সামাই, সামঞ্জস্য, স্থান, পরিমাণ, দশা, অবস্থা, মনের শক্তি।
Caparison, *n. s.* Span. জাল, অশ্বাচ্ছাদনী বস্ত্র বিশেষ, ঘোড়ার আবরণ।
To Caparison, *v. a.* সাজঞি, ভাবন-কৃ (ঞি) পোশাক পরিধান -কৃ, বেশভূষা-কৃ অশ্বকে সাজ (ঞি)।
Capcase, *n. s.* আচ্ছাদন, খাপ বা খোল, আবরণ।
Cape, *n. s.* Fr. অন্তরীপ, টেঁক দেশসংলগ্ন জলমধ্যবর্ত্তী অথচ জলে মগ্ন নহে অল্প স্থান।
Caper, *n. s.* Lat. লম্ফ, কুঁদী, উজুলে পড়ন।
Caper, *n. s.* Gr. আচার বিশেষ
Caper-bush, *n. s.* কালকের জাতীয় বৃক্ষ বিশেষ, বৃক্ষ বিশেষ যাহার উপর কেপরনামক বৃক্ষ জন্মে।
Caper-cutting, *n. s.* নৃত্য বিশেষ।
To Caper, *v. n.* নৃত্য-কৃ, লম্ফ, বানরলাফ-পাড়।
Caperer, *n. s.* নেচুয়া, নর্ত্তক বিশেষ, চণ্ড, বানর লাফান্যা।
Capias, *n. s.* Lat. ক্রোকি পরওয়ানা, দেনা দেওনের সঙ্গতি না থাকাতে গেরেপ্তার করণ বা কয়েদ করণ, আসামীধরণ, বিচারের পূর্ব্ব শমন বা কয়েদ অথবা তদর্থক পত্র, বিচারানন্তর কয়েদ করণ।
Capillaceous, *a.* Capillary শব্দ দেখ।
Capillaire, *n. s.* Fr. রস মোরব্বা বা আচার বিশেষ।
Capillament, *n. s.* Lat. কেশর পুষ্পের ভিতর চুলের ন্যায় সূত্র বৎ, অগ্রভাগ গোলাকার পাকড়ি বিশেষ।

Digitized by Google

Capillary, *a.* Lat. কেশরবৎ ক্ষুদ্র, সূক্ষ্ম, চুলের ন্যায় সূত্রবিশিষ্ট শরীরের বিশেষণে ক্ষুদ্র।

Capillary, *n. s.* ক্ষুদ্র বৃক্ষ বিশেষ, রক্তবাহকশিরা বা নাড়ী বিশেষ।

Capillation, *n. s.* সূক্ষ্মরক্তবাহক শিরা।

Capital, *a.* Lat. মস্তকের, মস্তকবিষয়ক, দোষী, দোষযুক্ত, পাপী, বড়, উত্তম, প্রধান, শক্ত, অতিগর্হিত, প্রাণঘাতক, মৃত্যুযোগ্য, রাজধানীয়, অক্ষরের বিশেষণে বড় যাহা প্রথমে লিখে. *Capital* stock, আসল, পুঁজী।

Capital, *n. s.* মাথলা, মরগল, স্তম্ভের অগ্রভাগ, রাজধানি, পায়তক্ত, পুঁজী, মূলধন, আসল, বড় অক্ষর।

Capitallist, *n. s.* ধনবান, অর্থবান, পুঁজীওয়ালা, টাকাওয়ালা।

Capitally, *ad.* মহাদোষপূর্ব্বক, প্রাণঘাতক দোষরূপে, অতিগর্হিতরূপে, শক্তরূপে, দূষ্যরূপে, উত্তম বা ক্ষমারূপে।

Capitalness, *n. s.* গর্হিতত্ব, দোষ, মহাপাপ, বড়দুষ্কর্ম্ম।

Capitation, *n. s.* মস্তক সংখ্যা, স্থূল গণনা, নাম ধরিয়া গণনা বা সুমার, প্রত্যেকের উপর ভার, খাজনা, কর।

Capite, *n. s.* সনন্দ, ফরমান, রাজপত্র বিশেষ।

Capitol, *n. s.* Lat. গ্রিক দেশে জুপিটরনামক দেবতার মঠ বা মন্দির।

Capitular, *n. s.* Lat. অধ্যায়, খণ্ড।

Capitularly, *ad* ধর্ম্মশাস্ত্রের অধ্যায়ের ন্যায় বা তন্মতপূর্ব্বক।

Capitulary, *a.* প্রধান ধর্ম্মাধ্যক্ষের মঠের অধ্যায় বিষয়ক।

To **Capitulate**, *v. n.* নিয়ম করিয়া ছাড়িয়া-দা, সন্ধিপূর্ব্বক গত, ছাড়িয়া-দা, মোকদ্দমা-কৃ।

Capitulation, *n. s.* নিয়ম, করার, পরিশ্রম, সন্ধি, নিয়মানুসারে গড়, সমর্পণ।

Capitulator, *n. s.* নিয়মকর্ত্তা, করার করে যে, পরিশ্রমসন্ধিকারী, নিয়মপূর্ব্বক সমর্পণকর্ত্তা।

Capitule, *n. s.* সংক্ষেপ গ্রন্থ, চুম্বক, আসল, ফলিতার্থ।

Capivi tree, *n. s.* Lat. ঔষধীয় বৃক্ষ বিশেষ।

Capnomancy, *n. s.* ধূমদ্বারা ভবিষ্যৎ কথন, ধূম দেখিয়া গণনা করণ।

To **Capoch**, *v. a.* মাথা উলঙ্গ-কৃ, মাথা অনাবৃত-কৃ, টুপী বা ছত্র বা ফেণা-ফেল বা কাড়িয়া-লও।

Capon, *n. s.* Sax. খোজাকুক্কুট।

To **Capon**, *v. a.* কুক্কুট খোজা বা খাসী-কৃ।

Caponniere, *n. s.* Fr. [In Fortification.] মৃত্তিকার ভিতরে ঘর বিশেষ, মাইটঘরা।

Capot, *n. s.* Fr. তাসখেলায় জিতন।

Capouch, *n. s.* Fr. সন্ন্যাসী বা যোগির টুপী বিশেষ।

Capper, *n. s.* টুপী বানায় বা বিক্রয় করে যে।

Capreolate, *a.* Lat. যে বৃক্ষ তলায় তাহার বিশেষণ বাচক, পালা বা মাচা যদ্দারা লতাবৃক্ষ উঠে বা বৃদ্ধি পায়।

Caprice বা **Caprichio**, *n. s.* Fr. আখুট চাঞ্চল্য, মনের উদয়, খেয়াল, আন্দাজ, অনুমান, মনোরথ, মনস্কামনা।

Capricious, *a.* আখুটী চঞ্চল অস্থির, খামখেয়ালী, মনোরথী, মনস্কামী, অসভ্য।

Capriciously, *ad.* মনে যেমত উদয় হয় তদনুসারে, বিবেচনা না করিয়া, আন্দাজে, অনুমানপূর্ব্বক, খামখেয়ালিরূপে আখুট পূর্ব্বক।

Capriciousness, *n. s.* আখুট অনুমান, অস্থিরত্ব, চাঞ্চল্য।

Capricorn, *n. s.* Lat. মকর রাশি, মক্ষিকা।

Caprification, *n. s.* ডুম্বুর বা আঞ্জির ফল পরিপক্ক করণের প্রকরণ বিশেষ।

Caprifole, *n. s.* Lat. কীটবিশেষ।

Capriole, *n. s.* Fr. ঘোড়ার লাফানি, ঘোড়ার নাচন, অশ্বের গতি বিশেষ।

Capsicum, *n. s.* মরিচ বিশেষ।

Capstan, *n. s.* Fr. আকর্ষক যন্ত্রবিশেষ, চরখী বিশেষ যদ্দ্বারা কোন বৃহদ্দ্রব্য উঠান যায় [নাবিক ভাষায়] দওর, চিনাদওর।

Capsule, *n. s.* Lat. ক্ষুদ্র বৃক্ষের খোড়ল বা গর্ত্ত যাহাতে বীজ অর্পণকরা যায়।

Capsular বা **Capsulary**, *a.* সিন্দুক ন্যায় খোলবিশিষ্ট, পুটিয়ার ন্যায়, কোষ ন্যায় ফাঁপা, খোল।

Capsulate বা **Capsulated**, *a.* সিন্দুকে ভরা, বদ্ধ করা সিন্দুকে মুদিত।

Captain, *n. s.* Fr. প্রধান, সরদার, পেশওয়া, মহন্ত, (*of a ship,*) কাপ্তান, নাখোদা, নৌকাধ্যক্ষ. [In Army.] পদবিশেষ, জমাদার যোদ্ধা, (*of a regiment,*) সৈন্যাধ্যক্ষ বিশেষ, *Captain*-Lieutenant, কাপ্তানের অনুজপদ, *Captain*-General, সিপাশালার, আমিরুল উমর, সেনাপতি বিশেষ, বহুসৈন্যের কর্ত্তা।

Captain, *a.* সরদার, প্রধান, বীর, পরাক্রমী।

Captainry, *n. s.* সরদারী, প্রধানত্ব, কাপ্তান সংজ্ঞক ব্যক্তির পদ বা কর্ম্ম।

Captainship, *n. s.* কাপ্তানী, কাপ্তান্ ব্যক্তির পদ বা কর্ম্ম কিম্বা শক্তি, যুদ্ধবিদ্যা।

Captation, *n. s.* Fr. সভ্যতা, প্রবেশকতা খোসামদ, অনুগ্রহ কিম্বা প্রশংসা, উপার্জ্জনের প্রকরণ বিশেষ।

Caption, *n. s.* Lat. আসামী ধরণ, গ্রেপ্তার করণ।

Captious, *a.* Lat. চিড়চিড়ে, ঝগড়াউ, দ্বন্দ্বজ্ঞা, উগ্র, ছলগ্রাহক, ছিদ্রি, ক্ষণ মৌজী।

Captiously, *ad.* বিবাদ করণপূর্ব্বক, ক্ষণ মৌজিরূপে, দ্বন্দ্বজরূপে

Captiousness, *n. s.* বিবাদিত্ব, দ্বন্দ্বজকারিতা, চিড়্চিড়েস্বভাব, উগ্রতা, ছলগ্রহণ।

To **Captivate**, *v. a.* Lat. কয়েদ-কৃ, বন্ধন-কৃ, গ্রেপ্তার-কৃ, মুগ্ধ-কৃ, লোভা (ঞি), মোহ জন (ঞি), মোহিত-কৃ, বশ-কৃ, গোলাম-কৃ, বশীভূত-কৃ।

Captivate, *a.* কয়েদী, আসামী, বদ্ধ, বন্দিআন, কারাগারে বদ্ধ, গ্রেপ্তার।

Captivation, *n. s.* কয়েদ, বন্ধন, কয়েদ করণ, কারাগারে বদ্ধ করণ, গ্রেপ্তার করণ।

Captive, *n. s.* শত্রুহস্তে পতিত, শত্রুগ্রস্ত, কয়েদী, বন্দিয়ান, দাস, মোহিত, মুগ্ধ, পাগল, গ্রেপ্তার, যুদ্ধে লব্ধ বা ধৃত।

Captive, *a.* Captivate শব্দবৎ অর্থ জানিবেন।

To **Captive**, *v. a.* কয়েদ-কৃ, বদ্ধ-কৃ, গ্রেপ্তার-কৃ, কারাগারে অর্পণ-কৃ বা-রক্ষ।

Captivity, *n. s.* অরিহস্তে পতন, বন্ধন, দাসত্ব, গোলামী, কয়েদি অবস্থা।

Captor, *n. s.* জয়ী, যে ব্যক্তি যুদ্ধে জয় করিয়া অরির সৈন্যকে হস্তগত করে কিম্বা ধনাদি প্রাপ্ত হয়, লুটকারক, লুটের ধন, যুদ্ধে প্রাপ্ত ধন।

Capture, *n. s.* ধরণ, লওন, লুট, লুটের ধন, ধৃত জাহাজ কিম্বা ধন, যুদ্ধে প্রাপ্ত ধন, শিকার।

To **Capture**, *v. a.* যুদ্ধে ধন-লও, শিকার-কৃ।

Capuccio, *n. s.* Ital. টোপ টুপী ছত্র, মস্তকাবরণ।

Digitized by Google

Capuched, *a.* Fr. আবৃত, ঢাকা, ছাতিধরা, ছাতিওয়ালা, মাথা ওয়ালা, টোপধারী।

Capuchin, *n. s.* স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বা কুর্ত্তি বিশেষ, রোমাণ কাতোলিকের ধর্ম্মে এক প্রকার সন্ন্যাসী, যাজক, পুরোহিত, কপোত বিশেষ, ঝুঁটে পায়রা।

Car বা **Char**, স্থানের নাম প্রয়োজকার্থক ভাষা বিশেষ, শহর, নগর।

Car, *n. s.* Sax. গাড়ি বিশেষ, যুদ্ধরথ, রথ, শকট, তারার পুঞ্জ।

Carabine বা **Carbine**, *n. s.* Fr. করাবীন, ছোট হাতবন্দুক বিশেষ, ধম্‌কা।

Carabineer, *n. s.* করাবীনবাহক, করাবীননামক বন্দুক বহে বা চালায় যে ঘোড়া।

Carack, *n. s.* Span. জাহাজ বিশেষ।

Caracole, *n. s.* Fr. বক্রগতি অর্দ্ধচন্দ্রাকাররূপে চলন বা গমন।

To **Caracole**, *v. n.* বক্র-গম, অর্দ্ধচন্দ্রাকাররূপে-চল বা-গম।

Carat বা **Caract**, *n. s.* Fr. ক্ষুদ্র পরিমাণ বিশেষ, রতিপ্রায়, স্বর্ণের নির্ম্মলত্ব প্রকাশ করণের রীতি বিশেষ, সোণা যাচাই করণ।

Caravan, *n. s.* Arab. যাত্রী, হাটুরিয়া সমূহ কারওয়ান, কাফেলা।

Caravansary, *n. s.* সরাই, পদাতিক ব্যবসায়িগণ, কারওয়ানসরা উত্তীর্ণ স্থান বিশেষ।

Caravel বা **Carvel**, *n. s.* Span. প্রাচীন কালে ব্যবহৃত জাহাজ বিশেষ।

Caraway, *n. s.* Lat. শলুফার ন্যায় বীজ বিশেষ, মশালা বিশেষ।

Carbon, *n. s.* Lat. [In Chemistry.] নানা দ্রব্যহইতে জাত কৃষ্ণ বর্ণ ঝনঝনে অথচ চুষক দ্রব্য বিশেষ।

Carbonaceous, *a.* পূর্ব্বোক্ত দ্রব্যবিশিষ্ট।

Carbonado, *n. s.* Fr. আড়াআড়ি ছিন্ন মাংস, কাবাবিগোস্ত, কাটা মাংসবিশেষ।

To **Carbonado**, *v. a.* কাট, ছেদ-কৃ, কুটি২ করিয়া-কাট, কুচি২-কৃ।

Carbonick, *a.* কারবন নামক দ্রব্যবিষয়ক।

Carbuncle, *n. s.* Lat. পদ্মরাগমণি- রক্তিমাবর্ণ ব্রণ কিম্বা ফুষ্কুড়ি বিশেষ।

Carbuncled, *a.* পদ্মরাগমণিবিশিষ্ট, অন্ধকারে দীপ্তিকারি মণি বা আভরণবিশিষ্ট, ফুষ্কুড়িময়, স্ফোটককর্তৃক কুরূপ বা বিকার বিশিষ্ট, রক্তিমাবর্ণ ব্রণে আবৃত কদর্য্য।

Carbuncular, *a.* পদ্মরাগ মণির ন্যায় অন্ধকারে দীপ্তিকারক, পদ্মরাগবিশিষ্ট।

Carbunculation, *n. s.* কুঁড়ি ছেদন, পাকড়ি ভঞ্জন, চারা কাটন, কুঁড়ি নষ্ট করণ।

Carcanet, *n. s.* Fr. গলার আভরণ বিশেষ, মুক্তার হার, দানা, মালা।

Carcass, *n. s.* Fr. পশুশব, শব, মৃত শরীর, ঘৃণাপ্রয়োজকার্থে শরীর, গলিতাংশ, বাহ্যাংশ. [In Gunnery.] গোলাবিশেষ।

Carcelage, *n. s.* Lat. কয়েদখানার বেতন বিশেষ।

Carceral, *a.* কারাগার সম্বন্ধীয়।

Carcinoma, *n. s.* নালীক্ষতবিশেষ, চক্ষুরোগবিশেষ।

Carcinomatous, *a.* নালী, দোষপ্রাপ্ত, বিকারপ্রাপ্ত।

Card, *n. s.* Fr. তাস, গঞ্জিফা, কোম্পাসের দিগঙ্কিত জাহাজের কাগজ বিশেষ যাহার উপর বায়ুর গতি চিহ্ন করে, চিরুণী বিশেষ যদ্দ্বারা পশম কিম্বা শণাদি দ্রব্য আঁচড়ায় কিম্বা ধুনে, খবর ইস্তাহার, নিমন্ত্রণ পত্র।

To **Card**, *v. a.* ধুন, পেঁজ, ফোড়, আঁচড়।

To **Card**, *v. n.* তাস-খেল।

Card-table, *n. s.* মেজ, যাহার উপর তাস খেলা হয়, তাসের মেজ, তাসের ছক বা পিঁড়ি।

Cardamine, *n. s.* Gr. বৃক্ষবিশেষ।

Cardamomum, *n. s.* Gr. ঔষধীয় বীজ বিশেষ, এলাইচ।

Carder, *n. s.* যে ব্যক্তি অধিক তাস খেলে, জুয়ারি বিশেষ, ধুনারি বিশেষ, পশম আঁচড়ে বা ধুনে যে।

Cardiacal বা **Cardiack**, *a.* Gr. তেজস্কর, পৌষ্টিক, হৃদ্রোগদূরকারী, সুস্থ হিতকারী, আন্তরিক, যথার্থ।

Cardialgy, *n. s.* বুকজ্বালা বিশেষ।

Cardinal, *a.* Lat. আদি, প্রধান, শ্রেষ্ঠ।

Cardinal, *n. s.* পাপার দেশে গ্রিজার অধ্যক্ষ বিশেষ, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বিশেষ, কুর্‌তি, জামা, আঙ্গা, রক্তবর্ণ বিশেষ।

Cardinal's flower, *n. s.* পুষ্পবিশেষ।

Cardinalate বা **Cardinalship**, *n. s.* পাপার দেশে গ্রিজার অধ্যক্ষের পদ কিম্বা কর্ম্ম, জিম্মা, নাম, সম্ভ্রম।

To **Cardinalize**, *v. a.* মঠের অধ্যক্ষ-কৃ, তৎপদে নিয়োগ-কৃ।

Cardinal-point, *n. s.* দিগ্বিদিগ, পূর্ব্ব পশ্চিম উত্তর দিগ, চারি দিগ।

Cardinal-virtue, *n. s.* সৎকর্ম্ম, পরম গুণ।

Carding, *n. s.* তাস খেলাকরণ, তাস খেলন।

Cardioid, *n. s.* হৃৎপিণ্ডাকার, অর্দ্ধচক্রাকার, বক্রাকার।

Cardmaker, *n. s.* তাসকর, তাস বানায় যে, তাস লেখে যে।

Cardmatch, *n. s.* পলিতা, সলিতা, দীয়াসলাই বিশেষ, গন্ধকাক্ত তাস যদ্দ্বারা অগ্নি ধরায় বা জ্বালায়।

Cardoon, *n. s.* Span. বৃক্ষবিশেষ।

Carduus benedictus, বৃক্ষবিশেষ।

Care, *n. s.* Sax. চিন্তা, ভাবনা, উদ্বেগ, উৎকণ্ঠা, পরওয়া, সাবধানতা, সতর্কতা, মনোযোগ, দৃষ্টি, চেতন, খবরদারী, রক্ষণ পালন, প্রীতি, মমতা।

To **Care**, *v. n.* চিন্তা-কৃ, ভাবনা-কৃ, চেষ্টিত-হ, পরওয়া-কৃ, মনে-কৃ, মনোযোগ-কৃ, ভার-চাহা, প্রীতি-কৃ, Take *care* খবরদার-হ, সাবধান-হ, [পোইস,] পশ্য।

Care-crazed, *a.* নিয়ত চিন্তা কর্তৃক পাগল, সদা উদ্বিগ্ন, অন্যমনাঃ।

Care-defying, *a.* নিশ্চিন্ত, অন্যমনাঃ।

Care-tuned, *a.* চিন্তিত, ভাবিত, উদ্বিগ্ন।

Care-wounded, *a.* চিন্তাকর্তৃক পীড়িত, দুঃখিত, ব্যথিত বা আহত।

Carect, *n. s.* জাদু, ভুলান, মনোর, মনোহরঞ্জন।

To **Careen**, *v. a.* Fr. [Sea Term.] নৌকা কালাপাতি কিম্বা দাগ রাজি-কৃ কিম্বা, অন্য মেরামত করিবার নিমিত্তে কাতি-কৃ, আড়-কৃ।

To **Careen**, *v. n.* কাতি-হ, আড়-হ, মেরামত নিমিত্তে একপার্শ্বস্থ-হ।

Career, *n. s.* Fr. ক্রিয়ার শ্রেণী বা গতি নিরূপিত স্থান যেখানে ঘোড়দৌড় হয়, দৌড়, দ্রুত গমন স্থান, সীমা, দৌড়, গতি, দ্রুতগতি, কর্ম্মের গতি।

To **Career**, *v. n.* দ্রুতগতি-হ, দ্রুত-গম, দৌড়, ধাবমান-হ।

Careful, *a.* সচিন্ত, চিন্তিত, উদ্বিগ্ন, নিবিষ্টমনাঃ, সতর্ক, সাবধান, খবরদার, চতুর, চৌকশ, সেয়ানা, কর্ম্মঠ, পরিণামদর্শী, পশ্চাদ্দর্শী, দূরদর্শী, বিবেচক।

Digitized by Google

Carefully, *a.* সাবধানতাপূর্ব্বক, সন্তর্পণে, মনোযোগে, বিবেচনা পূর্ব্বক, পশ্চাদ্দর্শনপূর্ব্বক, দূরদর্শিত্বরূপে।

Carefulness, *n. s.* সাবধানতা, খবরদারী, সতর্কতা, চেষ্টা, চতুরতা, পশ্চাদ্দর্শন, দূরদর্শন।

Careless, *a.* ভোলা, অন্যমনাঃ, অচিন্ত, নিশ্চিন্ত, অসাবধান, আলস্য, সুস্তী, ঢিলা, অমনোযোগী, অবিবেচক, বেঠাওর, বেপরওয়া, অসতর্ক, অপরিণামদর্শী, দূরদৃষ্টিরহিত, পশ্চাদ্দর্শন বা বিবেচনা নাই যাহার।

Carelessly, *ad.* অসাবধানতারূপে, আলস্যপূর্ব্বক, অমনোযোগপূর্ব্বক, অসতর্কতাপূর্ব্বক, বিবেচনা না করিয়া অগ্র পশ্চাৎ না দেখিয়া কিম্বা ভাবিয়া না দেখিয়া না শুনিয়া, গাফিলিপূর্ব্বক।

Carelessness, *n. s.* অসাবধানত্ব, বেখবরদারি, অচেতনত্ব, নিশ্চিন্ততা, অসতর্কতা, অমনোযোগ, অবিবেচনা অপরিণামদর্শন, আলস্য, গাফিলি।

Carentane, *n. s.* Fr. পোপের মতে ক্ষমাবিশেষ, পোপীয় ক্ষমা, অপরাধ মার্জনা।

To **Caress**, *v. a.* Fr. স্নেহ-কৃ, আদর-কৃ, পেয়ার-কৃ, সোহাগ-কৃ, নেঙ্গাপেঙ্গা-কৃ, খেলা-কৃ, প্রেম-কৃ, ভাল-বাস।

Caress, *n. s.* আদর সোহাগ, স্নেহ, এঙ্গাপেঙ্গা, স্নেহ, প্রেম, পেয়ার।

Caret, *n. s.* Lat. লিখনে চিহ্ন বিশেষ যদ্দ্বারা টীপ্পনী কিম্বা উপর লেখা জানা যায়, হংস পদ যথা।

Cargason, *n. s.* Span. বোঝাই, জাহাজের মাল।

Cargo, *n. s.* Fr. বোঝাই, ভরা, মাল, খেপ জাহাজে বোঝাই।

Caricature, *n. s.* Ital. যে চিত্র বিশেষে দ্রব্যের অবয়ব বিকৃত হয়, অসুশ্রী আকার, কুৎসিতা মূর্ত্তি, যথার্থ অবয়ব বা ভাব বিকৃতরূপে লিখন বা চিত্র ব্যঙ্গ বা ঠাট্টারূপে গঠন বা চিত্র করণ বা তচ্চিত্র।

To **Caricature**, *v. a.* পরিহাস-কৃ, ঠাট্টা-কৃ।

Caricaturist, *n. s.* তৎকর্ম্ম করে যে, যথার্থ অবয়ব বা ভাব বিকৃতিপূর্ব্বক লিখে যে, ঠাট্টা করে যে।

Caricous Tumour, Lat. স্ফীতি বিশেষ, ডুম্বুরাকার ফুলা।

Caries, *n. s.* Lat. অস্থির গলিত ভাব. পচা, দুর্গন্ধ, অস্থির জীর্ণতা।

Carinated Leaf, Lat. পৃষ্ঠউচা পত্র, পত্র যাহার পৃষ্ঠ বাহির করা।

Cariosity, *n. s.* পচা, দুর্গন্ধের ভাব বা তদবস্থা, গলিতত্ব, সড়া, পচা।

Carious, *a.* সড়া, পচা, গলিত।

Cark, *n. s.* Sax. চিন্তা, উপায়, উদ্বেগ, পরওয়া, খবরদারী।

To **Cark**, *v. n.* সতর্ক-হ, খবরদার-হ, সচিন্ত-হ, দূরদর্শী-হ।

Carking, *n. s.* সাবধানতা, সতর্কতা, খবরদারি, দূরদর্শন, উদ্বেগ, চিন্তা, ভাবনা।

Carle, *n. s.* Sax. ক্ষুদ্র, নীচ, পাজী, অধম. চাষা, মূঢ়, অসভ্য, কড়া, শক্ত, গোঁয়ার. পশুবৎ, মূর্খ, আনাড়ী।

Carle, *n. s.* শণবিশেষ।

To **Carle**, *v. n.* পশুবদাচারী-হ, ক্ষুদ্র বা নীচ ব্যবহার-কৃ।

Carline Thistle, Lat. বৃক্ষবিশেষ।

Carlings, *n. s.* নৌকার গুঁড়া, কাতাবাড়ী, জাহাজেরবাড়েরকাষ্ঠ।

Carlish, *a.* গোঁয়ার, মূর্খ, আনাড়ী, পশু, স্বার্থী, লোভী, প্রতিবাদী, বিপরীত।

Carlishness, *n. s.* মূর্খতা, পশুত্ব, স্বার্থপরত্ব।

Carlot, *n. s.* পাড়াগাঁইয়া, বনুয়া, দেহাতি, পল্লীগ্রামস্থ, কোন দেশের লোক।

Carman, *n. s.* গাড়োয়ান, সারথী, রথী, গাড়ি চালায় বা হাঁকায় যে।

Carme বা **Carmelite**, *n. s.* রোমাণ কাতোলিক মতে এক প্রকার সন্ন্যাসী, ফকীর, সন্ন্যাসী, ভিক্ষুক।

Carmelin বা **Carmelite**, *a.* কারমালাইট নামক মতাবলম্বী বা তৎসম্বন্ধীয়।

Carmelite, *n. s.* ফলবিশেষ।

Carminative, *n. s.* বায়ুরেচক, বায়ুনাশক ঔষধবিশেষ।

Carmine, *n. s.* ওড়ুপুষ্পের ন্যায় রক্তবর্ণ রঙ্গ, লালরঙ্গ।

Carnage, *n. s.* Fr. সংহার, হত্যা, নিপাত, খুন, বধ, কাটাকাটি, রাশীকৃত মাংস।

Carnal, *a.* Lat. শারীরিক, ঐহিক, কামী।

Carnal-minded, *a.* সাংসারিক বিষয়ে মগ্ন, সংসার বিষয় ধ্যায়ী, সাংসারিক বিষয়ে মনন যাহার।

Carnal-mindedness, *n. s.* সাংসারিক বিষয়েমগ্নত্ব বা ধ্যায়িত্ব, মূর্খত্ব, মনের স্থূলভাব বা বিকার।

Carnalist, *n. s.* শারীরিক সুখে বা বিষয়ে নিমগ্ন বা ক্লিপ্ত, ঐহিক সুখে রত, কামী, কামবিশিষ্ট।

Carnalite, *n. s.* সাংসারিক বিষয়ে মনন যে ব্যক্তির।

Carnality, *n. s.* পার্থিবতা, শারীরিক চেষ্টা, কাম, লোচ্চামী, মনের বিকার।

To **Carnalize**, *v. a.* শারীরিক সুখে বাবিষয়ে নিমগ্ন-কৃ বা পতন-কৃ।

Carnally, *ad.* পার্থিবরূপে, কামুকত্বরূপে, শারীরিক ধর্ম্মানুসারে, শারীরিক বা ঐহিক মতে, লোচ্চামিরূপে, লম্পটতারূপে।

Carnation, *n. s.* মাংসের ন্যায় বর্ণ বিশেষ, পুষ্পবিশেষ।

Carnationed, *a.* মাংসের বর্ণবৎ, মাংসের বর্ণন্যায় রংকৃত বা তদ্বর্ণ।

Carnelion, *n. s.* প্রস্তর বিশেষ, পলাবিশেষ।

Carneous, *a.* মাংসল, মাংসবিশিষ্ট, স্থূলকায়, মোটা।

Carney, *n. s.* অশ্বের রোগ বিশেষ, ঘোড়ার ব্যাধি তাহাতে তাহার মুখেতে কাঁটার ন্যায় মাংস হয় যন্নিমিত্তে আহার করিতে পারে না।

Carnification, *n. s.* মাংস বর্দ্ধন, মাংস করণ, মাংস জন্মান।

To **Carnify**, *v. n.* মাংসী-হ, মাংসল-হ, মাংসবৃদ্ধি-হ, মাংস জন।

Carnival, *n. s.* Ital. পাপার দেশের উৎসব বা পর্ব্ববিশেষ।

Carnivorous, *a.* মাংসাহারী, মাংসভোজী, মাংসাশী।

Carnosity, *n. s.* মরামাংস, ক্ষতের উপরে দুষ্ট মাংস, মাংস পিণ্ড, আবু।

Carnous, *a.* মাংসল, আবু, মাংসপিণ্ডবিশিষ্ট, স্থূল।

Carob, স্পানিয়া দেশে বৃক্ষবিশেষ।

Caroche, *n. s.* Ital. গাড়ি বিশেষ, বড় গাড়ি, হাওদাওয়ালা গাড়ি, সুখাসন।

Caroched, *part. a.* গাড়িতে উপবিষ্ট, গাড়িতে স্থিত, গাড়িবিশিষ্ট বা যুক্ত।

Carol, *n. s.* Ital. আহ্লাদসূচকগীত, স্তুতি, সংকীর্ত্তন, সংগীত, গীত।

To **Carol**, *v. n.* আহ্লাদে গান-কৃ, সংকীর্ত্তন-কৃ, স্তুতি-কৃ।

To **Carol**, *v. a.* জয়বাদ-দা, প্রশংসা-কৃ, স্তব পাঠ-কৃ, স্তুতি-কৃ।

Caroling, *n. s.* স্তব, গান, সংকীর্ত্তন, সংগীত, স্তুতিগান।

Carotid, *a.* রক্তপ্রবাহক নাড়ী দ্বয়, সুষুপ্তিকর রক্তপ্রবাহক নাড়ী দ্বয়বিশিষ্ট।

Digitized by Google

Carotidal, *a.* রক্তপ্রবাহ কনাড়ী বিশেষ।

Carousal, *n. s.* মহোৎসব বিশেষ বা তদর্থে পান, উৎসব, আমোদ, পরব।

To **Carouse,** *v. n.* Fr. আনন্দ-কৃ, যথেষ্ট পান-কৃ, মত্ত-হ, মাতওয়ালা-হ।

To **Carouse,** *v. a.* পান-কৃ, খাইয়া-ফেল, পান করিয়া-ফেল।

Carouse, *n. s.* অধিক পান, অতিরিক্ত পান, উদর ভরিয়া মদ্য পান, মদ্যপানের সঙ্গী, মদের ইয়ার, একত্রে মদ্যপান করে যে বা যাহার সঙ্গে।

Carouser, *n. s.* মদ্যপায়ী, পানকর্ত্তা, আনন্দী।

Carp, *n. s.* Fr. পুষ্করিণীর মৎস্যবিশেষ।

To **Carp,** *v. n.* Lat. বাদানুবাদ-কৃ, ছলগ্রহণ-কৃ, দোষগ্রহণ-কৃ, দোষী-হ, দূষ্য-হ, বাদানুবাদ-কৃ।

To **Carp,** *v. a.* বদনাম-কৃ, দোষ-দা, নিন্দা-কৃ, আপত্তি-কৃ, অস্বীকার-কৃ।

Carpenter, *n. s.* Fr. সূত্রধর, বাড়ুই, ছুতার, গৃহ নির্ম্মাণ করে যে, জাহাজ বানায় যে।

Carpentry, *n. s.* সূত্রধরের কর্ম্ম বা হুনর, বাড়ুইয়ের বিদ্যা বা কর্ম্ম বা বাড়ুয়ের ব্যবসায়।

Carper, *n. s.* দোষকথক, তকরারী, কষ্টকল্পনাকারক, বাদানুবাদক, হুজ্জতি।

Carpet, *n. s.* Dutch. শতরঞ্জি, গালিচা, দরি, আসন, চিত্রিত বস্ত্রবিশেষ, পুষ্পদ্বারা অলঙ্কৃত নানাপ্রকার দ্রব্য, চিত্রবিচিত্রীকৃত বস্তু, অনায়াস বা স্বচ্ছন্দাবস্থা, সমান ও পরিষ্কার ভূমি, To be on the *carpet*, প্রসঙ্গ-কৃ, প্রস্তাব-কৃ, রুবকারি-কৃ, বিবেচনা-কৃ বা -হ।

To **Carpet,** *v. a.* গালিচা, কিম্বা শতরঞ্জি বিছা, আসন-কৃ।

Carpet-walk বা **Carpet-way,** *n. s.* ঘাসের কেয়ারী, ঘাসের উপর দিয়া পথ।

Carping, *part. a.* দোষ কথক, নিন্দক, নিন্দাজনক বা তদ্বিশিষ্ট।

Carping, *n. s.* নিন্দা, দ্বেষ, অপবাদ, কলঙ্ক, কটুবাক্য, গালাগালি।

Carpingly, *ad.* দোষকথনপূর্ব্বক।

Carpmeals, *n. s.* ইংগ্লণ্ডের উত্তর দেশ জাত এক প্রকার মোটা কাপড়বিশেষ।

Carpus, *n. s.* Lat. হস্তের পোঁছা, হাতের কব্জা।

Carrack, Carack শব্দ দেখ।

Carrat, Carat শব্দ দেখ।

Carraway, Caraway. শব্দ দেখ।

Carriable, *a.* যাহা লইয়া যাওয়া যায়, বহনীয়, স্থানান্তর করণীয়।

Carriage, *n. s.* Fr. গাড়ি, যান, বাহন, আমল, দখল, বহন, বহন করণ, লইয়া যাওন, প্রাপণ, ঢোলাই, বারবরদারী বহনী, গাড়ি যাহার উপর কামান, থাকে কামান টানা বা বহনকারি গাড়ি, ব্যবহার, আচার, চাইল, গতি, ভাব, চলন।

Carrier, *n. s.* সমাচারদাতা কপোত বিশেষ, বাহক, বারবরদার, ভারী, মুটে, ধাউড়ে, কাসদ, লইয়া যায় যে, বহন করে যে।

Carrion, *n. s.* Fr. অখাদনীয় পচা মাংস, মড়া, পচামড়া, স্ত্রী লোকের ঘৃণা বাচক নাম।

Carrion, *a.* মড়া খেকো, মড়ার, মড়া আহার বিষয়ক।

Carronade, *n. s.* ক্ষুদ্র কামান, বন্দুক বিশেষ।

Carrot, *n. s.* Fr. গাজর, ভক্ষণীয় মূলবিশেষ।

Carroty, *n. s.* পিঙ্গলবর্ণ কেশ অর্থ বাচক শব্দ, পিঙ্গল কেশ বা রক্তবর্ণরূপ।

Carrows, *n. s.* Irish. তাস কিম্বা পাশা ক্রীড়োপজীবী বিশেষ, খেলার উপর নির্ভর যাহার, খেলাবৃত্তি করে যে।

To **Carry,** *v. a.* Fr. ঘোড়ার মুখ ঊর্দ্ধ কিম্বা অধঃ করিয়া-গম, হরিণের গতি বিশেষ।

To **Carry,** *v. n.* লইয়া-গম, স্থানান্তর-কৃ, ঢোয়, বহ, লইয়া ফির পাঠাইয়া-দা, জোর করিয়া লইয়া-গম, গ্রহণ-কৃ, অবধারণ-কৃ, ঈর্ষাতে প্রাপ্ত-কৃ, প্রাপ, প্রবেশ-কৃ, শেষ-কৃ, সম্পন্ন-কৃ, নির্ব্বাহ-কৃ, চালা, ব্যবহার-কৃ, চল, অগ্রে-বাড়, বৃদ্ধি-কৃ, দৃশ (ক্রি), প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, অর্থ-কৃ, সংলগ্ন-কৃ, সংহার-কৃ, হিংসা-কৃ, লইয়া পলায়ন-কৃ, *To carry on*, বৃদ্ধি-কৃ, উন্নত-কৃ, চালা, পর্য্যবসান-কৃ, অবিশ্রান্তে-কৃ, *To carry through*, রক্ষা-কৃ।

Carry-tale, *n. s.* গপ্যা, গপ্প করিয়া বেড়ায় যে, গপ্প উড়ায় যে, খবর দেয় যে।

Cart, *n. s.* Sax. গাড়ি, দুই চাকার গাড়ি, ছকড়া, শকট বিশেষ, যান বা গাড়ি বিশেষ যাহাতে অপরাধি লোককে সাজা দিতে বা খুন করিতে লইয়া যায়।

To **Cart,** *v. a.* গাড়ি বোঝাই-কৃ, গাড়ি-ভর. গাড়িতে বান্ধিয়া কেঁট-মার, সাজা দেওনার্থে গাড়িতে-রক্ষ, ফেল বা চড়(ক্রি)।

To **Cart,** *v. n.* গাড়ি বোঝ-হ, গাড়ি ব্যবহার-হ, গাড়ি-হ।

Cart-horse, *n. s.* ফড়গাড়ির ঘোড়া, বেটো ঘোড়া, ছকড়া গাড়ি টানা ঘোড়া।

Cart-jade, *n. s.* মন্দ ঘোড়া, দুষ্ট অশ্ব, অপকৃষ্ট ঘোটক।

Cart-load, *n. s.* গাড়ির বোঝ, গাড়ির খেপ, গাড়ির বোঝ উপযুক্ত দ্রব্য, এক গাড়িমাল বা দ্রব্য।

Cart-rope, *n. s.* গাড়ির রসা, গাড়ির বোঝাইদ্রব্য বন্ধন বা আটককারি দড়িবিশেষ, গাড়ির দড়ি।

Cart-way, *n. s.* গাড়ির পথ. গাড়ির উপযুক্ত পথ, পথ যাহাতে স্বচ্ছন্দে গাড়ি যাতায়াত করিতে পারে।

Cartage, *n. s.* গাড়ির খাটুনি, গাড়িভাড়া, গাড়ির বেতন, গাড়ির কর্ম্ম।

Carte blanche, Fr. শাদা কাগজ, বেদস্তখৎ পত্র, অলিখিত পত্র, প্রেরিত অলেখা কাগজ বা পত্র।

Cartel, *n. s.* Fr. কয়েদী, সন্ধিসূচক উভয় পক্ষীয় যুদ্ধ লব্ধ ব্যক্তি কিম্বা দ্রব্যের উদ্ধার করণের নিয়ম বা জাহাজ কয়েদী লোক পঁহুছিয়া দিবার জাহাজ বিশেষ, সলার লিখন, সন্ধি পত্র, কয়েদী অরির, বিনিময়ার্থে জাহাজ, নিয়ম পত্র, করারনামা, যুদ্ধার্থে আহ্বান পত্র, যুদ্ধ যাত্রা বা দাবি, শাসন, আড়িকরণ।

To **Cartel,** *v. a.* জেদ-কৃ, বাদ-কৃ, প্রতিবাদ-কৃ, ধমকা, শাসন-কৃ আস্পর্দ্ধা-কৃ,।

Carter, *n. s.* গাড়োয়ান, গাড়িওয়ালা, সারথী, গাড়ি চালায় বা হাঁকে যে।

Carterly, *ad.* চাষার মত, গাড়োয়ানের ন্যায়, মূর্খতা বা গোঁয়ার তিমিরূপে।

Cartesian, *a.* ডিসকার্তস নামক ব্যক্তির দর্শনবিদ্যাবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Cartesian, *n. s.* কার্টীসিয়ন নামক দর্শন শাস্ত্রাবলম্বী।

Carthusian, *n. s.* কারত্রুসন নামক আখড়ার উদাসীন বা সন্ন্যাসী।

Carthusian, *a.* কারত্রুসন নামক আখড়া সম্বন্ধীয় বা বিষয়ক, ধাতু বিশেষের নাম।

Cartilage, *n. s.* Lat. উপাস্থি, কোমল অস্থি বিশেষ।

Cartilagineous বা **Cartilaginous,** *a.* উপাস্থিবিশিষ্ট, কোমল অস্থিবিশিষ্ট।

Digitized by Google

Cartoon, *n. s.* Ital. পট, চিত্রিত কাগজ, চিত্রিতপত্র, নক্সা।
Cartouch, *n. s.* Fr. তোষদান, বোমের গোলা বিশেষ।
Cartrage বা **Cartridge**, *n. s.* টোটা, বারুদ গুলির টোটা।
Cartrut, *n. s.* শকটচক্রচিহ্ন, গাড়ির চাকার দাগ।
Cartulary, *n. s.* Fr. কাগজ ও হিসাব ইত্যাদি থাকে যে স্থানে বা রাখে যে, দপ্তর রক্ষক, সিরিস্তাদার।
Cartwright, *n. s.* শকটনির্ম্মাণকর্ত্তা, ছকড়াগাড়ি বানায় যে, গাড়ি বানায় যে, গাড়ির মেস্ত্রী বা নির্ম্মাণকর্ত্তা।
Carucate, *n. s.* Lat. কৃষ্যপযুক্ত ভূমি, চাষের জমি, এক লাঙ্গলে সম্বৎসরে যত ভূমি চষিতে পারে তৎপরিমাণ ভূমি, চষাভূমি।
Carve, *n. s.* পূর্ব্বোক্ত ভূমি।
To **Carve**, *v. a.* Sax. কাষ্ঠ প্রস্তর কিম্বা অন্য দ্রব্যের উপর কোন গড়ন-কৃ, খোদ, কারিগরী-কৃ, খোদকারি-কৃ, তক্ষণ-কৃ, তক্ষণ কর্ম্ম-কৃ, চিত্র-কৃ, মাংস-কাট, মাংস কাটিয়া-বাটা, অন্নাদিদ্রব্য বণ্টন-কৃ।
To **Carve**, *v. n.* ভাস্করের ব্যবসায়ী-হ, তক্ষণ কার্য্য শিক্ষা বা অভ্যাস-কৃ।
Carvel, *n. s.* ক্ষুদ্র জাহাজ, Caravel শব্দ দেখ।
Carvel, *n. s.* সমুদ্রজ বৃক্ষ বা লতা বিশেষ।
Carver, *n. s.* ভাস্কর, খোদকারিগর, যে ব্যক্তি ভোজন করিতে বসিয়া মাংস কাটে।
Carving, *n. s.* মূরত, পুত্তলিকা, খোদকারি নক্সা, খোদকারি কর্ম্ম, *Carving* knife, বড় ছুরিকা যদ্দ্বারা মাংস কাটে।
Caruncle, *n. s.* Lat. মাংসপিণ্ড, আবু।
Carunculated, *a.* আবুবিশিষ্ট, স্ফীতিযুক্ত, উচ্চ।
Caryates বা **Caryatides**, *n. s.* গৃহ নির্ম্মাণে স্ত্রী লোকের মূর্ত্তি খোদকারি কর্ম্ম, চূণখামের উপর স্ত্রীমূর্ত্তি লেখন বা গড়ন।
Cascade, *n. s.* Fr. ঝোরা, মতিঝিল, জলঝরণা, অতিবেগপূর্ব্বক জলের পতন বা পড়ে যে স্থানে।
Case, *n. s.* Fr. আচ্ছাদন, গেলাপ, খোল, খাপ, দান, বন্ধ, সিন্দুক, ডিবা, গৃহ বা ঘরের বাহ্যাংশ, অসম্পূর্ণগৃহ বা ইমারত।
Case-knife, *n. s.* বড় ছুরিকা বিশেষ, বাবুরচিখানার ছুরি।
Case-shot, *n. s.* একত্রীভূত গুলিসমূহ, ডিবায় পুরা গুলি, ছিটে।
Case, *n. s.* Lat. অবস্থা, দশা, বৃত্তান্ত, শরীরের অবস্থা, পীড়ার বিবরণ, মোকদ্দমা. In case, যদ্যপিস্যাৎ. [In Grammar.] কারক।
To **Case**, *v. a.* আবৃত-কৃ, গেলাপ-দা, খাপ-দা, চামড়ায় আচ্ছাদন বা মণ্ডিত-কৃ, ছাও, চর্ম্ম-ছোল, নিশ্চর্ম্ম-কৃ, চর্ম্ম-খোল।
To **Case**, *v. n.* আবৃত-হ, আচ্ছাদিত-হ।
To **Caseharden**, *v. a.* গাত্র শক্ত-কৃ, বাহ্যাংশ দৃঢ়-কৃ, কঠিন-কৃ।
Casemate, *n. s.* Ital. [In fortification.] বুরুজের ভিতরে প্রস্তরময় ঘর, খিলান ঘর বিশেষ, মৃত্তিকার নীচে গুদাম বা ঘর।
Casement, *n. s.* Ital. হাসকলওয়ালা জানালা।
Caseous, *a.* Lat. পনিরবৎ, পনিরের ন্যায়।
Casern, *n. s.* Fr. [In Fortification.] সৈন্য থাকিবার গৃহ বিশেষ, সংলগ্ন ঘর।
Caseworm, *n. s.* কাঠঠোকরা কীট বিশেষ, কাঠের খোলকারি কীট বিশেষ।
Cash, *n. s.* Fr. নগদ, রোকটাকা, টাকা, মুদ্রা।
Cash-keeper, *n. s.* তহসিলদার, খাজানচি, টাকা রাখে যে।
To **Cash**, *v. a.* মিতি কাটিয়া টাকা-দা, ভঞ্জ, চিটী বা হুণ্ডী ভঞ্জ।
To **Cash**, *v. a.* Fr. ত্যাগ-কৃ, ফেলিয়া-দা, অকর্ম্মণ্য জানিয়া ত্যাগ-কৃ।
Cashewnut, *n. s.* বৃক্ষ বিশেষ, হিজলিবাদাম।
Cashier, *n. s.* রোকড়্যা, তহসিলদার, পোদ্দার।
To **Cashier**, *v. a.* Fr. নাম কাটিয়া-দা, কর্ম্মহইতে ছাড়াইয়া-দা, অপমানপূর্ব্বক দূর করিয়া-দা।
Cashoo, *n. s.* গোঁদ বা আটা বিশেষ।
Casing, *n. s.* আবরণ, গেলাপ, আচ্ছাদন, শুষ্ক গোবর, ঘুঁটিয়া, ঘসি।
Cask, *n. s.* Fr. পিঁপা।
To **Cask**, *v. a.* পিঁপায়-ভর, পিঁপা-পুর, পিঁপায়-রক্ষ-বা ঢাল।
Cask বা **Casquet**, *n. s.* মস্তক রক্ষক, মস্তক ও কপোল রক্ষক বা আবরণ টুপি বিশেষ, মাথায় সাজওয়া।
Casket, *n. s.* গহনার সিন্দুক, খেমী।
To **Casket**, *v. a.* ডিবায়-রক্ষ, ডিবায় বা সিন্দুকে-ভর।
To **Cass**, *v. a.* বাতিল-কৃ, রদ-কৃ।
Cassamunair, *n. s.* সুগন্ধিদ্রব্য বিশেষ, মশালা, গন্ধদ্রব্য।
To **Cassate**, *v. a.* Lat. ত্যাগ-কৃ, বাতিল-কৃ, অকর্ম্মণ্য-কৃ, রদ-কৃ।
Cassation, *n. s.* অকর্ম্মণ্য করণ, বাতিল করণ।
Cassavi বা **Cassada**, *n. s.* বৃক্ষ বিশেষ।
Cassaware, **Cassiowary** শব্দ দেখ।
Cassia, *n. s.* সোণালি, দারুচিনি বিশেষ।
Cassia, *n. s.* বৃক্ষ বিশেষ, কালকাসুন্দা।
Cassidony, *n. s.* বৃক্ষ বিশেষ।
Cassino, *n. s.* ক্রীড়া বিশেষ, তাস খেলা বিশেষ।
Cassiowary, *n. s.* বড় পক্ষিবিশেষ।
Cassock, *n. s.* Fr. যাজক বা পাদরি লোকের পরিধেয় বস্ত্র বিশেষ, প্রাচীন সেপাহীর মেরজাই বা আঙ্গরাখা বিশেষ।
Cassweed, *n. s.* লতা বৃক্ষ বিশেষ।
To **Cast**, *v. a.* Dan. হস্তদ্বারা-ক্ষিপ্ত, হাতে করিয়া-ফেল, ফেলিয়া-দা, ত্যক্ত-কৃ, বর্জ্জন-কৃ, নির্গুণ বা অকর্ম্মণ্য জ্ঞানে ত্যাগ-কৃ, ছার(ঞি) ফেল, টানিয়া-ফেল, ছাড়িয়া-দা, বুন, রূপ, জোরে-গম(ঞি), ছায়া-কৃ, ছায়া-দা, ঢাক, উপরহইতে-উৎক্ষিপ্ত, উচ্চ স্থানহইতে ফেলিয়া-দা, বা-ক্ষিপ, জাল-ফেল, বিস্তীর্ণ-কৃ, পাত(ঞি), ছাড়িয়া-দা, পড়িতে-দা, আছাড়-মার, আছাড়-দা, উৎক্ষিপ, উদ্ধারণ পূর্ব্বক ফেলিয়া-দা, গুলিবাঁট-কৃ, আনা, উপস্থিত-কৃ, হঠাদুপস্থিত-কৃ, মাটি দিয়া গুম্ফন-কৃ, অবস্থান্তর-কৃ, পদচ্যুত-কৃ, অবস্থাচ্যুত-কৃ, অবস্থাবিশিষ্ট-কৃ, দোষী জানিয়া পতিত-কৃ, অপরাধী প্রমাণ করিয়া শেষ-কৃ, মোকদ্দমায়-হার (ঞি) বা পরাভূত-কৃ, হটাইয়া-দা, হারাইয়া-দা, ছাড়াইয়া-দা, কর্ম্মচ্যুত-কৃ, পশ্চাতে-রক্ষ, পার্শ্ববর্ত্তী-কৃ, পার্শ্বে-রক্ষ, ঢিবি-কৃ, উচ্চ-কৃ, বৃথা-কৃ, নিষ্ফলা-কৃ, অতিভারি-কৃ, গণনা-কৃ, হিসাব-কৃ, সংখ্যা-কৃ, চেষ্টা-কৃ, উদ্যোগ-কৃ, ফিকির-কৃ, বিবেচনা-কৃ, রসাতলে-ফেল, বিচার-কৃ, তজবিজ-কৃ, নৃত্যের অঙ্ক স্থির-কৃ, নজর-কৃ, দৃষ্টিপাত-কৃ, চাহিয়া-দৃশ্য, পরাঙ্মুখ-কৃ, চাল(ঞি), ছাঁচে-গড়, ঢাল, ছাঁচে-ঢাল, ধাতু গলাইয়া ছাঁচে-ফেল, কিম্বা ছাঁচে নির্ম্মাণ-কৃ, গর্ভস্রাব-কৃ, ছাঁচ-কৃ, নিমুনা-কৃ, চাঁচা-কৃ, জ্ঞাপ, ছাড়িয়া-দা, মার, প্রহার-কৃ, *to cast aside*, অনুপযুক্ত বা অকর্ম্মণ্য পুরঃসরে ছাড়াইয়া-দা বা ত্যাগ-কৃ, *to cast away*, জাহাজ চড়ায় বা পাহাড়ে ভাঙ্গিয়া পতিত-হ বা জলে-ভাস কিম্বা ডাঙ্গায়-পত, উড়াইয়া-দা বা-ফেল, বিনাশ-কৃ, উচ্ছিন্ন-কৃ, *to cast back*, পিছে-হট, পিছে আসিয়া-পত, *to cast by*, ত্যাগ-কৃ,

Digitized by Google

ফেলিয়া-দা, *to cast down*, খর্ব্ব-কৃ, উদাস-কৃ- উদ্বিগ্ন-কৃ, ম্রিয়মাণ-কৃ, বিষণ্ণ-কৃ, *to cast forth*, উঠাইয়া বা উড়াইয়া-ফেল, উদ্গির, তুলিয়া-ফেল, *to cast off*, পদচ্যুত-কৃ, পদভ্রষ্ট-কৃ, ছাড়াইয়া-দা, তাড়াইয়া-দা, অগ্রাহ্য-কৃ, দূর-কৃ, ফিরিয়া-দা, ভার রহিত-কৃ, আত্মভার খালাস-কৃ, ভারশূন্য-হ, খালাস-প্রাপ, পশ্চাৎ-স্থা বা-রক্ষ, *to cast off*, শীকার করণ বিদ্যার ভাষায় শব্দ বিশেষ, কুক্কুর ছাড়িয়া-দা, *to cast out*, বাটীর বাহির করিয়া-দা, ত্যাগ-কৃ, দূর-কৃ, ফিরিয়া-দা, ছিদ্র-কৃ, ফুকর-কৃ, পথ কাটিয়া বা খুলিয়া-দা, কথ, বাক্য কথ, *to cast up*, হিসাব-কৃ, ঠিক-দা, জুমুল-কৃ, ন্যস্থার করিয়া-ফেল, উদ্গির, বমন,কৃ, *to cast upon*, রুজু-কৃ, রুজু-দা, বরাৎ-দা।

To Cast, *v. n.* চেষ্টা-হ, চেষ্টিত-হ, ভাব, ভাবিত-হ, ঢাঁচা-হ, গঠিত-হ, আকার-হ, বক্র-হ, কুঞ্চ, সঙ্কুচিত-হ, উদ্গির-হ, *to cast about*, চেষ্টা করিয়া-ফির, ফিরয়া ঘুরিয়া-গম।

Cast, *n. s.* উৎক্ষেপকরণ, ফেলিয়া দেওন, প্রক্ষিপ্তবস্তু, ফেলা বা উৎক্ষিপ্তাবস্থা, ফেলিয়া দিবার রীতি বা তর, যৎকর্তৃক উৎক্ষেপণ হয় তাহার পরিমাণ, আঘাত, মারি, ঘা, সংস্পর্শ, স্পর্শ, ছোঁয়া, চক্ষুর পলক, চক্ষুর নিমিষ, পাশা ফেলন, দান ফেলন, দান ধরণ, দান রক্ষণ, ছাঁচ, ঢাঁচা, রকম, আদর্শ, ছায়া, আবর্ত্তন, ঢাকন, বাহ্যাংশ, বাহ্যদৃষ্টি, আড়া, রীতি, চলন, দস্তুর, বদন, চেহারা, আকার, উড়ন, পলায়ন, জাতি, কুল, বংশ, গোষ্ঠী, গোত্র, প্রতারণা, ঠকান, প্রবঞ্চনা, দুষ্টতা, ধাতু দ্রব্যের গড়ন, ঢালন বা গড়ন।

Castanet, *n. s.* Span. নর্ত্তকের বাদ্য যন্ত্র বিশেষ, করতালীবিশেষ, হস্তির দন্ত কিম্বা কাষ্ঠের ঝুমঝুমি বিশেষ, নূপুর বা ঝাঁঝরিবিশেষ।

Castaway, *n. s.* নিষ্প্রয়োজনক, অকর্ম্মণ্য, বৃথা।

Castaway, *a.* বিধিবিড়ম্বিত, মহাপাপী, অধম, উত্ত্যক্ত, ত্যাজ্য লোক।

Casted, *part.* Cast, শব্দের অতীতকালবাচক কিন্তু এ শব্দ অশুদ্ধ জানিবেন।

Castellan, *n. s.* Span. রাজগৃহ বা গড়ের অধ্যক্ষ কিম্বা রক্ষক।

Castellany, *n. s.* দুর্গাধিকার পদ, গড়ের অধ্যক্ষের পদ বা কর্ম্ম।

Castellated, *a.* দুর্গের ন্যায় বেষ্টিত, ঘেরিত বা দৃঢ়।

Castellation, *n. s.* দুর্গ নির্ম্মাণ করণ, গড়ের ন্যায় দৃঢ়রূপে গৃহ নির্ম্মাণ করণ, গড়বন্দি বাটী করণ।

Caster, *n. s.* ক্ষেপক, ফেলান্যা, ফেলিয়া দেয় যে, উৎক্ষেপক, হিসাবী, মুহরির, যে ব্যক্তি ঠিক দেয়।

Caster, *n. s.* ছোটচাকা, ঘড়ঘড়ে।

Castification, *n. s.* Lat. সতীত্ব, নির্দোষিত্ব, নির্ম্মলত্ব, সুশীলত্ব।

To Castigate, *v. a.* Lat. প্রহার বা সাজা-দা, ধমকা, দণ্ড-কৃ, লাঞ্ছনা-কৃ, সজুত-কৃ।

Castigation, *n. s.* পাপ বা অপরাধজন্য শারীরিক দুঃখ দেওন বা লওন, পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ দণ্ড, দণ্ড, শাস্তি, ক্লেশ দেওন, সাজা, লাঞ্ছনা, সজুত করণ।

Castigator, *n.s.* পাপের প্রায়শ্চিত্তরূপ দণ্ডকারী, শাস্তিদাতা, দণ্ডকর্ত্তা, লাঞ্ছনা প্রহার বা শাজা দেয় যে বা হয় যদ্দ্বারা।

Castigatory, *a.* প্রায়শ্চিত্ত দণ্ডকারক, শাস্তিপ্রয়োজক।

Casting, *n. s.* উৎক্ষেপণ করণ, ফেলিয়াদেওন, উৎক্ষেপণ, চেষ্টা উদ্যোগ, ফিকির।

Casting-net, *n. s.* খেপলা জাল।

Castle, *n. s.* Lat. গড় বিশেষ, অতিদৃঢ়তর নির্ম্মিত গৃহ বিশেষ, দুর্গ রাজগৃহ, গড়বন্দি গৃহ।

Castles *in the air*, শূন্যে বহিষ্কৃত কর্ম্ম বা ভাব, বাস্তবিক যথার্থ নহে এমত কর্ম্ম বা মতলব, অযথার্থ কল্পনা, বৃথা কল্পনা।

Castle-builder, *n. s.* মনেং সৃষ্টিকর্ত্তা, কাল্পনিক নির্ম্মাণকর্ত্তা।

Castle-building, *n. s.* শূন্যে বা আকাশে গৃহ নির্ম্মাণ, কাল্পনিক বিষয় বা বস্তু, মনে ভবনীয়, মনে হয় বা করে যে বিষয়।

Castle-crowned, *a.* দুর্গকর্ত্তৃক আচ্ছাদিত, গড়ে ঢাকা বা রক্ষিত।

Castle soap, *n. s.* সাবান বিশেষ।

Castled, *a.* সুরক্ষিত, গড় বেষ্টিত, দুর্গাবৃত, মজবুত, সুদৃঢ়।

Castleguard, *n. s.* করভুক্তি, খাজানা দিয়া পাট্টা লওন।

Castlery বা Castelry, *n. s.* কাস্তিলনামক স্থানের শাসন বা রক্ষা কর্ত্তা, দুর্গের অধ্যক্ষ, দুর্গাধ্যক্ষ, রাজগৃহ বা গড়ের অধ্যক্ষ বা কর্ত্তা।

Castlet, *n. s.* ছোট দুর্গ, ছোট গড়।

Castleward, *n. s.* কাস্তিলনামক স্থানের চৌকিদারের বেতন লওন, দুর্গ বা গড় রক্ষকের বৃত্তি বা ভরণ পোষণার্থে শুল্ক বিশেষ।

Castling, *n. s.* নিষ্ফল বা বৃথা বিষয় বা অনর্থক বস্তু।

Castor বা Chester, Sax. নগর, শহর, গড়, দুর্গ।

Castor, *n. s.* Lat. তারার নাম বিশেষ পশু বিশেষ, উদ্বিড়াল, উদ্বিড়াললোম নির্ম্মিত টুপী বিশেষ উত্তম টুপী।

Castor *Oil*, এরণ্ড তৈল, ভেরেণ্ডার তৈল।

Castor and Pollux, অগ্নির ন্যায় উল্কার পতন।

Castoreum, *n. s.* বনবিড়ালের ন্যায় জন্তুর মুষ্কবৎ মাংসপিণ্ড বিশেষ।

Castory, *n. s.* কাস্তোরিয়ম নামক জন্তুর তৈল বা ঘৃত।

Castrametation, *n. s.* Lat. ছাউনিকরণ বা তাহার রীতি, লস্কর গৃহ, বেষ্টন, মন্ত্রণা, চেষ্টা, শিবির সংস্থাপন বিদ্যা, ব্যূহরচনা বিদ্যা।

To Castrate, *v. a.* খাসী-কৃ, খোজা-কৃ, মুষ্ক-ছিন্দ, কোন লিখনে অপকৃষ্ট বা অপাঠ্য অংশ কিম্বা কথা বর্জন-কৃ বা ত্যাগ-কৃ।

Castration, *n. s.* খোজাকরণ মুষ্ক ছেদন, খাসী করণ।

Casteril বা Castrel, *n. s.* বাজপক্ষি বিশেষ।

Castrensian, *a.* কিল্লা সম্বন্ধীয়, সৈনিক, সেনার, ছাউনির, শিবিরসম্বন্ধীয়।

Casual, *a.* Fr. অকস্মাৎ, দৈবি, অনিশ্চিত, অচিন্তনীয়, হঠাদুপস্থিত।

Casually, *ad.* দৈবাৎ, হঠাৎ, অকস্মাৎ, অচিন্ত্যরূপে।

Casualness, *n, s.* দৈব, আকস্মিকত্ব।

Casualty, *n. s.* দৈব, দৈবঘটনা, অকালমৃত্যু, মৃত্যু।

Casuist, *n. s.* Fr. পরমার্থ উপদেশক বিশেষ, দীক্ষাগুরু।

To Casuist, *v. n.* ক্রীড়া-কৃ।

Casuistical, *a.* উপদেশ সম্বন্ধীয়, পারমার্থিক উপদেশ বিষয়ক।

Casuistry, *n. s.* দর্শন শাস্ত্র বিদ্যা, ধর্ম্ম বিষয়ে বিবেচনা, দীক্ষাগুরুর উপদেশ বা বিদ্যা।

Cat, *n, s.* Sax. বিড়াল, মার্জার, জাহাজ বিশেষ।

Cat, *n. s.* নৌকা বিশেষ, জাহাজ বিশেষ।

Cat, *n. s.* ছপায়্যা, দোহারা তেপাই, ছয় পা বা খুরা বিশিষ্ট দ্রব্য।

Cat *in the pan*, শুনিয়া বলন।

Cat *o' nine tails*, *n. s.* নয় ছিটকিবিশিষ্ট চাবুক বিশেষ, কোড়া বিশেষ।

Cat's-paw, *n. s.* প্রতারণার্হ ব্যক্তি, খোসামুদে কিম্বা ধূর্ত্ত ব্যক্তির দ্বারা সহজে ঠকে যে, বোকা।

Digitized by Google

Cat-eyed, *a.* কটা চক্ষুয়া, বিড়াল চক্ষুয়া।
Catabaptist, *n. s.* Gr. ডুবকের প্রতিবাদী, ডুবের প্রতিবাদ, বিপরীতাচারী।
Catachresis, *n. s.* অলঙ্কার শাস্ত্রে সংজ্ঞা বিশেষ।
Catachrestical *a.* বৈলক্ষণ্য, অপকৃষ্ট, অশুদ্ধ।
Catachrestically, *ad.* জোর করিয়া, জবরদস্তিরূপে।
Cataclysm, *n. s.* Gr. জলপ্লাবন, বন্যা।
Catacombs, *n. s.* মৃত্তিকার ভিতরে খোল, গর্ত্ত, খানা, সমাধি, কবর, গোর।
Catacousticks, *n. s.* Gr. প্রতিধ্বনিবিদ্যাসম্বন্ধীয়।
Catadioptrical বা **Catadioptrick**, *a.* Gr. প্রতিবিম্ব, প্রতিছায়া।
Catadupe, *n. s.* ছানিঃ চক্ষুঃ পীড়াবিশেষ, জলধারা, জল ঝোরা।
Catagmatick, *a.* Gr. একত্র করণশীল, বহু অংশ সংযোগকরণশীল, সংগ্রাহক, একত্রকারক।
Catagraph, *n. s.* Gr. চিত্র করণে প্রথম টান, চিত্র, নক্সা।
Catalectick, *a.* Gr. ছন্দঃসম্বন্ধীয়, কবিতা বা পয়ার গ্রন্থনে ছন্দের পরিমাণ বিষয়ক।
Catalepsy, *n. s.* মৃগীব্যাধি বিশেষ, অপস্মার।
To **Catalogize**, *v. a.* তালিকা-কৃ, ফর্দ্দ দাখিল-কৃ, ফর্দ্দ-কৃ, সুমার করিয়া-লিখ।
To **Catalogue**, *v. a.* তালিকা-কৃ, গণনা-কৃ, সুমার,কৃ, সংখ্যা-কৃ, ফর্দ্দ-কৃ।
Catalogue, *n. s.* তালিকা, ইসমনবীশী, ফেরস্ত, ফর্দ্দ, সুমার।
Catalysis, *n. s.* Gr. গলন, দ্রব হওন, নাশ।
Catamaran, *n. s.* নাবিক ভাষায় ভাসন, ভাসমান ইত্যাদ্যর্থ জানিবা।
Catamonntain, *n. s.* Span. বন্যবিড়াল ন্যায় জন্তুবিশেষ।
Catapasm, *n. s.* গুঁড়াঔষধ বিশেষ, বহু দ্রব্য একত্রীকৃত গুঁড়া বা চূর্ণঔষধ বিশেষ।
Cataphonicks, *n. s.* Gr. প্রতিধ্বনি বিদ্যা।
Cataphract, *n. s.* Gr. পূর্ণ পোশাক পরিহিত ঘোড়শওয়ার।
Cataplasm, *n. s.* Gr. প্রলেপ লেপ পটী।
Catapuce, *n. s.* Fr. ক্ষুদ্রবৃক্ষ বিশেষ।
Catapult, *n. s.* Lat. প্রাচীন ব্যবহৃত যন্ত্র বিশেষ যদ্দ্বারা প্রস্তরাদি ক্ষেপণ করা যায়, ফিঙ্গা বিশেষ।
Cataract, *n. s.* Gr. জলস্রোতঃ, জলধারা, ঝোরা, নির্ঝরা, উচ্চ দেশহইতে জল পতন।
Cataract, *n. s.* চক্ষুর ছানি, মাসুড়া।
Catarrh, *n. s.* Gr. সর্দি, কফ, শ্লেষ্মা।
Catarrhal বা **Catarrhous**, *a.* শ্লেষ্মবিশিষ্ট, পীনস সম্বন্ধীয়, পীনস রোগের ন্যায় বা তৎসম্বন্ধীয়।
Catastrophe, *n. s.* Gr. দুর্দশা, দুর্ভাগ্য, আপদ, বিপদ, দুর্গতি, শেষকর্ম্মান্তিকফল, পরিণাম বিরুদ্ধ।
Catcal, *n. s.* নৃত্যাগারে ব্যবহৃত যন্ত্র বিশেষ।
To **Catch**, *v. a.* Dutch. গ্রহণ-কৃ, ধৃ, হস্তগত-কৃ, হস্তদ্বারা-ধৃ, আটকা, বাধা-জন(ঞি), রহিত-কৃ, হঠাৎ-আগোলা, জাল কিম্বা ফাঁদদ্বারা বদ্ধ-কৃ, মোহাবিষ্ট-কৃ, আক্রমণ-কৃ, তাড়াইয়া-ধৃ, পশ্চাৎ২ যাইয়া-ধৃ, বন্দ-কৃ, রক্ষা-কৃ, হঠাৎ-ধৃ, অনিশ্চিতরূপে-ধৃ, সন্তুষ্ট-কৃ, খুসি-কৃ, স্পর্শাক্রমণ-কৃ, ছোঁয়াটি রোগকর্ত্তৃক আক্রমণ-কৃ, ছোঁয়াটি রোগ-দা বা-জন(ঞি), *to catch at*, ছিনিয়া-লও, কাড়িয়া-লও, *to catch a Tartar*, পরের নিমিত্তে পাতিত ফাঁদে পতন-হ বা ধরা-পড়।
To **Catch**, *v. n.* হ, লাগ, ব্যাপা, ধরা-পড়।

Coetanean, *n. s.* একবয়স্ক, সমবয়স্ক, তুল্যবয়স্ক ব্যক্তি।

Coetaneous, *a.* একবয়স্ক, সমবয়স্ক, সমতুল্য।

Coeternal, *a.* Lat. সমকালস্থায়ী, তুল্য অনন্তাবস্থ, সমানশেষ হয় যাহার, অনন্ত কালস্থায়ী।

Coeternally, *ad.* সমকালস্থায়িত্বরূপে, অনন্তকালস্থায়িত্বরূপে।

Coeternity, *n. s.* অন্যের সহিত অনন্ততা।

Coeval, *a.* Lat. এককালজ, এককালোৎপন্ন, সমকালজ, সমবয়স্ক।

Coeval, *n. s.* সমবয়সী, সমস্থায়ী বা সহজাত ব্যক্তি, অন্যের সহিত এক কালবর্ত্তী, সমকালবর্ত্তি ব্যক্তি।

Coevous, *a.* একবয়স্ক, সমবয়স্ক।

To **Coexist,** *v. n.* Lat. অন্যের সহিত সমজীবী-হ, এককালে-স্থা, এককালে-ভূ বা -হ।

Coexistence, *n. s.* সমকালজীবী অন্যের সহিত এককালে বর্ত্তন বা এককাল বা তুল্য কালে স্থিতি বা বাঁচন।

Coexistent, *a.* অন্যের সহিত স্থিত বা এককালবর্ত্তী, সমজীবী, সমকালস্থায়ী।

To **Coextend,** *v. a.* Lat. অন্যের সহিত সমানভাবে-ব্যাপ, অন্যের সহিত আয়ত-কৃ বা বিস্তার-কৃ বা ফয়লাও-কৃ।

Coextension, *n. s.* অন্যের সহিত বিস্তারকরণ, অন্যের সহিত সমানরূপে বা ভাবে মিলাও হওন বা বৃদ্ধিহওন বা করণ।

Coextensive, *a.* সমান, প্রশস্ত, একপ্রকার ফয়লাও, তুল্য দীর্ঘ বা প্রস্থ, সমান আয়ত যাহার, সমান বিস্তারবিশিষ্ট।

Coffee, *n. s.* Arabick. কাওয়া, খাদ্য দ্রব্যবিশেষ।

Coffee-house, *n. s.* কাওয়ার দোকান, কাওয়া বিক্রয় হয় যে স্থানে জলপানের সরাই।

Coffee-man, *n. s.* কাপিহৌসনামক স্থানের কর্ত্তা বা তদ্গৃহ রাখে যে, কাওয়া বিক্রেতা, তদ্বিক্রয়কর্ত্তা।

Coffee-pot, *n. s.* কাওয়াদান, পাত্রবিশেষ, কাওয়া সিদ্ধ করে যাহাতে, কাওয়া প্রস্তুত করে যাহাতে।

Coffer, *n. s.* Sax. সিন্দুক, খাজানার সিন্দুক, টাকার সিন্দুক, খাজানা, টাকা, গৃহ নির্ম্মাণে চূণের পেটি বিশেষ, স্তম্ভ খানার উপর গৃহবিশেষ।

To **Coffer,** *v. a.* মুদ, সিন্দুকে টাকা-রক্ষ, টাকা বদ্ধ-কৃ, টাকা স্থাপন-কৃ।

Cofferer, *n. s.* টাকা বদ্ধ করে যে, সিন্দুকে টাকা রাখে যে, সিন্দুকে টাকা পুরে যে, রাজসরকারের অধ্যক্ষবিশেষ, খাজাঞ্চী, পদস্থ বিশেষ।

Coffin, *n. s.* Gr. মড়ার সিন্দুক, সিন্দুক বা অন্যাধার যাহাতে শব রাখিয়া গোর দেয় বা মৃত শরীরের সংস্কার করে, পিষ্টকের ছাঁচবিশেষ, পসারির ব্যবহৃত কাগজের ডিবিয়া বিশেষ, ঘোড়ার খুর বুঝায়।

To **Coffin,** *v. a.* শব সিন্দুকে ভর, মড়া, সিন্দুকে বদ্ধ-কৃ, মৃত শরীর সিন্দুকে-রক্ষ, মুদ, বদ্ধ-কৃ, আবৃত-কৃ, ঢাক, রক্ষ।

Coffinmaker, *n. s.* মড়ার সিন্দুক নির্ম্মাণ করে যে, মড়ার সিন্দুক বিক্রয় করে বা বানায় যে।

Cofounder, *n. s.* সমনির্ম্মাণকর্ত্তা, তুল্য সৃষ্টিকর্ত্তা, সম আদিকারক।

Cog, *n. s.* ফাকি, প্রতারণা, প্রবঞ্চনা, জুয়াচুরি, ঠগামি।

To **Cog,** *v. a.* স্তব-কৃ, খোসামোদ-কৃ, ভুলা (ক্রি), ঠক (ক্রি) প্রবঞ্চনা-কৃ, মিথ্যা-কৃ, ঝুঁঠা-কৃ।

To **Cog,** *v. n.* আরোপিত বাক্য-কথ, মিথ্যা-কথ, ভুল, প্রতারিত-হ, কথায় প্রবঞ্চিত-হ।

Cog, *n. s.* গাড়ীর পাকি, চক্রাদির দাঁত বা পাকি।

To **Cog,** *v. a.* চরকায় বা চাকায় পাকি বদ্ধ-কৃ, পাকি-ভর।

Cog, *n. s.* Goth. ক্ষুদ্র নৌকা বিশেষ, ডিঙ্গী, নৌকা, উপনৌকা।

Cogency, *n. s.* বল, সামর্থ্য, পরাক্রম, শক্তি, ক্ষমতা, যোগ্যতা, জোর।

Cogenial, *a.* এক স্বভাব বিশিষ্ট, স্বজাতি, স্ববর্ণ।

Cogent, *a.* Lat. বলবান, জোরাবর, পরাক্রান্ত, পরাক্রমী, অটল, অটল শক্তিবিশিষ্ট, শক্তিমান, আক্রমণশীল, অপ্রতিবাধ্য, অবাধ্য, অনিবার্য্য, অনিবারণীয়, অরক্ষণীয়।

Cogently, *ad.* বলক্রমে, জোর করিয়া, শক্তিপূর্ব্বক, বলপূর্ব্বক, হেমাত করিয়া।

Cogger, *n. s.* খোসামুদে, প্রতারক, মিথ্যাপ্রশংসক।

Coggery, *n. s.* ঠগামি, প্রতারণা, জুয়াচুরি, চাতুরী, মিথ্যা, অসত্য।

Cogging, *n. s.* ঠগামি, প্রতারণা, মায়া, ছল, প্রবঞ্চনা প্রতারণা বাক্য, মিথ্যা, ধূর্ত্ততা।

Cogglestone, *n. s.* Ital. ক্ষুদ্র প্রস্তরবিশেষ, কঙ্কর, নুড়ী, কুরুই।

Cogitable, *a.* ভাবনীয়, জ্ঞেয় বোধগম্য, বোধ্য।

To **Cogitate,** *v. n.* Lat. ভাবা, মনে-কৃ, চিন্তা-কৃ, ভাবনা-কৃ।

Cogitation, *n. s.* ভাবনা, জ্ঞান, বিবেচনা, তর্ক, চিন্তা, ধ্যান, স্মরণ।

Cogitative, *a.* ভাবনাক্ষম, ভাবনাকারী, ভাবনোত্থাপিত শক্তিবিশেষ, ভাবনা বা চিন্তা করা যায় যচ্ছক্তিদ্বারা।

Cognate, *a.* Lat. সহজাত, তুল্য, অভেদ, স্বজাতীয়, জ্ঞাতিতুল্য, কুটুম্ববৎ।

Cognation, *n. s.* জ্ঞাতি, সগোত্র, একবংশ, স্বজাতি, একের সন্তান, আত্মীয়ত্ব, অন্তরঙ্গতা, কুটুম্বিতা, সম্পর্কীয়ত্ব।

Cognisee, *n. s.* দণ্ডগ্রাহী, দণ্ডলয় যে, দণ্ডতৃপ্ত, দণ্ড প্রাপক বা গ্রাহক।

Digitized by Google

Cognisour, *n. s.* ভূমি বা অন্য বস্তুতে দণ্ড লব্ধ বা দণ্ড লয় যে ব্যক্তি।

Cognition, *n. s.* Lat. স্বীকার, কবুল, স্মৃতি, জ্ঞান, বোধ।

Cognitive, *a.* বিবেচনাক্ষম, বিবেচনাশক্ত, জ্ঞানী, জানিতে বা বিশেষ করিতে শক্তি আছে যাহার।

Cognizable, *a.* জ্ঞেয়, বিচার্য্য, বিচারার্হ, পরীক্ষোপযুক্ত, অদালত করণোপযুক্ত, অদালতের অধীন, বিচারাধীন, অদালতহইতে পারে যাহার।

Cognizance, *n. s.* Fr. বিচার, তজবিজ, বিজ্ঞাপন, অদালত, পরীক্ষা, বিচার করণার্থে অনুসন্ধান, তলব, চিহ্ন, চাপড়াস, স্মরণ, স্মরণার্থক জ্ঞান।

Cognominal, *a.* Lat. সমাখ্যাত, একনামক, একসংজ্ঞক, দুই ব্যক্তির এক নাম, মিত্র, মিতা।

To **Cognominate,** *v. a.* নাম-দা, নাম-রক্ষ, নাম-কৃ, সংজ্ঞা-কৃ, উপাধি-দা, আখ্যা-দা।

Cognomination, *n. s.* উপাধি, কৌলিকোপাধি, কোন কারণ জন্য লব্ধ নাম।

Cognoscence, *n. s.* Lat. জ্ঞান, উদ্বোধ, উপলব্ধি, জ্ঞাপ্তি।

Cognoscente, *n. s.* জ্ঞাত, অবগত, শিক্ষিত, সংস্কারবিশিষ্ট, পারগ, বেত্তা, কোন বিষয়েতে বিশেষ সংস্কার বা জ্ঞান আছে যাহার।

Cognoscibility, *n. s.* শিক্ষিতত্ব, জ্ঞান পারগতা, সংস্কারবিশিষ্টত্ব।

Cognoscible, *a.* জ্ঞাতব্য, জানিবার যোগ্য, জাননোপযুক্ত, বিচারকরণীয়, অদালত যোগ্য, বিচারার্হ, বিচারাধীন হওন যোগ্য।

Cognoscitive, *a.* জানন ক্ষম, জানিতে শক্তি আছে যাহার, জানিবার বা বুঝিবার শক্তিবিশিষ্ট।

To **Cohabit,** *v. n.* Lat. সংসর্গ-কৃ, সঙ্গম-কৃ, সম্ভোগ-কৃ, সহবাস-কৃ, একত্রে-স্থা বা বাস-কৃ, স্ত্রীপুরুষ সংসর্গ-হ।

Cohabitant, *n. s.* এক স্থানবাসী, একস্থাননিবাসী, একস্থানে বাস কর্ত্তা, সংসর্গ।

Cohabitation, *n. s.* সহবাস, একত্র বাস, এক স্থানে বাস, সংসর্গ করণ, সহবাস করণ, সম্ভোগ করণ।

Coheir, *n. s.* Lat. সমোত্তরাধিকারী, ওয়ারিস, দায়াদ, সমান অংশী।

Coheiress, *n. s.* সমোত্তরাধিকারিণী, পৈতৃক ধনাদিতে সমান স্বত্বাধিকার আছে যে স্ত্রীর।

To **Cohere,** *v. n.* Lat. সংযোগ-হ, মিল, যোড়-লাগ, একত্র-হ, দৃঢ়রূপে সংযোগ-হ, যোগ্য-হ, লাগ, উপযুক্ত-হ।

Coherence বা **Coherency,** *n. s.* সংযোগ, সম্মিলন, সংলগ্নত্ব, মিলন, যোড় লাগন, কথোপকথনে কথার বান্ধুনী, উত্তর প্রত্যুত্তরের পরস্পরের সাম্য, বিচারে পূর্ব্ব ও পর পক্ষের ঐক্য বা বান্ধুনি।

Coherent, *a.* সংযুক্ত, মিলিত, সংলগ্ন, সম্বন্ধীয়, সম্বন্ধবিশিষ্ট, সম্পর্কবিশিষ্ট, যোগ্য, উপযুক্ত, স্থির।

Cohesion, *n. s.* সংযোগ করণ, ঘটনা, লাগন, সংলগ্নকরণ, যোড়া লাগন, সংযোগাবস্থা, সংলগ্নত্ব, সম্পর্ক, সম্বন্ধ, যোগ, মিল, একতা, ঐক্য।

Cohesive, *a.* সংযোগক্ষম, সংযোগ বা মিলনকারি গুণবিশিষ্ট, সংযোজক।

Cohesively, *ad.* সংযোগপূর্ব্বক, মিলনপূর্ব্বক, সংলগ্নত্বরূপে।

Cohesiveness, *n. s.* সংলগ্নত্ব, সংযুক্ততা, সংযোগক্ষমতা, যোড়া লাগে বা হয় তচ্ছক্তি বা অবস্থাদ্বারা।

To **Cohibit,** *v. a.* Lat. নিবারণ-কৃ, প্রতিবন্ধক-কৃ, থাম (ক্রি), বাধা-দা, আটক-কৃ, খর্ব্ব-কৃ।

To **Cohobate,** *v. a.* দুইবার-চোঁয় (ক্রি), দ্বিবার-ক্ষর, মদ্য বা অন্য পদ্মদ্রব্যের গাদে উষ্ণ বা সিদ্ধজল দিয়া পুনর্ব্বার পাক-কৃ, গাদ জ্বাল-দা, গাদ সিদ্ধ-কৃ, গাদ-চোঁয়, অবশিষ্ট দ্রব্য পুনর্ব্বার পাক-কৃ, (ক্রি)।

Cohobation, *n. s.* দ্বিবারক্ষরণ, দুইবার চোঁয়ন, বারম্বার জ্বাল দেওন বা পাক করণ।

Cohort, *n. s.* Lat. রুমীয় পঞ্চশত সংখ্যক সৈন্য বা দল, যোদ্ধসমূহ, লড়াকসমূহ, রেশালা।

Cohortation, *n. s.* ভরসা দেওন, কথায় সাহস দেওন, সাহস জন্মাওন, বাক্যেতে ভরসা জন্মাওন, প্রবোধ, দেওন, বাচনিক প্রবোধ।

Coif, *n. s.* Fr. মস্তকাভরণ বিশেষ, বিবিয়ানা টুপি।

To **Coif,** *v. a.* টুপি-পর, মস্তকাভরণ-কৃ, মস্তকে টুপি-রক্ষ বা স্থাপন-কৃ বা -দা।

Coifed, *a.* কায়িক সংজ্ঞক টুপি পরিহিত, টুপিবিশিষ্ট, মস্তকাভরণ সজ্জিত।

Coiffure, *n. s.* মস্তকাভরণ, মাথার টুপি বা সজ্জা, খোঁপা।

To **Coigne** বা **Coiny,** *v. n.* তোলায় উপজীবী-হ, অন্যায়ে সংগৃহীত বিষয় ভোগ-কৃ, জবরদস্তিক্রমে বা অন্যায়ে যাচ্ঞাপূর্ব্বক বিষয় ভোগী-হ।

Coigne, *n. s.* Fr. কোণ, টের, কোণা, ছাপাওয়ালার মেক, গোঁজ, কাজলাবিশেষ।

To **Coil,** *v. a.* Fr. জড় (ক্রি), লুটি পাক (ক্রি), তাল-পাক (ক্রি), গুট, সর্পের ন্যায় কুণ্ডলী-কৃ।

Coil, *n. s.* গণ্ডগোল, চেঁচাচেঁচি, চীৎকার, কলরব, হুড়াহুড়ি, সোর, গোল, রসীর লুটি, তাল, চাকা।

Coin, *n. s.* কোণ, কোণা, টের।

Coin, *n. s.* Fr. তঙ্কা, টাকা, মুদ্রা, পয়সা।

To **Coin,** *v. a.* মুদ্রা-কৃ, টাকা নির্ম্মাণ-কৃ, টাকা-গঠ, সিক্কা-মার, জরব-কৃ, সৃষ্টি-কৃ, বানা, গঠা, নির্ম্মাণ-কৃ, কৃত্রিম-কৃ।

Coinage, *n. s.* টাকাগড়ন, টাকানির্ম্মাণ করণ, টাকা গড়িবার বিদ্যা বা রীতি বা ব্যবসায়, টাকা, মুদ্রা, পয়সা, টাকা গড়িবার ব্যয়, টাকা বানাইবার খরচ, নূতন সৃষ্টি, নূতন উৎপত্তি, কৃত্রিম বস্তু বা তদ্দ্রব্য গড়ন, সৃষ্টি।

To **Coincide,** *v. n.* Lat. ঐক্য-হ, সমান-হ, একচিত্ত-হ, অভিপ্রায়ের বা মনের মিল-হ, রাজী-হ, সম্মত-হ, স্বীকার-কৃ, মত-দা।

Coincidence, *n. s.* ঐক্য, মিল একচিত্ততা, একবাক্যতা, একাভিপ্রায়, মতের একতা, স্বীকার, রাজী, সম্মতি।

Coincidency, *n. s.* ঐক্য বা মিল প্রয়োজকত্ব, একচিত্ত বা একাভিপ্রায় হওনের প্রয়োজকত্ব।

Coincident, *a.* অনুকূল একচিত্ত বা অভিপ্রায় হয় যে বস্তুর বা যাহার, একতা বিশিষ্ট, ঐক্যকারী, ঐক্য প্রয়োজক।

Coincider, *n. s.* মেলক, ঐক্যকারক, যোটক, একচিত্ত বা একাভিপ্রায়করে যে বা হয় যদ্দ্বারা।

Coindication, *n. s.* Lat. এক কর্ম্মের বা বস্তুর নানাবিধ উপসর্গ বা কারণ, বহু কারণ, বহুচিহ্ন, বহুভাব।

Coiner, *n. s.* মুদ্রানির্ম্মাণকর্ত্তা, টাকা গড়ে যে, টাকা বানায় যে, সিক্কাকরে যে।

To **Coinquinate,** *v. a.* Lat. নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ, অশুচি-কৃ, অপবিত্র-কৃ, অশুদ্ধ-কৃ,।

Digitized by Google

Coinquination, *n. s.* নষ্টকরণ, ভ্রষ্টকরণ, অপবিত্রকরণ, অশুদ্ধকরণ, অশুচিকরণ।

To **Cojoin**, *v. n.* Lat. সংযোগ-হ, যোড়া-লাগ, যোড়-হ, অনের সহিত-মিল বা একত্র-হ।

Coistril, *n. s.* ত্রাসযুক্ত, ত্রস্ত, ভরুক, ভীরু, ভীত, সাহসরহিত, ভরসাহীন ব্যক্তি, বাজপক্ষিবিশেষ, এ শব্দ *kestrel* শব্দের অশুদ্ধ ভাষা জানিবেন।

Coit, *n. s.* Dutch. তাককরণ, লক্ষকরণ, সেন্তকরণ, তাক, লক্ষ, সেন্ত, নিশান, উদ্দেশ করণ, ক্রীড়া বিশেষ।

To **Coit**, *v. a.* সেন্ত করিয়া-মার, তাক করিয়া-ফেল, লক্ষ-কৃ।

Coiting, *n. s.* কাইট সংজ্ঞক ক্রীড়াতে ক্রীড়াকরণ।

Coition, *n. s.* Lat. সংসর্গ, সঙ্গম অঙ্গসঙ্গ, সহবাস, স্ত্রীসঙ্গ, সন্তানোৎপাদন, দুই দ্রব্যেতে সংযোগ, স্ত্রীপুরুষের ক্রীড়া, রতি, ক্রীড়া।

Cojuror, *n. s.* Lat. সাক্ষ্য, প্রমাণ, সপ্রমাণকর্ত্তা, পরের প্রত্যয় বা বিশ্বাস প্রমাণ করে বা জন্মায় যে।

Coke, *n. s.* কয়লা, অঙ্গার, পোড়াইবার বা জ্বালাইবার কয়লা বা অন্য দ্রব্য।

Colander, *n. s.* Lat. ঝাঁজরি, চালনি, ছাঁকে বা চালে যদ্দ্বারা।

Colation, *n. s.* ছাঁকন, চালন।

Colature, *n. s.* ছাঁকন, ছাকা বা চালা দ্রব্য।

Colbertine, *n. s.* জরি বিশেষ, গোটা, কলাবতু, ফীতে, কালবর্ট নাম ব্যক্তির গৃহ নির্ম্মাণ।

Colcothar, *n. s.* কোন দ্রব্য পাকানন্তর অবশিষ্ট থাকে যাহা, শুভ্র বর্ণ দ্রব্যবিশেষ।

Cold, *a.* Sax. অতপ্ত, অনুষ্ণ, হিম, ঠাণ্ডা, শীতল, নরম, শীতজনক, শীতলকারী, শীত করে যে বা হয় যদ্দ্বারা, বরফবৎ, শীত কর, শীতার্ত্ত, শীতে কম্পিত, শীতে জড়সড়, শীত বা হিমকৃষ্ট, শীতলশক্তি বা গুণবিশিষ্ট, শীতপ্রধানক, নির্ম্মোহ, জড়, অনাসক্ত মনাঃ ধীর, অচঞ্চল, অক্ষিপ্ত, অসত্বর, কপট, ভারি, অতীক্ষ্ণ, অনাহত, লাজুক, মুখচোরা, নির্ম্মল।

Cold, *n. s.* শীত, কফ, শীতত্ব, হিম, শীতজরোগ, কফোৎপন্নরোগ।

Cold-blooded, *a.* নির্দয় নিষ্ঠুর, নিশ্চেষ্ট, স্পন্দনরহিত, অচেতন, চৈতন্যরহিত, চৈতন্য হীন।

Cold-hearted, *a.* নির্ম্মোহ, মোহরহিত, কঠিনহৃদয়, স্নেহশূন্য, নিষ্ঠুর, নির্দয়, নিরুৎসুক, নীরস, নিরানন্দ, গোমড়া মুখো।

Coldly, *ad.* উষ্ণতারাহিত্যরূপে, শীতলত্বরূপে, ঠাণ্ডাইরূপে, স্নিগ্ধতাপূর্ব্বক, কফপূর্ব্বক, নিরৌৎসুক্যরূপে, মনগোমড়ামভাবে, বিরসবদনে, রাগশূন্যত্বরূপে, অনাদর্য্যরূপে, অচঞ্চলত্বরূপে, মনের নিরুদ্বেকে, অনির্ব্বিঘ্নতাপূর্ব্বক, অনায়াসে, স্বচ্ছন্দে, নিশ্চিন্তরূপে, অপ্রিয়রূপে।

Coldness, *n. s.* অনুষ্ণত্ব, শীতলত্ব, স্নিগ্ধত্ব, ঠাণ্ডাই, কফকারিত্ব, নিশ্চিন্তত্ব, উদ্বেগশূন্যত্ব, বৈরস্য, নিরুৎসুকতা, অমনোযোগ, গাফিলি, আলস্য, নির্ম্মোহত্ব, দয়াশূন্যত্ব, সতীত্ব।

Cole, *n. s.* Sax. কপিশাকের সাধারণ নাম।

Coleseed, *n. s.* কপির বীজ।

Colewort, *n. s.* কপিশাক বিশেষ।

Colick, *n. s.* Lat. বায়ুশূল, উদরশূল, পেটে বেদনা, উদরাময়বিশেষ।

Colick, *a.* উদরীয়, উদরের পীড়াজনক, উদরপীড়ক।

To **Coll**, *v. a.* Fr. আলিঙ্গন-কৃ, কোলাকোলি-কৃ, কোল-দা।

To **Collapse**, *v. n.* Lat. বসিয়া-যা, লাগিয়া-যা, পত, মিলিয়া-যা, মিল, একত্রে পতন-হ,।

Collapsed, *a.* পতিত, হ্রাসপ্রাপ্ত, ম্লান, স্তব্ধ, মূর্চ্ছিত, নষ্ট, বিনষ্ট, উচ্ছিন্ন।

Collapsion, *n. s.* পতন, সমাপ্তি, সাঙ্গ, শেষ, বন্ধ করণ বা বন্ধ হওনা বস্থা।

Collar, *n. s.* Span. হালকা, জোল, হাঁসুলি, পাটা, গেরেবান, গলাবন্দ, বা গলাচি. *To slip the collar*, মুক্ত-হ, খালাস-প্রাপ, পলায়ন-কৃ।

Collar-bone, *n. s.* গ্রীবাস্থি, কণ্ঠাস্থি, কাণ্ঠার হাড়, জত্রু।

To **Collar**, *v. a.* গলার টুঁটি-ধৃ, টুঁটি বা গলা-ধৃ, ঘাড়ে হাত-দা, ঘাড়-ধৃ, গলাচি বা গেরেবান-ধৃ।

Collared, *a.* [In Heraldry.] হাঁসুলিবিশিষ্ট, পাটাবিশিষ্ট, পশ্বাকারইত্যর্থ।

To **Collate**, *v. a.* Lat. পরস্পর-মিল (ঞি) ঐক্য-কৃ, পুস্তক শুদ্ধ-কৃ, অনেক পুস্তক দেখিয়া ঐক্য বা শুদ্ধ-কৃ, দান-কৃ, ধর্ম্মপক্ষীয় কোন বৃত্তি স্বরূপ কর্ম্মে নিয়োগ-কৃ।

Collateral, *a.* Lat. পরস্পর, লাগালাগি, দিগাদিগি, ঠেকাঠেকী, সমানং, বরাবর, তদুপযুক্ত, একপর্য্যায়, তুল্য সমাবস্থ, তুল্যাবস্থ, জ্ঞাতি অক্রমাগত জ্ঞাতি, অসিধা, বক্র, অপৃজু, অসরল, ক্রমরহিত, শ্রেণীবিহীন, অনুপস্থিত, অবর্ত্তমান অস্পষ্ট, একচিত্ত, একমিল।

Collaterally, *ad.* দিগেদিগে, অনিয়মক্রমে, অস্পষ্টক্রমে, অক্রমাগত সম্বন্ধরূপে, অক্রমাগত সম্পর্কপূর্ব্বক।

Collateralness, *n. s.* অক্রমাগত সম্বন্ধ তদ্ভাব বা অবস্থা।

Collation, *n. s.* Lat. সম্প্রদান, প্রদান, দানকরণ, প্রদানকরণ, দেওন, মিলান, ঐক্যকরণ, শুদ্ধকরণ. [In Law.] ধর্ম্ম্যানুষ্ঠানে নিয়োগ, দানবিশেষ, ভোজন, আহার, কথোপকথন, আলাপ, বাক্যব্যয়, কথাবার্ত্তা, সংগ্রহ, জমাকরণ, একত্র করণ।

Collatitious, *a.* চান্দাদ্বারাকৃত, বহুজনের সহাকারিরা বা দানদ্বারা কৃত বা সম্পন্ন।

Collative, *n.* দানকরণক্ষম, দাতাবিশেষ।

Collator, *n. s.* ঐক্যকারক, যে ব্যক্তি লিখন বা পুস্তকাদি মিলায়, শুদ্ধকারী, মোকাবিলা করে যে, মিলায় যে, কৃজু দেয় যে, দাতা, দানকর্ত্তা, ধর্ম্ম্যানুষ্ঠানে নিয়োগ কর্ত্তা, বৃত্তিদাতা।

To **Collaud**, *v. a.* Lat. একত্রে স্তব-কৃ বা প্রশংসা-কৃ।

Colleague, *n. s.* Lat. সঙ্গী, সাথী, অংশী একবিষয়ে বিষয়ী বা তদ্ব্যাপারী, এক কর্ম্মকারী, একত্র হইয়া কর্ম্ম করে যে বা যাহার সঙ্গে, সহকারী।

To **Colleague**, *v. a.* একত্র-কৃ, মিল (ঞি) যোট-বান্ধ।

Colleagueship, *n. s.* সঙ্গিত্ব, সাথিত্ব, অংশিত্ব, এক বিষয় বা ব্যাপারেকর্ম্ম করণ বা তদবস্থা।

To **Collect**, *v. a.* Lat. একত্র-কৃ, যড়-কৃ, জমা-কৃ, সংগ্রহ-কৃ, আদায়-কৃ, তহশীল-কৃ, বিবেচনা করিয়া স্থির-কৃ, কারণ অনুভব-কৃ, কারণ-দৃশ (ঞি). *To collect himself*, সামলা, সম্বরণ-কৃ, ঠাওর, চটক-ভঙ্গ।

Collect, *n. s.* Lat. ক্ষুদ্রস্তববিশেষ, স্তুতি, প্রার্থনা।

Collectaneous, *a.* একত্রীকৃত, যড়করা, সংগৃহীত, একত্রীভূত।

Collectedly, *ad.* একত্র করণরূপে, সংগ্রহপূর্ব্বক।

Collectedness, *n. s.* সামলান, সম্বরণ, ভ্রমহইতে মুক্তি, ভ্রমদূর, একত্রীভূতত্ব, একতা।

Collectible, *a.* সংগ্রহণীয়, একত্র করণীয়, একত্র করণোপযুক্ত, একত্র বা সংগ্রহ হইতে পারে যাহা।

Digitized by Google

Collection, *n. s.* গুচ্ছ, কাঁড়ী, একত্র করণ, জমাকরণ, সংগ্রহকরণ, জমা, উসুল, তহশীল, আদায়, পুণ্যার্থে দান, খৈরাৎ চান্দা, ফলিতার্থ নিরূপণ করণ, কারণ নিশ্চয়করণ, শেষ, বাদ, বাঁটা।

Collectitious, *a.* জমা, একত্রীভূত, একত্রীকৃত।

Collective, *a.* সংগৃহীত, একত্র কৃত, কর্তৃপদের বহুবচন কারক বা বাচক, বহুবচনান্ত কর্তৃপদ।

Collectively, *ad.* সর্ব্বসাধারণে, সকলে, সমুদায়ে, সকলে মিলে, সকলে একত্র হইয়া বা করিয়া, সকলের উপর, সাকল্যে, সাকল্যরূপে।

Collectiveness, *n. s.* একত্রীভূতত্ব, সাধারণত্ব, সাধারণ্য, সকলে একত্র হওনাবস্থা, জমা।

Collector, *n. s.* সংগ্রহকারী, একত্রকারী, সংগ্রাহী, সংগ্রাহক, যোটক, যে ব্যক্তি যড় করে, যোটায় যে, একত্র করে যে, তহশীলদার, আদায় কারক, খাজানা সাধে যে, আক্লফোর্দনামক নগরে বিদ্যার্থী বা বিদ্যা ব্যবসায়ির উপাধি বা নামবিশেষ।

Collectorship, *n. s.* সংগ্রহ করে বা জমা করে যে তাহার কর্ম্ম বা পদ, তহশীলদারী।

Collegatary, *n. s.* Lat. দায়ী বিশেষ, মৃত ব্যক্তিরদান অংশমতে প্রাপ্ত হয় যে, উইলনামক পত্রানুসারে দান বা অংশ পায় যে, মুমূর্ষুব্যক্তি অন্যের সহিত অংশ করিয়া ধন দেয় যাহাকে।

College, *n. s.* Lat. রাজনীতিজ্ঞ জনসমূহ, সভাবিশেষ, বিদ্যা বা ধর্ম্ম শাস্ত্রার্থে জনসমূহ, সম্ভূয়, বিদ্যালয়, চৌপাড়ী, মদর্শা।

College-like, *a.* তদনুসারে নিয়মিত, বিদ্যালয়ের মত, চৌপাড়ীর ন্যায় কিম্বা তন্মত।

Collegial, *a.* বিদ্যালয় সম্বন্ধীয়, সম্ভূয় বা চৌপাড়ীবিষয়ক।

Collegian, *n. s.* ছাত্র, বিদ্যার্থী, চৌপাড়ীনিবাসী, বিদ্যালয়ে অধ্যায়ী বা স্থায়ী বা তদংশী, মতাবলম্বি বিশেষ।

Collegiate, *a.* কালেজ সংজ্ঞক বিদ্যালয়ের রীত্যনুসারে সংস্থাপিত বা তন্মত, *Collegiate church*, মঠ বিশেষ, প্রধান ধর্ম্মাধ্যক্ষের গ্রিজার নিকটবর্ত্তী গ্রিজা বিশেষ।

Collegiate, *n. s.* ছাত্র, বিদ্যার্থী, কালেজ নামক বিদ্যালয়ের ছাত্র কিম্বা অংশী।

Collet, *n. s.* Lat. গলার আভরণবিশেষ, কণ্ঠভূষণ, গলায় থাকে যাহা, অঙ্গুরীয়কের প্রস্তরাধার বা খোল, যে স্থানে প্রস্তর বসান যায়।

To **Collide**, *v. a.* Lat. আছাড়-মার, আছাড়, ঠোক, ঠকঠক, ঘা-মার।

Collier, *n. s.* কয়লা তোলে বা খনন করে যে, কয়লার খানিতে কর্ম্মকরে যে, অঙ্গারখনক, কয়লার মহাজন, কয়লাওয়ালা, কয়লাবাহক জাহাজ, কয়লা লইয়া যায় যে জাহাজে।

Colliery, *n. s.* কয়লার খানি, কয়লা তোলে বা খনন করে যে স্থানে, কয়লার বাণিজ্য, কয়লার সওদাগরি।

Colliflower, *n. s.* Sax. ফুলকোপিশাক।

To **Colligate**, *v. a.* Lat. বন্ধ-কৃ, একত্রেবন্ধন বা আটক-কৃ, জড় (ক্রি)।

Colligation, *n. s.* বন্ধন, বন্ধকরণ, একত্রে বন্ধন বা বন্ধ করণ, সংযুক্ত করণ।

Collimation, *n. s.* Lat. লক্ষ করণ, তাক করণ, নিশান করণ, তাক, নিশান, সেন্ত।

Collineation, *n. s.* Lat. লক্ষ করণ, তাক করণ, নিশান করণ, সেন্ত করণ।

Colling, *n. s.* আলিঙ্গন, কোলাকুলি, মুখচুম্বন, আদরকরণ, আদর, সোহাগ।

Colliquable, *a.* দ্রবী, দ্রবণীয়, গলনশীল, অনায়াসে গলিয়া যায় যাহা বা গলিত।

Colliquament, *n. s.* গলনাবস্থা, দ্রবীভূতাবস্থা, গলিয়া বা ফুটিয়া প্রাপ্ত হয় যে বা তদবস্থা, ফুটে যদ্দ্বারা, কোন দ্রব্য গলে বা ভস্ম হয় যদ্দ্বারা।

Colliquant, *a.* গলনকারী, ভস্মকারী, দ্রবকরণক্ষম, গলনক্ষম, ফুট বিশেষ, গলায় যে বা গলিতহয় যদ্দ্বারা।

To **Colliquate**, *v. a.* Lat. গল, (ক্রি) দ্রব-কৃ।

To **Colliquate**, *v. n.* গলিত-হ, দ্রব-হ।

Colliquation, *n. s.* গলান, গলিতকরণ, দ্রবকরণ।

Colliquative, *a.* গলনশীল, গলনকারী, দ্রব হওনশীল।

Colliquefaction, *n. s.* গলান, গলাইয়া একত্রকরণ।

Collision, *n. s.* Lat. ধাক্কা, ঠোকর, প্রতিঘাত, ঘসড়, ঘর্ষণ, ঠেসটক্কর, দুই দ্রব্য পরস্পর আঘাতদ্বারা ক্ষয় হওন বা শব্দ হওন।

To **Collocate**, *v. a.* Lat. রক্ষ, রাখিয়া-দা, স্থিত-কৃ, স্থির-কৃ, স্থাপন-কৃ, ন্যাস-কৃ, অর্পণ-কৃ, নিযুক্ত-কৃ।

Collocate, *a.* রক্ষিত, স্থাপিত, অর্পিত, নিযোজিত।

Collocation, *n. s.* স্থিতি, স্থাপন, স্থাপনাকরণ, নিযোগ, অর্পণ, স্থৈর্য্য, স্থাপনাবস্থা, দশা, অবস্থা।

Collocution, *n. s.* Lat. আলাপন, কথাবার্ত্তা, কথোপকথন, প্রস্তাব, প্রসঙ্গ।

Collocutor, *n. s.* কথোপথক, আলাপী, প্রস্তাব করে যে, প্রসঙ্গ উত্তর ক্রমে কথোপকথন করে যে, কথাবার্ত্তা কহে যে, বহুবক্তার মধ্যে কথক।

To **Collogue**, *v. n.* খোসামোদিয়া-হ, মিথ্যা প্রশংসক-হ, আরো পিতস্তব-কৃ, পাদে তৈলদাত-হ।

Colloguing, *n. s.* খোসামোদ, মিথ্যা প্রশংসা, প্রতারণা, ভুলান, ঠকান।

Collop, *n. s.* Fr. মাংসের টুকরা, মাংসটুকি, কোন জন্তুর শরীরাংশ, হাস্যার্ণব বাক্যে বালক বা শিশু বুঝায়।

Colloquial, *a.* আলাপ সম্বন্ধীয়, সামান্য কথোপকথন বিষয়ক, কথোপকথন সম্বন্ধীয়, সচরাচর কথোপকথনে ব্যবহৃত হয় যে ভাষা তাহার বিশেষণ বাচক।

Colloquist, *n. s.* প্রশ্নোত্তর ক্রমে কথা কহে যে, কথোপকথক, কথোপকথনবক্তা।

Colloquy, *n. s.* Lat. কথোপকথন, কথাবার্ত্তা, আলাপকরণ, আলাপ।

Collow, *n. s.* কয়লার গুঁড়া, কয়লার ঘেঁষ, পোড়া, কাষ্ঠের গুঁড়া, অঙ্গার, ছাই, ময়লা।

Colluctancy, *n. s.* Lat. দ্বন্দ্বজে প্রবৃত্তি, দ্বন্দ্বজ বা বিবাদ সূচকতা, বিবাদ প্রয়োজকতা।

Colluctation, *n. s.* বিবাদ, দ্বন্দ্বজ, জেদ, যুদ্ধ, বৈপরীত্য, বিপরীতাবস্থা, মোজাহেমী।

To **Collude**, *v. n.* Lat. কোন প্রতারণা কার্য্যে, উদ্যোগী-হ, কুকর্ম্মে পরামর্শী-হ, ব্যবস্থা, বিরুদ্ধ কার্য্যে ঐক্য-হ, সাজন-কৃ, জুয়াচুরি বা ঠগামি কর্ম্মে প্রবৃত্ত-হ, একপরামর্শ-হ।

Colluder, *n. s.* জুয়াচুরি কার্য্যে সাজস করে যে, মন্দকার্য্য করণার্থে পরামর্শ বা সাজস করে যে, প্রতারণাকরণে ঐক্য হয় যে।

Colluding, *n. s.* প্রতারণা, প্রবঞ্চনা, চাতুরী, জুয়াচুরি, ঠগামি।

Collusion, *n. s.* সাজস, গণতা, সট্টাপট্টা, ছল, প্রতারণা, কাল্পনিকতা, কোন প্রতারণা বা চাতুরী কর্ম্মকরণার্থে পরামর্শকরণ বা তদ্বিষয়ে ঐক্য হওন, কারসাজী।

Digitized by Google

Collusive, *a.* সাজসকারী, প্রতারণাতে উদ্যুক্ত, প্রতারক, গণতাকারী, অবিহিত কর্ম্মকরণার্থে মন্ত্রণা বা পরামর্শকারী।

Collusively, *ad.* সাজসপূর্ব্বক, গণতাপূর্ব্বক, প্রতারণাপূর্ব্বক, প্রতারণা কার্য্যকরণার্থে পরামর্শ রূপে।

Collusiveness, *n. s.* সাজস, প্রতারণা, গণতা।

Collusory, *a.* গোপনে সাজসকারী, প্রতারণা কার্য্যে উদ্যুক্ত।

Colly, *n. s.* অঙ্গারের কালিমা, কয়লার ময়লা বা কালি, ঝুল কালি।

To **Colly,** *v. a.* কয়লা-মাখ, কালা-কৃ, কয়লা বিশিষ্ট-কৃ, কয়লার গুঁড়াদ্বারা কালা-কৃ,।

Collyrium, *n. s.* Gr. অঞ্জন, কজ্জল, সুরমা,।

Colmar, *n. s.* Fr. ফলবিশেষ।

Colocynth, *n. s.* Lat. তিক্তফলবিশেষ।

Colon, *n. s.* লিখন ও পঠনের পরিমাপক দ্বিবিন্দু চিহ্ন বিশেষ, পাদ পূরকবিশেষ, দ্বিবিন্দু যথা।

Colonel, *n. s.* Span. সৈন্যাধ্যক্ষবিশেষ, করণেল, রিজিমেণ্টসংজ্ঞক এক সৈন্য দল বা কটকের অধ্যক্ষ, সলার।

Colonelship, *n. s.* পূর্ব্বোক্ত সৈন্যাধ্যক্ষের কর্ম্ম বা পদ।

Colonial, *a.* নববাসিত দেশসম্বন্ধীয়, প্রদেশবিষয়ক, স্বদেশান্তর বসতিস্থান সম্বন্ধীয়।

Colonical, *a.* Lat. কৃষকসম্বন্ধীয়, চাষাসম্বন্ধীয়, কৃষিকর্ম্ম করে যে তৎসম্বন্ধীয়।

Colonist, *n. s.* নববাসিত দেশজ, স্বদেশ পরিত্যাগ করিয়া দেশান্তর বাসি দেশান্তরে থাকে বা বাস করে যে, দূর দেশে বাসকরণার্থে স্বদেশ ত্যাগ করে যে।

To **Colonize,** *v. a.* আবাদ-কৃ, রাইয়ৎ বসতি-কৃ (ক্রি), স্বদেশহইতে লোক আনিয়া বসতি-কৃ (ক্রি), প্রদেশ বা নূতন দেশ স্থাপিত-কৃ।

Colonization, *n. s.* নূতন বস্তি বসান, আবাদ, রাইয়ৎ বন্দোবস্ত, অন্য দেশহইতে লোক আনিয়া আবাদ করণ।

Colonizing, *n. s.* তথা।

Colonnade, *n. s.* Ital. স্তম্ভের শ্রেণী, শ্রেণীবদ্ধ স্তম্ভ, থামের পংক্তি।

Colony, *n. s.* Lat. আবাদি দেশ, প্রদেশ, স্বদেশান্তর দেশ, স্বদেশহইতে লোক আনিয়া বসতি বা আবাদ হয় যে স্থানে, নয়া আবাদ।

Colophon, *n. s.* Lat. গ্রন্থের শেষ বা অন্ত, পূর্ব্বে এ শব্দার্থে যে থানে গ্রন্থ সমাপন হয় যে স্থানে ও যে তারিখে তাহা লেখা যাইত।

Colophony, *n. s.* ধূনাবিশেষ।

Coloquintida, *n. s.* ঔষধীয় তিক্ত ফলবিশেষ।

Colorate, *a.* Lat. রংদার, রংকৃত, রাঙ্গান, ছোবান, রঙ্গিন, চিত্রিত, রংকরা।

Coloration, *n. s.* রাঙ্গান অবস্থা বা তদ্ভাব, রাঙ্গানত্ব, বর্ণাকৃতিত্ব।

Colorifick, *a.* ছোবক, ছোবান বা রং হয় যাহাতে, রং বা বর্ণ ধর্ম্মক, রং বা রঙ্গিন হয় যাহাতে বা যদ্দ্বারা, বর্ণোৎপত্তিক্ষম।

Coloss বা **Colossus,** *n. s.* Lat. বৃহৎ পুত্তলিকা, বড় মূরত।

Colossal, *a.* বৃহৎ, বৃহদাকারবিশিষ্ট, বড় মূরত বৎ বা তন্ন্যায় আকার যাহার, অসম্ভবাকৃতি বিশিষ্ট।

Colossean, *a.* রাক্ষসাকৃতি যাহার, দানবাকার বিশিষ্ট।

Colossians, *n. s.* কোলোসি নামক শহরের খৃষ্টীয়ান বিশেষ।

Colossick, *a.* বড়, বৃহৎ, প্রকাণ্ড, রাক্ষসাকৃতি।

Colossus-wise, *ad.* বৃহৎপুত্তলিকার আকারপূর্ব্বক, বৃহদাকার, মূরতের রূপ বা অবয়বানুসারে।

Colour, *n. s.* Lat. বর্ণ, রং, মুখের আভা, শ্রী, চেহারা, চিত্রকরের রং, অবয়ব, বাহ্যাকার বা তদ্ভাব, গোপন, ছাপান, লুকান, সমতা, উপশম, ক্ষমা, ওজর, ছল, বাহানা, প্রতারণা, কল্পিত, শোভা, আকার, রূপ, জাতি, রকম, নাম, সম্ভ্রম, পতাকা, নিশান, চিহ্ন।

To **Colour,** *v. a.* রং-কৃ, বর্ণ-কৃ, রংলাগ (ক্রি), রং-মাখ (ক্রি), চিত্র-কৃ, সমতা-কৃ, উপশম-কৃ, ওজর-কৃ, বাহানা বা ছল-কৃ, সম্ভবনীয়-কৃ, গ্রহণার্হ-কৃ।

To **Colour,** *v. n.* লজ্জিত-হ, মুখ ম্লান-হ।

Colourable, *a.* সুদৃশ্য, প্রিয়দৃশ্য বা দর্শনীয়, জাঁকাল, ভড়কদার, ভবিতব্য, ভব্য, সম্ভবনীয়, গ্রহণোপযুক্ত।

Colourableness, *n. s.* গ্রহণোপযুক্ত হয় যাহা, সুদৃশ্যত্ব, জাঁক, ভড়ক।

Colourably, *ad.* শোভাপূর্ব্বক, সুদৃশ্যরূপে, সৌন্দর্য্য দর্শনপূর্ব্বক।

Coloured, *part. a.* চিত্রিত, চিত্রীকৃত, রংকরা, রাঙ্গান, রংমাখা, রংদেওয়া।

Colouring, *n. s.* রংকরণ, রংপূরণ, রংভরণ, চিত্রকরণ, চিত্র বিদ্যা, চিত্রকরণের রীতি বা প্রকরণ যদ্দ্বারা সৌন্দর্য্য, অবয়ব ইত্যাদি লিখনের সংস্কার জন্মে।

Colourist, *n. s.* পটুয়া, চিত্রকর, উত্তমরূপে চিত্র করে বা রংপুরে যে, রংকার, রংওয়ালা।

Colourless, *a.* নীরং, অবর্ণ, রং নাই যাহাতে বা যাহার, পরিষ্কার, খোলাশা, শাদা।

Colstaff, *n. s.* বাঙ্গি, বাঁক বিশেষ, বাঁশ বা কাষ্ঠ বিশেষ, যাহাতে ভার বহে।

Colt, *n. s.* Sax. ঘোটকবৎস, বাছড়া, ছেপলা, চেংড়া, বেঅকুব বা মূর্খ ব্যক্তি।

To **Colt,** *v. n.* লম্ফ, প্রলম্ফ, ঝম্প।

To **Colt,** *v. a.* পাগল-কৃ, পাগল বান (ক্রি)।

Colts-foot, *n. s.* বৃক্ষবিশেষ।

Colts-tooth, *n. s.* ঘোড়ার সম্মুখের দাঁত, বাছড়া ঘোড়ার অপরিপক্ব বা অশক্ত দন্ত, বাল্য ক্রীড়া, বাল্য ক্রীড়ায় আসক্তি বা প্রেম।

Colter, *n. s.* Lat. লাঙ্গলের ফাল বা তদগ্র, হুল যদ্দ্বারা মৃত্তিকা বিদ্ধ হয়।

Coltish, *a.* চুলবুলে, চঞ্চল, অবাধ্য, অপ্রশান্তচিত্ত যাহার, মস্করা, ঠেঁটা, কামুক, বাচড়া ঘোড়াধর্ম্মক।

Colubrine, *a.* Lat. অজগরবিষয়ক, সর্পসম্বন্ধীয়, ধূর্ত্ত, চতুর, শঠ, বঞ্চক।

Columbary, *n. s.* Lat. কপোতাগার, কপোতের বাসা বা খোপ, ঘুঘু বা পায়রার খোপ।

Columbine, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Columbine, *n. s.* রংবিশেষ।

Columbo *Root,* কলম্বনামক দেশজাত ঔষধীয় মূল বিশেষ।

Column, *n. s.* Lat. স্তম্ভ, পিলপা, থাম্বা, গোল থাম, সারি, কাতার, পাঁতি, পংক্তি, একপৃষ্ঠার অর্দ্ধেক, এক পৃষ্ঠার অর্দ্ধ ভাগ বা ভাঁজ।

Columnar বা **Columnarian,** *a.* পংক্তিকৃত, শ্রেণিবিশিষ্ট, কাতারবান্ধা, পংক্তিবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Colures, *n. s.* Lat. পৃথিবীর কেন্দ্র ভাগে মণ্ডলবিশেষ, উষ্ণ কটিবন্ধ।

Digitized by Google

Coma, *n. s.* নিদ্রা, নিদ্রাপ্রয়োজক লক্ষণ বা ধর্ম্ম, অবসাদ।

Comart, *n. s.* সলা, সন্ধি, সন্ধিপত্র, নিয়ম।

Comate, *n. s.* মিত্র, বন্ধু, সঙ্গী, সহবাসী, সহবর্ত্তী, সমভিব্যাহারী।

Comate, *a.* Lat. লোমশ, লোমবিশিষ্ট, লোমে পূর্ণ।

Comatose, *a.* নিদ্রাতুর, নিদ্রাকৃষ্ট, নিদ্রাপ্রয়োজক, নিদ্রাকর্ষক, অলস, বিহ্বল।

Comb, নাম বা সংজ্ঞাবাচক শব্দের, অন্তে লিখা যায় তাহাতে নিম্নত্ব বুঝায়।

Comb, in *Cornish*, কন্দর দুই পর্ব্বতের মধ্যবর্ত্তি স্থান বুঝায়।

Comb, *n. s.* Sax. পর্ব্বত বেষ্টিত ময়দান।

Comb, *n. s.* Sax. কাঙগুই, চিরুণী, কুক্কুটের মুকুট বা মস্তকের ফুল মৌচাকের ছিদ্র, যে স্থানে মধু থাকে, পরিমাণবিশেষ।

To **Comb**, *v. a.* পরিষ্কার-কৃ, আঁচড়, চিরুণী-দা, চিরুণীদ্বারা পরিষ্কার-কৃ, চিরুণী দিয়া-আঁচড়।

Comb-brush, *n. s.* চিরুণীর কুঁচি, চিরুণী, পরিষ্কারক কুঁচিবিশেষ।

Comb-maker, *n. s.* হাড়কাটা বিশেষ, কাঙগুই বা চিরুণী বানায় যে।

To **Combat**, *v. n.* যুদ্ধ-কৃ, লড়াই-কৃ, রণ-কৃ, সংগ্রাম-কৃ, বিপরীত কর্ম্ম-কৃ বা চল, প্রতিবাদ-কৃ, প্রতিযোগ-কৃ, বাধা-কৃ বা জন (ক্রি), প্রতিরোধ-কৃ।

To **Combat**, *v. a.* লড়াই-হ, যুদ্ধ-হ, বিপরীত-হ, প্রতিরোধ-হ, বাধা-হ।

Combat, *n. s.* Fr. লড়াই, যুদ্ধ, কলহ, বিরোধ, প্রতিরোধ, দ্বন্দ্বজ, কাজিয়া।

Combatant, *n. s.* লড়াই করে যে, লড়াক, যোদ্ধা, অন্যের সহিত যুদ্ধ করে যে, বীর, শূর,।

Combatant, *a.* ঝগড়াউ, কলহোদ্যুক্ত, দ্বন্দ্বজোৎসুক, বিরোধ করণে প্রবৃত্তি আছে যাহার বা প্রবৃত্ত হয় যে।

Combater, *n. s.* লড়াইকারক, যুদ্ধকর্ত্তা।

Comber, *n. s.* জোলাবিশেষ, পশম আঁচড়ে বা পরিষ্কার করে যে বা তদ্ব্যবসায় যাহার।

Comber, *n. s.* মৎস্যবিশেষ।

Comber, *n. s.* Dutch. ভার, উৎপাত, ঝঞ্ঝাট।

Combinable, *a.* একত্র হওনক্ষম, ঐক্য হওনোপযুক্ত, মেল ভবনীয়, এক পরামর্শ বা মত হওনে শক্ত।

Combinate, *a.* বিবাহ বিষয়ে, বাগদত্ত, অঙ্গীকৃত, স্বীকৃত, প্রতিশ্রুত, নিবন্ধীকৃত, দানেস্বীকৃত।

Combination, *n. s.* মেল, যোগ, যুক্তি, ঐক্য, দ্রব্যের বা গুণের ঐক্য বা মিল, অভিপ্রায় বা মনোভাবের একতা. [In Mathematicks.] অক্ষর শব্দ ইত্যাদির বৈলক্ষণ্য বা নানা প্রকার হওন বা করণ।

To **Combine**, *v. a.* Fr. একত্র-কৃ, যোগ-কৃ, মেল, এক পরামর্শ-কৃ, সংলগ্ন-কৃ, সংযোগ-কৃ, স্বীকার-কৃ, রাজী-কৃ, কবুল-কৃ, পরিষ্কার-কৃ, অল্পে রফা-কৃ, উভয় সম্মতিতে বন্দোবস্ত-কৃ, নিয়মপূর্ব্বক সন্ধি-কৃ।

To **Combine**, *v. n.* সংযুক্ত-হ, একত্র-হ, যোগ-হ, মিল, ঐক্য-হ, একপরামর্শ-হ, প্রীতিতে-মিল।

Combing, *n. s.* আঁচড়ান, উপকেশ, পরচুলা, লেড়া মাথায় উপকেশ।

Combless, *a.* ঝুঁট নাই যাহার, ঝুঁট বা শিখারহিত।

Combust, *a.* Lat. সূর্য্যের নিকটবর্ত্তি তারাবিশেষ।

Combustibility, *n. s.* জ্বলনশীলত্ব, ঝটিতি জ্বলে যে দ্রব্য তদবস্থ বা গুণ, জ্বলনীয়ত্ব।

Combustible, *a.* শীঘ্র জ্বলনশীল, ত্বরায় জ্বলে যে, সহজে অগ্নি লাগে যাহাতে, বারুদ বা গন্ধকবৎ জ্বলনীয়, জ্বলনার্হ,পুড়িবার যোগ্য।

Combustible, *n. s.* জ্বলনীয় বস্তু, অল্পে অগ্নি ধরে বা লাগে যাহাতে এমত বস্তু।

Combustibleness, *n. s.* জ্বলনার্হত্ব, জ্বলনশীলত্ব, দহনীয়ত্ব, দাহ্যত্ব।

Combustion, *n. s.* Fr. জ্বলন, জ্বাল, প্রজ্বলন, পোড়ন, দগ্ধহওন, গোলমাল, ছড়ামুড়ি, গণ্ডগোল, ধুমধাম।

To **Come**, *v. n.* Sax. আগম, দূরহইতে নিকটবর্ত্তী-হ, নিকটবর্ত্তী-হ, নিকটে-আগম, কাছে-ঘন, নিকটস্থ-হ, অগ্রগামী-হ, আগে বাড়, অগ্রে-আগম, অন্যেরঅগ্রে-আগম, গম, চল, বাহির-হ, বহির্গম, নির্গত-হ, অবস্থান্তর-হ, একাবস্থাহইতে অন্যাবস্থা-প্রাপ, কোন অবস্থাপ্রাপ্ত-হ, ভূ, কোন কর্ম্মে বা অবস্থাতে-পত, অভিলষিতাবস্থা-প্রাপ, বর্ত্তমান-হ, প্রত্যক্ষ-হ, সম্মুখবর্ত্তী-হ, ঘট, আসিয়া-পত, ক্ষান্ত-হ, নিরস্ত-হ, নিবৃত্ত-হ, *To come about*, চলিত-হ, প্রচলিত-হ, চলিয়া-যা, পরীবর্ত্ত-হ, বদল-হ, ফিরিয়া-আগম, পুনর্ব্বার-আগম, আরবার-আগম, ফিরেঘুরে উপস্থিত-হ, *To come again*, ফিরে-আগম, ফিরে-চল, পুনর্ব্বার উপস্থিত-হ, পুনরাগম, পুনর্ব্বার-ঘট, আরবার উপস্থিত-হ, *To come after*, পশ্চাৎ-গম- পশ্চাদ্গামী-হ, পশ্চাদ্ধাবমান-হ, পিছে-আগম. *To come at*, পঁহুছ, প্রাপ. *To come by*, প্রাপ, লাভ-হ, বা সিদ্ধ-হ, অভীষ্ট লাভ-হ, বা-কৃ, প্রাপ্তি-হ, *To come in*, প্রবেশ-কৃ, ভিতরে-আগ, সাঁদ-কৃ, বা -হ, প্রবিষ্ট-হ, রাজী-হ, স্বীকার-কৃ, সম্মতি-কৃ, সম্মতি-দা, সম্মত-হ, বন্দরে-পঁহুছ, বন্দরে উত্তীর্ণ-হ, রীতিবৎ-হ, চলনসহি-হ, সুতর-হ, বহুদ্রব্য মিশ্রিত যে বস্তু তাহার একাংশ-হ, লাভ-হ, লাভোৎপন্ন-হ, লাভ-জন, বহুলাভ-হ, যথেষ্ট লাভ-হ. *To come in for*, প্রাপণার্থে সময়ে উপস্থিত-হ. *To come in to*, সংলগ্ন-হ, যোড়-লাগ, যুক্ত-হ, স্বীকার-কৃ, রাজী-হ, সম্মত-হ. *To come near*, নিকটবর্ত্তী-হ, নিকটস্থ-হ, সন্নিহিত-হ, কাছে-ঘন, সমতুল্য-হ, উত্তমতা বা গুণাংশে দৃষ্টান্ত-দা. *To come of*, শ্রেণীক্রমে-আগম, পরপর-হ, পরম্পর-হ, উৎপত্তি-হ, জন. *To come off*, বহির্ভূত-হ, বিপথে-যা, অনিয়ম-হ, অন্যথা-হ, পলায়ন-কৃ, ভাগড়া-হ, কর্ম্মের অন্ত বা শেষ-কৃ. *To come off from*, ত্যাগ-কৃ, ত্যক্ত-হ, ছাড়, বর্জ্জন-কৃ, পরিত্যাগ-কৃ, ক্ষমা-কৃ, বরদাস্ত-কৃ, সহ্য-কৃ. *To come on*, অগ্র-গম, আগে-বাড়ে, বৃদ্ধি-হ, বর্দ্ধন-কৃ, গতি-কৃ, যুদ্ধার্থে অগ্রগামী-হ, বড়-হ, বর্দ্ধিষ্ণু-হ, মোটা-হ, স্থূল-হ. *To come over*, ফিরিয়া-আগম বা -যা, বিপক্ষে উল্টিয়া-যা, উত্থান-কৃ, উঠ. *To come out*, প্রকাশিত-হ, ব্যক্ত-হ, প্রচার-হ. *To come out with*, পথ-দা, ছিদ্র করিয়া-দা. *To come round*, ফিরিয়া-আগম, উল্টিয়া-আগম, বাচিয়া-উঠ, পরিবর্ত্তন-হ. *To come short*, ন্যূন-হ, ব্যর্থ-হ, অল্প-হ, কম-হ. *To come to*, রাজী-হ, সম্মতি-দা, কবুল-কৃ, স্বীকার-কৃ, ছাড়িয়া-দা, জুমুল-হ, মোট-হ, একুন-হ. *To come to himself*, চেতন-হ, জ্ঞান-হ. *To come to pass*, সিদ্ধ-হ, চলিত-হ, সম্পন্ন-হ, অসূয়া-হ, বিগড়, সুহৃদ্ভঙ্গ-হ, বিচ্ছেদ-হ, ঝকড়া-হ. *To come up*, হাজির-হ, সাক্ষাৎ-হ, প্রত্যক্ষ-হ, ব্যবহার-হ, চলন-হ. *To come up to*, জুমুল-হ, একুন-হ, বৃদ্ধি-হ, অগ্র-গম, আগে-বাড়. *To come up with*, তাড়িয়া-ধৃ, পশ্চাৎ আসিয়া-ধৃ, পশ্চাদ্ধাবন করিয়া-ধৃ. *To come upon*, আক্রমণ-কৃ, চড়াও-কৃ।

Digitized by Google

Come, অনুজ্ঞাবাচক শব্দ ত্বরা, অবিলম্ব ইত্যাদ্যর্থক জানিবেন, অর্থাৎ ত্বরায় আইস, ত্বরা কর, গৌণ করিও না ইত্যাদি।

Come *your ways*, চলিয়া আইস, এখানে আইস, নিকটে আইস ইত্যাদি।

Come, ক্রিয়ার বিশেষণ বাচক শব্দ।

Come, ঐক্যকরণ বা তৎ কর্ম্মে প্রবৃত্তি উদ্বোধক অব্যয় শব্দ।

Come, *n. s.* অঙ্কুর, পল্লব, গজা, নীচ ভাষাবিশেষ।

Comedian, *n. s.* কেচো বিশেষ, নর্ত্তক, তামাসাকর, সং ওয়ালা, নাটক, খেলক।

Comedy, *n. s.* Lat. নাটকার্থবিশেষ, মনুষ্যের দোষ কথনার্থক যাত্রাবিশেষ, তামাসা, সং।

Comelily, *ad.* সভ্যতারূপে, শিষ্টতারূপে, উত্তমরূপে, মনোহর রূপে।

Comeliness, *n. s.* অনুগ্রহ, দয়া, গুণ, রূপ, শোভা, সৌরূপ্য, সৌন্দর্য্য, ভূষণ, আভরণ, সম্মান, সম্ভ্রম, মর্য্যাদা।

Comely, *a.* দয়াশীল, করুণাময়, সভ্য, উত্তম, সুশ্রী, ভাবশুদ্ধ, মহৎ, মনোহর, সুরূপ।

Comely, *ad.* সৌন্দর্য্যরূপে, মনোহরত্বরূপে, উত্তমরূপে, অনুপমরূপে, সভ্যতারূপে, সুরূপে, যথার্থরূপে, প্রকৃতরূপে।

Comer, *n. s.* আগমনশীল, আগমন করে যে, আগমনকর্ত্তা।

Comessation, *n. s.* Lat. জটলাকরণ, হঙ্গামকরণ।

Comestible, *a.* Fr. খাদনীয়, খাদ্য, খাওনোপযুক্ত, আহারীয়, আহার্য্য।

Comet, *n. s.* Gr. নক্ষত্রবিশেষ, উল্কা, ধূমকেতু।

Comet-like, *a.* কোমেটনামক নক্ষত্র বৎ।

Comet, *n. s.* তাস খেলাবিশেষ।

Cometary বা **Cometick**, *a.* কোমেটনামক তারাসম্বন্ধীয়, বা তদ্বিষয়ক।

Cometography, *n. s.* তন্নক্ষত্রের বিবরণ বা ভাব ও গতি ইত্যাদি বর্ণন।

Comfit, *n. s.* শুষ্ক মিঠাইবিশেষ।

To **Comfit**, *v. a.* চিনি মিশ্রণ দ্বারা মোরব্বা-কৃ, চিনিতে-মজ্জ(ক্রি) চিনিতে পাক-কৃ।

Comfiture, *n. s.* মিঠাই, মিষ্টান্ন।

To **Comfort**, *v. a.* Lat. শক্তিমান-কৃ, বলবান-কৃ, শক্তিবিশিষ্ট-কৃ, জোরাবর-কৃ, শক্তি-জন (ক্রি), সজীব-কৃ, উৎসুক-কৃ, তেজোময়-কৃ, সান্ত্বনা-কৃ, বুধ (ক্রি), প্রবোধ-জন (ক্রি)।

Comfort, *n. s.* সাহায্য, উপকার, প্রতিপালন, আনুকূল্য, প্রসন্নতা, প্রবোধ, সান্ত্বনা, স্তোভ।

Comfortable, *a.* সান্ত্বনাকারী, প্রবোধ দেয় বা সান্ত্বনা করে যে, আরাম, খুসী, মনের প্রশস্ততা বা সন্তোষজনক, আহ্লাদজনক, মনোরম, স্বাস্থ্যজনক, উত্তম, স্বচ্ছন্দ, আহ্লাদিত, হৃষ্ট, পুলকিত।

Comfortableness, *n. s.* সন্তোষজনকত্ব, আহ্লাদজনকত্ব, মনোরমত্ব, স্বাস্থ্যজনকত্ব, উত্তমতা, স্বচ্ছন্দতা, হৃষ্টতা, পুলকিতত্ব।

Comfortably, *ad.* স্বচ্ছন্দে, আনন্দে, আনন্দপূর্ব্বক, আরামপূর্ব্বক, চিত্তের সুখপূর্ব্বক, আহ্লাদজনকত্বরূপে, সুখে, অনায়াসে, আয়াসরাহিত্যপূর্ব্বক।

Comforter, *n. s.* প্রবোধজনক, সান্ত্বনাকারী, প্রবোধ দেয় যে, ধর্ম্মশাস্ত্রে ধর্ম্মাত্মার উপাধিবিশেষ।

Comfortless, *a.* নিরানন্দ, অস্বচ্ছন্দ, আরাম নাই যাহাতে বা যাহার দুঃখদায়ক, সুখবর্জ্জিত, চিত্তের সন্তোষ রহিত, সান্ত্বনাবর্জ্জিত প্রবোধহীন শোকান্বিত, দুঃখিত।

Comfortress, *n. s.* প্রবোধদায়িকা, সান্ত্বনাকারিণী, সান্ত্বনা করে বা দেয় যে স্ত্রী।

Comfrey, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Comical, *a.* Lat. হাস্যার্ণব, কৌতুকী, ভাঁড়, হাস্য প্রয়োজক, মস্করা, ঠাট্টাবাজ, কামেডিনামক যাত্রাবিষয়ক।

Comically, *a.* ভাঁড়ামিপূর্ব্বক, কৌতুকপূর্ব্বক, মস্করামিপূর্ব্বক, হাস্যপ্রয়োজকতারূপে, পূর্ব্বোক্ত যাত্রাপূর্ব্বক বা তদনুরূপে।

Comicalness, *n. s.* ভাড়ামী, কৌতুক, মস্করামী, পরিহাস কথা, আহ্লাদজনকত্ব।

Comick, *a.* হাস্যার্ণব নাটকবিষয়ক, উল্লাসজনক, হাস্যোৎপাদক, সংবিষয়ক।

Coming, *n. s.* আইসন, আগমন করণ, নিকটস্থ হওন, কাছে যানান, নিকটে আগমন, আগমন, আগতত্ব, পঁহুছ।

Coming-in, *n. s.* আয়, উৎপত্তি, উপস্বত্ব, খাজানা, মালগুজারি, লাভ, অনুনয়, আজ্ঞাকারিত্ব, বশীভূত হওন বা করণ, মানন, স্বীকারকরণ, ছাড়িয়া দেওন, প্রবেশকরণ।

Coming, *part. a.* ইচ্ছু, অনুরক্ত, অনুরাগী, ব্যগ্র, সচেষ্ট, উদ্যুক্ত, আগামী, ভাবী, হবে যাহা, আসিতেছে যাহা।

To **Comingle**. *To* **Commingle**, শব্দ দেখ।

Comitial, *a.* Lat. রুমীয় সভা বা মজলিসের রুমীয়েরদিগের সভা বিষয়ক বা তৎসম্বন্ধীয়, প্রিষ্টিবরিয়নসংজ্ঞক মণ্ডলের নিয়মবিষয়ক।

Comity, *n. s.* Lat. সভ্যতা, শিষ্টাচার, আলাপকুশলতা, আদর, মর্য্যাদা।

Comma, *n. s.* পাদ পূরণ বা পদ বিচ্ছেদ চিহ্ন বিশেষ যথা (,); (গীত বিদ্যায়) সংজ্ঞাবিশেষ, মূলঅর্থের বৈলক্ষণ্য বা বিশেষ।

To **Command**, *v. a.* Lat. আধিপত্য-কৃ, শাসন-কৃ, প্রভুত্ব-কৃ, আজ্ঞা-কৃ, হুকুম-কৃ, হুকুম-দা, কোন কর্ম্মকরণার্থে আজ্ঞা-কৃ, আজ্ঞাধীন বা ক্ষমতাধীন-কৃ, আপন বশে-আন, তাবেদার-কৃ, হাকিমী-কৃ, সেনাবদ্ধ-কৃ, শাসনাধীন-কৃ।

To **Command**, *v. n.* স্বামিত্ব-প্রাপ, প্রভুত্ব বা আধিপত্য-প্রাপ বা -হ।

Command, *n. s.* আজ্ঞাকরণের ক্ষমতা, প্রভুত্ব, স্বাধীনত্ব, শক্তি, বল, ক্ষমতা, পরাক্রম, হুকুম, আজ্ঞা, ফরমাইস, আজ্ঞাকরণ, হুকুম করণ।

Commandant, *n. s.* Fr. সরদার, প্রধান, কর্ত্তা, অধিপ, স্বাধীনত্ব, বা প্রভুত্ব, আছে যাহার, সৈন্যাধ্যক্ষ।

Commandatory, *a.* আজ্ঞা করিবার ক্ষমতা আছে যাহার, শ্রেষ্ঠ, প্রধান, কর্ত্তা, সরদার, ক্ষমতাপন্ন, ক্ষমতাবিশিষ্ট, হুকুম চলে যাহার।

Commander, *n. s.* অধিপতি, সেনাপতি, সেনাধ্যক্ষ, আজ্ঞাকর্ত্তা, আজ্ঞা বা হুকুম করে যে, হুকুম দেয় যে, ক্ষমতা আছে যাহার, কাষ্ঠময় বৃহন্মুদ্গর, দুর্ম্মুস, পিটনে, অস্ত্রচিকিৎসকের অস্ত্রবিশেষ।

Commandery, *n. s.* মালতা দেশে এক জাতীয় যোদ্ধৃ কুলীনসমূহ বা তৎসভা কিম্বা দল, নাইটসংজ্ঞক কুলীন সমূহের আবাস বা বাটী।

Commandingly, *ad.* প্রধানত্বরূপে, সরদারিরূপে, আজ্ঞাকরণপূর্ব্বক।

Commandment, *n. s.* হুকুম, আজ্ঞা, ফরমাইস, আজ্ঞাপত্র, হুকুমনামা, পরওয়ানা, ক্ষমতা, প্রভুত্ব, কর্তৃত্ব, দলিল, প্রধানত্ব, শ্রে

Digitized by Google

ষ্ঠত্ব, সরদারী, খ্যাতি, ঈশ্বরকর্তৃক মোশহের প্রতি দশ আজ্ঞার আদেশ।

Commandress, *n. s.* আজ্ঞাকর্ত্রী, আধিপত্যকারিণী, হুকুম দেয় বা করে যে স্ত্রী, প্রধানা, শ্রেষ্ঠা, শ্রেষ্ঠতা বা ক্ষমতা আছে যে স্ত্রীর, শাসনক্ষমতাপন্না।

Commark, *n. s.* Fr. দেশের সরহদ্দ, সীমানা বা সরহদ্দ।

Commaterial, *a.* এক বস্তুবিশিষ্ট, একধর্ম্মাক্রান্ত, একভাববিশিষ্ট, অভেদ।

Commateriality, *n. s.* একধর্ম্মাক্রান্ততা, একধর্ম্মবিশিষ্টত্ব, একাবস্থা, একস্বাভাবিকত্ব, সাদৃশ্য।

Commatism, *n. s.* সংক্ষেপত্ব, হ্রস্বত্ব, অল্পত্ব, চুম্বকত্ব।

Commeasurable, *a.* পরিমেয়, একপরিমাণদ্বারা ন্যূনযোগ্য বা হ্রসনীয়।

Commeline, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Commemorable, *a.* প্রশংসনীয়, স্মর্য্য, স্মরণকরণযোগ্য, স্মরণীয়, মান্যতাপরঃসরে স্মর্য্য।

To **Commemorate**, *v. a.* Lat. যশঃ বা কীর্ত্তিসূচক কর্ম্ম চিরস্থায়ী-কৃ, কোন প্রকার কর্ম্মদ্বারা খ্যাত-কৃ, প্রতিষ্ঠা-কৃ, স্মরণার্থে উৎসব-কৃ।

Commemoration, *n. s.* কোন কর্ম্মের বা ব্যক্তির উদ্দেশ বা স্মরণার্থে পর্ব্ব বা মহোৎসব, স্মরণার্থে উৎসব।

Commemorative, *a.* স্মরণসূচক, উদ্বোধক, স্মরণ হয় বা করে যদ্দ্বারা।

Commemoratory, *a.* স্মরণীয়, স্মরণার্হ, স্মরণ হয় বা করে যদ্দ্বারা বা যাহাতে।

To **Commence**, *v. n.* Fr. আরব্ধ-হ, উপক্রম-হ, আরম্ভ-হ, প্রবৃত্ত-হ, সুরু-হ, নূতনভাবপ্রাপ্ত-হ, নূতন নাম প্রাপ্ত-হ, কেম্ব্রিজনামক নগরের বিদ্যালয়ে বিশেষ পদপ্রাপ্ত-হ।

To **Commence**, *v. a.* আরম্ভ-কৃ, আরব্ধ-কৃ, সুরু-কৃ, অদালতে প্রবৃত্ত-কৃ, মোকদ্দমা আরম্ভ-কৃ।

Commencement, *n. s.* উপষ্ঠম্ভ, অনুষ্ঠান, আরম্ভ, সুড়, প্রথম, তারিখ, দিবস, কেম্ব্রিজ নগরের বিদ্যালয় বিষয়ে জুলাই মাসের প্রথম মঙ্গলবার যে দিবসে তচ্ছাত্রেরা বিশেষ পাঠ সমাপ্ত করে।

To **Commend**, *v. a.* Lat. অনুরাগ-কৃ, সুখ্যাতি-কৃ, প্রশংসা-কৃ, প্রতিষ্ঠা-কৃ, প্রত্যয়পূর্ব্বক-দা, প্রত্যয়েতে অর্পণ-কৃ, সোঁপ, সোপরোদ-কৃ, স্মরণার্থে -কথ, স্মরণার্থ প্রস্তাব-কৃ, খ্যাতি-কৃ, উত্তমরূপে প্রকাশ-কৃ, শ্রেষ্ঠত্ব বা উত্তমত্ব-জ্ঞা (ঞি), বা ব্যক্ত-কৃ।

Commend, *n. s.* প্রশংসা, অনুরাগ, প্রতিষ্ঠা।

Commendable, *a.* প্রশংসনীয়, অনুরাগার্হ, প্রতিষ্ঠাযোগ্য।

Commendableness, *n. s.* প্রশংসনীয়ত্ব, অনুরাগ বা প্রতিষ্ঠা যোগ্যত্ব।

Commendably, *ad.* অনুরাগপূর্ব্বক, প্রশংসারূপে।

Commendam, *n. s.* Lat. বৃত্তিবিশেষ।

Commendatary, *n. s.* পূর্ব্বোক্ত বৃত্তিভোগী।

Commendation, *n. s.* প্রশংসা, ব্যাখ্যা, অনুরাগ, যশঃ, গুণকথন, সুখ্যাতি, প্রেমবাক্য, প্রেমবাক্য প্রেরণ, প্রেমবার্ত্তা, সুপারিস।

Commendator, *n. s.* বৃত্তিভোগিবিশেষ।

Commendatory, *a.* প্রশংসাকারী, প্রশংসাসম্বন্ধীয়, ভরসাদাতা, শ্রদ্ধাবিশিষ্ট, বৃত্তিভোগী।

Commendatory, *n. s.* প্রশংসা, যশঃ, গুণ কথন, গুণ প্রকাশ।

Commender, *n. s.* প্রশংসা করে যে, গুণবক্তা, যশোবর্ণন করে যে, স্তবকারী।

Commensal, *n. s.* Lat. একস্থানভোজী, একস্থানে খায় যে, এক মেজে বা ঘরে আহার করে যে, এক পাত্রভোজী।

Commensality, *n. s.* এক স্থানে ভোজিত্ব, সহভোজিত্ব।

Commensation, *n. s.* এক স্থানে বা গৃহে বা পাত্রে ভোজন।

Commensurability, *n. s.* পরীক্ষাযোগ্যত্ব, পরীক্ষণীয়ত্ব, মিলান যোগ্যত্ব, পরিমাণকরণীয়ত্ব, ওজনকরণ যোগ্যত্ব, সমপরিমাণোপযুক্তত্ব।

Commensurable, *a.* ভাগযোগ্য, অংশকরণোপযুক্ত, হ্রাস্য, হরণীয়, সংখ্যাকরণীয়, পরিমেয়, সমপরিমিতোপযুক্ত, ওজন বা মাপ করণের উপযুক্ত বা যোগ্য।

Commensurableness, *n. s.* সংখ্যা, হিসাব, পরিমাণ, আন্দাজ, হরণীয়ত্ব, পরিমেয়ত্ব, সংখ্যাকরণীয়ত্ব।

To **Commensurate**, *v. a.* Lat. সমপরিমাণ-কৃ, কম্ (ঞি), খাদ (ঞি), বিভাগ-কৃ, ভঞ্জন-কৃ।

Commensurate, *a.* সমান পরিমাণকরণীয়, বিভাগকরণীয়, ভজনীয়, পরিমাণে হ্রাসকরণীয়, সমান, তুল্য।

Commensurately, *ad.* বিভাগকরণ যোগ্যত্বরূপে, এক পরিমাণ অন্যদ্বারা ওজন করণপূর্ব্বক।

Commensuration, *n. s.* সমপরিমাণকরণ অংশাংশকরণ, অংশ হরণ বা খাওয়ান, পরিমাণ, হিসাব।

To **Comment**, *v. n.* Lat. টীকা-লিখ, টীকা-দা, টীপ্পনী-কৃ, কোন গ্রন্থের টীকা-লিখ, বিস্তার করিয়া অর্থ-কৃ, ব্যাখ্যা-কৃ, অর্থ-কৃ, ভাবার্থ বা অভিপ্রায় টীকাদ্বারা স্পষ্ট-কৃ, বৃত্তি-কৃ।

To **Comment**, *v. a.* অর্থ-কৃ, বুঝিয়া-দা, বুঝ (ঞি), ব্যাখ্যা-কৃ, রচনা-কৃ, নির্ম্মাণ-কৃ, কল্পনা-কৃ, বিবেচনা-কৃ।

Comment, *n. s.* টীপ্পনী, টীকা, বৃত্তি, ব্যাখ্যা, অর্থ, অর্থকরণ, ব্যাখ্যাকরণ, আলোচনা, অবলোকন, ঠোক পাড়ন।

Commentary, *n. s.* ব্যাখ্যা, অর্থ, টীপ্পনী, টীকা, টীকাগ্রন্থ, টীপ্পনীগ্রন্থ, টীকা লিখন বা দেওন, বিবরণ, উপাখ্যান।

Commentator, *n. s.* টীকাকর্ত্তা, টীপ্পনীকর্ত্তা, টীকা লিখে বা দেয় যে, অর্থ বা ব্যাখ্যা করে যে।

Commenter, *n. s.* টীকা লিখে যে, টীপ্পনীকর্ত্তা, টীপ্পনীলেখক।

Commentitious, *a.* Lat. মিথ্যা, ঝুঁটা, কল্পিত, অযথার্থ, আরোপিত, চিত্তোদ্ভূত, চিন্তিত, গড়া।

Commerce, *n. s.* Lat. বাণিজ্য, ব্যবসায়, কারবার, তেজারত, ক্রয় বিক্রয়, সওদাগরী, আনুগত্য, আলাপ, গমনাগমন, ভাব, তাসখেলা বিশেষ।

To **Commerce**, *v. n.* বাণিজ্য-হ, ব্যবসায়-হ, কারবার-হ, সওদাগরি-হ, সম্ভাষ-কৃ, আলাপ-হ, পরিচয়-হ, আনুগত্য-হ।

Commercial, *a.* বাণিজ্যসম্বন্ধীয়, বাণিজ্যের, সওদাগরির, সওদাগরিবিষয়ক।

Commercially, *ad.* বাণিজ্যাভিপ্রায়ে, বাণিজ্যের রীতিপূর্ব্বক, লাভাভিপ্রায়ে।

To **Commigrate**, *v. n.* Lat. বহুজন একত্রে স্থানান্তর-হ, এক স্থান ত্যাগ করিয়া অন্য স্থানবাসী-হ, দেশান্তর-হ, এক দেশে ত্যাগপূর্ব্বক, অন্য দেশে-গম বা -স্থা।

Commigration, *n. s.* দেশভ্রমণ, দেশান্তরহওন, বহুজন একত্রে এক দেশহইতে অন্য দেশে গমন বা তথা যাইয়া বাসকরণ।

Commination, *n. s.* Lat. শাপ, অভিশাপ, মন্যু, ভয় প্রদর্শন, শাসন, নিরূপিত দিবসে পরমেশ্বরের নির্ণীত অভিশাপবর্ণন।

Comminatory, *a.* ভয়প্রদর্শক, শাসক।

To **Commingle**, *v. a.* Lat. একত্র-কৃ, মিশ্রণ-কৃ, সংযোগ-কৃ, যড়-কৃ, বক্র-কৃ, নিম্ন-কৃ, নাম (ঞি), ঝোঁক (ঞি)।

Digitized by Google

To **Commingle**, *v. n.* মিশ্রিত-হ, একত্র-হ, যুক্ত-হ।

To **Comminuate**, *v. a.* পেয়, বণ্ট, চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, রেণু-কৃ।

Comminuible, *a.* চূর্ণভবনীয়, গুঁড়াকরণীয়, রেণুভবনীয়।

To **Comminute**, *v. a.* Lat. চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, খুদ২-কৃ, পেষ।

Comminution, *n. s.* চূর্ণ, গুঁড়া, ফাঁকী, ধূলি, সূক্ষ্মকরণ, দ্রবকরণ, আর্দ্র করণ, পাতলাকরণ।

Commiserable, *a.* করুণার্হ, দয়াপাত্র, দয়া বা মোহযোগ্য, দীন হীন।

To **Commiserate**, *v. a.* Lat. দয়া-কৃ, করুণা-কৃ, আহা-কৃ, স্নেহ -কৃ।

Commiseration, *n. s.* দয়া, করুণা, কৃপা, মোহ, মানসিক ব্যথা।

Commiserative, *a.* দয়ালু, কৃপালু, মোহবিশিষ্ট, করুণাময়, কৃপা ময়।

Commiseratively, *ad.* করুণাপূর্ব্বক, দয়াপূর্ব্বক, দয়া করিয়া।

Commiserator, *n. s.* দয়া করে যে, করুণাকর্ত্তা, করুণাময়, কৃপা বা আহাঃ করে যে।

Commissariat, *n. s.* Fr. সৈন্যের পদস্থ ব্যক্তি সমূহ, সৈন্যের রস দ যোগায় বা দেয় যে, সৈন্যের লটবহর বহে বা রক্ষা করে যে, যুদ্ধ দ্রব্যাদি রাখে বা দেয় বা বহন করে যে।

Commissariship, *n. s.* কমিসরিসংজ্ঞক ব্যক্তির পদ বা কর্ম্ম।

Commissary, *n. s.* কর্ম্মপদস্থ ব্যক্তিবিশেষ, দারোগাবিশেষ, না এব, উকীল, ধর্ম্মাধ্যক্ষবিশেষ, ধর্ম্মমণ্ডলীবিষয়ক ব্যাপারাদি কা র্য্য শাসন বা রক্ষা করে যে, সৈন্যের আহারাদি দ্রব্য যোগায় যে, যুদ্ধদ্রব্যাদির অধ্যক্ষতা করে যে, যুদ্ধদ্রব্য রাখে যে, সৈন্যের সংখ্যা করে যে।

Commission, *n. s.* Lat. প্রত্যয়করণ, বিশ্বাস, প্রত্যয়, এতবার, চি ঠী, পরওয়ানা, হুকুম বা সনন্দ যদ্দ্বারাসৈন্যপদস্থ ব্যক্তি নিযুক্ত হয়, হুকুমনামা, আজ্ঞাপত্র, আজ্ঞা, ভার, জিম্মা, কর্ম্ম, পদ, চা করী, কার্য্য, বিষয় ব্যাপার, অপরাধকরণ, দুষ্কর্ম্মকরণ, পাপক র্ম্মকরণ, জনসমূহ কোন বিশ্বস্ত কর্ম্মে একত্রীভূত, কর্ম্ম বা পদ বিশেষ, বহুজনদ্বারা নির্ব্বাহকৃত পদ বা কর্ম্ম বিশেষ, নিয়ম য দ্বারা বাণিজ্যাদি ব্যাপার হয়, দস্তুরি, রসুম, বেতনবিশেষ।

To **Commission**, *v. a.* ক্ষমতাবিশিষ্ট-কৃ, হুকুম-দা, পদার্পিত-কৃ, নিয়োগ-কৃ, নিযুক্ত-কৃ, সনন্দ-দা, আজ্ঞাপ্রেরণ-কৃ, উকীল বা নাএব বা গোমস্তা নিযুক্ত-কৃ, বা প্রেরণ-কৃ, আজ্ঞাপত্রসহিত প্রেরণ-কৃ, ভার-দা, কোন কর্ম্ম করণার্থে ভার বা ক্ষমতা-দা।

Commissional বা **Commissionary**, *a.* সনন্দদ্বারা নিযোগকারী, আজ্ঞাপত্রদ্বারা প্রেরক।

To **Commissionate**, *v. a.* নিযোগ-কৃ, নিযুক্ত-কৃ, আজ্ঞা-কৃ, প্রের ণ-কৃ।

Commissioner, *n. s.* আমীন, দারোগা, কর্ম্মকারি ব্যক্তিবিশেষ, কোন কর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত বহুজনের মধ্যে এক জন, সনন্দে তে বা আজ্ঞাপত্রেতে নাম লিখিত হইয়াছে যাহার, রাজকর্ম্ম নির্ব্বাহার্থে বহুজনের সহিত নিযুক্ত হয় যে।

Commissure, *n. s.* Lat. যোড়, সংযোগ, মিল, শেলাই হয় যে স্থানে।

To **Commit**, *v. a.* Lat. অর্পণ-কৃ, জিম্মা-কৃ, বিশ্বাস-কৃ, সোপরোদ -কৃ, আনামত-কৃ, রক্ষার্থে-দা বা অর্পণ-কৃ, কএদ-কৃ, বদ্ধ-কৃ, কা রাগারে প্রেরণ-কৃ, কারাগারে-রক্ষ বা অর্পণ-কৃ, দুষ্কর্ম্ম-কৃ, অতি গর্হিত কর্ম্ম-কৃ, মহাদোষে দূষ্য-কৃ, অপরাধী-কৃ, দ্বন্দ্বার্থে-রক্ষ বা স্থাপনা-কৃ, দ্বন্দ্বজ বা কলহ বা বিরোধ বা তদধীন-কৃ।

Commitment, *n. s.* কএদ, বন্ধ, কএদকরণ, কারাগারে বন্ধন, কারা গারে প্রেরণ, কারাগারে প্রেরণার্থে হুকুম বা পরওয়ানা, ইংগ্ল ণ্ডীয় মহাসভার শব্দবিশেষ, যখন কোন দরখাস্ত বা প্রশ্ন তৎ কর্ম্মকারিরদিগকে অর্পিত হয় ইত্যাদ্যর্থক।

Committee, *n. s.* কর্ম্মসম্পাদিকা সভা, কোন কর্ম্ম সম্পন্নার্থে জনস মূহ, প্রেরিত বা নিয়োজিত জনসমূহ, পঞ্চায়ত, মজলিস, সভা, উন্মত্ত ব্যক্তির রক্ষক, পাগল বা অজ্ঞানকে রক্ষা করে যে বা তত্ত্ব দ্ব্যক্তিকে অর্পণ করা যায় যাহার হস্তে।

Committeeship, *v. n.* পূর্ব্বোক্ত ব্যক্তিরদিগের পদ বা কর্ম্ম বা লা ভ।

Committer, *n. s.* কারক, কর্ত্তা, করে যে, দুষ্কর্ম্মকারী, অপকর্ম্মকা রী, গর্হিত কর্ম্মকর্ত্তা, সোপরোদ করে যে, অর্পণ করে যে, ভার দেয় যে, বন্ধ করে যে, কএদ করে যে।

Committible, *a.* করণীয়, করণার্হ, অর্পণীয়, বন্ধনকরণযোগ্য, কা রাগারে প্রেরণীয়।

To **Commix**, *v. a.* Lat. মিশ্র, একত্র-কৃ, যোগ-কৃ।

To **Commix**, *v. n.* একত্র-হ, যোগ-হ, সংলগ্ন-হ, সংযুক্ত-হ।

Commixion, *n. s.* মিশ্রণ, মিশ্রিতদ্রব্য, একত্র হওন, সংযোগ, মে লন, ভাঁজ।

Commixtion, *n. s.* মিশ্রণ, একত্র হওন বা করণ, মিশ্রিত দ্রব্য, ভাঁ জ, মিলন।

Commixture, *n. s.* একত্রকরণ মিশ্রকরণ, গুলন, মিশ্রিতত্বাবস্থা, মিশ্র, সংযোগকরণ, সংযোগত্ব, সংযুক্তাবস্থা, মিলন, একত্রহ ওন, গোলাবস্থা।

Commode, *n. s.* Fr. স্ত্রীলোকের মস্তকাভরণ।

Commodious, *a.* Lat. প্রশস্ত, পরিসর, খোলাসা, কর্ম্মণ্য, উপযু ক্ত, কাযের মত, যোগ্য, কর্ম্মজ্ঞ, পরিপাটী, অপূর্ব্ব, গুণকার ক।

Commodiously, *ad.* উপযুক্তরূপে, কর্ম্মণ্যরূপে, কর্ম্মোপযুক্তর পে, অনায়াসে, স্বচ্ছন্দে, বিনাক্লেশে।

Commodiousness, *n. s.* কর্ম্মোপযুক্ততা, কর্ম্মক্ষমত্ব, অনায়াসত্ব, স্বচ্ছন্দত্ব, লাভদায়কত্ব, গুণকারিত্ব, লাভ, কেফাইত।

Commodity, *n. s.* দ্রব্য, বাণিজ্য দ্রব্য, মাল, লভ্য, মুনাফা, কেফা ইত, গুণ, ফল, লাভ, বিশেষ লাভ, স্বচ্ছন্দত্ব, অনায়াসত্ব।

Commodore, *n. s.* Span. নাবিক সৈন্যর উপাধি বা অধ্যক্ষবিশে ষ, যুদ্ধজাহাজ সমূহের অগ্রণী বা তদধ্যক্ষ।

Commodulation, *n. s.* Lat. পরিমাণ, মাপ, ওজন, করার, স্বীকা র, কবুল, পরিষ্কার করণ।

Commoigne, *n. s.* Fr. উদাসীন বিশেষ, সন্ন্যাসী, যোগী, তপস্বী।

Common, *a.* Lat. সাধারণ, বাজারু, যৎসামান্য, সচরাচর, বহুজ নের স্বার্থ বা অধিকার আছে যাহাতে, অস্বামিক, বেওয়ারিশ, সামান্য, পাজী, কমিনা, ক্ষুদ্র, নীচ, মর্য্যাদাহীন, অল্পমূলক, অধ ম, প্রকাশ, ব্যক্ত, জাহের, বেশ্যা, কুলটা, বারাঙ্গনা, ভ্রষ্টা।

Common, *n. s.* সাধারণ ময়দান বা ভূমি, পড়া মাঠ।

Common, *ad.* সচরাচরে, সহজরূপে, সামান্যরূপে।

In **Common**, বরাবর, সাধারণ, সকলে সমান, পরস্পর সমান বা তু ল্য, অভেদ, ইতরবিশেষ বিবেচনারহিত, ইতরবিশেষ বিবেচনা বর্জ্জিত. [In Law.] রাইয়তির বৈলক্ষণ্য বা ভেদ বা ইতরবি শেষ।

To **Common**, *v. n.* কোন ভূমিতে সাধারণ স্বত্ব-হ, সাধারণ ভূ মিতে অংশী-হ।

Common-council-man, *n. s.* সভাস্থ হইয়া অন্যের সহিত লিখ ন পঠন করে যে বা কথাবার্ত্তা কহে যে, প্রকাশ করে বা জ্ঞাত করে যে, লণ্ডন নগরের কামন কৌন্সেলসংজ্ঞক সভার অংশি বিশেষ।

Digitized by Google

Compass, *n. s.* ঘের, বেড়, ব্যাস, চতুর্দ্দিক, সীমা, কাবু, আয়ত্ত, হস্তবশ, বশ, স্থান, প্রগার, দিগ্নিরূপক যন্ত্রবিশেষ।

Compass-saw, *n. s.* কোরাল করাত, বক্র করাত বিশেষ।

Compassion, *n. s.* Lat. করুণা, দয়া, কৃপা, পরদুঃখে চিত্তাকর্ষণ, মোহ, স্নেহ।

To **Compassion,** *v. a.* দয়া-কৃ, কৃপা-কৃ, করুণা-কৃ, পরদুঃখে কাতরতা-জন (ক্রি)।

Compassionable, *a.* করুণার্হ, দয়াকরণীয়, দয়োপযুক্ত।

Compassionary, *a.* করুণাচিত্ত যাহার, করুণানিধান, কৃপাকর, কৃপা বিশিষ্ট, দয়াময়, দয়ালু, দয়াশীল ক্ষমাবান।

Compassionate, *a.* তথা।

To **Compassionate,** *v. a.* পর দুঃখে মোহ-কৃ, দয়া-কৃ, কৃপা-কৃ, করুণা-কৃ, আহাঃ-কৃ, স্নেহ-কৃ।

Compassionately, *ad.* কৃপালুতাপূর্ব্বক, করুণাপূর্ব্বক, স্নেহ বা দয়াপূর্ব্বক।

Compassionateness, *n. s.* করুণাকরণীয়ত্ব, কৃপাবিশিষ্টত্ব, করুণানিধানত্ব, দয়ালুতা, কৃপালুতা।

Compaternity, *n. s.* Lat. ধর্ম্মপিতার সহিত সম্পর্ক বা সম্বন্ধ।

Compatibility, *n. s.* যোগ্যত্ব, উপযুক্ততা, ঐক্য, একতা, মিল।

Compatible, *a.* Fr. উপযুক্ত, যোগ্য, মত, বরাবর, অনুসারী।

Compatibleness, *n. s.* উপযুক্ততা, যোগ্যত্ব, মিল, ঐক্য।

Compatibly, *ad.* যোগ্যত্বরূপে, উপযুক্ততারূপে বা মতে, মেলপূর্ব্বক, একতা, একতাপূর্ব্বক।

Compatient, *a.* Lat. একত্রেসহিষ্ণু একত্রভোগী।

Compatriot, *n. s.* Lat. একদেশি লোক বা দ্রব্য, স্বদেশীয় বা স্বদেশজ লোক বা দ্রব্য।

Compatriot, *a.* একদেশজ, একদেশীয়।

Compeer, *n. s.* Lat. সমান যোটী, সদৃশ, হামশায়া, প্রতিযোগী, সঙ্গী, সাথী, সমভিব্যাহারি ব্যক্তি বা বস্তু সম মর্য্যাদিত।

To **Compeer,** *v. a.* সমান-কৃ, প্রতিযোগী-কৃ; যোট-দা।

To **Compel,** *v. a.* Lat. কৃ (ক্রি), জোর-কৃ, বল-কৃ, জোর করিয়া কোনকর্ম্মে-প্রবৃত্ত-কৃ, জবরদস্তি-কৃ, ধরিয়া কর্ম্মেপ্রবৃত্ত-কৃ, জোর করিয়া-লও, জবরদস্তিপূর্ব্বক গ্রহণ-কৃ, একত্র-কৃ, জমা-কৃ, মিল, মজলিস, দল বা সম্প্রদায়েতে-মিশ্র বা যোট-ধৃ, নাচার-কৃ, অপারক-কৃ।

Compellable, *a.* জোর করণীয়, জোর বা জবরদস্তি করা যায় যাহার উপরে বা যাহাতে।

Compellably, *ad.* জোরপূর্ব্বক, জবরদস্তিরূপে, নাচার হইয়া বা করিয়া।

Compellation, *n. s.* সংজ্ঞা, সম্বোধন, উদ্বোধক শব্দ, নমস্কারবাচক শব্দ যদ্দ্বারা সম্বোধন বা নিবেদন করা যায়, মহাশয় শব্দার্থ বুঝায় যাহাতে বা যদ্দ্বারা।

Compeller, *n. s.* কারয়িতা জবরি বা জোর বা দৌরাত্ম্য করিয়া করায় দেওয়ায় বা বলায় ইত্যাদি যে, জবরদস্তি করে যে ব্যক্তি, জোর করে যে ব্যক্তি।

Compend, *n. s.* Lat. সংক্ষেপ, চুম্বক, ফলিতার্থ, মূল।

Compendiarious, *a.* সংক্ষিপ্ত, চুম্বক, অল্প, ক্ষুদ্র, হ্রস্ব, খর্ব্বিত, কুঞ্চিত।

To **Compendiate,** *v. a.* একত্র-কৃ, জমা-কৃ, বিবেচনা-কৃ, ভিতরে-ভর, সামাই-কৃ, সামঞ্জস্য-কৃ।

Compendious, *a.* সংক্ষেপ, সংক্ষিপ্ত, সংক্ষেপকৃত, অল্প, সংগ্রহকৃত, ক্ষুদ্র, হ্রস্ব, ছোট।

Compendiously, *ad.* সংক্ষেপত্বরূপে, অল্প সংগৃহীতত্বরূপে।

Compendiousness, *n. s.* সংক্ষিপ্ততা, অল্পতা, হ্রস্বত্ব, চুম্বকত্ব।

Compendium, *n. s.* Lat. সংক্ষেপগ্রন্থ, প্রত্যাহার সার, সংক্ষেপ, ছোট, ক্ষুদ্র।

Compensable, *a.* পরিতোষণীয়, পারিতোষিক দেওনোপযুক্ত, বকশীশ দিবার যোগ্য।

To **Compensate,** *v. a.* Lat. উপযুক্তফল-দা, নিশাপুর, পারিতোষিক-দা, বেতন-দা, মজুরি-দা, পুরস্কার বা সরকার-কৃ, ক্ষতি ধরিয়া-দা, নোক্‌শান পুর-দা, এওজ-দা।

Compensation, *n. s.* পারিতোষিক, পুরস্কার, মজুরি বেতন, বকশীশ, ক্ষতি ধরিয়া দেওন, ক্ষতিপূরণ, তাঁড়, এওজ, দাদ।

Compensative, *a.* পরিতোষকারী, পুরস্কার হয় যাহাতে বা যদ্দ্বারা, মজুরি বা বেতন দেয় যে, ক্ষতি পূরিয়া দেয় যে, তাঁড়দাতা।

Compensatory, *a.* পুরস্কারী, ক্ষতিপূরক, ধরিয়া দেয় যে।

To **Compense,** *v. a.* পুরস্কার-কৃ বা দা ক্ষতি বা অন্য ক্লেশের পরিবর্ত্তে অর্থ ধরিয়া-দা, পরিবর্ত্তন-কৃ, এওজ-দা, ফল-দা, সমান-কৃ।

To **Comperendinate,** *v. a.* Lat. গৌণ-কৃ, বিলম্ব-কৃ, দেরি-কৃ, গাফিলী-কৃ, গড়িমসি-কৃ, দীর্ঘসূত্রতা-কৃ।

Comperendination, *n. s.* গৌণ, দেরি, গড়িমসি, বিলম্ব, আলস্য, দীর্ঘসূত্রতা।

Competence বা **Competency,** *n. s.* সামান্য বা অল্প বিষয়, সাময়িক সম্ভাবনা, সামান্য বিভব, দিনপাতের সংস্থান, সামান্য বিষয়, যৎকিঞ্চিৎ বিষয়, অন্নাচ্ছাদনোপযুক্ত বিভব, দিনপাতের সঙ্গতি, কালক্ষেপোপযুক্ত বা গৃহস্থের মত চলিবার উপযুক্ত বিষয়, বিচার বা মীমাংসাকরণের ক্ষমতা বা শক্তি, বিচারক বা মীমাংসকের ক্ষমতা, সাধ্য, যোগ্যতা, পারগতা।

Competent, *a.* Lat. পারগ, উপযুক্ত, যোগ্য, মত, যথার্থ, ওয়াজিবি, বহুদর্শী, বিজ্ঞ, কর্ম্মঠ, কৃতী, পরিমিত, বরাবর।

Competently, *ad.* উপযুক্ত মতে, পারগতারূপে, যোগ্যত্বরূপে, পরিমিতত্বরূপে, যাথার্থ্যরূপে, ওয়াজিবিরূপে।

Competible, *a.* যোগ্য, উপযুক্ত, মাফিকসহি।

Competibleness, *n. s.* উপযুক্ততা, যোগ্যত্ব।

Competition, *n. s.* Lat. স্পর্দ্ধা বা পরস্পরাভিভবেচ্ছা, আড়াআড়ি, দ্বন্দ্বজ, জেদাজেদি বাদানুবাদ, বিসম্বাদ, হুড়াহুড়ি, অনেকের এ দ্রব্যে অভিলাষ বা তদ্বস্তু বা বিষয়, দাওয়া একবিষয়াভিলাষ, অনেককর্ত্তৃক চেষ্টিত বা অভিলষিত বিষয়প্রাপণার্থে চেষ্টা, এক চেষ্টা।

Competitor, *n. s.* এক বিষয়াভিলাষী, একচেষ্ট, প্রতিযোগী, বা দানুবাদক, অংশী, ভাগী, আড়াআড়িকর্ত্তা।

Competitress বা **Competitrix,** *n. s.* সহকর্ম্মকারিণী, প্রতিরূপকারিণী, প্রতিবাদিনী, এক দ্রব্যাভিলাষিণী, এক চেষ্টাকারিণী প্রতিযোগ্যা।

Compilation, *n. s.* সংগ্রহ, নানা গ্রন্থ বা স্থানহইতে আনিয়া একত্র করণ, সঞ্চয় বা একত্রকরণ, জমাকরণ, একত্র করিয়া লিখন, গ্রন্থ করণ, বা রচন।

Compilator, *n. s.* সংগ্রহকর্ত্তা, একত্রকারক, সঞ্চয় বা জমা করে যে।

To **Compile,** *v. a.* Lat. সংগ্রহ-কৃ, নানা গ্রন্থহইতে আনিয়া একত্র-কৃ, রচ, লেখ, সঞ্চয়,-কৃ, জমা,-কৃ, ধারণ-কৃ, সামিল-কৃ, প্রস্তুত-কৃ, নির্ম্মাণ-কৃ।

Compilement, *n. s.* একত্রকরণ, রাশীকরণ, ঢেরিকরণ, স্তূপকরণ, কাঁড়িকরণ, ঢিপিকরণ, জমাকরণ, সঞ্চয় বা সংগ্রহকরণ।

Digitized by Google

Compiler, *n. s.* সংগ্রহকর্ত্তা, সংগ্রহকারক, সঞ্চয়কর্ত্তা, বহু গ্রন্থহইতে আনিয়া রচনা বা জমা করে বা লিখে যে।

Complacence বা **Complacency,** *n. s.* প্রসন্নতা, আহ্লাদ, আনন্দ, সন্তোষ, পরিতোষ, খুশী, সুশীলতা, শিষ্টতা, সুজনতা।

Complacent, *a.* Lat. প্রসন্ন, সন্তুষ্ট, সুশীল, শিষ্ট, শান্ত, সাম্প্রদায়িক, নরম, সরল, নম্র, কোমল।

Complacently, *ad.* নম্রতাপূর্ব্বক, সুশীলত্ব বা সরলতারূপে, শিষ্টতা বা সৌজন্যরূপে।

To **Complain,** *v. n.* Fr. আদ্দাশ-কৃ, স্ববিষয় বিজ্ঞাপন-কৃ, নালিস-কৃ, ফরিয়াদ-কৃ, নিবেদন-কৃ, বচ, কথ, অনুতাপ বা কচকচি-কৃ, গজং-কৃ।

To **Complain,** *v. a.* হাহুতোস্মি-কৃ বা অনুশোচন-কৃ, বিলাপ-কৃ, শোক-কৃ, ক্রন্দন-কৃ, রোদন-কৃ।

Complainable, *a.* আদ্দাশ করণীয়, নালিস করণ যোগ্য, বিলপনীয়, শোককরণার্হ।

Complainant, *n. s.* আদ্দাশী, ফরিয়াদী, নালিসবন্দ।

Complainer, *n. s.* ফরিয়াদী, পূর্ব্বপক্ষবাদী, অনুশোচক, গজং করে যে ব্যক্তি, বড়বড়িয়া বা কচকচিয়া ব্যক্তি।

Complaining, *n. s.* ক্লেশ বা দুঃখ ব্যক্ত করণ, অভিমান করণ, খেদকরণ, আপশোষ করণ।

Complaint, *n. s.* বিজ্ঞাপন, আদ্দাশ, দাওয়া, নালিস, ফরিয়াদ, নিবেদন, আরজ, ক্লেশ, পীড়া, ব্যামোহ, ক্লেশ বা দুঃখ ব্যক্ত করণ, রোগ, বেয়ারাম, অস্বাস্থ্য, প্রতিবাদ, খণ্ডনা, আপশোষ, *বিলাপ।*

Complainful, *a.* নালিসযুক্ত, ক্লেশময়, পীড়াবিশিষ্ট, রোগী, পীড়িত।

Complaisance, *n. s.* শিষ্টতা, নম্রতা, সুশীলতা, সৌহৃদ্য, সদাচার, শীলতা, সন্তোষ করণেচ্ছা, তুষ্ট করণাভিলাষ, অনুরোধ।

Complaisant, *a.* Fr. শিষ্ট, নম্র, ভাল, উত্তম, সুশীল, সুহৃৎ, সন্তুষ্টকরণেচ্ছু, অনুরোধী।

Complaisantly, *ad.* সুশীলত্বরূপে, শিষ্টতাপূর্ব্বক, অনুরোধপূর্ব্বক।

Complaisantness, *n. s.* শিষ্টতা, সুশীলতা, নম্রতা, সভ্যতা, সৌজন্য, বিশিষ্টতা, সাম্প্রদায়িকত্ব।

To **Complanate** বা *To* **Complane,** *v. a.* Lat. সমান-কৃ, চাঁচিয়া ছুলিয়া সমান-কৃ, একচাল-কৃ, বরাবর-কৃ।

Compleat, Complete শব্দ দেখ।

Complement, *n. s.* Lat. সম্পূর্ণত্ব, সাঙ্গতা, সাকল্য, সম্পূর্ণ করণ বা হওন, সমুদয়ত্ব, সংখ্যা, গণতি, ইয়ত্তা, সুমার, পরিপক্কতা, দৃঢ়তা. [In Geometry.] চক্রাকৃতির একপাব অর্থাৎ তাহার নব্বই ক্রমহইতে কতক অপহার করিলে যত অবশিষ্ট থাকে তাহা. [In Astronomy.] মস্তকোপরিস্থ স্থানহইতে কোন তারা যত দূর থাকে সেই বা তৎপরিমাণ অন্তরই. [Arithmetical complement of a logarithm.] এক কোটির যত ন্যূন কোন লগরিথ সংজ্ঞক গণনা হয় তাহা।

Complemental, *a.* উপগ্রন্থ, উপপত্র, উপবাক্য, সম্পূর্ণত্ব, উদ্বোধক।

Complementary, *n. s.* শিষ্টাচারজ্ঞ, সভ্যতায় পণ্ডিত, সুধারা বা সুরীতি বা সুশীলত্ব জানে যে ব্যক্তি।

Complete, *a.* Lat. সম্পূর্ণ, সমুদয়, তামাম, সমুচ্চয়, সকল, অখণ্ড, সমাপ্ত, সারা, পুরা, আখেরি।

To **Complete,** *v. a.* সম্পূর্ণ-কৃ, সমাধা-কৃ, সমাপন-কৃ, সার, শেষ-কৃ, তামাম-কৃ।

Completely, *ad.* তাবৎ, নিপট, আপাদমস্তকপর্য্যন্ত, সাকল্যে, প্রথমহইতে শেষপর্য্যন্ত, সমাপ্ত বা সম্পূর্ণরূপে।

Completement, *n. s.* সম্পূর্ণকরণ, সমাপ্ত করণ, তামাম করণ, অন্তকরণ, শেষ করণ, আখের করণ।

Completeness, *n. s.* সম্পূর্ণত্ব, সমাপ্তি।

Completion, *n. s.* সমাপ্তি বা সম্পূর্ণ করণ, সমাপন, শেষ, আখের, অন্ত, তামামি, পূর্ণকরণ, শেষাবস্থা, অন্তাবস্থা, অন্তপর্য্যন্তাবস্থা।

Completive, *a.* সম্পূর্ণকারী, পূর্ণকারী, সমাপনকারী, সমাপক।

Completory, *a.* পরিপূর্ণকারী, সম্পূর্ণকারী, সম্পন্নকারক।

Completory, *n. s.* Lat. সন্ধ্যা, সন্ধ্যাকালের ক্রিয়া, সন্ধ্যাকালের পূজা, সেবা বা স্তবাদি কর্ম্ম, রমীয় মঠে রাত্রির স্তব পূজাদি কর্ম্ম।

Complex বা **Complexed,** *a.* Lat. সঙ্কর, নানার্থক, মিশ্রিত, মিলাউ, অস্পষ্ট, পাকপাড়া, অসিধা।

Complex, *n. s.* মিশ্রণ, একত্র করণ, সংগ্রহ, জমাকরণ, উপর্য্যুপরি করণ হওন বা তদবস্থা।

Complexedness, *n. s.* মিশ্রণ, একত্র হওন, মিলন, একত্রকরণ, জমাকরণ।

Complexion, *n. s.* রূপ, বর্ণ, চেহারা, ধাতু, শারীরিক ধর্ম্ম, স্বভাব, আবর্ত্তন, বেড়, ফের, গেলাপ, ঢাকন, পত্র, বাহ্যবর্ণ।

Complexional, *a.* ধাতুমূলক, ধাতুধর্ম্মক, স্বভাবসিদ্ধ, স্বভাবানুসারী।

Complexionally, *a.* বর্ণদ্বারা, ধাতুপূর্ব্বক, বর্ণানুসারে, স্বভাব বা ধাতুপূর্ব্বক বা তৎস্বভাবপূর্ব্বক।

Complexionary, *a.* সুস্বভাব সিদ্ধ, সাম্য ভাবাপন্ন, প্রকৃত্যবস্থ।

Complexioned, *a.* স্বচ্ছন্দ শরীরবিশিষ্ট, স্বাস্থ্যাবস্থ, শারীরিক মঙ্গলবিশিষ্ট।

Complexity, *n. s.* নানার্থকত্ব, উপর্য্যুপরিত্ব।

Complexly, *ad.* মিশ্রণরূপে, সংগ্রহকরণপূর্ব্বক, যড়িতত্বরূপে, পেঁচাপেঁচিরূপে, ঘোররূপে, অপ্রকাশত্বরূপে, সঙ্করভাবে।

Complexness, *n. s.* মিশ্রণাবস্থা, সংগ্রহকৃতাবস্থা, অস্পষ্টত্ব, যড়ীভূতত্ব।

Complexure, *n. s.* আবরণ, জড়ান, ঘের।

Compliable, *a.* স্বীকারযোগ্য, স্বীকার্য্য, স্বীকার করণীয় বা ভবনীয়, সংখ্যাকরণোপযুক্ত, দেওনোপযুক্ত।

Compliance, *n. s.* স্বীকারকরণ, মত দেওন বা করণ, কবুল করণ, রেজা বন্দিকরণ, স্বীকার করণেচ্ছা, সম্মতি করণেচ্ছা, সম্মতি বা স্বীকার করণাভিপ্রায়, মতদান, মতদেওন, অনুরোধ।

Compliant, *a.* অনুরোধি, স্বীকারী, রাজী, সম্মত, শিষ্ট, নম্র, অনুরোধী।

Compliantly, *ad.* সম্মতিপূর্ব্বক, স্বীকারপূর্ব্বক, রাজী হইয়া, অনুমতি বা অভিমতরূপে।

To **Complicate,** *v. a.* Lat. যড় (ক্রি), পেঁচ বন্ধ (ক্রি), যড়ি পাক (ক্রি), যড়ি-লাগ (ক্রি), ফাঁস (ক্রি), পরস্পর পেঁচ দিয়া বন্ধন-কৃ, মিল, যোড়া-দা, একত্র-কৃ, পরস্পর একত্র-কৃ, যড় করিয়া একত্র-কৃ, যোগ-কৃ, মিশ্রিত-কৃ।

Complicate, *a.* মিলিত, মিশ্রিত, একত্রীভূত, যড়ান, বহু দ্রব্য একত্রীকৃত, নানাপ্রকার বিষয় এক স্থানে যোগকৃত বা যুক্ত, যড়ীভূত।

Complicately, *ad.* বহু দ্রব্য বা বিষয় একত্রীভূতত্বরূপে, যড়ানরূপে, ভিন্নভিন্ন অংশ বা বিষয় মিশ্রণরূপে, যোগকরণরূপে, যড়ীভূতত্বরূপে।

Digitized by Google

Complicateness, *n. s.* পেঁচ, সুকঠিনত্ব, মুস্কিলত্ব, বৈরক্তি, ক্লেশ, দুঃখ, ঝঞ্ঝাট, যড়ীভূতত্ব।

Complication, *n. s.* যড়ীভূতকরণ, পেঁচলাগান, পরস্পর, পেঁচদ্বারা বদ্ধকরণ, ফাঁদে বদ্ধত্ব, যড়িতাবস্থা, গুম্ভত্ব, গুম্ভাবস্থা, মিশ্রণ, সঙ্করতা, বহু দ্রব্য বা বিষয় একত্রকরণ বা তদবস্থা, একত্রীকরণ, যোড় দেওন, যোড়ন।

Complice, *n. s.* Lat. সঙ্গী, সাথী, সহকর্ত্তা, ভাগী, অংশী, কুসঙ্গি।

Complier, *n. s.* সুমনুষ্য, সচ্চরিত্র মনুষ্য, সৎপ্রকৃতী যে মনুষ্যের, ধর, অনুরোধ বা মুখাপেক্ষাকর্ত্তা, রীতিজ্ঞ, খোষমিজাজী।

Compliment, *n. s.* Fr. শিষ্টাচার, সততানুক্রমে ব্যবহার, অভ্যর্থনা, আদর, প্রণাম, নমস্কার, শেলাম, পুরস্কার, স্তবস্তোত্র, স্তুতি, সভ্যতা, শীলতা, অনুরাগ, মৌখিক শিষ্টাচার, আমোদ, প্রমোদ।

To **Compliment**, *v. a.* শিষ্টাচার-কৃ, স্তবস্তোত্র-কৃ, প্রশংসা-কৃ, আদর-কৃ, অনুরাগ-কৃ, নমস্কার-কৃ, প্রমোদ-কৃ, সম্ভাষ-কৃ, পুরস্কার-কৃ।

To **Compliment**, *v. n.* শিষ্টাচার-হ, স্তুতি-হ, স্তোত্রী-হ, স্তুতি-বাক্য কথ, প্রশংসক-হ।

Complimental, *a.* শিষ্টাচারক, শিষ্টাচারপ্রয়োজক, স্তবস্তোত্রসূচক, স্তুতিবোধক, নমস্কারাত্মক।

Complimentally, *ad.* মৌখিক শিষ্টাচারপূর্ব্বক, স্তুতিপূর্ব্বক, স্তবস্তোত্র বোধকত্বরূপে।

Complimenter, *n. s.* শিষ্টাচারকর্ত্তা, শিষ্টাচার করে বা তদনুসারে চলে যে, স্তাবক, খোসামুদে বিলাপী-হ, আদরকর্ত্তা।

Compline, *n. s.* Lat. রাত্রিপূজা, শেষ পূজা বা ধ্যান ইত্যাদি, রাত্রিকালে অর্চনাদি কর্ম্ম, রাত্রিকালীন পূজাদি কর্ম্ম, দিনান্তে পূজাদিকর্ম্ম সমাপ্তি, রাত্রিতে পূজা সাঙ্গ।

To **Complish**, *v. a.* *To* Accomplish, শব্দ দেখ।

To **Complore**, *v. n.* Lat. হাহতোস্মি-কৃ, বিলাপ-কৃ, বিলাপী-হ, একত্রে বিলাপ-কৃ, অনুশোচন-কৃ, একত্রে আপশোষ-কৃ, খেদ বা রোদন-কৃ।

Complot, *n. s.* Fr. কোন গুহ্য কর্ম্ম সম্পন্নার্থে পরামর্শ, কুপরামর্শ, কুযুক্তি, কোন মন্দ কর্ম্মে বহুজন একপরামর্শ হওন বা তৎকর্ম্মে প্রবর্ত্তন, বিপরীত কর্ম্মকরণার্থে একবাক্য বা যুক্তি, দাগাবাজী, শঠতা।

To **Complot**, *v. a.* কুপরামর্শ-কৃ, কুযুক্তি-কৃ, কুমন্ত্রণা-কৃ, মন্দ, কর্ম্মে প্রবৃত্ত-কৃ, তদ্বিষয়ে একবাক্য বা ঐক্য-কৃ, বিরুদ্ধ কর্ম্মে যুক্তি-কৃ বা মন্ত্রণা-কৃ।

Complotment, *n. s.* কুযুক্তি, কুমন্ত্রণা, ব্যবহারবিরুদ্ধ কর্ম্মে ঐক্য হওন বা পরামর্শকরণ, দাগাবাজী।

Complotter, *n. s.* কুকর্ম্ম, কুপরামর্শী বা কুমন্ত্রণাকারক, দাগাবাজ লোক।

To **Comply**, *v. n.* Fr. অঙ্গীকার-কৃ, স্বীকার-কৃ, সম্মত-হ, রাজী-হ, অনুমত-হ, ঐক্য-হ, মিল।

To **Componderate**, *v. a.* Lat. একত্রে মাপ-কৃ, ওজন-কৃ, পরিমাণ-কৃ, তৌল-কৃ।

Component, *a.* Lat. একত্রীভূত, মিশ্রিত, যড়িত, যোড়া, দোহারা, সকলে যোড়া, সাকল্যবিশিষ্ট, তাবদংশ যৎকর্ত্তৃক বা যাহা লইয়া একত্র হয়, যাহাহইতে অভিন্নাংশ হয় তদবস্থ, *Component part*, অংশ, অংশাংশ, টুকরা২, খান২।

To **Comport**, *v. n.* Fr. যোগ্য-হ, মিল, উপযুক্ত-হ, মেল-হ, সহ্য-হ, সহিষ্ণু-হ।

To **Comport**, *v. a.* বরদাস্ত-কৃ, সহ্য-কৃ, রীতিবিশিষ্ট-কৃ, ব্যবহার-কৃ, চাল (ঞি)।

Comport, *n. s.* আচরণ, ব্যবহার, রীতি, চালি, স্বভাব, চলন, লক্ষণ।

Comportable, *a.* উপযুক্ত, যোগ্য, অবিপরীত, লাএক।

Comportance, *n. s.* চলন, লক্ষণ, ব্যবহার, আচার, ভাব, শিষ্টাচার, ব্যবহারের ভাব বা তর।

Comportation, *n. s.* Lat. সভা, জমা, একত্রকরণ বা হওন, সমূহ, গণ্ড, রাশি বা পুঞ্জ করণ বা তদবস্থা।

Comportment, *n. s.* ব্যবহার, চালি, ভাব, লক্ষণ, রীতি, আচরণ।

To **Compose**, *v. a.* Lat. গঠ, বানান, নির্ম্মাণ-কৃ, গ্রন্থ-রচ, রচনা-কৃ, যথার্থাবয়ব-কৃ, স্বমূর্ত্তিবিশিষ্ট-কৃ, স্বগঠনবিশিষ্ট-কৃ, সাজ (ঞি), অক্ষর-সাজ(ঞি), অক্ষর-বস (ঞি), লিখ, একত্র-কৃ, গ্রন্থ-জন (ঞি), প্রণীত-কৃ, কোন দ্রব্যের বা বস্তুর একাংশ-কৃ বা তদংশের রচনা-কৃ, লইয়া সম্পূর্ণ-কৃ, থাম (ঞি), স্থির-কৃ, ধীর-কৃ, ঠাণ্ডা-কৃ, ধৈর্য্য-কৃ, নিথর-কৃ, ত্যাগ-কৃ, পরিত্যাগ-কৃ, ছাড়, নিষ্পত্তি-কৃ, কোন কর্ম্মে মন স্থির বা নিযুক্ত-কৃ, মন-লাগ (ঞি), নিধার্য্য-কৃ, রফা-কৃ, শেষ-কৃ, বন্দোবস্ত-কৃ, পরিষ্কার-কৃ, অবধি-প্রাপ (ঞি), মিট (ঞি), সুর বদ্ধ-কৃ, সুর-কৃ।

Composed, *part. a.* স্থির, ধীর, নরম, নিথর, নির্ব্বাত, ঠাণ্ডা, শিষ্ট, নিরস্ত, গুরু, ভারি, বড়, গম্ভীর।

Composedly, *ad.* স্থিররূপে, স্থৈর্য্যরূপে, সুস্থির, ঠাণ্ডাইরূপে, অচাঞ্চল্যরূপে।

Composedness, *n. s.* গাম্ভীর্য্য, অচাঞ্চল্য, সাম্য, স্থৈর্য্য, সুস্থিরত্ব, শান্তত্ব, ঠাণ্ডাই, নরমি, উপশান্তি, শান্তি, অনুদ্বেগ।

Composer, *n. s.* লেখক, রচনাকর্ত্তা, গ্রন্থকর্ত্তা, গ্রন্থ করে যে, সুর গায়ক বা কারক, সুর তোলে বা করে যে, জমায় বা সংগ্রহ করে যে, নির্ম্মাপক, ছাপার অক্ষর বসায় বা সমান করে যে, স্থির বা রফা করে যে, দোরস্ত করে যে।

Composite, *a.* গৃহনির্ম্মাণ বিদ্যায় সংজ্ঞাবিশেষ।

Composition, *n. s.* প্রবন্ধ, বহু দ্রব্য একত্রকরণ, নানাংশ সংযোগকরণ, মিশ্রণ, মিলান, জড়করণ, ভাঁজ, ভাজদেওন, মিশান, সভাঁজ বা পাঁচমিশালি বস্তু, যোগ, সংযোগ, সাজান, গড়ান, বসান, প্রস্তুতীকৃত গ্রন্থ, গ্রন্থ লিখন, নিয়ম, রীতি, বন্দোবস্ত, নিষ্পত্তি, সমাধা, পরিষ্কার, রফা, দামাসাই, কর্জ্জের কতক অংশ আদায় করণ, ওয়াশীল, আদায়, ঐক্য, মেল, যোগ্যত্ব, উপযুক্ততা. [In Grammar.] সন্ধিকরণ, অর্থের বৃদ্ধি হ্রস্ব কিম্বা পরিবর্ত্তন।

Compositive, *a.* একত্রীভূত, একত্রীকৃত, মিশ্রিত, মিশ্রণকারী, একত্রকারী, মিলনশীল।

Compositor, *n. s.* ছাপাকার বিশেষ, ছাপার অক্ষর বসায় বা সাজায় যে, ছাপার কেরাণী, হরফ একত্র বা সমান করে যে, আরম্ভ করে যে, সাজায় যে, দোরস্ত করে যে, সাজানকর্ত্তা।

Compossible, *a.* উপযুক্ত, যোগ্য, মত, মেলক।

Compost, *n. s.* Fr. ভূমির পাইট, ভূমিতে সার ছড়ান, ভূমি বর্দ্ধিষ্ণু বা উর্ব্বরাকরণার্থে নানাদ্রব্য মিশ্রণ বা অর্পণ করণ, সার মিশ্রণ দ্রব্য।

To **Compost**, *v. a.* সার-ছড় (ঞি), সার-দা, সার-উৎক্ষিপ্ত, সার-মিশ্র, উর্ব্বরা-কৃ।

Composture, *n. s.* সার, গোময়, মল, ময়লা, ভূমি, মৃত্তিকা।

Composure, *n. s.* গড়ান, বানান, সাজান, প্রস্তুতকরণ, নির্ম্মাণ, মিলন, মিশ্রণ, একত্র করণ, গড়ন, চাঁচা, অবয়ব, আকার, পরি

Digitized by Google

স্থারকরণ, অক্ষুব্ধতা, অকাতরতা, স্থিরকরণ, বন্দোবস্তকরণ, লেখন, রচনাযোগ্যত্ব, ঐক্য, তৃপ্তি, আরাম, খুসি।

Compotation, *n. s.* Lat. একত্র পান, একত্র পানকরণ, এক সঙ্গে পান।

Compotator, *n. s.* অন্যের সহিত পায়ী, ভিন্ন ব্যক্তির সহিত পান করে যে, অন্য ব্যক্তির সঙ্গে মদ্য পানকর্ত্তা।

To **Compound,** *v. a.* Lat. মিশ্রণ-কৃ, একত্র-কৃ, বহুদ্রব্য একত্র করিয়া তাল বা যত্ন-কৃ, বহু অংশ বা দ্রব্য সংযুক্ত-কৃ, যোগ-কৃ, মিল, সন্ধি-কৃ, অনেক বাক্যহইতে এক বাক্য-কৃ, একত্র করিয়া রচনা-কৃ, গড়া, গুম্বন-কৃ, পরিচ্ছিত্তি-কৃ, কতক দিয়া ঋণের পরিশোধ-কৃ, দামাসহি-কৃ।

To **Compound,** *v. n.* রক্ষা-হ, কম করিয়া রক্ষা-হ, কিঞ্চিৎ ছাড়িয়া দিয়া রক্ষা-হ বা-কৃ, কিঞ্চিৎ ক্ষতি স্বীকার করিয়া দিয়া রক্ষা-হ, পরিস্কার-হ, মিট, দরে ছাড়িয়া মোক্তা সওদা-হ, একত্র যুক্তি-হ, উভয়ে পরস্পর কিঞ্চিৎ২ ছাড়িয়া দিয়া রক্ষা-হ, নির্ণয়-হ, স্থির-হ, অবধারিত-হ।

Compound, *a.* সঙ্কর, মিশ্রিত, সংযুক্ত, মিশাল, অনেক দ্রব্য একত্রীভূত বা কৃত, যুক্ত, ভাঁজ দেওয়া. [In Grammar.] যুক্ত, পদ, এক কিম্বা অনেক শব্দকর্তৃক যৌগিক হয় বা করে যে বা হয় যদ্দ্বারা. [In Botany.] বহু ক্ষুদ্র২ ফুল হয় যাহার।

Compound, *n. s.* একত্রীকৃত বহুদ্রব্য, মিশ্রিত দ্রব্যসমূহ, সংযুক্ত দ্রব্যসমূহ, সংযোগিত দ্রব্য, ভেলা, তাল।

Compoundable, *a.* যোগ্য, সংযোগকরণীয়, মিশ্রণীয়।

Compounder, *n. s.* নিষ্পত্তিকারক, যে ব্যক্তি উভয় পক্ষকে নিষ্পত্তিতে আনে, রক্ষাকারক, রক্ষা করিয়া দেয় যে, সংযোগকর্ত্তা, মিশ্রণ করে যে, বিদ্যালয়ের ছাত্রবিশেষ, বৃত্তি আছে যাহার, ঔষধ বাঁটে মাড়ে বা প্রস্তুত করে যে, ঔষধবাঁটুন্যা, ঔষধ দেয় বা যোগ করে বা খাওয়ায় যে।

To **Comprehend,** *v. a.* Lat. সামিল-কৃ, সামঞ্জস্য-কৃ, একত্র-কৃ, ভিতরে-নী, অবধারণ-কৃ, বুঝ, জ্ঞা, বিচার করিয়া-জ্ঞা, বিচার-কৃ, সমঝ, অনুমান-কৃ, অনুবোধ-কৃ, দরিআপ্ত-কৃ, ঠাহর।

Comprehensible, *a.* বোধগম্য, অবধারণীয়, জানিবার মত বা যোগ্য, বিবেচনীয়, বুঝিবার যোগ্য, সামঞ্জস্য, ব্যাপনীয়।

Comprehensibleness, *n. s.* বোধগম্যত্ব, অবধারণীয়ত্ব, বিবেচনীয়ত্ব, সামঞ্জস্য।

Comprehensibly, *ad.* বোধগম্যরূপে, জ্ঞাপনপূর্ব্বক, বিবেচনাপূর্ব্বক, বহুজ্ঞানবিশিষ্টত্বরূপে, বহুজ্ঞান বা বোধরূপে, অনেক বিবেচনাপূর্ব্বক, বুঝিবার অধিক ক্ষমতাপূর্ব্বক, অর্থজ্ঞাপকত্বরূপে, আর্থিকতারূপে।

Comprehension, *n. s.* পরিবেষ্টন, অবধারণ, সামঞ্জস্যকরণ, সংক্ষেপ, চুম্বক, হ্রস্ব, জ্ঞান, বুদ্ধি, বুঝ, বিবেচনা বা তৎক্ষমতা, মতি, ধ্যান, পারগতা, অঙ্ক, আকার।

Comprehensive, *a.* জ্ঞানবান, বোদ্ধা, বিজ্ঞ, প্রজ্ঞ, বিবেচক, নানা বিষয় এককালে বুঝিবার ক্ষমতাবিশিষ্ট, নানার্থক, বহুমর্ম্মধর্ম্মক, অধিক সংক্ষেপ বুঝা যায় যাহাতে বা যদ্দ্বারা, সংক্ষেপকারক বা করণশীল বহুল, বড়, দীর্ঘ, জানাইবার ক্ষমতা আছে যাহার।

Comprehensively, *ad.* সংক্ষেপরূপে, সংক্ষেপে বুঝা যায় এতদ্রূপে।

Comprehensiveness, *n. s.* অল্পেতে বহু অর্থবোধকত্ব, সংক্ষেপে নানার্থ জ্ঞাপকত্ব, অল্পেতে বাহুল্যার্থ বুঝায়, যদ্দ্বারা তাহারভাব বা অবস্থা, সংক্ষেপার্থ, সকল বিষয় জানিবার ক্ষমতা বা শক্তি, বুদ্ধি, মেধা।

Comprehensor, *n. s.* বিদ্বান্, বিদ্যাজ্ঞ, জ্ঞানবান্, বিদ্যাবান্।

Compresbyterial, *a.* প্রেস্টবিরিএননামক মতে যাজকেরদিগের পদ বা কর্ম্মবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

To **Compress,** *v. a.* Lat. দাব, চাপ, ঠাস, বিমর্দ্দন-কৃ, খাট-কৃ, ছোট-কৃ, কম-কৃ, নিংড়, পাক (ক্রি), পাক-দা, চুম্বক-কৃ, খর্ব্ব-কৃ, দাবিয়া বা ঠাসিয়া ছোট-কৃ।

Compress, *n. s.* গদি, উপধানবিশেষ, যদ্দ্বারা অস্ত্রচিকিৎসকেরা ভগ্নাঙ্গ বদ্ধ করে, যাহার উপর তাগা বান্ধে।

Compressibility, *n. s.* দাবনীয়ত্ব, ঠাসনীয়ত্ব, দাবানহওন, ঠাসা হওন।

Compressible, *a.* দাবনীয়, ঠাসনীয়, নিংড়নীয়, খর্ব্বকরণীয়, খাটকরণোপযুক্ত, চাপিয়া বা বসাইয়া ছোট করা যায় যাহা।

Compressibleness, *n. s.* দাবনশক্তি, ক্ষুদ্র বা খর্ব্ব করা যায় যাহাতে বা যদ্দ্বারা তদ্বত্ত্ব বা শক্তি।

Compression, *n. s.* খর্ব্বকরণ, দাবান, চাপন, ঠাসন, দোমড়ান বা নিংড়ানদ্বারা ছোটকরণ, নোঁয়ান, বক্রকরণ, চাপন, যত্ন বা একত্রকরণ, জোর বা বলদ্বারা খাট করণ বা তচ্ছক্তি।

Compressive, *a.* খর্ব্বকারক, খর্ব্বকরণশীল, খাটকারী।

Compressure, *n. s.* দাবন, ঠাসন, দাবন ঘা, আঘাত, জোর বা শক্তি যৎকর্ত্তৃক বস্তুদ্বয়ের পরস্পর আঘাত হয়, চোট, ঘর্ষণ, লাগন।

Compriest, *n. s.* সহবর্ত্তি যাজক, সহবাসি, যাজক বা পুরোহিত।

To **Comprint,** *v. n.* Lat. একত্র ছাপা-হ, জড়াইয়া ছাপা-হ. [In Law.] অন্যের পুস্তক চুরি করিয়া ছাপা-কৃ, অন্যের গ্রন্থ অপহ্নবপূর্ব্বক মুদ্রাঙ্কিত-কৃ।

Comprisal, *n. s.* সামিলকরণ, একত্রকরণ, কোন দ্রব্য একত্র আনন, পেটায় আনয়ন বা সামিলকরণ।

To **Comprise,** *v. a.* Fr. আবর্ত্তন-কৃ, সামাই-কৃ, ভিতরে-ভর, ভুক্ত-কৃ, সমবাসী-কৃ, ভিতরে-রক্ষ, ভিতরে ফেল বা -নী, ধৃ, সামিল-কৃ।

To **Comprobate,** *v. n.* Lat. প্রমাণ-হ, সাবুদ-দ-হ, নির্দিষ্ট-হ, সম্মত-হ, মিল, রাজী-হ, প্রামাণ্য-হ।

Comprobation, *n. s.* নিদর্শন, চিহ্ন, প্রমাণ, সাক্ষী, সাবুদ, বাক্য কিম্বা লিখনদ্বারা সপ্রমাণকরণ।

Compromise, *n. s.* Lat. উভয় সম্মতি, আপসকরণ, আপস মেল, নালিস মানন, কোন দ্বন্দ্বজ নিষ্পত্ত্যর্থে উভয়ের সম্মতিপূর্ব্বক অন্যের উপর ভার দেওন, সালিশ মানিয়া রক্ষাকরণ।

To **Compromise,** *v. a.* উভয়ে ঐক্য হইয়া পরিস্কার-কৃ, রক্ষা-কৃ, আপস-কৃ, আপসে মেল-কৃ, পরস্পর স্বীকার করিয়া নিষ্পত্তি-কৃ, ঐক্য-কৃ, মিল-কৃ, রাজী-কৃ, সম্মতি-কৃ।

To **Compromise,** *v. n.* রাজী-হ, সম্মত-হ, ঐক্য-হ, মিল।

Compromiser, *n. s.* রাজী, সম্মতিকর্ত্তা, সম্মত হয় বা করে যে, আপস করে যে, ঐক্য হইয়া রক্ষা করে বা সালিশ মানে যে।

Compromissorial, *a.* আপসবিষয়ক, ঐক্য হইয়া নিষ্পত্তি সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

To **Compromit,** *v. a.* Lat. বন্ধক-দা, বোধ-দা বা -রক্ষ, জানিব-দা, গচ্ছিত-কৃ, কবুল-কৃ, প্রতিশ্রুত-কৃ, অঙ্গীকার-কৃ, প্রতিজ্ঞা-কৃ।

Comprovincial, *n. s.* এক প্রদেশসম্বন্ধীয়, এক চাকলা বা জেলা সম্বন্ধীয় বা তদ্দেশজ।

Compt, *n. s.* Fr. হিসাব, লেখা, গণনা, সংখ্যা।

To **Compt,** *v. a.* হিসাব-কৃ, লেখা-কৃ, গণনা-কৃ সংখ্যা-কৃ।

Compt, *a.* Lat. পরিস্কার, ঠিক, সুতরা, উত্তম, শুদ্ধ, সুপরিচ্ছদী, সুবেশী, ফুলফুলে।

Digitized by Google

Comptible, *a.* হিসাবদায়ী বা করণীয়, লেখার যোগ্য বা উপযুক্ত, হিসাব দেওনোদ্যুক্ত, অধীন, ব্যাপ্য।

Comptly, *ad.* পরিষ্কাররূপে, সুবেশরূপে, সুপরিচ্ছদপূর্ব্বক।

Comptness, *n. s.* পরিষ্কারত্ব, সুবেশ, সুপরিচ্ছদ।

To **Comptrol**, *v. a.* কর্তৃত্ব-কৃ, অনুবৃত্ত-কৃ, আজ্ঞাধীন-কৃ, অধীন-কৃ, হুকুমের তাঁবে-কৃ, বা নী বা -রক্ষ, শাসনাধীন-কৃ, হুকুম-চাল (ঞি), তদারক-কৃ, আমিনি-কৃ।

Comptroller, *n. s.* কর্ত্তা, আজ্ঞাকর্ত্তা, আজ্ঞা করে যে, আজ্ঞাধীন করে যে, তাঁবে রাখে আনে বা করে যে, শাস্তাবিশেষ, প্রধান, অধ্যক্ষ, দারোগা, তদবিরকারী, তত্ত্বাবধারক, আমিন, তদারককর্ত্তা।

Comptrollership, *n. s.* অধ্যক্ষতা, কর্তৃত্ব, আমিনি, তদারককর্ত্তার কর্ম্ম বা পদ।

Compulsative, *a.* জোরকারী, বলকারী, জবরদস্ত, প্রবল, বলবান্।

Compulsatively, *ad.* জোর করিয়া, বলপূর্ব্বক, জবরদস্তিরূপে, অত্যাচারপূর্ব্বক।

Compulsatory, *a.* বলবান্, জবরদস্তিকরণশীল, জোর, বল, জবরদস্তিকারী, প্রবল।

Compulsion, *n. s.* Lat. জবরদস্তিকরণ, বলকরণ, জোরকরণ, তাড়াইয়া দেওন, হাঁকাইয়া দেওন, পরাক্রম, জবরদস্তি, বল, জোর, অত্যাচার, পরাধৃতত্ব, জোরাবরি।

Compulsive, *a.* জবরদস্ত, অত্যাচারশীল, প্রবল, প্রবলকারী, তাড়ান্যা, শক্ত, অধীনকারী।

Compulsively, *ad.* জোরপূর্ব্বক, জবরদস্তিরূপে, অত্যাচারপূর্ব্বক, বলাৎকাররূপে।

Compulsiveness, *n. s.* জোর, বল, প্রাবল্য, প্রবলতা, জবরদস্তি।

Compulsorily, *ad.* জোর করিয়া, অত্যাচারপূর্ব্বক, জোরপূর্ব্বক।

Compulsory, *a.* জোরকরণশীল, তাড়ান্যা, তাড়াইয়া দেওনশীল, খেদাইয়া বা তাড়াইয়া দেওনক্ষম, জবর, জোরকরণে ক্ষম তাপন্ন।

Compunction, *n. s.* Fr. বিদ্ধশীলত্ব, বিদ্ধকরণের ক্ষমতা, ফুটাইবার শক্তি, ছিদ্রকরণের শক্তি, চেতনা, ভাবনা, মনঃপীড়া, পরামনন, খেদ, আপশোষ, অনুতাপ।

Compunctious, *a.* অনুতাপী, ভাবিত, খেদিত, অনুশোচী, খেদ বা আপশোষবিশিষ্ট।

Compunctive, *a.* ভাবনাপ্রয়োজক, অনুশোচক, খেদজনক, খেদ বা আপশোষকারক বা উৎপাদক।

Compupil, *n. s.* একপাঠী, একস্থানের ছাত্র, সতীর্থ, এক স্থানে পড়ে যে, এক পাঠশালায় পড়ে বা বাস করে যে, সমাধ্যায়ী।

Compurgation, *n. s.* Lat. একের প্রমাণ বা দৃষ্টান্তদ্বারা অন্য ব্যক্তির সজ্জনতা বা নৈষ্ঠিকতা বর্ণন সংস্থান বা সাভ্যস্তকরণ।

Compurgator, *n. s.* অন্যদ্বারা আপন সম্ভ্রম ব্যক্তকর্ত্তা, আপনার নৈষ্ঠিকতা বা সজ্জনতা অন্যের সম্ভ্রমদ্বারা সাভ্যস্ত করে যে, অপরের মান্যতা দ্বারা স্বপক্ষবর্দ্ধক।

Computable, *a.* গণনাযোগ্য, গণনীয়, গণ্য, সুমারকরণীয়, গণনা বা সুমার করা যায় যাহা বা হইতে পারে যাহা।

To **Computate**, *v. a.* হিসাব-কৃ, সুমার-কৃ, গণনা-কৃ, লেখা-কৃ, সংখ্যা-কৃ।

Computation, *n. s.* হিসাব, গণনা, লেখা, কসামাজা, ঠিক, সুমার, সংখ্যা, হিসাবকরণ, সংখ্যাকরণ।

To **Compute**, *v. a.* Lat. গণনা-কৃ, সুমার-কৃ, লেখা-কৃ, হিসাব-কৃ।

Compute, *n. s.* হিসাব, গণনা, সংখ্যা, সুমার।

Computer, *n. s.* হিসাবী, মুহুরির, লেখক, সুমার বা হিসাব করে যে, হিসাবকারী।

Computist, *n. s.* হিসাবী, মুহুরির, হিসাবকারী, হিসাবকর্ত্তা।

Comrade, *n. s.* Fr. মিত্র সহযোদ্ধা, সাথী, সঙ্গী, সমভিব্যাহারী, অনুসারী, একস্থানবাসী, সহবাসী, এক গৃহে বা ঘরে বা স্থানে থাকে যে।

Comrogue, *n. s.* সঙ্গের চোর, সাথের চোর, একত্রে চুরি করে যে।

Con, লাতিন ভাষায় অবিচ্ছিন্ন উপসর্গ শব্দ, শব্দের আদিতে প্রয়োগ হইলে সম্বন্ধ সংযোগার্থ বা মিলন বুঝায় যথা *concourse.*

Con, Lat. নীচ ভাষায় প্রশ্নের নঞ বা অস্বীকারার্থ বুঝায়, নাতিন ভাষায় Contra, শব্দেরসংক্ষেত,।

To **Con**, *v. a.* Sax. জ্ঞা, অভ্যাস-কৃ, আবৃত্তি-কৃ, শিক্ষা-কৃ, স্মরণ-কৃ, চিন্তা-কৃ, মনে-কৃ, ধন্যবাদ-দা।

To **Concamerate**, *v. a.* Lat. খিলান-কৃ, খিলান-ঢাক, খিলান-ফির(ঞি), কূর্ম্মপৃষ্ঠাকারে আবৃত বা আচ্ছাদিত-কৃ।

Concameration, *n. s.* খিলান, গুম্বজ।

To **Concatenate**, *v. a.* Lat. গুম্বন-কৃ, শ্রেণীবদ্ধ-কৃ, সংমেল-কৃ, শৃঙ্খলারূপে সংলগ্ন-কৃ, যোড়া-দা।

Concatenation, *n. s.* অবিচ্ছিন্ন শৃঙ্খল, জিঞ্জির বন্ধনী, শ্রেণীবদ্ধত্ব, শ্রেণী, অনায়াস লভ্য বা প্রাপ্য বস্তু।

Concavation, *n. s.* কূর্ম্মপৃষ্ঠাকারকরণ, চতুর্দিগে ঢাল মধ্যে উচ্চ করণ।

Concave, *a.* Lat. কূর্ম্মপৃষ্ঠাকার চতুর্দিগে ঢাল মধ্যে উচ্চ বা ফাঁপা যাহার বা যে, উত্তান, ফাঁপা ফোঁকা।

Concave, *n. s.* ফাঁপ, গর্ত্ত, খোল।

To **Concave**, *v. a.* ফাঁপা-কৃ, গর্ত্ত বা খোল-কৃ, কূর্ম্মপৃষ্ঠাকার-কৃ।

Concaveness, *n. s.* কূর্ম্মপৃষ্ঠাকার তদবয়ব বা ভাব, ফাঁপ।

Concavity, *n. s.* ফাঁপা দ্রব্যের মধ্যভাগ, কূর্ম্মপৃষ্ঠাকার বস্তুর অধস্থান, তাহার ফাঁপ বা খাল ফাক।

Concavo-Concave, *a.* দুইদিগে ফাঁপা যাহার, দুইদিগে খোল বা কূর্ম্মপৃষ্ঠাকৃতি যাহার, ফোঁপরা।

Concavo-Convex, *a.* একদিগে খোল অন্যদিগে গুম্বজ আকার যাহার, একদিগে ফাঁপ অন্যদিগে কূর্ম্মপৃষ্ঠাকৃতি উচ্চ যাহার।

Concavous, *a.* ফাঁপা, ফাঁপবিশিষ্ট, চতুর্দিগে নিম্ন মধ্যে উচ্চ যাহার, কূর্ম্মপৃষ্ঠাকৃতি যাহার।

Concavously, *ad.* ফাঁপারূপে, ফাঁপবিশিষ্টত্বরূপে।

Concause, *n. s.* সংসৃষ্টকারণ, সংযুক্তকারণ, কারণান্তরতা।

To **Conceal**, *v. a.* Lat. সম্বর, লুক(ঞি), গোপন-কৃ, গোপনে-রক্ষ, অপ্রকাশ-কৃ, অপ্রকাশে-রক্ষ বা -স্থা, গোপনে-রক্ষ, ঢাকিয়া-রক্ষ, ঢাক, জাপ্য-কৃ।

Concealable, *a.* গোপনীয়, গোপনার্হ, গোপ্য, গোপনকরণযোগ্য, গোপনে রক্ষণীয়, আবরণীয়।

Concealedness, *n. s.* গোপণীয়ত্ব, গুপ্তত্ব, গুহ্যত্ব, সম্বরণীয়ত্ব, জাপ্যত্ব।

Concealer, *n. s.* গোপনকর্ত্তা, গোপন করে যে, গোপনে রাখে যে, নিহ্নব করে যে, লুকায় বা ছাপায় যে, আবরক।

Concealing, *n. s.* গোপন, লুকান, ছাপান, গুহ্যেরাখণ, অপ্রকাশকরণ।

Concealment, *n. s.* গোপনকরণ, গোপন হওন, লুকাইবার স্থান বা তদবস্থা, অপ্রকাশত্ব, অপ্রকটত্ব, গোপন স্থান, পলায়ন, ছাপান, আবরণ, ঢাকন, গুহ্যত্ব।

To **Concede**, *v. a.* Lat. ছাড়িয়া-দা, মোচন-কৃ, ত্যাগ-কৃ, বা-দা, উপেক্ষা-কৃ, অস্বীকার-কৃ।

Digitized by Google

To Concede, *v. n.* স্বীকৃত-হ, সম্মত হ, রাজী-হ।

Conceit, *n. s.* Lat. মনন, ধ্যান, জ্ঞান, ভাবনা, বুদ্ধি, সুমেধা, বুঝ, কল্পনা, অনুমান, মানস, বাঞ্ছা, বুদ্ধিবৃত্তি, চিত্তোদ্ভূত, অভিপ্রায় বা উদয়, মত, অপক্ষপাতিত্ব, অনুসারি মত বা অভিপ্রায়, অহমিকা, শ্লাঘা, গর্ব্ব, *Out of conceit with*, নিরস্ত, তৃপ্ত, অব্যগ্র, খেয়াল ছাড়া।

To Conceit, *v. a.* বোধ-কৃ, অনুভব-কৃ, মনে-কৃ, প্রত্যয়-কৃ, বিশ্বাস-কৃ, খেয়াল-কৃ, মনসুবা-কৃ, আত্মশ্লাঘা-কৃ।

Conceited, *part. a.* কিকিরমন্দ, চিন্তাবিশিষ্ট, মানসপূর্ণ, আত্মশ্লাঘী, আত্মাভিমানী, দেমাগী, গর্ব্বী, অহঙ্কারী।

Conceitedly, *ad.* মানসপূর্ব্বক, মনে যথা উদয় হয় তদনুসারে, মনোরথানুসারে, আত্মশ্লাঘারূপে, আত্মাভিমানপূর্ব্বক।

Conceitedness, *n. s.* অহঙ্কার, দেমাগ, গর্ব্ব, আত্মাভিমান, আত্মশ্লাঘা, আত্মাভিমানিত্ব।

Conceitless, *a.* জড়, অজ্ঞান, অনভিজ্ঞ, অজ্ঞ, মূঢ়, উমী, অবিবেচক, বিবেচনারহিত, নির্ব্বোধ, উদার, অকপট, শিধা।

Conceivable, *a.* বোধগম্য, বোধ্য, অনুধাবনযোগ্য, প্রবেশনীয়, বুঝিবার যোগ্য, জ্ঞাতব্য, বিশ্বাসযোগ্য।

Conceivableness, *n. s.* বোধগম্যত্ব, প্রবেশনীয়ত্ব, অনুধাবনযোগ্যত্ব, বোধগম্যত্ব।

Conceivably, *ad.* বোধগম্যত্বরূপে, বিবেচনাকরণীয়ত্বরূপে, বিবিচ্যত্বরূপে, বুঝিবার যোগ্যত্বরূপে, জানিতে কিম্বা বুঝিতে পারা যায় যাহাতে, এতদনুরূপে।

To Conceive, *v. a.* Fr. গর্ভধারণ-কৃ, গর্ভাধান-কৃ, জ্ঞান-কৃ, বিচার-কৃ, অনুধাবন-কৃ, বিবেচনা-কৃ, বুঝ, সংস্কার-কৃ, মনে-কৃ।

To Conceive, *v. n.* শুচ, জ্ঞা, জ্ঞাত-হ, সংস্কার-হ, বুঝ, মনে উদয়-হ, মনের অভিপ্রায়-হ, বিবেচনাকরণক্ষম-হ, কোন বিষয়ের যাথার্থ্য বা অবয়ব মনে-হ বা-প্রাপ, সাপত্যা-হ, অন্তরাপত্যা-হ, গর্ভবতী-হ, পেট-হ।

Conceiver, *n. s.* যে ব্যক্তি বুঝে বা ভাবে, জ্ঞান করে বা মনে করে যে, অনুমানকর্ত্তা, অনুধাবক, বিবেচক।

Conceiving, *n. s.* বুদ্ধি, জ্ঞান, বিবেচনা, আলোচনা, অনুশীলন, অনুরোধ, আন্দাজ, মনের ভাব, সন্দিগ্ধত্ব, শঙ্কা, বিতর্ক, সন্দেহ বা সংশয় বিষয় বা ভাব।

To Concelebrate, *v. a.* প্রশংসা-কৃ, ব্যাখ্যা-কৃ, গুণ-কথ, অনুরাগ-কৃ, ধন্যবাদ-কৃ বা -দা, স্তব-কৃ, বিখ্যাত-কৃ, প্রকাশ-কৃ।

Concent, *n. s.* Lat. সুরের মেল, সুস্বর, ঐক্য, মেল, সমভাব।

Concentful, *a.* সুশ্রাব্য, সুস্বর, মিষ্টধ্বনি।

Concented, *part. a.* ঐক্য, একীকৃত, মেল, অভেদ।

To Concentrate, *v. a.* Lat. খর্ব্ব-কৃ, ছোট-কৃ, হ্রাস-কৃ, গুট (ক্রি), অল্প স্থানে -আন (ক্রি), ঠাসিয়া-ধৃ, অল্পতা বা সংক্ষেপত্ব প্রাপ্ত-কৃ, তন্-কৃ।

Concentration, *n. s.* সংক্ষেপকরণ, অল্পস্থানের মধ্যে আনয়ন বা খর্ব্বকরণ, ছোটকরণ, কোন গোলাকার বা স্থাল্যাকার স্থানের বা দ্রব্যের সংক্ষেপরূপে পার্শ্বস্থিতকরণ।

To Concentre, *v. n.* মধ্যে আসিয়া মিল-হ, একমাজার-হ, মধ্য স্থানে যুক্ত-হ, একমধ্য-হ।

To Concentre, *v. a.* মধ্যে-মিল (ক্রি), মাঝে যুক্ত-কৃ, মাঝে যোড়-দা বা-কৃ, মধ্যে-নী গুট(ক্রি), একত্র-কৃ।

Concentrical বা Concentrick, *a.* সকলের মধ্যস্থলবিশিষ্ট, একমাজা যাহার, একমধ্যস্থল যাহার, মধ্যস্থলে আসিয়া মিলে যে, মধ্যে আসিয়া যুক্ত হয় যে, মধ্যে লাগে যে।

Concentual, *a.* সুশ্রাব্য, সুস্বর, সুভাববিশিষ্ট।

Conceptacle, *n. s.* Lat. আধার, অধিকরণ, পাত্র।

Conceptible, *a.* সুবোধ বুঝিবার যোগ্য, স্পষ্ট, বিবেচনা বা মনোযোগার্হ, অনায়াসে বোধগম্য, সুগম, সহজবোধ্য।

Conception, *n. s.* Lat. গর্ভধারণাবস্থা, গর্ভধারণ, গর্ভবৃদ্ধি, গর্ভ, গর্ভসত্ত্বা, খেয়াল, মান, বুঝ, জ্ঞান, বিবেচনা, অভিপ্রায়, কিকির, মনের ভাব, ধ্যান, বিতর্ক, সন্দেহ, গোচর, অনুধাবন।

Conceptious, *a.* ফলদায়ক, ফলবান, ফলেপূর্ণ, সফলা, গর্ভবতী, সগর্ভা, পেটওয়ালী, গাভিন।

Conceptive, *a.* বোধক্ষম, বিচারক্ষম, মনে আনিতে পারে যে বা যাহাকে, বিবেচনা করিতে বা বিচার করিতে পারে যে।

To Concern, *v. a.* Lat. সম্বন্ধ-কৃ, স্বত্ব-কৃ, স্বাধিকার-কৃ, অর্হ-কৃ, সম্পর্কীয়-কৃ, সম্বন্ধীয়-কৃ, লিপা-কৃ, এলাকা-কৃ, স্বার্থ-কৃ, লাগ (ক্রি), মুগ্ধ-কৃ,রাগাদিবিষয়ে মুগ্ধ বা আচ্ছন্ন-কৃ, ভাবিত-কৃ, বিমর্ষ-কৃ, লিপ্সা-কৃ, স্বার্থকর্ত্তৃক বদ্ধ-কৃ. *To concern himself*, ব্যস্ত-কৃ বা -হ, উদ্বিগ্ন-কৃ বা-হ, হাত-দা, ব্যস্ততা-দৃশ (ক্রি), অনধিকার চর্চ্চা-কৃ।

Concern, *n. s.* কর্ম্ম, বিষয়, কার্য্য, ব্যাপার, কারবার, অর্থ, স্বার্থ, এলাকা, লিপ্সা, প্রয়োজন, গরজ, সম্বন্ধ, সম্পর্ক, দায়, আবশ্যকতা, গৌরব, ভারিত্ব, স্নেহ, প্রীতি, মমতা, রাগ, ক্রোধ, আক্রোশ, দুঃখ, চিন্তা, ভাবনা, প্রেম, অনুরাগ।

Concernedly, *ad.* স্নেহপূর্ব্বক, ভাবনাপূর্ব্বক, মুগ্ধতাপূর্ব্বক।

Concerning, *prep.* বিষয়ক, সম্বন্ধবাচক, তদ্বিষয়ক, সম্পর্কীয়, সম্বন্ধীয়।

Concerning, *n. s.* কর্ম্ম, কার্য্য, বিষয়, ব্যাপার, কারবার।

Concernment, *n. s.* ব্যাপার, বিষয়, কারবার, কার্য্য, সম্বন্ধ,সম্পর্ক, স্বার্থ, লাভ, গৌরব, ভারিত্ব, কর্ত্তৃত্বের, ক্ষমতা, কার্য্যকারিত্ব, প্রবৃত্তি, পরার্থে প্রার্থনা, মাধ্যস্থ্য, চিন্তা, ভাবনা, মনোযোগ, মনে, আদর, শ্রদ্ধা, ক্রোধ, অভিপ্রায়, মত, মনের উদ্রেক হয় যে বা যাহাতে, মনোভিপ্রায়, মনোরথ, মনস্কামনা।

To Concert, *v. a.* Fr. গোপনে পরস্পর ঐক্য হইয়া পরিষ্কার-কৃ, আপশে রক্ষা-কৃ, বন্দোবস্ত বা মন্ত্রণা, আপশমেল-কৃ, বন্দোবস্ত-কৃ. চুকাইয়া-দা, চেষ্টা-কৃ, পরামর্শ-কৃ।

To Concert, *v. n.* পরামর্শী-হ, অভিপ্রেত-হ, ঐক্য-হ।

Concert, *n. s.* পরামর্শ, অভিপ্রায় ব্যক্তকরণ, মনেভিলাষজ্ঞাপন, মতলব প্রকাশকরণ, মনোবর্ত্তি বিষয় জ্ঞাত করণ বা প্রকাশ করণ, তয়ফা, বাদকের সদাম্নায়, গানবাজনা, বৈঠক, আখড়া, আখড়ার গান, আখড়ার বাদ্য।

Concertation, *n. s.* Lat. দ্বন্দ্বজ, জেদ, হুড়াহুড়ি, বিবাদ, দ্বেষ, ঈর্ষা, ঝগড়া, বচাবচি, কলহ কন্দল।

Concertative, *a.* বিবাদকারী, দ্বন্দ্বজকারী, ঝকুড়্যা, কুন্দল্যা, দ্বন্দ্বজে রত, বিবাদী, বিতণ্ডক।

Concerto, *n. s.* Ital. কবিতা, গীত, বাদ্য।

Concession, *n. s.* Lat. ছাড়িয়া দেওন, রেয়াইৎকরণ, স্বীকার, কবুল, সম্মতি, অঙ্গীকার, দান, বকশীশ দেওন বা সম্পূর্ণকরণ, স্বীকৃত, দেয় দ্রব্য, দত্ত বস্তু, প্রদানকৃত বস্তু।

Concessionary, *a.* দানকৃত, দত্ত, যাক্রা, স্বীকারকরণপূর্ব্বক দানকৃত।

Concessive, *a.* স্বীকার বা অঙ্গীকারসূচক, সম্মতিবোধক, অঙ্গীকারবোধ হয় যদ্দ্বারা।

Concessively, *ad.* স্বীকারকরণপূর্ব্বক, স্বীকারপূর্ব্বক, অঙ্গীকারপূর্ব্বক, দানপূর্ব্বক।

Concetto, *n. s.* Ital. ভ্রম, ভ্রান্তি, মিথ্যাজ্ঞান, মুগ্ধত্ব, মোহিতত্ব, অযথার্থাভিপ্রায়, মিথ্যাভ্রম।

Digitized by Google

Conch, *n. s.* Lat. শংখ, শাঁখ, জোঙ্গড়াবিশেষ।

Conchite, *n. s.* শেঁকো পাতর, প্রস্তরধর্ম্মক বা তদ্বৎ শংখবিশেষ

Conchoid, *n. s.* Fr. খিলানবিশেষ, মেরাপবিশেষ, ধনুরারবিশেষ।

Conciliable, *n. s.* Fr. ক্ষুদ্র সভা, ছোট মজলিস, অল্প লোকের বৈঠক, ক্ষুদ্র বৈঠক।

Conciliar, *a.* সভাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

To **Conciliate**, *v. a.* Lat. প্রাপ, লাভ-কৃ, জয়-কৃ, বিলাইয়া-দা, পুনর্ম্মেল-কৃ, সামঞ্জস্য-কৃ।

Conciliation, *n. s.* প্রাপণ, প্রাপ্তি, মিলান, সামঞ্জস্যকরণ, পুনর্ম্মিলন বা তৎসূচক কর্ম্ম।

Conciliator, *n. s.* সন্ধিকারক, সলাকারক, মিলাইয়া দেয় যে, ঐক্য করিয়া দেয় যে, পুনর্ম্মেলকারক।

Conciliatory, *a.* মিলপ্রয়োজক, সলা বা মিল, উৎপাদক, সমাধাকারক, প্রীতিসূচক, মিল বা ঐক্য হয় যাহাতে বা যদ্দ্বারা।

To **Concinnate**, *v. a.* যোগ্য-কৃ, উপযুক্ত-কৃ, মত-কৃ, সমান-কৃ।

Concinnity, *n. s.* উপযুক্ততা, যোগ্যত্ব, উত্তমতা, শ্রেষ্ঠত্ব, সভ্যতা, শিষ্টতা, লজ্জা, হায়া, আদর।

Concinnous, *a.* Lat. উপযুক্ত, যোগ্য, করণীয় বা ভবনীয়, উত্তম, মনোহর, অনুপম, শ্রেষ্ঠ, মনোরঞ্জক।

Concionator, *n. s.* Lat. শিক্ষক, শিক্ষাদাতা, উপদেশক, উপদেষ্টা, কথক, প্রকাশক।

Concionatory, *a.* সভাতে কিম্বা প্রকাশ স্থানে প্রকাশিত, কথিত, উক্ত বা ব্যবহৃত, উপদেশে ব্যবহৃত বা কথিত, শিক্ষাবিষয়ক, পঠিত, উল্লেখিত।

Concise, *a.* Lat. সংক্ষেপ, চুম্বক, অল্প, ছোট, খাট, অবিস্তীর্ণ সংক্ষিপ্ত।

Concisely, *ad.* সংক্ষেপরূপে, অল্পে, চুম্বকরূপে, অল্পেতে।

Conciseness, *n. s.* অল্পতা, সংক্ষেপত্ব, চুম্বকত্ব, হ্রস্বত্ব, অবিস্তীর্ণতা।

Concision, *n. s.* Lat. ছেদন, কাটন, কর্ত্তন, ছাটন।

Concitation, *n. s.* Lat. গতি করণ, চালনশীলকরণ, চালাল, বাতাস দেওন, বাতাসদ্বারা উড়াইয়া দেওন, বাতাস দিয়া ধরিয়া বা জ্বালাইয়া দেওন, ঘুরিয়া দেওন, ফিরিয়া দেওন।

To **Concite**, *v. a.* Lat. উত্থাপন-কৃ, উঠাইয়া-দা, রাগ-জন (ক্রি), রাগোৎপন্ন-কৃ, বেজার-কৃ।

Conclamation, *n. s.* Lat. চেঁচাচেঁচি, চেঁচান এককালীন বহুশব্দ, চীৎকারকরণ, গোলরাল করণ।

Conclave, *n. s.* Lat. অন্দরমহল, অন্তঃপুর, সংগোপন স্থান, রক্ষঃসলের ঘর, যে স্থানে কারদিনালনামক ব্যক্তিরা সভা করে বা বসে বা তৎসভা, ঠাসাঠাসি সভা, বহুজনতার সভা, ধর্ম্মাধ্যক্ষেরদিগের সমাজ।

To **Conclude**, *v. a.* Lat. বন্দ-কৃ, শেষ-কৃ, ফুর, সাঙ্গ-কৃ, সমাপ্তি-কৃ, অন্ত-কৃ,সম্পূর্ণ-কৃ, তামাম-কৃ, সাবিল-কৃ, অন্তর্গত-কৃ, অন্তঃপাতী-কৃ, অন্তর্ব্বর্ত্তী-কৃ, পরিষ্কার-কৃ, চুকাইয়া-দা, দ্বন্দ্বজ মিটাইয়া-দা, বিবেচনানন্তর রফা করিয়া-দা বা স্থির-কৃ, স্থির-কৃ, বিবেচনানন্তর নিরূপণ-কৃ, ফলিতার্থ স্থির-কৃ,সিদ্ধান্ত-কৃ।

To **Conclude**, *v. n.* বিবেচনানন্তর সম্পন্ন-হ, ফলিতার্থ স্থির-হ, সিদ্ধান্ত-হ, মত স্থির-হ, শেষ-হ, ঐক্য-হ, উপলব্ধি-হ।

Concludency, *n. s.* ফলিতার্থ, শেষ, ন্যায়দ্বারা প্রমাণ, বিতর্কানন্তর যথার্থ স্থিরকরণ, নির্ব্বচন, সিদ্ধান্তকরণ।

Concludent, *a.* পরিচ্ছন্ন, স্থিরীকৃত, নিশ্চয়, নিষ্কৃষ্ট, নির্য্যাস সিদ্ধান্ত, অলড়, প্রামাণ্য।

Concluder, *n. s.* স্থির করে যে, শেষকর্ত্তা, সম্পন্নকর্ত্তা।

Concludingly, *ad.* নিঃসন্দেহরূপে, নিশ্চয়রূপে, বাদানুবাদরহিত প্রমাণরূপে, বিরোধশূন্য বা প্রামাণ্যরূপে, সিদ্ধান্তরূপে।

Conclusible, *a.* অবধারণীয়, নিশ্চেতব্য, স্থির করণীয়, স্থির বা নিশ্চয় করণযোগ্য, সিদ্ধান্ত করণীয়।

Conclusion, *n. s.* স্থির, স্থিরকরণ, সিদ্ধান্তকরণ, নিশ্চয়করণ, শেষকরণ, সমাপ্তি, আখের, শেষনির্দ্ধারণ, শেষ, অন্ত, নিষ্পত্তি, পরিশেষ, শেষ সিদ্ধান্ত, ফলিতার্থ, অভিপ্রায়ার্থমূল নির্ব্বচন, স্থিরতা, নিবৃত্তি, মৌনিত্ব, চুপ করিয়া থাকন, অবাক হইয়া থাকন।

Conclusional, *a.* শেষকারী, অন্তকারী, সমাপ্তকারী, সাঙ্গকারক।

Conclusive, *a.* প্রামাণ্য, সিদ্ধান্তকৃত, শেষ, নিশ্চিত, ফলিত, নিষ্পাদিত, অলড়, প্রমাণীকৃত, নির্য্যাস বা নির্দ্দিষ্ট বা সাভ্যন্তকৃত বা কারী।

Conclusively, *ad.* নিশ্চিতরূপে, নিশ্চয়রূপে, অবধার্য্যত্বরূপে, সিদ্ধান্তরূপে, পরিষ্কাররূপে।

Conclusiveness, *n. s.* মত বা অভিপ্রায় নির্দ্দিষ্ট করণের ক্ষমতা বা শক্তি, নিশ্চিতত্ব, সিদ্ধান্তবস্তু, ফলিতার্থ, অন্ত, শেষ।

To **Concoagulate**, *v. a.* রস (ক্রি), জমাট-কৃ, ঘন-কৃ, জম (ক্রি), তেলা-কৃ, শক্ত বা দৃঢ়-কৃ।

Concoagulation, *n. s.* জমন, চাপবান্ধন, বসন, একত্রহওন বা করণ, তাল পাকান বা করণ।

To **Concoct**, *v. a.* Lat. জীর্ণ-কৃ, পরিপাক-কৃ, জঠরাগ্নিতে পাক-কৃ, হজম-কৃ, শোধন-কৃ, অগ্নির শেক বা জ্বালদ্বারা শোধন বা নির্ম্মল-কৃ, পরিপক্ক-কৃ, পরিণত-কৃ।

Concoction, *n. s.* পরিপাক, জীর্ণহওন বা করণ, হজম, জঠরাগ্নিতে পাক হওন, শোধন, জ্বাল বা ভাপদ্বারা পক্ক করণ বা হওন, খাটী হওন বা করণ।

Concoctive, *a.* জঠরাগ্নিতে পাক জীর্ণ বা হজমকারী, পরিপাক হয় যদ্দ্বারা বা যাহাতে।

Concolour, *a.* Lat. একরঙ্গা, একবর্ণ বা রংবিশিষ্ট, অভিন্নবর্ণ, তুল্যবর্ণ।

Concomitance বা **Concomitancy**, *n. s.* সংযুক্ত বস্তু, সংযোগ, সংমেলন, সহবর্ত্তন, সহবর্ত্তি দ্রব্য, মিলিত দ্রব্য, সংসর্গে থাকে বা হয় যে বস্তু।

Concomitant, *a.* Lat. সাথী, সঙ্গী, সমভিব্যাহারী, সহযোগী, সহবর্ত্তী, সংসর্গী, সহবাসী, একমেল, একস্থানে জনিত, একস্থান বা কারণহইতে উৎপন্ন হয় যে, অন্যের সহিত থাকে জন্মে বা হয় যে।

Concomitant, *n. s.* সমভিব্যাহারি বস্তু, একস্থান বা কারণহইতে উৎপন্ন কোন বস্তু, সঙ্গি ব্যক্তি বা বস্তু, বস্তু তৎসংযুক্ত।

Concomitantly, *ad.* অন্যের সঙ্গে বা সাথে, অন্যের সমভিব্যাহারে, অন্যের সঙ্গপূর্ব্বক।

To **Concomitate**, *v. a.* অন্যের সহিত যোগ-কৃ, সঙ্গী-কৃ, একস্থানবাসী-কৃ, একধর্ম্মক-কৃ।

Concord, *n. s.* Lat. মেল, ঐক্য, প্রণয়, প্রীতি, সলা, করার, যোগ, সংলগ্নতা, সম্পর্ক, উভয় সম্মতি, নিয়ম, বন্দোবস্ত [In Grammar.] সংযোগ, শব্দের পরস্পর ঐক্য।

To **Concord**, *v. n.* মেল-হ, ঐক্য-হ।

Concordance, *n. s.* মেল, ঐক্য, ধর্ম্মশাস্ত্রে কথার অভিধান বা সূচী, সংযোগ।

Concordancy, *n. s.* মেল, ঐক্য।

Concordant, *a.* মেলক, উপযুক্ত, যোগ্য, মনোমত, মাফিক, তদ

Digitized by Google

মুযায়ী, মিলে বা ঐক্য হয় যে বা যাহার সঙ্গে সংসর্গী, সম্পর্কীয়।

Concordant, *n. s.* মেল বা ঐক্য হয় যে বস্তুতে বা যে বস্তু।

Concordantly, *ad.* মিলপূর্ব্বক, মিলিত বা সংযুক্ত হইয়া, ঐক্য বা সংলগ্নত্বরূপে।

Concordate, *n. s.* জমাট, সংযুক্ত দ্রব্য বা বিষয়, উভয়সম্মত নিয়ম, একত্র হওন, যোগ হওন বা করণ।

Concorporal, *a.* একশরীরীয়, একশরীরজ, একদেহাত্মক, একশরীর বা অবস্থাগত।

To **Concorporate,** *v. a.* একত্র-কৃ, মিলিত-কৃ, মিলিয়া-যা, জমা করিয়া একখানী-কৃ, রাশি-কৃ, স্তূপ-কৃ, দল-কৃ, বা-বন্ধ।

To **Concorporate,** *v. n.* একত্র-হ, জমা-হ, মিলিত-হ, স্তূপ বা ঢেরী-হ, দলবল-হ।

Concorporation, *n. s.* ঐক্য, সংযুক্ততা, জমা।

Concourse, *n. s.* Lat. জনতা, এক স্থানে জনতা বা মেলা, জনসমূহ, মেলা, ভিড়, জমাহওন, বস্তুদ্বয়ের সংলগ্নত্ব বা ভেড়াভেড়ি, মিল, ঐক্য ভিড়, সংঘট।

To **Concreate,** *v. a.* Lat. সৃষ্টি-কৃ, এককালে প্রস্তুত-কৃ, নির্ম্মাণ-কৃ, উৎপত্তি-কৃ, জমা-কৃ, সংযম-কৃ।

To **Concredit,** *v. a.* প্রত্যয়-কৃ, বিশ্বাস-কৃ, খাতিরজমা-কৃ।

Concremation, *n. s.* Lat. একত্রে পোড়ান বা দগ্ধকরণ, সহগমন করিয়া মরণ, সহমরণ, সহগামি হওন, অন্যের সহিত দগ্ধ হওন, পুড়িয়া মরণ, বহুদ্রব্য এককালে দগ্ধ হওন, সহগমন বা মরণ।

Concrement, *n. s.* ডেলা, তাল, জমাট, তাল বা দলা, লোষ্ট্র বস্তু।

Concrescence, *n. s.* লোষ্ট্রত্ব, ডেলা, তাল, ভিন্ন২ দ্রব্য একত্রহওন বা করণ বা তদবস্থাপ্রাপণ।

To **Concrete,** *v. n.* Lat. সংযুক্ত, সংযুক্ত-হ, ডেলা-হ, তাল-হ, জড়-হ, জমিয়া বা বসিয়া চাপ-হ,।

To **Concrete,** *v. a.* ডেলা-কৃ, তাল-কৃ, জমাট-কৃ, বহুভিন্ন২ দ্রব্য সংযুক্ত-কৃ।

Concrete, *a.* জমিয়া বদ্ধ, ডেলা, তাল, পিণ্ড, তালবান্ধা, লোষ্ট্রবৎ. [In Logick.] অসংযুক্ত, সংযত, সংযম নানা বস্তুতে নির্ম্মিত।

Concrete, *n. s.* জমিয়া বদ্ধ বা ডেলা হয় যে দ্রব্য।

Concretely, *ad.* জমহনপূর্ব্বক জড়াইয়া, একত্র হইয়া, অসংযুক্তরূপে।

Concreteness, *n. s.* পিণ্ড হওন বা তদবস্থা, জমন, বসিয়া যাওন বা তদবস্থা।

Concretion, *n. s.* জমান, তালকরণ, পিণ্ডকরণ, লোষ্ট্র পাকান, যোগ, সংযমা জমা, রাশি, স্তূপ।

Concretive, *a.* একত্রকারী, মিলনকারী, সংযোগকারী, জমিয়া বসে যে বা যদ্দ্বারা।

Concreture, *n. s.* পিণ্ড, চাপ, ডেলা, লোষ্ট্র বা তাল কোন বস্তু।

To **Concrew,** *v. n.* একত্র-হ, একত্র বর্দ্ধিষ্ণু বা উৎপন্ন-হ, এককালে বা স্থানে উৎপন্ন-হ।

Concubinage, *n. s.* উপস্ত্রীর সহিত বাস, উপস্ত্রী গমন, পরদারাসঙ্গ, ঢেমনি রাখন, খানকীবাজি করণ, কসবিবাজ হওন।

Concubinate, *n. s.* অনূঢ়া বা কুমারীগমন, ব্যভিচার, বেশ্যা বা বারাঙ্গনা গমন, কসব, খানকীবাজী, ছিনালী।

Concubine, *n. s.* Lat. উপস্ত্রী, বেশ্যা, নটী, উপপত্নী, ঢেমনী, মিথ্যা, কুটা বা প্রতারক ব্যক্তি।

To **Conculcate,** *v. a.* Lat. মর্দন-কৃ, মাড়, দাব, দল, চাঁট, পাদে রতলে-বক্ষ বা -ক্ষিপ, মাড়াইয়া-গম বা -ফেল।

Conculcation, *n. s.* পাদদ্বারা মাড়ান, পদতলে মর্দ্দন।

Concupiscence, *n. s.* Lat. কাম, অপরিমিতাভিলাষ, ইন্দ্রিয় দোষ।

Concupiscent, *a.* মস্তাকি, মত্ততা, ইন্দ্রিয় দোষী, কামী, লোচ্চা, লম্পট, অজিতেন্দ্রিয়।

Concupiscential, *a.* কাম বা ইন্দ্রিয় দোষবিষয়ক।

Concupiscible, *a.* কামাসক্ত, লোভী, কামাকৃষ্ট, লোভাকৃষ্ট, মত্ততাবিশিষ্ট, ইন্দ্রিয়বিষয়ে মুগ্ধ বা মগ্ন।

To **Concur,** *v. n.* Lat. সংঘটিত-হ, মন-মিল, মতের বা মনের ঐক্য-হ, এক চিত্ত-হ, সম্মত-হ, একমত-হ, কবুল-কৃ, রাজী-হ, যোটী-হ, ঐক্য বা এক বাক্যতাপন্ন-হ, সংযুক্ত-হ, একত্র-হ, সহবর্ত্তী-হ, সহকারী-হ।

Concurrence বা **Concurrency,** *n. s.* যোগ, সংঘটন, মেল, ঐক্য, একমত, একবাক্যতা, সহায়, সহকার, সহবর্ত্তন, সমান, স্বার্থ, সংশ্রব স্বার্থ, উপকার, সাহায্য, আনুকূল্য।

Concurrent, *a.* রাজী, ঐক্য, সংঘটনীয় সংক্রমণীয়, কোন কর্ম্মে বা বিষয়ে ঐক্য বা একমত হইয়া কর্ম্ম করে যে বা যাহাতে, সংযোগী, সাথী, সহকারী. সঙ্গী, সহবর্ত্তী, সহবাসী, সমভিব্যাহারী, এক কর্ম্মের কর্ম্মী, একমতাবলম্বী।

Concurrent, *n. s.* সহকারয়িতা, সহকার হওনের বা করণের কারণ বা উপলক্ষ, সমানস্বার্থ, সংশ্রব বা অধিকার।

Concurrently, *a.* ঐক্যরূপে, একচিত্ততারূপে, মিলনপূর্ব্বক।

Conoussatoin, *n. s.* হেলান, দোলান, নাচান, ঢোলান, ঘোলান, আলোড়ন, লাড়ন।

Concussed, *part. a.* আলোড়িত, আন্দোলিত, ঘোলা, হেলিত, দোলিত।

Concussion, *n. s.* Lat. আন্দোলন, লাড়ন, লাড়িত হওনাবস্থা আন্দোলিতাবস্থা।

Concussive, *a.* আলোড়নশীল, লাড়নশীল, দোলক, হেলন বা দোলন ধর্ম্মক. আলোড়িত হয় যে বা করে যদ্দ্বারা।

To **Condemn,** *v. a.* Lat. অপরাধী নিশ্চয়-কৃ, দোষীঠাওর-কৃ, অপরাধী তকশীরওয়ার বা দণ্ডযোগ্য-কৃ. দোষ সাব্যস্ত করিয়া দণ্ডার্হ-কৃ, বিচার করিয়া দোষী-কৃ, শাজাওয়ার-কৃ. নিন্দা-কৃ, দ্বেষ-কৃ, অপবাদ-দা, বরামদ-কৃ, দোষী-দা, দোষী-কৃ, গুনাহ্গারি-কৃ, পরস্পর কথার বৈলক্ষণ্যদ্বারা দোষী-কৃ, নাপসন্দ-কৃ, ত্যাগ-কৃ, অকর্ম্মণ্যপ্রযুক্ত ত্যাগ-কৃ, ফেলিয়া-দা।

Condemnable, *a.* দণ্ডার্হ, সাজাওয়ার, দণ্ডযোগ্য, নিন্দনীয়, অপবদনীয়, ত্যাগকরণোপযুক্ত, ফেলিয়া দিবার যোগ্য, নিষ্কর্ম্মণ্য, প্রয়োজন না হয় যাহাতে, কর্ম্মহইতে পারে না যাহাতে, পুরাণা, পচা সড়া বা ভাঙ্গা ইত্যাদি।

Condemnation, *n. s.* ব্যবস্থা বা বিধি যদ্দ্বারা দণ্ডার্হ হয় বা করে, দণ্ড স্থির করিয়া হুকুম দেওন, শাজা, দণ্ডকরণ, দণ্ডাজ্ঞা।

Condemnatory, *a.* প্রহার বা দণ্ড করণার্থে হুকুম দেয় বা করে যে, দণ্ডসূচক আজ্ঞাবৎ, দণ্ডযোগ্য, দণ্ড্য, দোষসম্বন্ধীয়।

Condemner, *n. s.* মুদ্দই, নিন্দক, তহমতিয়া, অপবাদক, দোষী বা অপরাধী করে যে।

Condensable, *a.* গাঢ়হওনশীল, ঘন হওনশীল, ঘনীভবনশীল, ঘন বা নিবিড় হওনক্ষম।

To **Condensate,** *v. a.* ঘন-কৃ, থকথকে-কৃ, নিরাট-কৃ, স্থূল বা ভারি-কৃ, পুরু-কৃ, গাঢ়-কৃ।

To **Condensate,** *v. n.* ঘন-হ, পুরু-হ, গাঢ়-হ।

Digitized by Google

Condensate, *a.* ঘন, পুরু, খক্‌খকে, নিরাট, ভারি, ঘন বা পুরুকৃত।

Condensation, *n. s.* ঘনকরণ, পুরুকরণ, ভারিকণ, গাঢ়করণ, ঘনীভূতত্ব।

Condensative, *a.* ঘনকরণশীল, পুরু বা গাঢ়করণক্ষম।

To **Condense,** *v. a.* Lat. গাঢ়-কৃ, পুরু-কৃ, অধিক পুরু-কৃ, ভারি-কৃ, ঘন-কৃ।

To **Condense,** *v. n.* গাঢ় ঘন-হ, পুরু-হ, ভারি-হ।

Condense, *a.* গাঢ়, ঘন, পুরু, খাট।

Condenser, *n. s.* ঘন বা পুরু করিবার যন্ত্রবিশেষ, পাত্র, ধাতুপাত্র।

Condensity, *n. s.* গাঢ়ত্ব, জমাট বা তদবস্থা বা ভাব, গাঢ়ত্ব, ভারিত্ব, ঘনত্ব, ঘন বা পুরুহওন বা করণ, খাটকরণ, নোঁয়ান।

Conders, *n. s.* Fr. সমুদ্রের ধারে উচ্চস্থানবাসী বা বর্ত্তী, হরিণনামক মৎস্য ধরণার্থে ঘাত করিয়া গোপনে থাকন কিম্বা তদর্থে উপদেশকরণ।

Condescence, *n. s.* নিম্নহওন, নম্রহওন, নম্রতাচরণ।

To **Condescend,** *v. n.* Lat. নিম্ন হইয়া-চল, মহত্ত্বাচরণ-হ, ভব্যতা-কৃ, ভব্য-হ, নম্রতাচারী-হ, স্বসম্ভ্রম বা উচ্চপদের রীতিহইতে সামান্য ব্যবহার-কৃ, সমভাব-হ, বা-কৃ, নিজ সম্ভ্রম বা পদহইতে নম্র হইয়া-চল বা ব্যবহার-কৃ, শিষ্টাচারী-হ, নম্র-হ, অভিমান ত্যাগ-কৃ, স্বীকার-কৃ, কবুল-কৃ, বশীভূত-হ; ন্যায়্যাতিরিক্ত-হ, হেঁট-হ, নিম্ন বা নম্র হইয়া-চল।

Condescendence, *n. s.* স্বেচ্ছাপূর্ব্বক নিম্ন বা নম্র হওন, স্বসম্ভ্রম বা পদহইতে কনিষ্ঠ ব্যক্তির সহিত সমভাব কিম্বা তদ্ব্যক্তিকে মনুষ্যবৎ জানন, শিষ্টাচার, নম্রতাচরণ, মৎসরতারাহিত্য।

Condescending, *n. s.* নম্রতাচরণ, শিষ্টাচার, নম্র হওন, নির্ম্মৎসরতা সমভাব, অমায়িকত্ব।

Condescendingly, *ad.* নম্রতা, অনুগ্রহপূর্ব্বক, স্বীকারপূর্ব্বক।

Condescension, *n. s.* নম্রতা, শিষ্টভাব, শিষ্টাচার, সভ্যতা, ভব্যতা সুশীলতা, স্বেচ্ছাধীনতা, প্রধানত্ব বা শ্রেষ্ঠহইতে সভ্যতা শীলতা নম্রতাচরণ বা নিম্নত্ব।

Condescensive, *a.* শিষ্ট, শান্ত, ভব্য, সভ্য, নম্র, অকর্কশ, অরাগী, অমৎসর, স্থির, শান্ত।

Condescent, *n. s.* কবুলকরণ, রাজীহওন, স্বীকার, মানন, নম্রতা, অমৎসরতা।

Condign, *a.* Lat. যোগ্য, উপযুক্ত, যথাসম্ভব, তদুপযুক্ত, যথোপযুক্ত, উচিতমত, সমুচিত।

Condigness, *n. s.* যোগ্যত্ব, উপযুক্ততা।

Condignity, *n. s.* সম্ভ্রম, গুণ।

Condignly, *ad.* উপযুক্তমতে, যোগ্যানুসারে, বিষয় বা গুণানুসারে।

Condiment, *n. s.* Lat. ব্যঞ্জনবিশেষ, ব্যঞ্জনোপযুক্ত বণিকদ্রব্য, মশলা, ঝাল মশলা।

Condisciple, *n. s.* Lat. সতীর্থ, এক গুরুর শিষ্য, এক পাঠশালার পড়ুয়া, এক চৌপাড়ীর ছাত্র, এক স্থানেরপড়ুয়া, এক স্থানপাঠী।

To **Condite,** *v. a.* Lat. আচার-কৃ, মোরব্বা-কৃ, মজ্জ (ক্রি), অলবণ-কৃ, সুস্বাদু-কৃ,।

Condite, *a.* মোরব্বা, আচার, মজান, সলবণ, সুস্বাদুকৃত।

Conditement, *n. s.* মোরব্বা, আচার।

Conditing, *n. s.* আচারকরণ, মোরব্বাকরণ।

Condition, *n. s.* Lat. গুণ, ধর্ম্ম, লক্ষণ, শক্তি, গতি, যদ্দ্বারা দোষগুণ জানা যায়, হাল, অবস্থা দশা, পয়া, মর্ত্তবা, ভ্রম, স্বভাব, তবিয়ত, মেজাজ, দোষ কিম্বা গুণ জ্ঞাপক বস্তু, নিয়মপত্র, কোটি, করার, সত্য।

To **Condition,** *v. n.* নিয়ম-কৃ, নিয়মবদ্ধ-কৃ, করার-কৃ, রফা-কৃ, চুক্তি-কৃ।

To **Condition,** *v. a.* নিয়ম-হ, নিয়মবদ্ধ-হ।

Conditional, *a.* পণ বা কোটিবিশিষ্ট, নিশ্চিত, সনিয়ম, প্রত্যঙ্গীকারী, করারমত, অনির্দ্ধার্য্য. [In Grammar.] সংশয়বাচক ক্রিয়াপদের বিশেষণ বা তৎসম্বন্ধীয়।

Conditional, *n. s.* নিয়ম, অবধারণ, স্থিরকরণ, নিশ্চয়করণ।

Conditionality, *n. s.* নিয়মত্ব, পণকৃতত্ব, পণবিশিষ্টত্ব।

Conditionally, *ad.* করারমত, নিয়মানুসারে, সংশয় বা অনিশ্চিততাপূর্ব্বক প্রত্যঙ্গীকার পূর্ব্বক।

Conditionary, *a.* নিয়মিত, নিশ্চিত, করার মত, দাঁড়া মত বা রীত্যনুযায়ী।

To **Conditionate,** *v. a.* উপযুক্ত-কৃ, যোগ্য-কৃ, গুণবন্ত-কৃ, নিয়ম-কৃ, দাঁড়াবন্ধ-কৃ।

Conditionate, *a.* বিশেষ নিয়মে নিশ্চিত, নিয়মীকৃত, নির্দ্দিষ্ট, নিরূপিত।

Conditioned, *a.* কোন ভাবাপন্ন, কোন দশাপন্ন, কোন অবস্থাপন্ন, কোন দেষে বা গুণবিশিষ্ট।

Conditionly, *ad.* কোন নিয়মপূর্ব্বক, কোন পণ বা কোটিপূর্ব্বক।

To **Condole,** *v. n.* Lat. পরদুঃখে দুঃখী-হ, বিলাপ-কৃ, দুঃখি বা বিপদ্ধস্ত ব্যক্তির সহিত খিদ্যমান-হ, বিলাপী-হ, শোকাপনোদন-কৃ।

To **Condole,** *v. a.* পরদুঃখে বা পর দুরদৃষ্টে হাহতোস্মি-কৃ, বিলাপ-কৃ, পরিবেদনা-কৃ, খেদ-কৃ, অনুশুচ।

Condolement, *n. s.* বিলাপ, দুঃখ, খেদ, শোক, তাপ শোকাপনোদন।

Condolence, *n. s.* পরের দুঃখে বা দুরদৃষ্টে খেদ বা বিলায়, আত্মীয়ব্যক্তির দুরদৃষ্টে অনুতাপসূচক ব্যবহার বা আচার কিম্বা তদ্বিষয়ে শিষ্টাচারাত্মক বাক্য।

Condoler, *n. s.* পরদুঃখে দুঃখ করে বা দুঃখী হয় যে, অনুতাপী, বিলাপকারী শোকাপনোদনকর্ত্তা।

Condoling, *n. s.* দুঃখ প্রকাশকরণ, অনুতাপ বা বিলাপ করণ, তদ্বিষয়ে বাক্য কিম্বা ব্যবহার।

Condonation, *n. s.* Lat. ক্ষমা, মাপ, অপরাধ মার্জনা, অপরাধ অস্বীকার।

To **Conduce,** *v. n.* Lat. বৃদ্ধি-হ, উন্নতি-হ, ফলোদয়-হ, উপকার-হ, সাহায্য-হ।

To **Conduce,** *v. a.* চাল (ক্রি), পোষকতা-কৃ, নির্ব্বাহ-কৃ, সমভিব্যাহারী-কৃ, সঙ্গী-কৃ উপযোগিতা-কৃ।

Conducement, *n. s.* ভাব, আশয়, মতলব, অভিপ্রায়, তাৎপর্য্য।

Conducent, *a.* উপকারক, উপকারশীল, উন্নতিদায়ক বা বর্দ্ধক।

Conducible, *a.* পোষক, বর্দ্ধক, বর্দ্ধনক্ষম, উন্নতিজনক, উন্নতিকারক, সাহায্যোপযুক্ত, উপকারযোগ্য উপকারী, উপযোগী।

Conducibleness, *n. s.* ফলোৎপাদকতা, উন্নতিজনকতা, পোষকরণত্ব।

Conducibly, *ad.* পোষকরণপূর্ব্বক, উন্নতিজনকত্ব রূপে, পোষকত্ব রূপে।

Conducive, *a.* বর্দ্ধক, পোষক, উন্নতিকারক, উপকার করে যে বা হয় যাহাতে, উপযোগ।

Conduciveness, *n. s.* বর্দ্ধকতা, পৌষ্টিকতা, পোষকতা, পুষ্টি বা বৃদ্ধি হয় যাহাতে বা যে বস্তুদ্বারা।

Digitized by Google

Conduct, *n. s.* Lat. চালি, আচরণ, ব্যবহার, নির্ব্বাহকরণ, পরিমিত ব্যয় বা ব্যবহার, রক্ষাকরণ, প্রতিপালনকরণ, সরবরাহ, চালান, সৈন্য প্রেরণ বা চালান, রক্ষা, খবরদারি, হামরাহ, রক্ষা করণ, সঙ্গে গমন, নিয়মাচারী, উপদেশক, চালায় যে, লয়্যা বেড়ায় যে, লয়্যা যায় যে, পথ দেখায় যে।

To **Conduct**, *v. a.* আদরপূর্ব্বক লইয়া-গম, দৃশ (ক্রি), পথ-দৃশ (ক্রি), পঁহুছিয়া-দা, শিক্ষা-কৃ (ক্রি),আজ্ঞা-কৃ, কহিয়া-দা, বলিয়া-দা,প্রবেশ-কৃ, (ক্রি), শিষ্টাচার-কৃ, সভ্যতা-কৃ, নির্ব্বাহ-কৃ, চাল (ক্রি), সরবরাহ-কৃ, অগ্রসর-কৃ, অগ্রগামী-কৃ, সৈন্যের অগ্রসর-কৃ, আগে-চল বা প্রধান-কৃ।

Conduction, *n. s.* প্রতিপালনকরণ, বৃদ্ধিকরণ, তৈয়ারকরণ।

Conductitious, *a.* Lat. ভাড়াটিয়া, বেতনী, বেতন বা দানদ্বারা কেরেয়া করা, ভাড়া করা, মাহিনা দিয়া নিযুক্ত।

Conductor, *n. s.* সরবরাহকার, নির্ব্বাহক, সম্পাদক, আজ্ঞাকর্ত্তা, হুকুম দেয় যে, কহিয়া দেয় যে, পথদর্শক, অগ্রগামী, প্রধান, সৈন্যাধ্যক্ষ, চালাইয়া লয় যে, চালায় যে, প্রস্তরচ্ছেদনে অস্ত্রবিশেষ, বজ্রস্ফুলিঙ্গনিবারক বস্তু, বজ্রস্ফুলিঙ্গ লয়্যা দূর করে যে বা হয় যদ্দ্বারা, তদর্থে ইমারতের বহির্ভাগে স্থাপিত লোহার শীক বা শৃঙ্খল।

Conductress, *n. s.* পথদর্শিকা, নির্ব্বাহিকা, অগ্রগামিনী, অনুমেয় করায় যে স্ত্রী, নির্ব্বাহ করে যে স্ত্রী।

Conduit, *n. s.* Fr. নালা, নরদামা, পয়নালা, প্রণালিকা, মুহরি, নল, যদ্দ্বারা জল আকৃষ্ট হয় বা নির্গত হয়।

To **Conduplicate**, *v. a.* Lat. দ্বিগুণ-কৃ, দুইপ্রস্ত-কৃ, দ্বিরূপ-কৃ।

Conduplication, *n. s.* দ্বৈগুণ্য, দ্বিরূপ, দুইপ্রস্ত, নকল, আদর্শ।

Condyle, *n. s.* Gr. [In Anatomy.] অস্থ্যগ্র বিশেষ।

Cone, *n. s.* স্তুপাকৃতি, নিরেট দ্রব্য, ফলবিশেষ।

Coney, Cony, শব্দ দেখ।

To **Confabulate**, *v. n.* Lat. সামান্য, কথোপকথন-কৃ, আলাপ-কৃ, বলাবলি-কৃ, কথাবার্ত্তা-কথ, গপ্প সপ্প-কৃ, গপ্প-কৃ।

Confabulation, *n. s.* আলাপ, গপ্প, বলাবলি, কথাবার্ত্তা, গপ্প সপ্প, মিথ্যালাপ।

Confabulatory, *a.* প্রশ্নোত্তরক্রমে, কথোপকথনসম্বন্ধীয়, কথোপকথনবিষয়ক, কথাবার্ত্তাসম্বন্ধীয়।

Confamiliar, *a.* নিকট, মিত্রবৎ, অন্তরঙ্গ, বন্ধু, ঐক্য আছে যাহার বা যাহাতে।

Confarreation, *n. s.* Lat. বহুভাত, বধূর অন্ন, বিবাহসম্পাদক পুপভোজন, বর কন্যার একত্র রুটী খাওন।

Confated, *a.* স্থিরীকৃত, নির্দ্ধারিত, নিশ্চিত, নিশ্চয়ীকৃত বা ভূত।

To **Confect**, *v. a.* Lat. মোরব্বা-কৃ, আচার-কৃ, মিঠাই-কৃ, একত্র-কৃ, মিল, সংযোগ-কৃ, গড়, গঠন-কৃ,।

Confect, *n. s.* মিষ্টান্ন, মিঠাই, খাদ্যদ্রব্য, হালুয়া।

Confection, *n. s.* মিঠাই, হালুয়া, মোরব্বা, মোদক।

Confectionary, *n. s.* মদক, ময়রা, হালুইকর, মিঠাইকর, মিঠাই প্রস্তুতকারী, মিঠাই, হালুয়া।

Confectioner, *n. s.* ময়রা, মিঠাইওয়ালা, হলুইকর, মোদক।

Confectory, *a.* মিঠাই প্রস্তুত করণের প্রকরণ বা রীতি।

Confederacy, *n. s.* Fr. & Lat. ঐক্য, মিল, ঐক্যমত, একবাক্যতা বহুজন পরস্পর সাহায্যার্থে মিল করণ বা দল বান্ধন।

To **Confederate**, *v. a.* মেলা-কৃ, একতা-কৃ, ঐক্য-কৃ, একপরামর্শ-কৃ, যোগ-কৃ, কোন কর্ম্ম নির্ব্বাহার্থে একতা-কৃ।

To **Confederate**, *v. n.* কোন পরামর্শে ঐক্য-হ, মিল, মিলিয়া, -যা, কোন কর্ম্ম সম্পন্নার্থে ঐক্য-হ,।

Confederate, *a.* সাথী, সঙ্গী, অংশী, ঐক্যীভূত, কোন পরামর্শ বা কর্ম্ম সম্পন্নার্থে মেলে যে বা যাহার সঙ্গে।

Confederate, *n. s.* সহায়, সখা, উপকারক, অন্যের উপকার বা রক্ষার্থে মিলে যে, সাহায্যকারক, মিত্র, বন্ধু।

Confederating, *n. s.* মেল, সখ্য, সম্প্রীতি, সৌহৃদ্য।

Confederation, *n. s.* মেল, একপরামর্শ, সখ্য, ঐক্য যোগ, সম্প্রীতি।

To **Confer**, *v. n.* Lat. কোন নিরূপিত বিষয়ে কথোপকথন-কৃ, কথোপকথনদ্বারা-নির্ব্বচ, বিবেচনা-কৃ, বা-হ।

To **Confer**, *v. a.* মিল (ক্রি), রজু-দা, দা, দান-কৃ, সমর্পণ-কৃ, সম্প্রদান-কৃ, বকশীষ-দা, উপকার-কৃ।

Conference, *n. s.* কথোপকথনাত্মক, বিবেচনা, মোকাবিলা, উত্তর প্রত্যুত্তর, কথাবার্ত্তা, পরামর্শ, বিচারার্থে নিরূপিত সভা, বৈঠক বা মজলিস, তুলনা, উপমা, দৃষ্টান্ত, মিলান।

Conferrer, *n. s.* পরামর্শক, দাতা, দানকর্ত্তা, দেয় যে, আলাপক, কথোপকথক।

Conferring, *n. s.* তুলনা, দৃষ্টান্ত, মিলানকরণ বা রজু দেওন, দান দেওন।

Conferva, *n. s.* লতা বৃক্ষবিশেষ।

To **Confess**, *v. a.* Lat. অপরাধ স্বীকার-কৃ, ত্রুটি অঙ্গীকার-কৃ, তকশীরকবুল-কৃ, আচার্য্যের নিকট আপন পাপ বা দুষ্কর্ম্ম ব্যক্ত-কৃ বা তদ্বিষয়ে মনের যথার্থভাব প্রকাশ-কৃ, বা স্বীকার-কৃ, অনুতাপি ব্যক্তির পাপ স্বীকার বা শ্রবণ-কৃ, স্বীকার-কৃ, কবুল-কৃ, দা, মান, দৃশ (ক্রি), প্রমাণ-কৃ, সপ্রমাণ-কৃ।

To **Confess**, *v. n.* ব্যক্ত-হ, স্বীকৃত-হ, স্বীকার-হ, প্রকাশ-কৃ, স্বস্ব পাপ বা অধর্ম্ম স্বীকার-হ, স্লষ্ট-হ।

Confessary, *n. s.* কবুল করে যে, স্বীকার করে যে, মানে যে।

Confessedly, *ad.* স্বীকারপূর্ব্বক, নির্দ্দিষ্টরূপে, নিতান্ত বা নির্ব্বিরোধপূর্ব্বক, নিঃসন্দেহরূপে।

Confession, *n. s.* আত্মাপরাধ পাপ বা দুষ্কর্ম্ম স্বীকারকরণ, কবুলকরণ, মানন, স্বীকার, আচার্য্যের নিকট মন খুলন বা মন খুলিয়া কথন, মানন, শ্রদ্ধা।

Confessional, *n. s.* পীঠ, পিঁড়ি বা উপবেশন যাহার উপর আচার্য্য বসিয়া অনুতাপি ব্যক্তির নিবেদন বা কথা শ্রবণ করে যান, উপবেশন যাহাতে দাঁড়াইয়া স্বং অপরাধ বা পাপ কর্ম্ম আচার্য্যের নিকটে ব্যক্ত করে বা মানে।

Confessionary, *n. s.* Confessional শব্দবৎ অর্থ জানিবেন।

Confessionary, *a.* কথাতে স্বীকৃত হওনবিষয়ক, বাক্যেতে পাপ অধর্ম্ম বা দুষ্কর্ম্ম স্বীকার করণসম্বন্ধীয়।

Confessionist, *n. s.* নিজ ধর্ম্ম বা মত ব্যক্ত করে বা মানে যে।

Confessor, *n. s.* ধর্ম্মার্থে দুঃখ ভোগ করে যে, আপন ধর্ম্মার্থে মরে যে, স্বীকারকারী, স্বীকৃত ব্যক্তি, মানক, আচার্য্য স্বীকার করায় যাহাকে, আপন পাপ স্বীকার করে যে, পাপস্বীকার শ্রবণ করে যে বা তদ্বিষয়ে নিয়ম উপদেশ দেয় যে।

Confest, *a.* স্লষ্ট, প্রকাশ, খোলাশা, জ্ঞাত, নিঃসন্দেহ, ব্যক্ত, স্বীকৃত, অঙ্গীকৃত।

Confestly, *ad.* নিঃসন্দেহরূপে, নিঃসংশয়রূপে।

Conficient, *a.* Lat. কারয়িতা, করায় যে, জন্মায় যে, প্রাপ্ত হয় বা করে যে।

Confidant, *n. s.* গুপ্তবিষয়ে প্রত্যয়িত ব্যক্তি, এতবারী, বিশ্বস্ত বা প্রত্যয়িত ব্যক্তি।

Digitized by Google

To Confide, *v. n.* Lat. প্রত্যয়-হ, বিশ্বাস-হ।
To Confide, *v. a.* প্রত্যয়-কৃ, বিশ্বাস-কৃ, এতবার-কৃ।
Confidence, *n. s.* বিশ্বাস, প্রত্যয়, শ্রদ্ধা, নিষ্ঠা, আস্থা, হৃদ্বোধ, হৃৎপ্রত্যয়, দৃঢ় প্রত্যয়, প্রত্যয়জনক বিষয়, ভরসা, অভয়, নিশ্চয় জ্ঞান, নির্দোষ জ্ঞান বা সংস্কার।
Confident, *a.* নিঃসন্দিগ্ধ, বেপরওয়া, নিশ্চিন্ত, সন্দেহ রাহিত্যপূর্ব্বক বিশ্বাস আছে যাহার বা করে যে, নিশ্চয়, নিতান্ত, খাতির্জমা, চিন্তারহিত, সন্দেহরহিত, অত্যন্তবিশ্বস্ত, অসীমক বিশ্বাস আছে যাহার, সর্ব্বতোভাবে বিশ্বাসপাত্র বা দৃঢ় প্রত্যয়ী, ভরসা বিশিষ্ট, সাহসী, নির্ভয়, নির্লজ্জ।
Confident, *n. s.* গুহ্যবিষয়ে প্রত্যয়িত ব্যক্তি।
Confidential, *a.* প্রত্যয়ে লিখিত বা কথিত, বিশ্বাসক্রমে ব্যক্তকৃত, বিশ্বাসকৃত, এতবারী, প্রত্যয়ী।
Confidently, *ad.* বিশ্বাসপূর্ব্বক, নিঃসন্দেহরূপে, দৃঢ় প্রত্যয়পূর্ব্বক, সন্দেহ রাহিত্যপূর্ব্বক, নিশ্চয়ে, নিতান্তরূপে, নিশ্চয়পূর্ব্বক।
Confidentness, *n. s.* আপন ক্ষমতা যোগ্যতা শক্তি বা গুণের উপর দৃঢ় প্রত্যয়, খাতির্জমা।
Confider, *n. s.* প্রত্যয়কারী, প্রত্যয় করে যে, বিশ্বাস করে যে বা বিশ্বাস আছে যাহার, বিশ্বাসকর্ত্তা।
To Configurate, *v. n.* Lat. নক্ষত্রের পরস্পর দৃষ্ট-হ, আভা-হ।
Configuration, *n. s.* আকার, আকৃতি, রূপ, অবয়ব।
To Configure, *v. a.* সাকার-কৃ, গড়, নির্ম্মাণ-কৃ, অবয়বী-কৃ।
Confinable, *a.* সীমাকরণীয়, মুড়া বা কিনারা হয় বা করা যায় যাহার।
Confine, *n. s.* Lat. সীমা, সরহদ্দ, মুড়া, কিনারা, টের, প্রান্ত।
Confine, *a.* সীমাশালী, সীমাবিশিষ্ট।
To Confine, *v. n.* সীমান্ত-হ, সীমা-হ, মুড়া-হ, আটক-হ।
To Confine, *v. a.* সীমা-কৃ, সরহদ্দ-কৃ, চিহ্নিত-কৃ, আটক-কৃ, বদ্ধ-কৃ, কয়েদ-কৃ, কারাগারে বদ্ধ-কৃ, বান্ধিয়া-ফেল বা-রক্ষ।
Confineless, *a.* অনন্ত, বেহদ্দ, সীমারহিত, অসীমক, সীমা নাই যাহার।
Confinement, *n. s.* বদ্ধ, কয়েদ, রুদ্ধ, আটক, কয়েদখানা, কারাবন্ধন, কারাগার, ঘর, রোধ, স্বাধীনত্ব বা ক্ষমতারাহিত্য।
Confiner, *n. s.* কিনারা, সরহদ্দী, সীমান্তক, সীমান্তেবাসী, ধারে বা কিনারায় থাকে যে, নিকট, প্রতিবাসী, দেশের প্রান্তস্থ, দুই দেশের প্রান্তের মধ্যস্থলে থাকে যে, আটক করে যে, রোধকর্ত্তা, আটককর্ত্তা, কয়েদ করে যে, রোধক।
Confinity, *n. s.* নৈকট্য, নিকটবাস, প্রতিবাস, প্রতিবাসিত্ব, উভয় দেশের মধ্যস্থান।
To Confirm, *v. a.* Lat. প্রমাণদ্বারা সাভ্যস্ত-কৃ, স্বীকার-কৃ, অনুমতি-দা প্রমাণ-দা, বা-কৃ, সাভ্যস্ত-কৃ, সাবুদ-কৃ, স্থাপন-কৃ, স্থির-কৃ, মকরর-কৃ, দৃঢ়-কৃ, ধার্য্য-কৃ, অবধারিত-কৃ, সম্পূর্ণ-কৃ, সম্পাদন-কৃ, তামাম-কৃ, শেষ-কৃ, অন্ত-কৃ, মজবুত-কৃ, দৃঢ়তর-কৃ, খ্রীষ্টীয়ানের ধর্ম্মে প্রবৃত্ত-কৃ, খ্রীষ্টীয়ান ধর্ম্মের বা পদের পথপ্রাপ্ত-কৃ (ক্রি)।
Confirmable, *a.* প্রমাণশীল, সাভ্যস্তযোগ্য, নিঃসন্দেহে প্রমাণ করণীয়, প্রামাণ্য।
Confirmation, *n. s.* নির্দ্ধার্য্যকরণ, মকরর, প্রামাণ্যকরণ, দৃঢ়করণ, রফা, বন্দোবস্ত, প্রমাণ, সাবুদ, তহকিক, সাক্ষী, খ্রীষ্টীয়ানের স্বার্থ বা পদ।
Confirmative, *a.* নির্দ্ধার্য্য বা মকররকরণক্ষম, প্রামাণ্যকরণক্ষম, সাভ্যস্তকারী, অনুমতিকারী, স্বীকারকারী।
Confirmator, *n. s.* প্রমাণকর্ত্তা, নিঃসন্দেহকারক, সন্দেহ দূর করে যে, সাভ্যস্তকর্ত্তা।
Confirmatory, *a.* সাভ্যস্তকারী, প্রমাণ বা নির্দ্ধার্য্য করণের ক্ষমতা বা স্বার্থ।
Confirmedness, *n. s.* প্রামাণ্য, সাভ্যস্তকৃতত্ব বা তদবস্থা।
Confirmer, *n. s.* প্রমাণকর্ত্তা, সাভ্যস্ত করে যে, ধার্য্য বা মকরর করে যে, সাবুদ দেয় বা করে যে, স্বীকার করে যে, অনুমতি দেয় যে।
Confirmingly, *ad.* প্রামাণ্যরূপে, সাভ্যস্তরূপে।
Confiscable, *a.* দণ্ডনীয়, ক্রোক বা জব্দ করা যায় যাহা বা হয় যে।
To Confiscate, *v. a.* রাজসরকারে মালামাল জব্দ করিয়া-নী, জব্দ করিয়া-নী, ক্রোক-কৃ, জব্দ-কৃ, হরিয়া-নী, দণ্ড-নী, দণ্ডার্থে-নী।
Confiscate, *a.* জব্দমাল, জব্দ করা মাল, গুণাহগারি করা দ্রব্য।
Confiscation, *n. s.* অপরাধী বা গুনাহগার ব্যক্তির মালামাল রাজসরকারে দাখিলকরণ বা জব্দ করিয়া লওন, জব্দ, ক্রোক, অচ্ছেদ, খালিশা।
Confiscator, *n. s.* দণ্ডকর্ত্তা, জব্দকারক, জব্দ বা ক্রোক করে যে, জব্দ করিয়া নীত দ্রব্যে সংস্রব হয় বা আছে যাহার।
Confiscatory, *a.* দণ্ড্য, দণ্ডার্হ, জব্দকারী, জব্দকৃত।
Confit, *n. s.* Ital. মিঠাই, আচার।
Confitent, *n. s.* Lat. আপন ত্রুটি বা অপরাধ স্বীকার করে যে।
Confiture, *n. s.* Fr. মিঠাই, মিষ্টান্ন দ্রব্য, এলাচিদানাবিশেষ।
Conterminous, *a.* Lat. তীরস্থ, তীরবর্ত্তী, লাগালাগি, সন্নিহিত, কাছাকাছি, লাগাও, সংলগ্ন, সংসৃষ্ট, ধারস্থ, সীমাবর্ত্তী।

Conterranean বা **Conterraneous,** *a.* Lat. একদেশজ, এক দেশোৎপন্ন, একভূমিজ, একপৃথ্বীজ, এক মৃত্তিকাহইতে উৎপন্ন কিম্বা জাত।

Contesseration, *n. s.* Lat. সমূহত্ব, দল, সম্প্রদায়, জমা, সমাজ, সভা, সমারোহ, সমূহভূতত্ব, সভাস্থত্ব।

To **Contest,** *v. a.* Fr. বিবাদ-কৃ, দ্বন্দ্বজ-কৃ, ঝগড়া-কৃ, কলহ-কৃ, আপত্তি-কৃ, বিরোধ-কৃ।

To **Contest,** *v. n.* বিরোধী-হ, বিবাদী-হ, ঈর্ষাকারী-হ।

Contest, *n. s.* বিবাদ, বিরোধ, দ্বন্দ্বজ, ঝগড়া, কলহ, আপত্তি, যুদ্ধ, অবনাও।

Contestable, *a.* বিরোধীয়, বিবদনীয়, দ্বন্দ্বজকরণীয়, অপ্রামাণিক, বিরোধ বা আপত্তি করা যায় যাহাতে।

Contestableness, *n. s.* বিরোধীয়ত্ব, বিবদনীয়ত্ব, দ্বন্দ্বজকরণীয়ত্ব, আপত্তি বা বিবাদ করা যায় যাহাতে তদবস্থা বা ভাব, বিরোধের সম্ভাবনা আছে যাহাতে।

Contestation, *n. s.* বিবাদকরণ, দ্বন্দ্বজকরণ, বিরোধকরণ, বিবাদ, দ্বন্দ্বজ, বাদানুবাদ, বিচার, বচসা, বাগ্যুদ্ধ।

Contestation, *n. s.* প্রমাণ, সাক্ষ্য, প্রমাণস্থল, নিদর্শন, সাক্ষিদ্বারা প্রমাণ, সাক্ষী, সাভ্যন্তকরণ।

Contestingly, *ad.* বিবাদরূপে, দ্বন্দ্বজপূর্ব্বক, বিরোধপূর্ব্বক, আপত্তি বা বাদানুবাদকরণপূর্ব্বক।

Contestless, *a.* বিরোধশূন্য, বিবাদরহিত, নির্ব্বিরোধী, নিঃসন্দেহ, নিরুত্তর।

To **Contex,** *v. a.* Lat. বপন-কৃ, বুনন-কৃ, বুনট-কৃ, গ্রন্থনদ্বারা সংলগ্ন-কৃ, বহু অংশ সংযোগ-কৃ।

Context, *n. s.* পাঠ, পূর্ব্ববর্ত্তি বা পশ্চাদ্বর্ত্তি পাঠ।

Context, *a.* বুনট, একত্রীভূত, ছিটান, সংযুক্ত, দৃঢ়, শক্ত।

To **Context,** *v. a.* বুনট-কৃ, বুনন-কৃ, বপন-কৃ, ছিটাইয়া সংযুক্ত-কৃ, একত্র-কৃ।

Contextural, *a.* মনুষ্য বা তদ্বিষয়ক, কায়সম্বন্ধীয়, মনুষ্যাবয়ব সম্বন্ধীয়।

Contexture, *n. s.* যমক, অনুপ্রাস, রীতি, ধারা।

Contignation, *n. s.* Lat. কড়িকাঠের ঢাঁচা বা গড়ন বিশেষ, গৃহ, তালা, কাষ্ঠের গৃহ নির্ম্মাণ, কাষ্ঠময় গৃহ।

Contiguity, *n. s.* নৈকট্য, সম্মেলন, লাগাও, যোড়, অন্তিকত্ব।

Contiguous, *a.* Lat. অন্তিক, নিকটবর্ত্তি, যোড়ালাগা, সম্মিলিত, সংযুক্ত, লাগালাগি, কাছাকাছি, পরস্পর, পার্শ্ববর্ত্তী, পরস্পরধারবর্ত্তী।

Contiguously, *ad.* ব্যবধানশূন্যত্বরূপে, নৈকট্যরূপে, একত্ররূপে, সম্মেলনরূপে, মধ্যে ব্যবধান নাই তদ্ভাবে, আন্ত্রিকতারূপে।

Contiguousness, *n. s.* নৈকট্য, তদ্ভাব বা তদবস্থা, ব্যবধানরাহিত্য, সম্মেলন, সংযোগ।

Continence বা **Continency,** *n. s.* পরিমিতাচার, রিপুদমন, লোভনিবারণ, শারীরিক ভোগে বিমুখ বা বঞ্চিতত্ব, শারীরিক ভোগত্যাগ, জিতেন্দ্রিয়ত্ব, শারীরিক ভোগবিষয়ে নিয়ম বা নিয়মাচার, সতীত্ব, শুদ্ধত্ব, সাত্ত্বিকতা, সাবধানতা, বিরামরাহিত্য, ইন্দ্রিয়সংযমন।

Continent, *a.* Lat. পরিমিতাচারী, নির্লোভী, জিতেন্দ্রিয়, সহিষ্ণু শারীরিক ভোগবিষয়ে নিয়ম আছে যাহার, শারীরিক ভোগত্যাগী, সতী, শুদ্ধ, সাধু, অবিশ্রান্ত, একাদিক্রমবিশিষ্ট, বিরামরহিত, ব্যবধান নাই যাহার, বিপরীত, প্রতিকূল, প্রতিপক্ষ।

Continent, *n. s.* মহাদ্বীপ, অবিচ্ছিন্ন ভূমি, সাগরদ্বারা বিভক্ত নয় যে দেশ, বর্ষবিশেষ, অন্তর্বর্ত্তি বস্তুর আধার।

Continental, *a.* সাগরদ্বারা অবিচ্ছিন্ন দেশ বা ভূমিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, বর্ষীয়, বর্ষজ, বর্ষসম্বন্ধীয়, এ শব্দ সামান্য ইউরোপ দেশসম্বন্ধীয় বুঝায়।

Continently, *ad.* সতীত্বরূপে, শুদ্ধত্বরূপে, সদাচারপূর্ব্বক, পরিমিতাচাররূপে।

To **Continge,** *v. n.* Lat. সংস্পৃশ, ভূ, ঘট, উপস্থিত-হ।

Contingence বা **Contingency,** *n. s.* অনিশ্চয়, স্থির নাই যে বস্তুর বা বিষয়ের, নিয়ম নাই যাহার এমত বস্তু বা কর্ম্ম, আগন্তুক হয় যে বস্তু, বাজে বিষয়, দৈবঘটনা, সংযোগ, প্রাপণ, পঁহুছন, সংস্পর্শকরণ।

Contingent, *a.* আগন্তুক, অনিশ্চিত, দৈবঘটন, আকস্মিক, বাজে।

Contingent, *n. s.* অনিশ্চিত বস্তু বা কর্ম্ম, দৈবঘটনা, আগন্তুক

Digitized by Google

বস্তু, নিশ্চিতাংশ, অংশানুসারে, অংশ বিভাগকৃত অংশ, স্ব স্ব অংশ বা পরস্পর দেয় অংশ।

Contingently, *ad.* অনিশ্চয়ত্বরূপে, দৈবক্রমে, হঠাৎ, নিশ্চয় বা নিয়ম রাহিত্যপূর্ব্বক।

Continual, *a.* অবিশ্রান্ত, অবিরত, নিয়ত, [In Law.] *Continual Claim,* সম্বৎসরের মধ্যে বারম্বার দাবি করা যায় যাহা।

Continually, *ad.* অবিশ্রান্তে, সতত, সর্ব্বদা, হামেশা, অবিরত বা নিয়তরূপে, অবিরামে, বিরামরাহিত্যপূর্ব্বক।

Continualness, *n. s.* নিত্যতা, অবিনাশিত্ব, অক্ষয়ংসিত্ব, নাশরাহিত্য।

Continuance, *n. s.* অবিশ্রান্ত বা নিয়ত একাবস্থায় স্থাপন বা রক্ষণ, একাবস্থার নিত্যতা, একাবস্থায় স্থিতি, ধারাবাহিকতা, বাস, এক স্থানে স্থিতি, নিত্যতা, স্থায়িত্ব, সহন, ধৈর্য্যাবলম্বন, কালক্রমে, কালের বৃদ্ধি, সম্মেল, অভেদ, অবিচ্ছিন্নত্ব।

***To* Continuate,** *v. a.* সংলগ্ন-কৃ, সম্মেল-কৃ, সংযুক্ত-কৃ, দৃঢ়রূপে সংযোগ-কৃ, ।

Continuate, *a.* সংযুক্ত, সংলগ্ন, অবিচ্ছিন্ন, অনন্তর, অব্যবধান পূর্ব্বক সংযুক্ত।

Continuately, *ad.* সম্মেলপূর্ব্বক, লিপ্ততা বা মেলরূপে, অবিচ্ছেদ বা অভেদরূপে।

Continuation, *n. s.* ক্রমিকতা, নিত্যতা, অবিশ্রান্তি, অবিচ্ছিন্নত্ব, অনিবারণ, অনুবৃত্তি, ধারাবাহিকত্ব, অবিচ্ছিন্ন কর্ম্ম বা গতি।

Continuative, *n. s.* নিত্যতা, স্থায়িত্ব, চিরস্থায়িত্ব, সংযোগকারিত্ব, [In Grammar.] সমাহার বাক্যশ্রেণীসূচকপদ যথা অথ অপর ইত্যাদি।

Continuator, *n. s.* অবিরতকারী, অবিরামে কর্ম্ম করে যে, একাদিক্রমে চলে যে, অবিচ্ছিন্ন নিয়মে কর্ম্ম করে বা লিখে যে।

***To* Continue,** *v. n.* Lat. একাবস্থায়-স্থা বা -ভূ, দীর্ঘকাল-স্থা বা -চল বা-বর্ত্ত, দীর্ঘকালস্থায়ী-হ, টেঁক, তিষ্ঠ, রহ, সহিষ্ণু-হ, ধৈর্য্যাবলম্বন-কৃ, সহিষ্ণু হইয়া-স্থা।

***To* Continue,** *v. a.* দীর্ঘকালস্থিতি-কৃ, একাবস্থায়-রক্ষ বা-দা, গৌণ-কৃ, বিলম্ব-কৃ, অবিরত-কৃ, অব্যবধানে সংযোগ-কৃ, সম্মেলন-কৃ, ।

Continuedly, *ad.* অবিরামপূর্ব্বক, অবিচ্ছিন্নত্বরূপে, একাদিক্রমপূর্ব্বক, বিনাবিচ্ছেদে, অবাধে, বিনাব্যাঘাতে বা ভেদে।

Continuer, *n. s.* ধৈর্য্যাবলম্বনশীল, সহিষ্ণুতাশীল, টেঁকিয়া থাকিবার ক্ষম, একাবস্থায় স্থায়ী, একাবস্থায় থাকে যে, অপরিবর্ত্তিত অবস্থায় চিরকাল চলে যে।

Continuity, *n. s.* Lat. অভেদ, অবিচ্ছেদে বা বিনাব্যবধানে সংযোগ, সংমেল, যোড়লাগন, দৃঢ়রূপে যোগ।

Continuous, *a.* Lat. লাগাও, অব্যবধানে মিলিত, সম্মিলিত, লগ্ন, সংযুক্ত, কাছাকাছি, লাগালাগি।

Contorsion, Contortion শব্দ দেখ।

***To* Contort,** *v. a.* Lat. পাক(ঞি), জড়(ঞি), গুট, মোচড় (ঞি), পাক-দা, মোড়া-দা, অকুঞ্চিত-কৃ।

Contortion, *n. s.* জড়ান, পাকান, পাকদেওন, গুটন, মোচড়দেওন, পাকলাগান, আকুঞ্চন।

Contour, *n. s.* Fr. রেখাবিশেষ, চাঁচা, নক্সা, নমুনা, ডৌল, পাণ্ডুলেখ, গঠন।

Contra, লাতিন ভাষায় বিপরীতার্থবোধক উপসর্গ শব্দ বিরুদ্ধ, বিপরীত।

Contraband, *a.* Ital. নিষিদ্ধ, বর্জ্জিত, বারণকৃত, বেআইন, অকর্ত্তব্য, অনুপযুক্ত।

Contraband, *n. s.* অকর্ত্তব্য ব্যবসায়, বেআইন, বিহিত বিষয় বা বাণিজ্য।

***To* Contraband,** *v. a.* নিষিদ্ধ দ্রব্য আমদানী-কৃ, নিবারিত বস্তু আমদানী-কৃ, মাসুল না দিয়া আনীত দ্রব্য।

Contrabandist, *n. s.* নিয়মের বিপরীত ব্যবসায় করে যে, অশাস্ত্রীয় বাণিজ্য করে যে।

***To* Contract,** *v. a.* Lat. সঙ্কোচ-কৃ, খাটো-কৃ, খর্ব্ব-কৃ, ছোট-কৃ, অল্প স্থানে বা পরিমাণে সমাবেশ-কৃ, অল্প-কৃ, ন্যূন-কৃ, কম-কৃ, একত্র-কৃ, সওদা-কৃ, বিবাহার্থে নিয়ম-কৃ, চুক্তি করিয়া-নী বা-দা, ফুরাইয়া-নী বা-দা, বিবাহার্থে সম্বন্ধনির্ণয়-কৃ. বিবাহার্থেবাগ্দান-কৃ, আনয়ন-কৃ, যোট(ঞি), আকর্ষণ-কৃ, টানিয়া-নী।

***To* Contract,** *v. n.* কুঞ্চ, কুঁকচিয়া খর্ব্ব-হ, সওদা-হ, ফুরণ-হ, চুক্তি-হ, বিবাহার্থে বাগ্দত্ত-হ, নিবদ্ধ-হ।

Contract, *part. a.* বিবাহার্থে বাগ্দত্তীভূত বা তৎকৃত, সওদাকৃত, চুক্তি বা ফুরণ হইয়াছে যাহার।

Contract, *n. s.* সওদা, চুক্তি, ফুরণ, উভয়সম্মতি, নিয়ম, বন্দোবস্ত, বিবাহার্থে সম্বন্ধনিরূপণ, তদর্থে বাগ্দান, বিবাহের সম্বন্ধ, সওদাপত্র, ক্রয়বিক্রয়ার্থে পত্র বা লিখন বা নিয়ম।

Contractedly, *ad.* মোক্তাফুরণ, একরারনামা, চুক্তিকরণপূর্ব্বক, সওদাকৃতত্বরূপে, বিবাহের সম্বন্ধনিরূপণপূর্ব্বক, কুঞ্চিতত্বরূপে।

Contractedness, *n. s.* খর্ব্বহওন, কুঞ্চন, কুঞ্চিতের ভাব বা অবস্থা।

Contractibility, *n. s.* কুঞ্চনযোগ্যত্ব, খর্ব্বণীয়ত্ব, হ্রাসহওনযোগ্যত্ব।

Contractible, *a.* খর্ব্বণীয়, সংক্ষেপণীয়, সংক্ষিপ্য, সংক্ষেপকরণ বা হওনক্ষম, কুঞ্চনশীল, ফুরাণযোগ্য, ফুরাইয়া বা চুক্তি করিয়া লওয়া বা করা যায় যাহা।

Contractibleness, *n. s.* নম্যত্ব, নমনীয়ত্ব, নোঁয়ানযোগ্যত্ব, নম্রীকরণযোগ্যত্ব, খর্ব্ব বা হ্রস্বহওনের ক্ষমতা, কুঞ্চনশীলত্ব।

Contractile, *a.* খর্ব্বণীয়, খর্ব্বহওন বা করণক্ষম, সংক্ষেপযোগ্য, হ্রসনীয়, ফুরাইয়া দিবার যোগ্য বা তৎক্ষম।

Contraction, *n. s.* খর্ব্বকরণ বা হওন, কুঞ্চনহওন বা করণ, কোঁকড়াইয়াযাওন, ছোটোকরণ, সংক্ষেপকরণ, হ্রস্বত্ব, খর্ব্বত্ব, ন্যূনহওন বা করণ, ন্যূনতা, গুড়ান, কুঞ্চন, খর্ব্বত্ব, হ্রস্বত্ব, খর্ব্বীভূতত্ব বা তদবস্থা, সংক্ষেপে, সামঞ্জস্যকরণ বা হওন, তদ্ভাব বা তদবস্থা, সংক্ষেপ, সংক্ষেপত্ব, সন্ধি, [In Grammar.] দুইবর্ণ বা পদের একাংশ লোপ হইয়া হ্রস্বহওন, মিল।

Contractor, *n. s.* যে ব্যক্তি চুক্তি বা ফুরাণ করিয়া লয়, সওদাকারক, ফুরাইয়া লয় যে, ইজারদার, কটকিনাদার, হ্রস্বকারক, খর্ব্বকারক, সংক্ষেপক।

***To* Contradict,** *v. a.* Lat. কথা-কাট, বাক্য নয়-কৃ, তদন্যথা-কৃ, বাদানুবাদ-কৃ, বিতণ্ডা-কৃ, তকরার-কৃ, বিপরীত ভাব-কৃ, মুজাহেমী-কৃ, প্রতিকূল-কৃ, বিরোধ-কৃ।

Contradicter, *n. s.* বাক্যনয়কারী, বাক্যঅন্যথাকারী, বিতণ্ডাকর্ত্তা, বাদী, তকরার করে যে, ঠোকপাড়া।

Contradiction, *n. s.* কথাকাটন, প্রতিবাদবাক্য, নয়করণ, তকরার, বিতণ্ডা, বাদব্যুত্থান, রদবদল, প্রাতিকূল্য, প্রতিপক্ষতা, মুজাহেমহওন বা করণ, বিপরীতার্থ, বৈপরীত্য, বিরোধ, স্ববৈপরীত্য, অর্থের কিম্বা ভাবের বৈপরীত্য বা বৈষম্য।

Contradictional, *a.* বিপরীত, অসঙ্গত, অনুপযুক্ত, অনুচিত, অকর্ত্তব্য।

Contradictious, *a.* বিপরীত, বৈপরীত্যবিশিষ্ট, বৈষম্যশালী, বাদানুবাদকারী, বাদানুবাদাভিপ্রায়ী, বাদানুবাদকরণে মত বা অনুরাগ আছে যাহার।

Digitized by Google

Contradictiousness, *n. s.* বৈপরীত্য, বৈষম্য, দ্বন্দ্বজ, বিরোধ আছে যাহার বা যাহাতে তদবস্থা বা ভাব।

Contradictorily, *ad.* স্ববৈপরীত্যপূর্ব্বক, দ্বন্দ্বজপূর্ব্বক।

Contradictoriness, *n. s.* অত্যন্ত বিপরীতাবস্থা বা তদ্ভাব, নিতান্ত দ্বন্দ্বজ, মুজাহেমী, প্রতিপক্ষতা বা প্রতিকূলতা।

Contradictory, *a.* বিভিন্ন বিপরীত, উল্টা, মুজাহেম, প্রতিকূল।

Contradictory, *n. s.* ভিন্নমত, সম্পূর্ণ বিপরীতাবস্থা বা তদ্ভাব, তাবৎ বিষয়ে প্রতিপক্ষতা, তাবদ্বিষয়ে মুজাহেম করে বা হয় যাহাতে।

Contradistinct, *a.* বৈষম্য ভাববিশিষ্ট বা যুক্ত, বিপরীত ভাব বা ধর্ম্ম বা গুণকর্তৃক চিহ্নিত বা অবধারিত।

Contradistinction, *n. s.* বিপরীত ভাব, বৈলক্ষণ্য গুণ, বিরুদ্ধ গুণ, বিরুদ্ধ গুণকর্তৃক ভেদ হইয়াছে যে বস্তুর।

Contradistinctive, *a.* বিরোধলক্ষণকারী, গুণ ভাব বা ধর্ম্মের বৈপরীত্য করে যে বা হয় যাহার।

To **Contradistinguish**, *v. a.* বিপরীত গুণদ্বারা কোন দুই বস্তুর ভেদ বা বিবেচনা-কৃ, অবধারণ-কৃ, পৃথক্-কৃ।

Contrafissure, *n.s.* মস্তিষ্ক ফাটা, বিদারণ, মস্তকের যে স্থানে চোট পড়িয়া তাহার অন্য দিগে ফাটা।

Contraindicant, *n. s.* Lat. রোগের শান্তি, সুস্থাবস্থা, উপশম, রোগের পথ্য কিম্বা ঔষধের নিবারক লক্ষণ বা আকারবিশেষ।

To **Contraindicate**, *v. a.* Lat. রোগের যে অবিহিত ঔষধ বা পথ্য প্রয়োগ-কৃ, রোগের অবিহিত অথবা নিষিদ্ধ চিকিৎসা-কৃ, মুষ্টি যোগ-কৃ, পীড়ার বিশেষ ভাব-দৃশ (ক্রি)।

Contraindication, *n. s.* ব্যাধির লক্ষণ বা ভাব, নিরূপিত চিকিৎসা বা ঔষধসেবনে অনাবশ্যক দর্শান তদ্ভাবকরণ বা হওন বা হয় যদ্দ্বারা ব্যাধির উপশম।

Contramure, *n. s.* Fr. নগরের বাহিরের প্রাচীর, নগরের প্রধান প্রাচীরের ইতস্ততো বা বহির্ভাগে দেওয়ালবিশেষ, শহরপনা।

Contranatural, *a.* বিপরীতধর্ম্মক, অস্বাভাবিক, স্বভাববিরুদ্ধ, ধর্ম্মবিরুদ্ধ।

Contranitency, *n. s.* Lat. ঘর্ষাঘর্ষি, ঘর্ষণ, প্রতিঘাত।

Contraposition, *n. s.* সম্মুখে রক্ষণ, উপরে রক্ষণ, মুখে রক্ষণ।

Contrapuntist, *n. s.* Ital. সুর বা রাগকরণক্ষম, তদ্বিদ্যাতে পারদর্শি ব্যক্তি।

Contraregularity, *n. s.* নিয়মবৈপরীত্য, নিয়ম বা ব্যবস্থার বিরুদ্ধ কার্য্য, তদ্ভাব বা তদবস্থা।

Contrariant, *a.* Fr. বিপরীত, বিজাতীয়, বিরুদ্ধ, বিলক্ষণ, অনুপযুক্ত, অযোগ্য, অনিচ্ছু, অসম্মত।

Contraries, *n. s.* [In Logic.] বিচারবিশেষ, বাধকতা, বৈপরীত্য, ব্যাঘাতজনক বস্তু, অন্যথাকারি বস্তু, নাশক বস্তু।

Contrariety, *n. s.* বৈপরীত্য, বৈলক্ষণ্য, বিরোধ, বিরুদ্ধতা, বিপর্য্যয়, ব্যত্যয়, প্রতিবাদ, অযোগ্যত্ব, অনিচ্ছা, অসম্মতি।

Contrarily, *ad.* বিপরীতভাবে, বৈপরীত্যপূর্ব্বক, বিরুদ্ধ বা বৈপরীত্যরূপে, উল্টামতে, অন্যমতে, বিরোধপূর্ব্বক।

Contrariness, *n. s.* বৈপরীত্য, বিরোধ, বিরুদ্ধতা, উল্টামত ভাব বা ধর্ম্ম।

Contrarious, *a.* বিপরীত, উল্টা, বিরোধী, পরস্পর বিপরীত, অনিচ্ছু, অসম্মত।

Contrariously, *ad.* বিপরীতভাবে, বিরোধপূর্ব্বক, বিপরীতমতে, বৈলক্ষণ্যরূপে, অসম্মতিপূর্ব্বক।

Contrariwise, *ad.* বিপরীতে, উল্টামতে, বিরোধধর্ম্মমত বা ভাবপূর্ব্বক, পরস্পর বৈলক্ষণ্যরূপে, ভিন্নতন্ত্রে।

Contrary, *ad.* Lat. উল্টা, বিপরীত, ব্যতিক্রম বা ব্যত্যয়বিশিষ্ট, অন্যথা, উল্টা, বিরুদ্ধ, বাম, বিলোম, প্রতিকূল, বিরোধী, অন্য প্রকার, প্রতিবাদী, অন্যথাকারী, অযোগ্য, অনুপযুক্ত।

Contrary, *n. s.* বিপরীত ভাব বা লক্ষণ, বিপরীতধর্ম্মক বস্তু বা বিষয়, বৈলক্ষণ্য, ব্যত্যয় বা ব্যতিক্রম আছে যাহাতে, *To the contrary*, অন্য মতলবে, ভিন্ন বা বিপরীতাভিপ্রায়ে, *On the contrary*, অন্যপ্রকারে, অন্যমতে, অন্যদিগে, বিপরীতে।

To **Contrary**, *v. a.* Fr. প্রতিবাদ-কৃ, বিপরীত-কৃ, অন্যথা-কৃ, মুকাবিলা-কৃ।

Contrary-minded, *a.* বিপরীতমতজ্ঞ, বিপরীতমত হইয়াছে যাহার, ভিন্নমতাবলম্বী।

Contrast, *n. s.* Fr. বৈলক্ষণ্য, ভিন্নাভিপ্রায়, মতান্তর, অন্যপ্রকার, পরস্পর অনৈক্য, মিলান, তুলান, একাংশের অর্থদ্বারা অন্যাংশের ভাব বা অর্থের বৈপরীত্য।

To **Contrast**, *v. a.* বিপরীত বা বৈলক্ষণ্যভাবে-রক্ষ, পরস্পর অনৈক্য-কৃ (ক্রি), পরস্পর বৈপরীত্য-কৃ, তুলান-দা, মিল।

Contratenor, *n. s.* বাদ্যশাস্ত্রে স্বরের মধ্যভাব।

Contravallation, *n. s.* Lat. আটক, বন্ধ, দুর্গ, বেড়া, রক্ষণী।

To **Contravene**, *v. a.* Lat. প্রতিরোধ-কৃ, প্রতিবন্ধ-জন (ক্রি), ব্যাঘাত-কৃ, বাধা-জন (ক্রি), উড়াইয়া বা হারাইয়া-দা, বাক্যেতে -বুঝ (ক্রি)।

Contravener, *n. s.* আটক করে যে, ব্যাঘাত বা নিষেধ করে যে বাধা জন্মায় যে, প্রতিবন্ধক, মুজাহেম।

Contravention, *n. s.* প্রতিবন্ধক হওন বা করণ, মুজাহেমি, আটক, বিপরীতাচরণ, বাধকতা, নিষেধ, ব্যাঘাত, বাধা।

Contraversion, *n. s.* প্রতিবন্ধকহওন, পথ আটককরণ, সম্মুখে আইসন, সম্মুখহওন, পথরোধ, বাধা, উল্টাকরণ, উল্টাইয়া দেওনা

Contrayerva, *n. s.* বৃক্ষবিশেষ।

Contrectation, *n. s.* Lat. স্পর্শন, ছোঁওন, ধরণ, হস্তদেওন, হস্তদ্বারা সংস্পর্শকরণ।

Contributary, *a.* করদায়ী, করদাতা, অধীন, একরাজার অধীন, একরাজাকে কর দেয় যে।

To **Contribute**, *v. a.* Lat. দা, সাহায্য-কৃ, সহায়তা-কৃ, চান্দা-দা, সরবরাহ-কৃ, কোন কার্য্যের নিমিত্ত ব্যয়-কৃ, অংশ-দা, আনুকূল্য-কৃ।

To **Contribute**, *v. n.* অংশী-হ, ভাগী-হ, অংশদাতা-হ, সহায়-হ।

Contribution, *n. s.* চান্দা অংশ, চান্দা, দান, আনুকূল্যকরণ, সহায়তা, সাহায্যকরণ, কোন কর্ম্ম সম্প্রদানার্থে বহু জন একত্র হইয়া পর্য্যবসানকরণ বা তদর্থে অংশ দেওন, সৈন্য প্রতিপালনার্থে দান বা দেয় বস্তু।

Contributive, *a.* সহায়, উপকারশীল, চান্দা দেয় যে, সরবরাহ বা সাহায্য করে যে বা হয় যাহার, আনুকূল্যসম্বন্ধীয়।

Contributor, *n. s.* অংশী, অংশদায়ী, অংশদাতা, চান্দাদাতা, সহায়তাকারক, সহায়তা বা উপকার করে যে ব্যক্তি, সরবরাহকর্ত্তা, সাহায্যকর্ত্তা, আনুকূল্যকর্ত্তা, দাতা, কোন কর্ম্ম সম্প্রদানার্থে অন্যের সহিত অংশী হয় যে বা ব্যয় করে যে।

Contributory, *a.* সহায়তাকারী, একাভিপ্রায় বা কর্ম্ম সম্প্রদানার্থে সাহায্যকারী বা তদংশী।

To **Contristate**, *v. a.* Lat. দুঃখী-কৃ, ভাবিত-কৃ, উদ্বিগ্ন-কৃ, উৎকণ্ঠিত-কৃ, উদ্বেগ বা ভাবনা-জন (ক্রি)।

Contristation, *n. s.* দুঃখিতকরণ, ভাবিতকরণ, উদ্বিগ্নকরণ, চিত্তের উদ্বেগ জন্মান, ম্লানকরণ, নিরানন্দকরণ, ভারিচিত্তকরণ।

Digitized by Google

Contrite, *a.* Lat. ক্ষুন্নমনাঃ, ভগ্ন, খিন্ন, ক্ষয়প্রাপ্ত, অনুতাপী, অনুশোচী, ভাবনা বা মনের ক্লেশেরদ্বারা জরা বা ক্ষয়প্রাপ্ত, ভাবনাকৃষ্ট, পরামননকারী, পাপ বা অপরাধ নিয়ত স্মরণদ্বারা পীড়িত বা আচ্ছন্ন।

Contriteness, *n. s.* অনুতাপ, খেদ, চিন্তা, ক্ষুন্নমনস্কতা, আপশোস, পাপজন্য ভীরুতা, অপরাধ স্বীকার করত অনুতাপকরণ।

Contrition, *n. s.* ঘর্ষণ, গুঁড়াকরণ, ডলন, যাঁতাপিষণ, মাড়ন, অনুশোচন, অনুতাপ খেদ, পরামনন, আপশোস, পস্তান, পাপজন্য ভয় খেদ বা ভাবনা, ঈশ্বরপক্ষে সাবধানতা শ্রদ্ধা, সদাচার, পাপভয় পুণ্যে প্রবৃত্তি বা তচ্চেষ্টা।

Contrivable, *a.* চেষ্টনীয়, চেষ্টাদ্বারা স্থিরকরণীয় কিম্বা বিবেচনাদ্বারা সিদ্ধকরণীয়, কল্পনীয়, নক্সা বা উপায় করা যায় যাহার।

Contrivance, *n. s.* চেষ্টা, উপায়, ফিকির, হেকমৎ, জুগৎ, সাধন, তন্ত্র, কৌশল, শৈলী, কল্পনা, চেষ্টাদ্বারা প্রাপ্ত বস্তু উপায় হইয়াছে যাহার কিম্বা যাহাতে, পরামর্শ, কুমন্ত্রণা, প্রবঞ্চনা, কপটতা, ছল, ফাকী, ত্বঞ্চকতা, চাতুরী, চতুরালী।

To **Contrive,** *v. a.* Fr. চেষ্টা-কৃ, ফিকির-কৃ, উপায়-কৃ, নক্সা-কৃ, হেকমৎ-কৃ, জুগৎ-কৃ, কল্পনা-কৃ, মতলব-কৃ, মনসুবা-কৃ, চেষ্টাদ্বারা স্থির-কৃ, কৌশল-কৃ।

To **Contrive,** *v. n.* মতলব-হ, মনসুবা-হ, মনঃস্থ-হ।

Contrivement, *n. s.* হেকমত, সৃষ্টি, ফিকির, মতলব, চেষ্টা।

Contriver, *n. s.* চেষ্টক, হেকমতী, নক্সা করে যে, কল্পনাকারক, উপায় সৃষ্টিকর্ত্তা, মতলবকর্ত্তা, হেকমতী, কৌশলকারী।

Control, *n. s.* Fr. রিজিষ্টরনামক বহীবিশেষ, হিসাববহী, হিসাব মিলান বা মুকাবিলা করা যায় যদ্দ্বারা, শাসন, দবদবা, বশতা, কাবু, আটক, এক্তিয়ার, ক্ষমতা, শক্তি, সরদারী, কর্ত্তৃত্ব, প্রভুত্ব, স্বাধীনতা।

To **Control,** *v. a.* Fr. শাসন-কৃ, জব্দ-কৃ, বশে-রক্ষ, তাবে-রক্ষ, তাবীয়ান-কৃ, প্রভুত্ব-কৃ, কর্ত্তৃত্ব-কৃ, অধীন-কৃ, বশীভূত-কৃ, কাবু-কৃ, হিসাব মুকাবিলা বা রুজুকরণদ্বারা যথার্থ-কৃ, আটক-কৃ, আমীনী-কৃ, অপরাধী-কৃ, ভুল বা দোষ সাব্যস্ত-কৃ।

Controllable, *a.* শাসনীয়, পরাভব্য, কর্ত্তৃত্বাধীনকরণীয়, আজ্ঞাধীনকরণীয় বা যোগ্য, দম্য, বশ্য, কর্ত্তৃত্বযোগ্য, আমীনীকরণীয়।

Controller, *n. s.* অধ্যক্ষ, আমীন, শাসনকর্ত্তা, শাস্তা, সরদার আজ্ঞাধীন করে যে, বশে আনে বা রাখে যে, হিসাব দেখে বা মিলায় যে, হিসাব তদারক করে যে, কর্ম্মকর্ত্তাবিশেষ, গৃহকর্ম্মকর্ত্তা।

Controllership, *n. s.* তদ্ব্যক্তির কর্ম্ম বা পদ, আমীনী, সরদারী।

Controlment, *n. s.* দমন, শাসন, আমীনীকরণ, প্রভুত্বকরণ, সরদারীকরণ, আটক, ব্যাঘাত, বাধা, বিপক্ষতা, বৈপরীত্য, মুজাহেমি, বিরোধ, জেদকরণ।

Controversary, *a.* বিচার বাদানুবাদ ঝগড়া তকরার ন্যায় বা কাজিয়াবিশিষ্ট।

Controverse, *n. s.* Fr. বাদানুবাদ, বিচার, তকরার, বাগ্যুদ্ধ, দ্বন্দ্বজ, ন্যায় বিদ্যা বা শাস্ত্রসম্বন্ধীয় বিরোধ, মোকদ্দমা, মুজাহেমি, বিপরীতাচার, প্রতিকূলতা, শাত্রবতা, বৈরিতা।

To **Controverse,** *v. a.* বাগ্যুদ্ধ-কৃ, বিতণ্ডা-কৃ, বাদানুবাদ-কৃ, তকরার-কৃ, ন্যায়-কৃ, দ্বন্দ্বজ-কৃ, বিচার-কৃ।

Controversial, *a.* বিবাদী, বিতণ্ডক, দ্বন্দ্বজী, বাদানুবাদী, ন্যায়ী, কলহী, ঝগড়ু, ঝগড়া করে যে।

Controversialist, *n. s.* বিবাদী, শাস্ত্রে বাদানুবাদী, শাস্ত্রকলহী, শাস্ত্র বা বিদ্যা বিষয়ের কলহে নিযুক্ত যে, ঝগড়াটে, দ্বন্দ্বজে।

Controverser বা **Controversor,** *n. s.* বাদানুবাদকর্ত্তা, ঝগড়াকর্ত্তা, তকরারকর্ত্তা, কাজিয়াকর্ত্তা।

Controversy, *n. s.* শাস্ত্রের বিরোধ, বাদানুবাদ, বিতণ্ডা, প্রৌঢ়ি, বিবাদ, লিখনদ্বারা ঝগড়া, দ্বন্দ্বজ বা বিবাদ, মোকদ্দমা, কাজিয়া, প্রতিবন্ধকতা, প্রতিকূলতা, বৈরিত্ব।

Controversy-writer, *n. s.* দ্বন্দ্বজকারক, ঝগড়াকর্ত্তা, কাজিয়া তকরার বা বাদানুবাদ করে যে ব্যক্তি, বাগ্যুদ্ধকর্ত্তা, কলহকারক, লিখনদ্বারা বিরোধকর্ত্তা।

To **Controvert,** *v. a.* Lat. বাগ্যুদ্ধ-কৃ, বাদানুবাদ-কৃ, বিতণ্ডা বা প্রৌঢ়ি-কৃ, বিরোধ-কৃ, তকরার-কৃ, লিখনদ্বারা বিরোধ-কৃ, ন্যায়-কৃ, শাস্ত্রে যুদ্ধ-কৃ, বিচার-কৃ বা আপত্তি-কৃ।

Controverter, *n. s.* বিবাদ করে যে, বিবাদী, বিরোধকর্ত্তা, দ্বন্দ্বজকর্ত্তা, ঝগড়াটে, কন্দল্যে।

Controvertible, *a.* বিরোধ করণীয়, বিতণ্ডনীয়, বিবাদোপযুক্ত, বাদানুবদনীয়, ঝগড়া বা দ্বন্দ্বজ করা যায় যাহাতে কিম্বা তদ্যোগ্য।

Controvertist, *n. s.* বিরোধী, বিবাদে নিযুক্ত যে, শাস্ত্র কিম্বা বিদ্যা বিবাদী, বাদানুবাদক, বিবাদী, তদ্বিষয়ে নিযুক্ত যে।

Contumacious, *a.* ঠেঁটা, মগরা, একগুঁআ, অসৎ, বিপরীত, অসভ্য, অহঙ্কারী, ব্যলীক।

Contumaciously, *ad.* ঠেঁটামিরূপে, অসভ্যরূপে, অসভ্যতাপূর্ব্বক, অহঙ্কারিত্বরূপে, ব্যলীকতাপুরঃসরে, একগুঁআমিরূপে।

Contumaciousness, *n. s.* ঠেঁটামি, একগুঁআমি, অসভ্যতা, অহঙ্কার, দুঃশীলতা, ব্যলীকতা, গোঁআরতিমি, আজ্ঞালঙ্ঘন, বৈপরীত্য, রেজলামি।

Contumacy, *n. s.* Lat. [In Law.] একগুঁআমি, ঠেঁটামি, অবজ্ঞা, অমানন, রাজাজ্ঞালঙ্ঘন, আদালতের হুকুম বা আহ্বানলঙ্ঘন, যথার্থবিষয়ে আজ্ঞাতিক্রম বা অবজ্ঞাকরণ।

Contumelious, *a.* নির্লজ্জ, অল্পলজ্জ, বেহায়া, আবানে, আলগামুখ, খেচড়া, অসভ্য, গোঁআর, অপবাদকথনশীল, অপমানকরণশীল, নিন্দাকরণক্ষম, নিন্দাকরণশীল, নিন্দাসূচক, নিন্দনীয়, গালিসূচক, গ্লানিপ্রয়োজক, লজ্জাকর, অপমানজনক।

Contumeliously, *ad.* নিন্দাকরণশীলতাপূর্ব্বক, নিন্দা বা গ্লানিজনকত্বরূপে, নির্লজ্জতাপূর্ব্বক, অসভ্যতারূপে, কটুভাষিত্বরূপে, গোঁআরতিমিরূপে, আবানে বা খেচড়ামিরূপে, চাষামিরূপে।

Contumeliousness, *n. s.* নিন্দা, গ্লানি, অপমান, ভৎর্সনা, কটূক্তি, কটুভাষা, অসভ্যতা, চাষামি, কঠিনত্ব, কর্কশত্ব।

Contumely, *n. s.* Lat. নির্লজ্জতা, নিন্দা, বেহায়ামি, গোঁআরতিমি, চাষামি, কর্কশত্ব, তুচ্ছত্ব, অবজ্ঞেয়ত্ব, ঘৃণার্হত্ব, কটূক্তি, বাক্পারুষ্য, বাক্কটুতা, কথার তিক্ততা, গ্লানি, নিন্দা, ভৎর্সনা, অপমান, লজ্জাদেওন।

To **Contund,** *v. a.* Lat. কুট, ছেঁচ, মাড়, থেঁতল, একত্র আঘাত-কৃ, চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, পিষ।

To **Contuse,** *v. a.* Lat. কুচা-কৃ, কুটিং-কৃ, খণ্ডং-কৃ, ফালিং-কৃ, গুঁড়া-কৃ, ছেঁচ, থেঁতলা, পূর্ব্ববৎশব্দের অর্থ জানিবেন।

Contusion, *n. s.* কুটন, ছেঁচন, থেঁতলান, মাড়ন, মোচড়ান, আঘাত, ঘা, চোট, আঘাতদ্বারা জাত ক্ষত, ছিন্নহওন, ছাড়িয়া যাওন, এতাবদ্ভাব কিম্বা অবস্থা।

Convalescence বা **Convalescency,** *n. s.* পীড়াহইতে উঠন, স্বাস্থ্য, আরোগ্য, আরাম, স্বচ্ছতা, নিষ্পীড়তা, পীড়ার নিঃশেষ, পীড়োপশম, পীড়ানন্তর দৌর্ব্বল্যাবস্থা, রোগোপশমানন্তর সবল হওন বা তৎপূর্ব্বাবস্থা।

Convalescent, *a.* Lat. অরোগী, ব্যাধিহইতে মুক্ত হইয়া বলাধা

Digitized by Google

ন হওনাবস্থাবিশিষ্ট, সুস্থ, নিষ্পীড়, আরামী, পীড়াবিশেষ হ ইয়াছে যাহার বা তদনন্তর সবল হয় নাই যে।

Convenable, *a.* Fr. উপযুক্ত, সতুল্য, সদৃশ, যোগ্য, একত্রকরণী য়, যোটাইবার যোগ্য, সংযোগ্য, সংযোগকরণীয়।

To **Convene,** *v. n.* Lat. একত্র-হ, যড়-হ, জমা-হ, মিল, সভাস্থ -হ, কোন সাধারণ বিষয়ে একত্র-হ, কিম্বা মজলিস-কৃ।

To **Convene,** *v. a.* একত্র-কৃ, মজলিস-কৃ, সভা-কৃ, ব্যবস্থানুসারে আহ্বান-কৃ, তলপ-কৃ।

Convener, *n. s.* মজলিসকরে যে, সভাকর্ত্তা, কোন কর্ম্ম সম্বাদ নার্থে ডাকিয়া সভা করে যে, একত্র করে যে।

Convenience বা **Conveniency,** *n. s.* যোগ্যত্ব, উপযুক্ততা, প্রকৃ তার্থ, যাথার্থ্য, স্বচ্ছন্দতা, আরাম, সুখ, সুস্থিরতা, সুভিতা, অনা য়াস, কালের বা স্থানের তুল্যত্ব, যোগ্যত্ব বা উপযুক্ততা।

Convenient, *a.* Lat. উপযুক্ত, যোগ্য, উচিত, ঠীক্, অনায়াসবিশি ষ্ট, স্বচ্ছন্দ, প্রতিবন্ধকরহিত, অবাধিত, আয়াসশূন্য, সুসার মত।

Conveniently, *ad.* অনায়াসে, উপযুক্ত উচিত বা যোগ্যত্বরূপে, স্বচ্ছন্দে, অবকাশমতে, সুভিতামতে, ক্লেশ বা আয়াসরাহিত্যরূ পে, অপ্রতিবন্ধকত্বরূপে, অবাধিতরূপে, বিনা উৎপাতে।

Convening, *n. s.* মজলিসকরণ, মজলিস, সভাকরণ, সভা একত্র হওন বা করণ, সভাস্থহওন বা করণ।

Convent, *n. s.* Lat. পঙ্গত, আকড়া, দল, ধর্ম্মশালা, মঠ, উদাসী ন লোকাগার, ধর্ম্মচারি লোকেরদের মঠ বা মজলিস বা সভা, দেবালয়, ধর্ম্মালয়।

To **Convent,** *v. a.* তলপ-কৃ, আহ্বান-কৃ, বিচার কর্ত্তার অগ্রে আ হ্বান-কৃ বা তলপ-কৃ।

To **Convent,** *v. n.* ঐক্য-হ, মিল, একত্র-হ, পরস্পর সাক্ষাৎ-হ, মিল-হ, একচিত্ত-হ, রাজী-হ, সম্মত-হ।

Conventicle, *n. s.* Lat. মজলিস, সভা, দল, জমা, চক্র, বিপরীত ভাবে আকড়া, খাপনা, পঙ্গত, ভজনার্থে গমনাগমন, ঈশ্বরারা ধনার্থে একত্রহওন, গুপ্ত সভা, ঘৃণার্থে কোন দুষ্কর্ম্মের দল বুঝা য়।

To **Conventicle,** *v. n.* পূর্ব্বোক্ত সভা বদ্ধ-হ, তদ্দলস্থ-হ, তদভি প্রায়ী-হ বা তদর্থে নিযুক্ত-হ।

Conventicler, *n. s.* পূর্ব্বোক্ত সভাতে যায় বা বসে যে, তৎসভা করে যে, ব্যবহার বিরুদ্ধ সভা বা মজলিসে যায় বা গমনাগমন করে যে।

Convention, *n. s.* Lat. সভা, মজলিস, সভাকরণ, মজলিসকরণ, একত্রহওন, একত্র হইয়া আসর, নিরূপিত কালের নিমিত্তে নি য়ম, অল্পকালের নিমিত্তে বন্দোবস্ত, সলাকরণ, সলাকরণের পূর্ব্ব একত্রহওন বা একত্র হইয়া বিবেচনাকরণ, বন্দোবস্ত, রু ফা, একরার।

Conventional, *a.* নিবারিত, নির্দ্ধারিত, নিয়মিত, বন্দোবস্ত হইয়া ছে যাহার বা যাহাতে পরস্পর স্থিরীকৃত, নিয়মবিশিষ্ট।

Conventionary, *a.* নিয়মানুসারী, একরারমত চলে বা কর্ম্ম করে য়ে, নিয়মাচারী, বন্দোবস্ত মতে চলে যে, বন্দোবস্তকারী, ফুরাণ বা বন্দোবস্তসম্বন্ধীয়।

Conventionist, *n. s.* রুফা করে যে, নিয়ম করে যে, সওদা করে যে, ক্রয়বিক্রয়ার্থে নিয়ম করে যে।

Conventual, *a.* মঠসম্বন্ধীয়, ধর্ম্মশালাসম্বন্ধীয়, আখড়া দেবালয় বা উদাসীনাগারসম্বন্ধীয়।

Conventual, *n. s.* আখড়াস্থায়ী, ধর্ম্মশালা বা আকড়ায় থাকে যে ব্যক্তি, মঠনিবাসী।

To **Converge,** *v. n.* Lat. একস্থানে স্থিতি-হ, একদিগে-ঝোঁক, এ কপার্শ্বে-গম-স্থা বা আগম।

Convergent বা **Converging,** *a.* এক স্থানে বা একদিগে গমনশী ল।

Converging *Series.* Series শব্দ দেখ।

Conversable, *a.* আলাপকরণাক্ষম, আলাপকরণে বিজ্ঞ, আলাপী, আলাপ্য, আলপনীয়, সদ্বক্তা, কথোপকথনযোগ্য।

Conversableness, *n. s.* আলাপদ্বারা তুষ্টকরণশীলতা বা তৎক্ষ মতা, সভাসদ্গুণ, সভাতে সন্তুষ্টকরণক্ষমতা বা তদ্গুণ, সদ্বক্তৃতা, সৎকথকতা, দ্রুতকথনক্ষমতা, পারগতা বা গুণ।

Conversably, *ad.* আলাপ্যরূপে, সদালাপ্যরূপে, সদ্বক্তৃত্বপূর্ব্বক।

Conversant, *a.* পণ্ডিত, পারগ, দক্ষ, কর্ম্মঠ, বিজ্ঞ, নিপুণ, পটু, ক্ষমতাপন্ন, জ্ঞাত, জানত, জানা, তদ্বিষয়ক, সম্বন্ধীয়।

Conversation, *n. s.* আলাপ, কথোপকথন, কহাবলা, সামান্য কথোপকথন, কথাবার্ত্তা, গপ্পসপ্প, কথা, বাক্য, কথকতা, প্র শ্নোত্তর, সম্বন্ধ, এলাকা, জানাশুনা, গতিবিধি, দেখাশুনা, সখ্য, নৈকট্য, মেল, আলাপ, পরিচয়, চাইল, ব্যবহার, অভ্যাস, দে নালেনা, অদলবদল, স্ত্রীপুরুষের আহার ব্যবহার, সংসর্গ।

Conversationed, *part. a.* জ্ঞাত, জানিত, পরিচিত, আলাপ বা জানাশুনা আছে যাহার সহিত।

Conversative, *a.* মনুষ্যের সহিত আলাপ সঙ্গ বা ব্যবহার সম্বন্ধী য় বা তদ্বিষয়ক।

Conversazione, *n. s.* Ital. বৈকালিক সমাজ সভা বা বৈঠক, স ভা বা মজলিসকরণ বা হওন, বৈঠক।

To **Converse,** *v. n.* Lat. ব্যবহার-কৃ, আশনাই-কৃ, প্রীতি-কৃ, সং সর্গ-কৃ, সমভিব্যাহারী-হ, সম্বন্ধীয়-হ, সম্বন্ধ-রক্ষ, জ্ঞাত বা প রিচিত-হ, অবগত-হ, আলাপ-কৃ, আলাপী-হ, কহাবলা-কৃ, ক থোপকথন-কৃ, পরস্পর কথোপকথন-কৃ, বাক্যালাপ-কৃ, ব্যবহা র-কৃ।

Converse, *n. s.* আলাপ, কথোপকথন, সম্বন্ধ, গতিবিধি, পরিচ য়, জ্ঞাপন, জানাশুনা, নৈকট্যভাব, প্রীতি. [In Geometry.] প্র ত্যুদাহরণব্যতিরেকে উদাহরণ।

Conversely, *ad.* অনিয়মে, নিয়ম বা শৃঙ্খলা পরিবর্ত্তনপূর্ব্বক, প রস্পর নিয়ম পরিবর্ত্তনপূর্ব্বক বা তদ্রূপে, ব্যতিক্রমরূপে।

Conversion, *n. s.* মত, অবস্থা বা দশার পরিবর্ত্তন, বদল বা ত্যা গ, অবস্থান্তর বা আশ্রমান্তরহওন বা করণ বা তদবস্থা, পুণ্যাব স্থা, প্রাপণ, মুক্তিবিশেষ, মতান্তর, মতান্তরহওন বা করণ, এক ধ র্ম্ম পরিত্যাগ করিয়া অন্য ধর্ম্মাশ্রয়, ফিরণ, কৌশল, কথার বদ ল, কথার ভাব যদ্দ্বারা বিপরিতার্থ বুঝায়. [In Algebra.] *Conversion of Equations,* ভাগ জাতিবিশেষ।

Conversive, *a.* সভ্য, আলপ্য, আলপনীয়, আলাপযোগ্য।

To **Convert,** *v. a.* Lat. বৈলক্ষণ্য-কৃ, ভাবান্তর-কৃ, অবস্থান্তর-কৃ, ভাব গুণ বা অবস্থা পরিবর্ত্তন-কৃ, আশ্রয়ান্তর-কৃ, পরাবৃত্ত-কৃ, প রামনন-কৃ, স্বধর্ম্ম পরিত্যাগকরণনান্তর অন্য ধর্ম্মে নিযুক্ত-কৃ, পা পাবস্থাহইতে পুণ্যাবস্থাপ্রাপ্ত-কৃ (ঞি), চাল (ঞি), ফির (ঞি), নিযুক্ত-কৃ, ব্যবহার-কৃ, কর্ম্মে-লাগ (ঞি), তর্জমা-কৃ, একভাষাহ ইতে ভাষান্তর-কৃ, বদল (ঞি), একহইতে অন্য-কৃ।

To **Convert,** *v. n.* ভাবান্তর-হ, পরিবর্ত্তন-হ, বৈলক্ষণ্য-হ, বদল -হ।

Convert, *n. s.* আশ্রমান্তরবিশিষ্টব্যক্তি, স্বধর্ম্মত্যাগী, আশ্রমত্যা গী, পরাবর্ত্তন।

Converter, *n. s.* আশ্রম ত্যাগ করায় যে, ফিরিঙ্গি করে যে, পরা বর্ত্তক।

Digitized by Google

Convertibility, *n. s.* আশ্রমান্তরকরণীয়ত্ব, স্বধর্ম্মত্যাগকরণক্ষমতা বিশিষ্টত্ব, তদ্গুণ বা সম্ভাবনা।

Convertible, *a.* পরিবর্ত্তনীয়, পরিবর্ত্তনযোগ্য, পরিবর্ত্তনক্ষম, পরামননযোগ্য, আশ্রমান্তরীয়, বদলহইতে পারে যে বা করা যায় যাহা।

Convertibly, *ad.* পরিবর্ত্তনরূপে, পরস্পর বদল করিয়া, অবস্থান্তররূপে।

Convertite, *n. s.* Fr. আশ্রমত্যাগী, স্বভাব বা ধর্ম্মত্যাগী, অবস্থান্তরপ্রাপ্ত ব্যক্তি।

Convex, *a.* Lat. গুম্বেজ, মধ্যে উচ্চ চক্রাকার যাহার, গোল অথচ কূর্ম্মপৃষ্ঠাকারবিশিষ্ট, চতুর্দিক্ নিম্ন মধ্যভাগে গোলাকৃতি যাহার।

Convex, *n. s.* কূর্ম্মপৃষ্ঠাকার, মধ্যে উচ্চ চক্রাকার, ন্যুব্জ, চক্রাকার, গুম্বেজাকার।

Convexed, *part. a.* কূর্ম্মপৃষ্ঠাকৃতিতে নির্ম্মিত বা গঠিত, গুম্বেজাকারে নির্ম্মিত বা তদাকারবিশিষ্ট।

Convexedly, *ad.* কূর্ম্মপৃষ্ঠাকাররূপে।

Convexity, *n. s.* কূর্ম্মপৃষ্ঠাকৃতি, চতুর্দিক্ নিম্ন মধ্যে গোলাকার।

Convexly, *ad.* কূর্ম্মপৃষ্ঠাকৃতিরূপে, চক্রাকার অথচ মধ্যে উচ্চ ভাবে বা তৎপূর্ব্বক।

Convexo-concave, *a.* কূর্ম্মপৃষ্ঠাকার মধ্যাংশে খোল বহিরংশে উচ্চ যাহার, কুমুড়াকাটা বাটীর আকারবিশিষ্ট।

To **Convey,** *v. a.* Lat. লইয়া-গম, স্থানান্তর-কৃ, প্রেরণ-কৃ, হস্তান্তর-কৃ, হাতেং-দা বা -নী, গোপনে সর (ঞি) বা চালান-কৃ, দাখিল-কৃ, অর্পণ-কৃ, সমর্পণ-কৃ, পঁহুছিয়া-দা, দাখিল করিয়া-দা, অর্থ-কৃ, ভাবার্থ-কৃ, বুঝ(ঞি), জ্ঞা (ঞি), সাক্ষাৎ-কৃ (ঞি), প্রবেশ-কৃ (ঞি), গোপনে নির্ব্বাহ-কৃ।

To **Convey,** *v. n.* জুয়াচুরি-কৃ, প্রতারণা-কৃ, ডাকাতি-কৃ।

Conveyance, *n. s.* স্থানান্তরকরণ, চালানকরণ, লইয়া যাওন, দাখিলকরণ, সরাণ, গমনাগমনের পথ, গাড়ীর পথে প্রেরণকরণ, চালানকরণের পথ বা তৎপথের পরিমাণ, গোপনে স্থানান্তরকরণ বা সরাণ, যান, বাহন, সওয়ারী, বহা যায় বা স্থানান্তর করা যায় যদ্দ্বারা, পাঠাইয়া দেওন, সনন্দ, কবালা, হেবানামা, দানপত্র, লিখন, যদ্দ্বারা দান সিদ্ধ হয় বা দেওয়া যায়, দান, বৃত্তি, তন্নিদর্শন, কৌশল, শৈলী, গোপনে দান নিষ্পন্নকরণ।

Conveyancer, *n. s.* উকীলবিশেষ, যে ব্যক্তি কবালা সনন্দপ্রভৃতি লিখে, দানপত্র বা হেবানামা লিখে যে।

Conveyer, *n. s.* বাহক, মুটিয়া, বাহক, চালান লইয়া যায় যে, কোন দ্রব্য প্রেরিত হয় যদ্দ্বারা, ভেল্কী, ভোজবাজী দেখায় যে, প্রতারক, ভাঁড়, ঠক, প্রবঞ্চক, জুয়াচোর, চোর।

Convicinity, *n. s.* Lat. নিকটস্থান, নিকটভূমি, আসন্নভূমি, গ্রুব, সন্নিহিত স্থান বা প্রদেশ।

To **Convict,** *v. a.* Lat. অপরাধী-কৃ, অপরাধ সাব্যস্থ-কৃ, তকসীর সাব্যস্ত-কৃ, ঝুটাপ্রমাণ-কৃ, অপরাধ সাবুদ-কৃ, দোষ নিশ্চয়-কৃ, দোষ বাহির-কৃ, প্রমাণদ্বারা-দৃশ(ঞি), প্রকাশ-কৃ, সাব্যস্ত-কৃ, নষ্ট-কৃ, নাশ-কৃ, হিংসা-কৃ, পরাভূত-কৃ, পরাজিত-কৃ।

Convict, *a.* গুণাহগার, তকসীরওয়ার, অপরাধী, দোষগ্রস্ত, দোষী, দোষ বা অপরাধ প্রমাণ বা সাব্যস্ত হইয়াছে যাহার, বন্দুয়ান, চোর, কএদী।

Convict, *n. s.* অপরাধ সাব্যস্ত বা নিশ্চয়, দণ্ডার্হ ব্যক্তি, চোর, মাটীকাটা চোর, বন্দুয়ান, বন্দুয়ান মজুর।

Conviction, *n. s.* দোষপ্রমাণকরণ, দোষসাব্যস্তকরণ বা বাহন, দোষ বাহিরকরণ, অপরাধপ্রমাণকরণ, বুঝাইয়াদেওন, মানান, চক্ষে আঙ্গুল দিয়া দেখান, পরিজ্ঞান, পরিজ্ঞাপ্তি, মনে জ্ঞাপন মনে জানিয়াছে যে ব্যক্তি, হৃদ্বোধহওন বা তজ্জন্য সংস্কার।

Convictive, *a.* জ্ঞাপনশীল, জ্ঞাপনক্ষম, প্রমাণক্ষম, পরিজ্ঞাপ্তিকরণক্ষম।

Convictively, *ad.* পরিজ্ঞাপনরূপে, প্রমাণকরণরূপে, সাব্যস্তকরণরূপে, সুস্পষ্টরূপে, প্রমাণকারিত্বরূপে।

To **Convince,** *v. a.* Lat. জ্ঞা (ঞি), কবুল-কৃ(ঞি), পরাভব-কৃ, পরাজয়-কৃ, প্রত্যয়-জন (ঞি), ভ্রমদূর-কৃ, সন্দেহভঞ্জন-কৃ, অপরাধসাব্যস্ত-কৃ, বুঝা লওয়া প্রবোধ-কৃ, দোষপ্রমাণ-কৃ, সাবুদ-কৃ, প্রমাণ-কৃ, জোর-কৃ, জবরদস্তি-কৃ, জ্ঞাত-কৃ।

Convincement, *n. s.* অপরাধ প্রকাশ, Conviction, শব্দ প্রায় অর্থ জানিবেন।

Convincer, *n. s.* প্রকাশ করে যে, সাব্যস্ত করে যে, সুস্পষ্ট করে যে, সন্দেহদূরকর্ত্তা, হৃদ্বোধজনক ব্যক্তি, সংশয়োচ্ছেদক, নিশ্চায়ক, নিঃসন্দেহকারক।

Convincible, *a.* সাবুদ বা প্রমাণ যোগ্য, সাব্যস্তকরণীয়, প্রত্যয় জন্মাইবার যোগ্য বা তৎক্ষম, সাব্যস্তকরণক্ষম, ভ্রমদূরকরণীয়, নির্ণায়ক, নিশ্চায়ক প্রবোধনীয়।

Convincingly, *ad.* নিঃসন্দেহরূপে, নিঃসন্দেহপূর্ব্বক, প্রামাণ্যরূপে, সংশয়শূন্যত্বরূপে, অবধারিতরূপে, প্রবোধপূর্ব্বক, অবিবাদপূর্ব্বক।

Convincingness, *n. s.* দৃঢ় প্রত্যয় জন্মাইবার ক্ষমতা, সাব্যস্তকরণশক্তি বা ক্ষমতা।

Convitious, *a.* Lat. ভর্ৎসনার্হ, মন্দ কথনীয়, লজ্জনীয়, ভর্ৎসনাযোগ্য, ভর্ৎসনীয়, নিন্দাময়, নিন্দাবিশিষ্ট।

To **Convive,** *v. n.* Lat. আমন্ত্রণ-কৃ, আমোদ-কৃ, মহোৎসব-কৃ, যজ্ঞ-কৃ, পর্ব্ব-কৃ।

Convival বা **Convivial,** *a.* আমন্ত্রয়িতব্য, যজ্ঞবিষয়ক, মহোৎসব সম্বন্ধীয়, উৎসবসম্বন্ধীয়, আমোদীয় মহোৎসব হয় যাহাতে বা যদ্দ্বারা, প্রণয়ী, আলাপী, প্রীত্যাপন্ন।

Conundrum, *n. s.* নীচভাষায় শ্লেষ কিম্বা বিদ্রূপবিশেষ, ব্যঙ্গ, ঠাট্টা, উপহাস, হিয়ালি।

To **Convocate,** *v. a.* Lat. আহ্বান-কৃ, একত্র-কৃ, ডাক, ডাকিয়া একত্র-কৃ, সভায় আহ্বান-কৃ, সমাজ-কৃ।

Convocation, *n. s.* সভায় আহ্বান, ডাক, সভা, মজলিস, পার্লিমেন্তনামক সভার বৈঠক কালে ধর্ম্মপক্ষপাতিরদের সভাবিশেষ, মহাবিদ্যালয়ের সভাবিশেষ।

To **Convoke,** *v. a.* Lat. আহ্বান-কৃ, ডাক, ডাকিয়া একত্র-কৃ।

To **Convolve,** *v. a.* Lat. ফড় (ঞি), গুট(ঞি), ঘুরা, তো-কৃ, ভাঁজ-কৃ, সংকুচিত-কৃ।

Convoluted, *part.* গোটকরা, তালকরা, লুটিকরা, জড়িত, গুটি হইয়াছে যাহা, ঊর্ম্মিমৎ।

Convolution, *n. s.* গুড়ন, জড়ান, গুটন, তো-হওন, ভাঁজ ঊর্ম্মিমত্ত্বা।

To **Convoy,** *v. a.* Fr. রক্ষার্থে সঙ্গে-গম, হামরাহী-দা, তৈনাতী-দা।

Convoy, *n. s.* হামরাহী, রক্ষক, রক্ষাকারী সৈন্য, পথে উৎপাত নিবারণার্থে সৈন্য, তৎসৈন্য নিযুক্তকরণ কিম্বা হওন, পহুঁছান, দাখিল করিয়া দেওন রেসালা, তৈনাতি।

Convolvulus, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Conusable, *a.* বিচারার্হ, বিবেচনার্হ, তজবীজযোগ্য, তজবীজ হইতে পারে যাহার, বিচারযোগ্য, বিচার্য্য, বিবেচ্য, নিশ্চেয়, নির্দ্ধার্য্য।

Digitized by Google

Conusance, *n. s.* Fr. সম্বাদ, সমাচার, খবর, খোলাসা হুকুম, আদেশ, ইস্তাহার, বিধি।

Conusant, *a.* জ্ঞাত, জ্ঞানশীল, অবগত, বিদিত।

To **Convulse**, *v. a.* Lat. কম্প (ক্রি), আলোড়িত-কৃ, স্পন্দনশীল -কৃ, অঙ্গ খেঁচ, শরীরাঙ্গ আকর্ষণ-কৃ, মূর্চ্ছিতাবস্থাহইতে ফুঁকদ্বারা সচেতন-কৃ, প্রবোধ-জন(ক্রি), রপ্টান, টাওর, মূর্চ্ছিত-হ।

Convulsion, *n. s.* রোগবিশেষ, কম্পন, থরথরাণ, দড়কা, মূর্চ্ছা, রগটানা, টাওরাণ, মূর্চ্ছিতাবস্থা, আড়ষ্টহওন, অঙ্গখেঁচন, অঙ্গাকর্ষণ, হস্তপাদাদি আড়ষ্টহওন, হুলস্থূল, সোরসরাবৎ, কোলাহল, ধুমধাম।

Convulsive, *a.* Fr. কম্পকারী, কম্প বা শরীর আড়ষ্ট করে যে বা হয় যদ্দ্বারা, মূর্চ্ছাকারী রগটানাসম্বন্ধীয়।

Convulsively, *ad.* কম্পপূর্ব্বক, শরীর আড়ষ্ট বা নিস্পন্দহওনপূর্ব্বক, নিশ্চেতনহওনপূর্ব্বক।

Cony, *n. s.* Lat. পশুবিশেষ, খরগোশ, শশাকন্যায় জন্তুবিশেষ।

Cony-borough, *n. s.* শশাকুর গর্ত্ত, মৃত্তিকার মধ্যে খরগোশ যে গর্ত্ত করে।

To **Conycatch**, *v. n.* প্রতারিত-হ, ঠগ-হ, দংশিত-হ, ভুল।

Conycatcher, *n. s.* প্রতারক, প্রবঞ্চক, ভণ্ডক, ঠগ, চোর।

To **Coo**, *v. n.* ঘুঘু বা কপোতের ন্যায় শব্দ-কৃ, কুকু-কৃ, ঘুঘু-কৃ।

Cooing, *n. s.* আহ্বান, নিমন্ত্রণ, ডাকন, ঘুঘুর ডাক বা শব্দ।

Cook, *n. s.* Lat. পাচক, সূপকার, রান্ধুন্যা, রসুইয়া, বাবুর্চি, রন্ধন করে যে পুরুষ।

Cook-maid, *n. s.* পাচিকা, রন্ধনকারিকা, রান্ধনী, রসুই করে যে স্ত্রী।

Cook-room, *n. s.* পাকশালা, রন্ধনশালা, পাকাগার, বাবুর্চিখানা।

To **Cook**, *v. a.* পাক-কৃ, রন্ধন-কৃ, রসুই-কৃ, খাদ্য দ্রব্য প্রস্তুত-কৃ, প্রস্তুত-কৃ, তৈয়ার-কৃ।

To **Cook** বা **Couk**, *v. n.* ককুনামক পক্ষির ন্যায় শব্দ-কৃ।

To **Cook**, *v. a.* ফেলিয়া-দা, নিক্ষেপ-কৃ, রন্ধন-কৃ, পাক-কৃ, রসুই -কৃ।

Cookery, *n. s.* পাকবিদ্যা, রন্ধনবিদ্যা, বাবুর্চির ব্যবসায়, রন্ধন, রান্না, রসুই, পাককরণ।

Cool, *a.* Sax. অতপ্ত, অনুষ্ণ, জুড়ান, শীতলবৎ, ঠাণ্ডা, আর্দ্র, স্নিগ্ধ, সরদি, ভারী, অচঞ্চল, শান্ত, মৃদু, অনুগ্রহশীল, অনুদ্যোগী।

Cool, *n. s.* শীতলত্ব, ঠাণ্ডাই, উষ্ণতারাহিত্য, অনুষ্ণতা।

To **Cool**, *v. a.* Sax. শীতল-কৃ, স্নিগ্ধ-কৃ, ঠাণ্ডা-কৃ, জুড়(ক্রি), থাম (ক্রি), নিরস্ত-কৃ, শান্ত-কৃ, রাগের শমতা-কৃ, উষ্ণত্ব কম-কৃ।

To **Cool**, *v. n.* স্নিগ্ধ-হ, শীতল-হ, ঈষদুষ্ণ-হ।

Cool-cup, পানীয় দ্রব্যবিশেষ, মদ্য জল লেবুর যূষ চিনি একত্রীকৃত, উদক।

Cool-headed, *a.* নীরাগ, রাগশূন্য, রাগহীন, স্নিগ্ধ, ঠাণ্ডা, নিরহঙ্কৃত, অগর্ব্বী, অভিমানশূন্য ধীর, বৈরাগী।

Cooler, *n. s.* স্নিগ্ধকারী, শীতলকারক, শীতল হয় বা করে যে, শীতল হয় যদ্দ্বারা বা যাহাতে, পাত্রবিশেষ, উষ্ণদ্রব্য জুড়ায় বা ঠাণ্ডা করে যাহাতে।

Coolish, *a.* শীতলবৎ, ঈষদুষ্ণ, অল্পতপ্ত।

Cooly, *ad.* শীতলত্বপূর্ব্বক, উষ্ণত্ব উগ্রত্ব বা রাগরাহিত্যপূর্ব্বক, অনুষ্ণত্বরূপে স্নিগ্ধত্বরূপে, রাগশূন্যত্বরূপে, বিনা রাগে, ধীরে২, স্নেহ বা অনুরাগ রাহিত্যরূপে।

Coolness, *n. s.* Sax. ঈষদুষ্ণত্ব, শীতলত্ব, স্নিগ্ধত্ব, নির্ম্মোহত্ব, নির্ম্মোহাবস্থা, মোহাভাব, স্নেহাভাব, অনুৎসাহ, অপ্রবৃত্তি, নীরাগত্ব, রাগশূন্যত্ব, ধৈর্য্য, ধীরত্ব।

Coom, *n. s.* Fr. তুন্দুরের ঝুল কিম্বা ছাই, কয়লার গুঁড়া, গাড়ীর চাকার ভিতরহইতে নির্গত হয় যে ময়লা বা ক্লেদ, গাড়ীর চাকাতে ব্যবহৃত তার চরবি।

Coomb বা **Comb**, *n. s.* Lat. ধান্যাদি শস্যের পরিমাণবিশেষ, চারি বুষল অর্থাৎ দুই মোন আট শের।

Coop, *n. s.* Icel. পীপাবিশেষ, কূপা, খাঁচা, পিঞ্জর, পিঁজরা, টাপা।

To **Coop**, *v. a.* বদ্ধ-কৃ, পিঞ্জরে বদ্ধ-কৃ, পিঁজরায় রুদ্ধ-কৃ, খাঁচায় পুর বা-ভর, পিঞ্জরে-রক্ষ, অপ্রশস্ত স্থানে আটক-কৃ।

Coopee, *n. s.* Fr. নৃত্যকরণে ভঙ্গিমা বিশেষ, অঙ্গহাব, অঙ্গবিক্ষেপ।

Cooper, *n. s.* পীপানির্ম্মাণকর্ত্তা, মিস্ত্রী, কূপা গড়ে যে, খাঁচা গড়ে যে কূপর।

Cooperage, *n. s.* কূপরসংজ্ঞক কারিগরের মজুরি বেতন বা খরচা।

To **Cooperate**, *v. n.* Lat. প্রতিযোগী-হ, সহকারী-হ, সহায়-হ, সহধর্ম্মী-হ, এক চিত্ততা বা ঐক্য-হ, একবাক্য-হ, মিল, কোন কর্ম্মসম্পাদনার্থে একত্র মিলিয়া কর্ম্মকারী-হ, একধর্ম্ম বা ভাববিশিষ্ট-হ, প্রবিষ্ট-হ।

Cooperation, *n. s.* প্রতিযোগিতা, সাহায্য, সহকারিতা, সহায়তা করণ, মিলন, একাভিপ্রায়ে সাহায্যকরণ বা দেওন, মিলন, একতা, একচিত্ততা, একবাক্যতা, ঐক্য, একভাব প্রাপ্তি বা অবস্থা, সহকার্য্য।

Cooperative, *a.* সহায়কারী, একাভিপ্রায় কর্ম্মকারী, এককর্ম্ম করণার্থে সমোদ্যোগী।

Cooperator, *n. s.* সহায়তাকারক, একত্র হইয়া সম্পাদনকারক, প্রবর্দ্ধক, অন্যের সহিত একত্র হইয়া কোন কর্ম্মসম্পাদনার্থে উদ্যোগী হয় যে কিম্বা তৎকর্ম্মকারী, সহকারী, সহায়।

To **Cooptate**, *v. a.* Lat. গ্রহণ-কৃ, পসন্দ-কৃ, বাছিয়া-নী, মনোনীত-কৃ, অভিপ্রেত-কৃ।

Cooptation, *n. s.* স্বীকারকরণ, পালন, গ্রহণকরণ, ব্যবহারকরণ, অবলম্বন, অবধারণ।

Coordinate, *a.* Lat. একপদপ্রাপ্ত, তুল্য পদাভিষিক্ত, সম বা তুল্যপদস্থ, একপদাবলম্বী, তুল্যাবস্থাবিশিষ্ট।

Coordinately, *ad.* একপদপ্রাপণপূর্ব্বক, একপদস্থত্বপূর্ব্বক, সমপদস্থত্বরূপে তুল্যাবস্থাপূর্ব্বক, তুল্যপদাবলম্বনপূর্ব্বক।

Coordinateness, *n. s.* তুল্যপদ, তুল্যপদস্থত্ব, সমানপদাবলম্বিত্ব।

Coordination, *n. s.* একপদ, একাবস্থা, সম বা তুল্যপদধারণ, সমান পদগ্রহণ।

Coot, *n. s.* Fr. জলচর পক্ষিবিশেষ, এক প্রকার পানকৌড়ি।

Cop, *n. s.* Sax. মস্তক, মাতলা, উপরভাগ, উপরিস্থ বস্তু, ঊর্দ্ধস্থ বস্তু, চূড়া।

Copal, *n. s.* যেক্লিকোনামক দেশ ভাষায় গোন্দ বুঝায়, আটা।

Coparcenary, *n. s.* পৈতৃক ধনে সংসৃষ্টতা, পৈতৃক ধনে অন্যের সহিত অংশীহওন বা তদ্ধনপ্রাপণ বা তদ্ধনাধিকারীহওন, সমানাংশীহওন।

Coparcener, *n. s.* Lat. পৈতৃক ধনে সমানাংশী, পৈতৃক ধনে সমানাধিকারী, তুল্যাংশী, দায়াধিকারী, সমান বখরাদার।

Coparceny, *n. s.* পৈতৃক ধনে সমানাংশ, তুল্যাংশ, তুল্যাধিকার, তুল্য স্বত্ব।

Copartment, *n. s.* চিত্রকরণে ভাগকরণ, অংশকরণ।

Copartner, *n. s.* অংশী, ভাগী, সরীক, বখরাদার, হিসাদার, কোন কর্ম্মে কিম্বা বিষয়ে অন্যের সহিত ভাগ আছে যাহার, সমব্যবসায়ী, তুল্যবিষয়ী।

Digitized by Google

Copartnership, *n. s.* অংশিত্ব, বখরাদারী, বখরা বা সাধারণে কর্ম্মকারি ব্যক্তির অবস্থা বা কর্ম্ম, তৎকর্ম্মে তুল্যাংশ, সরাকতি।

Copatan, *a.* অত্যুচ্চ, উচ্চীকৃত, অগ্রভাগ সরু বা ছুঁচলা যাহার।

Copayva, *n. s.* দক্ষিণ আমেরিকা দেশেজাত বৃক্ষের আটা বা গাদ, মূত্ররোগের ঔষধবিশেষ, গঁদ বিশেষ।

Cope, *n. s.* Sax. মস্তকাবরণ, মস্তকঢাকা, মস্তক আবরণ বা আচ্ছাদন করা যায় যাহাতে বা যদ্দ্বারা, পাদরির পরিধেয় বস্ত্র বিশেষ, গোল খিলান, মাখলা।

To **Cope,** *v. a.* আবরণ-কৃ, ঢাক, আচ্ছাদন-কৃ, সৎপ্রতিপক্ষতা-কৃ, প্রতিবাদ-কৃ, বিপরীত-কৃ, প্রতিফল-দা, পারিতোষিক-দা, প্রতিদান-কৃ, বিরোধ-কৃ।

To **Cope,** *v. n.* প্রতিযোগী-হ, প্রতিপক্ষ-হ, প্রতিবাদী-হ, বিপরীত-হ, প্রতিকূল-হ, মুজাহেম-হ, যুদ্ধ-হ।

To **Cope,** *v. a.* আলিঙ্গন-কৃ, আলিঙ্গন-দা, কোলাকুলি-কৃ, কোল-দা, পরস্পর-মিল।

Copeman, *n. s.* Dutch. হাটুরে বাজারে, সাধারণ বা সামান্য দাঁড়ি বা নাবিক মনুষ্য।

Copernican, *a.* কোপরনিকসনামক ব্যক্তির মত বা নিয়ম সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Copesmate, *n. s.* সঙ্গী, সাথী, সহবাসী, সহচর, মিত্র, বন্ধু।

Copier, *n. s.* লেখক, আদর্শলেখক, নকল বা আদর্শ করে যে, নকলনবিশ, কাতিব, দেখিয়া লিখে বা কর্ম্ম করে যে, প্রতিকর্ম্মকর্ত্তা, কেরাণী, অন্যের লিখন বা গ্রন্থ স্বনামে প্রকাশ করে যে।

Coping, *n. s.* দেওয়ালের মুড়লি, প্রাচীরের অগ্রভাগ, ছাত, প্রাচীরআচ্ছাদন, পরছাত।

Copious, *a.* Lat. যথেষ্ট, পরিপূর্ণ, প্রচুর, বহুল, সম্পূর্ণ, বিস্তর, বড়, অপর্য্যাপ্ত।

Copiously, *ad.* পরিপূর্ণত্বরূপে, যথেষ্টাচারে, যথেষ্টরূপে, বিস্তৃতরূপে, প্রাচুর্য্যরূপে, বাহুল্যরূপে।

Copiousness, *n. s.* যথেষ্টত্ব, পরিপূর্ণত্ব, বিস্তরতা, পূর্ণত্ব, বাহুল্য, আধিক্য, অপর্য্যাপ্তি।

Copist, *n. s.* নকলনবিশ, আদর্শ দেখিয়া লিখে যে, আদর্শ করে যে, নকল করে যে।

Copland, *n. s.* কোণওয়ালা ভূমি, সকোণ ভূমি।

To **Coplant,** *v. a.* এককালে-বুন, বপন বা রোপণ-কৃ, এক সময়ে-রূপ।

Coportion, *n. s.* তুল্যাংশ, সমানাংশ, তুল্যভাগ, সমান ভাগ।

Copped, *a.* মাথাসহি, মস্তকসমান, চূড়া বা শুণ্ডবৎ।

Coppel, *n. s.* কিমিয়া বিদ্যায় শোধনার্থে মুচি বা পাত্রবিশেষ, কোপাল।

Copper, *n. s.* Lat. তাম্র, তামা।

Copper, *n. s.* তাম্রপাত্র, তাম্রবাসন, তেগ, কড়াই, তামার বড় তেগচিবিশেষ।

Copper-nose, *n. s.* রক্তিমাবর্ণ নাসিকা, রাঙ্গা নাক, তাম্রবর্ণ নাসিকা।

Copper-plate, *n. s.* তামার চাদর, তামার পাত, চিত্র খোদে যে তামাতে, নক্সা খোদে যে তাম্রের উপর।

Copper-work, *n. s.* তামার কারখানা, তামা গড়ে যেখানে, তামার কর্ম্ম হয় যে স্থানে, তাম্রদ্বারা পাত্রাদি নির্ম্মাণ করে যেখানে।

Copperas, *n. s.* Dutch. তুতিয়া, তদ্দ্রব্যের সাধারণ নাম, সাদা বা জাঙ্গাল বর্ণ তুতিয়া, হীরাকষ।

Copperish, *a.* তাম্রবিশিষ্ট, তাম্রত্ব আছে যাহাতে, তামার গুণ বা ধর্ম্ম আছে যাহাতে, তাম্রধর্ম্মক।

Coppersmith, *n. s.* কাঁসারি বিশেষ, তামার কর্ম্ম করে যে, তামা গড়ে যে।

Copperworm, *n. s.* জাহাজি পোকাবিশেষ, কাপড় কাটা কীটবিশেষ, চশিপোকা।

Coppery, *a.* তাম্রবৎ কষায়, তাম্রবিশিষ্ট, তাম্রযুক্ত, তামা আছে যাহাতে।

Coppice, *n. s.* Fr. আগাছা, জ্বালানি কাষ্ঠ, ক্ষুদ্রবৃক্ষ যাহা জ্বালানের নিমিত্তে নিরূপিত কালে কাটা যায়।

Copping, Coping শব্দ দেখ।

Copple-dust, *n. s.* চূর্ণ দ্রব্যবিশেষ, ধাতু পরিষ্কারক গুঁড়াদ্রব্যবিশেষ, ধাতু দ্রব্য নির্ম্মাণ বা শোধন হয় যদ্দ্বারা, তদন্ত, সোহাগা।

Copple-stones, লুড়ি প্রস্তরবিশেষ, লুড়ি বা টুকরা পাথর, প্রস্তরখণ্ড।

Coppled, *a.* কোণবিশিষ্ট, কোণ বা অগ্রভাগ ছুঁছলা যাহার।

Copse, *n. s.* জ্বালানিকাষ্ঠ, জঙ্গল, আগাছা, বন, ক্ষুদ্রবৃক্ষ।

To **Copse,** *v. a.* ক্ষুদ্র বৃক্ষ রক্ষা-কৃ।

Copsy, *a.* জ্বালানি কাষ্ঠবিশিষ্ট, আগাছাযুক্ত, আগাছা আছে বা হয় যাহাতে বা যেখানে।

Coptick, *n. s.* কাপ্টনামক জাতির ভাষা, প্রাচীন ইজিপ্শন্ ভাষা।

Copula, *n. s.* Lat. বিশেষ্য বিশেষণ সংজ্ঞা।

To **Copulate,** *v. a.* Lat. সংযোগ-কৃ, মিল (ঞি), যোগ-কৃ, একত্র-কৃ।

To **Copulate,** *v. n.* অভিগম, সংসর্গ-কৃ, শৃঙ্গার-কৃ, মৈথুন-কৃ।

Copulate, *a.* সংযুক্ত, যোড়া, একত্রকৃত বা ভূত।

Copulation, *n. s.* মৈথুন, শৃঙ্গার, সংসর্গ, অভিগমন, জন্তন, সংযোগ, যোড়, যোগ, একত্রকরণ।

Copulative, *a.* সংসর্গী, সঙ্গী, যুক্ত. [In Grammar.] সংযোগকারি অব্যয় সংজ্ঞা।

Copulative, *n. s.* সংযোগ, সন্ধি, মেল, যোগ, সংসর্গ, একত্বকরণ, সম্বন্ধ, বিবাহাধীন সম্বন্ধ।

Copy, *n. s.* Fr. প্রতিরূপ, নকল, উতারা, আদর্শ, পুস্তক, লিখন, আশল, মূল. [In Law.] যদ্দ্বারা করার বা নিয়মপত্র লিখা যায়, যথেষ্ট বিষয়, পরিপূর্ণতা।

Copy-book, *n. s.* আদর্শ, তালিম, লিখন যাহা দেখিয়া বালকেরা লিখন শিক্ষা করে।

Copy-hold, *n. s.* পাট্টাবিশেষ, সনন্দ।

Copy-holder, *n. s.* পূর্ব্বোক্ত পাট্টা বা সনন্দ রাখে যে বা আছে যাহার, পাটাওয়ালা, রাইয়ত, প্রজা।

Copy-right, *n. s.* গ্রন্থকর্ত্তা বা কোন গ্রন্থলেখক বা তাঁহার প্রতিমূর্ত্তি ব্যক্তির তদ্গ্রন্থের বিষয়ে স্বার্থ বা অধিকারবিশেষ।

To **Copy,** *v. a.* নকল-কৃ, ছাঁচ-কৃ, আদর্শ-কৃ, দেখিয়া-লিখ, মূল দেখিয়া-লিখ, মূলহইতে-লিখ।

To **Copy,** *v. n.* নকল-হ, আদৃষ্ট-হ, আদর্শ-হ।

Copyer, *n. s.* লেখক, আদর্শলেখক, নকলনবিশ, কাতিব।

Copyist, *n. s.* তথা, নকল করে যে।

Coquelicot, *n. s.* Fr. বর্ণবিশেষ, গোলাপিরঙ্গবিশেষ।

To **Coquet,** *v. a.* রসিকতা-কৃ, নাঙ্গামি-কৃ, নেখরা-কৃ, কামজ প্রীতি-কৃ, ছেনালী-কৃ।

To **Coquet,** *v. n.* রসিক-হ, প্রেমী-হ, প্রবঞ্চনা বা ছলদ্বারা প্রেমী-হ, শঠালাপী-হ।

Digitized by Google

Coquetry, *n. s.* রসিকতা, নেকরা, রস, নাঙ্গামি, প্রেমব্যবহার ত দ্বারা ভুলন বা ভুলান, মোহনকরণেচ্ছা।
Coquette, *n. s.* Fr. রসিকা, মনোমোহিনী, রসিকা স্ত্রী, মোহনকারিণী, নেকরাবাজ।
Coquettish, *a.* পূর্ব্বোক্ত স্ত্রীর ধর্ম্মবিশিষ্ট বা তন্মত।
Cor, *n. s.* Lat. পরিমাণবিশেষ, দুই বোতল পরিমাপক মাপবিশেষ।
Coracle, *n. s.* Welsh. ওএল্‌স নগরে ব্যবহৃত জালিয়াতিঙ্গিবিশেষ।
Coral, *n. s.* Lat. মুঙ্গা, পান্না, প্রবাল, জলজ বৃক্ষবিশেষ, প্রস্তরের গাছ, বালকের ব্যবহৃত পলার মালা বা চুষী।
Coral-tree, *n. s.* আমেরিকা দেশে বৃক্ষবিশেষ, মাদার।
Coralline, *a.* সপ্রবাল, প্রবালী, প্রবালময়, রক্তচন্দনযুক্ত, পলাবিশিষ্ট, মুগাময়, মুগাযুক্ত, পলাধর্ম্মক, পলা আছে যাহাতে।
Coralline, *n. s.* সমুদ্রজ ঔষধি বৃক্ষবিশেষ।
Coralloid বা **Coralloidal**, *a.* পলার মত, প্রবালের ন্যায়, মুগা পলার তুল্য।
Corant, *n. s.* Fr. নৃত্যবিশেষ, সমাচারপত্র, খবরের কাগজ।
Coranto, *n. s.* নৃত্য, ভঙ্গিমাবিশেষ।
Corb, *n. s.* Fr. গৃহ গুম্বনে সাজবিশেষ।
Corban, *n. s.* ভিক্ষাধার, ভিক্ষাস্থালী, ঝুলি, ভিক্ষাপাত্র, কমণ্ডলু, দান, ভিক্ষা, খয়রাৎ।
Corbe, *a.* Fr. বক্র, বাঁকা, টেড়া, অনৃজু, অসরল।
Corbeils, *n. s.* Fr. মৃত্তিকাপূর্ণ ছোট ঝুড়ি যাহা দিয়া বুরুজ বান্ধা যায়।
Corbel, *n. s.* [In Architecture.] গৃহগুম্বনে খোল বা কোড়াকার গড়নবিশেষ।
Corbel বা **Corbil**, *n. s.* গৃহগুম্বনে ব্যবহৃত কাষ্ঠবিশেষ, সাজা, দেওয়ালে বহিষ্কৃত কাষ্ঠবিশেষ।
Corby, *n. s.* Fr. দাঁড়কাকবিশেষ।
Cord, *n. s.* Lat. দড়া, কাছি, রজ্জু, সূত্র, গুণা, তাঁধুর গুণ বা রসী, কাষ্ঠের আটি, রজ্জুদ্বারা পরিমিত কাষ্ঠ।
Cord-maker, *n. s.* দড়াল, রসী বা কাছি নির্ম্মাণ করে যে।
Cord-wood, *n. s.* আটিকাষ্ঠ, রজ্জুর পরিমাণে বিক্রেয় জ্বালানি কাষ্ঠ।
To **Cord**, *v. a.* দড়িদ্বারা বন্ধন-কৃ, কাছি-বান্ধ, কাছির দ্বারা বন্ধন-কৃ।
Cordage, *n. s.* দড়ি বা রসীসমূহ, দড়াদড়ি, রসারসী।
Corded, *a.* রজ্জুনির্ম্মিত, রজ্জুদ্বারা বদ্ধ, কাছিতে বদ্ধ।
Cordelier, *n. s.* ফ্রাঁন্সিশ নামক ব্যক্তির মতাবলম্বী, ধর্ম্ম ভিক্ষুক, সন্ন্যাসী, ফকীরবিশেষ, কটিদেশে দড়ি বান্ধে যে সন্ন্যাসী।
Cordial, *n. s.* Fr. ধাতুপোষক ঔষধি, বলকারক ঔষধি, বলবর্দ্ধক ঔষধি, সুখদায়ক বস্তু, আহ্লাদজনক বস্তু।
Cordial, *a.* পৌষ্টিক, বর্দ্ধক, উৎসাহজনক, বলকারক, সুস্থকারক, রোচক, স্বাস্থ্য, পাচক বা নিষ্ঠাবিশিষ্ট, নির্ম্মল, আন্তরিক, যাথার্থিক, সরল, অকপট।
Cordiality, *n. s.* সুশীলতা, আন্তরিকতা, যাথার্থ্য, নিষ্ঠা, সৌহার্দ্য, সারল্য, কপট রাহিত্য, অকাপট্য।
Cordially, *ad.* সুশীলতারূপে, অন্তঃকরণের সহিত, নির্ম্মলতাপূর্ব্বক, যাথার্থ্যরূপে, সৌহার্দ্যরূপে, আন্তরিকত্বরূপে।
Cordialness, *n. s.* আন্তরিকত্ব, নিষ্ঠাশালিত্বরূপে।
Cordinax, *n. s.* Fr. চর্ম্মকার, চর্ম্মপাদুকাকার, চামার।
Cordon, *n. s.* Fr. [In Fortification.] দুর্গাঙ্গবিশেষ, বুরুজের বহিস্কৃত প্রস্তরবিশেষ।
Cordon, *n. s.* Fr. দল, কণ্ঠাভরণ, মালা, হার, দানা।
Cordovan, *n. s.* Fr. স্পানিয়াদেশের চর্ম্মবিশেষ।
Cordwain, *n. s.* তথা।
Cordwainer, *n. s.* চর্ম্মকার, মুচি, চর্ম্মপাদুকানির্ম্মাণকর্ত্তা, জুতা গড়ে যে।
Core, *n. s.* Lat. অন্তর, হৃদয়, মধ্য ভাগ, মাঞ্জি, অন্তরস্থ দ্রব্য বা সার, ক্ষতের পূঁয, জমা, অনেক বা একত্রীভূত বস্তু, আটী, মেষের রোগবিশেষ।
Coregent, *n. s.* একত্র আধিপত্য করে যে, অন্যের সহিত রাজপ্রতিনিধি হয় যে, অন্যের সহিত অধ্যক্ষতা বা মবাবী করে যে।
Corelative, *a.* Correlative, শব্দ দেখ।
Coriaceous, *a.* Lat. চর্ম্মবিশিষ্ট, চর্ম্মবৎ, চর্ম্মতুল্য, চর্ম্মধর্ম্মক, চর্ম্ম ন্যায়।
Coriander, *n. s.* Lat. বৃক্ষবিশেষ, ধন্যা।
Corinth, *n. s.* ফলবিশেষ, একপ্রকার কিসমিস্।
Corinthian *Order*, গৃহনির্ম্মাণ বিদ্যাবিশেষ।
Corinthian, *a.* লম্পট, লোচ্চা, কামাতুর, কামুক।
Corinthian, *n. s.* কারিন্তনামক ব্যক্তির লম্পটতাবিষয়ক কিম্বা তন্ন্যায়।
Corival, *n. s.* Corrival, শব্দ দেখ।
To **Corival**, *v. a.* সমান-কৃ, প্রতিযোগী-কৃ, প্রতিযোগিতা-কৃ(ক্রি)।
Cork, *n. s.* Dutch. ছিপি, গুঁজী, মুখবন্ধনী, শোলার ন্যায় বৃক্ষবিশেষ, ইংগ্লণ্ডদেশে নগরবিশেষ।
To **Cork**, *v. a.* ছিপি-দা, ছিপি-আঁট, ছিপি দিয়া বন্ধ-কৃ, মুখ বন্ধ-কৃ।
Corking-pin, *n. s.* বড় আলপীন, গজাল বা মেকবিশেষ।
Corky, *a.* ছিপিবিশিষ্ট, কাকসংজ্ঞক, ছিপির ন্যায় বা তদ্বিশিষ্ট বা তদ্যুক্ত।
Cormorant, *n. s.* Fr. মৎস্যখাদক পক্ষিবিশেষ, পেটুক, পেটার্থী বা লোভি ব্যক্তি।
Corn, *n. s.* Sax. ধান্যাদি শস্য, খন্দ, অপরিপক্ব শস্য, শুঁয়া হইয়াছে যে শস্যের, মাড়া যায় নাই যে শস্য, অতিক্ষুদ্র কোন বস্তু জামড়ো, গাঁটি, পাদরোগবিশেষ, কনুই।
To **Corn**, *v. a.* লবণাক্ত-কৃ, লোণা-কৃ, লবণ-দা, লবণমিশ্রিত-কৃ, ক্ষুদ্রবদাকার-কৃ, টুকরাং-কৃ।
Corn-bind, *n. s.* বক হুইটনামক বৃক্ষের বৃদ্ধি, উচ্চহওন বা ঊর্দ্ধগমন।
Corn-craik, *n. s.* খএর পক্ষিবিশেষ।
Corn-field, *n. s.* শস্যক্ষেত্র, ধান্যাদি শস্য জন্মে বা রোপণ করা যায় যে ক্ষেত্রে।
Corn-flag, *n. s.* বৃক্ষবিশেষ।
Corn-floor, *n. s.* শস্য রাখিবার স্থান, ঘরের মেজে যে স্থানে শস্য রাখে।
Corn-flower, *n. s.* পুষ্পবৃক্ষবিশেষ, ধান্যাদি শস্যক্ষেত্রজাত পুষ্প, শস্যের মধ্যে জন্মে যে পুষ্পের বৃক্ষ।
Corn-heap, *n. s.* ধান্যাদি শস্যের ঢেরী স্তূপ বা রাশি।
Corn-land, *n. s.* শস্যোৎপাদক ভূমি, আবাদি ভূমি, শস্য জন্মে যে ভূমিতে।
Corn-master, *n. s.* ধান্যাদি শস্য বিক্রয়ার্থে উৎপন্ন করে যে, বিক্রয়ার্থে শস্যাদির কৃষক।
Corn-loft, *n. s.* গোলা, মরাই, যাহাতে ধান্যাদি থাকে।

Digitized by Google

Corn-marigold, *n. s.* পুষ্পবৃক্ষবিশেষ, পুষ্প।
Corn-meter, *n. s.* ধান্যাদি শস্যের কয়াল, তচ্ছস্য পরিমাণের বিষয়ে কর্ত্তৃত্ব করে যে বা আছে যাহার।
Corn-mill, *n. s.* জাঁতাবিশেষ, ধান্যাদি শস্য ভাঙ্গা জাঁতা, কল যদ্বারা ধান্যাদি শস্য ভাঙ্গে বা প্রস্তুত করে।
Corn-pipe, *n. s.* নলবিশেষ।
Corn-rocket, *n. s.* বৃক্ষবিশেষ।
Corn-rose, *n. s.* পোস্তবৃক্ষবিশেষ।
Corn-sallad, *n. s.* বৃক্ষবিশেষ।
Corn-violet, *n. s.* বৃক্ষবিশেষ।
Cornage, *n. s.* Fr. জমীদারির নিয়মবিশেষ, করারনামা।
Cornamute, *n. s.* বাদ্যযন্ত্রবিশেষ।
Cornchandler, *n. s.* ধান্যাদি দ্রব্যের ব্যাপারী বা বিক্রেতা ফড়িয়া।
Corncutter, *n. s.* চাষাবিশেষ, যে ধান্যাদি শস্য কাটে বা মাড়ে।
Cornea, *n. s.* Lat. চক্ষুর অঙ্গ, চক্ষুর ছাল।
Cornel বা **Cornelian-tree,** *n. s.* Fr. বৃক্ষবিশেষ।
Cornelian stone, আকিক, যামুল্যাপ্রস্তর, Carnelian, শব্দ দেখ।
Cornemuse, *n. s.* Fr. শৃঙ্গবিশেষ, শিঙ্গা, ভেঁবু, শৃঙ্গবদাকার দ্রব্যবিশেষ।
Corneous, *a.* Lat. শৃঙ্গবিশিষ্ট, শৃঙ্গবৎ, শৃঙ্গময়।
Corner, *n. s.* Fr. কোণ, টের, দূরস্থান, গুপ্তস্থান, নিভৃতস্থান, অন্ত, সর্ব্বশেষ, খুঁট।
Corner-stone, *n. s.* প্রস্তর যদ্দ্বারা দুই প্রাচীর সংলগ্ন হয়, কোণের পাথর।
Corner-teeth *of a horse,* ঘোটকের পার্শ্ব দন্ত।
Cornered, *a.* কোণবিশিষ্ট, কোণওয়ালা, কোণ আছে যাহার।
Cornerwise, *ad.* কোণাকোণী, তেরছাতেরছি।
Cornet, *n. s.* Fr. শৃঙ্গবিশেষ, রণশিঙ্গ, তূরী, বাদ্যযন্ত্র, অশ্বসৈন্যের দল খাড়া বা পংক্তি, অশ্বারূঢ় সৈন্যের কনিষ্ঠপদস্থ ব্যক্তিবিশেষ, নায়ক, পতাকা, সৈন্যপতাকা, পতাকাধারী, অশ্বারোহী. *Cornet of a horse,* ঘোটকের পাদাঙ্গ, ক্ষুরের উপরস্থল, প্রাচীন কালে ব্যবহৃত উত্তরীয় বস্ত্রবিশেষ, মস্তকাভরণবিশেষ. *A Cornet of paper,* কাগজের ঠোঙ্গা বা ঠুলি।
Cornetcy, *n. s.* কারনেটসংজ্ঞক ব্যক্তির পদ বা হুদ্দা।
Corneter, *n. s.* কারনেটসংজ্ঞক শৃঙ্গ বাদ্য করে যে, তূরীওয়ালা।
Cornice, *n. s.* Fr. দেওয়ালের গড়ন, গোল্লা, ছালনি, ফিরণ।
Cornice *Ring.* [In Gunnery.] কামানের রন্ধ্রকঘরের পার্শ্ববর্ত্তি রেখা বা হেঁসো।
Cornicle, *n. s.* Lat. ক্ষুদ্র শৃঙ্গবিশেষ।
Corniculate, *a.* [In Botany.] শৃঙ্গ আছে যে বৃক্ষের।
Cornigerous, *a.* Lat. শৃঙ্গবিশিষ্ট শৃঙ্গওয়ালা শৃঙ্গী।
Corning-house, *n. s.* যে স্থানে বারুদের রোওয়া বা দানা বান্দে বা হয়।
Cornish, *n. s.* কারণওয়ালনামক নগরবাসী বা তন্নগরস্থ লোক।
Cornish, *a.* পূর্ব্বোক্ত মনুষ্যের ভাষা কিম্বা রীতিবিষয়ক।
Cornucopia, *n. s.* Lat. শৃঙ্গবিশেষ, দেবতাবিশেষের হস্তস্থ ফল ও ফুলবিশিষ্ট শৃঙ্গ।
To **Cornute,** *v. a.* Lat. শৃঙ্গ-দা, শৃঙ্গ-রক্ষ, পরস্ত্রী ভ্রষ্টা-কৃ, পরস্ত্রীর ধর্ম্ম নষ্ট-কৃ।
Cornuted, *a.* শৃঙ্গবিশিষ্ট, শৃঙ্গী, ভ্রষ্টীকৃত, নষ্টীকৃত, ধর্ম্ম নষ্ট হইয়াছে যাহার, স্ত্রী ব্যভিচার করিয়াছে বা হইয়াছে যাহার।

Cornuto, *n. s.* ব্যভিচারী, ব্যভিচারিণী, কুলটা স্ত্রীর স্বামী, ভ্রষ্টা হইয়াছে যাহার স্ত্রী।
Cornutor, *n. s.* শৃঙ্গনির্ম্মাণকর্ত্তা।
Corny, *a.* শৃঙ্গবৎ, শৃঙ্গবৎ দৃঢ় যে, ফলোৎপাদক, শস্যোৎপাদক, শস্যাদি জন্মে যাহাতে বা যাহাহইতে, শস্যবিশিষ্ট।
Corollary, *n. s.* Lat. সমাপ্তি, শেষ, অন্ত, সিদ্ধান্ত, উদ্বৃত্ত বস্তু, ফাজিল, শেষ থাকে বা উদ্বৃত্ত হয় যে বস্তু।
Corona, *n. s.* Lat. কারণিষসংজ্ঞক কর্ম্মের স্থূল ভাগ, ছালুনি বিশেষ।
Coronal, *n. s.* রাজমুকুট, মুকুট, মস্তকাভরণ, মালা, হার, ব্রহ্মরন্ধ্র, ব্রহ্মতালুয়া, মস্তকের উপরি ভাগ।
Coronal, *a.* মস্তকাগ্রবিষয়ক বা তৎসম্বন্ধীয়, মস্তকোপরিস্থ, মস্তকসম্বন্ধীয়।
Coronary, *a.* ব্রহ্মতালুয়াসম্বন্ধীয়, রক্তপ্রবাহক নাড়ীর বিশেষণবাচক শব্দ, মুকুটসম্বন্ধীয়।
Coronation, *n. s.* রাজাভিষেক, রাজতিলক, রাজটীকা দেওন বা লওন, রাজাভিষেকের সভা বা মহোৎসব, রাজমুকুটধারণ সংস্কার বা তৎসম্বন্ধে সমারোহ বা মজলিসকরণ।
Coronel, *n. s.* Span. সৈন্যাধ্যক্ষবিশেষ, কর্ণেল।
Coroner, *n. s.* যে ব্যক্তি অপঘাত বা অকস্মাৎ মৃত্যুর বিবেচনা করে, রাজার পক্ষে অকস্মাৎ মৃত্যু, দ্বাদশ ব্যক্তিরদিগকে লইয়া তজবিজ করে যে, কারণর।
Coronet, *n. s.* তাজবিশেষ, কুলীনেরদিগের ব্যবহৃত মুকুটবিশেষ, সামান্য মুকুট, মস্তকাভরণ, কিরীট।
Corporal, *n. s.* Fr. সৈন্যের ক্ষুদ্র পদস্থ ব্যক্তিবিশেষ, নায়েক, আমলদার।
Corporal *of a ship,* জাহাজের প্রহরির অধ্যক্ষ বিশেষ, জাহাজের চৌকি বিলি করে যে ব্যক্তি কিম্বা তদ্বিষয়ে ভার আছে যাহার।
Corporal, *n. s.* Fr. সূক্ষ্ম বস্ত্র যাহাতে স্যাক্রসেণ্টসংজ্ঞক ভোগ অর্থাৎ ঈশ্বরভোজন দ্রব্য রক্ষিত হয় কিম্বা তদাধার বা আসন।
Corporal, *a.* Lat. শারীরিক, শরীরবিষয়ক, কায়সম্বন্ধীয়, দৈহিক, কায়িক, কায়স্থ, অনাত্মিক, স্থূলভূতবিশিষ্ট, শপথবিষয়ক।
Corporality, *n. s.* শারীরিকত্ব, কায়বিশিষ্টত্ব, কায় বা শরীরবিশিষ্টত্ব, তদবস্থা বা ভাব, নগরার্থক কর্ম্মসম্পাদকসমূহ, নগরার্থ কার্য্যসম্পাদনার্থে জনসমূহ, কোন কার্য্য বা অভিপ্রায়ার্থে দল বান্ধন, জনসমূহ।
Corporally, *ad.* শারীরিকত্বরূপে, শরীরবিশিষ্টত্বরূপে।
Corporate, *a.* দল, সামাজিক, একত্রীভূত বা কৃত, মিলিত, সর্ব্বসাধারণ, রাজকর্ম্মে নিযুক্ত ব্যক্তিরদিগের সহিত একত্র হইয়া বা স্বয়ং কর্ম্ম করে যে।
Corporas, *n. s.* কারপোরেস সংজ্ঞক আসনের প্রাচীনকালীন ব্যবহৃত নাম, ঈশ্বর ভোজনাসন বা বস্ত্র।
To **Corporate,** *v. n.* দল বদ্ধ-হ, একত্র-হ, মিলিত-হ।
Corporately, *ad.* কারপোরেটসংজ্ঞক ব্যক্তির অবস্থারূপে, তৎপদ বা ক্ষমতাপূর্ব্বক।
Corporateness, *n. s.* কারপোরেটসংজ্ঞক জনসমূহের অবস্থা ধর্ম্ম বা পদ।
Corporation, *n. s.* নগর কার্য্যসম্পাদনার্থে জনসমূহ বা দল, পঞ্চায়ৎ সাধারণ প্রতিভূ রাজার সনন্দানুসারে সাধারণ পক্ষে মোহর করে বা তন্মোহর রাখে যে ব্যক্তি, তন্নগরবাসির প্রতিমূর্ত্তি হইয়া রাজকার্য্যের অংশী হয় যে।

Digitized by Google

Corporature, *n. s.* একত্রহওনাবস্থা, দলত্ব, দলহওনের ভাব বা অবস্থা।

Corporeal, *a.* শরীরবিশিষ্ট, শারীরিক, কায়িক, সাকার, অনাত্মিক।

Corporealist, *n. s.* দেহাত্মবাদী।

Descent, *n. s.* উচ্চহইতে নীচহওন বা করণ, অধঃপতনহওন বা করণ, নিম্নহওন, অধোগমন, নীচে নামন, নীচে আইসন বা চলন, গড়্যান, নিম্নত্ব, হেঁটহওন, খাটহওন, অবতরণ, নুইয়া আইসন, অধঃস্থান, ঢালু, নিম্নস্থান, অপমান, খাটহওন বা করণ, লুঠকরণ, লুঠিয়া লওন, আক্রমণ, অরিভাবে অন্যরাজ্যে প্রবেশ বা গমন, পুরুষানুক্রমে আইসন বা অবতরণ, জন্ম, উৎপত্তি, আদি বা মূলহইতে বাহিরহওন, উৎপত্তি তদবস্থা বা ভাব, কুল, বংশ, গোষ্ঠী, জাতি, সন্তান, সন্ততি, আওলাদ, দায়াদ, ওয়ারিশ, বংশক্রমে বা শ্রেণীপূর্ব্বক, সিঁড়িং।

To **Describe,** *v. a.* Lat. বিবরণ-কৃ, বা-কথ, বর্ণন-কৃ, ব্যাখ্যা-কৃ অর্থ-কৃ, অঙ্কিত-কৃ, চিহ্নিত-কৃ, বণ্টন-কৃ, বিস্তার করিয়া-দা, আরাম্ভ-কৃ, সাজ (ঞি), গোচ (ঞি), স্বংস্থানে রক্ষ বা একত্র-কৃ, এলুয়ামেলুয়া কথ বা অর্থ-কৃ, জ্ঞা(ঞি), বিজ্ঞাপন-কৃ, বুঝা, উল্লেখ -কৃ।

Describer, *n. s.* বর্ণনকর্ত্তা, বিবরণকর্ত্তা, বিবরণ বা উপাখ্যান করে যে, বিধানকর্ত্তা, মুশাবিদা করে যে, নক্শা করে যে।

Descrier, *n. s.* প্রকাশক, বাহির করে যে, ব্যক্তকর্ত্তা, ধরে যে, ধরিয়া বাহির করে যে।

Description, *n. s.* বিবরণ, নির্বচন, বর্ণনা, সবিশেষ করিয়া কথন বা প্রকাশকরণ, আখ্যান, ব্যাখ্যা, অস্পষ্ট বা সামান্য বিবরণ, জাতি, ভাব, আদর্শ, নমুনা, লক্ষণ, তর, প্রকার, নিদর্শন।

Descriptive, *a.* বর্ণনকারী, ব্যাখ্যাযোগ্য, ব্যাখ্যা বা বিবরণকারী, বিস্তারিত বা বর্ণনা হইয়াছে যাহাতে বা যাহার, বর্ণনা বা ব্যাখ্য সম্বন্ধীয়।

To **Descrive,** *v. a.* Ital. বর্ণনা-কৃ, বিবরণ-কৃ।

To **Descry,** *v. a.* Fr. সমাচার-কৃ, দৃশ(ঞি), স্পষ্ট-কৃ, হঠাৎ কোন বিষয় জানিয়া কিম্বা পাইয়া জ্ঞা(ঞি), বা ব্যক্ত-কৃ, দূরেহইতে তহকীক-কৃ, ভেদ সন্ধান-কৃ, দূরেহইতে ভেদ সন্ধান-কৃ, ধরিয়া-ফেল, ধরিয়া বাহির-কৃ, গুপ্ত বিষয় বাহির-কৃ, লুক্কায়িত বিষয়-ধৃ বা প্রাপ, প্রকাশ-কৃ, চক্ষে-দৃশ, স্বচক্ষে-দৃশ, প্রত্যক্ষে-জ্ঞা, দূরেহইতে দৃষ্টি-কৃ, দর্শন-কৃ,।

Descry, *n. s.* প্রকাশ, প্রকাশ হওন বা করণ, পাওয়া গিয়াছে বা প্রকাশ হইয়াছে যেবস্তু।

To **Desecrate,** *v. a.* Lat. অন্যথা -কৃ, বিপরীত-কৃ, নিরূপিতাভিপ্রায়ে বা বিশেষ কর্ম্মার্থে দত্ত বা নিযুক্ত বস্তুর অন্যথা-কৃ, বৃথা-কৃ, বৃথাকর্ম্মে-লাগ(ঞি), বিপরীত বা বিরুদ্ধ বিষয়ে ব্যয়-কৃ বা খরচ -কৃ, বিরুদ্ধ কর্ম্মে ব্যবহার-কৃ, উৎসৃষ্ট বা প্রদান কৃত বিষয় উঠাইয়া-দা বা অন্যথা-কৃ, পবিত্রতা নাশ-কৃ,।

Desecration, *n. s.* উৎসৃষ্ট বা দত্ত বস্তুর অপহরণকরণ বা উঠাইয়া দেওন, নাশকরণ, সংস্কার বা অভিষেক কৃত বস্তুর উৎখাত -করণ, পবিত্রতা নাশকরণ।

Desert, *n. s.* বন, অরণ্য, বিপিন, গহন, কানন, জঙ্গল, উচ্ছিন্নভূমি, মাঠ, ময়দান, নির্জনস্থান, অগম্য, মনুষ্যহীন স্থান, মরুভূমি, পাপ পুণ্যের প্রতিফল।

Desert, *a.* উচ্ছিন্ন, ক্ষয়প্রাপ্ত, বনুয়া, জঙ্গলা, নির্জন, শূন্য, নিরালয়।

To **Desert,** *v. a.* Lat. ছাড়, ত্যাগ-কৃ, ছাড়িয়া পলায়ন-কৃ, ছাড়িয়া যা, ছাড়িয়া-ভাগ, কালামুখ-কৃ, পলিয়া-গম, ছাড়।

To **Desert,** *v. n.* সৈন্যহইতে পলাতক-হ, পলাতক-হ, ভাগোড়া-হ, লস্কর গাঁহইতে পলাইয়া গমনকারী-হ।

Desert, *n. s.* **Dessert** শব্দ দেখ।

Desert, *n. s.* যোগ্যত্ব, কৃতিত্ব, উপযুক্ততা বা অনুপযুক্ততা বা তদ্গুণ, নাম, প্রতিপত্তি, কর্ম্মানুসারে পারিতোষিক বা খ্যাতি, পারিতোষিক দাওয়া, পারিতোষিকের অর্হত্ব বা স্বার্থ, উত্তমতা, গুণ, ধর্ম্ম।

Deserter, *n. s.* পলাতক, ভাগোড়া, কর্ম্ম বা পদ ছাড়িয়া যায় বা পলায় যে, সৈন্যহইতে পলায়ন করে যে, ত্যাগকারী।

Desertful, *a.* যোগ্যতা কৃতিত্ব বা উপযুক্ততাতে শ্রেষ্ঠ বা উত্তম যে, খ্যাত্যাপন্ন, সম্ভ্রান্ত, গুণবান্, নামজাদা, নাম বা প্রতিপত্তি আছে যাহার বা যাহাতে।

Desertion, *n. s.* বিষয় কর্ম্ম বা পদ ত্যাগকরণ, ত্যাগ করিয়া পলায়ন বা ভাগোড়াহওন, সৈন্যহইতে পলায়ন বা ভাগোড়াহওন, [In Theology,] ধর্ম্মবিষয়ে অভরসা বা ভয়, ভগবানের অনুকূলতা বা কৃপার অভাব।

Desertless, *a.* খ্যাতি বা সম্ভ্রমবর্জিত, নাম বা প্রতিপত্তিবিহীন, অনুপযুক্ত, যোগ্যত্ব নাই যাহার বা যাহাতে, নির্গুণ, অকর্ম্মণ্য, গুণহীন।

Desertlessly, *ad.* অনুপযুক্ততারূপে, অযোগ্যত্বরূপে।

Desertrice, *n. s.* স্বকর্ম্ম বা ধর্ম্ম ত্যাগকারিণী, আপন ন্যায্য কর্ম্ম ত্যাগ করে যে স্ত্রী।

To **Deserve,** *v. a.* Fr. উপযুক্ত-কৃ, যোগ্য-কৃ, অর্হ-কৃ, লায়েক-হ, বা-কৃ

To **Deserve,** *v. a.* উপযুক্ত-কৃ, পারিতোষিক ইনাম বা প্রতিফল প্রাপ্ত হওনোপযুক্ত-কৃ বা-হ, অর্হ-কৃ, লায়েক-হ বা-কৃ যথাযোগ্য-হ।

Digitized by Google

Deservedly, *ad.* উপযুক্ততারূপে, যোগ্যত্বরূপে, সঙ্গতত্বরূপে, যা থার্থ্যরূপে, ন্যায্যতারূপে, অর্হত্বপূর্ব্বক যথাযোগ্যরূপে।

Deserver, *n. s.* পারিতোষিক দেয় যে, প্রতিফলদাতা।

Deserving, *n. s.* সঙ্গত উপযুক্ত অর্হ যোগ্য বা ন্যায্যব্যক্তি, হিতাস্বেষী।

Deservingly, *ad.* অর্হত্বরূপে, যোগ্যত্বরূপে, ন্যায্যতারূপে উচিতমতে।

Deshabille, Dishabille শব্দ দেখ।

Desiccants, *n. s.* ঔষধবিশেষ, মলম বা প্রলেপ যদ্দ্বারা ক্ষত শুষ্ক হয়, শুকা মলম।

To **Desiccate,** *v. a.* Lat. শুষ্ক-কৃ, রস টানিয়া-নী, রস টান, রস শুষ্ক-কৃ।

To **Desiccate,** *v. n.* শুষ্ক-হ।

Desiccation, *n. s.* শুষ্ককরণ, শুষ্কত্ব।

Desiccative, *a.* শুষ্ককরণক্ষম, শুষ্ককারী।

To **Desiderate,** *v. a.* চাহ, মাগ, যাচ্ঞা-কৃ, ভুল, ভ্রান্তি-কৃ, অপ্রত্যক্ষে চাহ বা ইচ্ছা-কৃ।

Desideratum, *n. s.* Lat. অনিশ্চিত বা অনিরূপিত বস্তু বা বিষয় অনুসন্ধান, অন্বেষণ বা চর্চ্চাদ্বারা নিশ্চয় বা প্রকাশ হয় নাই যে বিষয় যাহা বর্ত্তমান নয় অথচ বাঞ্ছনীয়।

Desidiose, *a.* Lat. অকর্ম্মা, বেকার, নিষ্কর্ম্মান্বিত, কুড়্যা, অলস, ভারী, জড়।

To **Design,** *v. a.* Lat. মনস্থ-কৃ, প্রস্তাব-কৃ, মতলব-কৃ, আশয়-কৃ, বাঞ্ছা-কৃ, ফিকির-কৃ, সৃষ্টি-কৃ, নক্শা-কৃ, গঠ, মনস্থ করিয়া-দা বা রক্ষ, আশয় বা অভিপ্রায় স্থির-কৃ, মনের মধ্যে স্থির-কৃ, বিশেষ অঙ্ক চিহ্ন বা লক্ষণ দ্বারা চিহ্ন বা স্থির-কৃ ঠাহর কল্প-কৃ, মনোরথ-কৃ।

Design, *n. s.* মতলব, মনস্থ, আশা, মনস্কামনা, কামনা, যাচ্ঞা, উপায়, ফিকির, নক্শা, সৃষ্টি, কর্ম্মের ডৌল বা রীতি, সাজষ, পরের ক্ষতি বা উৎপাতজনক নক্শা, অভিপ্রায়, ভাব, তাৎপর্য্য, ফিকির।

Designable, *a.* চিহ্নিতকরণীয়, চিনিয়া লওয়া যায় যাহাকে, বাছিয়া পৃথক্ করণযোগ্য, জ্ঞাত ভবনীয় বা করণীয়।

Designate, *a.* Lat. চিহ্নিত, অঙ্কিত, নিশ্চিত, পসন্দকৃত, পসন্দ হইয়াছে যাহাকে বা যাহাতে, মনস্থ বা সহি হইয়াছে যাহা, নিযুক্ত, নিযোগকৃত।

To **Designate,** *v. a.* দৃশ (ক্রি), দেখাইয়া-দা, নিশ্চিত-কৃ, চিন, বিবেচনা-কৃ, বাছিয়া-নী, জ্ঞা, নিয়োগ-কৃ, নির্দ্দেশকৃ।

Designation, *n. s.* দর্শান, দেখান, দেখাইয়া দেওন বা অঙ্কিতকরণ, চিহ্ন, দাগকরণ, নিযুক্ততা, নিযুক্তকরণ, নিয়োগকরণ, নিয়োজন, কারণ, আশয়, অভিপ্রায়, মতলব, লক্ষ, শ্রীনামা, হুকুম, বলিয়া দেওন, মনস্কামনা, নির্দ্দেশ।

Designative, *a.* নিযুক্তকারী, নিযুক্ত হয় বা করে যে, দেখাইয়া দেয় বা প্রকাশ করে যে।

Designedly, *ad.* অভিপ্রায়ে, মতলব করিয়া, মনস্থপূর্ব্বক, ফিকির করিয়া কোন বিশেষ অভিপ্রায়ে বা আশয়পূর্ব্বক জ্ঞানতঃ, জ্ঞানপূর্ব্বক, জেনেশুনে।

Designer, *n. s.* মতলব করে যে, ফিকিরী, অভিপ্রায়প্রকাশ বা দর্শক, দৃষ্টিকর্ত্তা, কল্পনাকারী, মনসুবাকারক, মনসুবাবাজ, চেষ্টাকর্ত্তা, উদ্যানের সৃষ্টি বা নক্শাকর্ত্তা, চিত্র বা তক্ষণ কর্ম্মের আশয় বা ভাব ব্যক্ত করে যে, গৃহনির্ম্মাণের নক্শা বা ঢাঁচা করে যে।

Designfulness, *n. s.* মতলবের বাহুল্য, অন্যের ক্লেশ বা অপকার সূচক অভিপ্রায় আশয় ভাব নিশ্চয় বা সৃষ্টিকরণ।

Designing, *part. a.* প্রতারক, জুয়াচোর, ঠগ, ধূর্ত্ত, দুর্ম্মতি, চতুর, শেয়ানা।

Designing, *n. s.* নক্লাকরণ, মূর্ত্তি লিখন বা অঙ্কিতকরণ, রূপ, চিত্রকরণ, পশু পক্ষি বা বৃক্ষাদির রূপ বা আকার লিখন বা চিত্রকরণ বা তাহার নক্লাকরণ।

Designless, *a.* অভিপ্রায়বর্জ্জিত, বেমতলব, অনর্থক বা বৃথা মতলব, ফিকির আশয় বা চেষ্টা নাই যাহাতে বা যাহার, মতলব নাই যাহাতে।

Designlessly, *ad.* অজ্ঞানরূপে, জ্ঞান বা সংস্কাররাহিত্যপূর্ব্বক, মতলব ফিকির বা অভিপ্রায়শূন্যত্বরূপে, না জানিয়া না শুনিয়া, না দেখিয়া, অবিবেচনাপূর্ব্বক, হঠাৎ, না ভাবিয়া।

Designment, *n. s.* মতলব, অভিপ্রায়, দ্বন্দ্বজ, ঝগড়া বা কলহপ্রয়োজক ফিকির মতলব বা কামনা, কোন কর্ম্মের নক্লা বা স্থূল বিবরণ।

Desinence, *n. s.* Lat. শেষ, অন্ত, আখের, বিরাম।

Desinent, *a.* শেষ হয় বা করে যে, অন্তকারী, অন্ত, কিনারা, শেষ, সর্ব্ব শেষ, সকলের শেষ, অন্ত বা নীচ, সর্ব্বকনিষ্ঠ, সকলহইতে ছোট বা ক্ষুদ্র, অত্যন্ত ছোট।

Desirable, *a.* কামনার বিষয়, কমনীয়, ইচ্ছা বা অভিলষণীয়, ইচ্ছা বা স্পৃহাযোগ্য, বাঞ্ছা হয় যাহাতে, বাঞ্ছনীয়, অর্থ্য, ইচ্ছু, উত্তম, সুখদ, মনোরম, প্রার্থনীয়, তুষ্টকারী, অভীষ্ট, মনোজ্ঞ, মনের মত, আকাঙ্ক্ষণীয়, কার্য্য।

Desirableness, *n. s.* বাঞ্ছনীয়ত্ব, অভিলষণীয়ত্ব, কামনার বিষয় হয় যাহাতে তদ্ভাব বা তদবস্থা, ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা।

Desire, *n. s.* Fr. ইচ্ছা, কামনা, অভিলাষ, বাঞ্ছা, আকাঙ্ক্ষা, অতিশয়েচ্ছা, ভোগ বা সুখ কামনা বা অভিপ্রায়ের বিষয় প্রাপণার্থে অত্যন্ত চেষ্টা উদ্বেগ বা ব্যস্ততা।

To **Desire,** *v. n.* চাহ, ইচ্ছ, সাধ-কৃ, শ্লেশ-কৃ, গরজ-কৃ, আশা-কৃ, ইচ্ছা-কৃ, স্পৃহা-কৃ, অভিলাষ-কৃ, কামনা-কৃ, লোভ-কৃ, অতিশয়েচ্ছা-কৃ, আশয় অভিলাষ বা মানস ব্যক্ত-কৃ, যাচ্ঞা-কৃ, মাগ, দরখাস্ত-কৃ, ভিক্ষা-কৃ, তলব-কৃ, দাওয়া-কৃ, আকাঙ্ক্ষা-কৃ।

Desirer, *n. s.* চাহে যে, ইচ্ছাকর্ত্তা, ইচ্ছু, দাওয়া করে যে, মাগে যে, স্পৃহাকারক, সাধ আছে যাহার, শ্লেশ করে যে, আকাঙ্ক্ষাকর্ত্তা।

Desireless, *a.* নিস্পৃহ, অনিচ্ছু, স্পৃহাবর্জ্জিত, কামনারহিত, ইচ্ছা নাই যাহার, বৈরাগী।

Desirous, *a.* আকাঙ্ক্ষাশালী, আকাঙ্ক্ষী, ইচ্ছু, ইচ্ছাবিশিষ্ট, স্পৃহাবিশিষ্ট, ইচ্ছাময়, অভিলাষী, কামনাবিশিষ্ট, গরজী, ব্যস্ত, অতিশয়েচ্ছু, লোভী, লোভাকৃষ্ট, লোভবিশিষ্ট, কামী।

Desirously, *ad.* গরজপূর্ব্বক, লোভপূর্ব্বক, ব্যস্ত হইয়া, অতিশয়েচ্ছাপূর্ব্বক, স্পৃহা কামনা বা ইচ্ছাপূর্ব্বক।

Desirousness, *n. s.* ইচ্ছাময়ত্ব, ইচ্ছা বা স্পৃহাবিশিষ্টত্ব, লোভ বা আকাঙ্ক্ষাবিশিষ্টত্ব।

To **Desist,** *v. n.* Lat. নিবৃত্ত-হ, নিরস্ত-হ, ক্ষান্ত-হ, ক্ষমা-দা, বিরত-হ, রহ, থাক, থাম, ক্ষান্ত-হ, হাত-তোল, হাত-উঠ (ক্রি), পরহেজ-কৃ, ত্যাগ-কৃ, রহিত-কৃ বা -হ।

Desistance, *n. s.* নিবর্ত্তন, নিরস্তকরণ বা হওন, ক্ষমা, ক্ষান্তি, বিরাম, নিবৃত্তি, হাত তোলন, হাত উঠান, পরহেজ, ত্যাগ, বর্জ্জন, শেষ।

Desitive, *a.* Lat. রহিত, শেষ, অন্ত, ক্ষান্তকারী, আখেরি, সমাধাকারী, শেষ বা অন্তকারী।

Desk, *n. s.* Sax. তকতী, একপ্রকার লিখিবার সিন্দুক বা ঢালুমেজ, পড়িবার মেজ, লিখিবার মেজ বা তক্তা, ডেস্ক।

Digitized by Google

To Desk, *v. a.* বন্দ-কৃ, সিন্দুকে ভর বা মুদ, জমা-কৃ, জমা করিয়া-রক্ষ।

Desolate, *a.* উচ্ছিন্ন, উজাড়, ওয়েরাণ, বসতিহীন, শূন্য, বাসিন্দা, দূরীকৃত বা উচ্ছিন্ন হইয়াছে যে স্থানহইতে, উদাস, মাঠ, জঙ্গল, নিভৃত, নির্জ্জন, অন্ধকার, মনুষ্য নাই যে স্থানে, অস্বামিক।

To Desolate, *v. a.* Lat. বসতিহীন-কৃ, উজাড়-কৃ, ওয়েরাণ-কৃ, শূন্য-কৃ, উচ্ছিন্ন-কৃ, অনাবাদী-কৃ।

Desolately, *ad.* উচ্ছিন্নত্বরূপে, ওয়েরাণপূর্ব্বক, বসতি নাশপূর্ব্বক।

Desolater, *n. s.* উচ্ছিন্নকর্ত্তা, ওয়েরাণ করে যে, উদাসকর্ত্তা, উজাড় করে যে, বসতিনাশক, অনাবাদকারক, নষ্টকর্ত্তা।

Desolation, *n. s.* বাসনাশ, বসতিনাশ, ওয়েরাণ, উচ্ছিন্ন, খারাব, নাশ বা উজাড়করণ বা হওন বা তদবস্থা বা তদ্ভাব, অন্ধকার, ভয়ানকত্ব, হানি, ঔদাস্য, বিষণ্ণতা, শোক, ত্যক্তস্থান, উচ্ছিন্নস্থান, জউাড় বা ওয়েরাণ হইয়াছে যে স্থান, নিভৃত।

Desolator, Desolater শব্দ দেখ।

Desolatory, *a.* নাশক, উচ্ছিন্নপ্রয়োজক, ওয়েরাণ বা উজাড় হয় যদ্দ্বারা বা যাহাতে।

Despair, *n. s.* Fr. অভরসা, নিরাশা আশা বা সাহসবর্জ্জিত, আশাহীনত্ব, ভরসা বা আশা শূন্যহওন বা করণ, নাউম্মেদ, ভরসা নাই যাহাতে তদবস্থা বা তদ্ভাব, নির্ভরসা।

To Despair, *v. n.* Lat. অভরসা-হ, নিরাশ-হ, নাউম্মেদ-হ, ভরসা বা আশাবর্জ্জিত বা শূন্য-হ, নির্ভরসা-হ।

To Despair, *v. a.* অভরসান্বিত-কৃ, নিরাশ-কৃ, নাউম্মেদ-কৃ (ক্রি)।

Despairable, *a.* অভরসান্বিত, ভরসারহিত, আশাশূন্য, নিরাশ।

Despairer, *n. s.* নিরাশ, ভরসা নাই যাহার, প্রত্যয় বা আশা নাই যাহার।

Despairful, *a.* ক্ষিপ্ত, নিরাশ, আশাবর্জ্জিত, নৈরাশ্যবিশিষ্ট।

Despairingly, *ad.* নিরাশাপূর্ব্বক, ভরসারাহিত্যরূপে, অভরসা বা নৈরাশ্যসূচক, আকার বা তদ্ভাবপূর্ব্বক।

To Despatch, *v. a.* Fr. শীঘ্র প্রেরণ-কৃ, ত্বরা পাঠ (ক্রি), ঝটিতি-কৃ, ত্বরা-কৃ, সার, নিষ্পত্তি-কৃ, এককালে সার, মারিয়া-ফেল, যমেরবাটী পাঠা (ক্রি), যমালায়েপাঠ (ক্রি), সংহার-কৃ, খুন-কৃ, হত-কৃ, ত্বরা বা সত্বরে কর্ম্মনির্ব্বাহ-কৃ, অন্যের সহিত কর্ম্ম নিষ্পন্ন-কৃ বা সমাধা-কৃ।

Despatch, *n. s.* ত্বরার কর্ম্ম, সত্বর কর্ম্ম, ত্বরা বা দ্রুত নিষ্পন্ন বা সমাধা হইয়াছে যে, কর্ম্ম, চালান, কর্ম্ম চালান, নির্ব্বাহকরণ, দূত, ধাবক, ধাউড়েবিশেষ, সমাচার বা বার্ত্তাসূচক পত্র, তৎ পত্রবাহক, শীঘ্র, তাগাদা, ঝটিতি।

Despatcher, *n. s.* সংহারক, সংহারকর্ত্তা, শেষকারক, অন্তকারক, কর্ম্মকর্ত্তা, কর্ম্মনির্ব্বাহক, কর্ম্ম চালায় বা সম্পন্ন করে যে।

Despatchful, *a.* ত্রস্ত, ত্বরান্বিত, দ্রুত, সত্বর, ত্বরাশীল।

Despection, *n. s.* Lat. দৃষ্টিকরণ, নজরকরণ, অধোদৃষ্টিকরণ, অধোবদনকরণ, মুখ হেঁটকরণ, মুখনিম্নকরণ, উপমা বাক্যে হেয় জ্ঞানকরণ, অবজ্ঞাকরণ, তুচ্ছকরণ।

Desperado, *n. s.* Span. সাহসী, অকুতোভয়, ভয় নাই যাহার, নির্ভয়, রাগোন্মত্ত, রাগান্ধ।

Desperate, *a.* Lat. অনুপায়ী, উপায় বা চারারহিত, ভরসাহীন, নির্ভরসা, নির্ভয়, প্রত্যয় বা ভরসা নাই যাহার বা যাহাতে, নিরাশ, বেপরওয়া, ভয়শূন্য, নিশ্চিন্ত, ভাবে না যে, বাঁচাওয়া নাই যাহার, খবরদারি নাই যাহার, উল্লঙ্ঘনীয়, অপ্রাপনীয়, অপ্রতিকার্য্য, অজয়ী, অবাধ্য, উন্মত্ত, পাগল, ক্ষিপ্ত, রাগান্বিত, রাগী, মরিয়া, খুনে, গোঁয়ার, ভয়ানক।

Desperate, *n. s.* সাহসি মনুষ্য, ক্ষিপ্ত মনুষ্য, মরিয়া মানুষ।

Desperately, *ad.* রাগপূর্ব্বক, নির্ভয়ত্বরূপে গোঁয়ারতিমিরূপে, ক্রোধান্বিতরূপে, পাগলামিপূর্ব্বক, মরিয়া হইয়া ভয় বিবেচনা বা পরিণাম দর্শনরাহিত্যপূর্ব্বক, উন্মত্ত হইয়া, জোর করিয়া, অনুপায় ঠাওরাইয়া নির্ভয়-রূপে, অগত্যা।

Desperateness, *n. s.* উন্মত্ততা, পাগলামি, রাগ, কোপ, নির্ভয়ত্ব, নিঃশঙ্কত্ব।

Desperation, *n. s.* অভরসা, ভরসারাহিত্য, নিরাশা, নির্ভরসা।

Despicable, *a.* Lat. তুচ্ছ, সামান্য, ক্ষুদ্র, জঘন্য, নীচ, অপকৃষ্ট, পাজি, অন্ত্যজ, নাকারা, মন্দ, অধম, অকর্ম্মণ্য, ঘৃণার্হ, হেয়, পামর, অবজ্ঞেয়।

Despicableness, *n. s.* সামান্যত্ব, জঘন্যত্ব, নীচত্ব, অধমত্ব, ক্ষুদ্রত্ব, অকর্ম্মণ্যত্ব, হেয়তা, তুচ্ছতা, পামরতা।

Despicably, *ad.* সামান্যত্বরূপে, জঘন্যতারূপে, তুচ্ছ বা সামান্যতাপূর্ব্বক, অধমতাপূর্ব্বক, অপকৃষ্টত্বরূপে, পামরতাপূর্ব্বক।

Despiciency, *n. s.* Lat. অধোবদন, মুখহেঁট, অধোদৃষ্টিকরণ, তুচ্ছকরণ, অবজ্ঞাকরণ, হেয় বা তুচ্ছরূপে, অধমতাপূর্ব্বক।

Despisable, *a.* তুচ্ছ, অবজ্ঞেয়, তুচ্ছকরণীয়, জঘন্যজ্ঞান করণোপযুক্ত, ক্ষুদ্র, সামান্য, হেয়, অবজ্ঞেয়।

Despisal, *n. s.* তুচ্ছকরণ, হেয়করণ, অবজ্ঞাকরণ, ঘৃণাকরণ, নিন্দাকরণ।

To Despise, *v. a.* Lat. তুচ্ছ-কৃ, হেয়জ্ঞান-কৃ, ঘৃণা-কৃ, অবজ্ঞা-কৃ, নিন্দা-কৃ, ক্ষুদ্র-জ্ঞা, লঘু করিয়া-জ্ঞা, সামান্য জ্ঞান-কৃ, অপমান-কৃ।

Despisedness, *n. s.* তুচ্ছনীয়ত্ব, ঘৃণার্হত্ব, অবজ্ঞেয়ত্ব।

Despiser, *n. s.* তুচ্ছকর্ত্তা, ঘৃণাকর্ত্তা, অবজ্ঞা করে যে, অবজ্ঞাকারী।

Despising, *n. s.* তুচ্ছবোধ, তাচ্ছীল্য, তুচ্ছকরণ, সামান্যবোধকরণ, ঘৃণাকরণ, অবজ্ঞাকরণ, নিন্দা।

Despite, *n. s.* Fr. দ্বেষ, অবজ্ঞা, ঈর্ষা, হিংসা, রাগ, ক্রোধ, কোপ, উষ্মা, অনিষ্টকরণেচ্ছা, শাত্রবতা, হুজ্জদ, আড়াআড়ি, আদওয়াদি, অবশীভূততা, অবধ্যত্ব, প্রতিকূলতা মুজাহেমী, প্রতিকূলাচরণ, বৈপরীত্য, রাগের কর্ম্মকরণ, কোপ কর্ম্মকরণ, অনিষ্টকরণ।

To Despite, *v. a.* ব্যজার-কৃ, ভাক্ত-কৃ, বিরক্ত-কৃ, উদ্বেগ জন(ক্রি), উৎপাত-কৃ, অপমান-কৃ, অমর্য্যাদা-কৃ, ক্লেশ-দা, দুঃখ-দা, দ্বেষ-কৃ, হিংসা-কৃ, ঈর্ষা-কৃ, অবজ্ঞা-কৃ।

Despiteful, *a.* রাগবিশিষ্ট, ক্রোধী, উষ্মান্বিত, রাগান্বিত, শত্রু, অনিষ্টজনক রাগ দ্বেষে পরিপূর্ণ যে, মন্দকারক, অহিতেচ্ছু, হিংসক, দ্বেষ্টা, দ্বেষী, বিদ্বেষক, দুরাচার, হিংসাপ্রধানক।

Despitefully, *ad.* রাগপূর্ব্বক, দ্বেষপূর্ব্বক, মন্দ বা অনিষ্টকরণাভিপ্রায়ে, শত্রুতাপূর্ব্বক, অবজ্ঞাপূর্ব্বক, দুঃখদাতৃত্বরূপে, মন্দকারিত্বরূপে, হিংসাপূর্ব্বক।

Despitefulness, *n. s.* রাগ, দ্বেষ, কোপ, মন্দকরণেচ্ছা, অনিষ্ট বা মন্দকরণ চেষ্টা বা অভিপ্রায়, ঘৃণা, তুচ্ছকরণ, অনিষ্টকারিত্ব, অপকারিত্ব, দুঃখদায়কত্ব, ক্লেশদাতৃত্ব, মন্দকারিত্ব।

Despiteous, *a.* রাগী, দ্বেষী, মন্দকরণেচ্ছু, মন্দ বা অনিষ্টচেষ্টক, শত্রু, ক্রোধী, উষ্মান্বিত, রাগান্বিত, কোপান্বিত।

Despiteously, *ad.* রাগপূর্ব্বক, ক্রোধপূর্ব্বক, ক্রোধ বা কোপ করিয়া।

To Despoil, *v. a.* Lat. অপহরণ-কৃ, অপহ্নব-কৃ, নী, ছিনিয়া-নী, বর্জ্জিত-কৃ, কাড়িয়া-নী, ক্ষতি-কৃ, হরণ-কৃ, লুঠ-কৃ, ঐশিক কৃপাবর্জ্জিত-কৃ, দৈব-কৃপাতে নিরাশ-কৃ।

Digitized by Google

Despoiler, *n. s.* অপহারক, অপহ্নবকর্ত্তা, হরণকর্ত্তা, লুঠেরা, লুঠ করিয়া লয় যে, ছিনিয়ালয় যে, কাড়িয়া লয় যে।

Despoliation, *n. s.* অপহরণ, হরণকরণ, লুঠকরণ, কাড়িয়া লওন ছিনিয়া লওন, জোর করিয়া লওন।

To **Despond,** *v. a.* Lat. নিরাশ-কৃ, অভরসা-কৃ, ভরসারহিত-কৃ, অভরসা জন (ক্রি), হতাশ-কৃ, প্রত্যাশা ছাড়া-(ক্রি), নিঃপ্রত্যাশ -কৃ, দৈব কৃপা হইতে নিরাশ-হ বা-কৃ।

Despondency, *n. s.* অভরসা, নিরাশা, ভরসারাহিত্য, নির্ভরসা, আশাবিহীনত্ব, প্রত্যাশাবিহীনত্ব, অনুপায়।

Despondent, *a.* ভরসাহীন, নির্ভরসা, নিরাস, নিরাশী, আশার হিত, আশাবিহীন, নাউম্মেদ।

Desponder, *n. s.* ভরসাবিহীন, অভরসান্বিত, ভরসা বা আশা নাই যাহার তদ্ব্যক্তি।

Despondingly, *ad.* নৈরাশ্যপূর্ব্বক, ভরসারাহিত্যরূপে, আশা বা প্রত্যাশাবর্জ্জিতত্বরূপে।

To **Desponsate,** *v. a.* Lat. বাক্-দা, বিবাহার্থে সম্বন্ধ নিবদ্ধ-কৃ, সম্বন্ধ-কৃ, বাগ্‌দান-কৃ।

Desponsation, *n. s.* বাগ্‌দান, বিবাহার্থে সম্বন্ধ নিবদ্ধকরণ, সম্বন্ধ করণ, বিবাহের সম্বন্ধ পরস্পর স্থৈর্য্যকরণ।

Despot, *n. s.* Gr. সম্রাট্, রাজাধিরাজ, অনধীনরাজ, স্বাধীনরাজ, স্বয়ং প্রভুত্ব করে বা আছে যাহার, অসীমক প্রভুত্ব বা স্বাতন্ত্র্য আছে যাহার বা তৎশাসন করে যে, যে রাজা ব্যবস্থায় বদ্ধ ন হেন কিন্তু স্বেচ্ছায় রাজকর্ম্ম করেন।

Despotical বা **Despotick,** *a.* স্বাধীন, স্বতন্ত্র, অনধীন, স্বয়ংপ্রভু, অসীমক প্রভুত্ব বা ক্ষমতা আছে যাহার, স্বেচ্ছাচারী, স্বেচ্ছাপ্রভু ত্বকারী।

Despotically, *ad.* স্বাতন্ত্র্যরূপে, অনধীনত্ব বা অসীমকত্ব বা প্রভুত্ব রূপে, স্বেচ্ছাচারিত্বরূপে, ঐকাধিপত্যরূপে।

Despotism, *n. s.* স্বাতন্ত্র্য, অনধীনত্ব, অসীমক ক্ষমতা বা প্রভুত্ব, অত্যন্ত প্রতাপ, স্বেচ্ছাচার, স্বাধীনত্ব, স্বাধীন পরাক্রম, ঐকাধি পত্য, স্বেচ্ছাপ্রভুত্ব।

To **Despumate,** *v. n.* Lat. ফেণা-হ, গাঁজলা-উঠ, ফেণা-উঠ, ফে ণা নির্গত-হ, ফুট।

Despumation, *n. s.* ফেণা, গাঁজলা, ফেণাউঠন, গাঁজলাহওন বা করণ, লাল বা ফেণা প্রক্ষেপকরণ।

Desquamation, *n. s.* Lat. অস্থি চাঁচন, অস্থি ছোলন।

Dess, *n. s.* Teut. মেজ, তক্তা, পাটা, তক্তী।

Dessert, *n. s.* Fr. ফলাহার, ফলাদিভক্ষণ, ফলাদিদ্রব্য, ভোজনা ন্তে ফল ও মিঠাই বা তদ্দ্রব্য আহারকরণ।

To **Destinate,** *v. a.* Lat. মনস্থ-কৃ, ঠাহর-কৃ, কোনবিশেষ কর্ম্মের নিমিত্তে নিযুক্ত বা অবধারিত-কৃ।

Destinate, *a.* নিশ্চিত, নিযুক্ত, অবধারিত, স্থৈর্য্য, নিরূপিত।

Destination, *n. s.* নিযুক্ত করণাভিপ্রায়, অভিপ্রায় বা মনস্থ, যন্নি মিত্তে কোন বিষয় বা বস্তু নিশ্চিত বা অবধারিত হয়, মনস্থ, ম নস্থ হইয়াছে বা করা গিয়াছে যে বিষয় বা বস্তু, মনস্থ বা নি শ্চিত হইয়াছে যদর্থে তদ্বস্তু।

To **Destine,** *v. a.* Lat. স্থির-কৃ, অবধারণ-কৃ, নির্দ্ধার্য্য-কৃ, নিশ্চয় -কৃ, নিয়োগ-কৃ, স্থাপন-কৃ, মকরর-কৃ, অপরিবর্ত্তন বা অন্যথার পে নিশ্চয়-কৃ, বা কোন অবস্থা প্রাপ্ত-কৃ, কোন কারণার্থে বা অ ভিপ্রায়ে নিযুক্ত-কৃ, সমর্পণ-কৃ, অর্পণ-কৃ, একেবারে-দা, উৎসর্গ করিয়া-দা, সাজা-দা, দণ্ডপ্রাপ্ত-কৃ, নিশ্চিত দণ্ডে অর্পণ-কৃ।

Destiny, *n. s.* Fr. কপাল, ভাগ্য, অদৃষ্ট, নশীব, প্রাক্তন, নিশ্চয়, অনির্বাচ্য বস্তু, অপরিবর্ত্তনীয় বিষয়।

Destitute, *a.* Lat. ত্যক্ত, বিরক্ত, বর্জ্জিত, ছাড়া, হীন, রহিত, শূ ন্য, অনাথা, নাচার, বেচারা, বাল্‌তি, বস্তুহীন, সহায়হীন, আ ত্মীয় বা অন্তরঙ্গ ব্যক্তি নাই যাহার, উদাসীন, অযোত্রবিশিষ্ট, অনির্বিঘ্ন, অকিঞ্চন, গরিব, অভাব আছে যাহার, স্বচ্ছন্দ নাই যে, অপ্রতুলগ্রস্ত, খালীহস্ত, রিক্তহস্ত, অভাগা, অনাথা, দশা হীন।

Destitute, *n. s.* অভাগ্যবৎ ব্যক্তি, দরিদ্র, দুঃখিব্যক্তি, গরিব না চার বা অনির্বিঘ্নব্যক্তি, দীনহীন, যোত্রশূন্য, সুখবর্জ্জিতব্যক্তি, বন্ধু আত্মীয় বা স্বজন ব্যক্তি নাই যাহার।

To **Destitute,** *v. a.* ত্যাগ-কৃ, ছাড়, দূর করিয়া-দা।

Destitution, *n. s.* দরিদ্রত্ব, অকিঞ্চনতা, অভাব, অপ্রতুল, দীনহী নতা গরিবী, দুর্দশা, বিরহ।

To **Destroy,** *v. a.* Lat. উচ্ছিন্ন-কৃ, উজাড়-কৃ, ওএরাণ-কৃ, নষ্ট-কৃ, নাশ-কৃ, ভঞ্জ, ভগ্ন-কৃ, বসতিহীন-কৃ, ধ্বংস-কৃ, হিংসা-কৃ, মার, খুন-কৃ, প্রাণদণ্ড-কৃ, প্রাণে-মার, শেষ-কৃ, অন্ত-কৃ, সংহত-কৃ।

Destroyable, *a.* হিংসাকরণক্ষম, নষ্টকরণীয়, নাশ্য, নাশকরণ যোগ্য, মারণক্ষম, মারণীয়, নাশোপযুক্ত, নাশ করিতে পারে যে বা তৎক্ষমতা আছে যাহার।

Destroyer, *n. s.* নাশক, নাশকর্ত্তা, বিনাশক, বিনাশকর্ত্তা, উচ্ছিন্ন করে যে, মারিয়া ফেলে যে, নষ্ট করে যে, এককালে শেষ করে যে, প্রাণঘাতক, খুনে, জীবহিংসক, সংহারক, সংহর্ত্তা।

To **Destruct,** *v. a.* Lat. নষ্ট-কৃ, নাশ-কৃ, ধ্বংস-কৃ, লোপ-কৃ।

Destructible, *a.* নাশনীয়, ধ্বংসনীয়, সংহার্য্য, বিনাশোপযুক্ত, নাশকরণীয়, ঘাতনীয়, লোপকরণোপযুক্ত, হানিযোগ্য, ধ্বংস, রিষ্টি, অবিঘাতকরণীয়।

Destructibility, *n. s.* নাশনীয়ত্ব, বিনাশোপযুক্তত্ব, ঘাতকোপযু ক্ততা, বিনাশকরণযোগ্যত্ব, হানি বা নষ্টোপযুক্তত্ব।

Destruction, *n. s.* বিনাশ, নাশ, ধ্বংস, হানি, সংহার, রিষ্টি, প্রলয়, অবিঘাত, নিপাত, উজাড়, উৎখাত, উচ্ছিন্নকরণ, লোপ, হিংসা, খুন, প্রাণাঘাত, কাটিয়া ফেলন, শিরশ্ছেদন, খুনকরণ, উচ্ছিন্নত্ব, অপকার হিংসা নষ্ট বা বিনাশ হইয়াছে যে বস্তু, ত ভাব বা তদবস্থা, নাশক, হিংসক, নাশকর্ত্তা, নিত্য মৃত্যু, নরকে পতন বা গমন।

Destructive, *a.* নাশক্ষম, বিনাশকত্ব বা হিংসা গুণবিশিষ্ট, নাশ করণের শক্তি ক্ষমতা বা গুণ আছে যাহার, ধ্বংসক, নাশক, বিনাশক, বিঘাতক, সংহারী, ক্ষতিকর্ত্তা, নাশপ্রয়োজক, নাশ বিশিষ্ট, লোপবিশিষ্ট, ধ্বংসকারী, মন্দ করে যে, উচ্ছিন্নত্বপ্রা প্তকারী, ক্রূর, উৎখাতী।

Destructively, *ad.* বিনাশপূর্ব্বক, অপকারপূর্ব্বক, ক্ষতিপূর্ব্বক, ম ন্দকরণপূর্ব্বক, হিংসাপূর্ব্বক।

Destructiveness, *n. s.* বিনাশকরণ, উচ্ছিন্নকরণ, নষ্টকরণকত্ব বা ধ্বংস, নাশ, ওএরাণ।

Destructor, *n. s.* নাশক, বিনাশক, লোপকর্ত্তা, ধ্বংসকর্ত্তা, অপ কারক, লোপক, ক্ষতিকারক।

Desudation, *n. s.* Lat. অবিশ্রান্ত ঘর্ম্ম, ঘর্ম্ম বহিয়া পতন, অত্যন্ত ঘর্ম্ম হওন, ঘর্ম্মে ভাসিয়া যাওন বা তদ্ঘর্ম্ম।

Desuetude, *n. s.* Lat. ক্ষতি, রহিতকরণ, বিশ্রামদেওন, ত্যাগ, ছা ড়ন, ছাড়িয়াদেওন, অভ্যাস ত্যাগকরণ, রীতি নিয়ম বা ধারার নিবৃত্তি বা অব্যবহার।

Desultory বা **Desultorious,** *a.* Lat. চঞ্চল, অস্থির, ধৈর্য্য নাই যাহার, অক্রমিক, একস্থানে থাকে না যে, অনিশ্চিত, এলুয়ামে লুয়া, বেব্যবস্থা, বেদাঁড়া, নিয়ম বা শৃঙ্খলা বা হেলাগোচা নাই যাহার, ভ্রমণকারী, দৌড়িয়া বেড়ায় যে, লাফিয়া ফেরে যে।

Digitized by Google

To Desume, *v. a.* Lat. নী, গ্রহণ-কৃ, অন্য কোন দ্রব্য স্থান বা ব্যক্তিহইতে নী।

To Detach, *v. a.* Fr. ভিন্ন-কৃ, পৃথক্-কৃ, বিভিন্ন-কৃ, জুদা-কৃ, তফাৎ-কৃ, খোল, খশ (ক্রি), খোলাশা-কৃ, ছাড় (ক্রি), কোন বস্তু বা ব্যক্তিহইতে তফাৎ-কৃ, অনেক সৈন্যহইতে কতক বা তদংশ সৈন্য পাঠ (ক্রি), বা প্রেরণ-কৃ, কটকহইতে একভাগ সৈন্য যুদ্ধার্থে বা কোন বিশেষ কর্ম্মার্থে প্রেরণ বা নিয়োগ-কৃ, তৈনাৎ-দা, তৈনাৎ প্রেরণ-কৃ।

Detachment, *n. s.* সৈন্যের একাংশ, কটক হইতে প্রেরিতসৈন্য, এক কিম্বা বহু যুদ্ধার্থে বা বিশেষপ্রয়োজনার্থে প্রেরিত সৈন্য, তৈনাত, রেশালা, ঝুণ্ড।

To Detail, *v. a.* Fr. বিশেষ করিয়া কথ, বিবরণ-কৃ, বিস্তার-কৃ, বিশেষ করিয়া জ্ঞাত-কৃ, তন্নং বা একং করিয়া বিবরণ-কৃ বা প্রকাশ-কৃ, কৈফিয়ৎ-কৃ বা -দা।

Detail, *n. s.* বিবরণ, বিস্তার, বিশেষ করিয়া বিবরণ, ব্যাখ্যা বা প্রকাশকরণ, বেওরা, বিতৎ, কৈফিয়ৎ, বিশেষকথা।

Detailer, *n. s.* বিবরণবক্তা, বিস্তার করিয়া কহে বা জ্ঞাত করায় যে, বেওরা করিয়া বলে যে।

To Detain, *v. a.* Lat. আটক-কৃ, পরদ্রব্য-আটক (ক্রি), পরের দ্রব্য বস্তু বা বিষয় আটক করিয়া-রক্ষ, কয়েদ-কৃ, ধরিয়া-রক্ষ, কয়েদ করিয়া-রক্ষ, লুকিয়া-রক্ষ, লুক, রোক, বদ্ধ-কৃ, প্রতিবন্ধ-কৃ, বাধা-জন (ক্রি), নিবারণ-কৃ, নিরস্ত-কৃ, রহিত-কৃ।

Detainder, *n. s.* কয়েদকরণের হুকুমনামা, কারাগারে বদ্ধকরণার্থে আজ্ঞাপত্র বা হুকুম, কর্জদায়ে কয়েদী ব্যক্তিকে আটকিয়া রাখিবার পরবানা।

Detainer, *n. s.* আটককারী, পরদ্রব্য কিম্বা বিষয় আটক করে যে, অপহারক, কাড়িয়া লইয়া বা ধরিয়া রাখে যে, কয়েদ, আটক, কারাগারে বদ্ধকরণ, কয়েদকরণ, বদ্ধকরণ, আটককরণ, পরের স্বার্থ বা যাথার্থ্য, অপহরণকরণ বা কাড়িয়া লওন।

To Detect, *v. a.* Lat. ধৃ, ধরিয়া বাহির-কৃ, সন্ধান-কৃ, ধরিয়া ফেল, গ্রেপ্তার-কৃ, সন্ধান করিয়া-ধৃ, দোষ বা প্রতারণা প্রকাশ-কৃ বা দৃশ (ক্রি), দোষ নিরীক্ষণ-কৃ, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, বাহির-কৃ, দোষানুসন্ধান-কৃ।

Detecter, *n. s.* প্রকাশকর্ত্তা, ধরিয়া বাহির করে যে, ধরে যে, ধরিয়া ফেলে যে, দেখিয়া সন্ধান করে যে, গ্রেপ্তার করে যে, সন্ধানকর্ত্তা, গুপ্ত বা লুক্কায়িত বস্তু প্রকাশ করে যে, অন্যের দোষ চর্চ্চক, দোষানুসন্ধানকারক।

Detection, *n. s.* ধরণ, গ্রেপ্তারকরণ, ধরিয়া ফেলন, দোষ প্রতারণা বা অপকর্ম্ম ধরণ বা নিরীক্ষণকরণ, লুক্কায়িত বা গুপ্ত বিষয় প্রকাশকরণ, বাধা।

Detention, *n. s.* ধরিয়া রাখণ, আটক করিয়া রাখণ, পরদ্রব্য বা বিষয় আটককরণ, অপহরণকরণ, অপহরণ, কয়েদ, আটক, বন্ধন, প্রতিবন্ধ-কৃ।

To Deter, *v. n.* Lat. ভয় দৃশ (ক্রি), ডর দৃশ (ক্রি), অভরসা-দা, ভীত-কৃ, সভয়-কৃ, ভয় দেখাইয়া নিবারণ-কৃ, ভগ্নচিত্ত-কৃ, নিবৃত্ত-কৃ।

Determent, *n. s.* ভয় দেখান, ডর দেখান, অভরসা দেওন, ভীত হওনের কারণ, ভয় হয় যদ্দ্বারা তদ্দ্রব্য বা কারণ, নিরস্তকরণ, নিবৃত্ত বা নিরস্ত হয় যদ্দ্বারা তদ্বস্তু, উদ্যোগভঞ্জন।

To Deterge, *v. a.* Lat. ক্ষত পরিষ্কার-কৃ, ঘা সাপ-কৃ।

Detergent, *a.* পরিষ্কারক, পরিষ্কারকারী, পরিষ্কারকরণক্ষম, পরিষ্কার বা সাপ করিবার ক্ষমতা বা শক্তি আছে যাহার, মলানাশক।

Detergent, *n. s.* পরিষ্কার করে যে বস্তু।

To Deteriorate, *v. a.* Lat. নষ্ট-কৃ, খারাব-কৃ, ভগ্ন-কৃ, জরা-কৃ, অধম-কৃ।

Deterioration, *n. s.* নষ্টকরণ, বিগড়ান, অপকৃষ্টকরণ, অধমকরণ, খারাবকরণ, ভগ্নকরণ, ভগ্নত্ব, জরাবস্থা, অধমাবস্থা, বিপ্রকৃষ্টকরণ।

Determinable, *a.* নিশ্চয়করণোপযুক্ত, বিবেচনীয়, বিবেচনাদ্বারা নিশ্চয়করণ যোগ্য, রফা বা নির্দ্ধার্য্যকরণ যোগ্য বা তদুপযুক্ত, অবধারণীয়, স্থিরকরণীয়, শেষকরণীয়, নিশ্চয়, প্রণিধাতব্য, নির্দ্ধার্য্য, নির্দ্ধারণীয়।

To Determinate, *v. a.* Fr. শেষ-কৃ, সীমা-কৃ, স্থির-কৃ, স্থৈর্য্য-কৃ, নিযুক্ত-কৃ, মকরর-কৃ,।

Determinate, *a.* নিশ্চিত, নিশ্চয়কৃত, অবধারিত, স্থৈর্য্য, নিয়মকৃত, বিবেচনাদ্বারা সিদ্ধ, নিয়মপূর্ব্বক স্থির হইয়াছে যাহা, -দৃঢ়, অচেল, নিতান্ত স্পষ্ট, পাকা, অচল, নির্দ্ধারিত, প্রকৃত।

Determinately, *ad.* নিশ্চিতস্বরূপে, যাথার্থ্যরূপে, অচেলরূপে, স্থির প্রতিজ্ঞারূপে।

Determination, *n. s.* বিবেচনা, বিচার, নির্দ্ধারণ, অবধারণ, ঠাহর, মনস্থ, কল্প, নিশ্চয়, সমাধা, অবধিকরণ, শেষ, চূড়ান্তকরণ, স্থিরকরণ বা হওন, স্থির করা যায় যে বস্তু।

Determinative, *a.* বিবেচনা করিয়া স্থিরকারী, অবধারণকারী, স্থৈর্য্য বা নিশ্চিত হয় বা করা যায় যাহাতে বা যদ্দ্বারা, অন্তকারী, শেষকারী, সীমা করে যে, সীমা হয় যাহাতে বা করে যে।

Determinator, *n. s.* নিশ্চয়কারক, স্থিরকর্ত্তা, নির্দ্ধারণ বা বিবেচনাকারক অল্পকারক, অবধারক।

To Determine, *v. a.* Lat. নিশ্চয়-কৃ, নিরূপণ-কৃ, স্থির-কৃ, মকরর-কৃ, নিয়ম-কৃ, নির্দ্ধারণ-কৃ, কল্পনা-কৃ, ঠাহর-কৃ, পরিষ্কার-কৃ, শেষ-কৃ, রফা-কৃ, সমাধা-কৃ, অন্ত-কৃ, সীমা-কৃ, সম্পন্ন-কৃ, শেষে নিশ্চয় বা স্থির-কৃ, বদ্ধ-কৃ, আটক-কৃ, রফাকরিয়া-দা, অর্থ-কৃ, বিবেচনা করিয়া স্থির-কৃ, মনস্থ-কৃ, নাশ-কৃ, বিনাশ-কৃ।

To Determine, *v. n.* শেষ-হ, অন্ত-হ, স্থির-হ, নিশ্চয়-হ, মনস্থির-কৃ, রফা-হ, পরিষ্কার-হ, কোন বিষয়ে স্থির বা মনস্থ-হ।

Determiner, *n. s.* নিশ্চয় বা স্থিরকর্ত্তা, স্থৈর্য্য করে যে, পরিষ্কার বা রফা করিয়া দেয় যে।

Deterration, *n. s.* Lat. মৃত্তিকা ছাড়াইয়া বা কাটিয়া বাহিরকরণ, মৃত্তিকার ভিতরহইতে উঠান বা প্রাপণ।

Detersion, *n. s.* Lat. ক্ষত পরিষ্কারকরণ, ক্ষত ধৌতকরণ, ঘা সাপকরণ।

Detersive, *a.* পরিষ্কারকরণক্ষম, পরিষ্কার করে যে বা হয় যদ্দ্বারা, পরিষ্কার করণে ক্ষমতা আছে যাহার, নির্ম্মলকরণ, ক্ষমতাপন্ন।

Detersive, *n. s.* লেপ বা মলমবিশেষ যদ্দ্বারা ক্ষত বা কাটা ঘা পরিষ্কার হয়, লেপন ঔষধ, প্রলেপ।

To Detest, *v. a.* Lat. ঘৃণা-কৃ, তুচ্ছ-কৃ, অবজ্ঞা-কৃ, হেয়-কৃ, নাপছন্দ-কৃ, মন্দ-বাস, দ্বেষ-কৃ।

Detestable, *a.* ঘৃণার্হ, ঘৃণাযোগ্য, ঘৃণাকরণোপযুক্ত, তুচ্ছ, গর্হণীয়, অবজ্ঞেয়, তুচ্ছীকৃত, অশ্রদ্ধেয়।

Detestably, *a.* ঘৃণাপূর্ব্বক, অবজ্ঞাপূর্ব্বক, তুচ্ছ করিয়া।

Detestableness, *n. s.* ঘৃণার্হত্ব, ঘৃণাযোগ্যত্ব, অবজ্ঞা, ঘৃণা বা অবজ্ঞা হয় যাহাতে তদ্গুণ বা তদ্বিষয়।

Detestation, *n. s.* ঈর্ষা, ঘৃণা, তাচ্ছল্য, অবজ্ঞা, অশ্রদ্ধা, দ্বেষ।

Detester, *n. s.* ঘৃণাকারী, ঘৃণা বা অশ্রদ্ধাকর্ত্তা, দ্বেষ বা অবজ্ঞা করে যে।

Digitized by Google

To **Dethrone**, *v. a.* Lat. রাজ্যচ্যুত-কৃ, রাজতক্ত বা পদহইতে চ্যুত-কৃ, রাজত্ব কাড়িয়া-নী, রাজসিংহাসনহইতে তাড়াইয়া-দা বা বর্জ্জিত-কৃ।

Dethronement, *n. s.* রাজ্যচ্যুতকরণ, রাজ্য বা সিংহাসনহইতে চ্যুতকরণ।

Dethroner, *n. s.* রাজ্যচ্যুত করে যে, রাজত্ব বা রাজসিংহাসনহইতে চ্যুত করে যে, তৎকর্ম্মে সহকারিতা করে বা পোষকতা করে যে।

To **Dethronize**, *v. a.* সিংহাসনবর্জ্জিত-কৃ, রাজতক্ত বা পদহইতে উঠাইয়া বা তাড়াইয়া-দা।

Detinue, *n. s.* Fr. পরওয়ানা বা রাজাজ্ঞাবিশেষ, গচ্ছিতদ্রব্য অহরকারি ব্যক্তিকে ধরিবার একপ্রকার চিটী বা তলব।

To **Detonate**, *v. n.* Lat. ঝনঝনার ন্যায় শব্দ-হ।

Detonation, *n. s.* তীক্ষ্ণ বা ভারি শব্দবিশেষ, চড়বড়শব্দ, চড়ংশব্দ।

To **Detonize**, *v. a.* ভর্জ্জ, চড়বড় করিয়া-ভর্জ্জ।

Detorsion, *n. s.* অন্যথাকরণ, বহির্ভূতহওন বা করণ, নিশ্চিত মতলব বা অভিপ্রায়ের বৈপরীত্য বা বৈলক্ষণ্য।

To **Detort**, *v. a.* Lat. যথার্থ নিয়মহইতে বাহির-কৃ, অন্যথা-কৃ, মতলব বা অভিপ্রায়ের বিপরীত-কৃ, আসলহইতে বৈলক্ষণ্য-কৃ।

Detour, *n. s.* Fr. ফেরণ, ভ্রমণ, ভ্রমণ করিয়া ফেরণ।

To **Detract**, *v. a.* Lat. কম-কৃ, কম (ক্রি), অপহরণ-কৃ, হরণ-কৃ, হিংসা বা দ্বেষপূর্ব্বক অন্যের খ্যাতি বা যশের হানি-কৃ, অপমান-কৃ, অখ্যাতি-কৃ, ত্যাগ-কৃ, ছাড়িয়া-নী, ছাড়িয়া-গম, অসূয়া-কৃ, অপবাদ-কৃ।

Detracter, *n. s.* নিন্দক, অপবাদক, অমর্য্যাদক, পরের মানের বা সম্ভ্রমের হানিকর্ত্তা।

Detraction, *n. s.* খর্ব্বকরণ, ছোটকরণ, মানের হ্রাসকরণ, অখ্যাতি, অপলাপ, বদনাম, অপমান, নিন্দা বা অপবাদদ্বারা মানের লাঘবকরণ, অখ্যাতিকরণ।

Detractious, *a.* অপমানকারী, খর্ব্বকারী, মূল্য মর্য্যাদা বা খ্যাতির হানিকারী, অমর্য্যাদাবন্ত, অমর্য্যাদক, অখ্যাতিজনক।

Detractive, *a.* খর্ব্বকারী, খর্ব্বকরণক্ষম, ন্যূনকরণে শক্তিবিশিষ্ট, ন্যূনকরণোদ্যত বা তৎকর্ম্মে প্রবৃত্ত, অপলাপসম্বন্ধীয়, অখ্যাতিকর।

Detractor, *n. s.* অপমানকর্ত্তা, অখ্যাতিকারক, অন্যের সম্ভ্রম বা মর্য্যাদার হানিকর্ত্তা, অপলাপক।

Detractory, *a.* অপমানকারক, অমর্য্যাদক, অখ্যাতিকারী, খর্ব্বকারী, অপলাপ্য।

Detractress, *n. s.* অপমানকারিণী, অমর্য্যাদা বা অখ্যাতি করে যে স্ত্রী, নিন্দাকারিণী।

To **Detrect**, *v. a.* Lat. অস্বীকার-কৃ, অমান্য-কৃ, না-কৃ, অসম্মত-কৃ, অগ্রাহ্য-কৃ।

Detrectation, *n. s.* অস্বীকারকরণ, অমান্যহওন বা করণ, অগ্রাহ্যকরণ, কোন কর্ম্ম করিতে অস্বীকার।

Detriment, *n. s.* Lat. অপকার, হানি, নোক্সান, ক্ষতি, অপচয়, অপচিতি।

Detrimental, *a.* হানিকারক বা জনক, অপকারক, নোকসান হয় যাহাতে বা করে যে, মন্দকারী, ক্ষতিকারক, ক্ষতি বা মন্দ করায় যে বা হয় যদ্দ্বারা, ক্ষতিবিশিষ্ট, অপচয়বিশিষ্ট, বাধাজনক, হানি বা ক্ষতিসম্বন্ধীয়, অপকারী, নোকসানী।

Detrition, *n. s.* Lat. ক্ষয়করণ, হ্রাসকরণ।

To **Detrude**, *v. a.* Lat. দাব (ক্রি), নীচ-কৃ, ঠাসিয়া বা দাবিয়া ছোট-কৃ, অধোধঃ স্থানে নিক্ষেপ-কৃ, নীচে ঠিলিয়া-দা -বা ফেল।

To **Detruncate**, *v. a.* Lat. ছোট-কৃ, কর্ত্তন-কৃ, কাটিয়া ছোট-কৃ, অগ্রভাগ কাট বা ছাঁট।

Detruncation, *n. s.* কাটন, ছাঁটন, অগ্রভাগ কাটিয়া ফেলন, ছেদন।

Detrusion, *n. s.* Lat. দাবান, ঠাসন, ঠাসিয়া ভরণ, গাদন, বসাইয়া দেওন, অধঃক্ষেপ।

Deturbation, *n. s.* Lat. খর্ব্বকরণ, ছোটকরণ, অপমানকরণ, অপমান, অমর্য্যাদা।

To **Deturpate**, *v. a.* Lat. নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ।

To **Devast**, *v. a.* Lat. লুঠ, লুঠকরণ, অপহরণ-কৃ, ক্ষতি-কৃ, অপচয়-কৃ।

To **Devastate**, *v. a.* ক্ষতি-কৃ, হ্রাস-কৃ, নোকসান-হ।

Devastation, *n. s.* ক্ষতি, অপচয়, নোকসান, নাশ, উচ্ছিন্নত্ব, উজাড়, ওএরাণ, অভিসম্পাত, উপদ্রব।

Deuce, *n. s.* Fr. দুরী, দুই ফোটা, ভূত, শয়তান; Deuse শব্দ দেখ।

To **Develope**, *v. a.* Fr. খোল, ছাড় (ক্রি), বিস্তার-কৃ, আবির্ভাব-কৃ, প্রসন্ন-কৃ, খোসা বা আবর্ত্তনী দূর-কৃ, প্রকাশ-কৃ।

Developement, *n. s.* প্রকাশকরণ, দেখান, তন্নং করিয়া দেখান বা প্রকাশকরণ, আবির্ভাবকরণ, প্রসন্নকরণ।

Devergence, *n. s.* Lat. উচানীচা বা আবুড়াখাবুড়াভাব, হেঁটহওন, নিম্নত্ব।

To **Devest**, *v. a.* Lat. হীন-কৃ, রহিত-কৃ, বর্জ্জিত-কৃ, কাড়িয়া-নী, ছিনিয়া-নী, বলাৎকারে-নী, উত্ত্যক্ত-কৃ, বস্ত্রহীন-কৃ, নগ্ন-কৃ, উলঙ্গ-কৃ, নিবারণ-কৃ, অন্যথা-কৃ, অন্যমত-কৃ, অন্যবিধ-কৃ, রদ-কৃ, লোপ-কৃ, বাতিল-কৃ, মুক্ত-কৃ, ভাল-কৃ।

Devex, *a.* Lat. নিম্ন, নত, হেঁটমুখ, অধোমুখ, অধোবদন, অধোমুখ, নম্রানন, নতানন, নতমস্তক।

Devex, *n. s.* নিম্নত্ব, অধোগমন, অধোমুখতা, অধোমুখাবস্থা বা তদ্ভাব, ঝোঁকাই, হেলাই, কাইৎ হওয়াবস্থা।

Devexity, *n. s.* নিম্নহওন, অধোগমন, অধঃপতন, অধোদিগে নিম্নত্ব বা বক্রত্ব, নীচে বাঁক, নীচে হেলা বা ঝোঁকাইত হওয়া তদবস্থা বা তদ্ভাব।

To **Deviate**, *v. n.* Fr. বিপথাবলম্বী-হ, সৎপথভ্রষ্ট-হ, সৎপথত্যাগী-হ, বিপথে-গম, কুপথগামী-হ, কুমার্গগামী-হ, যথার্থ পথের বহির্ভূত-হ, বেঁকিয়া-যা, যথার্থ বা নিয়মিত পথ ছাড় বা তাহা ত্যাগী-হ, পৃথক্-হ, অন্যথা-হ বা -কৃ, ভ্রম-হ, ভ্রমী-হ, অপরাধী-হ, পাপী-হ, ভ্রান্ত-হ, পাপকর্ম্মকারী-হ।

Deviation, *n. s.* বিপথে গমন, কুমার্গাবলম্বন, কুপথে গমন, বেঁকিয়া যাওন, অসৎপথপরিগ্রহ, সৎপথছাড়ন, কুপথগামীহওন, প্রকৃত পথ পরিত্যাগকরণ, ভ্রষ্টহওন, ভ্রমাত্মকহওন, ভ্রান্তহওন, ভ্রান্তিযুক্তহওন, বহির্ভূতহওন বা করণ, রীতি বা নিয়ম বা সৎপথের বহির্ভূতহওন, ত্যাগ, ছাড়ন, ভ্রান্তি, ভ্রম, অপরাধ, পাপ, কুব্যবহার, দুর্ব্যবহার, বক্রব্যবহার, অসরলাচার, কপটাচার।

Device, *n. s.* Fr. কল্পনা, উপায়, চেষ্টা, ফিকির, প্রক্রিয়া, কৌশল, শৈলী, ফাঁদ, প্রতারণা, মতলব, আকৃত, মনস্থ, অভিপ্রায়, আশয়, তাৎপর্য্য, সৃষ্টি, মোহরের চিহ্ন বা অঙ্ক, দর্শন, দেখান, প্রকাশ্য, সং, তামাসা।

Deviceful, *a.* সংবিশিষ্ট, কাছুয়া, কাছ করে যে, নকুল্যে, কাপ,

Digitized by Google

ব্যয়সাধ্য, তামাসা, ফিকিরবিশিষ্ট, ফিকিরওয়ালা, ফিকিরী, মতলব খাটায় যে, মতলবী, চেষ্টাবিশিষ্ট।

Devicefully, *ad.* আশ্চর্য্যরূপে, অদ্ভুতরূপে, বিস্ময়রূপে, আশ্চর্য্য বা অপরূপপূর্ব্বক, চেষ্টাপূর্ব্বক।

Devil, *n. s.* Sax. অপদেবতা, ভূত, প্রেত, শয়তান, পিশাচ, দষ্ট, দুরাচার, কৌতুকার্থে মন্দ হানি বা হিংসা বুঝায়।

Deviling, *n. s.* ক্ষুদ্র বা নব্য ভূত, প্রেত, শয়তানটী, শয়তান ছেলে।

Devilish, *a.* ভূতুড়ে, ভূতধর্ম্মক, ভূতের মত, ভূতের গুণকারী বা তদ্গুণজনক, ভূতের সহিত সাক্ষাৎ বা কথোপকথন হয় যাহার, শয়তানী করে বা আছে যাহার, ঘৃণা তাচ্ছল্য বা হেয়জ্ঞানপ্রয়োজক শব্দ, আশ্চর্য্য, অসম্ভব, শয়তানী, দুরাচারী।

Devilishly, *ad.* ভূতের ধর্ম্ম ভাব বা গুণপূর্ব্বক।

Devilishness, *n. s.* ভূতলামী, ভূততা, ভূতের ধর্ম্ম গুণ অবস্থা বা স্বভাব।

Devilism, *n. s.* ভূতের অবস্থা পদ বা ধর্ম্ম।

To **Devilize**, *v. a.* ভূতাবেশ-কৃ(ঞি), উপরিভাব-কৃ(ঞি), ভূতবৎ-কৃ, ভূতের সহবাসী-কৃ, ভূতের মধ্যে রক্ষ, ভূতান্তঃপাতী-কৃ, ভূত-প্রাপ (ঞি)।

Devilkin, *n. s.* ক্ষুদ্রভূত, ভূতশাবক, ভূতের বাচ্চা বা ছানা, পুঁট্যা শয়তান।

Devilship, *n. s.* ভূতের নাম আকার পদ বা অবস্থা।

Devious, *a.* Lat. চলন পথ বা নিশ্চিত চিহ্নহইতে বহির্ভূত, ভ্রামক, ভ্রমণকারক, ঘুরে ফিরে যে, অটনকারী, পর্য্যটনকর্ত্তা, বেড়ায় যে, ভ্রমণ করিয়া ফিরে যে, অস্থির, চঞ্চল, লোল, চপল, অনিশ্চিত, অনির্দ্দিষ্ট, অনির্ণীত, বিপথগামী, কুপথগামী, বক্র, বাঁকা।

To **Devirginate**, *v. a.* Lat. পাতিব্রত্যভঞ্জন-কৃ, সতীত্বনাশ-কৃ, কুমারীত্ব বিনাশ-কৃ, নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ, কুমারীধর্ম্মচ্যুত-কৃ, অসতীত্ব-কৃ, সতীধর্ম্ম সংহার-কৃ, সতীত্বের বিঘ্ন-জন (ঞি)।

Devisable, *a.* চেষ্টনীয়, চেষ্টাকরণোপযুক্ত, ঈহনীয়, ঈহাকরণোপযুক্ত, কল্পনীয়, উপায়করণোপযুক্ত, সৃজ্য বা নির্ম্মেয় বা তৈয়ার করা যায় যাহা, প্রস্তুত্য, নূতন সৃষ্টিহইতে পারে যাহা সৃষ্টি বা রচনা হইবার সম্ভাবনা আছে যাহার, উইলসংজ্ঞক পত্রদ্বারা দাতব্য।

To **Devise**, *v. a.* Fr. চেষ্টা-কৃ, কল্পনা-কৃ, ফিকির-কৃ, উপায়-কৃ, ফিকিরদ্বারা প্রস্তুত-কৃ, কৌশলদ্বারা নিষ্পন্ন বা গঠন-কৃ, রচন-কৃ, সৃষ্টি-কৃ, নির্ম্মাণ-কৃ, বান (ঞি), নূতন সৃষ্টি-কৃ, আকার-কৃ, দান পত্র-দা মুমূর্ষুদানপত্রে দান-কৃ বা লিখিয়া-দা।

To **Devise**, *v. n.* আলোচনা-হ, বিবেচনা-হ, বিচার-কৃ -বা-হ, চেষ্টা বা তদারক-কৃ বা-হ।

Devise, *n. s.* Fr. দান, হেবা, দানপত্রদ্বারা দান, দানপত্র, হেবা করণ, চেষ্টা, ফিকির।

To **Devise**, *v. a.* [Law Term.] হেবা-কৃ, দানপত্রদ্বারা দা বা সম্প্রদান-কৃ, হেবানামা করিয়া-দা, উইলসংজ্ঞক পত্রে-দা, দানপত্রে-দা, তৎপত্রে লিখিয়া-দা।

Devisee, *n. s.* হেবা করা যায় যাহাকে, দানপত্রে দান পাইয়াছে যে, মুমূর্ষুকালের দানপাত্র, উইলসংজ্ঞক পত্রদ্বারা দান করা যায় যে ব্যক্তিকে বা তদ্দানপ্রাপ্ত হয় যে, মৃতব্যক্তির দান পায় যে ব্যক্তি, দানপত্র দেওয়া গিয়াছেযাহাকে।

Deviser, *n. s.* চেষ্টক, চেষ্টাকর্ত্তা, কল্পনাকারক, ফিকির করে যে।

Devisour, *n. s.* মুমূর্ষু দানপত্রে দান, সম্প্রদাতা, হেবা করে যে, হেবানামাতে দান দেয় যে।

Devitable, *a.* Lat. ত্যজ্য, ত্যাগকরণীয়, উন্নম্রনীয়, লঙ্ঘয়িতব্য, উপেক্ষণীয় বিসর্জ্জনীয়, ছাড়ান যায় যাহাকে, বাঁচিতে পারা যায় যাহাহইতে, পরিহরণীয়, দূর পরিহার্য্য, ভাঁড়াইবার যোগ্য, প্রতার্য্য, ভগুনীয়, ভাঁড়াইয়া যাওয়া যায় যাহাকে বা যাহাহইতে, পলান যায় যাহাহইতে।

Devitation, *n. s.* পলায়ন, পলাইয়া যাওন, পলাইয়া বাঁচন, দেশান্তরহওন, বাঁচন, ত্যাগকরণ, দূরপরিহার, এড়ান, ছাড়ান, ভাঁড়ান।

Devocation, *n. s.* Lat. ডাকন, ডাকিয়া আনন, ডাকিয়া লইয়া যাওন, আহ্বানকরণ, ভুলাইয়া লওন ফুসলাইয়া বা ফাকি দিয়া বাহিরকরণ, বাহিরকরণ, বাহির করিয়া লইয়া যাওন।

Devoid, *a.* Fr. খালি, শূন্য, রিক্ত, হীন, বঞ্চিত, রহিত, বর্জ্জিত, খোলাশা, অভাববিশিষ্ট।

Devoir, *n. s.* Fr. শিষ্টতা, নম্রতা বা সম্বর্দ্ধনাকরণ, সম্মান, সমাদর, পূজাকরণ, অর্চ্চনাকরণ, সৎকার, সৎকার্য্য, সেবা, কর্ত্তব্য কর্ম্ম, আর্য্যকর্ম্ম।

To **Devolve**, *v. a.* Lat. গড়াইয়া-পত, গুড়াইয়া-পত, গড়াইয়া হস্তে ফির, একহস্তহইতে আর হস্তে-আগম, আড়ে পত, পঁহুছ, অর্পণ-কৃ।

To **Devolve**, *v. n.* গড়াইয়া পতন-হ, হাতেং ফির, হস্তেং-বুল, ক্রমে আগম, পঁহুছ, পত, অর্শ, ক্রমেং নূতন স্থান বা অবস্থাপ্রাপ্ত-হ, পতনশীল-হ, হস্তস্থ।

Devolution, *n. s.* Lat. পড়ন, পতন, গড়াইয়া পতন, গড়াইয়া আইসন, হস্তেং ফিরণ, হস্তে বুলন, একস্থান বা হস্তহইতে স্থানান্তরহওন, হস্তান্তর পঁহুছন, প্রাপণ।

Devoration, *n. s.* Lat. খাদন, খাইয়া ফেলন, গেলন, গিলিয়া ফেলন, ভক্ষণ, ভক্ষণকরণ, পেটে ভরণ, গ্রাসকরণ, ভোজন, ভোজনকরণ, উদরে ভরণ, অশন, খাদন।

Devotary, *n. s.* ভক্ত, চেলা, শিষ্য, সাকিরেদ, আরাধক, সাধক, উপাসক, নিশ্চিত ধর্ম্মে বা মতে নিযুক্ত যে ব্যক্তি, নিশ্চিত বা কোন দেবতার মত বা ধর্ম্ম মতাবলম্বি ব্যক্তি।

To **Devote**, *v. a.* Lat. উৎসর্গ-কৃ, উৎসর্গকরিয়া-দা, উৎসর্গপূর্ব্বক পাত্রসাৎ-কৃ, প্রদান-কৃ, দান-কৃ, বিতরণ-কৃ, বিশ্রাণন-কৃ, অর্পণ-কৃ, সমর্পণ-কৃ, সংকল্প করিয়া-দা, অভিলাষপূর্ব্বক-দা, নিযুক্ত-কৃ, মকরর-কৃ, নির্দ্দিষ্ট-কৃ কোন ধর্ম্ম বা মতাবলম্বন-কৃ, নিশ্চিত উপাসনা বা বিদ্যাভ্যাসে নিযুক্ত বা নিবিষ্ট-কৃ, উপেক্ষণ-কৃ, ফেলিয়া-দা, ন্যস্কার-কৃ, মন্দ বা দূরপ্রকরণে ন্যাস-কৃ, নিক্ষেপ-কৃ, মগ্ন-কৃ, ভাসাইয়া-দা, নষ্ট-কৃ, শাপ-দা, অভিশাপ-কৃ, মন্যু-কৃ, নিন্দা-কৃ, অপবাদ-কৃ।

Devote, *a.* মগ্ন, আসক্ত, নিবিষ্ট, আবিষ্ট হইয়াছে যে, তৎপর, ভক্ত, উপাসক, ধ্যায়ী বা ধ্যাত, কৃপ্ত, অধীন, আশ্রিত, সহগত, অনুবৃত্ত।

Devote, *n. s.* বিশেষ কর্ম্মে বা ধর্ম্মে নিবিষ্ট ব্যক্তি, নিশ্চিত ধর্ম্মে বা মতে অবলম্বী বা নিবিষ্ট হইয়াছে যে, ভক্ত, উপাসক।

Devotedness, *n. s.* ভক্তি, শ্রদ্ধা, মান্যতা, উৎসর্গ, সমর্পণ, সংকল্প, ধ্যান, মগ্নতা, কৃপ্তত্ব, নিবিষ্টতা, আবিষ্টতা, শ্রদ্ধান্বিতত্ব, শ্রদ্ধালুতা, উপাসকতা, অভিনিবেশ, পরায়ণতা।

Devotee, *n. s.* Fr. ভক্ত, গোঁড়া, পক্ষপাতী, উপাসক, সন্ন্যাসী, ভাক্ত তপস্বী, গোঁড়ামিদ্বারা আপন শ্রদ্ধা ভক্তি উপাসকতা বা মতের উৎকর্ষ জানায় যে, আপন উপাস্য দেবের বড়াই করে যে, তপস্বী, যোগী, সুতপাঃ, দরবেশ।

Devotement, *n. s.* নিযুক্তকরণ, নিবিষ্টকরণ, অবলম্বনকরণ, উৎসর্গকরণ, সমর্পণকরণ।

Digitized by Google

Devoter, *n. s.* উপাসক, সাধক, ভজনওয়ালা।

Devotion, *n. s.* Lat. উৎসর্গ বা প্রতিষ্ঠা বা সংস্কার হইয়াছে যে বস্তুর তদ্ভাব বা তদবস্থা, ধর্ম্ম, ধর্ম্মকর্ম্ম, সাধনা, আরাধনা, উপাসনা, পূজা, অর্চ্চনা, তপস্যা, ধর্ম্মনিবেশ, স্তব স্তোত্র পূজা হোম ইত্যাদিকর্ম্ম, ইষ্ট কর্ম্ম মন্ত্র পাঠ বা স্তব পাঠ, ধার্ম্মিকতা, নৈষ্ঠিকতা, মান্যকরণ, মর্য্যাদাকরণ, সম্ভ্রমকরণ, শিষ্টাচারকরণ, স্নেহ, ভালবাসা, প্রিয়বাসন, প্রণয়, অত্যন্ত প্রেম, দৃঢ় প্রীতি, ব্যগ্রতা, ঔৎসুক্য, চেষ্টা, ক্ষমতা, শক্তি, সামর্থ্য, অধীনত্ব, পরাধীনাবস্থা।

Devotional, *a.* ধর্ম্মবিষয়ক, ধর্ম্মসম্বন্ধীয়, পূজা অর্চ্চনা বা আরাধনা সম্বন্ধীয়।

Devotionalist, *n. s.* গোঁড়া, নাবুঝিয়া পক্ষপাত বা গোঁড়ামি করে যে ব্যক্তি, সচেষ্ট বা উৎসাহশীল, মূর্খব্যক্তি, যুজ্ঞবিশেষ, কাল্পনিক তপস্বী, ভাক্ত সন্ন্যাসী বা উপাসক।

Devotionist, *n. s.* ভাক্ত তপস্বী, ভণ্ডতপস্বী, কৃত্রিমযোগী ভাক্ত সন্ন্যাসী বা উপাসক, কল্পিত বা মূর্খ সাধক।

Devoto, *n. s.* ভক্ত, গোঁড়া, উপাসক, সাধক, আরাধক, আজ্ঞাকারী, আজ্ঞাবহ, নির্দ্দিষ্ট ব্যক্তি।

Devotor, *n. s.* উপাসক, সাধক, মান্য করে যে, উপাসনা আরাধনা বা অর্চ্চনা বা পূজা করে যে ব্যক্তি।

To **Devour**, *v. a.* Lat. গ্রাস-কৃ, পেটে ভর, খাইয়া ফেল, খাদ, ভক্ষণ-কৃ, গেল, গিলিয়া-ফেল, আড়ে-গেল, আস্ত-গেল, নাকে মুখে-খাদ, নষ্ট-কৃ, বিনাশ-কৃ।

Devourer, *n. s.* খাদক, গ্রাসকারক, নাশক, বিনাশক, সংহারক পেটে ভরে যে, খাইয়া ফেলে যে, গেলে যে, খেকুয়া, গ্রাসী।

Devouringly, *ad.* বিনাশপূর্ব্বক, ব্যাদানরূপে, নাশকরণরূপে, ধ্বংসরূপে, সংহারপূর্ব্বক।

Devout, *a.* Lat. ভক্ত, ধার্ম্মিক, ধর্ম্মী, সাধু, সাত্ত্বিক, ধর্ম্মিষ্ঠ, ইষ্টনিষ্ঠ, ঈশ্বরনিষ্ঠ, ধর্ম্মাত্মা, শ্রদ্ধান্বিত, আস্তিক, ভক্তি বা শ্রদ্ধা আছে যাহার পারমার্থিক।

Devout, *n. s.* ভক্ত, উপাসক, সাধক, আরাধক, ঈশ্বরনিষ্ঠ।

Devoutlessness, *n. s.* ভাক্তত্ব, অনাস্থিকতা, ধার্ম্মিকতাবিহীনত্ব, অধর্ম্মিত্ব, অধার্ম্মিকতা, অধর্ম্মিষ্ঠতা, ভক্তি বা শ্রদ্ধাবর্জ্জিত যে তদ্ভাব বা তদবস্থা।

Devoutly, *ad.* ধার্ম্মিকত্বরূপে, সাধুত্বপূর্ব্বক, ভক্তি বা শ্রদ্ধাপূর্ব্বক, ভক্তিভাবে, ধর্ম্মানুসারে, যাথার্থিকরূপে, পারমার্থিক রূপে।

Devoutness, *n. s.* ধার্ম্মিকতা, ঈশ্বরনিষ্ঠত্ব, শ্রদ্ধান্বিতত্ব, আস্থিকতা, সাত্ত্বিকতা যাথার্থ্য, সাধুতা, পারমার্থিকতা।

To **Devow**, *v. a.* Lat. মগ্ন-কৃ, নিযুক্ত-কৃ, ডুব (ঞি), মজ (ঞি), বুড় (ঞি), অন্তঃপ্রবিশ।

Deuse, *n. s.* ভূত, পরিহাসার্থক বা ঠাট্টাজনক শব্দ জানিবে।

Deuterogamist, *n. s.* পুনঃপরিণেতা, দিধিষু, দ্বিবার বিবাহ করে যে ব্যক্তি।

Deuterogamy, *n. s.* দ্বিবার বিবাহ, দ্বির্বিবাহ, পুনর্ব্বার বিবাহ, পুনঃপরিণয়, পুনঃপাণিগ্রহণ, দ্বিতীয় পক্ষে বিবাহ।

Deuteronomy, *n. s.* Gr. ধর্ম্ম বা আচার শাস্ত্রের দ্বিতীয় পুস্তক, মোশাসংজ্ঞক গ্রন্থের পঞ্চমপুস্তক।

Deuteroscopy, *n. s.* দ্ব্যর্থ, শ্লেষার্থ, ভিন্নার্থ, অন্যার্থ, মতান্তর, ভিন্ন শব্দার্থ, অন্যপ্রকার অর্থ।

To **Dew**, *v. a.* Sax. আর্দ্র-কৃ, জবজব-কৃ, শপশপ-কৃ, সজল-কৃ, ভিজ (ঞি), শিশিরাক্ত-কৃ, শিশিরে ভিজ (ঞি), শিশিরে সিক্ত-কৃ, নরম-কৃ, শিশিরের ন্যায় ভিজা।

Dew, *n. s.* Sax. শিশির, নীহার, তুষার, হিম, শীত, ওস।

Dewbent, *part. a.* শিশিরে বক্র বা জড় বা কুঞ্চ হইয়াছে যে, শিশিরগুম্ভ।

Dewberry, *n. s.* বৃক্ষবিশেষ, ফলবিশেষ।

Dewbesprent, *part.* শিশিরাক্ত, শিশির প্রোক্ষণ বা অভ্যুক্ষণ হইয়াছে যাহার উপরে, নীহারপড়া, হিমে ভিজিয়াছে যাহা।

Dewdrop, *n. s.* শিশিরবিন্দু, হিমকণা, শিশির ফোটা, তুষারশীকর, সূর্য্যোদয় কালে বিন্দুং হিম বা শিশির।

Dew-dropping, *part. a.* শিশিরাক্ত, আর্দ্র, শিশিরে ভিজা বা তৎকর্ত্তৃক নরম হইয়াছে যাহা।

Dew-impearled, *part. a.* শিশিরবিন্দুতে শোভিত, বিন্দুং শিশির পড়িয়াছে যাহার উপর, মুক্তার ন্যায় শিশির বিন্দুদ্বারা শোভিত বা আচ্ছাদিত হইয়াছে যে।

Dewlap, *n. s.* বৃষ বা ষাঁড়ের গলকম্বল, গরুর গলার কম্বল, গলকম্বল, সাস্না, লোলিত মাংস।

Dewlapt, *a.* গলকম্বলবিশিষ্ট, গলকম্বলযুক্ত, গলকম্বলী।

Dew-worm, *n. s.* শিশিরকীটবিশেষ, হিমপোকা।

Dewy, *a.* শিশিরবৎ শিশিরতুল্য, শিশিরময় বা তদ্ধর্ম্মক, শিশিরাক্ত, শিশিরেতে আর্দ্র বা সিক্ত, হিমবৎ, হিমময় বা বিশিষ্ট, হিমপূর্ণ।

Dexter, *a.* Lat. কুলীনপদলক্ষণ বিদ্যায় সংজ্ঞাবিশেষ, দক্ষিণ বুঝায়।

Dexterity, *n. s.* Lat. ক্ষিপ্রতা, দক্ষতা, চতুরতা, সরকসী, হুসিয়ারি, চালাকি, হস্তপাদাদির গতি বা বিক্ষেপ বা তৎক্ষিপ্রতা, নৈপুণ্য, সত্বরতা, বিদগ্ধতা।

Dexterous, *a.* ক্ষিপ্র, দক্ষ, চালাক, হস্তপাদাদিদ্বারা নিষ্পন্ন কার্য্যে ক্ষিপ্র বা দক্ষ, চতুর, কর্ম্মঠ, কর্ম্মার্হ, কর্ম্মক্ষম, কর্ম্মযোগ্য, কর্ম্মজ্ঞ, প্রস্তুত, কর্ম্মে দক্ষ, নিপুণ, পটু, সচেতন, সতর্ক, হুসিয়ার, দৃঢ়।

Dexterously, *ad.* ক্ষিপ্রতাপূর্ব্বক, চালাকিরূপে, বিজ্ঞতাপূর্ব্বক, পারগতাপূর্ব্বক, সংস্কারপূর্ব্বক, চাতুর্য্যপূর্ব্বক, প্রজ্ঞতারূপে, সতর্কতারূপে বিদগ্ধতারূপে।

Dexterousness, *n. s.* পারগতা, যোগ্যতা, ক্ষমতা, নৈপুণ্য, নিপুণতা, দক্ষতা, বিদ্যা, সংস্কার।

Dextral, *a.* দক্ষিণ, অবাম, দক্ষিণস্থ, দক্ষিণপার্শ্বস্থ।

Dextrality, *n. s.* দক্ষিণাবস্থা বা তদ্ভাব।

Dey, *n. s.* বারবারি দেশে আলজিরনামক জাতির নবাব বা রাজা, তুরক দেশে রাজার নাম বা পদবীবিশেষ।

Diabetes, *n. s.* বহুমূত্র রোগ, বিকারপ্রাপ্ত মূত্র, মূত্রকৃচ্ছ্র, মূত্রাময়।

Diabolical বা **Diabolick**, *a.* Lat. শয়তান, শয়তানের বা ভূতের ন্যায়, ভূতধর্ম্মক, দুরাচার, প্রেত, নীচ, অন্ত্যজ, অপকৃষ্ট, মন্দ, দুষ্ট, আসুরী, নিকৃষ্ট।

Diabolically, *ad.* ভূতলামিপূর্ব্বক, শয়তানীপূর্ব্বক, দুষ্টামিরূপে, ভ্রষ্টতাপূর্ব্বক।

Diabolicalness, *n. s.* ভূতলামি, ভূতের ধর্ম্ম বা গুণ, শয়তানি।

Diabolism, *n. s.* ভূতের কর্ম্ম, ভূতের আচার, ভূতাবেশ, ভূতে পাওন ধরণ বা গ্রহণকরণ বা তদধিকার, উপরিভার।

Diachylon, *n. s.* Gr. স্নিগ্ধ প্রলেপবিশেষ।

Diacodium, *n. s.* Gr. পোস্তের ক্বাথ বা পাচনবিশেষ।

Diaconal, *a.* Lat. ডিকনসংজ্ঞক আচার্য্য সম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Diacoustics, *n. s.* শ্রবণবিদ্যা বা তৎপ্রকরণ, শব্দ নির্ণয় বিদ্যার মত বা শিক্ষা ধ্বনি বা শব্দ বিদ্যা।

Diacritical বা **Diacritick**, *a.* Gr. চিহ্নিত, চিহ্নদ্বারা নির্দ্দিষ্ট, দাগী বা চিহ্নীকৃত বা অঙ্কিত।

Diadem, *n. s.* Gr. রাজমুকুট টোপর বা মউড়বিশেষ, কিরীট,

Digitized by Google

মুকুট, চূড়া, রাজচিহ্নবিশেষ, রাজচিহ্নসূচক, মস্তকাভরণবিশেষ, রাজোপযুক্ত ভূষণ।

Diademed, *a.* পূর্ব্বোক্ত আভরণবিশিষ্ট বা যুক্ত বা তদ্দ্রব্যে শোভিত বা অলঙ্কৃত।

Diadrom, *n. s.* গমন কাল।

Diæresis, *n. s.* পদ বা পদাংশের বিচ্ছেদ বা ভাগ, বানান বিভক্ত করণ বা হওন, কথার বা পদের প্রত্যংশ বিভক্তকরণ বা হওন বানানের বিভাগ।

Diagnostick, *n. s.* ব্যাধির উপসর্গ বা লক্ষণ বা চিহ্ন, যদ্দ্বারা ব্যাধি নিরূপণ হয় বা করা যায়, রোগনিশ্চায়ক লক্ষণবিশেষ।

Diagonal, *a.* কোণাকোণি, আড়াআড়ি, কোণটানা, কোণাকোণি টানা রেখা অঙ্ক বা দাগবিশিষ্ট, চতুষ্কোণের আড়াআড়ি বা কোণাকোণি ছেদ করিলে ত্রিকোণবিশিষ্ট সমান অংশ হয় যাহাতে।

Diagonal, *n. s.* কোণাকোণি ছেদকৃত অংশদ্বয়, কোন টানা, তের্চা।

Diagonally, *ad.* কোণাকোণি, আড়াআড়ি, পারাপারি।

Diagram, *n. s.* অঙ্ক বিদ্যায় অঙ্ক বা চিত্র, অঙ্কশাস্ত্রের চিত্র বা লিখন।

Diagraphical, *a.* Gr. বিবরণবিশিষ্ট, বয়ানযুক্ত, বিবরণ বা ব্যাখ্যাকারী।

Diagrydiates, *n. s.* Lat. রেচক ঔষধবিশেষ, জোলাপ।

Dial, *n. s.* রৌদ্র ঘড়ীযন্ত্র, অভিমণ্ডল, অঙ্কিত, থাল্যাকারপাত্রবিশেষ যদুপরি ছায়াদ্বারা কোণের নির্ণয় হয় বা করা যায়, ঘড়ীর ছাত যাহাতে দণ্ডের অঙ্কচিহ্ন থাকে, ঘড়ীর উপরিস্থ অঙ্কিত ভাগ।

Dial-plate, *n. s.* পাত্র বা রেকাবি বিশেষ, যাহার উপর ঘড়ীর অঙ্কসংখ্যা বা রেখানির্ম্মিত বা চিহ্নিত থাকে, অঙ্কপাত্র, ঘড়ীমণ্ডল।

Dialect, *n. s.* দেশভাষা, বুলি, কথা, জবান, সাধারণভাষার বৈলক্ষণ্যকৃত বিশেষং স্থানে ব্যবহৃত বা কথিত ভাষা, ভাষান্তর ভাষা, বিভিন্নভাষা, বাক্যপ্রবন্ধ, বাক্সন্দর্ভ, কথার ধারা, বাক্যকথনের ভাব বা রীতি।

Dialectical, *a.* তর্কণীয়, তর্কবিষয়ক, বিচারাত্মক, তর্ক বা বিচার করণোপযুক্ত, তকরারকরণীয়, ন্যায়করণীয়, প্রৌঢ়ি বা বিচার সম্বন্ধীয়, তদুপযুক্ত বা যোগ্য, দেশভাষাবিষয়ক, ভাষাসম্বন্ধীয়, যুক্তিসম্বন্ধীয়, বৈলক্ষণ্য বা ভাষান্তর কথার ন্যায়।

Dialectician, *n. s.* তর্কশাস্ত্রবেত্তা, তর্ককর্ত্তা, নৈয়ায়িক, বিচারকর্ত্তা, প্রৌঢ়িকর্ত্তা, তকরার করে যে।

Dialectick, *n. s.* আন্বীক্ষিকী, তর্কশাস্ত্র, ন্যায়শাস্ত্র, তর্কবিদ্যা, ন্যায় বিদ্যা বা তৎপ্রকরণ, যুক্তিবিদ্যা।

Dialectick, *a.* তর্কবিষয়ক, ন্যায়সম্বন্ধীয়, তকরারকারী, তর্কবিশিষ্ট।

Dialling, *n. s.* রৌদ্র ঘড়ী, যন্ত্রবিদ্যা, প্রতিবিম্ব বা ছায়াবিদ্যা বা তচ্ছাস্ত্র, ঘড়ীর উপর অঙ্কিত ভাগ, রৌদ্র ঘড়ী বা তন্নির্ম্মাণকরণ বিদ্যা বা শাস্ত্র।

Dialist, *n. s.* অভিমণ্ডল নির্ম্মাণকর্ত্তা, ঘড়ীগঠক, ঘড়ীনির্ম্মাণকর্ত্তা, ঘড়ীর উপরিস্থ অঙ্কপত্র নির্ম্মাণ করে যে।

To **Dialogise,** *v. n.* Fr. কথোপকথন-কৃ, আলাপ-কৃ, প্রশ্নোত্তর ক্রমে-কথ বা-শ্রু, সম্বাদ, কথ-সম্বাদ-কৃ।

Dialogism, *n. s.* কল্পিত বা মিথ্যা কথোপকথন, কৃত্রিম কথোপকথন।

Dialogist, *n. s.* প্রশ্নোত্তরকর্ত্তা, উত্তরপ্রত্যুত্তর করে যে, কথোপকথক, প্রশ্নোত্তর করে যে বা তল্লেখক, প্রশ্নোত্তর বা কথোপকথন লিখে যে।

Dialogistically, *ad.* কথোপকথনপূর্ব্বক, প্রশ্নোত্তরক্রমে উক্তি প্রত্যুক্তিপূর্ব্বক।

Dialogue, *n. s.* Gr. কথোপকথন, কহা বলা, প্রশ্নোত্তর, উত্তর প্রত্যুত্তর, উক্তি প্রত্যুক্তি, সম্বাদ, পরস্পর আলাপ বা সম্ভাষণ।

To **Dialogue,** *v. n.* সম্বাদ-হ, কথোপকথ, প্রশ্নোত্তর ক্রমে-কথ, উক্তি প্রত্যুক্তিরূপে-কথ।

Dialogue-writer, *n. s.* কথোপকথন লেখক, প্রশ্নোত্তর লেখক, কল্পিত বা রচিত প্রশ্নোত্তর ক্রমে কথোপকথন লিখে যে।

Dialysis, *n. s.* অলঙ্কার শাস্ত্রে চিহ্ন অঙ্ক বা ছন্দোবিশেষ, যদ্দ্বারা শব্দ বা অক্ষর পৃথক্ বা বিভক্ত হয়।

Diamantine, *a.* Fr. অতিদৃঢ়, অত্যন্ত শক্ত বা দৃঢ়, মজবুৎ, হীরকবৎ শক্ত, অভেদ্য, অচ্ছেদ্য, শক্ত।

Diameter, *n. s.* ব্যাস, থাল্যাকার বা গোল দ্রব্যের মধ্যের পরিমাণ, মাপ বা প্রস্থ।

Diametral, *a.* ব্যাসবাচক, ব্যাসসম্বন্ধীয়, ব্যাসব্যাখ্যা বা বিবরণ বা নিরূপণকারী।

Diametrally, *ad.* ব্যাসের চিহ্ন বা অঙ্কানুসারে প্রস্থ রেখাপূর্ব্বক, আড়াআড়ি, প্রতিকূলে, বিপরীতে।

Diametrical, *a.* ব্যাসনিরূপণকারী, ব্যাস রেখা দেখে যে বা বিবেচনাকারী, ব্যাসসম্বন্ধীয়।

Diametrically, *ad.* মাজামাজি, আড়াআড়ি, মধ্য দিয়া, ব্যাস রেখা ভেদ করিয়া প্রতিকূলরূপে, ঠিক বিপরীতরূপে।

Diamond, *n. s.* Fr. হীরক, হীরা, বজ্র।

Diamonded, *a.* হীরকবৎ, চৌকা বা চতুষ্কোণাকারবিশিষ্ট, চৌকোণা, চারিকোণা।

Diapase, *n. s.* তার, সুর, গলার স্বর।

Diapasm, *n. s.* Gr. গুঁড়া বা চূর্ণ গন্ধদ্রব্যবিশেষ।

Diapason, *n. s.* তার, সুর।

Diaper, *n. s.* Fr. বুটাতোলা কাপড়, চিক্কণদারকাপড়, রুমাল, গামছা, জালিওয়ালা কাপড়।

To **Diaper,** *v. a.* কাপড়ে ফুল-তোল, বুটা-কাট, চিক্কণ কার্য্য-কৃ।

Diaphaned, *a.* জ্বলজ্বলে, চকচকে, উজ্জ্বল, শোভিত, দীপ্তিশীল।

Diaphaneity, *n. s.* চাকচক্য, ঔজ্জ্বল্য, দীপ্তি, উজ্জ্বলতা, শোভা, দ্যুতি।

Diaphanick, *a.* উজ্জ্বল, উদ্দীপ্ত, শোভিত, শোভমান, দ্যোতিত, দীপ্তিমান্, দ্যুতিমান্ নির্ম্মল, পরিষ্কার।

Diaphanous, *a.* উজ্জ্বল, জ্বলজ্বলে, নির্ম্মাণ, পরিষ্কার, দীপ্তিমান, দ্যুতিমান, উদ্দীপ্ত, স্ফটিক, স্বরূপ নির্ম্মল।

Diaphoretical, *a.* ঘর্ম্মকারী, ঘর্ম্মোৎপাদক, ঘর্ম্মজনক, ঘর্ম্মহেতু, স্বেদোৎপাদক যদ্দ্বারা ঘর্ম্ম জন্মে।

Diaphoretick, *a.* তথা ঘর্ম্মবর্দ্ধক, ঘর্ম্ম বাড়ে যাহাতে বা যদ্দ্বারা।

Diaphoretick, *n. s.* ঘর্ম্মকারী ঔষধ, ঘর্ম্ম হয় যদ্দ্বারা তদ্দ্রব্য বা ঔষধ, ঘর্ম্মজনক।

Diaphragm, *n. s.* Gr. শরীরের মধ্যদেশ, শরীরের মধ্যভাগ, বক্ষ ও উদরের মধ্যবর্ত্তি স্থান, ব্যবধান, খোল, পর্দা।

Diarist, *n. s.* গওর, রীতিক্রমে হিসাব রাখে যে, রোজনামা হিসাব লিখে বা রাখে যে।

Diarrhoea, *n. s.* অতিসার, আমাশয়, উদরভঙ্গ, উদরভেদ, পেটচলা, পেটনামানি, গ্রহণী, উদরাময়।

Diarrhoetick, *a.* রেচক, ভেদক, সারক, ভেদ করায় যে।

Digitized by Google

Diary, *n. s.* Lat. রোজনামা, জাব্দা, দৈনন্দিন, প্রতিদিনে যাহা২ হয় বা করা যায় তাহার লিপি বা লিখন।

Diastem, *n. s.* Gr. সংগীতশাস্ত্রে সংজ্ঞাবিশেষ।

Diastole, *n. s.* অলঙ্কারশাস্ত্রে চিহ্নবিশেষ যদ্দ্বারা পদাংশ বা অক্ষর দীর্ঘ হয়, সংকোচনভাব।

Diastyle, *n. s.* ইমারতের গড়নবিশেষ, স্তম্ভশ্রেণী।

Diatesseron, *n. s.* সংগীতশাস্ত্রে রচনাবিশেষ।

Diatonick, *a.* সুরবিশিষ্ট।

Diatribe, *n. s.* Gr. বিচার, বিতণ্ডা, ন্যায়, দ্বন্দ্বজ, বিবাদ, অবিরত বক্তৃতা।

Dibble, *n. s.* Dutch. খুরপাবিশেষ, কোদাল, খন্তা, গাছ রোপণ কাঠী।

To **Dibble,** *v. n.* গর্ত্ত-হ, খোল-হ, নীচ-হ, বসিয়া-গম, মাছুয়ার দিগের ব্যবহৃত শব্দবিশেষ।

Dibstone, *n. s.* ক্ষুদ্র প্রস্তরবিশেষ, একপ্রকার বালকের ক্রীড়ার পাথর বা ভাঁটা।

Dicacity, *n. s.* Lat. দুঃশীলতা, দুষ্টতা, অসমীক্ষ্যকারিতা, গোঁয়ারতিমি, দুষ্টামি, হারামজাদগি, বজ্জাতি।

Dice, *n. s.* পাশা, চৌপাড়, পাষ্টি, অক্ষ, অক্ষক্রীড়া, দ্যূতক্রীড়া, পাশকখেলা।

To **Dice,** *v. n.* পাশা-খেল, অক্ষক্রীড়া-হ, চৌপাড় খেলুড়ে-হ।

Dice-box, *n. s.* পাশার ডিবা, অক্ষাধার, পাশা থাকে যাহাতে।

Dicer, *n. s.* অক্ষক্রীড়ক, পাশা খেলে যে, পাশা খেলাড়ু, জুয়ারি।

Dich, Do it, অর্থাৎ করহ এতৎ শব্দের অন্তর্গতভাষা।

To **Dichotomize,** *v. a.* পৃথক্-কৃ, ভিন্ন-কৃ, জুদা-কৃ, আলাহিদা-কৃ, বিভক্ত-কৃ, অংশ-কৃ, ভাগ-কৃ।

Dichotomy, *n. s.* অভিপ্রায় বা মনোবর্ত্তি বিষয় ভাগকরণ বা বণ্টন।

Dicker *of Leather,* *n. s.* Lat. দশখান চামড়া, চর্ম্মের দশসংখ্যা।

Dicker *of iron,* দশটা লোহার গরাদ্যা।

To **Dictate,** *v. a.* Lat. আজ্ঞা-কৃ, অনুমতি-কৃ, কহিয়া-দা, আদেশ-কৃ, লেখ (ঞি), হাতে ধরিয়া-লিখ (ঞি), শিক্ষা-দা, শিখাইয়া-কৃ, প্রত্যয় শ্রদ্ধা বা বিশ্বাসপূর্ব্বক-কথ বা ব্যক্ত-কৃ, গুরুতররূপে-কথ।

Dictate, *n. s.* অনুমতি, আজ্ঞা, আদেশ, শিক্ষা, উপদেশ, কহিয়া দেওন, বলিয়া দেওন, শিখাইয়া দেওন, হুকুম, নিয়ম, হুকুমনামা, অনুমতি পত্র।

Dictation, *n. s.* কহিয়া দেওন, বলিয়া দেওন, শিক্ষা দেওন, বা তলিয়া দেওন, ভেদ করিয়া দেওন, শিক্ষা, উপদেশ, বিজ্ঞাপন, জ্ঞান দেওন, জানান, নকল করণে-হাঁকন।

Dictator, *n. s.* রুমীয় দেশে কোতয়াল বা ফৌজদার বা দারোগা বিশেষ, রোমাণ বিচারকর্ত্তা, প্রভুত্ববিশিষ্ট ব্যক্তি, অসীমক্ষমতা শক্তি বা প্রভুত্ব আছে যাহাতে, প্রধান ব্যক্তি, শাস্তা, মত চালায় যে, আপনার পাণ্ডিত্য খ্যাতি বা নামদ্বারা অন্যের শাসন করে যে, রোমাণেরদের মধ্যে একাধিপতি।

Dictatorial, *a.* শাস্তা, শাসনকর্ত্তা, শাসিতা, প্রমাণক, প্রমাণদাতা, প্রমাণকারী, বিশ্বস্ত, প্রত্যয়িত, প্রত্যয়ী, প্রত্যয় আছে যাহার বা যাহাতে, স্বমতাবলম্বী, পরাজয়কারী, দমনকারী, বশকারী, পরাক্রান্ত, পরাক্রমী, বিক্রমী, ক্ষমতাপন্ন।

Dictatorship, *n. s.* Dictation, সংজ্ঞক ব্যক্তির কর্ম্ম বা পদ, প্রমাণ, শাসন, আজ্ঞা, ক্ষমতা, অভিমান, গর্ব্ব, দেমাগ, হৃৎপ্রত্যয়।

Dictatory, *a.* অধীনকারী, বশকারী, দমনকারী, দমক, পরাজয়কারী, স্বমতাবলম্বী।

Dictature, *n. s.* Dictator, সংজ্ঞক বিচারকর্ত্তার পদ বা কর্ম্ম।

Diction, *n. s.* শব্দ রচনা বা লিখনের রীতি বা তদ্দ্বারা বা ভাব, পাঠাপাঠ, বুলি, বাণী, কথা, ভাষা, জবান, বাক্য, বাক্যকথন।

Dictionary, *n. s.* কোষ, অভিধান, শব্দগ্রন্থ, শব্দানুশাসন, শব্দকোষ, শ্রেণীক্রমে কথা সংগ্রহ ও তদর্থ।

Did, Sax. Do, ক্রিয়াপদের অতীতকালবাচক, করিলাম, করিয়াছি।

Didactical বা **Didactick,** *a.* উপদেশক, উপদেষ্টা, উপদেশদাতা, শিক্ষাগুরু, শিক্ষক, শিক্ষাদাতা, বিধিদায়ী, বিধিসম্বন্ধীয়।

Didapper, *n. s.* একপ্রকার পানকৌড়ি পক্ষী।

Didascalick, *a.* উপদেশক, উপদেশদাতা, উপদেষ্টা, শিক্ষাদাতা, হুকুমদাতা।

To **Didder,** *v. n.* Teut. কম্প, কম্পবান-হ, কম্পিতাকৃতি-হ, শীতে কাঁপ, শীতে থরথর-কৃ, শীতাকৃষ্ট-হ, শীতার্ত্ত-হ, শীতভীত-হ, শীতে জড় শড়-হ, শীতে কাতর-হ।

To **Diddle,** *v. n.* গড়, গড়াইয়া-গম বা-চল, কাঁপিয়া-হাঁট, বেঁকিয়া-হাঁট বা-গম, অতিবৃদ্ধ বা বালকের ন্যায়-গম বা-চল।

Didrachm, *n. s.* Gr. মুদ্রাবিশেষ, ঔন্সসংজ্ঞকরূপার পরিমাণের চতুর্থাংশ।

Didst, Do, ক্রিয়াপদের যুষ্মদ্বাচ্য একবচনান্ত অতীত কালবাচক শব্দ, করিলি করিয়াছিস।

Diduction, *n. s.* Lat. বাদ, বাদদেওন, খান্তাকাটন, খান্তা, কম করণ, কর্ত্তনকরণ।

To **Die,** *v. a.* Sax. রাঙ্গ (ঞি), রঙ্গ-দা, ছোব (ঞি), রঙ্গ-কৃ, রঞ্জ (ঞি)।

Draughtsman, *n. s.* লেখক, লিখনকর্ত্তা, নালিশ আরজী বা জবাব লিখে বা মুশাবিদা করে যে, পাণ্ডুলেখ্যকারী, চিত্রকারক, পটুয়া, নক্শাকারক, ছবি লিখে যে, চিত্রকর।

To **Draw**, *v. a.* আকৃষ্ট-কৃ, টান, খেঁচ, আকর্ষণ-কৃ, জোরে টান বা টানিয়া-আনী, উঠাইয়া-ফেল, উৎপাট, উপড়, জোরে আনী, ছেঁছাড়িয়া বা হেঁচড়াইয়া-আনী, উঠ(ক্রি), উত্তোলন-কৃ, চুষ, শোষ, খাদ, চুম্ব, আকৃষ, বায়ু আকর্ষণ-কৃ, নী, বাহির-কৃ, খুলিয়া বাহির-কৃ, আঁকড়া-খোল, আঁকড়া বা ঘুণ্টী-খুল বা-সৃ, পাঁপাহইতে নির্গত-কৃ, কোন দ্রব দ্রব্য-ঢাল বা-ভর, তরবার-খোল, খাপহইতে তরবার বাহির-কৃ, ঢালিয়া-ফেল, তুম্বরহইতে রুটী-নী বা বাহির-কৃ, মশারিপর্দা বা আবর্ত্তনী খুল বা বাহির-কৃ, মশারি তোল বা ফেল, পর্দা-ফেল তোল, কারণ বা হেতু-দৃশ (ক্রি), গোপনে বা ক্রমেং লইয়া-যা বা জ্ঞাপন-কৃ, গৌণ-কৃ, দরাজ-কৃ, বড়-কৃ, লম্বা-কৃ, মরিয়া বা অতিকষ্টে-কথ বা ব্যক্ত-কৃ, অর্থ-কৃ, বাহির-কৃ, নির্য্যাস-কৃ, তুল (ক্রি), আকৃষ্ট-কৃ, ভোগা-দা ফাকি-দা, প্রবৃত্তি-জন (ক্রি), প্রবৃত্তি-নী (ক্রি), বুঝ (ক্রি), জিত, জয়-কৃ, প্রাপ্তি-কৃ, প্রাপ, নী, উঠাইয়া-নী বা-দা, মোচড়, জোর-কৃ, বলাৎকার-কৃ, জোর করিয়া-নী, লিখ, রচনা-কৃ, যুদ্ধহইতে নিবৃত্ত-কৃ, সংগ্রাম-ছাড়, যুদ্ধের হারি জিত না হইতে-ছাড়, নাড়ীভুঁড়ি নির্গত-কৃ, আঁতড়ি বাহির-কৃ, ঘ্রাণ লইতেং-গম, গন্ধ শুঁকিয়া গম বা অনুমান-কৃ, চিত্র-কৃ, মূর্ত্তি বা অবয়ব-লিখ, *To draw in*, কুঞ্চিত-কৃ, পিছে হঠ (ক্রি), ভুল (ক্রি), প্রতারণা-কৃ, *To draw off*, জ্বাল বা পাকদ্বারা নির্গত-কৃ, নিষ্কাষণ-কৃ, ঢাল, খালি-কৃ, ত্যাগ-কৃ, *To draw*, কারণোৎপত্তি-কৃ, আহ্বান-কৃ, কারণ জন (ক্রি), *To draw over*, পাকপাত্রে উথোল বা বৃদ্ধি-কৃ, প্রবৃত্তি জন (ক্রি), কলহ দ্বন্দ্বজ বা দুর্বৃত্ততাতে প্রবৃত্তি-কৃ, কোন দল বা মজলিস ত্যাগ-কৃ, *To draw out*, দীর্ঘ-কৃ, লম্বা-কৃ, পিটাইয়া বড়-কৃ, উঠাইয়া ফেল, তুলিয়া-ফেল, সংগ্রামে শ্রেণীবদ্ধ-কৃ, যুদ্ধার্থে সৈন্য সাজ (ক্রি), *To draw up*, লিখ, লিখন, রচনা-কৃ।

To **Draw**, *v. n.* বহনকারী-হ, ভার-হ, কুঞ্চিত-হ, বসিয়া-যা, অগ্রসর-হ, অগ্রে-চল-সর বা-গম, একত্র-হ, একীভূত-হ, জমা-হ, সংযুক্ত-হ, যোড়-লাগ, তাস কাটান-হ, চিত্র-হ, নিবৃত্ত-হ, ধারা বহনকারী-হ, *To draw off*, চলিয়া-যা, নিশ্চিন্ত-হ, ত্যাগ করিয়া-যা, *To draw on*, অগ্রসর-হ, নিকটবর্ত্তী-হ, *To draw up*, শ্রেণীবদ্ধ-হ।

Draw, *n. s.* টানন, আকর্ষণ, খুলিবাঁট বা তৎপত্র।

Drawable, *a.* টাননীয়, টানা যায় যাহা, টাননোপযুক্ত, আকর্ষণীয়, আকৃষ্য, আকর্ষণক্ষম।

Drawback, *n. s.* প্রতিদান, পূর্ব্ব গৃহীতের পুনর্দান, টাকা ফিরিয়া দেওন, রেয়াইৎ, ছাড়িয়া দেওন, ফিরিয়া দেওয়া যায় বা পাওয়া যায় যে ধন বা টাকা, ফেরতা হাশীল বা অন্য দেয় টাকা, নগদ বিক্রয়ে ধরাট বা ছুট দেওয়া যায়।

Drawbridge, *n. s.* তোলাসাঁক, খোলাসাঁক, কাষ্ঠনির্ম্মিত রাস্তা, যাহা স্বেচ্ছাপূর্ব্বক তোলা ও ফেলা যায়।

Drawee, *n. s.* সাহুকার, মহাজন, হুণ্ডি দেওয়া যায় বা লিখা যায় যাহার উপর, টাকার বরাৎ বা টিপ হয় যাহার উপর।

Drawer, *n. s.* কূপহইতে জল উঠায় যে, কূপহইতে জল তুলিতে নিযুক্ত হয় যে বা তৎকর্ম্ম করে যে, পীপাহইতে শরাব বাহির করে বা ঢালে যে, আকর্ষণক্ষম, আকর্ষক, টানে যে, দ্রাজ আকর্ষণশক্তি আছে যাহার বা যাহাতে, উঠায় যে, উপস্থিত করে যে, উঠাইয়া দেয় যে, কোষ্ঠ, কোট, গেবি, সিন্দুকের মধ্যে উপাধারবিশেষ, হুণ্ডি কাটে যে, হুণ্ডি বা বরাৎ লিখে যে, এ শব্দ বহুবচনান্ত হইলে অর্থাৎ, *drawers*, জাঙ্গীয়া পরিধেয় বস্ত্র বা পায়জামাবিশেষ বুঝায়, একপ্রকার প্রতিমূর্ত্তি।

Drawing, *n. s.* নক্শা, ছবি, চিত্র, পট, তসবির।

Drawingroom, *n. s.* বসিবার ঘর, মজলিসঘর, সভাঘর, ঘরের মধ্যে বৈঠকখানা, দেওয়ানখানা, তৎস্থানে আগত বা উপবিষ্ট জনসমূহ, চিত্রকরণার্থে কুঠরী।

To **Drawl**, *v. n.* আস্তে ধীরে শনৈঃ বা অস্পষ্টরূপে কথা কথ, গদগদভাবে-কথ, লাল-পড় ও কথা-কথ, ছেল্যার ন্যায়-কথ, গেঙ্গাইয়া-পড়ন বা-কথন।

To **Drawl**, *v. a.* লাল-পত, লাল-ফেল, লালঝরণের ন্যায় ক্ষয়-কৃ।

Drawl, *n. s.* গগান, হাঁহুঁকরণ, ছেল্যার ন্যায় বাক্য।

Drawn, *part.* সংগৃহীত, টানিত, আকৃষ্ট, সমান, স্বপ্রতিযোগী, খোলা, অনাবৃত, অভিপ্রেত।

Drawwell, *n. s.* গভীরকূপ, গহেরা কূআ, পাতকূআ।

Dray, বা **Draycart**, *n. s.* Sax. মদিরাবাহক গাড়ী বা শকটবিশেষ।

Drayhorse, *n. s.* পূর্ব্বোক্ত গাড়ীবাহক বা টানা ঘোড়া।

Drayman, *n. s.* তদ্গাড়ী চালায় বা তৎসমভিব্যাহারে থাকে যে ব্যক্তি, গাড়োয়ান।

Drayplough, *n. s.* লাঙ্গলবিশেষ।

Drazel, *n. s.* ক্ষুদ্র জঘন্য বা অপকৃষ্ট, নিকৃষ্ট, নীচ লোক, কুন্দুল্যা স্ত্রী।

Dread, *n. s.* Sax. ভয়, ডর, ত্রাস, অশঙ্কা, স্বাভাবিক ভয়, অতিশঙ্কা, ঘোরভয়, আতঙ্ক, ভয়জনক, ভয়দ বা ভয়বিষয়, ভয়ানক ব্যক্তি বা বস্তু, ভয় হয় যাহাতে।

Dread, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, ভয়জনক, পরাক্রান্ত, আতঙ্কবিশিষ্ট, অত্যন্ত মান্য, পূজ্যপাদ ভীম।

To **Dread**, *v. a.* অত্যন্ত ভয়-কৃ, আতঙ্ক-কৃ, অতিশঙ্কা-কৃ, শঙ্কা-কৃ।

To **Dread**, *v. n.* ভীত-হ, ভীরু-হ, আতঙ্কিত-কৃ, শঙ্কান্বিত-হ, ত্রস্ত-হ, সশঙ্ক-হ, ডরা।

Dreadable, *a.* ভয়করণীয়, ভয়যোগ্য, আশঙ্কনীয়, আশঙ্কা করে যে বা হয় যাহাতে।

Dreader, *n. s.* ভয়কারী, ডরে বা ভয়ে থাকে যে, নিয়ত শঙ্কা করে যে, ভীরুস্বভাবক, ভরুক বা ভয়শীল ব্যক্তি।

Dreadful, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, ভয়বিশিষ্ট, শঙ্কাবিশিষ্ট, আতঙ্কজনক, ভীম, ভৈরব, ঘোর, মান্য, পূজ্য, পূজনীয়, আদৃত্য।

Dreadfulness, *n. s.* ভয়ানকত্ব, ভয়জনকতা, ভয়বিশিষ্টতা, ভয়ঙ্করত্ব, শঙ্কা।

Dreadfully, *ad.* ভয়পূর্ব্বক, শঙ্কাপূর্ব্বক, আতঙ্ক করিয়া, ত্রাসপূর্ব্বক, ভয়ঙ্করতারূপে, ভীরুতারূপে।

Dreadless, *a.* নির্ভয়, নিঃশঙ্ক, শঙ্কারহিত, নিঃসাধ্বস, নিরাতঙ্ক, অভয়যুক্ত, সাহসী, ভয় বা ডর নাই যাহার বা যাহাতে।

Dreadlessness, *n. s.* নির্ভয়ত্ব, নিঃশঙ্কতা, নিঃসাধ্বসত্ব, অভয়, সাহস, ভয়াভাব, অনাতঙ্ক।

Dream, *n. s.* Dutch. স্বপ্ন, নিদ্রাবস্থায় সংস্কার, স্বপ্নকালীন জ্ঞান, সুষুপ্ত্যবস্থাতে দেখা যায় বা মনে হয় যাহা, ধোকা, ভ্রম, খেয়াল, খোয়াব।

Digitized by Google

To Dream, *v. n.* স্বপ্ন-দৃশ্, স্বপ্ন-হ, মনে-কৃ, খেয়াল-কৃ, অনুভব -কৃ, ধোকা-হ, ভ্রম-হ, অলস-হ, অজ্ঞান-হ।

To Dream, *v. a.* স্বপ্নে-দৃশ্।

Dreamer, *n. s.* স্বপ্নদর্শক, স্বপ্ন দেখে যে, স্বপ্ন হয় যাহার, ধোকা আছে যাহার, ভ্রমাত্মক, কল্পিত সংস্কার হইয়াছে যাহার, ত দ্ব্যক্তি, পূর্ব্বে স্বপ্ন ব্যাখ্যা বা তৎফলাফল কহিত যে ব্যক্তি, নিষ্ক র্ম্মা, কুড়ে বা অলস ব্যক্তি।

Dreamful, *a.* স্বপ্নময়, স্বপ্নবিশিষ্ট।

Dreamingly, *ad.* স্বপ্নপূর্ব্বক, সুস্তিরূপে, বৃথা অনর্থক বা গাফিলি রূপে।

Dreamless, *a.* নিঃস্বপ্ন, স্বপ্নশূন্য বা রহিত, স্বপ্ন না দেখে যে বা হয় না যাহার, নিদ্রাবস্থায় জ্ঞান হয় না যাহার।

Drear, *a.* খেদজনক, তাপজনক, ভয়জনক, তাপিত, শোকান্বিত, উদাস, নিরানন্দ, বিমর্ষ, বিষণ্ণ উদ্বিগ্ন।

Drear, *n. s.* ভয়, ভর, শঙ্কা, আতঙ্ক, ত্রাস।

Drearihead, *n. s.* ভয়, আতঙ্ক, ঔদাস্য, আনন্দশূন্যত্ব, নিরানন্দ।

Drearily, *ad.* ভয়পূর্ব্বক, ভয়ে২, শঙ্কাপূর্ব্বক, আতঙ্কপূর্ব্বক, ত্রাস পুরঃসরে।

Dreariment, *n. s.* ভাবনা, উদ্বেগ, ঔদাস্য, অনুৎসাহত্ব, নিরানন্দ, বিষাদ, ভয়, আতঙ্ক, শঙ্কা।

Dreariness, *n. s.* ঔদাস্য, নিরৌৎসুক্য, উৎসাহরাহিত্য, ভাবনা, উদ্বেগ, ভয়, সন্তপ্তমনস্কতা, ঝিমতা, ভগ্নান্তঃকরণতা।

Dreary, *a.* Sax. খেদান্বিত, খিন্ন, খিদ্যমান, বিষণ্ণ, বিমর্ষ, ভা বিত, উদ্বিগ্ন, অপ্রফুল্ল, ক্লিষ্ট, সন্তাপিত, পরিতাপিত, দুঃখিত, উদার, ঘোর, ভয়ানক, ভয়জনক, ভয়ঙ্কর।

Dredge, *n. s.* জালবিশেষ।

To Dredge, *v. a.* জালদ্বারা জড় (ঞি), একত্র-কৃ, জালদ্বারা-কুড় (ঞি), জালদ্বারা মৎস্য-ধৃ।

Dredge, *n. s.* মিশ্রিত শস্য, ওটনামক যব আর সামান্য যব এক ত্র করিয়া রোপণ বা তৎশস্য, কন্তুরা ধরিবার জাল।

To Dredge, *v. a.* মাংস বা কোন দ্রব্য দগ্ধ বা কাবাবকরণ কা লে তদ্দ্রব্যের উপর ময়দা নিঃক্ষেপ-কৃ, ছিট (ঞি), বা-দা।

Dredger, *n. s.* জাল দিয়া মৎস্য ধরে যে, জাল ফেলিয়া মৎস্য আহরণকর্ত্তা, কাবাব বা দগ্ধ দ্রব্যোপরি ময়দা দিবার অস্ত্রবি শেষ।

To Dree, *v. a.* Sax. বরদাস্ত-কৃ, সহিষ্ণু-কৃ, সহ্য-কৃ, সহন-কৃ, স হ, সইয়া-স্থা।

Dregginess, *n. s.* গাদ, খাঁকরি, ময়লা, মেড়ানি বা তলানিবিশি ষ্টত্ব বা তন্ময়ত্ব।

Dreggish, *a.* গাদময়, খাঁকরিময়, মেড়ানিবিশিষ্ট, ময়লা বা তলা নি পড়িয়াছে যাহাতে বা যাহার।

Dreggy, *a.* গাদবিশিষ্ট, খাঁকরিবিশিষ্ট, ময়লা, অপরিষ্কার, কা দাটে, ঘোলা, গাদীয়, মলময়।

Dregs, *n. s.* Sax. গাদ, কাইট, ময়লা, খাঁটনি, শিটী, মল কাই ট, তলানি, আবর্জন, শেষ, অপরিষ্কারজনক বস্তু, অশুদ্ধ বা অপ রিষ্কার হয় যাহাতে বা যদ্দ্বারা তদ্বস্তু, অবশিষ্ট ময়লা বা জঞ্জা ল, ওঁচলা, সঙ্কর, অবকর।

To Drein, *v. n.* খালি-হ, শূন্য-হ, রিক্ত-হ, খালাস-হ।

To Drench, *v. a.* Sax. ধোয়, ভিজ(ঞি), আর্দ্র-কৃ, সিক্ত-কৃ, জব জবে-কৃ, জোরে জোলাপ-দা সিঁচ্।

Drench, *n. s.* জোলাপ, অশ্বাদি পশুর জোলাপ, উৎকট বা শক্ত জোলাপ, নরদামা, জলপথ, অশ্বের ঔষধ, ঢোক।

Drencher, *n. s.* সিক্তকারী, ভিজায় যে, জোলাপ দেয় যে।

Drent, *part.* ধোয়া, প্রক্ষালিত, ধৌত, ভিজান, সিক্ত, আর্দ্র, ভি জে।

To Dress, *v. a.* Fr. বস্ত্রপরিধান-কৃ, কাপড়, পিন্ধন-কৃ, পোশাক -কৃ, ভূষা-কৃ, পরিচ্ছদ-কৃ, পরিহিত-কৃ, শোভা-কৃ, সাজ-কৃ, সৌ ন্দর্য্য-কৃ, ক্ষতপরিষ্কার-কৃ, ক্ষতপরিষ্কার করিয়া ঔষধ-দা, পরি ষ্কার-কৃ, আচড়(ঞি), ঘোড়া সজুত-কৃ, খারারা-কৃ, ঘোড়াকে শি ক্ষা-কৃ,(ঞি), শুদ্ধ-কৃ, অশুদ্ধ সার, ঠিক-কৃ, তৈয়ার-কৃ, গোটা-দা, ঝালর-দা, পাক-কৃ, রন্ধন-কৃ, অন্নব্যঞ্জন পাক-কৃ।

To Dress, *v. n.* বেশ ভূষা বিষয়ে বিশেষ মনোযোগ-কৃ বা-হ বা তৎকর্ম্মে চেষ্টা-কৃ বা যত্নবান-হ।

Dress, *n. s.* পোশাক, পরিচ্ছদ, বস্ত্র, বসন, বস্ত্রাচ্ছাদন, পরিধেয় বস্ত্র, উত্তম পোশাক বা বস্ত্র, শিষ্টাচারের অভ্যাস বা রীতি, পো শাক সাজান বা নির্ম্মাণকরণে পারগতা বা সংস্কার, আভরণ, বেশভূষণ, সজ্জা, খেলাৎ।

Dresser, *n. s.* পোশাক পরায় যে, বস্ত্র বা ভূষণ দেয় যে, কোন ক র্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত ব্যক্তি, কর্ম্মপরিষ্কারক, বাবুরচিখানার মেজ বা পাটাবিশেষ যাহার উপর মাংস প্রস্তুত করে, পাচক, ক্ষতের উপর পটি বান্ধিয়া দেয় যে।

Dressing, *n. s.* পরিচ্ছদ, বেশ ভূষণ, বস্ত্র, অলঙ্কার, ক্ষতপরিষ্কার করণ, ঔষধ দেওন বা তাহার চিকিৎসা, প্রলেপ, পটী, হস্ত পা দাদিদ্বারা মৃত্তিকাতে কর্ম্ম বা মেহনত, পরিহিতহওন, বস্ত্রান্বি ত হওন, পোশাকপরণ।

Dressy, *a.* পোশাক বা আভরণদ্বারা স্পষ্ট বা ব্যক্ত হইয়াছে যে।

Dressingroom, *n. s.* বস্ত্র পরিবার ঘর, আভরণ বা বস্ত্রাদি পরি ধান হয় বা করে যে ঘরে, ভূষণাগার, কাপড় পরিবার কুঠরী।

Drest, *part.* *To* Dress, ক্রিয়াপদের অতীতকালবাচক, পরিয়া ছে, পরিহিত।

To Drib, *v. a.* কাট, ছেদ, ছিন্দ, ছাঁট, চির, ছেদন-কৃ, কর্ত্তন-কৃ, দুইখান-কৃ, দুফাক-কৃ, খণ্ডন-কৃ, খণ্ডং-কৃ।

Drib, *n. s.* ফোটা, বুঁদ, ধার, বিন্দু।

To Dribble, *v. n.* ফোটা বা বিন্দুক্রমে পত ঝর বা নির্গত-হ, ক্ষ র, ক্রমে বা ধীরে পত, ধীরে বা নরমে গতি-হ, চল, লাল-প ড়, লালাক্ত-হ, লাল পড়িয়া সিক্ত-হ।

To Dribble, *v. a.* বিন্দু বা ফোটা নিক্ষেপ-কৃ, ফোটাং ক্ষর বা নিঃসর, লালপড়।

Dribbling, *n. s.* ফোটা পড়ন, ফোটাক্ষরণ, বুঁদ পড়ন, বিন্দু ঝরণ।

Driblet, *n. s.* টাকার ছিট, ভাঙ্গা টাকা, শিকি আনা বা পাই ই ত্যাদি বুঝায়।

Drier, *n. s.* শুষ্ককারক, শোষক, শুষ্ককরণক্ষম বা তদ্গুণ আছে যা হাতে।

Drift, *n. s.* জোর, শক্তি, বল, অভিপ্রায়, মনস্থ, কল্পনা, বায়ুদ্বারা রাশীকৃত বস্তু, রাশি, স্তূপ, জলের টান, পরাক্রম, ক্ষমতা, মগ্দু র, সাধ্য।

To Drift, *v. a.* চাল (ঞি), গতি-কৃ(ঞি), প্রবৃত্ত-কৃ, নিযুক্ত-কৃ, জড় -কৃ, রাশি-কৃ, ঢেরী-কৃ, ঢেরী-মার বায়ুবেগে-চল্, বায়ুদ্বারা-বহ।

To Drift, *v. a.* স্তুভ-কৃ, পুঞ্জী-কৃ, স্তূপ-কৃ, রাশি-কৃ, ঢেরী-কৃ, ঢে রী-মার।

Drift-way, *n. s.* সাধারণ পথ, গবাদি জন্তুর পথ।

Drift-wind, *n. s.* ঝাটান্যা বাতাস, যে বাতাসে সম্মুখে যাহা থা কে তাহা উড়াইয়া লইয়া যায়।

To Drill, *v. a.* Sax. তুরপুণ-কৃ, ছেদ-কৃ, ফোঁক-কৃ, ফুট (ঞি), ছেঁদা-কৃ, ছিদ্র-কৃ, গর্ত্ত-কৃ, খাল-কৃ, খোল-কৃ, গৌণ-কৃ, দেরি -কৃ, গড়িমসী-কৃ, অভ্যাস ক্রমে বা সিড়িং-টান বা আকর্ষণ-কৃ,

Digitized by Google

কাওয়াদ-কৃ, যুদ্ধবিদ্যা শিক্ষা-কৃ(ক্রি), চাল(ক্রি), ধীরেং-চল, নিয়মপূর্ব্বক ধীরেং-চল।

To Drill, *v. n.* ক্রমে আস্তে বা ধীরে উত্থল বা বৃদ্ধি-হ, সংখ্যা-হ, গণতি-হ, কাওয়াদকরণার্থে সারিগাঁথা বা একত্র-হ বা জমা-হ।

Drill, *n. s.* তুরপুণবিশেষ, ছিদ্রকারি অস্ত্রবিশেষ,আবিধ, আস্ফোটনী, বরমা বানর বা বনমানুষ বিশেষ, জলের ঝরণা বা সোঁতা বিশেষ, সৈন্যের কাওয়াদ।

To Drink, *v. n.* Sax. পান-কৃ, মদ্যপান-কৃ, তৃষ্ণানিবারণ-কৃ, কয়েক-কৃ, আমোদ-কৃ, মদিরাপানদ্বারা আমোদ-কৃ, অতিপান-কৃ, মদ্যপানে শিষ্টাচার বা নমস্কার-কৃ, মদ্য পেয়ালা গ্রহণের কালে মঙ্গলপ্রার্থনা-কৃ বা আশীর্ব্বাদ-কৃ, মাতওয়ালা-কৃ।

To Drink, *v. a.* গৃ, গেল, গিলিয়া-ফেল, গলাধঃ-কৃ, শোষ, পান-কৃ, খাদ, শ্রবণ-কৃ, দৃশ,তৃষ্ণানিবারণ-কৃ।

Drink, *n. s.* পানীয় মদ্য, কোন মদিরা, মদিরাবিশেষ, দ্রব দ্রব্য।

Drinkable, *a.* পানোপযুক্ত, পেয়, পানযোগ্য, পানার্হ, পানীয়, পান করিতে পারা যায় যাহা।

Drinker, *n. s.* Sax. কয়েফী, পায়ী, পানকর্ত্তা, পানকারক, নেশাওয়ালা, মত্ত, মাতওয়ালা।

Drinking, *n. s.* তৃষ্ণানিবারণ, তৃষ্ণানিবৃত্তিকরণ, পিপাসানিবর্ত্তন, উৎসব, যথেষ্ট শক্ত বা উগ্র মদ্য অধিক পান করণ বা তৎপানে অভ্যাস বা তাদাত্ম্য।

Drinking-horn, *n. s.* Sax. পানের শৃঙ্গ, পানভাজন, পানপাত্র, চষক, শৃঙ্গ যাহাতে মদ্য বা অন্য পানীয় দ্রব্য পান করা যায়।

Drinking-house, *n. s.* Sax. পানাগার, পানগৃহ, মদ্যপান করিবার স্থান বা বাটী।

Drinkless, *a.* পানরহিত, পানবর্জ্জিত, পানহীন, মদ্য বা অন্য পানীয় দ্রব্য পান করে না যে বা নাই যাহাতে বা যেখানে।

Drinkmoney, *n. s.* মদের টাকা, পানের টাকা, মদ্যের মূল্য, মদ্য ক্রয় হয় যদ্দ্বারা, মদ খাইবার টাকা, বকশীস।

To Drip, *v. n.* Sax. ক্ষর, ঝর, চোঁও, ফোটাং বা বিন্দুং পত বা ক্ষর বা স্যন্দ বা স্রু বা চ্যু।

To Drip, *v. a.* ক্ষর(ক্রি), চোঁও (ক্রি), নিংড়, বিন্দুং বা ফোটাং নিঃক্ষেপ-কৃ, মাংস দগ্ধ করণকালে গলিয়া-পত, তন্মাংস বা ঘৃত নির্গত-কৃ, বা-পত (ক্রি), কাবাবী মাংসহইতে চরবি বা ঘৃত গলিয়া-ফেল।

Drip, *n. s.* ফোটা বা বিন্দুং হইয়া পড়ে যে,যাহা ফোটাং পড়ে, ক্ষরিত বা ঝরিত ফোটা, (in architecture,) ছালনির কাযবিশেষ।

Dripping, *n. s.* চরবি বা ঘৃত যাহা কাবাবি মাংসহইতে গলিয়া পড়ে মাংস দগ্ধ করণকালে তাহাহইতে নির্গত হয় যে ঘৃত ঝরণ।

Drippingpan, *n. s.* পাত্র, যাহাতে কাবাবি মাংসের ঘৃত বা চরবি ধরা বা রাখা যায় বা তদ্ঘৃত পড়ে যাহাতে।

Dripple, *a.* ক্ষীণ, দুর্ব্বল, দুষ্প্রাপ্য, দুর্লভ, অপ্রাচুর্য্য আছে যাহাতে বা যাহার, মেলে না বা পাওয়া যায় না যাহা।

To Drive, *v. a.* গতি-কৃ(ক্রি), চাল(ক্রি), দৌড়(ক্রি), জোরে গতি বা আঘাত বা আলোড়নদ্বারা চাল(ক্রি), তাড়াইয়া-দা, হাঁকাইয়া-দা, দূর-কৃ, খেদা, তাড়া, পশ্চাৎং-গম, তাড়াইয়া-যা, পশ্চাতে যাইয়া-ধৃ, কোনদিগে গতি-কৃ(ক্রি), গাড়ী হাক(ক্রি) বা চল (ক্রি), খালি-কৃ, পশু-হাঁক, তাড় (ক্রি) বা-চর(ক্রি), কোন স্থানে যে কিছু থাকে সরাইয়া বা দূর করিয়া পরিষ্কার-কৃ, জোর-কৃ, বল-কৃ, জবরদস্তি-কৃ, ক্লেশ-দা, দুঃখ-দা, শোজা-কৃ, জোর বা বলদ্বারা কোন কর্ম্ম-কৃ(ক্রি), রাগ ক্ষমতা বা বলদ্বারা-চল(ক্রি), ঠেল, বহ, বসা. ঠোক, *Drive out*, তাড়াইয়া-দা, তাঁকাইয়া-দা, খেদ(ক্রি), দূরকরিয়া-দা,।

To Drive, *v. n.* চল, গতি-হ, জোরে-দৌড়, ধাব, শকটারোহী-হ বা তদ্দ্বারা গম, ভাব-হ, গতি-হ, অভিপ্রায়-হ, মার, আঘাত-কৃ, সেন্ত-কৃ, তাক-কৃ, লক্ষ্য-ব্যধ, শক্ত-মার, হঠাৎ বা জোরে আঘাত-কৃ, আটক-কৃ, বন্দ-কৃ,।

Drive, *n. s.* গাড়ীর পথ বা রাস্তা, গাড়ীতে চড়ন ফেরণ বা বেড়ান, গাড়ীর চক্র, চক্র, পাক।

To Drivel, *v. n.* লাল-পত, লাল-গল, ছেপ-ফেল উন্মত্ত-হ, পাগল-হ, পাগলামি-হ, অর্ব্বাচীনতা-হ, অতিশয়প্রীতি-কৃ, সোহাগ-কৃ, বাৎসল্য-কৃ, গাচাটাচাটি-কৃ,।

Drivel, *n. s.* লাল, ছেপ, মুখহইতে নির্গত লাল বা জল, ক্লেদ, রস, উন্মত্ত পাগল বা ক্ষিপ্ত, ক্ষেপা ব্যক্তি, পশু বা মূর্খ, লালুয়া মুখ, লালপড়া মুখ।

Driveller, *n. s.* পাগল, উন্মত্ত, ক্ষিপ্ত, ক্ষেপা, নির্ব্বোধ, জড়, আহাম্মক, লালপড়া।

Driven, *To* Drive, শব্দের অসমাপক ক্রিয়াপদ, চালিত, চালা।

Driver, *n. s.* হাঁকায় বা চালায় যে ব্যক্তি বা তদর্থে ব্যবহৃত অস্ত্র, চারক, রাখাল, পশু চরায় বা ফিরায় যে, খেদানিয়া, পশুচালক, গাড়ওয়ান, গাড়ী হাঁকায় বা চালায় যে, সারথিবিশেষ, মাহুত, কোন কর্ম্মের ফলিতার্থ অভিপ্রায় বা মূল কারণ বিবেচনা করে যে।

Driving, *n. s.* চালান, গতিকরাণ, হাঁকান বা এতৎকর্ম্ম, অভিপ্রায়।

To Drizzle, *v. a.* Germ. ক্ষুদ্রং ফোটা পতন-কৃ, বিন্দুং জল-পত (ক্রি), গুড়নি-পত বা নিঃক্ষেপ।

To Drizzle, *v. n.* গুড়নি বা বিন্দুপাত-হ, বিন্দুং-পড়, যথা লঘু বৃষ্টি।

Drizzle, *n. s.* ফুঁই বৃষ্টি, গুড়নি বৃষ্টি, বিন্দুং বৃষ্টি বা নীর।

Drizzling, *n. s.* বিন্দুং-নীর, গুড়নি, ফুঁই, নরমও সূক্ষ্ম জলধারা।

Drizzly, *a.* গুড়নি বৃষ্টিনিক্ষেপক বা পড়ে যাহাহইতে, গুড়নি বা বিন্দুং বিশিষ্ট।

Droil, *n. s.* Icel. নীচ কর্ম্মকারী, নীচ পেশাদার, ক্ষুদ্র বা নীচ কর্ম্ম নিযুক্ত, নীচবৃত্তি করে যে ব্যক্তি, গোলাম, দাস, অগতিকদাস, অকর্ম্মণ্য ব্যক্তি, জড়।

To Droil, *v. n.* ঢিলে কর্ম্ম-হ, আস্তেং অল্পেং বা শৈথিল্যরূপে কর্ম্ম-হ, পরিশ্রম-কৃ বা-হ, মেহন্নত-হ, দাসত্ব-হ।

Droll, *n. s.* Fr. ভাঁড়, মস্করা, ঠাট্টাবাজ, বিদ্রাবক, বিদূষক, নকলকারী, মস্করাম।

To Droll, *v. n.* ভাঁড়-হ, মস্করা-হ, ঠাট্টাবাজ-হ, তামাসা-হ।

To Droll, *v. a.* ভাঁড়ামি-কৃ, মস্করামি-কৃ, ঠাট্টাবাজি-কৃ, তামাসা-কৃ।

Droller, *n. s.* ভাঁড়, মস্করা, ঠাট্টাবাজ, তামাসা করে বা দেখায় যে।

Drollery, *n. s.* ভাঁড়ামি, মস্করামি, তামাসা, বিদ্রূপ, রসিকতা, মস্করাম, বিদূষকতা, বিদ্রাবকতা।

Drolling, *n. s.* তামসিক, হাস্যার্ণব, পরিহাসক, পরিহাস করে যে, কৌতুকিয়া।

Drollingly, *ad.* পরিহাসপূর্ব্বক, তামাসাপূর্ব্বক, কৌতুকরূপে, পরিহাসপূর্ব্বক।

Drollish, *a.* তামাসান্যায়, তামসী, পরিহাসোপযুক্ত বা তন্ন্যায়, পরিহাস্য।

Dromedary, *n. s.* Ital. উষ্ট্রবিশেষ, সাঁড়নী।

Digitized by Google

Drone, *n. s.* Sax. অকর্ম্মণ্য, কুড়ে, জড়, অলস, নিষ্কর্ম্মা, মধু আহরণ করে না, কুড়ে মধু মক্ষিকা, অলস, নিষ্কর্ম্মান্বিত ব্যক্তি, নিষ্কর্ম্মা ব্যক্তি, খাবার কুম্ভীর, বসিয়া খায় কিম্বা কোন কর্ম্ম করে না যে, গুণং শব্দ বা তর্জ্জনি করে যদ্দ্বারা তদস্ত্র, পুং মধুমক্ষিকা।

To **Drone**, *v. n.* আলস্যে কালক্ষেপ-কৃ, অকর্ম্মণ্য-হ, বৃথা-হ, স্বপ্ন-দৃশ্, গাঁং-কৃ, গাঁং শব্দ-কৃ, গোঁং শব্দ-কৃ।

Droning, *n. s.* গোঁং শব্দ, ভারি শব্দ।

Dronish, *a.* অলস, কুড়ে, নিষ্কর্ম্মা, দূষণা, অসতর্ক, বেখবরদার, অচেতন, অসাবধান, অমনোযোগী।

To **Droop**, *v. n.* Icel. ভাবনাকরণক ক্ষীণ বা দুর্ব্বল-হ, মলিন-হ, মূর্চ্ছিত-হ, মূর্চ্ছা-বা মূর্চ্ছাপন্ন-হ, মূর্চ্ছিয়া-যা, ম্লান-হ, ঝাঁওরা, আঁওরা, ক্ষীণ-হ, নিস্তেজ-হ, হ্রাস-হ, লোপ-হ, হেল, হেলান্যা-হ, অধঃপত, অধোগামী-হ।

Drop, *n. s.* Sax. ফোটা, বিন্দু, ছিটা, টোপ, কর্ণে পরিহিত হীরক, কর্ণে লুণ্ঠায়মান হীরক বা অলঙ্কার।

Drop-serene, *n. s.* Lat. চক্ষুরোগবিশেষ।

To **Drop**, *v. a.* ঝর (ক্রি), ফোটাং নিক্ষেপ-কৃ, বিন্দুং পতন-কৃ, টোপেং-ফেল বা-ঢাল, ফোটাং করিয়া-দা, ফোটা বা বিন্দু-কৃ, ছিটা-দা, পড়িতে-দা, পতন হইতে-দা, যাইতে-দা, ত্যাগ-কৃ, হস্তহইতে ত্যাগ-কৃ, ধীরেং কথ, অল্প-কথ, অস্পষ্টরূপে-লিখ বা দাগিল-কৃ, তক্ষাৎ করিয়া-লিখ, ফেলিয়া-দা, ছাড়িয়া-দা, ছাড়িয়া রহিত-কৃ, স্থগিত-কৃ, প্রভুত্যাগ-কৃ, মুদ্দই বা সমভিব্যাহারী ছাড়িয়া-যা বা ত্যাগ-কৃ, বর্জ্জন-কৃ, দূরকরিয়া-দা।

To **Drop**, *v. n.* ফোটা-পত, বিন্দু পতন-হ, উপর বা উচ্চ স্থানহইতে-পত, নিম্ন-হ বা পড়িয়া-যা, ছড়াইয়া বা ছিত্তরাইয়া-পত, মৃত্যু-হ, সরিয়া-পত, হঠাৎ-মৃ, নিবৃত্ত-হ, বন্দ-হ, শেষ-হ, ক্ষান্ত-হ, চুপ বা অবাক্ হইয়া স্থা, দূর-হ, দেশান্তর-হ, বৃথা-হ, অনর্থক-হ, নিষ্ফল-হ, হঠাদুপস্থিত বা দুষ্ট-হ, তক্ষাৎ-হ, চিহ্ন বা লক্ষহইতে অন্তর বা দূর-হ।

Dropping, *n. s.* ফোটা, বিন্দু, ফোটাং বা বিন্দুবং হইয়া পড়ে যে বস্তু।

Droppingly, *ad.* ফোটাং বা বিন্দুং হইয়া, বিন্দুং পতনপূর্ব্বক।

Droplet, *n. s.* ক্ষুদ্র বিন্দু বা ফোটা, গুড়নি, সূক্ষ্ম বিন্দু।

Dropstone, *n. s.* নুড়ি, শিলাবদাকার লোষ্ট্র।

Dropwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Dropsical, *a.* উদরি রোগগ্রস্ত, জলোদরী রোগগ্রস্ত, উদরি রোগ হইয়াছে যাহার বা তদ্রোগ বিশিষ্ট বা প্রয়োজক, উদরি রোগোৎপাদক।

Dropsied, *a.* উদরি রোগগ্রস্ত বা তদ্বিশিষ্ট।

Dropsy, *n. s.* Lat. উদরি, জলোদরি, শোথবিশেষ।

Dross, *n. s.* Sax. ধাতুদ্রব্যের ময়লা, খাইদ, মলা, মল, গাদ, মরিচা, ময়লা, শীটি, কাইট, খাকঁরী, গূ, ক্লেদ।

Drossel, Drotchel শব্দ দেখ

Drossiness, *n. s.* ময়লা, মরিচা, মলা, ক্লেদ তদ্ভাব বা তদবস্থা।

Drossy, *a.* মরিচাবিশিষ্ট, ময়লা বা ক্লেদবিশিষ্ট, মলা বা গাদময়, ময়লা, অপরিষ্কৃত, ক্লেদময়, নিষ্কর্ম্মা, অকর্ম্মণ্য, কদর্য্য।

Drotchel, *n. s.* কদর্য্য স্ত্রী, মন্দ স্ত্রী, অলস, কুড়ে বা অকর্ম্মণ্য লোক।

Drove, *n. s.* Sax. পশ্বাদির পাল, গবাদি পশুসমূহ, ভেড়ার পাল, ভেড়ার পাল চরাণ, ঝাঁক, পাল, জনতা, ভিড়, গোল, গবাদির গমনের পথ।

Droven, *To* Drive, শব্দের অসমাপক ক্রিয়া পদ, চালিত গতিকৃত।

Drover, *n. s.* বলদ বা সাঁড়, হৃষ্টপুষ্ট করিয়া হট্টে বিক্রয় করিতে লইয়া যায় যে, বিক্রয়ার্থে পশুকে খাওয়ায় বা পালে যে, পশুব্যবসায়ী, পশুবাণিজ্যকারী, পাল তাড়ায় বা রক্ষা করে যে, নৌকাবিশেষ জোয়ারে চলে যে নৌকা।

Drought, *n. s.* Sax. শুষ্ককাল, খরাণ্যাকাল, শুকনো কাল, গ্রীষ্মকাল, খরাণীকাল, অনাবৃষ্টি, আকাট, শুষ্কাপুড়ি, জল বা বৃষ্টির অভাব, অবর্ষা, শুকা, পিপাসা, তৃষ্ণা, তৃষা, পানীয়াভাব।

Droughtiness, *n. s.* অনাবৃষ্টিতা, অবর্ষত্ব, অবগ্রহ, জলাভাব।

Droughty, *a.* অনাবৃষ্টি বর্ষা বা তৎবৃষ্ট্যভাববিশিষ্ট, জলশূন্য, অবর্ষণ বৃষ্টি শূন্য বা অভাববিশিষ্ট, তৃষার্ত্ত, তৃষ্ণাযুক্ত, শুষ্কতালু, গ্রীষ্ম, তৃষিত।

Drouth, Drought শব্দ দেখ।

To **Drown**, *v. a.* Germ. ডুব (ক্রি), চুব (ক্রি), মজ্জ (ক্রি), জলে ক্ষিপ বা ফেল বা রক্ষ, জলসাৎ-কৃ, উত্থোল, জল-প্লব, জলময়-কৃ, ছয়লাপ-কৃ, হার (ক্রি), ক্ষয় (ক্রি)।

To **Drown**, *v. n.* মজ্জ, ডুব, বুড়, জলেমগ্ন-হ, গয়ক-হ, জলেডুব বা ডুবিয়া মর, ডুবে-মৃ, জলসাৎ-হ।

Drowner, *n. s.* ডুবে বা ডুবায় যে, ডুবাইয়া দেয় যে, ডুবিয়া মরে যে, জলে মগ্ন হয় বা করে যে।

To **Drowse**, *v. a.* Dutch. নিদ্রাদ্বারা ভারি জড় বা অলস-কৃ, নিদ্রাকৃষ্ট-কৃ।

To **Drowse**, *v. n.* তন্দ্রাবিশিষ্ট-হ, ঝিম, নিদ্রাকৃষ্ট-হ, নিদ্রিত-হ, নিদ্রাতে-অচেতন-হ, নিদ্রাতে কাতর-হ, ঘুমিয়া-পত, ঢুলিয়া-পত, জড়-হ, ভারি-হ, অলসী-হ, উদাস-হ, জড়বৎ-হ।

Drowsihed, *n. s.* নিদ্রায় কাতরতা, ঝিমান, নিদ্রা, নিদ্রাবিশিষ্টত্ব, নিদ্রিতত্ব।

Drowsily, *ad.* নিদ্রাপূর্ব্বক, নিদ্রাবল্যরূপে, ঝিমিয়া, নিদ্রিতাবস্থাপূর্ব্বক, অলসতাপূর্ব্বক, নিষ্কর্ম্ম বা কুড়্যামিরূপে, সুস্তিত্বরূপে, তন্দ্রারূপে, আলস্যরূপে।

Drowsiness, *n. s.* নিদ্রিতত্ব, সুষুপ্ত্যবস্থা, নিদ্রা, অলসত্ব, অলসতা, কুড়্যেম, অনুৎসুকতা, নিষ্কর্ম্মান্বিতত্ব, নিদ্রাকর্ষণ, তন্দ্রা, ঝিমানি, নিদ্রাবল্য।

Drowsy, *a.* ঘুমন্ত, নিদ্রিত, ঝিমুন্যা, সুষপ্ত্যবস্থাপ্রাপ্ত, অলস, কুড়্যা, নিষ্কর্ম্মান্বিত, নিষ্কর্ম্মা, ভারি, জড়, নিদ্রাকর্ষক, নিদ্রাপ্রয়োজক, বোকা, নিদ্রালু, নিদ্রাগত, নিদ্রান্বিত, তন্দ্রাবৃত, তন্দ্রালু।

Drowsy-headed, *a.* জড়, জড়স্বভাবশালী, জড়প্রকৃতিক।

To **Drub**, *v. a.* Dan. ধান্য আছড় ঝাড় বা চাঁট, ঝাড়, পরিষ্কার-কৃ, মার, পিট, ঠোক, কিলা, খাবড়া, চড়া।

Drub, *n. s.* খাবড়া, মার, পিট, চাপড়, চড়, কিল ঠুকঠাক, আঘাত, প্রহার, চপেটাঘাত।

To **Drudge**, *v. n.* Sax. নীচকর্ম্ম-কৃ, হীনকর্ম্ম-কৃ, গোলামি-কৃ, মিহন্নৎ-কৃ, মজুরি-কৃ, দাসত্ব-কৃ, অতিমজুরি-কৃ, অতিপরিশ্রম-কৃ।

To **Drudge**, *v. a.* দীর্ঘ কালে ক্ষয়-কৃ, ক্রমেং নাশ-কৃ, গৌণপূর্ব্বক খরচ-কৃ, পরিশ্রমপূর্ব্বক ক্ষয়-কৃ।

Drudge, *n. s.* নীচকর্ম্ম, হীনকর্ম্ম, অপকর্ম্ম, কুকর্ম্ম, মজুরের মিহন্নৎ, অপমানজনক, পরিশ্রম বা কর্ম্ম, অমর্য্যাদার কার্য্য বা বিষয়, ক্ষুদ্র পেশা, নীচব্যবসায়, হীনবৃত্তি।

Drudger, *n. s.* ক্ষুদ্র কর্ম্মকারী, নীচ কর্ম্ম করে যে, নীচ কর্ম্মে পরিশ্রম করে যে, ময়দার ডিবিয়া বা আধারবিশেষ, যাহাহইতে কাবাবি মাংসের উপরে ময়দা নিঃক্ষেপ করে।

Drudgery, *n. s.* নীচকর্ম্ম, ক্ষুদ্রকর্ম্ম, দাসত্ব, গোলামতি, মজুরি, অপ

Digitized by Google

মানের কর্ম্ম বা বিষয় মানহানি বা অসম্ভ্রম হয় যে কর্ম্মে বা বিষয়েতে।

Drudging-box, *n. s.* ময়দার বাক্স বা তিবিয়াবিশেষ, যাহাহইতে দগ্ধ মাংসেতে ময়দা নিক্ষেপ করে।

Drudgingly, *ad.* খালি পরিশ্রমপূর্ব্বক, অতিক্লেশপূর্ব্বক, নীচ কর্ম্ম করণপূর্ব্বক, নীচ কর্ম্মদ্বারা, মজুরীরূপে।

Drug, *n. s.* Sax. ঔষধীয় দ্রব্য, ঔষধের মশলা, জড়িবটি, সামান্য বস্তু, নির্গুণ বস্তু, তুচ্ছ বস্তু, সামান্য কর্ম্ম করে যে, নীচ কর্ম্মকারী, ঔষধ, ভেষজ, এলাজ।

To **Drug**, *v. a.* মশলা মিশ্রিত-কৃ, মশলাতে পাক-কৃ, মশলা-কৃ, ঔষধি দ্রব্য মিল (ক্রি), অপকারক বা অনিষ্টজনক দ্রব্যদ্বারা মিশ্র, দাগ-দা, দাগপড় (ক্রি)।

To **Drug**, *v. n.* ঔষধের পাঁতিয়া-দা, ঔষধব্যবস্থা-কৃ বা-হ।

Drugger, *n. s.* গন্ধবণিক্‌বিশেষ, পশারি, ঔষধীয় দ্রব্য বিক্রয় করে যে, ঔষধবিক্রেতা।

Druggerman, *n. s.* দোভাষিয়া, পরস্পর কথা বুঝাইয়া দেয় যে, অর্থ করে যে, ব্যাখ্যা করে যে।

Drugget, *n. s.* পশমী কাপড়বিশেষ, পশমী সূত্রা

Druggist, *n. s.* ঔষধবিক্রেতা, ঔষধীয় দ্রব্য বেচে যে, ঔষধের মশালা বিক্রয় করে যে, গন্ধবণিক্‌বিশেষ, পশারি, আত্তার।

Drugster, *n. s.* ঔষধের গাছড়াবিক্রেতা।

Druid, *n. s.* জাতিবিশেষ, পূর্ব্বকালীন গাল বা ব্রিটিয়ানেরদের আচার্য্য বা পুরোহিতবিশেষ, পণ্ডিত বা বহুদর্শি ব্যক্তি, ঋষিবিশেষ।

Druidical, *a.* ড্রুইদসংজ্ঞক জাতিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, পূর্ব্বোক্ত আচার্য্যসম্বন্ধীয়।

Druidism, *n. s.* তজ্জাতির ধর্ম্ম শাস্ত্র বা মত।

Drum, *n. s.* Dan. তম্বুর, ঢক্কা, ঢাক, দামামা, ধামাসা, নহবৎ, তবলা, ডগর, কর্ণশষ্কুলী, কর্ণকুহর, কাণের হাঁড়ি, গোল, জনতা, বহুজন।

To **Drum**, *v. n.* ঢাক বা দামামাতে ঘা বা বাড়ি-পত, ঢাকের বা দ্য-হ, তবলা-ছাড়, ঢাকের শব্দ ঠনঠন-কৃ, ঠনঠন শব্দ-হ, ঢাক বাজা, নহবৎ বাজা।

To **Drum**, *v. a.* ঢাক বাদ্যদ্বারা উৎখাত বা তাড়ন-কৃ, ঢেণ্ডারাদ্বারা দূর করিয়া-দা, যুদ্ধভাষায় বৃহৎদণ্ড বা অপমান বুঝায়।

To **Drumble**, *v. n.* অলস-হ, কুড়্যে-হ, অকর্ম্মণ্য-হ, আলিসা-হ, নিষ্কর্ম্মান্বিত-হ।

Drumfish, *n. s.* মৎস্যবিশেষ, মৎস্যনাম।

Drumly, *a.* কাদাটিয়া, ঘোলা, অপরিষ্কার, ঘন।

Drummajor, *n. s.* সরদার তম্বুরচী, কোন সৈন্যদলের প্রধান ঢাকী।

Drummaker, *n. s.* ঢক্কাব্যবসায়ী, ঢক্কানির্ম্মাণকারক, ঢক্কানির্ম্মায়ক, ঢাক বানায় যে।

Drummer, *n. s.* ঢাকী, ঢুলি, ঢেঁড়িয়া, তম্বুরচী, নাগারচী, নাগরাওয়ালা।

Drumstick, *n. s.* ঢাকের কাটি, ঢোলের কাটি, দণ্ডবিশেষ, যদ্দ্বারা ঢাকবাদ্য হয়।

Drunk, *a.* মাতওয়ালা, মদেমত্ত, মাদকদ্রব্যকরণক বিহ্বল, সিক্ত, ভিজে, জলময়, আর্দ্রিত মত্ত, বিহ্বল।

Drunkard, *n. s.* মাতোয়াল, মাতোয়ালা, কএফী, অপরিমিত মদ্যপায়ী, মদ্যপানে মগ্ন হইয়াছে যে বা বকিয়া গিয়াছে যে ব্যক্তি, মদখোর।

Drunken, *a.* Sax. মদে মত্ত, মদে ভোর, স্বাভাবিক মাতোয়ালা হইয়াছে যে, মাতাল, মত্ততাবিশিষ্ট, মত্ততাবস্থায় কৃত বা ভূত, সিক্ত, আর্দ্রিত, ভিজে, জবজবিয়া, মত্ত, পানশৌণ্ড।

Drunkenly, *a.* মত্ততারূপে, মাতলামিপূর্ব্বক।

Drunkenness, *n. s.* উগ্র বা শক্ত মদ্যদ্বারা মত্ততা, মাতলামি, বিহ্বলতা, মত্তস্বভাব, কএফ, নেশা, ঘোর, পেয়ালাবাজী, মস্তানি।

Dry, *a.* Sax. শুষ্ক, শুখনো, নীরস, নির্জ্জল, জলাভাববিশিষ্ট, রুক্ষ, অরস, খরা, শুকা, পিপাসিত, তৃষিত, তৃষ্ণার্ত্ত, নিরশ্রু, মরু, পতিত, অশোভিত, অভাববিশিষ্ট, খালি, শূন্য, শক্ত, কঠিন, দৃঢ়।

Dry-foot, *n. s.* পদের ঘ্রাণের দ্বারা চলে যে কুক্কুর, শিকার গিয়াছে যে পথে তাহার ঘ্রাণদ্বারা জানিয়া চলে যে কুক্কুর।

To **Dry**, *v. a.* শুষ্ক-কৃ, নীরস-কৃ, নির্জ্জল-কৃ, জল নির্গত-কৃ, জল-প্রোঞ্ছ, তৃষ্ণার্ত্ত-কৃ, পিপাসিত-কৃ, পিপাসায় দগ্ধ-কৃ, জল নির্গত-কৃ, খালি-কৃ, শূন্য-কৃ। *To dry up*, শুখাইয়া-যা বা-দা, এককালে নীরস বা শুষ্ক-কৃ।

To **Dry**, *v. n.* শুষ্ক-হ, নীরস-হ, শুষ্ক হইয়া যা, শুকা।

To **Dry-rub**, *v. a.* নীরসপূর্ব্বক, পরিষ্কার-কৃ বা ঘৃষ।

Dryad, *n. s.* Gr. বন্য স্ত্রী, বনের পরি।

Dryer, *n. s.* শুষ্ককারী, পরিশোষক, নীরসকারী, নীরসশীল, নির্য্যাস বা রস শুষ্ক করিবার ক্ষমতা বা গুণ আছে যাহার।

Dryeyed, *a.* নিরশ্রু, জলহীন নেত্র, অরোদনশালী, শুষ্ক চক্ষু।

Dryfat, *n. s.* Sax. বড় ঝোড়া, বাজারা, ওড়া, ডালি, চাঙ্গারি।

Dryly, *ad.* নীরসপূর্ব্বক, শুষ্কতারূপে, নরমি হিম বা ঠাণ্ডাইপূর্ব্বক, অস্নেহপূর্ব্বক, শাদামাটারূপে, খালি বা শূন্যভাবে, বিনা অলঙ্কারে, ধূর্ত্ততা বা চতুরতাপূর্ব্বক, নিন্দা বা গর্হাপূর্ব্বক।

Dryness, *n. s.* নীরসত্ব, নির্জ্জলত্ব, শুষ্কতা, শুকতি, শোষ, অশোভা, শূন্যত্ব, অফল, ঠাণ্ডাই, নরমি, ধ্যান বা পূজা বা অর্চ্চনাদি দ্বারা বাহ্যজ্ঞানরাহিত্য।

Drynurse, *n. s.* বালকের দাসী বা দাই, ছেলে প্রতিপালন করে যে স্ত্রী, প্রতিপালিকা, আয়া।

To **Drynurse**, *v. a.* বালকের প্রতিপালন-কৃ, বালককে-খাদ(ক্রি), স্তন্যপান ভিন্ন বালকের শুশ্রূষা বা সেবা-কৃ।

Drysalter, *n. s.* শুষ্ক বা লোণা মাংস বিক্রেতা, আচার তৈল ইত্যাদি খাদ্য দ্রব্য বিক্রেতা বা তদ্দ্রব্যব্যবসায়ী।

Dryshod, *a.* শুষ্ক পদ বা শুষ্ক চরণবিশিষ্ট।

Dual, *a.* Lat. দ্বিবচনান্ত, দ্বিসংখ্যক, দ্বিবচনসম্বন্ধীয়।

Duality, *n. s.* দ্বিত্ব, দ্বিবচনান্তত্ব, অংশ, বিভাগ, পার্থক্য।

To **Dub**, *v. a.* Sax. উপাধি-দা, উপাধিবিশিষ্ট-কৃ, বিশেষণার্পণ-কৃ, বিশেষ পদবি-দা, মর্য্যাদা বা সম্ভ্রমজনক পদ বা চিহ্ন প্রদান-কৃ, নূতন নাম-দা, বিশেষ সম্ভ্রান্ত-কৃ।

To **Dub**, *v. n.* শব্দ বিশেষ-কৃ, ধ্বনি-কৃ বা-হ।

Dub, *n. s.* ঘা, ধাক্কা, চোট, আঘাত।

Dub, *n. s.* Irish. ডোবা, গেড়ে, খানা, গর্ত্ত।

Dubbed, *a.* ভোতা, মেড়ো, নিস্তেজ, ধারহীন।

Dubiety, *n. s.* সন্দেহ বা সংশয়বিষয়, অনিশ্চয়, সন্দেহময়ত্ব, অবিশ্বাস।

Dubiosity, *n. s.* সন্দিগ্ধ বা সন্দেহ্য বস্তু বা বিষয়।

Dubious, *a.* Lat. সন্দিগ্ধ, সংশয়ী, অস্থির, মতের ঐক্য বা স্থৈর্য্য নাই যাহার, অনিশ্চিত, অপরিষ্কার, অস্পষ্ট, ঘোর, গোলমাল।

Dubiously, *ad.* সন্দেহপূর্ব্বক, অনিশ্চয়পূর্ব্বক, সংশয়পূর্ব্বক, দ্বিধারূপে।

Dubiousness, *n. s.* সংশয়, অনিশ্চয়ত্ব, সন্দেহ, অস্থৈর্য্য।

Digitized by Google

Dubitable, *a.* Lat. সন্দেহযুক্ত, সন্দেহবিশিষ্ট, অস্থির, অনির্দ্ধার্য্য, অনির্দ্ধারিত, সন্দেহ্য, দ্বৈধ।

Dubitancy, *n. s.* সন্দেহ, অনিশ্চয়ত্ব, অস্থৈর্য্য, নিশ্চয়রাহিত্য, অনিশ্চিতত্ব।

Dubitation, *n. s.* সন্দেহকরণ, সংশয়করণ, সন্দেহ, দ্বিধা।

Ducal, *a.* ডিউকসংজ্ঞক কুলীনব্যক্তিবিষয়ক বা তৎসম্বন্ধীয়, ডুক নামক উপাধিসম্বন্ধীয়।

Ducat, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তিকৃত, মুদ্রাঙ্কিত মুদ্রাবিশেষ, রৌপ্য হইলে যাহার দুই টাকা চারিআনা, আর স্বর্ণ হইলে চারি টাকা বার আনা আন্দাজি মূল্য হয়।

Duchess, Dutchess শব্দ দেখ।

Duchy, Dutchy শব্দ দেখ।

Duck, *n. s.* Dutch. জলচর পক্ষিবিশেষ, হংস, পাতিহাঁস, মরাল, স্নেহবাক্য, আদরসূচক শব্দ, সোহাগের সম্বোধন, মস্তক নিম্নকরণ, জলে নিক্ষিপ্ত প্রস্তর।

To **Duck**, *v. n.* জলে-ডুব, ডুবকি-মার, জলে মগ্ন-হ, হংসের ন্যায় জলে-ডুবমার বা মস্তক নিম্ন-কৃ, হেঁট হইয়া প্রণতি-কৃ হেঁট-হ, কুঞ্চিত-হ, কোঁকড়-হ।

To **Duck**, *v. a.* জলে-রক্ষ, জলার্পণ-কৃ, জলে মগ্ন-কৃ, জলসাৎ-কৃ, জলে নিক্ষেপ-কৃ।

Ducker, *n. s.* ডুবুক, জলে ডোবে বা মগ্ন হয় যে, হেঁট হয় যে।

Duckingstool, *n. s.* চৌকীবিশেষ, যাহাতে প্রগল্ভা বা বালা স্ত্রীকে বন্ধনপূর্ব্বক জলে ফেলিয়া দেওয়া যায়, একণ্ঠা Cuckingstool, শব্দের অশুদ্ধ ভাষা জানিবে, তৎশব্দ দেখ।

Ducklegged, *a.* খঞ্জবিশেষ, ক্ষুদ্রপদী, ছোট বা হংসপদবৎ।

Duckling, *n. s.* হংসশাবক, হংসের বাচ্চা, আদরবাক্য।

Duckmeat, *n. s.* বৃক্ষবিশেষ, জলজবৃক্ষ।

To **Duckoy**, *v. a.* ভুল (ক্রি), ভুলাইয়া ফাঁদে নিক্ষেপ-কৃ, জালে ফেল, ভুলাইয়া জালে বদ্ধ-কৃ, ভোগা দিয়া ফাঁদে ফেল বা আনী।

Duckcoy, *n. s.* যদ্দ্বারা ভুলান যায়, ভুলানের কারণ বা দ্রব্য, যে দ্রব্য দিয়া ভুলায়।

Ducksfoot, *n. s.* বৃক্ষবিশেষ।

Duckweed, *n. s.* বৃক্ষবিশেষ।

Duct, *n. s.* Lat. পথ, লক্ষ্য, উদ্দেশ্য, নিশানি, অনুমান হয় যাহার দ্বারা, প্রণালী, নালা, গমনাগমনের পথ।

Ductile, *a.* Lat. নমনীয়, নম্য, নোয়ানো যায় যাহা, আকর্ষণনির্ম্মেয়, নোয়ানশীল, বিস্তারণীয়, শিষ্ট, ধীর, নম্র, বশীভূত, অনুগত, শরণাগত, বশতাপন্ন, নরম।

Ductileness, *n. s.* নমনীয়তা, আকর্ষণনির্ম্মেয়ত্ব, চিমড়াই, বিস্তারণীয়ত্ব, শিষ্টতা, ধীরতা, নম্রতা।

Ductility, *n. s.* আকর্ষণনির্ম্মেয়তা, বশীভূততা, বশতা, বশ্যতা, বাধ্যতা, আয়ত্ততা, নমনীয়তা, নম্যতা।

Ducture, *n. s.* পথ, রাহা, চিহ্ন, পথপ্রদর্শক বা জ্ঞাপক বস্তু বা বিষয়।

Dudgeon, *n. s.* Germ. ক্ষুদ্র করবালবিশেষ, ছোরা, দ্বেষ, ঈর্ষা, জাতক্রোধ, মন্দচেষ্টা, অনিষ্টচেষ্টা, অহিতাচরণ, ঔদাস্য, বৈরক্ত্য, ঠেটামি।

Due, *a.* ঋণদ্রব্য, দানীয়, পরিশোধনীয়, পাওনা, যাহা কর্জ্জ করা যায় বা হয়, ধারকৃত, দাওয়াওয়ালা, দাওয়া করে যে, দাওয়াকরণে ক্ষমতা আছে যাহার, যথার্থ, প্রকৃত, উপযুক্ত, ঠিক, যোগ্য, ওয়াজিবী, হক, স্বত্ব আছে যাহাতে, ব্যাঘাতশূন্য, অন্যথাবর্জ্জিত, ফলতঃ, বাস্তবিক।

Due, *ad.* ঠিকরূপে, বরাবররূপে, সোজাসোজি বা যাথার্থ্যরূপে, ফলিতার্থরূপে, বাস্তবিকরূপে।

Due, *n. s.* পাওনা, দেনা, ঋণ, ধার, কর্জ্জ, স্বার্থ, স্বাধিকার, অধিকার, হক, শাস্ত্রসম্মত, কর্ত্তব্যতা, ব্যবহার, রীতি, রাজকর, রাজসম্মান, মাসুল, মিতি, মুদ্দৎ, মেয়াদ।

To **Due**, *v. a.* দেনা-দা, ধার শোধ-কৃ, ধার পরিশোধ-দা।

Dueful, *a.* উপযুক্ত, প্রকৃত, যোগ্য, উচিত।

Dueness, *n. s.* যোগ্যত্ব, উপযুক্ততা, ঔচিত্য

Duel, *n. s.* Lat. মল্লযুদ্ধ, দ্বন্দ্বযুদ্ধ, দুইজনাতে যে যুদ্ধ হয়, পিস্তল লড়াই।

To **Duel**, *v. n.* দুইজনে পরস্পর যোদ্ধা-হ।

To **Duel**, *v. a.* পরস্পর যুদ্ধ-কৃ, দুইজনে লড়াই-কৃ, পিস্তল লড়াই-কৃ।

Dueller, *n. s.* উভয় যোদ্ধা, মল্ল যোদ্ধা।

Duelling, *n. s.* উভয়ের যুদ্ধ বা তদ্ব্যবহার, রীতিবিশেষ, যাহাতে পরস্পর যুদ্ধ করিয়া মরে কিম্বা মারে।

Duellist, *n. s.* মল্লযোদ্ধা, পরস্পর যোদ্ধা, দুই জন যুদ্ধ করে যে, মর্য্যাদা বা সম্ভ্রমের নিয়ম বা রীতি জানে বা শিক্ষা করে বা তদনুসারে চলে যে।

Duello, *n. s.* Ital. পরস্পর যুদ্ধ, পরস্পর যুদ্ধাচার, পরস্পর মল্লযুদ্ধের রীতি বা নিয়ম।

Duenna, *n. s.* বৃদ্ধা স্ত্রীবিশেষ, রক্ষিকা স্ত্রী, যুবতি স্ত্রীলোকের রক্ষিকা, চৌকী দেয় যে বুড়ি, গৃহিণী।

Duet, *n. s.* Ital. গীত বা রাগ বিশেষ।

Dug, *n. s.* Icel. বাঁট, স্তন, মাই, স্তনের বোঁটা।

Dug, *pret.* *To* Dig, শব্দের অতীত কালবাচক বা অসমাপক ক্রিয়া, খোদিত, খাত, খুঁদিয়াছে।

Duke, *n. s.* Fr. & Lat. সৈন্যাধ্যক্ষ, পথদর্শক, শাস্তা, পেশ্বা, যুবরাজের দ্বিতীয় পদস্থ অগ্রণী ব্যক্তি, অতিপ্রধান বা উচ্চপদ, রাজবংশজ ব্যক্তিরদের কনিষ্ঠ পদ বা তৎপদস্থ ব্যক্তিবিশিষ্ট, ইউরোপ দেশের মধ্যে সর্ব্ব সম্ভ্রান্ত উপাধি।

Dukedom, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ বা অবস্থা সম্ভ্রম উপাধি বা আধিপত্য।

Dulbrained, *a.* অল্প বোধ, নির্ব্বোধ, বেঅকুপ, মূর্খ, পশু, বেয়াক্কেল।

Dulcet, *a.* Lat. মিষ্ট, সুস্বাদু, সুরস, মধুর, সুশ্রাব্য, সুন্দর, মনোহর, মনোনীত, মিষ্টস্বর বা সুস্বরবান।

Dulcification, *n. s.* মিষ্টকরণ, সুশ্রাব্য বা মনোরমকরণ।

To **Dulcify**, *v. n.* Fr. মিষ্ট-কৃ, সুন্দর-কৃ, মনোরম-কৃ, মধুর-কৃ, সুশ্রাব্য-কৃ।

Dulcimer, *n. s.* বাদ্যযন্ত্রবিশেষ, সেতার, তানপুরা।

Dulcitude, *n. s.* মিষ্টতা, সুরসতা, সুস্বাদুতা, মাধুরী।

To **Dulcorate**, *v. a.* Lat. মিষ্ট-কৃ, সুস্বাদু-কৃ, মধুর-কৃ।

Dulcoration, *n. s.* মিষ্টকরণ, সুস্বাদুকরণ, মাধুর্য্যকরণ।

Dulcour, *n. s.* মিষ্টতা, সুস্বাদ, মাধুর্য্য।

Dulhead, *n. s.* মূর্খ, অবোধ, নির্ব্বোধ, বুদ্ধিহীন ব্যক্তি।

Dulia, *n. s.* সামান্য পূজা বা অর্চ্চনাবিশেষ।

Dull, *a.* Sax. নির্ব্বোধ, অবোধ, অমেধা, নির্ব্বুদ্ধি, পাগল, মূর্খ, জড়, মূঢ়, ভারী, ভোতা, তেজোহীন, নিস্তেজ বা নির্ধারবিশিষ্ট, অপ্রস্তুত, নিষ্প্রভ, আনকা, আজগোবি, দীর্ঘসূত্র, অক্ষিপ্র, সুস্তি, অপ্রখর, উদাস, উদ্বিগ্ন, অলস, অপ্রতিভাবিশিষ্ট, দুঃখিত, অনাহ্লাদ, কুড়ে, মোটা, মন্দ, অসুন্দর, অসুখদ, অপ্রিয়, অমনোরম, অপরিষ্কার, নিদ্রালু, অচতুর, ঘুমন্ত, নিদ্রাকৃষ্ট, নিদ্রিত, অল্পশ্রাবী, অল্পশ্রবণশক্তিবিশিষ্ট।

Digitized by Google

Dull brained, Dulbrained শব্দ দেখ।

Dull-browed, *a.* উদ্বিগ্ন, চিন্তিত, ভাবিত, ম্লান, বিষণ্ণ, বিবর্ণ, বিমর্ষ।

Dull-disposed, *a.* উদাস, উদাসচিত্ত, অন্যমনস্ক।

Dull-eyed, *a.* অধোদৃষ্টিবিশিষ্ট, উদ্বেগ বা ভাবনাতে দৃষ্টির বৈলক্ষণ্য হইয়াছে যাহার, ভাবনাকৃষ্ট চক্ষু যাহার।

Dull-sighted, *a.* অল্পদৃক, ক্ষীণদৃক্।

Dull-witted, *a.* ভারী, জড়, অক্ষিপ্ত, অল্পষ্টবাদী।

To **Dull,** *v. a.* জড়-কৃ, জড়ীভূত-কৃ, নির্ব্বোধ-কৃ, নিস্তেজ-কৃ, মোহিত-কৃ, অজ্ঞান-কৃ, বাতুল-কৃ, ভোঁতা-কৃ, মেড়ো-কৃ, অক্ষিপ্ত-কৃ, উদাস-কৃ, উদ্বিগ্ন-কৃ, দুঃখিত-কৃ, বিমর্ষ বা বিষণ্ণ-কৃ, দুর্ব্বল-কৃ, আর্দ্র-কৃ, নরম-কৃ, ভারী-কৃ, অল্পগতিবিশিষ্ট-কৃ, তেজোহ্রাস-কৃ, নিদ্রাকৃষ্ট-কৃ, কুড়্যে-কৃ, অলস-কৃ।

To **Dull,** *v. n.* জড়-হ, জড়ীভূত-হ।

Dullard, *n. s.* নির্ব্বোধ, মূর্খ, অবোধ, বুদ্ধিহীন, অমেধা, বেঅকুপ ব্যক্তি।

Dullard, *a.* নির্ব্বোধ, মূর্খ, অবোধ, অমেধাবী, মূঢ়, অজ্ঞান।

Dulled, *a.* অনুজ্জ্বল, মিড়মিড়ে, মিনমিনে, অতীক্ষ্ণ, মৃদু।

Duller, *n. s.* জড় করে যে, জড়কর্ত্তা, ক্ষীণ করে যে, ক্ষীণ হয় বা করে যাহাতে তদ্বস্তু।

Dully, *ad.* জড়তাপূর্ব্বক, অল্পমেধাপূর্ব্বক, দীর্ঘসূত্রতারূপে, আলস্যপূর্ব্বক, অক্ষিপ্ততারূপে, অসজীবতারূপে, অনৌৎসুক্যপূর্ব্বক, অরসিকতাপূর্ব্বক।

Dulness, *n. s.* জড়ত্ব, মূর্খত্ব, ক্ষীণবুদ্ধিত্ব, বুদ্ধির ক্ষীণতা, নির্ব্বোধ, মূঢ়তা, অতীক্ষ্ণতা, আনাড়ীপনা, যাহার অল্পমেধা, অতীক্ষ্ণবুদ্ধি, আলস্য, শয়নেচ্ছা, নিদ্রাপ্রয়োজকতা, ক্ষীণ গতি, ঘোরত্ব, অল্পষ্টত্ব, অপরিষ্কারত্ব, ঔজ্জ্বল্যাভাব, ধাররাহিত্য, নির্ধারত্ব।

Duly, *ad.* যাথার্থ্যরূপে, প্রকৃতরূপে, উপযুক্তরূপে, রীতিপূর্ব্বক, ঠিকরূপে, ব্যবস্থানুযায়ী।

Dumb, *a.* Sax. স্তব্ধ, মূক, বোবা, হাবা, গোঙ্গা, বাক্‌শক্তিহীন, বাগ্রুহিত, অবাক্, নিঃশব্দ, কথা কহিতে অসমর্থ, মৌনী, বাক্য ব্যয়ে অনিচ্ছু বা অসম্মত, মূক।

To **Dumb,** *v. a.* Sax. অবাক-কৃ, বাক্‌রহিত-কৃ, মূক-কৃ, মৌনী-কৃ, নিঃশব্দ-কৃ।

Dumbly, *ad.* স্তব্ধতারূপে, চুপ করিয়া, নিঃশব্দতাপূর্ব্বক, মৌনরূপে, তুষ্ণীৎভাবরূপে।

Dumbness, *n. s.* Sax. মূকত্ব, গোঙ্গামী, হাবামী, বাকশক্তিরাহিত্য, অকথন, বাক্যবর্জ্জন, স্তব্ধতা, বাক্যকথনে অস্বীকার, অবাক্ত্ব, বাক্‌রাহিত্য, নীরবতা।

To **Dumfound,** *v. a.* ঘবর (ক্রি), হতবুদ্ধি-কৃ, অবাক্-কৃ, বাক্‌শক্তি লোপ-কৃ, কথনশক্তিহীন-কৃ।

Dummerer, *n. s.* কল্পিত মূক, কৃত্রিম বোবা।

Dummy, *n. s.* মূক, বোবা, গোঙ্গা, ইতর কথাবিশেষ।

Dump, *n. s.* Dutch. ভাবনা, শোক, অনুতাপ, ঔদাস্য, অনুৎসুকতা, খেদজনক স্বর বা গীত, শোকগীত, শোকের গান, মরসিয়া, স্বর বা গীতবিশেষ, অমনোযোগ, অন্যমনস্কতা, অনবধান।

Dumpish, *a.* উদাস, দুঃখদ, ক্লেশদ, বিষণ্ণ, খেদিত অনাহ্লাদিত।

Dumpishly, *ad.* ঔদাস্যপূর্ব্বক, অনাহ্লাদরূপে, বিষণ্ণতাপূর্ব্বক, বিষাদরূপে।

Dumpishness, *n. s.* ঔদাস্য, অনাহ্লাদ, বিষণ্ণতা, অপ্রসন্নতা, অপ্রফুল্লতা।

Dumpling, *n. s.* পিষ্টকবিশেষ, গোলাকার পিটা।

Dumpy, *a.* মোটা, গব্দা, পার্শ্বে মোটা, বেআড়া, বেডৌল, বদচপ।

Dun, *a.* Sax. কটা, পিঙ্গল, ঘোর অন্ধকার, পিষঙ্গ, তাম্রবর্ণ।

To **Dun,** *v. a.* Sax. ঋণ তাগাদা-কৃ, উত্তেজনা-কৃ, ধন্না-দা বা বৈস।

Dun, *n. s.* আদায়ার্থে তাগাদাকারী, উত্তেজনাকারক, ধন্না দেয় বা বসে যে, তষ্টি দেয় যে, তষ্টিরাম, মহসীল।

Dun, *n. s.* উচ্চ বস্তু, জাঙ্গাল।

Dunce, *n. s.* বেঅকুপ, মূর্খ, অবোধ, নির্ব্বোধ, মেধাহীন।

Duncery, *n. s.* মূর্খতা, জাড্য, মূর্খত্ব, অবোধতা।

To **Duncify,** *v. a.* জড়-কৃ, মূর্খ-কৃ।

Dune, *n. s.* Sax. পাহাড়, Down শব্দের অশুদ্ধ উচ্চারণ, তৎশব্দ দেখ।

Dung, *n. s.* Sax. বিষ্ঠা, পুরীষ, গূথ, বিট্, নাদ, গোবর, নাদি, মল, সার।

To **Dung,** *v. a.* সারাক্ত-কৃ, সারমিশ্রিত-কৃ, সারমিশ্রণদ্বারা ভূমির শক্তিবৃদ্ধি-কৃ, ভূমিতে সার-দা।

To **Dung,** *v. n.* বিষ্ঠাত্যাগ-কৃ, পুরীষোৎসর্গ-কৃ।

Dunged, *a.* বিষ্ঠামুক্ষিত, বিষ্ঠাক্ত, পুরীষমিশ্রিত, গূথমুক্ষিত।

Dungeon, *n. s.* কারাগার, বন্ধনশালা, অন্ধকূপ, পাতালঘর, কয়েদি লোক থাকে যেখানে, জেহেলখানা, মৃত্তিকার নীচস্থ কারাগার।

To **Dungeon,** *v. a.* কারাগারে ফেল বা বদ্ধ-কৃ বা তন্ন্যায় রুদ্ধ।

Dungfork, *n. s.* গোময়তোলা কাঁটাবিশেষ, অস্ত্রবিশেষ যদ্দ্বারা গবাদিশালা হইতে গোবর উঠান বা তোলা বা জড় করা যায়।

Dunghill, *n. s.* গোবরের কাঁড়ি বা ঢিবি, গোময়রাশি, গোবরস্তূপ, গোবরকূড়, সারকূড়, বিষ্ঠারাশি, সারকৃতস্থান, নীচ বা জঘন্য স্থান বা বাসা, নীচ অবস্থা কর্ম্ম বা পদ, অন্ত্যজ ব্যক্তির সম্বন্ধে ঘৃণাসূচকবাক্য।

Dunghill, *a.* গোবরকুঁড়ে জাত, বিষ্ঠাহইতে জাত বা উৎপন্ন, গোময়কুণ্ডহইতে উৎপন্ন জাত বা উত্থিত, ক্ষুদ্র, জঘন্য, পাজি, নীচ, ঘৃণার্হ।

Dungy, *a.* গোবরময়, বিষ্ঠাময়, জঘন্য, নীচ, অকর্ম্মণ্য, কর্ম্মানর্হ, বৃথা, নিষ্ফল।

Dungyard, *n. s.* গোবর বা বিষ্ঠা রাশি থাকে যে স্থানে।

Dunner, *n. s.* তাগাদগীর, ক্ষুদ্রকর্জ আদায়করণ কর্ম্মে নিযুক্ত ব্যক্তি, মহসীল।

Dunnish, *a.* কটাশে, কটাবর্ণন্যায়, পিঙ্গলবর্ণন্যায় বা তৎবর্ণবিশিষ্ট।

Dunny, *a.* অধীর, ভীত, সংশয়পূর্ণ বা বিশিষ্ট।

Duo, *n. s.* Lat. গীত, গান, গীত, দুইখণ্ডে বা অংশে বিভক্ত গীত বা কবিতা।

Duodecimo, *n, s.* Lat. পুস্তকের পরিমাণবিশেষ, এক তক্তা কাগজ বার ভাঁজ করিলে যে মাপ হয়, বার ওরকি ফর্দ্দের কেতাব, একফর্দ্দে বার পৃষ্ঠা ছাপা গ্রন্থ, বার ফরমার বহী, পৃষ্ঠা।

Duodecuple, *a.* Lat. দ্বাদশসংখ্যক, দ্বাদশবিশিষ্ট।

Duodenum, *n. s.* Lat. দ্বাদশ আন্তরিক নাড়ীর মধ্যে এক নাড়ী।

To **Dup,** *v. a.* খুল, খুলিয়া-ফেল।

Dupe, *n. s.* Fr. শীঘ্রালোক, প্রতার্য্য, প্রতারণীয়, ক্ষীণপ্রত্যয়ী, অচতুর, সরল, আলাভোলা, ভোগায় পড়া বা পতিত ব্যক্তি, ভুলান যায় যাহাকে তদ্ব্যক্তি বা ঠকান যায় যাহাকে, যাহাকে শীঘ্র ভোগা দেওয়া গিয়াছে।

Digitized by Google

To Dupe, *v. a.* প্রতারণা-কৃ, প্রবঞ্চনা-কৃ, বঞ্চনা-কৃ, ফাকী-দা, ভোগা-দা, ভুল (ক্রি), অপহরণ-কৃ, ঠক (ক্রি)।

Duple, *a.* Lat. দোহারা, দোকর, দুইবার, দ্বয়।

To Duplicate, *v. a.* Lat. দোহারা-কৃ, দোকর-কৃ, দ্বিবার-কৃ, দ্বয়-কৃ, এক বস্তু বা কর্ম্ম দুইবার-কৃ, তো-কৃ, ভাঁজ।

Duplicate, *a.* এক বস্তুর দ্বিতীয় প্রস্ত বা রূপ, নকল, দোহারা, দোকর, দ্বিত্ব, দ্বয়।

Duplicate *proportion*, বর্গ রাশি।

Duplication, *n. s.* দ্বিবারকরণ, দোহারাকরণ, দোকরকরণ, ভাঁজ করণ, তহকরণ, ভাঁজ, তহ।

Duplicature, *n. s.* ভাঁজ, তহ, দোহারা বা দ্বিবারকৃত বস্তু।

Duplicity, *n. s.* দ্বিত্ব, দ্বয়, দ্বিসংখ্যা, প্রতারণা, বঞ্চনা, চাতুরী, দ্বিজিহ্বতা, মনে দুইখানি, দুইকথা, দ্বিভাব।

Durability, *n. s.* মজবুতি, শক্তাই, কায়েমী, টেঁকসই, স্থিতি, বহুকালস্থায়িত্ব, বহনক্ষমতা, অক্ষয় শক্তি বা ক্ষমতা, বহুকাল স্থায়ী হয় টেঁকে বা থাকে যে শক্তিতে তচ্ছক্তি।

Durable, *a.* Lat. বহনক্ষম, টেঁকসই, টেঁকাও, কায়েম, অক্ষয়ণীয়, অক্ষয়, টেঁকাউশীল, স্থায়ী, শক্ত, মজবুত, চিরস্থায়ী, দৃঢ়, বহুকাল থাকে বা টেঁকে যে।

Durableness, *n. s.* টেঁকাউ, বহনক্ষমতা, অক্ষয়ত্ব, টেঁকাউশীলত্ব, চির কালে টেঁকে যাহাতে তচ্ছক্তি, স্থায়িত্ব।

Durably, *ad.* বহুকাল স্থিতিপূর্ব্বক, টেঁকসইরূপে, শক্তরূপে, মজবুতি বা দার্ঢ্যপূর্ব্বক, দৃঢ়তাপূর্ব্বক, অক্ষয়ত্ব বা স্থায়িত্বরূপে, মজবুতরূপে।

Durance, *n. s.* Fr. কারাগারে বদ্ধকরণ, কয়েদকরণ, কারাগার, বন্ধন, কয়েদ, সহিষ্ণুতা, বরদাস্ত, স্থায়িত্ব, টেঁকাউ, অক্ষয়ত্ব, চিরস্থায়িত্ব।

Duration, *n. s.* স্থায়িত্ব শক্তি, স্থিতি, বহু বা চিরকাল স্থায়ী হয় বা টেঁকে যে শক্তিতে তচ্ছক্তি, স্থায়িহওন কাল, টেঁকে যত কাল তৎকালের সংখ্যা বা পরিমাণ।

To Dure, *v. n.* Lat. স্থায়ী-হ, টেঁক, সহিষ্ণু-হ, সহ্য-কৃ, বরদাস্ত-কৃ, সহ, থাক, টিক।

Dureful, *a.* স্থায়ী, সহিষ্ণু, সহনশীল, টেঁকাউ, টেঁকসহী, বহুকাল স্থায়ী, শক্ত, মজবুত।

Dureless, *a.* অস্থায়ী, অটেঁকাউ, ঝাওরাণ, মরণশীল, ক্ষয়শীল, অশক্ত, ম্রিয়মাণ, নশ্বর, বিনাশি।

Duresse, *n. s.* Fr. কারাগার, কারাগারে বদ্ধকরণ, কয়েদ, বদ্ধতা, আটক, [In Law.] কারাগারস্থিত ব্যক্তির দরখাস্ত, কয়েদির দরখাস্ত, যে ব্যক্তি মোকদ্দমায় দেনায় কয়েদ হইয়া তাহাতে অতি শক্তাই ভয় বা প্রহার বা অন্য ভয়প্রযুক্ত খত বা অন্য একরার লিখিয়া দেয় তাহার দরখাস্ত বা আরজী।

During, *prep.* যাবৎ, যেপর্য্যন্ত, ইতোমধ্যে, তন্মধ্যে, মধ্যে।

Durity, *n. s.* Lat. শক্তাই, দার্ঢ্য, মজবুতি, কঠিনতা, কাঠিন্য, ক্রূরতা, নিষ্ঠুরতা, নির্দয়ত্ব, নির্ম্মোহত্ব, নির্ম্মমত্ব।

Durous, *a.* শক্ত, দৃঢ়, কঠিন, ক্রূর, নির্দয়, নিষ্ঠুর, কর্কশ।

Durst, *To* Dare শব্দের অসমাপক ক্রিয়াবাচক, পারা, পারিয়াছে, ভরসা বান্ধিয়াছে।

Dusk, *a.* Dutch. সন্ধ্যার প্রাক্কালবৎ, সাঁজ, সন্ধ্যাগামী, সন্ধ্যাকাল নিকটবর্ত্তী, গোধূলিসময়বৎ, আন্ধারে, কালাটে, কালাছে, কালা, অন্ধকার, কৃষ্ণবর্ণ।

Dusk, *n. s.* গোধূলি, সূর্য্যাস্তকাল, সন্ধ্যার প্রাক্কাল, সন্ধ্যার অন্ধকার বা ঝাপসা দেখা যায় যে কালে, কালবর্ণ, অন্ধকার, কাল।

To Dusk, *v. a.* কাল-হ, কালাটে-হ, কালাছে-হ, ঘোর-হ, অন্ধকার-হ, অনুজ্জ্বল-হ, উজ্জ্বল বা রশ্মির ক্ষয় বা নাশ-হ।

To Dusk, *v. n.* কালাটে-কৃ, কালা-কৃ, ঘোর-কৃ, অন্ধকার-কৃ, কালবর্ণ-কৃ, শামলা-কৃ।

Duskily, *ad.* কালবর্ণপূর্ব্বক, অন্ধকাররূপে, ঘোর বা অন্ধকারপূর্ব্বক।

Duskiness, *n. s.* অন্ধকার বা ঘোরপ্রবর্ত্তকতা বা আরম্ভ।

Duskish, *a.* ঝাপসা, অল্প অন্ধকার, ঈষদন্ধকার।

Duskishly, *ad.* ঘোর, বা মেঘাচ্ছন্নত্বপূর্ব্বক, অন্ধকারপূর্ব্বক।

Duskishness, *n. s.* অন্ধকারারম্ভ, ঘোর, ঈষৎকাল, ঝাপসা।

Duskness, *n. s.* ঝাপ্‌সা, ঈষৎ ঘোরত্ব, মিড়মিড়ে বা মিটমিটে ভাব বা অবস্থা।

Dusky, *a.* ঝাপসাবিশিষ্ট, ঝলশা অন্ধকার, ঘোর, কালাটে, কালাছে, ঈষৎকৃষ্ণবর্ণ, ম্লান, ঘোর, অন্ধকার, উদার, অনুজ্জ্বল, মুগ্ধ, অল্প মেধাবী, জড়, বুদ্ধিহীন, নির্ব্বোধ, বোধশক্তি অবরোধ বা আচ্ছন্ন হইয়াছে যাহার, তিমিরবৎ, গোধূলিকালীন, নিষ্প্রভ।

Dust, *n. s.* Sax. ধূলি, ধূল, গুঁড়া, চূর্ণ, রজঃ, পীনুবস্তু, গোর, কবর, মরণ, মরণাবস্থা, নিধনদশা, পঞ্চত্বপ্রাপ্তি, উড়েযাওন, অর্থাৎ মরণ বা নিধনহওন, অতিদুরবস্থা, ক্ষুণ্ণাবস্থা, অপমানাবস্থা, ক্ষুদ্রত্ব।

To Dust, *v. a.* ধূলি-ঝাড়, ধূলিপরিষ্কার-কৃ, নির্ধূলি-কৃ, ধূলি-মুক্ত, ধূলি নিক্ষেপ-কৃ, ধূলা-ছড় (ক্রি), রগড় (ক্রি), পিষ, গুঁড়া-কৃ, চালনিদ্বারা ঝাড় বা পরিষ্কার-কৃ, চালনি-কৃ।

Duster, *n. s.* ধূলিপরিষ্কারক, ধূলপরিষ্কার করে যে, ধূলা ঝাড়ে যে, নির্ধূলি করে যে, বারুদ প্রস্তুতকরণে ব্যবহৃত চালনিবিশেষ, মার্জ্জনী, ঝাড়ন।

Dustiness, *n. s.* ধূলাবৃতত্ব, ধূলাবিশিষ্টত্ব, ধূলাময়ত্ব, রজোময়ত্ব রেণুবিশিষ্টতা।

Dustman, *n. s.* ধূলা ঝাড়ে যে, ধূলা পরিষ্কার করে যে, ধূলা লইয়া যায় বা কুড়ায় যে, ধূলা ফেলে যে, ধূলিক্ষেপক, রজোপসারক।

Dusty, *a.* ধূলায় ধূসর, ধূলিময়, ধূল্যাচ্ছন্ন, ধূলীভূষিত, ধূল্যবলুণ্ঠিত।

Dutch, *n. s.* হলণ্ডনামক দেশজ, তদ্দেশের মনুষ্য বা ভাষা, এতন্নামক ভাষাবিশেষ, হলণ্ডদেশীয়।

Dutchess, *n. s.* Fr. অগ্রণীবিশেষ, ডিউকসংজ্ঞক যুবরাজের দ্বিতীয় পদস্থ ব্যক্তির স্ত্রী, তৎব্যক্তির অধিকারপদ বা আধিপত্য কর্ম্ম আছে যে স্ত্রীর, রাজ্যদ্বারা এতৎপদে অভিষিক্তা বা উন্নতা স্ত্রী।

Dutchy, *n. s.* Fr. ডিউকসংজ্ঞক পদস্থ ব্যক্তির অধিকার বা আধিপত্য পরগনা বা মুলুক।

Dutchycourt, *n. s.* তচিনামক আদালত বা কাছারিবিশেষ, নাঙ্কেষ্টরনামক পূর্ব্বোক্ত অধিকার বা মোতালকে তাবদ্বিষয় পরিষ্কার বা রফা হয় যে স্থানে।

Duteous, *a.* আজ্ঞাকারী, অধীন, আজ্ঞাবহ, অনুগত, শরণাগত।

Dutiful, *a.* আজ্ঞাকারী, আজ্ঞাধীন, সম্বন্ধের প্রাধান্য বা প্রভুত্বাধিকারে অধীন বা অনুগত যে, প্রভুভক্ত, নেমকহালাল, কৃতজ্ঞান্য ধর্ম্মপালক, পৈতৃক ধর্ম্মপালক, স্বকর্ম্ম উদ্ধার করে যে, মান্যতা মর্য্যাদা শ্রদ্ধা বা ভক্তিসূচক বাক্য।

Dutifully, *ad.* আজ্ঞাবহত্বরূপে, আজ্ঞাকারিত্বরূপে, নত হইয়া, নম্রতাপূর্ব্বক, অধীনতাপূর্ব্বক, মান্যতা শ্রদ্ধা বা ভক্তিপূর্ব্বক, আদরপূর্ব্বক, নম্রতাপূর্ব্বক।

Digitized by Google

Dutifulness, *n. s.* আজ্ঞাকারিত্ব, আজ্ঞাবহত্ব, মান্যতা, শ্রদ্ধা, ভক্তি, নম্রতা, নততা, আশ্রিতত্ব, আদর, সমাদর।

Duty, *n. s.* ধর্ম্ম, স্বাভাবিক ধর্ম্ম, কর্ত্তব্য কার্য্য, কর্ত্তব্য ক্রিয়া, ন্যায্য কর্ম্ম, উচিত কার্য্য, ধর্ম্মপ্রতিপালন, পিতা মাতার বা অন্য গুরুতর ব্যক্তির সম্বন্ধে মান্যতা শ্রদ্ধা বা ভক্তি, শ্রদ্ধা, ভক্তি, প্রহরি বা রক্ষা কর্ম্মে নিযুক্ত সেপাহির কর্ম্ম, চৌকি, সেবা, চাকরি, খেদমত, যুদ্ধ কর্ম্ম, চাকরি, নৌকরি, কার্য্য, কর্ম্ম, হাসিল, রাজকর, জগাৎ, দান, মাসুল, শুল্ক।

Duumvirate, *n. s.* Lat. ব্যক্তিদ্বয়কর্ত্তৃক রোমীয় শাসন বা আদালতবিশেষ।

Dwale, *n. s.* Germ. বৃক্ষবিশেষ [In Heraldry.] কৃষ্ণবর্ণ বুঝায়।

Dwarf, *n. s.* Sax. কুব্জ, বামন, অতুঙ্গ, খর্ব্ব, বেঁট্যা, খর্ব্বাকার, বা উনিয়া, হ্রস্ব, স্বাভাবিক পরিমাণাপেক্ষায়, খর্ব্ব বা ছোট বস্তু বা ব্যক্তি, বাওন, ইতিহাসে কোন প্রধানার পারিষদ বা চেড়ী বা দাসী।

To **Dwarf**, *v. a.* বাউন্যা-কৃ, খর্ব্ব-কৃ, খাট-কৃ, ছোট-কৃ, স্বাভাবিক পরিমাণহইতে ছোট-কৃ।

Dwarfish, *a.* বেঁট্যা, খর্ব্ব, ছোট, বাউন্যা, ক্ষুদ্র, ভেঁটে, হ্রস্বাঙ্গবিশিষ্ট।

Dwarfishly, *a.* বামন ন্যায়, খর্ব্বতা বা ক্ষুদ্রত্বরূপে।

Dwarfishness, *n. s.* ক্ষুদ্রত্ব, হ্রস্বত্ব, বামনত্ব, খর্ব্বতা।

To **Dwaule**, *v. a.* Sax. প্রলাপী-হ, প্রলাপ-হ, অনর্থবাদী-হ।

To **Dwell**, *v. n.* স্থা, স্থিতি-হ, বাসী-হ, কোনস্থানে বাসী বা বাসিন্দা-হ, কোনপ্রকার আবাসে বা গৃহে স্থিতি-কৃ বা -হ, তিষ্ঠ, থাক্, কোন অবস্থায় স্থা বা-হ, কোন কর্ম্মে বা বিষয়ে মনোযোগী-হ, মুগ্ধ-হ।

To **Dwell**, *v. a.* বহু কাল-কথ, দীর্ঘকাল কথক বা বক্তা-হ, অনেকক্ষণ কথ বা বচ।

Dweller, *n. s.* বাস, বসতি, বাসী, বসকর্ত্তা, বাসিন্দা, নিবাসী, স্থিতিশালি ব্যক্তি, বসতিকারক।

Dwelling, *n. s.* বাসা, বাটী, ঘর, বাসস্থান, আলয়, অবস্থা, জীবনাবস্থা, জীবদ্দশা, বাস করিবার থাকিবার বা বাঁচিবার রীতি বা নিয়ম।

Dwellinghouse, *n. s.* বাসাবাটী, বাসস্থান, বাসা, বসতবাটী।

Dwellingplace, *n. s.* বাসস্থান, বাস হয় বা করে যে স্থানে।

To **Dwindle**, *v. n.* Sax. হ্রস্ব-হ, খর্ব্ব-হ, শোষক-হ, ঘাটিয়া-যা, ছোট-হ, কাহিল-হ, ক্ষুদ্র বা অল্প-হ, হ্রাসাবস্থাপ্রাপ্ত-হ, হ্রস্বদশাপন্ন-হ, শারীরিক লুপ্ত-হ, ক্ষয়-হ, নাশ-হ, স্বাস্থ্য বা মঙ্গল নাশ-হ, শ্রেয়োহানি-হ, ক্রমশঃ কম-হ, মন্দ-হ।

To **Dwindle**, *v. a.* ছোট-কৃ, হ্রাস-কৃ, খর্ব্ব-কৃ, নীচ-কৃ, অল্প-কৃ, কম-কৃ, ন্যূন-কৃ, লোপ-কৃ, উজড় বা উচ্ছিন্ন-কৃ, ওএরাণ-কৃ।

Dwindled, *part. a.* হ্রাসিত, পতিত, খর্ব্বিত, লুপ্ত, বিনষ্ট, বিধ্বস্ত।

Dye, *n. s.* Die শব্দ দেখ।

To **Dye**, *v. a.* *To* Die শব্দ দেখ।

Dyer, *n. s.* Dier শব্দ দেখ।

Dying, *n. s.* রঙ্গ, রঙ্গকরণ, ছোব, ছোবদেওন।

Dying, *part.* ছোবান, রঙ্গাণ, রং দেওয়া, রং করা, মুমূর্ষ, মৃতপ্রায়, মরা।

Dying, *To* Die শব্দের অসমাপক ক্রিয়াবাচক, মরা, মরিয়া।

Dyingly, *ad.* মরণপূর্ব্বক, প্রাণনির্গমনপূর্ব্বক, প্রাণত্যাগ বা শ্বাসরহিত হওনপূর্ব্বক, প্রাণনির্গমনহওন কালপূর্ব্বক।

Dyke, **Dike** শব্দ দেখ।

Dynast, *n. s.* Gr. সম্রাট্, সাম্রাজ্যকর্ত্তা, রাজা, বাদশাহ।

Dynasty, *n. s.* সাম্রাজ্য, বাদশাহী, রাজ্য, রাজবংশ, রাজকুল।

Dyscrasy, *n. s.* রক্তের বিকারবিশেষ, রক্তব্যাধি।

Dysentery, *n. s.* উদরাময়, উদররোগ, পেটচলা, উদরভঙ্গ, অতিসার, গ্রহণী, আমাশয় বিকার, আমাশয়, আমরক্ত বিকার।

Dysnomy, *n. s.* Gr. কুশাস্ত্র রীতি বা নিয়ম স্থির করণ।

Dyspepsy, *n. s.* পাককৃচ্ছ্র, অপাক, অজীর্ণ, অগ্নিসারকতা, মন্দাগ্নি, অহজমী।

Dysphony, *n. s.* বাক্‌কৃচ্ছ্র, কথার জড়তা, বাক্যের জাড্য।

Dyspnoea, *n. s.* শ্বাসকৃচ্ছ্র।

Dysury, *n. s.* মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবকরণে কষ্ট।

E.

E, ইউরোপীয় বর্ণমালার পঞ্চমাক্ষর ইকার বৎ স্বরবর্ণ ইহার দীর্ঘও হ্রস্ব দুই প্রকার উচ্চারণ, হয়, দীর্ঘ যথা, *scene*, হ্রস্ব যথা, *men*, এবর্ণ ইংগ্লণ্ডীয় ভাষায় অন্যান্য স্বরহইতে অধিক ব্যবহার্য্য, তৎস্বরের ন্যায় ব্যবহার হয়, আর ইহার বিশেষ শক্তি এই যে পদের অন্তেও লেখা যায়, আর তাহাতে আদি স্বরের উচ্চারণ দীর্ঘ হয়, যথা, *can*, *cane*, *man*, *mane*.

Ea, দীর্ঘ ঈ বৎ উচ্চারণ জানিবে।

Each, *pron.* Sax. উভয়ের এক, দুইয়ের মধ্যে এক, প্রত্যেক, একং।

Eachwhere, *ad.* সর্ব্বত্র, যেখানে সেখানে, সর্ব্বস্থানে।

Ead, যৌগিক নামবাচক শব্দের অন্তে ব্যবহার হয়, সুখ বা সম্পত্তি বুঝায়।

Eager, *a.* Lat. ইচ্ছায় মুগ্ধ, ইচ্ছাকৃষ্ট, ইচ্ছান্বিত, ইচ্ছুক, অভিলাষী, আকাঙ্খী, বড় ব্যগ্র, উদ্যুক্ত, চেষ্টিত, ব্যগ্র, রত, সচেষ্ট, চেষ্টান্বিত, সত্বর, ক্ষিপ্র, শীঘ্রকর্ম্মা, ব্যস্ত, কর্ম্মঠ, কর্ম্মশীল, তীক্ষ্ণ, কটু, অম্ল, উগ্র, শক্ত, কঠিন, ক্ষীণ, টুষকা, নরম, গলনশীল।

Eagerly, *ad.* ব্যগ্রতাপূর্ব্বক, উদ্যুক্ততারূপে, ঔৎসুক্যরূপে অতিবৈকল্যরূপে, মোহ বা স্নেহপূর্ব্বক, উগ্রত্ব বা কটুত্বরূপে, তীক্ষ্ণত্বরূপে, আকাঙ্খা বা অভিলাষপূর্ব্বক, স্পৃহাপূর্ব্বক, লালসাপুরঃসরে।

Eagerness, *n. s.* ব্যগ্রতা, উদ্যোগ, আকাঙ্খা, বৈকল্য, ইচ্ছান্বিতত্ব, চাঞ্চল্য, মনের বা অভিলাষের চাঞ্চল্য বা উগ্রত্ব, কটুত্ব, আকাঙ্খা, অভিপ্রায়, শক্তাই, রাগ, শক্তি, জোর, বল, উত্তাপ, অম্লত্ব, টক।

Digitized by Google

Eagle, *n. s.* Fr. উৎক্রোশ পক্ষী, উকাব, গৃধ্র পক্ষিবিশেষ, পূর্ব্বকালের রুমীয় ধ্বজা বা পতাকাবিশেষ।

Eagle-eyed, *a.* তীক্ষ্ণদৃক, সূক্ষ্মদৃষ্টি উৎক্রোশ পক্ষির ন্যায় চক্ষু যাহার, তীক্ষ্ণ দৃষ্টি আছে যাহার।

Eagle-sighted, *a.* তীক্ষ্ণ দ্রষ্টা, সূক্ষ্মদ্রষ্টা, দূরদর্শী, তীক্ষ্ণদর্শী, উৎক্রোশ পক্ষির ন্যায় দৃষ্টি বা চক্ষু যাহার।

Eaglespeed, *n. s.* বেগ গমন, দ্রুত গমন, উৎক্রোশ পক্ষির ন্যায় গতি বা চালি, কুররী, কুল্লপক্ষিণী।

Eagless, *n. s.* Fr. উৎক্রোশ পক্ষিণী, মাদি উৎক্রোশ।

Eaglestone, *n. s.* উৎক্রোশ পক্ষির বাসস্থানের দ্বারস্থিত বা উক্ত প্রস্তর বিশেষ, প্রস্তরবিশেষ যাহার ভিতরে বাজে।

Eaglet, *n. s.* উৎক্রোশশাবক, বাজ পক্ষিশাবক, কুল্ল পক্ষির বাচ্চা।

Eaglewinged, *a.* উৎক্রোশ পক্ষির বাজু বা ডেনাবিশিষ্ট বা তন্ন্যায় পক্ষ আছে যাহার বা যাহাতে।

Eagre, *n. s.* Run. উপপ্রবাহ বা স্রোতঃ, জোয়ারের উপর জোয়ার।

Ealderman, *n. s.* Sax. সাক্সনি দেশের বিচারকর্ত্তা, কোতওয়াল বা হাকিমবিশেষ, নগরাধ্যক্ষবিশেষ।

Eame, *n. s.* Sax. পিতৃব্য, পিতৃ ভ্রাতা বা মাতুল, মাতৃভ্রাতা।

To **Ean**, *v. a.* Sax. মেষের প্রসব-হ, মেষোৎপাদন-হ, মেষজন্ম-হ, ভেড়ার ছানা-হ, মেষশাবক-হ, মেষবাচ্চা-হ,।

Eanling, *n. s.* মেষশাবক, নূতন বা সদ্যোজাত মেষশাবক।

Ear, *n. s.* Sax. কর্ণ, শ্রুতি, কাণ শ্রবণেন্দ্রিয় বা তদিন্দ্রিয়স্থান, শব্দ বা সুর বিবেচনার ক্ষমতা বা শক্তি, মস্তক, শরীর, মনুষ্যাঙ্গ, মনুষ্যের একদেশ, উপরি ভাগ, ত্বরা বা অবিলম্বে বা আদরপূর্ব্বক শ্রুতহওনের স্বত্ব বা অধিকার, শ্রুত বিষয়ে পসন্দ কিম্বা না পসন্দ, উচ্চভাগ, শুঁয়া, শীষাগ্র, শীষ, শস্যাদির শীষ, *to be by the ears, to fall together by the ears, to go together by the ears, to set by the ears,* যুদ্ধ-কৃ, লড়াই-কৃ, দ্বন্দ্বজ-কৃ, জেদ-কৃ, ঝগড়া বা কাজিয়া-কৃ।

Ear-bored, *a.* কাণকাটা, কাণছেদা, ছিন্নকর্ণ, লুনকর্ণ।

Ear-deafening, *a.* কাণ ঝালাপালাকারী, কর্ণপীড়াদ, কর্ণারুন্তুদ, উচ্চ বা কর্কশ ধ্বনিকর্তৃক কর্ণবিদীর্ণকারী বা তদিন্দ্রিয় অচেতনকারী, কর্ণবিদারক।

Ear-lap, *n. s.* Sax. কর্ণের অগ্রভাগ, কাণের নুন্যুড়ি, কর্ণপালি, কাণের উপরপাতা।

Ear-lock, *n. s.* Sax. জুলপিকাটা, কাকপক্ষ, কেশের বেণী, দ্বিফালবদ্ধকেশ, কর্ণের উপর দেশে লুটীকরা কেশ বিশেষ।

Ear-mark, *n. s.* কর্ণের চিহ্ন দাগ বা কাটা যদ্দ্বারা রাখাল বা মেষচারক মেষ চিনিয়া লয়, অর্থাৎ চিহ্ন বা লক্ষণ।

To **Ear-mark**, *v. a.* গবাদি জন্তুর কর্ণে দাগ বা চিহ্ন-কৃ, অঙ্কিত বা চিহ্নিত-কৃ।

Ear-pick, *n. s.* কাণখুস্কি, কর্ণমল নির্গতকারি অস্ত্রবিশেষ, কর্ণ পরিষ্কার হয় যাহাতে বা যদ্দ্বারা তদ্দ্রব্য।

Ear-piercing, *a.* কর্ণপীড়াদ, কর্কশ ধ্বনিদ্বারা কর্ণ ঝালাপালাকারী, কর্ণারুন্তুদ, কর্ণক্লেশক, কর্ণপীড়াজনক।

Ear-ring, *n. s.* Sax. কর্ণালঙ্কার, কর্ণাভরণ, কর্ণে পরিধেয় অলঙ্কার, ঝুমকা, কুণ্ডল, কাণবালা, পাশা, মাকড়ি, কর্ণফুল ইত্যাদি।

Ear-shot, *n. s.* শ্রবণীয়ত্ব, শ্রবণ হয় যেপর্য্যন্ত তৎপরিমাণ বা স্থান।

Ear-wax, *n. s.* কর্ণমল, কাণের খইল।

Ear-wig, *n. s.* Lat. কীটবিশেষ, কাণকোটার, কর্ণে কুষকুষানি, কর্ণে২ কথন, কর্ণেজপ, কাণাকাণি।

Ear-witness, *n. s.* শ্রুত সাক্ষী, স্বকর্ণে শুনিয়া সাক্ষ্য দেয় যে ব্যক্তি।

To **Ear**, *v. a.* Fr. চস, কৃষ, আবাদ-কৃ।

To **Ear**, *v. n.* শীষ-হ, শীষ বহির্গম, সুঁয়া-হ।

Earable, *a.* চসনীয়, উত্থিত, চসিত, কৃষ্ট, চসা।

Earal, *a.* শ্রুত, কর্ণাগত, কর্ণসম্বন্ধীয়, তদন্তর্গত বা বিশিষ্ট।

Eared, *a.* কর্ণবিশিষ্ট, কাণওয়ালা, কর্ণেন্দ্রিয় আছে যাহার, শ্রবণেন্দ্রিয় বিশিষ্ট, শীষওয়ালা, সুয়াওয়ালা পক্ব শস্যবিশিষ্ট, কৃষ্ট, চসিত।

Earing, *n. s.* ভূমিকৃষ, ভূমিতে চাস দেওয়া, চাস, চসন, লাঙ্গলদেওন।

Earl, *n. s.* Sax. কুলীনপদ বা পদ্ধতিবিশেষ, পূর্ব্বকালীন সর্ব্ব শ্রেষ্ঠ পদ, কিন্তু বর্ত্তমান কালে তৃতীয়ত্বরূপে গণ্য হয় যে পদ, ইংগ্লণ্ডদেশে তৃতীয় জর্জের উপাধি, প্রদেশাধিকারী।

Earl-marshal, *n. s.* যুদ্ধোৎসবাধ্যক্ষবিশেষ, ইংগ্লণ্ডীয় দেশে প্রধান অধ্যক্ষ, রাজকর্ম্মকারিবিশেষ।

Earldom, *n. s.* য্যারলসংজ্ঞক পদস্থব্যক্তির পদ অধিকার বা চিহ্ন, উপরে লিখিত উপাধির অধিকার।

Earldorman, *n. s.* নগরাধ্যক্ষবিশেষ।

Earles-penny, *n. s.* Lat. দেয়ধন, দত্তধন, দানীয় অর্থ, দানযোগ্য ধন, দেনায় ওয়াসীল টাকা।

Earless, *a.* কর্ণহীন, কর্ণবর্জিত, শ্রবণানিচ্ছু, কল্পিত বধির, কালা, শুণেণা যে, শুণিতে অস্বীকার করে যে।

***To* Erase,** *v. a.* Fr. বিনাশ-কৃ, নষ্ট-কৃ, সমূলোৎপাটন-কৃ, মিট (ক্রি), ছোল, লোপ-কৃ, কাটিয়া-ফেল, তুলিয়া-ফেল, পুঁছিয়া-ফেল, ঘষিয়া-ফেল, ঘর্ষণ বা ছোলনদ্বারা লুপ্ত-কৃ।

Erasement, *n. s.* বিনাশ, বিনাশকরণ, লোপকরণ, হানিকরণ, বর্জ্জিতকরণ, উৎপাটন, উঠাইয়া দেওন, রহিতকরণ।

Erastian, *n. s.* Thomas Erastus ব্যক্তি নামে খ্যাত ধর্ম্মপদ্ধতিবিশেষ, ধর্ম্মবিশেষ, প্রাচীন মতহইতে বৈলক্ষণ্যবিশিষ্ট, জাতি বা ভেক, ধর্ম্ম পক্ষপাতিরদিগের নিয়ম করা বা অন্য কোন ক্ষমতা নাই বলে যাহারা।

Erastianism, *n. s.* পূর্ব্বোক্ত জাতি বা লোকের ধর্ম্ম ভাব বা নিয়ম।

Erasure, *n. s.* মিটান, উঠান, তুলিয়াফেলন, মোছন, পুছন, লোপকরণ, চাঁচিয়াফেলন, ছুলিয়াফেলন।

Ere, *ad.* Sax. পূর্ব্বে, অগ্রে, আগে, পূর্ব্বেই।

Ere, *prep.* অগ্রে, অনেক পূর্ব্বে, ইহার পূর্ব্বে, প্রথমতঃ।

Erelong, *ad.* অনেক পূর্ব্বে, অনেক অগ্রে, পূর্ব্বে, অধিক পূর্ব্বে, অনেক কাল হইল, বহু কাল হইল।

Erenow, *ad.* ইহার অগ্রে, ইহার পূর্ব্বে, এতৎপূর্ব্বে।

Erewhile বা **Erewhiles,** *ad.* কতককাল হইল, কিঞ্চিৎকাল হইল, অল্পকাল পূর্ব্ব, কিঞ্চিৎ কাল পূর্ব্ব।

***To* Erect,** *v. a.* Lat. উচা-কৃ, খাড়া-কৃ, খাড়-কৃ, উবু-কৃ, উঠ (ক্রি), সোজা বা খাড়া করিয়া-তোল, দণ্ডায়মান-কৃ, সোজাং করিয়া-উঠ বা খাড়া-কৃ, ক্ষেত্রাকৃতিতে লম্বন-লেখ, গুম্ব, গুম্বন-কৃ, রচনা-কৃ, নূতন নির্ম্মাণ-কৃ, নিযুক্ত-কৃ, নিশ্চিত-কৃ, বড়-কৃ, প্রধান-কৃ, ঊর্দ্ধ-কৃ, সজীব-কৃ, বলবান্-কৃ, ভরসা-দা, উন্নত-কৃ, হপ-দা।

***To* Erect,** *v. n.* উচা-হ, সোজা বা খাড়া-হ।

Erect, *a.* খাড়া, খাড়, কায়েম, উচা, সোজা, উবু, অনত, অপতিত, হেলা নহে যে, ঊর্দ্ধমুখ, নির্ভয়, নিঃশঙ্ক, হৃদ্বোধ্য, অলড়, শক্ত, দৃঢ়, বলবান্ শক্তিমান্, অখর্ব্ব।

Erected, *a.* বড় নজর যাহার, মহেচ্ছু, অধিক বাঞ্ছা করে বা রাখে যে, দানশীল, দাতা, সদাশয়, প্রধান, শ্রেষ্ঠ, মহৎ, উৎকৃষ্ট।

Erection, *n. s.* উচ্চকরণ, উঠান, বড়করণ, খাড়াকরণ, উত্থিতি, ইমারৎকরণ, ইমারৎগুম্বন, ইমারত বা গৃহ গুম্বনকরণ, গৃহ উঠান, উত্থিতাবস্থা, ঊর্দ্ধাবস্থা, উচ্চীভূতত্ব বা কৃতত্ব, ইমারৎ, ঘর, বাটী, বালাখানা, আবাদ, আবাস, স্থিতি, ঊর্দ্ধত্ব, উচ্চত্ব, অভিপ্রায় ভাব বা বুদ্ধির উচ্চতা বা প্রাধান্য, উত্থাপন, মনোযোগকরাণ, মনোযোগের প্রবৃত্তি।

Erective, *a.* উচ্চ ভবন বা করণশীল, উচ্চকারী, উচ্চ, ঊর্দ্ধ, বড়, খাড়া, অগ্রসর, অগ্রগামী, অগ্রে ঝুকে বাড়ে বা চলে যে।

Erectness, *n. s.* আকার মূর্ত্তি বা অবস্থার উচ্চত্ব, খাড়াই বা সোজা ভাব, খাড় বা খাড়া ঠাম।

Erector, *n. s.* উচ্চ করে যে, উঠায় যে, ঊর্দ্ধে তোলে বা খাড়া করে যে, গুম্বন করে যে, ইমারৎ করে যে ব্যক্তি।

Eremite, *n. s.* Lat. বনবাসী তপস্বী বা যোগিবিশেষ, বনে নির্জ্জনে বা নিভৃত স্থানে থাকে বা বাস করে যে, নিভৃত বা নির্জ্জন স্থানবাসি উদাসীন, মুনিবিশেষ, সাধুবিশেষ।

Eremitage, *n. s.* মুনি যোগী বা সাধু লোকের বাসস্থান, মুনি বা ঋষির আশ্রম, নিভৃত স্থান, মুনির খোঁদা।

Eremitical, *a.* পরমার্থী, নিভৃতস্থানবাসি তপস্বী বা ধার্ম্মিক, সাধু, উদাসীন।

Ereptation, *n. s.* Lat. হামাগুড়ি দিয়া উপস্থিতহওন।

Ereption, *n. s.* অপহ্নব, অপহ্নবকরণ, জোর করিয়া লওন, কাড়িয়া লওন।

***To* Ergat,** *v. n.* Lat. ন্যায়ানুসারে সিদ্ধান্ত-কৃ, তর্কশাস্ত্রানুসারে নিরূপিত-হ, স্থির-হ বা নিশ্চিত-হ।

Digitized by Google

Ergo, *ad.* Lat. অতএব, এতন্নিমিত্তে, ন্যায়দর্শনে সংজ্ঞাবিশেষ, ফলিতার্থ বুঝায়।

Ergot, *n. s.* বাদামফলপরিমিত, শৃঙ্গের ন্যায় ঘোড়ার পায়ের এক প্রদেশে রাখা একপ্রকার কুচা।

Ergotism, *n. s.* ন্যায়দর্শনানুসারে সিদ্ধান্ত।

Eriach, *n. s.* Irish. অর্থদণ্ড, গুণাহ্‌গারি।

Erin, *n. s.* Irish. ঐর্লণ্ড দেশ।

Eringo, *n. s.* Gr. ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Eristical, *a.* বিতর্কীয়, বাদানুবাদ্য, বাদানুবাদসম্বন্ধীয়, দ্বন্দ্বজবিষয়ক, দ্বন্দ্বজ বিবাদ ঝগড়া বা বিবাদবিশিষ্ট।

Eristick, *a.* তথা।

Erke, *a.* Gr. কুড়ে, অলস, নিষ্কর্ম্মা, অকর্ম্মা।

Ermelin, *n. s.* শীতল বা হিমবান্ দেশজ, জন্তুবিশেষ।

Ermine, *n. s.* Fr. তথা।

Ermined, *a.* পূর্ব্বোক্ত পশুর চর্ম্ম বা লোমাবৃত।

Erne বা **Eron**, *n. s.* কুঁড়ে ঘর, কুঁড়ে, ঝোপড়া, খোঁদা, নিভৃত স্থান, কুটীর।

To **Erode**, *v. a.* Lat. খাইয়া-যা, ক্ষয়-কৃ, ভিতর ক্ষয়প্রাপ্ত-কৃ।

To **Erogate**, *v. a.* Lat. দান-দা, প্রদান-কৃ, অর্পণ-কৃ, দান-কৃ।

Erogation, *n. s.* দেওন, দানকরণ, প্রদানকরণ, অর্পণকরণ, বিতরণ, বিতরণকরণ।

Erosion, *n. s.* Lat. খাইয়া যাওন, ক্ষয়প্রাপ্তহওন, খাইয়া ফেলন, ভিতরেং খাইয়া যাওন, ক্ষয়প্রাপ্তাবস্থা।

Erotical বা **Erotick**, *a.* Gr. কামবিষয়ক, কামসম্বন্ধীয়।

To **Err**, *v. n.* Lat. পথ হারাইয়া ভ্রমণ-কৃ, ভ্রমণ করিয়া-ফের, ভ্রান্তহইয়া-ফের, ভ্রান্তিপ্রযুক্ত ইতস্ততঃ-ফের, বিপথে-গম, নিয়মিত প্রচলিত বা যথার্থ পথহইতে বহির্ভূত-হ, ভুল, চুক, পাসর, ভ্রান্ত-হ, বিস্মৃত-হ, কোন অভিপ্রায় বহির্ভূত-হ, ভুল-কৃ, ভ্রম-হ।

To **Err**, *v. a.* ভ্রান্ত-কৃ, ভুল(ক্রি), ভ্রম-জন(ক্রি)।

Errable, *a.* ভ্রাম্য, ভ্রান্ত, ভ্রান্তি হয় যাহার বা করে যে, ভুলকরণযোগ্য, ভ্রান্ত হওনোপযুক্ত, চুকিবার যোগ্য।

Errableness, *n. s.* ভ্রান্ত হওনোপযুক্ততা, ভ্রান্তি, ভুল করিবার উপযুক্ততা, ভ্রান্তত্ব।

Errand, *n. s.* Sax. সন্দেশ, সমাচার, সংবাদ, বার্ত্তা, খবর, প্রেরিত বা বার্ত্তা বাহক ব্যক্তির দ্বারা অনুমেয় বা কথিত বা কৃত হয় যাহা, আজ্ঞাপত্র, হুকুমনামা, পরওয়ানা, কর্ম্ম, ভার।

Errant, *a.* Lat. ভ্রমণকারী, ভ্রমণশীল, ভ্রমণ করিয়া ফেরে যে, ইতস্ততঃ ফিরিয়া বেড়ায় যে, নানাস্থানগামী বা বাসী, ভ্রামক, পর্য্যটক, অধম, সামান্য, নীচ, তুচ্ছ, অধম, হেয়, ত্যক্ত, নিতান্ত বা সম্পূর্ণ অধম বা মন্দ যে, নিশ্চিত বা নিরূপিত পথ বা গতি হইতে বহির্ভূত বা কৃত বা তৎপথ হইতে বৈলক্ষণ্য যে, [In Law.] ভ্রমণকারী, বিচারকর্ত্তা, বিচারকর্ত্তা যে দায়েরা করে বা দায়েরাতে ফেরে।

Errantry, *n. s.* ভ্রমণাবস্থা, অস্থিরত্ব, অস্থিরতা, চঞ্চলতা, ভ্রমণকরণ, পর্য্যটনকরণ, পর্য্যটনকারি ব্যক্তির অবস্থা বা ভাব, নাইট ইরাণ্টনামক রাজকর্ম্মকারি ব্যক্তির কর্ম্ম বা পদ।

Errata, *n. s.* Lat. ছাপার ভুল, ছাপার অশুদ্ধ বা ভুল, অশুদ্ধশোধন পত্র, যাহা গ্রন্থের প্রথমে বা শেষে লেখা যায়, ইহা একবচনান্ত হইলে *Erratum*, লিখা যায়।

Erratical, *a.* অনিশ্চিত, গোলমাল, নিশ্চিত নিয়ম নাই যাহার বা যাহাতে, নিয়ম করে না বা রাখে না যে।

Erratically, *ad.* বিনানিয়মে, নিয়মরাহিত্যরূপে, প্রচলিত নিরূপিত বা স্থাপিত নিয়ম বা ধারারাহিত্যপূর্ব্বক।

Erratick, *a.* Lat. ভ্রমণকারী, ভ্রমণশীল, পর্য্যটনকারী, অস্থির, চঞ্চল, অনিশ্চিত, অনিরূপিত, নিশ্চিত নিয়মাভাববিশিষ্ট, অনিয়মিত, নিয়ম করে না বা রাখে না যে বা নাই যাহাতে, স্থাপিত বা নিশ্চিত গতি বা রীতি নাই যাহাতে, বা যাহার, গোলমাল, বেদাঁড়া, পরিবর্ত্তনীয়, বদলাইবারযোগ্য।

Erratick, *n. s.* চোর, প্রতারক, ধূর্ত্ত।

Erration, *n. s.* ভ্রমণ, ইতস্ততো ভ্রমণ, যাতায়াত করিয়া ফেরণ বা বেড়ান।

Erratum, **Errata** শব্দ দেখ।

Errhine, *n. s.* Gr. নস্য, ক্ষুতোৎপাদক নস্যকরণীয় দ্রব্য, যদ্দ্বারা হাঁচি হয়, হাঁচিজনক বস্তু, হাঁচির উৎপাদক দ্রব্য।

Erring, *a.* নিয়মরহিত, নিয়মবর্জ্জিত, অনিশ্চিত, অনির্দ্ধারিত, অনিরূপিত, চঞ্চল, অস্থির।

Erroneous, *a.* অস্থির, নানাস্থানবাসী, ভ্রমণকারী, অনির্দ্দিষ্ট, ভ্রমজনক, ভ্রমাত্মক, অশুদ্ধ, ভুলময়, ভ্রমোৎপাদক, ভ্রমোৎপন্ন, যথার্থ পথবহির্ভূত, নিরূপিত বা নিশ্চিত পথের বৈলক্ষণ্য যে, অযথার্থ, অপ্রকৃত, প্রমাদী, ঝুঁটো, মিথ্যা, কল্পিত, বাস্তবিক মিথ্যা।

Erroneously, *ad.* ভ্রমপূর্ব্বক, ভ্রান্তিরূপে, অশুদ্ধরূপে, অযাথার্থ্যরূপে, মিথ্যাপূর্ব্বক, অপ্রকৃতরূপে।

Erroneousness, *n. s.* বাস্তবিক মিথ্যা, অসত্যতা, সত্যতার বৈলক্ষণ্য, অযাথার্থ্য, ভ্রান্তি, ভুল, ভুলবিশিষ্টত্ব, মূলশুদ্ধতার ত্রুটি।

Errour, *n. s.* Lat. ভ্রম, ভুল, ভ্রান্তি, প্রমাদ, চুক, ত্রুটি, দোষ, গলতি, ধর্ম্মশাস্ত্রে পাপ দোষ বা অপরাধ, পরিশ্রম, [In Law.] সওয়াল জওয়াবে ভুল, আদালতের রীতিতে বা তদ্ভ্রান্তিপূর্ব্বক চলনে ভ্রম।

Ers বা **Bitter Vetch**, *n. s.* বৃক্ষবিশেষ।

Erse বা **Earse**, *n. s.* স্কটলণ্ডনামক দেশের উচ্চাংশের ভাষা বা কথা।

Ersh বা **Earsh**, *n. s.* নাড়া, ধান্যাদির নাড়া বা গোড়া।

Erst, *ad.* Germ. প্রথমতঃ আদ্যে, আরম্ভে, প্রথমাবস্থাতে, এককালে কোন কালে, পূর্ব্বে, আগে, সময় থাকিতে, প্রাচীন কালে, অনেক কাল গতে, অগ্রে, তৎপর্য্যন্ত, সেকালপর্য্যন্ত তদবধি, অদ্যাপি, একালপর্য্যন্ত।

Erstwhile, *ad.* এখনতক, এখনপর্য্যন্ত, একালপর্য্যন্ত, তৎকালপর্য্যন্ত, এপর্য্যন্ত, আগে, পূর্ব্বকালে, এতৎপূর্ব্বকালে।

Erubescence বা **Erubescency**, *n. s.* Lat. রক্তবর্ণহওন বা করণ, আরক্তহওন, লালহওন, রাঙ্গাহওন বা তদবস্থা।

Erubescent, *a.* রক্তিমাবর্ণ, আরক্ত, ঈষদ্রক্ত।

To **Eruct**, *v. a.* Lat. উদ্গির, ঢেকুর-তুল, উদ্গার-তোল, উগীর্।

To **Eructate**, *v. a.* উদ্গির, বমন-কৃ, বমি করিয়া-ফেল উঠাইয়া-ফেল।

Eructation, *n. s.* উদ্গিরণ, উদ্গার তুলন, ঢেকুর তুলন, ঢেকুর, উদ্গার, বায়ু শব্দ, হুড়ৎ শব্দ।

Erudite, *a.* Lat. পণ্ডিত, বিজ্ঞ, পাঠিত, শিক্ষিত, বিদ্বান্।

Erudition, *n. s.* বিদ্যা, জ্ঞান, পাণ্ডিত্য, এলেম, অতিবিচক্ষণতা, জ্ঞানিতা, প্রজ্ঞতা।

Eruginous, *a.* Lat. তাম্রবৎ, তাম্রধর্ম্মক, তাম্রতুল্য, জাঙ্গালের মত।

Eruption, *n. s.* Lat. স্ফোটন, ফাটিয়া যাওন, স্ফূর্ত্তি, নিঃসরণ, নির্গমন, ফাটন, ফুলা, ফোড়া, খোস, চুলকানি, বিস্ফোটক।

Eruptive, *a.* স্ফোটক বা বিস্ফোটজনক, বিস্ফোটপ্রকাশক,

Digitized by Google

ফোড়া বা ফুলা বা অন্য বিকার জন্মায় বা উঠায় যে বা যদ্দ্বারা স্ফোটনশীল।

Eryngo, *n. s.* Eringo শব্দ দেখ।

Erysipelas, *n. s.* Gr. রোগবিশেষ, ছুলি।

Erysipelatous, *a.* পূর্ব্বোক্ত বা ছুলিরোগধর্ম্মক।

Escalade, *n. s.* Fr. উল্লঙ্ঘন, দেয়াল বা দুর্গ বা প্রাচীরে উঠন চড়ন বা তদুল্লঙ্ঘন, সিড়িদ্বারা আরোহণপূর্ব্বক দুর্গাধিকারকরণ।

Escalop, *n. s.* জলকীটবিশেষ, মৎস্যবিশেষ, টের কিনারা বা প্রান্তের অসমানতা, নিঃসৃত বা বহির্গত বস্তু বা তদ্ভাব।

Escapade, *n. s.* ঘোটকের অসমান বা বৈলক্ষণ্য গতি।

To **Escape,** *v. a.* Fr. পলায়ন-কৃ, ভাগিয়া-গম, সরিয়া-যা, পাশ-কাট, পলাইয়া মুক্তি-প্রাপ, পলাইয়া-বাঁচ, উত্তীর্ণ-কৃ, মুক্ত-কৃ।

To **Escape,** *v. n.* পলায়ন-কৃ, ভাগড়া-হ, পলাইয়া মুক্ত-হ, উৎপাতহইতে পলায়িত-হ, দণ্ডহইতে রক্ষিত-হ বা-বাঁচ, পলাইয়া বাঁচ, পলাইয়া রক্ষা-প্রাপ, মুক্ত-হ, ভাগিয়া-যা, পলা, ছুট।

Escape, *n. s.* পলায়ন, ভাগন, ছুটন, উড়ন, পলাইয়া যাওন, পলায়নদ্বারা উৎপাতহইতে উত্তীর্ণহওন, ভ্রমণ, বেড়ান, বহির্ধাবন, নির্গম, [In Law.] যথার্থ আটক বা কয়েদহইতে পলায়ন, জেল ভাঙ্গিয়া বা জেলহইতে পলায়ন, রক্ষা, মুক্তি, বাঁচাও, অপহ্নব, বৈলক্ষণ্য, গোলমাল, ভুল, চুক, ভ্রম, ত্রুটি।

Escaping, *n. s.* উৎপাতহইতে বাঁচন, বিপদহইতে রক্ষা বা মুক্তি।

Escargatoire, *n. s.* Fr. শম্বূকাদি জলকীট জীবৎ রাখিবার স্থান, শম্বূক শক্তিপ্রভৃতি রাখিবার স্থান বা আগার।

To **Escarp,** *v. a.* Fr. চাঁচিয়া ঢাল-কৃ, যুদ্ধবিদ্যার শব্দবিশেষ।

Eschalot, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Eschar, *n. s.* Gr. কড়া- ক্ষতের দাগ বা চিহ্ন, তপ্ত প্রলেপাদিদ্বারা ক্ষতহইতে জাত দাগ বা চিহ্ন।

Escharotick, *a.* ক্ষতকারী, ক্ষতোৎপাদক, ক্ষয়কারিধর্ম্মক, দগ্ধ হয় যদ্দ্বারা বা যাহাহইতে বা তচ্ছক্তি আছে যাহাতে বা যাহার, মাংসের উপর লেপন বা সংস্পর্শকরণদ্বারা ক্ষত বা দগ্ধ করে যে, জ্বলনশীল, জ্বলনীয়।

Escharotick, *n. s.* ক্ষতকারি প্রলেপ বা ঔষধ, দগ্ধকারি ঔষধ।

Escheat, *n. s.* Fr. বৈতলমাল, বেওয়ারিসী ধন, কোন ভূমি বা অন্য কোন লাভাংশ যাহা তদধিকারির মৃত্যুদ্বারা বা অন্য কোন কারণবশতো বাজেআপ্ত হয় কিম্বা ভূস্বামিকে প্রাপ্ত হয়।

To **Escheat,** *v. n.* বাজেআপ্ত-হ, বৈতলমাল-হ, ক্ষতি-হ, নুকসান-হ, হার, অপচয়-হ।

To **Escheat,** *v. a.* ভূস্বামিকে বাজেআপ্ত-কৃ, গুণাহগারী-কৃ, বেওয়ারিস জন্য বাজেআপ্ত-কৃ।

Escheatable, *a.* বাজেআপ্ত ভবনীয় বা করণীয়, বেওয়ারিস জন্য বা অন্য কারণে ভূম্যাদিবিষয় তৎস্বামিতে প্রাপ্তিযোগ্য।

Escheatage, *n. s.* পূর্ব্বোক্ত বিষয়প্রাপ্তির স্বার্থ বা অধিকার।

Escheator, *n. s.* পূর্ব্বোক্ত বিষয়ের অধ্যক্ষ, রাজদূতবিশেষ।

To **Eschew,** *v. a.* Teut. পলায়ন-কৃ, ত্যাগ করিয়া গম, ত্যাগ-কৃ, বর্জন-কৃ, পরিবর্জন-কৃ।

Escocheon, *n. s.* Fr. কোন বড় কুলে ব্যবহৃত ঢাল।

Escort, *n. s.* Fr. হামরাও, তৈনাতী, রক্ষাকারি সৈন্য, এক স্থান হইতে অন্য স্থানে যাইবার কারণ সঙ্গের তৈনাতী সৈন্য নেগাহবান।

To **Escort,** *v. a.* হামরাও-যা, তৈনাৎ-দা বা-কৃ, তৈনাৎ দিয়া পঁহুছিয়া-দা, যাত্রার রক্ষার্থে সৈন্য সঙ্গে-যা বা -দা।

Escot, *n. s.* Fr. করবিশেষ, শুল্ক।

To **Escot,** *v. a.* স্বাংশ-দা, উপকার-কৃ, সাহায্য-কৃ।

Escout, *n. s.* Fr. জাসু, গুপ্তচর, কাণ পাতিয়া শুনে যে, সম্বাদার্থে প্রেরিত ব্যক্তি, গোএন্দা, চর, এ শব্দের পরিবর্ত্তে এক্ষণে *Scout* ব্যবহার হয়।

Escript, *n. s.* Fr. লিখন, পত্র, তালিকা, ফর্দ্দ, খাতা, হিসাব।

Escritoire, *n. s.* Fr. লিখিবার সিন্দুকবিশেষ, কলমদান, লিখিবার সরঞ্জাম থাকে বা রাখা যায় যাহাতে, ইস্কাদর, বাক্স।

Escuage, *n. s.* Fr. ঢালযুক্ত সেবা সে সেবা দ্বিধা নিশ্চিত ও অনিশ্চিত অনিশ্চিত সেবা ও দ্বিধা প্রথমে ভূমিভোগদ্বারা প্রজারা আপন প্রভুর অনুগামী হইবার নিয়ম, দ্বিতীয় প্রজার কোন দুর্গ রক্ষাকরণের নিয়ম নিশ্চিত সেবার অর্থ, ইহা ঐ সকল অনিশ্চিত সেবার বদলে প্রজার নিরূপিত মুদ্রার সংখ্যা দান।

Esculapian, *a.* বৈদ্যসম্বন্ধীয়, ভেষজীয়, ঔষধীয়।

Esculent, *a.* Lat. আহার্য্য, খাদ্য, ভোজ্য, ভক্ষ্য, ভক্ষণীয়, আহারোপযুক্ত, খাদনীয়, সুখাদ্য।

Esculent, *n. s.* খাদ্যদ্রব্য, ভক্ষ্যদ্রব্য, আহারোপযুক্ত দ্রব্য।

Escutcheon, *n. s.* Fr. কুলচিহ্ন, বংশমর্য্যাদার লক্ষণ বা চিহ্নবিশেষ।

Escutcheoned, *a.* পূর্ব্বোক্ত চিহ্নবিশিষ্ট বা তচ্চিহ্নধারী।

To **Esloin,** *v. a.* Fr. দূর-কৃ, তফাৎ-কৃ, তাড়াইয়া-দা, স্থানান্তর-কৃ, স্থানভ্রষ্ট-কৃ, বর্জন-কৃ।

Esopian, *a.* ইসফনামক ব্যক্তিকৃত হিতোপদেশ বা অন্য গ্রন্থের মত বা তত্তুল্য উদ্বোধক বিশেষণবাচক।

Esoterick, *a.* Lat. পূর্ব্বকালীন এক বিদ্যা সে বিদ্যা দ্বিধা সর্ব্বার্থিকা ও স্বার্থিকা এ শব্দের অর্থ স্বার্থিকা।

Esotery, *n. s.* গুহ্যবিষয়, গুপ্তবিষয় বা বস্তু।

Espalier, *n. s.* Fr. বৃক্ষবিশেষ, যাহা রোপণ করিয়া অন্যের সহিত সংযোগার্থে ছেদিত হয়, বেড়ার কারণ সারিগাছা।

To **Espalier,** *v. a.* বৃক্ষ রোপণ করিয়া সংযোগার্থে ছেদ-কৃ, কলম-কৃ।

Esparcet, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Especial, *a.* Lat. প্রধান, শ্রেষ্ঠ, মুখ্য, আসল, মূলবিশেষ।

Especially, *ad.* বিশেষরূপে, অধিকন্তু, প্রধান কল্পে, মুখ্যরূপে, আগেভাগে, প্রথমে, সর্ব্বাগ্রে, সর্ব্বাপেক্ষায়, বিশেষতঃ।

Especialness, *n. s.* প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, মুখ্যত্ব, বিশেষ।

Esperance, *n. s.* Fr. ভরসা, উম্মেদ, আশা।

Espial, *n. s.* Fr. জাসু, জাসুপনা, অনুসন্ধান, দেখিয়া প্রকাশকরণ, তথ্যজ্ঞানন, স্পষ্টকরণ।

Espier, *n. s.* গোএন্দা, জাসু, জাসুপনা করে যে, অনুসন্ধান লইয়া ফেরে যে, জাসুর ন্যায় চৌকী দেয় যে।

Espinel, *n. s.* Fr. পদ্মরাগ মণিবিশেষ, চুনি প্রস্তরবিশেষ।

Espionage, *n. s.* Fr. সম্বাদদেওন, সম্বাদ যোটান, সম্বাদ দেওয়ান।

Esplanade, *n. s.* গড়ের মাঠ, দুর্গের বাহিরের স্থান।

Espousal, *n. s.* ব্যবহার, স্বীকার, রক্ষা, প্রতিপালন, আশ্রয়।

Espousal, *a.* বিবাহসম্বন্ধীয়, ঐ সম্বন্ধবিষয়ক বিবাহার্থে নির্বন্ধ বা নিয়মকরণসম্বন্ধীয়, বিবাহবিষয়ক।

Espousals, *n. s.* বর কন্যার সম্বন্ধকরণ, বিবাহসম্বন্ধকরণ, বর কন্যা পরস্পর ঘটান বা সম্বন্ধকরণ, বিবাহ দেওন, বিবাহ, এ শব্দের একবচন প্রয়োগ হয় না।

To **Espouse,** *v. a.* Fr. বিবাহসম্বন্ধ-কৃ, বিবাহ-দা, বিবাহ-কৃ (স্ত্রি),

Digitized by Google

বিবাহ-কৃ, পাণিগ্রহণ-কৃ, ব্যবহার-কৃ, স্বীকার-কৃ, স্থির-কৃ, নিশ্চয়-কৃ, ভার-নী, কোন কর্ম্মের ভার-নী, রক্ষা-কৃ, প্রতিপালন-কৃ, পক্ষস্থাপন-কৃ।

Espouser, *n. s.* পক্ষস্থাপনকর্ত্তা, রক্ষাকর্ত্তা, প্রতিপালনকর্ত্তা, কোন বিষয় রক্ষাকর্ত্তা।

To **Espy**, *v. n.* Fr. দূরহইতে-দৃশ্ বা নিরীক্ষণ-কৃ, গুপ্ত বিষয় প্রকাশ-কৃ বা অন্বেষণ করিয়া-দৃশ, অনিশ্চিতরূপে-দৃশ্ গোএন্দাগিরি-কৃ, জাসুপনা-কৃ, অনুসন্ধান-কৃ, অবলোকন-কৃ, দূরদৃষ্টি-কৃ।

To **Espy**, *v. n.* অনুসন্ধানী-হ, পহরা-হ, চৌকী দার-হ, ইতস্ততো-দৃশ্।

Espy, *n. s.* জাসু, গোএন্দা, চর, গুল্যা।

Esquire, *n. s.* Fr. মহাশয়, নাইটসংজ্ঞক মর্য্যাদান্বিত ব্যক্তির চিহ্নবাহক বা ধারী, মর্য্যাদার উপাধিবিশেষ, মর্য্যাদার পদবি, উপাধি, নাইটসংজ্ঞক পদের অব্যবহিত কনিষ্ঠ পদ।

To **Esquire**, *v. a.* পূর্ব্বোক্ত অবস্থাতে বা পদে নিযুক্ত-কৃ।

To **Essay**, *v. a.* Fr. চেষ্টা-কৃ, যত্ন-কৃ, উদ্যোগ-কৃ, মনোযোগ-কৃ, ফিকির-কৃ, ধাতুর মূল্য বা নির্ম্মলতা পরীক্ষা-কৃ, ধাতুর পরীক্ষা-কৃ, আজমাইস-কৃ।

Essay, *n. s.* উদ্যোগ, চেষ্টা, ফিকির, অবধান, মনোযোগ, মনে উৎপন্ন বিষয়, মনহইতে নির্গত হয় যাহা, লেখন, নিয়মরহিত বা অশৃঙ্খলাবিশিষ্ট লেখন, পরীক্ষা, তজবিজ, পসন্দ, কোন কর্ম্মের প্রথম আস্বাদন বা পরীক্ষা, ধাতুশোধন, ধাতুর পরীক্ষা মলা বা নির্ম্মলতা, পরীক্ষা, আজ মাইস।

Essayer, *n. s.* পরীক্ষা বা তজবিজ লেখকবিশেষ, নিয়মরহিত অশৃঙ্খলাবিশিষ্ট লেখন রচনা করে যে ব্যক্তি।

Essayist, *n. s.* লেখক, পূর্ব্বোক্ত লিখনরচক বা লেখক।

Essence, *n. s.* Lat. পদার্থ, ভাব, মূল, সার, কোন বস্তুর ভাব অর্থ বা মূল, সত্তা, অভিপ্রায়, ভাবার্থ, মূলার্থ, বর্ত্তন, স্থায়িত্ব, জীবন সত্তা, জীবী, জীবিত বস্তু বা প্রাণী, জীবনধারণ হয় যাহাতে বা যদ্দ্বারা. [In Medicine.] ঔষধের ধর্ম্ম শক্তি বা গুণ, সুগন্ধি দ্রব্য, বাস, সৌরভ, সুবাস, আতর ইত্যাদি গন্ধ দ্রব্য।

To **Essence**, *v. a.* সুগন্ধি-কৃ, সৌরভ-কৃ, খুসবো-কৃ, সুবাস-কৃ, গন্ধ ভুরভুরি-কৃ।

Essenes, *n. s.* Lat. য়িহুদিদিগের মধ্যে একপ্রকার তপস্বিবিশেষ, বৈরাগী বা সন্ন্যাসী, যে ব্যক্তি কায়িক বিষয়ে অত্যন্ত কষ্ট ব্যবহার করে, মদ্য মাংসাদি আহারে বিরত যাহারা।

Essential, *a.* আবশ্যক, প্রয়োজনোপযোগী, দরকারি, জরুরি, জরুর, যাহা নহিলে নয়, অত্যন্ত আবশ্যক, অত্যাবশ্যক, অতিপ্রয়োজনার্হ, আসল, প্রধান, যথার্থ, শুদ্ধ, নির্ম্মল, শুদ্ধীকৃত, নির্ম্মলীকৃত, শোধিত, বহু পরিশ্রমে-কৃত বা সিদ্ধ।

Essential, *n. s.* বর্ত্তন, জীবন, বাঁচন, প্রাণ, পদার্থ, সার, মূল, স্বভাব, আসল, প্রধানাংশ, মূলাংশবিশেষ, বিষয় ভাব বা প্রকরণ।

Essentiality, *n. s.* স্বভাব, আসল, মূল, জড়, মূলাংশ।

Essentially, *ad.* স্বভাবপূর্ব্বক, যাথার্থ্যরূপে, প্রকৃতরূপে, অত্যাবশ্যকতাপূর্ব্বক।

To **Essentiate**, *v. n.* একধর্ম্মক-হ, একমূলক-হ,।

Essoin, *n. s.* Fr. অপ্রত্যক্ষ বা গরহাজির ব্যক্তি আপনার অপ্রত্যক্ষ হইবার বিশিষ্ট বা আবশ্যক কারণ দর্শাইয়াছে যে বা তৎকারণে গরহাজির ব্যক্তির আসামী কিম্বা তলবকরা ব্যক্তির গরহাজির হইবার কারণ বা ওজর, মাফ, খালাস, মুক্তি।

To **Essoin**, *v. a.* ওজর-কৃ, খালাস-কৃ বা-দা, মুক্ত-কৃ।

Essoiner, *n. s.* উকিলবিশেষ, যে অপ্রত্যক্ষ ব্যক্তির গরহাজির হইবার কারণ দর্শায় বা তৎকারণে প্রত্যয় জন্মায়।

To **Establish**, *v. a.* Fr. স্থাপিত-কৃ, স্থাপন-কৃ, নিযুক্ত-কৃ, নিয়ম-কৃ, অপরিবর্ত্তনীয়ত্বরূপে স্থির বা নিয়ম-কৃ, বন্দোবস্ত-কৃ, কোন বৃত্তি বা ভোগ স্থাপন-কৃ, দৃঢ়-কৃ, শক্ত-কৃ, প্রকাশ-কৃ, নির্দ্ধারিত-কৃ, ব্যক্ত-কৃ, মত বা অভিপ্রায় স্থির বা দৃঢ়-কৃ, নির্ম্মাণ-কৃ, রচনা-কৃ, গড় (ঞি), বুনিয়াদ-কৃ, বস (ঞি), খাড়া-কৃ, দৃঢ়রূপে নির্ম্মাণ বা স্থাপনা-কৃ, অলঙ্ঘরূপে স্থিতি-কৃ(ঞি), পৈতৃক ধনের বন্দোবস্ত-কৃ, সাভ্যস্ত-কৃ, নির্ণয়-কৃ, মোকরর-কৃ।

Establisher, *n. s.* স্থাপক, স্থাপনাকর্ত্তা, স্থাপিত করে যে, বসায় যে, বন্দোবস্তকারক।

Establishment, *n. s.* বন্দোবস্ত, স্থাপন, স্থাপিতকরণ, বসান, খাড়াকরণ, দৃঢ়াবস্থা, নিরূপিত বা নিশ্চিতাবস্থা, স্বীকারকৃত বা হইয়াছে যে বিষয় তাহা কবুলকরণ বা মঞ্জুর বা সাভ্যস্তকরণ নিশ্চিত নির্দ্ধারিত বা নিরূপিত নিয়ম রীতি বা আইন, রকম ভৌল প্রকার রাজ্য বা সংসারের রীতি বা নিয়ম বা তাহার ভাব বা ভৌল, সাভ্যস্তকরণ, অধিকার, বসতি, চাকরবাকর সিরিস্তা, আমলদখল, অধিকার, বুনিয়াদ, জড়, মূল, আরম্ভ, সৃষ্টি, মাহিয়ানা, বেতন, দান, দরমাহা, লাভ, লভ্য, আয়, আরাম, স্বাস্থ্য, উৎপাদন, প্রাপ্তি।

Estafet, *n. s.* Span. যুদ্ধবিষয়ে ধাবক বা বার্ত্তাবাহক, যুদ্ধসম্পর্কীয় দূত, ধাউড়ে, কাশদ।

Estate, *n. s.* Fr. সচরাচর বা সাধারণ লভ্য আয় বা প্রাপ্তি, সাধারণ অবস্থা দশা বৈভব, জীবনাবস্থা, আহাওয়াল ভাব বা গতি, ধন, সম্পত্তি, বেসাত, দৌলত, ঐশ্বর্য্য, অধিকার, আমল, বৃত্তি বিধান, আয়মা বিষয়, ধনসম্পত্তি, বড়লোক, প্রধানলোক, উচ্চপদস্থ ব্যক্তি, পদ, পায়া, ভাব, অবস্থা পৈতৃকাধিকার, চাকলা, তালুক, বৃত্তি, জমীদারী।

To **Estate**, *v. a.* দৌলত-দা, বিষয়প্রাপ্ত-কৃ, বিষয় বন্দোবস্ত-কৃ, বিষয়ে নিযুক্ত-কৃ, নিরূপিত-কৃ, নিশ্চিত-কৃ, মকরর-কৃ।

To **Esteem**, *v. a.* Lat. মর্য্যাদা-কৃ, সম্মান-কৃ, কোন বিষয়ে যথার্থ মূল্য বা গুণ-জ্ঞা বা আরোপ-কৃ, মিল (ঞি), দৃষ্টান্ত-দা, অংশানুসারে বরাওর্দ বা পরিমাণ স্থির-কৃ, সঙ্খ্যা-কৃ, মূল্য স্থির বা নিশ্চয়-কৃ, দর-ধৃ (ঞি), বহুমূল্য-কৃ, অধিক মূল্য নিশ্চয়-কৃ, সম্ভ্রম-কৃ, মান্যতা-কৃ, শ্রেষ্ঠত্ব বা উত্তমতাপুরঃসরে-জ্ঞা, শ্রেষ্ঠ-জ্ঞা, মনে-রক্ষ, মনে-জ্ঞা, ভাল-বাস, স্নেহ-কৃ, প্রেম-কৃ, আদর-কৃ, অনুমান-কৃ, আন্দাজ-কৃ।

To **Esteem**, *v. n.* মনে-হ, আন্দাজ-হ, অনুমান-হ, আদর-হ, মান্যতা-হ, ভুম-হ।

Esteem, *n. s.* মান, মর্য্যাদা, সম্ভ্রম, সম্মান, আদর, প্রেম, প্রীতি, স্নেহ, সমাদর, এতবার, ভালবাসন, হিসাব, সংখ্যা, গণনা।

Esteemable, *a.* সম্ভ্রমযোগ্য, মর্য্যাদাবন্ত, আদৃত্য, আদরোপযুক্ত, আদরণীয়, সম্মানযোগ্য, প্রেম বা স্নেহ হয় যাহাতে বা করা যায় যাহার উপর, মাননীয়, ধন্য, মান্য, শ্রেষ্ঠ, গণ্য, উত্তম প্রেম বা স্নেহযোগ্য।

Esteemer, *n. s.* আদরকর্ত্তা, আদরকারী, সম্মান করে যে, বহুমূল্য ঠাওরায় বা নিশ্চয় করে যে, গণনাকর্ত্তা।

Estimable, *a.* Fr. শ্রেষ্ঠ, উত্তম, বহুমূল্য আছে যাহাতে, বহু বা অধিক মূল্যোপযুক্ত, মান্যোপযুক্ত, সম্ভ্রমযোগ্য, আদর বা সম্মানোপযুক্ত।

Estimable, *n. s.* বিশেষ সম্ভ্রম মর্য্যাদা বা মান্য ব্যক্তি বা বিষয়, মর্য্যাদাবন্ত ব্যক্তি, অতিমান্য বা আদর্য্য ব্যক্তি বা বিষয়।

Estimableness, *n. s.* মান্যোপযুক্ততা, সম্ভ্রম মর্য্যাদা বা আদর যোগ্যত্ব।

Digitized by Google

To **Estimate**, *v. a.* Lat. হিসাব-কৃ, কুত-কৃ, আন্দাজ-কৃ, আটকোল-কৃ, অনুমান-কৃ, বরাওর্দ-কৃ, আটকোল হিসাব-কৃ, সংখ্যা বা পরিমাণ স্থির-কৃ, গুণ বা মূল্য স্থির-কৃ, বা জ্ঞা, এক বস্তু অন্যের সহিত যাচনদ্বারা তদন্তর সংখ্যা বা পরিমাণ বিবেচনা-কৃ বা স্থির-কৃ।

Estimate, *n. s.* হিসাব, বরাওর্দ, কুত, আটকোল, আন্দাজ, শুমার, গণনা, মূল্য, গুণ, বা মূল্যের পরিমাণ, লেখা বা সুমার বা সংখ্যা বা তৎপরিমাণকরণ, বিবেচনা, মিলাইয়া বা দৃষ্টান্তদ্বারা বিবেচনাকরণ।

Estimation, *n. s.* হিসাবকরণ, আটকোল বা আন্দাজকরণ, হিসাব লেখা, কুত, শুমার, বিবেচনামত বিচার, মান্যতা, আদর, সমাদর, সম্মান, স্নেহ, প্রেম, মর্য্যাদা, সম্ভ্রম, বিবেচনা, অনুমান, আন্দাজ, সংখ্যা।

Estimative, *ad.* বিবেচনাক্ষম, তারতম্যবিবেচক।

Estimator, *n. s.* বিবেচক, যাচনদার, মূল্যনিরূপণ, মূল্য বা গুণ নিশ্চয়কর্ত্তা, আদরকারী, সম্মানকারী, দর ভাও বা মূল্য নিশ্চয় বা রক্ষা করে যে, হিসাবী, সংখ্যাকর্ত্তা, গণনাকর্ত্তা, অনুমান বা আন্দাজকারক, বরাওর্দকারক।

Estival, *a.* Lat. গ্রীষ্মকালসম্বন্ধীয়, গ্রীষ্মকালবিষয়ক, গ্রীষ্মকালস্থায়ী।

To **Estivate**, *v. n.* গ্রীষ্মকালে কোন স্থানে বাসী-হ, গ্রীষ্মকালে স্থা, বাস-কৃ, গ্রীষ্মকাল-কাট (ঞি), কোন স্থানে বাসকরত গ্রীষ্মকাল ক্ষেপ-কৃ।

Estivation, *n. s.* গ্রীষ্মকাল কাটান যায় যে স্থানে, গ্রীষ্মকালে থাকা যায় যে স্থানে, গ্রীষ্মকালের বাসোপযুক্ত স্থান।

Estopel, *n. s.* প্রতিবন্ধক কার্য্য, রাজাজ্ঞা বা নিয়মের প্রতিবন্ধ জন্মায় বা করে যে বা হয় যৎকর্ম্মদ্বারা।

Estopped, *a.* পূর্ব্বোক্ত কার্য্যাধীন।

Estovers, *n. s.* শাস্ত্র বা আদালতকর্ত্তৃক সিদ্ধ বা সম্মত, প্রয়োজনার্হ আহারাদি দ্রব্য।

Estrade, *n. s.* Fr. সমভূমি, সমানস্থান, সমানভূমি।

To **Estrange**, *v. a.* Fr. দূরস্থ-কৃ, দূরে-রক্ষ, দূর-কৃ, ছাড়া-কৃ, পর-কৃ, উপরি-কৃ, ক্ষান্ত-কৃ, রহিত-কৃ, ত্যক্ত-কৃ, ভিন্ন-কৃ, তফাৎ বা অন্তরে রাখ, স্বত্বত্যাগ-কৃ, স্বত্বত্যাগ করিয়া-দা, আসল স্বামী বা ব্যবহারহইতে তফাৎ বা বিচ্ছেদ-কৃ, মোহ ত্যাগ-কৃ, স্নেহ হইতে দূর-কৃ, স্নেহ নিবৃত্তি-কৃ, ত্যাগ-কৃ, আটক-কৃ, রুদ্ধ-কৃ।

Estrangement, *n. s.* ত্যাগ, ত্যাগকরণ, স্বত্বত্যাগ করিয়া দেওন বা ত্যাগকরণ, দূর বা তফাৎকরণ বা রাখণ, উপরি ভাব বা অবস্থা, স্থানান্তরকরণ বা হওন, লাড়ন, সরাণ, দূরকরণ, তফাৎহওন, অন্তরহওন, বিকৃত হওন, স্থানান্তরকরণ।

Estrapade, *n. s.* Fr. ঘোটকের দুষ্টতা বা দোষবিশিষ্টত্ব।

To **Estray**, *v. n.* Fr. পলাইয়া-গম, খুলিয়া-ভাগ, পথ-ভুল, পথ ভুলিয়া-গম, পরিভ্রমণ-কৃ, পরিভ্রমী-হ।

Estray, *n. s.* স্থানভ্রষ্ট পশু বা জীবী, স্বস্থান বা দেশহইতে বহির্ভূত হইয়াছে যে পশ্বাদি, পথভোলা জন্তু, পরিভ্রমি পশু, আলগা বা অনাটক বস্তু।

Estreat, *n. s.* Lat. প্রকৃত, আদর্শ, ঠিক নকল আসল বা মূল লিখনেরযথার্থ বা নির্ভুল নকল বা আদর্শ, আদালতসম্বন্ধীয় কোন বিশে কাগজের নকল।

To **Estreat**, *v. a.* নির্গত-কৃ, লিখিয়া-আনী, কোনগ্রন্থ বা মূলহইতে বাহির-কৃ, নকল-কৃ বা গুনাহগারি করিয়া-নী, দণ্ড-নী, [In Law.] নকল-নী, নকল-কৃ, আদর্শ করিয়া-নী।

Estrepement, *n. s.* Fr. যাবজ্জীবন কাল পরিমাণে স্থাবরাদি বিষয় অপহরণ বা অপহ্নব, লুঠ।

Estrich, *n. s.* পক্ষিবিশেষ, বৃহৎ পক্ষী, সকলহইতে বড় পক্ষী।

Estridge, **Estrich** শব্দ দেখ।

Estuance, *n. s.* গ্রীষ্ম, উষ্ণতা, গরমি।

Estuary, *n. s.* Lat. সমুদ্রের শাখা, সমুদ্রের অনুখালবিশেষ, সমুদ্রের খাড়ি।

To **Estuate**, *v. a.* Lat. বৃদ্ধি করিয়া হ্রাস-কৃ, জোয়ার ভাটা-পত বা -কৃ (ঞি), ক্রমে বৃদ্ধি ও হ্রাস-কৃ, টগবগ-কৃ, পক্ব-কৃ।

Estuation, *n. s.* জ্বালাবস্থা, পক্বাবস্থা, ক্রমে হ্রাস বৃদ্ধি, জোয়ার ভাটা, আলোড়ন, চঞ্চলতা, কলহ, দ্বন্দ্বজ, ঝগড়া, বিবাদ।

Esture, *n. s.* বল, জোর, উৎপাত, উপদ্রব, কলহ, দ্বন্দ্বজ, বিবাদ, ঝগড়া প্রবল, প্রবল কম্পন (যথা সমুদ্রে)।

Esurient, *a.* Lat. ক্ষুধিত, ক্ষুধাতুর, ভুখা, পেটুক, বহুগ্রাসী।

Esurine, *a.* Lat. ক্ষয়ণীয়, ক্ষয়কারী নাশ্য, খাদক, হ্রাসক, ভিতরেং খাইয়া-যায় যে, হ্রাস করে যে বা হয় যদ্দ্বারা।

Et cætera, Lat. ইত্যাদি, প্রভৃতি, ওগয়রহ, আরং বা অন্যংপ্রভৃতি বুঝায়, বাকী, অবশিষ্ট।

Etc, পূর্ব্বোক্ত শব্দের সংক্ষেপ লিখন উক্তি বা চিহ্ন।

To **Etch**, *v. a.* Germ. আদর্শ-কৃ, নমুনা-কৃ, ঢাঁচা-কৃ, পাণ্ডুলেখ্য-কৃ, লিখ, নক্সা-কৃ বা খেঁচ, চিত্র-কৃ, ঠেল, সৃ (ঞি), সরাইয়া-দা, এ কদিগে ঠেলিয়া-রক্ষ, খোদ।

Etch বা **Eddish**, *n. s.* শস্যক্ষেত্র, যে ভূমির শস্য আহরণ হইয়াছে বা কাটা গিয়াছে সে ভূমি।

Etching, *n. s.* তামার উপর খোদন বা অঙ্কন।

Eteostick, *n. s.* Gr. খোদকারি কর্ম্ম, নক্শা কর্ম্ম, প্রস্তর বা তামার উপর খোদন বা অঙ্কন বা তল্লিখন।

Eternal, *a.* Lat. অনাদি, অনন্ত, নিত্য, আদি অন্ত নাই যাহার বা যাহাতে, অক্ষয়, সনাতন, সন্তত, ধ্রুব, সতত, অসীম, অশেষ।

Eternal, *n. s.* Fr. ভগবান, পরমেশ্বরের নাম বা বিশেষণবাচক শব্দ, নিত্য, অনন্ত, অক্ষয় বা অমর বুঝায়, জন্ম মৃত্যু জরা রহিত যে ব্যক্তি।

Eternalist, *n. s.* পৃথিবী বা সংসারকে অনন্ত করিয়া মানে যে।

To **Eternalize**, *v. a.* নিত্য-কৃ, অনন্ত-কৃ, অমর-কৃ, অক্ষয়-কৃ, চিরস্থায়ী-কৃ।

Eternally, *ad.* অনন্তকালে, অনাদ্যন্তে, চিরকালে, আদ্য অন্ত নাই তদনুসারে বা রূপে নিত্যশঃ নিত্য, শশ্বৎ।

Eterne, *a.* অনন্ত, অনাদি, চিরকালব্যাপক, অনবচ্ছিন্ন, শেষ নাই যাহার বা যাহাতে।

To **Eternify**, *v. a.* প্রখ্যাত-কৃ, খ্যাত্যাপন্ন-কৃ, নামলব্ধ-কৃ, যশস্বী-কৃ, কীর্ত্তিমন্ত-কৃ, অমর-কৃ, নিত্য-কৃ, চিরজীবী বা স্থায়ী-কৃ।

Eternity, *n. s.* Lat. চিরকাল, অনন্তকাল, অনন্তকালবর্ত্তন, নিত্যতা বা স্থায়িত্ব, অনাদ্যন্ত কালব্যাপকতা, চিরস্থায়িত্ব, অসীমা, অক্ষয়ত্ব, অমরত্ব, অশেষ, অনন্ততা, নৈত্য, অনন্তভাব, অনন্তরূপ।

To **Eternize**, *v. a.* অনন্ত-কৃ, অনন্তকালস্থায়ী বা ব্যাপক-কৃ, অক্ষয়-কৃ, অমর-কৃ, চিরকালবর্ত্তী বা স্থায়ী-কৃ, চিরস্থায়ী-কৃ, নিত্য-কৃ, চিরকালের নিমিত্তে খ্যাত্যাপন্ন বা যশস্বী-কৃ।

Etesian, *a.* Gr. বায়ুর বিশেষণবাচক, নিরূপিত কালের বায়ুর বিশেষণ।

Ethe, *a.* Sax. সহজ, অনায়াসবিশিষ্ট, স্বচ্ছন্দ, আরাম, সুখী।

Ethel, *a.* Sax. প্রধান, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ।

Ether, *n. s.* Lat. আকাশ, খ, শূন্য, বায়ুপদার্থ, নির্ম্মল বায়ু, সর্ব্বোপরিস্থ বা তদ্দেশস্থ বস্তু বা পদার্থ শূন্য বা আকাশের বায়ু।

Digitized by Google

Ethereal, *a.* বায়ুজ, বায়ুহইতে জাত বা গঠিত, আকাশজ, স্বর্গীয় নির্ম্মল, নিভাঁজ।

Ethereous, *a.* আকাশজ, আকাশহইতে উৎপন্ন বা জাত, স্বর্গীয়।

Ethical, *a.* নীতিবিষয়ক, নীতিশাস্ত্রসম্বন্ধীয়, নীতিবিদ্যাবিষয়ক, নীতি আছে যাহাতে, নীতিসম্বন্ধীয়।

Ethically, *ad.* নীতিশাস্ত্রানুসারে, নীতিবিদ্যার প্রকরণ ধর্ম্ম মত বা উপদেশানুসারে।

Ethick, *a.* নীতিশাস্ত্রজ্ঞ, নীতিবিদ্যাজ্ঞ, জ্ঞানদায়ক, নীতিসম্বন্ধীয়।

Ethicks, *n. s.* নীতিশাস্ত্র, জ্ঞানশাস্ত্র বা তদ্বিদ্যা, নীতিতত্ত্ব, নীতি।

Ethiop, *n. s.* ইথিওপিয়া দেশজ বা তদ্দেশের লোক বা মনুষ্য, হাবসি।

Ethiops-mineral, Æthiops-mineral শব্দ দেখ।

Ethmoidal, *a.* কশেরুকাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, মস্তিষ্ক।

Ethmoides, *n. s.* Gr. কপাল, খর্পর, খাপরী, মস্তকের অগ্রভাগাবরণকারি মস্তিষ্কের নামবিশেষ।

Ethnical, *a.* Gr. দেবপূজক, পৌত্তলিক, দেবার্চ্চক, সাকারবাদী।

Ethnicism, *n. s.* দেবার্চ্চন, পৌত্তলিকতা, সাকারবাদ, পৌত্তলিকের মত আচার বা ধর্ম্ম।

Ethnick, *a.* দেবপূজক, দেবার্চ্চক, পৌত্তলিক, সাকারবাদী।

Ethnicks, *n. s.* দেবপূজকসমূহ, দেবার্চ্চকাবলী, দেবপূজকবর্গ।

Ethological, *a.* নীতিবিদ্যাবিষয়ক, নীতিশাস্ত্রবিশিষ্ট।

Etiology, *n. s.* কারণ, কারণবর্ণন বা তদ্বিবরণ।

Etiquette, *n. s.* Fr. ব্যবহার, আচার, ক্রিয়া, কর্ম্ম, পূজা।

Etui, *n. s.* Fr. ভাঁড়, বগলি।

To **Ettle,** *v. n.* Sax. উপার্জ্জন-কৃ, পরিশ্রমের দ্বারা উপার্জ্জন-কৃ, রোজগার-কৃ।

Ettin, *n. s.* রাক্ষস, বিকটাকার ব্যক্তি।

Etymologer, *n. s.* শব্দশাস্ত্রজ্ঞ, শাব্দিক।

Etymological, *a.* শব্দশাস্ত্রবিষয়ক বা তৎসম্বন্ধীয়, শব্দসাধন বিদ্যাসম্বন্ধীয়।

Etymologically, *ad.* শব্দশাস্ত্রের নিয়ম বা রীত্যনুসারে।

Etymologist, *n. s.* শব্দশাস্ত্রের ব্যুৎপত্তিকারক বা সিদ্ধান্তকর্ত্তা, শব্দশাস্ত্রের মূলনিশ্চায়ক।

To **Etymologize,** *v. a.* শব্দের ব্যুৎপত্তি-কৃ, শব্দের আদি বা মূল ব্যাখ্যা-কৃ।

Etymology, *n. s.* শব্দ সাধন, শব্দের ব্যুৎপত্তি বা তজ্জ্ঞান বা বিদ্যা।

Etymon, *n. s.* Gr. আদি, মূল, শব্দের মূল, মূলশব্দ, ধাতুশব্দ।

To **Evacate,** *v. a.* Lat. খালি-কৃ, শূন্য-কৃ, ফেলিয়া-দা, নিষ্কাষণ-কৃ।

To **Evacuate,** *v. a.* Lat. খালি-কৃ, শূন্য-কৃ, পরিষ্কার-কৃ, খোলাসা-কৃ, ত্যাগ-কৃ, ছাড়, বর্জ্জন-কৃ, ঝাড়িয়া-ফেল, পরিষ্কার করিয়া-ফেল, বাতিল-কৃ, ব্যর্থ-কৃ, নিষ্প্রয়োজন-কৃ, রদ-কৃ, উদ্ধার-কৃ, ঢেকুর-তুল।

To **Evacuate,** *v. n.* রক্ত-নিঃসৃ, রক্ত মোক্ষণ-হ, রক্ত বাহির-হ।

Evacuant, *n. s.* ভেদক ঔষধ, ঔষধ যদ্দ্বারা মলমূত্রাদি পরিষ্কার হয়।

Evacuation, *n. s.* খালিকরণ, ত্যাগকরণ, ত্যাগ, রদ, বহিষ্করণ, ছাড়ন, বাতিলকরণ, রদকরণ, ব্যর্থকরণ, জোলাপ দেওন বা লওন, ভেদক ঔষধ দ্বারা উদর পরিষ্কারকরণ, মলমূত্রাদিত্যাগ ঝাড়া, জোলাপ, দেশ বা স্থান ত্যাগকরণ, ছাড়িয়া দেওন, সন্ধি দ্বারা ত্যাগকরণ, লাচার হইয়া ত্যাগকরণ, যুদ্ধশাস্ত্রীয় ভাষাবিশেষ।

Evacuative, *a.* ভেদকারী, রেচক, জোলাপ হয় বা করায় যাহাতে।

Evacuator, *n. s.* বাতিলকারক, ব্যর্থকর্ত্তা, রদ করে যে।

To **Evade,** *v. a.* Lat. অপহ্নব-কৃ, ফাকী-দা, প্রতারণা বা বঞ্চনা দ্বারা বাঁচ (ঞি) বা মুক্ত-কৃ, ত্যাগ-কৃ, পরিহার-কৃ, ছল বা অস্বীকার-কৃ, প্রতারণা-কৃ, বঞ্চনা-কৃ, মিথ্যা বাক্য বা ছলদ্বারা রক্ষা-প্রাপ বা-কৃ, টালমটাল-কৃ, বাহানা-কৃ, ছলদ্বারা রক্ষা-পা।

To **Evade,** *v. n.* পলায়ন-কৃ, পলায়িত-হ, সরিয়া-পড়, পলাইয়া-বাঁচ, মিথ্যা বাদানুবাদী-হ, অপহ্নবী-হ, ছল বা প্রবঞ্চনাকারী-হ, অপ্রকৃত বা অযথার্থ উত্তরকারী-হ।

Evagation, *n. s.* Lat. ভ্রমণ, পর্য্যটন, বেড়ান, পরিক্রমণ, ভ্রমণ করিয়া ফেরণ, প্রকৃত পথবহির্ভূত হওন।

Eval, *a.* Lat. চিরকালবিষয়ক, দীর্ঘকালসম্বন্ধীয়।

Evanescence, *n. s.* Lat. অদর্শনহওন, অপ্রত্যক্ষহওন, অগোচর হওন, দর্শনাভাব, অন্তর্ধান, লোপ।

Evanescent, *a.* অদর্শনকারী, অদৃশ্য, অপ্রত্যক্ষ, অগোচর, অনুপলব্ধ, অন্তর্হিত হয় যে, ইন্দ্রিয়পথাতীত, ক্ষয়শীল, লোপনীয়।

Evangel, *n. s.* Gr. মঙ্গলসমাচার, ঈশ্বরের বাক্য, ধর্ম্মবিষয়ক বিদ্যা, খ্রীষ্টীয়ান ধর্ম্ম বা বিদ্যা।

Evangelical, *a.* খ্রীষ্টীয়ান ধর্ম্মানুযায়ী বা তন্মত, খ্রীষ্টীয়ান ধর্ম্ম সম্মত, খ্রীষ্টীয়ান ধর্ম্মপুস্তকে কথিত বা তদন্তর্গত মঙ্গল সমাচারানুযায়ী।

Evangelically, *ad.* খ্রীষ্টীয়ান ধর্ম্ম পুস্তকানুসারে, মঙ্গল সমাচার পূর্ব্বক বা তন্মতে।

Evangelick, *a.* খ্রীষ্টীয়ান ধর্ম্মপুস্তকের সম্মত বা তদনুযায়ী।

Evangelism, *n. s.* ধর্ম্মপুস্তকের প্রকাশ, মঙ্গলসমাচার প্রচার, খ্রীষ্টীয়ান ধর্ম্ম প্রচার ব্যাপন বা ঘোষণ।

Evangelist, *n. s.* Gr. ধর্ম্মপুস্তকলেখক, মঙ্গল সমাচারলেখক, ঘোষক, খ্রীষ্টীয়ান ধর্ম্ম প্রচারকর্ত্তা বা ঘোষণাদাতা, মঙ্গল ব্যঞ্জক।

Evangelistary, *n. s.* ধর্ম্মপুস্তকের কোন অংশ।

To **Evangelize,** *v. a.* ধর্ম্মোপদেশ-কৃ, ধর্ম্মশাস্ত্রের উপদেশ-দা, যিশু খ্রীষ্টের মত বা ধর্ম্মশিক্ষা-কৃ (ঞি), মঙ্গল সমাচার ঘোষণা-কৃ, কোন দেশে খ্রীষ্টীয়ান মতাবলম্বী-কৃ।

Evangely, *n. s.* মঙ্গল সমাচার, ত্রাণ সম্বাদ, মুক্তি রক্ষা বা মঙ্গল সমাচারের পুস্তক, খ্রীষ্টের উপদেশ বা ধর্ম্মশাস্ত্র।

Evanid, *a.* Lat. ক্ষীণ, দুর্ব্বল, অদৃশ্যবৎ, লোপযোগ্য, অন্তর্ধানোপযুক্ত, অন্তর্ধানশীল।

To **Evanish,** *v. n.* Lat. অপ্রত্যক্ষ-হ, অনুপলব্ধি-হ, অজ্ঞাত-হ, বেমালুম-হ, বাঁচ, রক্ষা-প্রাপ।

Evaporable, *a.* উদ্ভবনীয়, উদ্ভাবদ্বারা, লোপযোগ্য।

To **Evaporate,** *v. n.* Lat. বাষ্প নির্গত-হ, ধূম বা উদ্ভাবদ্বারা উড়িয়া-যা বা লোপ-হ, উপে-যা, উড়, শুষ।

To **Evaporate,** *v. a.* বাষ্পদ্বারা বহির্গত-কৃ, উদ্ভাবদ্বারা বিস্তৃত-কৃ, বহির্গম, বহির্গত হইয়া পত, শুখাইয়া-যা, ভাপ-উঠ, উপে-যা, শোষ।

Evaporate, *a.* বাষ্পেতে বহির্গত, ইতস্ততঃপতিত শোষিত বা উদ্ভূত, ধূমদ্বারা উদ্ভূত।

Evaporation, *n. s.* বাষ্প উঠন, বাষ্পদ্বারা নির্গমন, উপে যাওন, ধূম বা উদ্ভাবদ্বারা উড়িয়াযাওন, লোপহওন বা শুখাইয়া যাওন, বহির্গমন, রসাকর্ষণ, বাষ্পীভূততা।

Digitized by Google

Evasion, *n. s.* Lat. ওজর, বাহানা, ছল, টালমটাল, উড়ন ঘাই, প্রবঞ্চনা, বাক্‌প্রবঞ্চনা, মিথ্যাবাক্যারোপণ, নানাপ্রকার কথাদ্বারা ছলনা বা ভুলান, ধূর্ত্ততা, চাতুরী, অপহ্নব।

Evasive, *a.* অপহ্নবকারী, প্রবঞ্চক, প্রতারক, ওজরকারী, বাহানাকারী, মিথ্যা বাক্যারোপী, উড়ন ঘাই করে যে, ছলবিশিষ্ট, ছলী, অপহ্নববিশিষ্ট, সিদ্ধান্তাভাবী, বাক্‌প্রপঞ্চক, বাহানা বা ওজর বা টালমটালসম্বন্ধীয়।

Evasively, *a.* বাক্‌প্রবঞ্চনারূপে, প্রতারণারূপে, ফাকীদ্বারা ওজর করিয়া, ছলক্রমে।

Eucharist, *n. s.* Gr. ঈশ্বরের ধন্যবাদকরণ, ঈশ্বর ভোজন, খ্রীষ্টের মরণ স্মরণার্থক ভোজন।

Eucharistical, *a.* ঈশ্বরের ধন্যবাদবিশিষ্ট, ঈশ্বরভোজনসম্বন্ধীয়, খ্রীষ্টের মরণস্মারক ভোজনসম্বন্ধীয়।

Eucharistick, *a.* ঈশ্বর ভোজনসম্বন্ধীয়।

Euchology, *n. s.* Gr. বিধিপূর্ব্বক, স্তবস্তোত্র বা পূজা।

Euchymy, *n. s.* Gr. শরীরের বশ, রক্তের স্বচ্ছন্দাবস্থা।

Eucrasy, *n. s.* Gr. শরীর স্বচ্ছন্দতা, সুস্থতা, স্বাস্থ্য, শরীরের অবৈলক্ষণ্য ভাব বা ধর্ম্ম বা অবস্থা বা গতি, সুস্থ শরীর, নিষ্পীড় শরীর।

Eudiometer, *n. s.* Gr. বায়ুর গুণাগুণ নিরূপণকারি অস্ত্রবিশেষ।

Evection, *n. s.* Lat. উচ্চকরণ, প্রধানকরণ, উন্নতকরণ, শ্রেষ্ঠকরণ।

Eve বা **Even,** *n. s.* Sax. অপরাহ্ন, বৈকাল, শেষবেলা, দিনের শেষ, সংয়ম, সংয়তহওন বা করণ, কোন পর্ব্বাহ বা পুণ্য দিনের পূর্ব্ব দিনে উপবাসাদি নিয়ম বা সংযম, কোন পর্ব্বের পূর্ব্ব দিন।

Even, *a.* Sax. সমান, শোজা, বরাবর, চৌরস, একসমান, অবৈলক্ষণ্য, একপ্রকার, একাকার, একাবয়বী, সমতুল্য, সমানসমান, দুইদিকে সমান, উভয় পার্শ্বে তুল্য, তুল্য, পরিষ্কার, অঋণী, ঋণমুক্ত, ঋণবহির্ভূত, সুস্থির, একভাববিশিষ্ট, হ্রাসবৃদ্ধিরহিত, নির্দ্দিষ্ট সমানাংশ হওনক্ষম।

To **Even.** *v. a.* সমান-কৃ, বরাবর-কৃ, চৌকশ-কৃ, ঋণমুক্ত-কৃ, ঋণবহির্ভূত-কৃ, পরিষ্কার-কৃ, একচাল-কৃ, ঢাল-কৃ।

To **Even,** *v. n.* সমান-হ, তুল্য-হ, বরাবর-কৃ।

Even, *ad.* সত্য, বটে, হাঁ, যদ্যপিস্যাৎ, তত্রাপি, তথাপি, তবু, এইপ্রকার, ইহাও, কেবল এই নহে, বরং, এতাবৎ, এব, তথায়, এই, এমত হইলেও, তেমনি, তাই, সেই।

To **Evene,** *v. n.* Lat. হ, ঘট, উপস্থিত-হ।

Evener, *n. s.* সমানকারী, সমান করে যে, বরাবর করে যে।

Evenhand, *n. s.* পদের তুল্যতা, অবস্থা বা ভূমের সাম্য বা তুল্যত্ব।

Evenhanded, *a.* অমুখাপেক্ষী, অপক্ষপাতী, সমান, তুল্য, অবৈলক্ষণ্যবিশিষ্ট, যথার্থ, ঠিক, ন্যায্য, নিরপেক্ষ, প্রকৃত।

Evening, *n. s.* Sax. অপরাহ্ন, বৈকাল, শেষবেলা, দিনশেষ, সন্ধ্যা, দিনান্ত, সাঁজ, সায়ং, প্রদোষ, রাত্র্যারম্ভ, শেষকাল, শেষাবস্থা, বৃদ্ধকাল, চরমকাল, দিনাবসান।

Evening, *a.* শেষবেলায় স্থিত, অপরাহ্নস্থ, অপরাহ্নবর্ত্তী।

Evening-star, *n. s.* নক্ষত্রবিশেষ।

Evenly, *ad.* সমান২, সমান বা বরাবরিরূপে, একরূপে, একপ্রকারে, একরকমে, একভাবে বা আকারে, মাটামপূর্ব্বক, একচাল পূর্ব্বক, শোজাশোজিরূপে, অবৈলক্ষণ্যরূপে, অপক্ষপাতপূর্ব্বক, বিনাঅনুগ্রহে বা নিগ্রহপূর্ব্বক, যথার্থরূপে, প্রকৃত বা সমানরূপে, শোজামতে।

Evenness, *n. s.* সমানত্ব, সাম্য, বরাবরি অবস্থা ধর্ম্ম বা ভাব, একাকার বা অবয়বত্ব, যাথার্থ্য, মিল, ঐক্য, স্থিরতা, সুরীতি, নিয়ম, উপর্য্যংশের সমানত্ব, মাটাম, একচাল, বৈলক্ষণ্য বা উচানীচারাহিত্য, অপক্ষপাত, অমুখাপেক্ষণ, সমান মর্য্যাদা মান্যতা বা সম্ভ্রম, সুস্থিরতা, যথার্থতা, সমানতা, মিল।

Evensong, *n. s.* সন্ধ্যা, সন্ধ্যাকালের স্তব বা পূজাদি ব্যাপার, বৈকালের সন্ধ্যা, দিনের শেষ, অপরাহ্ন, সন্ধ্যাকালের ভজনা বা অর্চ্চনা।

Eventide, *n. s.* সন্ধ্যাকাল, সন্ধ্যাসময়, সায়ংকাল।

Event, *n. s.* Lat. দৈববিষয়, মামলা, হয় যে, ঘটে যে, উপস্থিত হয় যে বিষয় বা বস্তু, উপস্থিত বিষয়, দশা, ঘটনা, অন্ত, কর্ম্মের ফল, ফল, শেষ।

To **Event,** *v. n.* উপস্থিত-হ, বাহির-হ।

To **Eventerate,** *v. a.* Lat. কাটিয়া-ফেল, বিদীর্ণ-কৃ, পেট-চির, পেট-ফাড়।

Eventful, *a.* দৈববিশিষ্ট, দৈবময়, ঘটিত অবস্থা বা বিষয় আছে যাহাতে, ভাগ্য বা অবস্থার পরিবর্ত্তনময় বা তদ্বিশিষ্ট, ঘটনাময়, দশাময়।

To **Eventilate,** *v. a.* Lat. শস্য-ঝাড়, শস্য-ঝাড়িয়া পরিষ্কার-কৃ, পাছড় (ঞি), ঝাড়িয়া পরীক্ষা-কৃ, বিবেচনা-কৃ, বিতর্ক-কৃ।

Eventilation, *n. s.* ঝাড়ন, পাছড়ান, পরিষ্কারকরণ।

Eventual, *a.* দৈবী, দৈবিক, দৈবঘটিত, দৈবে উপস্থিত, শেষান্ত, শেষ উপস্থিত হয় যে, ঘটে যে বা পাওয়া যায় যাহা, দৈববিষয়ক, অন্য কোন কর্ম্মের ফলসম্বন্ধীয়।

Eventually, *ad.* যদ্যপিস্যাৎ, যদি, শেষে, শেষদেখে, শেষ হইলে পর, ঘটিলে পর, অন্ততঃ, শেষতঃ, ফলে।

Ever, *ad.* Sax. কোন কালে, কোন সময়ে, কখন, সর্ব্বকালে, সর্ব্বসময়ে, সর্ব্বদা, নিয়ত, হামেশা, বিনা অন্তে, বিনা আখেরে, অনন্তরূপে, চিরকালের নিমিত্তে বা জন্যে, অনন্তকালে, নিত্যরূপে, কোন অবস্থা, সংখ্যা বা পদে নিত্য, সর্ব্বদা, সতত, হামেশা।

Everbubbling, *a.* নিত্য বা চিরকাল সিদ্ধশীল টগবগকারী, সতত স্ফোটনশীল।

Everburning, *a.* অনিবারিত, জাজ্বল্যমান, জ্বলন্ত, নিত্য জ্বলনশীল।

Everduring, *a.* অনন্ত, চির, নিত্য, চিরকালব্যাপক বা স্থায়ী, চিরকালসহনশীল।

Evergreen, *a.* নিত্য তাজা বা সরস যে, তাবৎবৎসর সরস থাকে যে, বৎসরের মধ্যে তাবৎকাল তাজা বা সরস।

Evergreen, *n. s.* সর্ব্বকালে একভাবে থাকে যে বৃক্ষ, চিরকাল পত্রাদি তাজা থাকে যে বৃক্ষের।

Everhonoured, *a.* সর্ব্বত্র মান্য পূজ্য বা আদর্য্য, সর্ব্বত্র সমান মান মর্য্যাদা বা সম্ভ্রম আছে যে ব্যক্তির।

Everlasting, *a.* নিত্য, অনাশ্য, সর্ব্বদাস্থায়ী, অনন্তকালস্থায়ী, চিরস্থায়ী, অক্ষয়, অনন্ত, সর্ব্বদা, নিয়ত, অনবরত, অমর।

Everlasting, *n. s.* নিত্যতা, অনন্তকাল, পরকাল, চিরজীবী, অনন্ত।

Everlasting-pea, *n. s.* পুষ্পবিশেষ।

Everlastingly, *ad.* অনন্তকালে, অশেষরূপে, চিরকালে, নিঃশেষে, শেষরাহিত্যপূর্ব্বক।

Everlastingness, *n. s.* নিত্যতা, অনন্তত্ব, চিরকালস্থায়িত্ব, অসংখ্যক কাল স্থিতি বা ঠেকন।

Digitized by Google

Everliving, *a.* চিরজীবী, অনন্তকালস্থায়ী, অমর, চিরস্থায়ী, নিত্য, অনন্ত, অনবরত।

Evermore, *ad.* সতত, নিত্য, চির, সর্ব্বদা, হামেশা, অনন্তকালে, চিরকালে, অশেষকালে।

Everopen, *a.* সর্ব্বদা প্রসন্ন বা খোলা, চিরকাল খোলা, কখন বা কোন কালে বন্ধ বা আটক নাই যাহার বা যাহাতে।

Everpleasing, *a.* সদানন্দ, সদাহ্লাদিত, সদাপ্রসন্ন বা হৃষ্ট, সদা নন্দজনক বা কারী, চিরকাল আহ্লাদজনক।

To **Everse**, *v. a.* Lat. ফেলিয়া-দা, পতন-কৃ, নিক্ষেপ-কৃ, আছাড়-মার, উল্টাইয়া-দা, নাশ-কৃ, ধ্বংস-কৃ।

Eversion, *n. s.* Lat. নিক্ষেপ, ফেলিয়াদেওন, আছাড়মারণ, উল্টাইয়াদেওন।

To **Evert**, *v. a.* Lat. নষ্ট-কৃ, নাশ-কৃ, বিনাশ-কৃ, ধ্বংস-কৃ, উচ্ছিন্ন-কৃ, ফেলিয়া-দা, উল্টাইয়া-দা, পরাজয়-কৃ, জিৎ।

Everwatchful, *a.* সদা সাবধান, সদা সতর্ক বা হুশিয়ার।

Every, *a.* Sax. প্রত্যেক, সকলের মধ্যে প্রত্যেক, সকল, একং, *Every where*, সর্ব্বত্র, সকলস্থানে, প্রত্যেক স্থানে।

Everyday, *a.* প্রতিদিন, প্রত্যহ, নিত্য, হররোজ, সকলদিন, রোজং, সচরাচরে, সামান্য, চলিত, প্রতিদৈনিক, প্রতিদিন হয় যে, প্রতিদিন ঘটে যে বা যাহা।

Everyoung, *a.* যুবা, অবৃদ্ধ, অজর, বৃদ্ধা বা জরাবস্থার অনধীন, অক্ষয় যুবা।

To **Evesdrop**, *v. n.* মনোযোগ-কৃ, শ্রবণ-কৃ।

Evesdropper, *n. s.* বাটীর বহির্দিগে রাত্রিতে ছুতিপাতিয়া থাকে যে, ওতে বসিয়া শুণে যে, গাঁঠা দেয় যে, ঘর সন্ধান করে যে।

To **Evestigate**, *v. a.* Lat. তত্ত্ব-কৃ, অনুসন্ধান-কৃ, অনুসন্ধান করিয়া বাহির-কৃ, খুজে বাহির-কৃ।

Evet, **Eft** শব্দ দেখ।

Euge, *n. s.* Lat. প্রশংসা, শাবাসি, তারিপ।

Eugh, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Evibrate**, *v. a.* Lat. লাড়, ঘুরং(ঞি), ভাঁজ।

To **Evict**, *v. a.* Lat. বিচার-কৃ, আদালত স্থির-কৃ, আদালত-কৃ, আদালতানুসারে কর্ত্তব্যাকর্ত্তব্য স্থির-কৃ, প্রমাণ-কৃ, সাবুদ-কৃ, প্রকাশ-কৃ, অনধিকার-কৃ, আদালতের হুকুমে বেদখল-কৃ।

Eviction, *n. s.* আদালত স্থিরকরণ, প্রমাণ, সাবুদ, বেদখল।

Evidence, *n. s.* Fr. প্রকাশ্য, সুস্পষ্টত্ব, প্রামাণ্য, সাক্ষিত্ব, যাথার্থ্য, সন্দেহরাহিত্য, ব্যক্ততা, খ্যাতি, প্রসিদ্ধত্ব, সাবুদ, প্রমাণ, দলিল, গাওয়াহি, সাক্ষী, চাক্ষুষ, প্রত্যক্ষ প্রমাণ।

To **Evidence**, *v. a.* প্রমাণ-কৃ, সাবুদ-কৃ, স্পষ্ট-কৃ, প্রকাশ-কৃ, দৃশ (ঞি), প্রচার-কৃ, ব্যক্ত-কৃ।

Evident, *a.* ব্যক্ত, প্রচার, প্রকাশ, স্পষ্ট, পরিষ্কার, সাফ, সমক্ষ, প্রত্যক্ষ, প্রসিদ্ধ, খ্যাত, চাক্ষুষ, সুগোচর প্রসিদ্ধ।

Evidential, *a.* প্রমাণকারী, সাবুদ হয় যাহাতে বা যদ্দ্বারা, সুস্পষ্টকারী।

Evidently, *ad.* প্রত্যক্ষরূপে, প্রত্যক্ষতঃ, সুস্পষ্টরূপে, প্রকাশরূপে, প্রামাণ্যরূপে, নিঃসন্দেহরূপে।

Evigilation, *n. s.* Lat. জাগান, জাগৃতকরণ।

Evil, *a.* Sax. মন্দ, বিরুদ্ধ, দুষ্য, দোষবিশিষ্ট, অভদ্র, জঘন্য, অধম, খাস্ত, কুৎসাময়, খারাব, ভ্রষ্ট, নষ্ট, দুঃখী, ক্লিষ্ট, অভাগা, আপদ্‌গ্রস্ত, বিপদগ্রস্ত, মন্দকারী, অপকারী, ক্লেশজনক, দুঃখদ, নাশকারী, জিঘাংসু, দাগাবাজ, লোলুপ, রাক্ষস।

Evil, *n. s.* দাগাবাজী, দুষ্টতা, জঘন্যতা, দোষ, তখশীর, হিংসা, মন্দকরণ, অপকার, নোকশান, ক্ষতি, নষ্টতা, ভ্রষ্টতা, নষ্টহওন বা করণ, কুপথে যাওন বা লইয়া-যাওন, অভাগ্য, উৎপাত, বিপত্তি, আপত্তি, খারাবী, আপদ্, দুরবস্থা, দুঃখ, ক্লেশ, রোগ, ব্যাধি, পীড়া।

Evil, *ad.* জঘন্যরূপে, নষ্ট বা ভ্রষ্টরূপে, দুষ্টতাপূর্ব্বক, অভদ্রতাপূর্ব্বক, অসুখপূর্ব্বক, মন্দকারিত্ব বা অপকারিত্বরূপে, রোগ বা দুঃখদরূপে, শব্দ রচনায় এশব্দ সর্ব্বদা ব্যবহার হয় যাহাতে শব্দের কুঅর্থ বুঝায়।

Evilaffected, *a.* অবন্ধু, শত্রু, দ্বেষী, দুসমন, অমঙ্গলার্থী, অহিত, অসৎ, অসদাশয়ী, অশ্রদ্ধাকারী।

Evildoer, *n. s.* মন্দকারী, অপকর্ম্মকর্ত্তা, দুষ্টকর্ম্মকারী, কুকর্ম্মকারী, দোষকারী, অহিতকারী, মন্দকারক।

Evileyed, *a.* মন্দ দ্বেষ্টা, কুদৃষ্টিতে চাহে যে, কুদৃষ্টি আছে যাহার, কু বা দুষ্ট দৃষ্টি বিশিষ্ট।

Evilfavoured, *a.* অযোগ্যত্বরূপে প্রতিপালন সাহায্য বা দয়া হইয়াছে যাহাতে বা যাহার উপর, সুরাহা অভিপ্রায় বা হর্ষ নাই যাহাতে বা যাহার, বৃথা উন্নত বা আদর্য্য হইয়াছে যে।

Evilfavouredness, *n. s.* কৌরূপ্য, দোষ।

Evilly, *ad.* দুষ্টত্বরূপে, ভ্রষ্টত্বরূপে, মন্দরূপে, অসৎরূপে।

Evilminded, *a.* খল, খলান্তঃকরণ যাহার, দুষ্ট মনোবিশিষ্ট, মন্দকারি মনোবিশিষ্ট, বজ্জাত, অসৎ, দুষ্ট, দাগাবাজ, অপকারী, মন্দকারী, হিংসু, দুষ্টমনা, দুর্ম্মতি।

Evilness, *n. s.* মন্দত্ব, জঘন্যতা দুষ্টতা, খলতা, খারাবি, অধমত্ব।

Evilspeaking, *n. s.* গর্হা, কলঙ্ক, নিন্দা, দুর্নাম, তহমৎ, বরামদ, কুকথা, বদনাম।

Evilwishing, *a.* মন্দ চেষ্টাকারী, অমঙ্গলাকাঙ্খী অপকার অমঙ্গল আপদ বিপদ বা মন্দ চেষ্টা বা বাঞ্ছা করে যে।

Evilworker, *n. s.* মন্দকর্ম্মকারী, দুষ্টকর্ম্মকর্ত্তা, জঘন্য বা অপকর্ম্মকর্ত্তা, কুকর্ম্মকারী, অসৎকর্ম্মকারী।

To **Evince**, *v. a.* Lat. প্রমাণ-কৃ, সাভ্যস্ত-কৃ, নিশ্চয়-কৃ, স্পষ্টদর্শী, দেখা, স্থির-কৃ, প্রকাশ-কৃ, দৃশ (ঞি), প্রচার-কৃ, ব্যক্ত-কৃ, পরাভূত-কৃ, আক্রমিত-কৃ, বশীভূত-কৃ, বশে-আনী, অধীন-কৃ, আজ্ঞাবহ-কৃ।

To **Evince**, *v. n.* প্রমাণ-হ, সাভ্যস্ত-হ।

Evincible, *a.* নিশ্চয়করণযোগ্য, প্রমাণকরণোপযুক্ত, সাবুদহইতে ক্ষম বা তদ্যোগ্য যে, প্রামাণ্য, নিশ্চেয়, দৃশ্য।

Evincibly, *ad.* প্রামাণ্যরূপ, নিশ্চয়ত্বরূপ, সাবুদ করিয়া প্রামাণ্য প্রত্যয় বা নিশ্চয় হয় যে প্রকারে বা তদনুসার।

To **Evirate**, *v. a.* Lat. পুংস্ত্বনাশ-কৃ, পুরুষত্ববর্জিত-কৃ, খোজা-কৃ, খাশী-কৃ।

Eviration, *n. s.* পুংস্ত্বনাশ, পুরুষত্বনাশ, খোজা নামর্দ বা অঙ্গচ্ছেদকরণ বা তদবস্থা, মুষ্কচ্ছেদকরণ, নপুংসককরণ।

To **Eviscerate**, *v. a.* Lat. নাড়ীভুঁড়ি-বাহির-কৃ বা নির্গত-কৃ, পেট চিরিয়া অন্তরস্থিত নাড়ী ইত্যাদি পরিষ্কার করিয়া-ফেল বহিষ্কৃ, নির্গত-কৃ, আকর্ষণ-কৃ, পেটের ভিতর নাড়ীভুঁড়ি উঠকাইয়া-দৃশ্ বা অনুসন্ধান-কৃ, খোঁজ, তল্লাস-কৃ।

Evitable, *a.* Lat. পরিহার্য্য, পরিহরণযোগ্য, বর্জনীয়, পরিবর্জনোপযুক্ত, ত্যাগকরণোপযুক্ত, রক্ষাপ্রাপণীয়, পলাইবার উপযুক্ত, নিবার্য্য, নিবারণীয়।

To **Evitate**, *v. a.* Lat. ত্যাগ-কৃ, দূর-কৃ, বর্জন-কৃ, পরিবর্জন-কৃ, পলায়ন-কৃ, পলাইয়া বাঁচ রক্ষা-প্রাপ নিবারণ-কৃ, আগামি বিপদহইতে রক্ষা-পা।

Evitation, *n. s.* ত্যাগ, ত্যাগকরণ, দূরকরণ, পরিবর্জন।

Digitized by Google

To **Evite**, *v. a.* ত্যাগ-কৃ, দূর-কৃ, পরিহার-কৃ।
Eviternal, *a.* Lat. বহু বা নিশ্চিত কালব্যাপক বা স্থায়ী।
Eviternity, *n. s.* বহু কাল, অনিশ্চিত দীর্ঘকাল।
Eulogical, *a.* প্রশংসনীয়, প্রশংসাময়, অনুরাগবিশিষ্ট, স্তব বা গুণ কথনীয় বা তদ্বিশিষ্ট।
Eulogically, *ad.* প্রশংসাপূর্ব্বক, স্তবপূর্ব্বক, গুণকথনপূর্ব্বক, কীর্ত্তি যশ বা গুণ গায়নরূপে।
To **Eulogize**, *v. a.* প্রশংসা-কৃ, অনুরাগ-বাদ, স্তব-কৃ, স্তুতি-কৃ।
Eulogy, *n. s.* Gr. প্রশংসা, স্তব, গুণকথন, গুণবাদন, স্তুতি, প্রশংসা, স্তোত্র, শ্লাঘা, মৃত ব্যক্তির প্রশংসা, তারিফ।
Eunuch, *n. s.* Gr. খোজা, ক্লীব, মুষ্কচ্ছেদন হইয়াছে যাহার, হিজড়া, নপুংসক, ষণ্ড, মুষ্কশূন্য, পণ্ড।
To **Eunuch**, *v. a.* খোজা-কৃ, ক্লীব-কৃ, মুষ্কচ্ছেদ-কৃ, খাশী-কৃ।
To **Eunuchate**, *v. a.* খোজা-কৃ, ক্লীব-কৃ, নপুংসক-কৃ, মুষ্কচ্ছেদন-কৃ।
Eunuchism, *n. s.* ক্লীবত্ব, নপুংসকত্ব, খোজার অবস্থা বা ধর্ম্ম।
To **Evocate**, *v. a.* ডাক, ডাকিয়া-বচ, আহ্বান-কৃ, ডাকিয়া-কথ, তলব-কৃ।
Evocation, *n. s.* Lat. ডাকন, আহ্বানকরণ, তলব, ডাকিয়া বলন বা কথন।
To **Evoke**, *v. a.* Lat. ডাক, আহ্বান-কৃ, তলব-কৃ, ডাকিয়া-কথ বা -বচ।
Evolation, *n. s.* Lat. উড়িয়া যাওন, উড়িয়া বা পলায়নকরণ, শূন্যমার্গে গমন।
To **Evolve**, *v. a.* Lat. খুল, আদুল-কৃ, অনাবৃত-কৃ, খোলাসা-কৃ, মুক্ত-কৃ, আলিয়া-দা।
To **Evolve**, *v. n.* খুল, খুলিয়া-যা, অনাবৃত-হ, আদুল-হ।
Evolution, *n. s.* Lat. এলাইয়া ফেলন, খুলিয়াফেলন, খোলা দ্রব্যসমূহ বা তৎশ্রেণী অনাবৃতকরণ, আলিয়া দেওন।
Evomition, *n. s.* Lat. বমন, উদ্গিরণ, বমনকরণ, উদ্গার করিয়া ফেলন।
Euonymus, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।
Eupathy, *n. s.* Gr. যথার্থভাব বোধ বা সংস্কার।
Eupatory, *n. s.* বৃক্ষবিশেষ।
Euphemism, *n. s.* Gr. অলঙ্কার শাস্ত্রে বাক্য কথন, ঘৃণাজনক বা দুর্ব্বাক্য বা অনুপকারক ভাষাদ্বারা কথন।
Euphonical, *a.* উপযুক্ত বা যোগ্যরূপে ধ্বনিকারী, সুশ্রাব্য।
Euphony, *n. s.* সুশ্রাব্য শব্দ বা সুর, সুস্বর, অকটুত্ব, অকর্কশত্ব।
Euphorbium, *n. s.* Lat. বৃক্ষবিশেষ, একপ্রকার ঔষধীয় ধুনা বা বা গোঁদ, আটা দ্রব্যবিশেষ।
Euphrasy, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।
Euripus, *n. s.* Lat. খাড়ি, সমুদ্রের মুখ।
Euroclydon, *n. s.* উত্তরপূর্ব্বীয় বায়ু বা ঝড়।
European, *a.* Lat. ইউরোপীয়, ইউরোপদেশীয়, ইউরোপ দেশজ বা তদ্দেশসম্বন্ধীয়।
Eurus, *n. s.* Lat. পূর্ব্বীয়বায়ু, পূর্ব্বের বাতাস, পূর্ব্বদিকস্থ বায়ু।
Eurythmy, *n. s.* মিল, ঐক্য, সুশ্রাব্য বা মেল মাফিক, সুর বা গীতের পরিমাণ।
Eustyle, *n. s.* Gr. গৃহ নির্ম্মাণ শাস্ত্রে থাম বা স্তম্ভ গুম্ফনের রীতি বিশেষ, তাহার পরিমাণ বা ভাব।
Euthanasia বা **Euthanasy**, *n. s.* সহজ মৃত্যু, অনায়াস মৃত্যু।
Eutychian, *n. s.* নাস্তিকবিশেষ, যিশুখ্রীষ্টের গুণদ্বয় বা ধর্ম্ম মানে না যাহারা।
Eutychian, *a.* পূর্ব্বোক্ত নাস্তিকসূচক বা তৎসম্বন্ধীয়।
To **Evulgate**, *v. a.* Lat. প্রকাশ-কৃ, প্রচার-কৃ, ব্যক্ত-কৃ, দেশেং ব্যাপন-কৃ বা বিস্তীর্ণ-কৃ।
Evulgation, *n. s.* প্রকাশকরণ, প্রচারকরণ, ব্যক্তকরণ।
Evulsion, *n. s.* Lat. উৎপাটন উৎপাটনকরণ, উপড়ান।
Ewe, *n. s.* Sax. ভেড়ী, মেষী, মেড়ী, মাদী মেষ।
Ewer, *n. s.* জলপাত্র, গাড়ুবিশেষ, হস্তপাদাদি ধৌত করণের জল থাকে যে পাত্রে, আপ্তাবা।
Ewry, *n. s.* রাজগৃহে পরিচারকবিশেষ, বস্ত্রাদির খবরদারি করে যে।
Ex, লাটিন ভাষায় অব্যয় পদবিশেষ, যৌগিক শব্দের আদ্যে ব্যবহার হয়।
To **Exacerbate**, *v. a.* Lat. তিক্ত-কৃ, তিতা-কৃ, ত্যক্ত-কৃ, বিরক্ত-কৃ, দেক-কৃ।
Exacerbation, *n. s.* প্রাদুর্ভাব, কাঠিন্য বা শক্তির বৃদ্ধি, পীড়ার প্রাদুর্ভাব বা বৃদ্ধি, পীড়ার উপসর্গ, বা উপদ্রোহ উল্বন, রোগের বৃদ্ধি।
Exacervation, *n. s.* Lat. স্তূপকরণ, রাশীকরণ, ঢেরিকরণ।
Exact, *a.* Lat. পরিপাটী, সুন্দর, উত্তম, সূক্ষ্ম, ঠিক, যথার্থ, অবৈলক্ষণ্য, নিয়ম বা রীতিস্বরূপ, যথার্থহইতে অবহির্ভূত, নিয়ম বিশিষ্ট, দাঁড়ামাফিক, হুবহু, মনোযোগপূর্ব্বক কৃত বা নিষ্পন্ন, খবরদার, সতর্ক, বিবেচক, আলস্যবর্জিত, শুদ্ধ, নিষ্ঠা, পূর্ণ, প্রকৃত, শুদ্ধ, ঠিকঠাক, বরাবর।
To **Exact**, *v. a.* Lat. দাওয়া-কৃ, তলব-কৃ, ক্ষমতা প্রভুত্ব বা অধিকার পুরঃসরে চাহ বা মাঙ্গ, হক তলব-কৃ, আহ্বান-কৃ, অনুজ্ঞা-কৃ, আজ্ঞা-কৃ, বেগার-ধৃ বা-নী।
To **Exact**, *v. n.* শিক্ষাদাতা-হ, জোর করিয়া বা বলাৎকারে গ্রহীতা-হ, শোষ, নিংড়াইয়া গৃহীত-হ।
Exacter, *n. s.* জোর করে যে, শোষিয়া লয় যে, যথার্থাতিরিক্ত চাহে যে, হক বহির্ভূত হইয়া দাওয়া করে যে, ক্ষমতা বা অধিকার পুরঃসরে দাওয়া করে বা চাহে যে, শক্তাই করে যে, কর্ম্মে বা হুকুমে শক্তাই আছে যাহার, উপরচাপকারক।
Exaction, *n. s.* দাওয়াকরণ, দাবীকরণ, অধিকার, ক্ষমতা বা শক্তি পুরঃসরে মাঙ্গন বা তলবকরণ, বেগারধরণ বা লওন, দৌরাত্ম্যকরণ, জোরকরণ, অধিকলওন, অযথার্থ দাওয়া বা যাচ্ঞা, অপহ্নববিশেষ, জোর করিয়া বা কাড়িয়া লওয়া যায় যে কর বা রাজস্ব, জবরদস্তিতে লওন।
Exactitude, *n. s.* ঠিক, নিশ্চয়ত্ব সূক্ষ্মত্ব, পারিপাট্য, সৌন্দর্য্য, প্রকৃততা, সটীকতা।
Exactly, *ad.* ঠিকরূপে, যথার্থরূপে, পারিপাট্য বা উপযুক্তরূপে, সূক্ষ্মরূপে, সৌন্দর্য্যরূপে, সমুদায়রূপে, পরিপূর্ণরূপে, প্রকৃতরূপে, ঠিকঠাক।
Exactness, *n. s.* ঠিক, যাথার্থ্য, পারিপাট্য, সূক্ষ্মতা, সৌন্দর্য্য, নিশ্চয়তা, নিয়মবিশিষ্টতা, স্থিরতা, নিয়ম বা রীতির অবৈলক্ষণ্য, সমানত্ব, যাথার্থ্য, ব্যবহার বা রীতির নিষ্কর্ষত্ব, ধারা বা নিয়ম চলন বা আচরণের নিশ্চয়তা বা স্থৈর্য্য, সাবধানতা, নিয়মবহির্ভূত না হয় এতাবৎ মন বা চেষ্টা, হুশিআরি, চৌকশী, প্রকৃততা, যথার্থতা, উপযুক্ততা, ঠিকঠাক।
Exactor, *n. s.* *Exacter* শব্দবৎ অর্থ জানিবেন।
Exactress, *n. s.* পূর্ব্বোক্ত শব্দের স্ত্রীলিঙ্গবাচক।
To **Exacuate**, *v. a.* Lat. তীক্ষ্ণ-কৃ, ধার-কৃ, তেজ-কৃ, চোকা (ক্রি)।
Exacuation, *n. s.* তীক্ষ্ণকরণ, ধার বা তেজকরণ, চোকান।
To **Exaggerate**, *v. a.* Lat. রাশি-কৃ, স্তূপ-কৃ, ঢেরী-কৃ, বৃদ্ধি-কৃ,

Digitized by Google

জমা-কৃ বিস্তারণ বা বর্ণনদ্বারা বৃদ্ধি-কৃ, বড়-কৃ, দীর্ঘ-কৃ, বাড়িয়া -বল, উপরচাপ-দা।

Exaggeration, *n. s.* রাশীকরণ, স্তূপকরণ, বাড়ান, জমাকরণ, রাশি ঢেরী, উপরচাপ, বাড়িয়াবলা, অত্যুক্তিবাদনপূর্ব্বক বর্ণনাদ্বারা বাহুল্যকরণ।

Exaggeratory, *a.* বাহুল্যকারী, অপরিমিত বা অত্যুক্তিবাদনদ্বারা বর্ণনা কথন বা বৃদ্ধিকারী।

To **Exagitate**, *v. a.* Lat. আলোড়, লাড়, হিল (ক্রি), হিলা দোল (ক্রি), অস্থির-কৃ, গতিশীল-কৃ, তৎর্সনা-কৃ, লজ্জা-দা, কটু-বদ, অভিশাপ-দা, গালি-দা, মন্দ-বচ।

Exagitation, *n. s.* আলোড়ন, লাড়ন, হেলান, দোলান, অস্থির করণ, চঞ্চলকরণ।

To **Exalt**, *v. a.* Fr. উন্নত-কৃ, বৃদ্ধি-কৃ, উচ্চ-কৃ, বর্দ্ধিষ্ণু-কৃ, উচ্চপদাভিষিক্ত-কৃ, বিষয়প্রাপ্ত-কৃ, বড়-কৃ, প্রধান-কৃ, ঐশ্বর্য্যবান-কৃ, মর্য্যাদাবন্ত-কৃ, প্রত্যয়ী-কৃ, প্রশংসা-কৃ, অনুরাগার্হ-কৃ, সরফরাজ -কৃ, শোশামোদ-কৃ, বাড় (ক্রি), অগ্নি বা শোধনদ্বারা শুদ্ধ বা নির্ম্মল-কৃ।

Exaltation, *n. s.* উচ্চকরণ, বড়করণ, উন্নতকরণ, প্রধান বা শ্রেষ্ঠ করণ বর্দ্ধিষ্ণুকরণ, ক্ষমতা মর্য্যাদা বা উন্নতি প্রাপ্তিকরণ, উচ্চত্ব প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, মহত্ত্ব, বর্দ্ধিষ্ণুতা, মর্য্যাদা, সমুন্নতি, সরফরাজী, হুরমত, ঔষধের গুণ বা শক্তি বৃদ্ধিকরণ, শোধন, শুদ্ধকরণ, কোন দ্রব্যের ধাতু স্বভাব বা ধর্ম্ম শোধনদ্বারা সারণ বা শুদ্ধকরণ, নক্ষত্রের অবস্থা বা গতি যদ্দ্বারা তচ্ছক্তি বা তৎক্ষমতার বৃদ্ধি হয়।

Exaltedness, *n. s.* প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, উচ্চতা, মর্য্যাদা বা সম্ভ্রমের উচ্চতা বর্দ্ধিষ্ণুতা, ভূমাত্মক উচ্চতা বা প্রাধান্য।

Exalter, *n. s.* বৃদ্ধিকারক, উচ্চ করে যে, বাড়ায় যে, বর্দ্ধিষ্ণুকর্ত্তা, প্রশংসাকারক, স্তবপাঠক, স্তুতিপাঠক।

Examen, *n. s.* Lat. পরীক্ষা, বিচার, তত্ত্ব, জিজ্ঞাসাপড়া, ইমতেহান, মহলা, আলোচনা, বিবেচনা, তর্ক, তজবীজ।

Examinable, *a.* পরীক্ষণীয়, তত্ত্ব লইবার যোগ্য, আলোচনা বা অনুসন্ধান করণোপযুক্ত।

Examinant, *n. s.* পরীক্ষা হইবেক যাহার বা করিতে হইবেক যে ব্যক্তির।

Examinate, *n. s.* পরীক্ষিত ব্যক্তি, আলোচিত, জিজ্ঞাসিত, তত্ত্বকৃত, যাচিত, ইমতেহান হইয়াছে যে ব্যক্তির।

Examination, *n. s.* আলোচনা, যাচন, পরীক্ষা, তত্ত্ব, জিজ্ঞাসাপড়া, প্রশ্নোত্তরক্রমে পরীক্ষা, ইমতেহান, মহলা, তজবীজ, বিচার, বিবেচনা, তর্ক, মহলা।

Examinator, *n. s.* পরীক্ষক, বিচারক, তজবীজকর্ত্তা।

To **Examine**, *v. a.* Lat. প্রশ্নদ্বারা জিজ্ঞাসা বা পরীক্ষা-কৃ, সাক্ষির তজবীজ বা মহলা বা ইমতেহান-কৃ, প্রশ্ন-কৃ, জিজ্ঞাসা-কৃ, সওয়াল-কৃ, সন্দেহ-কৃ, সোবে-কৃ, কোন বিষয় বা প্রশ্নের সত্য মিথ্যা -জ্ঞা বা তজবীজ-কৃ, পরীক্ষাদ্বারা আজমাইশ-কৃ বা পরখ (ক্রি), কষ, তল্লাস-কৃ, খোঁজ-কৃ, অনুসন্ধান-কৃ বা-নী, বিবেচনা-কৃ, ইমতেহান-ল।

Examiner, *n. s.* পরীক্ষক, তজবীজকারক, তজবীজকর্ত্তা, বিচারক, বিবেচক, ফৌজদারী আদালতে সাক্ষির বিবেচনা করে যে, যাচে যে, মহলা লয় যে, ইমতেহান লয় যে বিবেচক।

Examplary, *a.* দৃষ্টান্তবৎ, দৃষ্টান্তন্যায়, নিদর্শনজনক বা কারক, দৃষ্টান্তস্থল বা তৎসম্পাদন হয় যাহাতে বা যদ্দ্বারা, উপমাযোগ্য।

Example, *n. s.* Lat. নমুনা, উপমা, দৃষ্টান্ত, তুলনা, নিদর্শন, প্রমাণ আদর্শ, দৃষ্টান্তস্থল, অন্যের শাসনের বা জ্ঞানের নিমিত্তে দণ্ড্য হইয়াছে যে ব্যক্তি।

To **Example**, *v. a.* দৃষ্টান্ত-দা, উপমা-দা, তুলনা-দা, দৃষ্টান্ত-কৃ।

Exampler, *n. s.* নমুনা, দৃষ্টান্ত, নিদর্শন।

Exampleless, *a.* নির্দৃষ্টান্ত, নিরুপম, অনুপম, দৃষ্টান্ত বাতুল্য নাই যাহার বা যাহাতে।

Exanguious, *a.* Lat. নীরক্ত, নিঃশক্তিক, নির্জ্জীব।

To **Exanimate**, *v. a.* Lat. ক্লেশ-দা, উৎপাত-কৃ, আপদ্‌গ্রস্ত-কৃ, আশ্চর্য্যান্বিত-কৃ, ঘবর (ক্রি), নিরাশ-কৃ, মনোভঙ্গ-কৃ, ভয় দৃশ (ক্রি), মনঃক্ষুণ্ণ-কৃ, অভরসান্বিত-কৃ- নির্জ্জীব-কৃ, অপ্রমাণ-কৃ, অজীবন-কৃ, প্রাণহীন-কৃ, প্রাণ-হন।

Exanimate, *a.* নির্জ্জীব, প্রাণহীন, মৃত, মরা, অজীব, ঔৎসুক্যরহিত, ক্ষুণ্ণ, ক্ষুব্ধ, মনমরা।

Exanimation, *n. s.* প্রাণহত্যা, প্রাণহীণকরণ, প্রাণহত্যাকরণ, চমকান, আশ্চর্য্যান্বিতকরণ, ঘবরাণ, ভ্যাবরাণ, মনঃক্ষুণ্ণকরণ বা হওন, মনোভঙ্গকরণ, ভয়দর্শান, অনুৎসুককরণ।

Exanimous, *a.* Lat. অপ্রাণ, প্রাণরহিত, নির্জ্জীব, জীবরহিত, অজীব, মড়া, মরা, মৃত, হত, খুনকৃত, হিংসিত।

Exanthemata, *n. s.* Gr. স্ফোটক, কণ্ডূ।

Exanthematous, *a.* স্ফোটকী, স্ফোটকবান্, স্ফোটকবিশিষ্ট, কণ্ডূবিশিষ্ট, ক্ষত করে যে।

To **Exantlate**, *v. a.* Lat. বহিষ্কৃ, আকর্ষণ-কৃ, ক্ষয়-কৃ, খরচ-কৃ, শেষ-কৃ, নাশ-কৃ, বাহির-কৃ।

Exantlation, *n. s.* বহিষ্করণ, ক্ষয়করণ, শেষকরণ, নাশকরণ, খরচকরণ।

Exaration, *n. s.* Lat. লিখন, হস্তদ্বারা অঙ্কিতকরণ।

Exarch, *n. s.* Gr. সুবেদার, নবাব, দেশাধ্যক্ষ।

Exarchate, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ বা কর্ম্ম বা সম্ভ্রম।

Exarticulation, *n. s.* Lat. গ্রন্থিচ্যুতহওন বা করণ, হাড়সরণ, হাড়লড়ন।

To **Exasperate**, *v. a.* Lat. ক্রোধ-কৃ (ক্রি), ক্রোধ-জন(ক্রি), উষ্মান্বিত-কৃ, রাগিত-কৃ, ত্যক্ত-কৃ, রুষ্ট-কৃ, কুপিত-কৃ, দেক-কৃ, বিরক্ত -কৃ, চিড় (ক্রি), রোষা, চিড়া, খিজল (ক্রি), দ্বেষ বা রাগ বা খলতার বৃদ্ধি-কৃ, বিরুদ্ধতার বৃদ্ধি বা উচ্চতা-কৃ।

Exasperate, *a.* ত্যক্ত, রুষ্ট, ক্রুদ্ধ, কুপিত, ক্রোধান্বিত, কোপান্বিত, ত্যক্ত, বিরক্ত।

Exasperater, *n. s.* রুষ্টকারী, ত্যক্তকারী, রাগাপন্ন করে যে, খেপায় যে, চিড়ায় যে।

Exasperation, *n. s.* উত্ত্যক্তকরণ বা বিরক্তকরণ, রাগান্বিতকরণ, খাপাকরণ, মন্দের বৃদ্ধিকরণ, অধিক বিরুদ্ধকরণ, নিন্দাকরণ, মন্দ বা বিরুদ্ধভাবে কথন বা জ্ঞাপন, ত্যক্ততা, বৈরক্তি, দিক, চিড় চিড়।

***To* Falsify**, *v. a.* Fr. কৃত্রিম-কৃ, নকল-কৃ, মিথ্যা-কৃ, বদ্-কৃ, জাল-কৃ, মিথ্যা প্রমাণ-কৃ, অযথার্থ বা ঝুটা সাবুদ-কৃ, নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ, মিথ্যা বা অসত্যাচরণদ্বারা প্রমাণ-কৃ, প্রবিষ্ট-কৃ, অন্তরে পশ বা গম, পারাবার-হ।

***To* Falsify**, *v. n.* মিথ্যা-কথ, অসত্য-বচ।

Falsity, *n. s.* Lat. মিথ্যাবাদন, মিথ্যাকথা বা বাক্য, অসত্যতা, অযথার্থ, মিথ্যা, ভ্রম, চুক।

***To* Falter**, *v. n.* Icelandick. তোতলা-হ, থতমত-খাদ, অস্পষ্ট বা কষ্টবাদী-হ, শারীরিক কোন কর্ম্ম চ্যুত বা অপারক-হ, ভ্রমী-হ, ভ্রমাত্মক-হ, ভুল।

Digitized by Google

To Falter, *v. a.* ঝাড়, পরিষ্কার-কৃ, সাপ-কৃ।

Faltering, *n. s.* ক্ষীণতা, ন্যূনতা, অল্পতা।

Falteringly, *ad.* তোতলামিরূপে, দ্বিধারূপে, সন্দেহরূপে, কষ্টতা পূর্ব্বক, ক্ষীণতারূপে।

To Famble, *v. a.* Danish. তোতলামি-কৃ, থাকিয়া ভাবিয়া বা সন্দেহপূর্ব্বক-কথ বা বাক্য-কথ।

Fame, *n. s.* Lat. খ্যাতি, নাম, সুখ্যাতি, প্রতিষ্ঠা, প্রশংসা, কীর্ত্তি যশঃ, গপ্প, লোকবাদ, জনরব, কথার সঞ্চার, রটনা সৌরভ।

To Fame, *v. a.* খ্যাত্যাপন্ন-কৃ, প্রখ্যাত-কৃ, প্রতিষ্ঠিত-কৃ, কীর্ত্তিপ্রকাশ-কৃ, জনরব-কৃ, রটনা-কৃ।

Famed, *part. a.* প্রসিদ্ধ, কীর্ত্তিমান, যশস্বী, প্রশংসিত, খ্যাত্যাপন্ন, প্রতিষ্ঠিত, নামজাদা, জনরবান্বিত, সাধারণের বা বিস্তাররূপে কথিত বা প্রসঙ্গিত হইয়াছে যে।

Fameless, *a.* কীর্ত্তি নাই যাহার, অপ্রসিদ্ধ, খ্যাতি নাম বা প্রতিষ্ঠা নাই যাহার, প্রতিষ্ঠারহিত, যশোহীন।

Familiar, *a.* Lat. ঘরপোষা, পরিবারসম্বন্ধীয় বা তদন্তর্গত, আলাপনীয়, মৃদু, সুশীল, কোমল, মিতাচারী, প্রণয়ী, অনুগত, কথোপকথনে বা আলাপে নির্ভয়, নিঃসাধ্বস, সহজ, অলৌকিক, স্বাভাবিক, মৌখিক, শিষ্টাচারবর্জ্জিত, খোলা, নির্ম্মল, অকপট, পরিচিত, জ্ঞাত, বিশিষ্টরূপে পরিচিত আলাপিত বা জ্ঞাত, অভ্যস্ত, সাধারণ, সামান্য, নিত্য, সতত, অকষ্টে বা অনায়াসে সাধ্য, লব্ধ, অনাটক, সখা, অতিনিকট সর্ব্বদা সহবাস আলাপ বা ব্যবহার আছে বা করা যায় যাহার সহিত, নৈকট্য ভাব আছে যাহার সহিত, বন্ধুবৎ, মিত্রবৎ।

Familiar, *n. s.* সুহৃদ, বন্ধু, সখা, বহুকালের পরিচিত জ্ঞাত বা আলাপিত ব্যক্তি, দৈত্য বা ভূত।

Familiarity, *n. s.* সহজ আলাপ, স্বচ্ছন্দ আলাপ, অনায়াসে আলাপ, নিঃসাধ্বসে বা নির্ভয়ে আলাপ বা আনুগত্য ব্যবহার বা ভাব, সৌহার্দ, প্রণয়, নৈকট্য ভাব, প্রকৃষ্টরূপে পরিচয় বা জ্ঞান জানিব, আনুগত্য, সখ্য, বন্ধুত্ব, সদ্ভাব, স্বীয়তা।

To Familiarize, *v. a.* সহজ-কৃ, সুহৃদ-কৃ, সর্ব্বদা আচার ব্যবহার বা প্রণয়, সহবাসদ্বারা সৌহৃদ্য-জন্মা, সখ্য-কৃ, পরিচয়-কৃ, ভাব-কৃ, সৌহার্দ্য-কৃ, সামান্য-কৃ, অনায়াসসাধ্য-কৃ, অনাটক-কৃ, মৃদু-কৃ, কোমল-কৃ, দূরস্থ প্রাধান্য বা শ্রেষ্ঠত্বহইতে নিম্ন-কৃ বা নিকট-কৃ।

Familiarly, *ad.* মৌখিক আলাপ বা শিষ্টাচাররাহিত্যপূর্ব্বক, সখ্যভাবে, বন্ধুত্বরূপে, পরিচয় বা ভাবপূর্ব্বক, আলাপ বা সৌহার্দ্যপূর্ব্বক, খোলাসারূপে, মুক্তিপূর্ব্বক, সাধারণরূপে, সামান্যরূপে, সর্ব্বদা, সতত, নিয়ত, সহজে, অনায়াসে, ব্যবহাররাহিত্যপূর্ব্বক।

Familism, *n. s.* ইলাইজা বেথ রাজ্ঞীর রাজ্যে কোন ভ্রান্ত জাতির ধর্ম্মের মত বিশেষ, *Family of love*, সংজ্ঞায় প্রখ্যাত।

Familist, *n. s.* Family of love, সংজ্ঞক জাতি বা ধর্ম্মের মতাবলম্বী, কর্ত্তা, কোন বংশ কুল বা জাতির প্রধান বা কর্ত্তা।

Famille, Fr. সাংসারিক মতে, পরিবারসম্বন্ধীয়ত্বপূর্ব্বক।

Family, *n. s.* Lat. এক বাটীতে থাকে বা বাস করে যাহারা, পরিবার, স্ত্রী পুত্র কন্যাদি, পরিজন, সন্তান সন্ততি, কুল, বংশ, গোত্র, জাতি, ঝাড়, গোষ্ঠী, জ্ঞাতি, দায়াদ, সপিণ্ডজ, জ্ঞাতি, গোত্রজ, বংশাবলী, পরিবার, দাস দাসী।

Famine, *n. s.* Fr. দুর্ভিক্ষ, মন্বন্তর, গেরাণি, আকাল, আহারদ্রব্যাভাব, মহার্ঘ্য, দুর্মূল্য।

To Famish, *v. a.* Lat. ক্ষুধায়-মার, অনাহারে-মার, অন্নাভাবে হত-কৃ, উপবাস-কৃ, অনশন-কৃ, নিরন্ন-কৃ, অন্নাভাব-কৃ, শুকিয়া-মার।

To Famish, *v. n.* ক্ষুধায়-মৃ, অনাহারে-মৃ, অন্নাভাবে-মৃ, ক্ষুধায় অত্যন্ত ক্লেশ-প্রাপ বা দুঃখী-হ।

Famishment, *n. s.* অনাহার, অন্নাভাব, নিরন্ন।

Famosity, *n. s.* প্রতিষ্ঠা, যশঃ, নাম, খ্যাতি।

Famous, *a.* Lat. খ্যাত, সুখ্যাত, সুখ্যাতিশালী, প্রতিষ্ঠিত, প্রতিষ্ঠালব্ধ, অনুরাগবিশিষ্ট, যশস্বী, কীর্ত্তিমান, নামজাদা, নামলব্ধ, বহুজনের কথিত যে, কথনং ইহার অর্থ মশহুর বা প্রসিদ্ধ বুঝায়।

Famoused, *a.* খ্যাত্যাপন্ন, বিস্তাররূপে, প্রখ্যাত।

Famously, *ad.* বড় যশপূর্ব্বক, বহুকীর্ত্তি খ্যাতি বা যশী করিয়া বা হইয়া খ্যাতিপূর্ব্বক, নাম বা অনুরাগপূর্ব্বক, মশহুর বা প্রসিদ্ধরূপে।

Famousness, *n. s.* খ্যাতি, খ্যাত্যাপন্নত্ব, কীর্ত্তিমত্ত্ব, প্রতিষ্ঠা, নামলব্ধতা, প্রতিষ্ঠান্বিতত্ব, বড় কীর্ত্তি যশ বা নাম।

To Famulate, *v. n.* Lat. দাস-হ, সেবাতি-হ, চাকর-হ, উপকারী-হ, সহায়-হ।

Fan, *n. s.* Lat. পাখা, ব্যজন, আড়ানি, বায়ু ব্যজন হয় যদ্দ্বারা, স্ত্রীলোকের ব্যবহৃত পাখার ন্যায় বিস্তৃত হয় যে দ্রব্য, কুলা, শূর্প, শস্য ঝাড়া যায় যাহাতে, অগ্নিবর্দ্ধক বা প্রজ্বলকারি অস্ত্রবিশেষ।

To Fan, *v. a.* পাখা-কৃ, পাখা ব্যজন-কৃ, পাখার বাতাসদ্বারা ঠাণ্ডা বা নরম-কৃ, বায়ু নির্গত-কৃ, বাতাস-কৃ, বাতাস-দা, বায়ুদ্বারা গতি-করা, ঝাড়, ঝাড়িয়া -ফেল, উড়াইয়া-দা, বাতাস দিয়া উঠাইয়া-দা, শস্য-ঝাড়।

Fanatical, *a.* Lat. আশ্রম পাগলা, গোঁড়া, কোন বিষয়ে অনর্থক বা অসম্ভব অভিপ্রায় বা প্রত্যাশাকারী, চঞ্চল, অস্থির, অসারপ্রাণী, ক্ষপণক, উন্মত্ত, ভ্রান্ত, পাগল।

Fanatically, *ad.* উন্মত্ততারূপে, অনর্থকতারূপে, চাঞ্চল্যপূর্ব্বক, অস্থৈর্য্যরূপে, পাগলামিপূর্ব্বক, গোড়ামিপূর্ব্বক।

Fanaticalness, *n. s.* ধর্ম্মবিষয়ে ভ্রান্তি উন্মত্ততা বা পাগলামি বা বাউ, গোঁড়ামী।

Fanaticism, *n. s.* অসম্ভব বা অনর্থক প্রত্যাশা অভিপ্রায় বা ক্ষিপ্ততা, ধর্ম্ম শাস্ত্রবিষয়ে ভ্রান্তি বা উন্মত্ততা, গোঁড়ামী।

Fanatick, *a.* কোন বিষয়ে অসম্ভব প্রত্যাশাকারী, ভ্রান্ত বা উন্মত্ত, গোঁড়া, ধর্ম্ম বিষয়ে ব্যগ্র।

Fanatick, *n. s.* অনুরাগী বা গোঁড়া ব্যক্তি, ধর্ম্ম বিষয়ে ভ্রান্তি প্রযুক্ত জ্ঞানভ্রষ্ট বা উন্মত্ত ব্যক্তি।

Fanciful, *a.* কল্পনীয়, মনে উদিত বা কল্পিত, মনউৎপাদিত, মানসিক, মনে উদয় হইয়াছে যাহা মনোরথ।

Fancifully, *ad.* কল্পনাপূর্ব্বক, মনের উদয়ানুসারে, মানসিকত্বরূপে, কল্পিতত্বরূপে, মনোরথ করিয়া বা তৎপূর্ব্বক।

Fancifulness, *n. s.* মনসুবা, মনোরথ, মনে উদিত, অভিলষিত ব্যাপারে, সুখানুভব।

Fancy, *n. s.* Gr. খেয়াল, অনুভব, মানস, ধ্যান, মনের আটকল, অনুমান, কল্পনা, অনুরোধ, মত, মনোভিপ্রায় ইচ্ছা অভিলাষ বা ঞ্ছা, পছন্দরূপ মূর্ত্তি, অবধান, বুঝন, উপলব্ধি, জ্ঞান, অভিপ্রায় মতলব, প্রেম, অনুরাগ, মেজাজ, ভাব, মনস্কামনা মনোরথ, চিন্তা, ধোকা মিথ্যা ভাবনা বা সংস্কার আখুট, মানসিক সুখজনক বস্তু।

To Fancy, *v. n.* অনুভব-কৃ, আন্দাজ-কৃ, আটকল-কৃ, মানসিক সংস্কার-হ, খেয়াল-কৃ।

Digitized by Google

To Fancy, *v. a.* মনোভ্রান্ত-কৃ, মনোভ্রম-কৃ, আন্দাজ-কৃ, আটকল-কৃ, মনে কল্পনা-কৃ, পছন্দ-কৃ, তুষ্ট-কৃ, মনোভিলষিত-কৃ, বাঞ্ছা-কৃ।

Fancyframed, *a.* মানসিক, মনউদ্ভব, অনুমানকৃত, মনে কল্পিত, আনুমানিক, মনে উদিত, মনোগত, মনোরথ।

Fancyfree, *a.* নির্ম্মোহ, মোহশূন্য, মনে উদয় হয় না যাহা, অকল্পিত, অমানসিক।

Fancymonger, *n. s.* মনোরথ সিদ্ধকারী, মনে রাজ্য করে যে, শিকচিন্নী, খেয়ালে ফিরে যে।

Fancysick, *a.* মনে পীড়িত, মনই রোগ যাহার, চিন্তিত।

Fand *for found*, শব্দের পরিবর্ত্তিত জানিবা।

Fandango, *n. s.* Span. নৃত্যবিশেষ।

Fane, *n. s.* Fr. দেবালয়, মঠ, মন্দির, ধর্ম্মশালা।

Fanfare, *n. s.* Fr. তূরীর শব্দ বা বাদ্যবিশেষ।

Fanfaron, *n. s.* Fr. গর্ব্বী, দেমাকী, অহঙ্কারী, জাঁকওয়ালা, মুখ সর্ব্বস্ব, মিথ্যাজাঁক করে যে, মিথ্যা মালশাট মারে বা বড়াই করে যে।

Fanfaronade, *n. s.* বড়াই, মালশাট, অহঙ্কার, আস্ফর্দ্ধা।

To Fang, *v. a.* Sax. ধৃ, ছোবল-মার, দংশ, দন্ত ফুটা, দন্তাঘাত-কৃ, কামড়া, থাবা-মার, মুটো-কৃ, থাবার মধ্যে আনী, দন্তদ্বারা আকর্ষণ-কৃ।

Fang, *n. s.* দন্ত, বরাহ বা অন্য কোন জন্তুর দন্ত. যদ্দ্বারা মুখে আকর্ষণ করে বা হয়, নখ, থাবা, পাঞ্জা, সর্পের বিষদন্ত, বিষদন্ত।

Fanged, *a.* দন্তবিশিষ্ট. দীর্ঘ দন্ত আছে যাহার, নখী, দংষ্ট্রী, দন্তী।

Fangle, *n. s.* Sax. সামান্য চেষ্টা বা ফিকির, তুচ্ছ প্রকরণ কল্পনা বা মনসুবা, মূর্খের চেষ্টা।

Fangled, *a.* ভড়কিয়া, জাঁক জমকওয়ালা, আজগুবী, উপহাস যোগ্যরূপ বিশিষ্ট।

Fangless, *a.* দন্তহীন, বোকড়া, নির্দন্ত।

Fangot, *n. s.* পরিমাণবিশেষ।

Fannel, *n. s.* Fr. আচার্য্যের বামহস্তের পরিধেয় আভরণ বা ভূষণ বিশেষ।

Fanner, *n. s.* পাখাওয়ালা, পাখা হেলায় বা ব্যজন করে যে, ঝাড়ুনি, কুলাওয়ালা, তণ্ডুলাদি ঝাড়ে যে।

Fanning, *n. s.* ব্যজনকরণ, বাতাস দেওন বা করণ।

Fanon, *n. s.* Fr. আচার্য্যের হস্তে পরিধেয় আভরণবিশেষ, পতাকা, ধ্বজা।

Fantasied, *a.* খেয়ালী, মনোরথ পূর্ণমনাঃ, মানসিকাভিপ্রায় বা কল্পনাদ্বারা মনকে আবৃত করিয়াছে যে।

Fantasm, *n. s.* Phantasm শব্দ দেখ।

Fantastical বা Fantastick, *a.* কল্পিত, মনোরথী, মনউদ্ভব, মানসিক, অজ্ঞানজাত, চিত্তোৎপন্ন, অযথার্থ, কল্পনাকৃত, বহির্দর্শী, অনিশ্চিত, অস্থির, চঞ্চল, অনিয়মজ্ঞ, রীতিবহির্ভূত, নিয়মবিপরীত।

Fantastically, *ad.* মানসিক শক্ত্যনুসারে, কল্পনারূপে, খেয়ালপূর্ব্বক, ভ্রান্তিপূর্ব্বক, মনোরথপূর্ব্বক, মনস্কামনাপূর্ব্বক, চিন্তাপূর্ব্বক।

Fantasticalness বা Fantastickness, *n. s.* খেয়াল, মনোরথ, মানসিক ভাব বা চিন্তা বা অভিপ্রায়, মনোরথসিদ্ধি বা তৎপূরণ, অযাথার্থ্য, অস্থৈর্য্য।

Fantastick *n. s.* মনোরথ সিদ্ধ করে যে ব্যক্তি, অসার চিন্তাকারী।

Fantastickly, *ad.* অন্যায্যত্বরূপে, অযাথার্থ্যরূপে, খেয়ালপূর্ব্বক, মানসিক কল্পনাপূর্ব্বক, মনোরথপূর্ব্বক।

Fantasy, *n. s.* Gr. মানসিক চিন্তা ভাবনা খেয়াল বা কল্পনা, মানস ধ্যান, অসার চিন্তা বা ভাবনা, অনুভব শক্তি, অভিপ্রায়, মনোভিপ্রায়, ইচ্ছা, অভিলাষ, মনঃক্রীড়া, আখুটী।

To Fantasy, *v. a.* ইচ্ছা-কৃ, পছন্দ-কৃ, মন আকৃষ্ট-কৃ।

Fantom, *n. s.* Phantom শব্দ দেখ।

Fap, *a.* মত্ত, মাতোয়ালা, বেহোস, অজ্ঞান, বিহ্বল।

Faquir, *n. s.* Arab. ফকীর, দরবেশ, ভিক্ষুক, সন্ন্যাসী।

Far, *ad.* Sax. দূরে, অনেক দূরে, অন্তরে, অধিক পরিমাণে বা তফাতে, বহুদূরে, উত্তরোত্তর বহুদূরে, বিস্তর দূরে, আধিক্যে, বা হল্যরূপে, অত্যুচ্চে, নিশ্চিত বা বিশেষ পরিমাণে বা স্থানে, *Far off*, অনেক দূরে, বহুদূরে।

Far-about, *n. s.* দূরত্ব, স্থান বহির্ভবন বা করণ।

Far-fetch, *n. s.* প্রতারণা, ফাকি দেওন, দুর্জ্ঞেয় প্রতারণা, ছল, ফিকির, বাহানা।

Far-fetched, *a.* বহুদূরহইতে আনীত বা সংগৃহীত, বহু যত্নে বা চেষ্টায় প্রাপ্ত বা লব্ধ, বহু পরিশ্রম বা আয়াসপূর্ব্বক ছাঁকা বা নিষ্কাসিত।

Far-fet, *a.* বহুদূরহইতে আনীত প্রাপ্ত বা লব্ধ, বহু যত্নে বা আয়াসে প্রাপ্ত, আয়াসপূর্ব্বক ছাঁকা বা নিষ্কাসিত।

Far-piercing, *a.* প্রবেশকারী, বহু দূরগামী, আশ্চর্য্য, সুস্পষ্ট, অধিক অভিনিবেশকারী, অধিক চমৎকারজনক।

Far-shooting, *a.* বহুদূরে লক্ষকারী।

Far, *a.* দূর, দূরস্থ, অন্তর, তফাৎ, দূরবাসী, বহুদূরহইতে আগত, বহুদূরস্থ, দূরের মধ্যে, অশ্ববিদ্যায় ঘোড়ার দক্ষিণ পার্শ্ব বুঝায়।

Far, *n. s.* শূকরবৎস।

To Farce, *v. a.* Lat. পরিপূর্ণ-কৃ, চূর্ণীকৃত মশালাতে পরিপূর্ণ-কৃ, বৃদ্ধি-কৃ, বড়-কৃ, স্ফীত-কৃ।

Farce, *n. s.* Fr. নাটকবিশেষ, প্রহসন, পরিহাসঘটিত নাটক, হাস্যোৎপাদক যাত্রা।

Farcical, *a.* পূর্ব্বোক্ত নাটকসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, তন্নাটকে সৃষ্ট বা নিশ্চিত।

Farcically, *ad.* পূর্ব্বোক্ত নাটকানুসারে, বা তদুপযুক্তত্বরূপে।

Farcing, *n. s.* মিশ্রণ, পরিপূর্ণকরণ।

Farcy, *n. s.* Fr. অশ্বব্যাধিবিশেষ, ঘোটকের কুষ্ঠরোগ, এক প্রকার চুলকনা বা বরসাতি।

To Fard, *v. a.* Fr. চিত্র-কৃ, রংদা, রংভর।

Fardel, *n. s.* Ital. আটি, ক্ষুদ্রতাড়া, গোছা. পুলিন্দা, বোচ্কা, মোট।

To Fardel, *v. a.* মোটবদ্ধ-কৃ, আটি-কৃ, তাল-কৃ, পোঁটলা-কৃ।

To Fare, *v. n.* Sax. গম, প্রস্থান-কৃ, যা, চল, গুজর, ভ্রমণ-কৃ, কোন অবস্থাপ্রাপ্ত-হ, রীতিক্রমে বা শ্রেণী বদ্ধরূপে-চল বা-গম, খাদ বা ভক্ষণ-কৃ।

Fare, *n. s.* Sax. মেলা, চলন, ভ্রমণ, পথ যাত্রা, গমন, প্রস্থান, সফর, বেতন, যানের বেতন বা ভাড়া, যানদ্বারা বাহিত বা আনীত বা স্থানান্তরকৃত ব্যক্তি, খাদ্যদ্রব্য, ভক্ষণদ্রব্য, অন্নাদি, খোরাক।

Farewell, *ad.* প্রস্থানকালীন প্রণাম বন্দনা নমস্কার বা অবধান বা শিষ্টাচার, বিদায়করণ বা হওন উদ্বোধক বাক্যবিশেষ, যথা শুভ হউক, আইস. বিদায় বা মঙ্গল ইত্যাদি।

Farewell, *n. s.* বিদায়, বিদায়হওন, যাত্রাকরণ, গমনকরণ, এ শব্দ কখনং বিশেষণবাচক হয়, বিদায় হওয়া বা লওয়া।

Digitized by Google

Farinaceous, *a.* Lat. খাদ্যদ্রব্যবৎ, ভক্ষ্যদ্রব্যতুল্য, খাদ্যবস্তুর ন্যায় বা তদাস্বাদন আছে যাহাতে।

Farm, *n. s.* Fr. ইজারা, কটকিনা, পত্তন, প্রজাকে ভাড়া দেওয়া ভূমি, নিশ্চিত বেতনে আবাদ কৃত ভূমি, জোতা ভূমি, রাইয়তী ভূমি, আবাদী ভমি, রাইয়তের দ্বারা আবাদী হইয়াছে যে ভূমি তদবস্থা বা তদ্ভাব।

To **Farm**, *v. a.* ক্রেয়া-দা, ইজারা-দা, জোত-দা বা -কৃ, নিশ্চিত রাজস্ব বা করে ভমি গ্রহণ-কৃ বা আবাদ-কৃ, পত্তনিয়া-দা।

Farmable, *a.* ইজারাকরণীয়, কটকিনা দেওয়া যায় যাহা, জোতকরণীয় বা দেওনোপযুক্ত, পত্তনি দিবার উপযুক্ত।

Farmer, *n. s.* Fr. ইজারাদার, কটকিনাদার, জোতদার যে কৃষি নিশ্চিত করে আবাদ করে, ভূমি আবাদকর্ত্তা, ক্রেয়া লয় বা দেয় যে, কৃষক, চাসা, তালুকদার।

Farmost, *n. s.* অতিদূরত্ব, অত্যন্ত দূরত্ব, সর্ব্বাপেক্ষা দূর বা অন্তর।

Farness, *n. s.* দূরত্ব, অত্যন্তরত্ব।

Farraginous, *a.* বহুদ্রব্যে মিশ্রিত বা নির্ম্মিত নানাদ্রব্য ঘটিত, খেচড়ী।

Farrago, *n. s.* Lat. বহুদ্রব্য মিশ্রিত বা একত্রীকৃত স্তূপ বা রাশি।

Farreation, *n. s.* Lat. বিবাহসম্পাদক পুপভোজন, পিঠাখাওন।

Farrier, *n. s.* Lat. নালবন্দ, অশ্ববৈদ্য, অশ্বচিকিৎসক, শালহোত্রী।

To **Farrier**, *v. n.* ঘোটকের চিকিৎসক-হ, অশ্ববৈদ্য-হ, অশ্বচিকিৎসা-কৃ।

Farriery, *n. s.* ঘোটকের চিকিৎসা, নালবন্দী, ঘোড়ার খুর বাঁধান, ঘোড়ার নালবন্দ কার্য্য বা তদ্বিদ্যা।

Farrow, *n. s.* Sax. শূকরশাবক, শূকরের বাচ্চা।

To **Farrow**, *v. a.* শূকরের বাচ্চা প্রসব-কৃ।

Farsang, *n. s.* Pharsang শব্দ দেখ।

To **Farse**, *To* **Farce** শব্দ দেখ।

Farther, *ad.* অধিক দূরে, আরো দূরে, অন্তরে, তফাতে, আরো অগ্রে, অধিকান্তে, বিশেষতঃ, আরো, এতদ্ভিন্ন, এতদ্ব্যতিরেকে।

Farther, *a.* অধিক, অধিক দূরস্থ, দূরতর, অতিদূর, অগ্র, অন্তর, ততোধিক, অধিক বা আরো দূরগমনশীল।

Fartherance, *n. s.* উৎসুককরণ, বৃদ্ধিকরণ, বর্দ্ধিষ্ণুকরণ, বাড়ান, সাহস দেওন বা জন্মান।

Farthermore, *ad.* এতদ্ভিন্ন, আরো, অধিকন্তু, অপর, অত্রান্তর, এবং প্রকারে, এইমতে, এই প্রকারে।

To **Farther**, *v. a.* আনুকূল্য-কৃ, বৃদ্ধি-কৃ, উন্নত-কৃ, উচ্চ-কৃ, উচ্চপদস্থ-কৃ, সুগম-কৃ, সহজ-কৃ, লঘু-কৃ, অগ্রসর-কৃ।

Farthest, *a.* সর্ব্বাপেক্ষা দূর, অত্যন্ত দূরস্থ, সকলহইতে দূরস্থ যে, বহু দূরস্থ, অত্যন্ত দূরে থাকে যে।

Farthest, *ad.* অতিদূরে, অত্যন্ত দূরে, সকলহইতে অন্তরে, সর্ব্বাপেক্ষা দূরে, অন্তরে, তফাতে।

Farthing, *n. s.* Sax. তাম্রনির্ম্মিত মুদ্রা বিশেষ, ইংগ্লণ্ডীয় পেনী নামক মুদ্রার চতুর্থাংশ, ইহার মূল্য পাকা তের কড়া অথবা এক পাইর দুই অংশ, অত্যুক্তিতে কখনং অতিসামান্য বা নির্ম্মূল্যক বুঝায়, যথা, It is not worth a *farthing*, অর্থাৎ ইহার এক কপর্দকও মূল্য নয়, ভূমির পরিমাণের অংশ বা সংজ্ঞাবিশেষ।

Farthingale, *n. s.* বলয়, গোলাকার বা চক্রাকার বস্ত্র, ঘাগরা, বিস্তৃতকারী মকর মৎস্যের অস্থি নির্ম্মিত বেড় চাক বা ফেরবিশেষ।

Farthingsworth, *n. s.* ফার্দিংনামক মুদ্রার মূল্য বা তন্মূল্য আছে যাহাতে।

Fasces, *n. s.* Lat. পূর্ব্বকালে কানসুলনামক রাজমন্ত্রিরদিগের অগ্রে ব্যবহৃত যষ্টি বা সোঁটা বিশেষ, রাজদণ্ড বা তচ্চিহ্নসূচক যষ্টি।

Fascia, *n. s.* Lat. তাগা, বন্ধনী, বেড়, ফের।

Fasciated, *a.* তাগাবান্ধা, বেড় ফের বা তাগাদ্বারা বদ্ধ হইয়াছে যে বা আছে যাহাতে।

Fasciation, *n. s.* পটী, তাগা, বন্ধনী, তাগা বন্ধন, পটী বন্ধন।

To **Fascinate**, *v. a.* Lat. মোহিত-কৃ, মুগ্ধ-কৃ, মোহন-কৃ, মোহ-জন্মা, জাদু-কৃ, গুণ-কৃ, মন্ত্রদ্বারা গুণ-কৃ, কুহক-কৃ, টোনা-কৃ, ঠিক-কৃ, বশী-কৃ।

Fascination, *n. s.* মোহনকরণ, জাদুকরণ বা তচ্ছক্তি, গুণ, টোনা, জাদু, বশীকরণ, কুহক, মোহ, মায়া, টোট্‌কা।

Fascine, *n. s.* Fr. কাষ্ঠের আটি, কাষ্ঠের তাড়া বা বোঝা।

Fascinous, *a.* Lat. জাদুকারী, গুণকারী, বশীকরণ ব্যাপার হয় যদ্দ্বারা বা যাহাতে।

To **Fash**, *v. a.* Fr. বিরক্ত-কৃ, ব্যজার-কৃ, ত্যক্ত-কৃ, দিক-কৃ।

Fashion, *n. s.* Fr. গড়ন, মূর্ত্তি, ডৌল, তর, রকম, জাতি, ধারা, দাঁড়া, প্রকার, ঢাঁচা, ঢপ, রীতি, আভরণ বা পরিচ্ছদের আকার বা প্রকার, দস্তুর, রেওয়াজ, ব্যবহার, সচরাচর ব্যবহার বা রীতি, পরের দেখিয়া শিক্ষিত চালি বা ব্যবহার, দৃষ্টানুসার বা তজ্জাত নিয়ম চলন বা রীতি, সর্ব্বসাধারণ স্বীকৃত বা সম্মত, বিষয় কার্য্য, পায়া, অবস্থা, পদ, সামান্য বা অবর লোকের অবস্থাপেক্ষা শ্রেষ্ঠাবস্থা, প্রাচীন ব্যবহার দ্বারা হ্রাসিত বা ক্ষয়িত, অশ্বের রোগবিশেষ, কারিগরের কার্য্য, কারিগরী, হুনর, কোন কার্য্য করণ।

To **Fashion**, *v. a.* Fr. ডৌল-কৃ, গঠ, ঢাঁচা-কৃ, গঠন বা নির্ম্মাণ-কৃ, ছাঁচ-কৃ, নিযুক্ত-কৃ, নমুনা-কৃ, ফরমা-কৃ, মূর্ত্তিমান-কৃ, আকার-কৃ, অবয়বী-কৃ, উপযুক্ত-কৃ, বরাবরি-কৃ, ঠিক-কৃ, যথোপযুক্ত-কৃ, সামঞ্জস্য-কৃ, নকল-কৃ, কল্পনা-কৃ, ব্যবহারানুসারে নির্ম্মাণ-কৃ, দেশাচারানুযায়ী-কৃ বা তদনুসারে-গঠ, ধারানুযায়ী-কৃ, ধারামত-কৃ।

Fashionable, *a.* ব্যবহারসিদ্ধ, আচার বা ব্যবহার সম্মত, চলিত, চলনসহি, চলন বা ধারাবাহিক মতানুযায়ী, ধারানুযায়ী, রীতি চলন বা দস্তুরমত কৃত গঠিত বা নির্ম্মিত বা তদুপযুক্ত, ভদ্র।

Fashionableness, *n. s.* ডৌল, রীতি, গঠন, চলন, মূর্ত্তি, আকার, রীতিবর্ত্ম।

Fashionably, *ad.* রীতিপূর্ব্বক, রীত্যনুসারে, চলনপূর্ব্বক, ব্যবহারানুসারে, সুরীত্যনুসারে, চলিতধারানুসারে।

Fashioner, *n. s.* নির্ম্মাণকর্ত্তা, রীতি ধারা বা ডৌল করে বা চালায় যে ব্যক্তি।

Fashionist, *n. s.* রীতিজ্ঞ, ধারা বা ব্যবহারজ্ঞ বা তদনুসারে চলে যে, রঙ্গিলা, খোষপোশাকী, ভড়কওয়ালা, বাঁকা।

Fashionmonger, *n. s.* রীতি চলন বা ধারামতে চলে যে বা তাহা দেখিয়া শিক্ষা করে যে।

Fashionmongering, *a.* রীতি চলন ডৌল বা ধারা শিক্ষাকারী বা তদনুসারে চলে যে।

To **Fast**, *v. n.* Sax. অভুক্ত-হ, অনাহারী-হ, উপবাস-কৃ, অনশন-কৃ, লঙ্ঘন-কৃ, অনাহার বা কষ্ট ব্যবহারদ্বারা শরীর ক্লিষ্ট-কৃ।

Digitized by Google

Fast, *n. s.* অনাহার, অনশন, উপবাস, লঙ্ঘন, কষ্টব্যবহার।

Fast, *a.* Sax. দৃঢ়, মজবুত, শক্ত, অলড়, সজোর, বলবান, অগম্য, অজেয়, দুর্গম, বদ্ধ, স্থিরীকৃত, দৃঢ়ীভূত, নিবিষ্ট, নিযুক্ত, ভারী, নিগূঢ়, নিরাট, অনুগত, ত্বরিত, ত্বরান্বিত, ঝটিতি, ত্বরা বা জলদী আছে যাহাতে বা যাহার, সত্বর, ক্ষিপ্র, খোলা, এলুয়া, অনিশ্চিত, নানারূপকারী বা ধারী, স্থৈর্য্য নাই যাহার বা যাহাতে, প্রতারক, ঠগ, ধূর্ত্ত।

Fast, *ad.* দার্ঢ্যরূপে, শক্তাইরূপে, অলড়ত্বরূপে, অনন্যথাপূর্ব্বক, অচলপূর্ব্বক, দুর্গমত্বরূপে, নিতান্তরূপে, ত্বরাপূর্ব্বক, ঝটিতিরূপে, দ্রুতরূপে, ক্ষিপ্রতাপূর্ব্বক, নিয়ত বা পুনঃপুনঃ।

To **Fasten**, *v. a.* বদ্ধ-কৃ, আঁট, আঁটিয়াবদ্ধ-কৃ, দৃঢ়রূপে বন্ধ-কৃ, লাগা, শক্ত-কৃ, মজবুত-কৃ, দৃঢ়-কৃ, একত্র করিয়া বদ্ধ-কৃ, জোড়া-দা, কষ, যোড়া-লাগা, সংযোগ-কৃ, সংলগ্ন-কৃ, মিলা, চাপটা, ছাপ-দা, মোহর-কৃ, দাগ-দা, নিযুক্ত-কৃ, বসা, মজবুত-কৃ, অলড়-কৃ, দৃঢ়ীভূত-কৃ।

To **Fasten**, *v. n.* আঁট, আঁটিয়া-যা, বস বা-লাগ, চপেট-লাগ।

Fastener, *n. s.* দৃঢ়কর্ত্তা, শক্ত করে যে, মজবুত করে যে, যোড়া লাগায় যে, বদ্ধকর্ত্তা।

Fastening, *n. s.* বন্ধনী, বদ্ধকারি বস্তু, বদ্ধ হয় যদ্দ্বারা তদ্বস্তু, সংযোগকারক দ্রব্য।

Faster, *n. s.* উপবাসকর্ত্তা, উপবাসী, অনশনকর্ত্তা, অনাহারে থাকে যে, অন্নত্যাগ করে যে।

Fasthanded, *a.* কৃপণ, কষা, হাতকষা, বখিল, দান নাই যাহার, মুষ্টি খোলে না যে, লালচী।

Fastidiosity, *n. s.* তুচ্ছনীয়ত্ব, ঘৃণ্যতা, অবজ্ঞেয়ত্ব, তাচ্ছল্য, অশ্রদ্ধেয়ত্ব, অযত্ন বা ক্রোধ করা যায় যাহাতে তদ্ভাব বা তদবস্থা।

Fastidious, *a.* Lat. ঘৃণ্য, অশ্রদ্ধেয়, তুচ্ছনীয়, অবজ্ঞেয়, ন্যক্কার যোগ্য, বমন উঠে যাহাতে, বমন করায় যে, গর্ব্বী, অহংকারী।

Fastidiously, *ad.* ঘৃণাপূর্ব্বক, অবজ্ঞারূপে, ন্যক্কারপূর্ব্বক, বমন বা ঘৃণাজনকত্বরূপে, তুচ্ছকরণীয়ত্বরূপে।

Fastidiousness, *n. s.* ঘৃণাজনকত্ব, অবজ্ঞেয়ত্ব, ন্যক্কার, বমন বা ঘৃণাকরণীয়ত্ব, বা তদুপযুক্ততা, তুচ্ছনীয়ত্ব।

Fastigiate, বা **Fastigiated**, *a.* Lat. ছাতওয়ালা, ছাত বা চালবিশিষ্ট, উপর ঘেরা বা ঢাকা।

Fasting, *n. s.* উপবাস, অনাহার, তপস্যাবিশেষ, ধর্ম্মার্থে শারীরিক কষ্ট ব্যবহার।

Fastingday, *n. s.* উপবাসের পর্ব্বার্হ, অনশনের দিন, ধর্ম্মার্থে উপবাসাদি ব্রত হয় বা করা যায় যে দিবসে।

Fastly, *ad.* নিতান্তরূপে, নিশ্চয়ত্বরূপে, অবশ্য।

Fastness, *n. s.* অনাহারিত্ব, অনাহার, দার্ঢ্য, দৃঢ়তা, শক্তাই, মজবুতি, নিবিষ্টতা, শক্তি, জোর, বল, মজবুত বা দৃঢ়স্থান, অগম্য স্থান, দুর্গমস্থান, নিবিড়ত্ব, ঘনত্ব, গাদাগাদি বা নৈকট্য, সংক্ষেপত্ব।

Fastuous, *a.* Lat. দেমাগী, অহংকারী, গর্ব্বী, কটু, উগ্র।

Fat, *a.* Sax. পুষ্ট, পুষ্টীকৃত, পুষ্টিবিশিষ্ট, মাংসল, স্থূল, মোটা, গতরাল, তেলাল, মাংসপিণ্ড, মেধবিশিষ্ট, চরবিওয়ালা, অতিভারী ধনাঢ্য, ধনবান, ঐশ্বর্য্যবান, ভাগ্যবান, ধনী, সম্পত্তি আছে যাহার।

Fat, *n. s.* চরবী, তৈল, ঘৃত, মেধ, বসা।

To **Fat**, *v. a.* মোটা-কৃ, পুষ্ট-কৃ, পুষ্টিজন্মা, স্থূল-কৃ, মাংসবৃদ্ধি-কৃ, মাংসল-কৃ, হৃষ্টপুষ্ট-কৃ, স্থূলকায়-কৃ।

To **Fat**, *v. n.* মোটা-হ, স্থূল-হ, পুষ্ট-হ, মাংসল-হ, হৃষ্টপুষ্ট-হ।

Fat, *n. s.* Sax. পাত্রবিশেষ, চৌবাচ্চা বা হাউজ, যাহাতে কোন দ্রব্য গাদ কাটাইয়া পচিতে বা শুকাইতে রাখা যায়।

Fatal, *a.* Lat. সাংঘাতিক, নাশক, বিনাশক, সংহারক, ধ্বংসকারী, মারক, নাশক, অনিবার্য্য, অদৃষ্টাধীন, নিশ্চিত, ভাগ্যবশতঃ, নিরূপিত, অদৃষ্ট বা কপালে আছে যাহা বা তদ্দ্বারা নিশ্চিত হইয়াছে যাহা।

Fatalism, *n. s.* দৈবাধীন বা কারণাধীন, হয় যাহা অথবা তৎশাস্ত্র বা প্রকরণ বা লক্ষণ।

Fatalist, *n. s.* দৈবপরায়ণ, দৈবমানে যে, দৈব বা অদৃষ্টাধীন তাবৎ শুভাশুভ হয় এমত মানে যে বা তন্মতে শ্রদ্ধা বা বিশ্বাস আছে যাহার।

Fatality, *n. s.* Fr. দৈবঘটনা, অদৃষ্ট, ভাগ্য, অদৃষ্টের ঘটনা, দৈবপরায়ণতা, দৈবলক্ষণ।

Fatally, *ad.* সংহারপূর্ব্বক, সাংঘাতিকত্বরূপে, নাশ ধ্বংস বা হিংসাপূর্ব্বক, নষ্টকরণপূর্ব্বক, ভাগ্যাধীনে, অদৃষ্টাধীনে, কপালের লিখনানুসারে।

Fatalness, *n. s.* অদৃষ্ট, ভাগ্যাধীনত্ব, দৈব।

Fatbrained, *a.* জড়, জড় বা স্থূলবুদ্ধি।

Fate, *n. s.* Lat. কপাল, অদৃষ্ট, ভাগ্য, প্রালব্ধ, প্রাক্তন, কপালের লিখন, নশীব, মৃত্যু, মরণ, হনন, নাশ, মৃত্যুর কারণ।

Fated, *a.* অদৃষ্টবান, প্রাক্তনাধীন, প্রাক্তনে লিখিত বা নিশ্চিত হইয়াছে যাহা বা যে, অদৃষ্টক্রমে প্রাপ্ত বা ভূত।

Father, *n. s.* Sax. পিতা, তাত, জনক, বাপ, বাপু, বাবা, প্রাচীন লোকের নাম বা উপাধি বা সংজ্ঞা, বয়ঃধার্ম্মিকতা জ্ঞান বা বিদ্যাদ্বারা মান্য হইয়াছে যে ব্যক্তি, আদি পুরুষ, জন্মদাতা, প্রথমাব্দে ধর্ম্ম শাস্ত্রবেত্তা তল্লেখক প্রকাশক বা সংগ্রহকারক, স্নেহ করে যে, পিতার ন্যায় স্নেহ করে বা প্রতিপালন করে যে, পাপার মতে আচার্য্যবিশেষ, প্রাচীন কালে সেনেটরনামক ব্যক্তির উপাধিবিশেষ, পূজ্যপদ, একাত্মক বা ত্রিগুণাত্মক ঈশ্বরের প্রথমব্যক্তি, সৃষ্টিকর্ত্তার উপাধি।

Father-in-law, *n. s.* ধর্ম্মবাপ, ধর্ম্মপিতা, শ্বশুর।

To **Father**, *v. a.* পোষ্যপুত্র-কৃ, পিতার ন্যায় প্রতিপালন-কৃ, পোষ্য বা দত্তক পুত্র স্বীকার-কৃ বা নী, পিতা জোটাইয়া-দা, পিতার স্থান পূর্ণ-কৃ, সন্তান প্রকাশ-কৃ, ঔরস পুত্র ব্যক্ত-কৃ।

Fatherhood, *n. s.* পিতৃত্ব, জনকত্ব, পিতার ধর্ম্ম বা অধিকার, পিতার ধর্ম্ম কর্ম্ম অবস্থা বা পদ।

Fatherless, *a.* পিতৃহীন, ছোমড়, অতাত, তাতহীন, অপিতৃক, পিতা নাই যাহার, পিতার অধিকার বা স্বত্ববিহীন।

Fatherliness, *n. s.* পিতৃস্নেহ, পিতার ন্যায় প্রেম বা আদর, পিতার দয়া মমতা বা প্রতিপালন।

Fatherly, *a.* পৈতৃক, পিতৃতুল্য, পিতার ন্যায়, পিতৃবৎ, জনকবৎ, বাপের মত, প্রিয়, স্নেহকারী, প্রিয়তম, প্রতিপালক, রক্ষক, উদ্যোগী, চেষ্টক, দয়াকর।

Fatherly, *ad.* পিতৃত্বরূপে, পিতার স্নেহ ধর্ম্ম আদর বা প্রতিপালনানুসারে।

Fathom, *n. s.* Sax. ব্যাম, বাঁউ, ধনু, চতুর্হস্ত পরিমাণ, দুই হস্ত প্রসর করিলে যে পরিমাণ হয়, সাধ্য, ক্ষমতা, বশ, হাত, প্রবেশন, প্রবেশকতা, থাই, চেষ্টান্ত বিবেচনা বা জ্ঞানের সীমা পরিমাণ বা আয়তন।

To **Fathom**, *v. a.* দুই হস্ত প্রসারিয়া মাপ-কৃ, বাউ মাপ-কৃ, পঁহুছ, লাগা, প্রাপ, স্বাধীনতা-কৃ, প্রাধান্য-কৃ, শেষ-দৃশ, প্রবেশ-কৃ,

Digitized by Google

অন্ত-জ্ঞা, সরহদ্দ-জ্ঞা-বা-কৃ, তলা-দৃশ, গাম্ভীর্য্য নিরূপণ-কৃ, থাই -প্রাপ।

Fathomer, *n. s.* পরিমাপক, মাপে যে, বাউ মাপে যে।

Fathomless, *a.* অতলস্পর্শ, অথাই, অগম্য, অনন্ত, শেষ নাই যাহার বা যাহাতে, অন্ত হয় না বা করা যায় না যাহার বা যাহাতে।

Fatidical, *a.* Lat. ভাবি কথন বা ভবিষ্যৎ বাক্যসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, ভবিষ্যৎ বক্তৃতাবিষয়ক, ভবিষ্যৎ কথনক্ষম বা তৎসম্বন্ধীয়।

Fatiferous, *a.* Lat. সংঘাতক, নাশক, নাশ্য, সংহারক, নষ্টকারী, নাশন বা সংঘাতনক্ষম।

Fatigable, *a.* শ্রান্ত, শ্রমী, আয়াসী, ব্যায়ামী, অনায়াসে বা অল্পে শ্রান্ত হয় যে বা তদুপযুক্ত, ক্লান্তহওনোপযুক্ত।

To **Fatigate,** *v. a.* Lat. শ্রান্ত-কৃ, কাহিল-কৃ, ক্লান্ত-কৃ, আয়াস বা শ্রম-জন্মা।

Fatigate, *a.* শ্রান্ত, কাহিল, ক্লান্ত, ক্ষয়বিশিষ্ট।

Fatigation, *n. s.* শ্রান্তি, কাহিলি, ক্লান্তি, মেহন্নত, কসলৎ, অবসাদ।

Fatigue, *n. s.* Lat. শ্রান্তি, কাহিলী, ক্লান্তি, ব্যায়াম, শ্বাসগতত্ব, মেহন্নত, কসলৎ, অবসন্নতা, পরিশ্রম, আয়াস, অবসাদ, দৌর্ব্বল্য, শ্রান্তির কারণ বা বিষয়।

To **Fatigue,** *v. a.* শ্রান্ত-কৃ, ক্লান্ত-কৃ, বৈরক্ত্য-কৃ, বেজার-কৃ, ক্লিষ্ট-কৃ, পরিশ্রান্ত-কৃ, কাহিল-কৃ।

Fatkidneyed, *a.* মোটা, গব্দা, স্থূল, এশব্দ ঘৃণা বা তুচ্ছার্থে ব্যবহার হয় জানিবে।

Fatling, *n. s.* ভক্ষণার্থে পশুকে প্রতিপালন বা বাড়ান বা তৎ পশু বড় করিয়া খাওন বা খাদ্য হয় যে পশু।

Fatly, *ad.* স্থূলত্বরূপে, মোটারূপে, হৃষ্টপুষ্টতারূপে, চিকনাই বা তেলালারূপে, স্থূলত্বরূপে।

Fatner, *n. s.* মোটা বা স্থূল করে যে তদ্বস্তু, স্থূল বা মোটা বা তেলাড়ু হয় যাহাতে, হৃষ্টপুষ্টতাকর্ত্তা।

Fatness, *n. s.* স্থূলত্ব, হৃষ্টপুষ্টতা, মোটাই, চিকনাই, পুষ্টতা, চরবি, তৈল, মাংসপিণ্ডত্ব, মাংসলত্ব, তেলাড়ুত্ব, পিচ্ছলত্ব, তেল বহে যাহাতে বা যাহার তদ্বস্তু বা তদ্ভাব, উর্ব্বরত্ব, ফলশালিত্ব, শস্যোৎপাদকত্ব, বহু শস্য বা উর্ব্বরা হয় যৎদ্বারা।

To **Fatten,** *v. a.* স্থূল-কৃ, স্থৌল্য-কৃ, হৃষ্টপুষ্ট-কৃ, মাংসল-কৃ, মোটা-কৃ, পুষ্ট-কৃ, চরবি-জন্মা, তেলাড়ু-কৃ, চিকনাই-কৃ, উর্ব্বরা-কৃ, ফলবতী-কৃ, ফলবান-কৃ, বৃদ্ধি-কৃ, বড়-কৃ,।

To **Fatten,** *v. n.* স্থূল-হ, স্থৌল্য-হ, মাংসল-হ, পুষ্ট-হ, মোটা-হ, চরবিওয়ালা বা তেলাড়ু-হ।

Fattener, Fatner শব্দ দেখ।

Fattiness, *n. s.* স্থূলত্ব, মোটাই, গব্দাই, মাংসপিণ্ডত্ব, পুষ্টতা।

Fattish, *a.* স্থূলতাজনক, স্থৌল্যকারক, পুষ্টিজনক।

Fatty, *a.* তেলাড়ু, চরবিওয়ালা, চিক্কণ।

Fatuity, *n. s.* মূর্খতা, নির্ব্বোধত্ব, মনের দৌর্ব্বল্য, নির্ব্বুদ্ধি, উন্মত্ততা।

Fatuous, *a.* Lat. মূর্খ, জড়, অবোধ, দুর্ব্বলমনাঃ, নির্ব্বোধ, পাগল, উন্মত্ত, নির্ব্বল, দুর্ব্বল, ক্ষীণ, পুরুষত্বহীন।

Fatwitted, *a.* জড়, ভারী, অবোধ, নির্ম্মেধস, দুর্ব্বলমনাঃ, ক্ষীণমনাঃ।

Faucet, *n. s.* Fr. পিপাহইতে মদ্য ঢালিবার বা বাহির করিবার চুঙ্গিবিশেষ।

Fauchion, *n. s.* বক্র অসি বা তলবারবিশেষ।

Faufel, *n. s.* Fr. ফলবিশেষ।

Favillous, *a.* Lat. ভস্মময়, ছাইবিশিষ্ট, ভস্মবিশিষ্ট, ভস্মপূর্ণ, ভস্মশালী, ছাইভরা।

Favel, *n. s.* Fr. প্রতারণা, ঠগামি, প্রবঞ্চনা, বঞ্চনা, চাতুরী, ধূর্ত্ততা, ধূর্ত্তপনা, নষ্টামি, ধূর্ত্তামি।

Favel, *a.* Fr. পীত, হরিদ্রাক্ত, হরিদ্রাবর্ণ।

Faugh, ঘৃণাসূচক শব্দবিশেষ, ছি, ধিক্।

Faulcon, বা **Faulconry, Falcon, Falconry** শব্দ দেখ।

Fault, *n. s.* Fr. দোষ, ত্রুটি, অপরাধ, ঘাইট, তকশীর, অল্পাপরাধ, সামান্য ত্রুটি, চুক, ভুল, অভাব, বৈরক্ত্য, দুর্গমতা, অভাগ্য, পাপ।

To **Fault,** *v. n.* ত্রুটি-হ, অপরাধী-হ, ভ্রান্ত-হ, দোষী-হ, চুক-হ, ঘাইট-হ, তকশীরওয়ার-হ।

To **Fault,** *v. a.* দোষী-কৃ, অপরাধী-কৃ, ত্রুটি-কৃ।

Faulter, *n. s.* পাপী, দোষী, অপরাধী, কৃতাপরাধ, অপরাধ করে যে, ত্রুটি হয় যাহার, ঘাইট করে যে, তকশীরওয়ার।

To **Faulter, Falter** শব্দ দেখ।

Faultfinder, *n. s.* দোষগ্রাহক, নিন্দক, বিবাদী, বিরোধী দোষান্বেষী, দোষ কসুর বা ত্রুটি বাহির করে বা লয় যে।

Faultful, *a.* দোষী, দোষবিশিষ্ট, অপরাধবিশিষ্ট।

Faultily, *ad.* ত্রুটিপূর্ব্বক, অযথার্থরূপে, অপ্রকৃতরূপে, ন্যূনতারূপে, অপরাধপূর্ব্বক, দোষপূর্ব্বক, ভ্রান্তিপূর্ব্বক, চুকপূর্ব্বক ঘাইটপূর্ব্বক।

Faultiness, *n. s.* মন্দত্ব, অধমত্ব, দোষিত্ব, দুষ্টতা, নষ্টতা, দুষ্কর্ম্ম, অপরাধ, ঘাইট, কসুর, ত্রুটি, হিংসা, তকশীর, দোষ।

Faultless, *a.* নির্দ্দোষী, নিরপরাধী, অপরাধবিহীন, ত্রুটি নাই যাহার বা যাহাতে, নির্ম্মল, বেতকসীর, বেকসুর।

Faultlessness, *n. s.* শুদ্ধতা, নির্দ্দোষ, পরিপূর্ণত্ব, নিরপরাধ, দোষাভাব।

Faulty, *a.* Fr. দোষী, অপরাধী, তকশীরওয়ার, অনুযোজ্য, নিন্দনীয়, পাপী, দুষ্কর্ম্মী, অনির্ম্মল, ভ্রান্ত, ভ্রান্তিবিশিষ্ট, কসুর বা চুক আছে যাহার বা যাহাতে, দোষবিশিষ্ট, মন্দ, দুষ্ট, অশুদ্ধ, ভুলবিশিষ্ট, নষ্ট, গুণাহগার, তকশীরওয়ার।

Faun, *n. s.* Lat. বনদেবতাবিশেষ।

Faunist, *n. s.* অসভ্যালাপিবিশেষ, পাড়াগেঁয়ে, বাদানুবাদী, ব্যাজ বিষয়দর্শী।

To **Favour,** *v. a.* Lat. রক্ষা-কৃ, সাহায্য-কৃ, উপকার-কৃ, পালন-কৃ, কৃপা-কৃ, স্নেহ-কৃ, দয়া-কৃ, অনুগ্রহ-কৃ, দৃষ্টান্ত-দা, উপমা-দা, একাবয়ব-কৃ, তুল্য-কৃ, উপযোগী-কৃ পৌষ্টিকতা-কৃ।

Favour, *n. s.* Lat. দয়া, অনুগ্রহ, মেহরবানী, স্নেহ, কৃপা, রক্ষা, উপকার, সাহায্য, আনুকূল্য, মুরব্বিগিরি, পরমত খণ্ডনানন্তর স্বমত স্থাপন, মুক্ত হওন বা করণ, দোষোদ্ধার, প্রমাদ, রেয়াৎ, অকাঠিন্য, কোমলতা, নরমী, দণ্ডন্যূনকরণ, দোষ মার্জ্জনা, মাপ, ক্ষমা, অনুমতি, মহদাশয়, হিতেচ্ছা, কৃপার কারণ বা বিষয়, পরিধানার্থে স্ত্রীকর্তৃক দত্তদ্রব্য, দয়া বা স্নেহসূচক পরিধেয় বস্ত্র, আভা, চেহারা, শ্রী।

Favourable, *a.* প্রিয়, দয়ালু, সুহৃৎ, অনুগ্রহকারক, অনুগ্রাহক, কৃপাবান্, মঙ্গলদায়ক, শুভদ, স্নেহযোগ্য, নরমকারী, ঠাণ্ডা, কোমল, নিন্দাদ্বেষী, নিন্দার বিপরীত, উপকারী, উপকারক, সাহায্যকারী, অনুকূল, সুভিদা, উপযুক্ত, স্বচ্ছন্দ, আয়াসবর্জ্জিত, গুণকারী, সুন্দর, মনোহর, মনোজ্ঞ, দয়া বা স্নেহ বা কৃপাবিশিষ্ট বা তদুপযুক্ত।

Digitized by Google

Favourableness, *n. s.* দয়া, কৃপা, স্নেহ, কৃপালুতা, প্রসন্নতা, অনুগ্রাহকতা।

Favourably, *ad.* অনুগ্রহপূর্ব্বক, দয়াপূর্ব্বক, কৃপাপূর্ব্বক, স্নেহবানীপূর্ব্বক, অনুকূলতাপূর্ব্বক।

Favoured, *part. a.* অনুগৃহীত, দয়াপ্রাপ্ত, স্নেহ, শুভ বা অশুভ গ্রস্ত।

Favouredly, *ad.* ভাল কিম্বা মন্দরূপে, সুপ্রকৃত বা অপ্রকৃতরূপে, যা থার্থ্য বা কদর্য্যরূপে।

Favouredness, *n. s.* আভা, আকার, দৃশ্য।

Favourer, *n. s.* অনুগ্রাহক, কৃপাবান্, অনুগ্রহ বা স্নেহ করে যে, দয়া করে যে, মঙ্গলাকাঙ্খী, মঙ্গলবাঞ্ছক, সুহৃদ, আত্মীয়, মিত্র,

Favourite, *n. s.* Fr. প্রিয়, প্রিয়তম, স্নেহপাত্র, প্রিয়পাত্র, অনুগৃহীত, মনোনীত, উপাসক, সঙ্গী।

Favourite, *a.* প্রিয়, অনুগৃহীত।

Favouritism, *n. s.* অনুগৃহীত বা প্রিয় পাত্র দ্বারা বল বা ক্ষমতা প্রকাশ বা পরীক্ষা।

Favourless, *a.* অস্নেহী, অপ্রিয়, অননুগৃহীত, অনুগ্রহ বা দয়া বা কৃপা নাই যাহার বা যাহাতে, অননুকূল, অমঙ্গল্য, অশুভ।

Fausen, *n. s.* মৎস্যবিশেষ।

Faussebraye, *n. s.* বুরুজের অধঃস্থিত মৃত্তিকানির্ম্মিত ঢিবি বা স্তূপবিশেষ।

Fautor, *n. s.* Lat. অনুগ্রাহক, দয়াকারী, অনুকূল।

Fautress, *n. s.* Lat. অনুগ্রাহিকা, অনুকূলা, কৃপাকারিণী, প্রসন্নবদনা।

Fawn, *n. s.* Fr. মৃগশাবক, হরিণবৎস।

To **Fawn,** *v. n.* মৃগ প্রসব-হ।

To **Fawn,** *v. n.* Sax. মৃগশাবক বা কুক্কুরেরন্যায় সম্মুখে ক্রীড়া-কৃ, খোসামোদ-কৃ, অনুবৃত্তি-কৃ, নীচের ন্যায় ব্যবহার-কৃ, অপকৃষ্ট বা অতিক্ষুদ্রত্বরূপে খোসামুদে-হ।

Fawn, *n. s.* খোসামুদে, অত্যন্ত খোসামুদে।

Fawner, *n. s.* খোসামুদে, নীচ, জঘন্য, অপকৃষ্ট।

Fawning, *n. s.* খোসামোদ, নীচোপাসনা, অপকৃষ্টাহ্লাদ বা অনুরাগ।

Fawningly, *ad.* ক্ষুদ্রত্বরূপে, খোসামোদপূর্ব্বক।

Faxed, *a.* Sax. লোমময়, লোমশ।

Fay, *n. s.* Fr. পক্ষি ও নরাকার জন্তু, পরী, শ্রদ্ধা, প্রত্যয়, বিশ্বাস।

Feaberry, *n. s.* টেপারিফলবিশেষ।

To **Feague,** *v. a.* Germ. দমন-কৃ, তাড়না-কৃ, শাস্তি-দা, প্রহার-কৃ, চাবুক-মার।

Feal, *a.* Fr. শ্রদ্ধাবিশিষ্ট, বিশ্বাসী, প্রত্যয়ী, অনুগত।

Fealty, *n. s.* মান্যতা, ভক্তি, প্রভুভক্তি, প্রভুসম্বন্ধে মান্যতা, আজ্ঞাধীনতা, শ্রদ্ধা বা ব্যবহার, প্রভুর বশীভূতত্ব বা তদাজ্ঞাবহত্ব, মঙ্গলেচ্ছা।

Fear, *n. s.* Goth. ভয়, ডর, ত্রাস, শঙ্কা, আশঙ্কা, হতাশা, আতঙ্ক, ভাবনা, চিন্তা, উৎকণ্ঠা, ভয়ের কারণ বা বিষয়, ভয় হয় যাহা হইতে, মৃগের ভয়প্রদর্শক বস্তুবিশেষ।

Fear, *n. s.* Sax. সমভিব্যাহারী, সঙ্গী, সাথী, সহবর্ত্তী, সহচর।

To **Fear,** *v. a.* ভয়-কৃ, ত্রাস-কৃ, হতাশ-কৃ, শঙ্কা-কৃ, আতঙ্ক-কৃ, ভয় প্রদর্শা, ভীত-কৃ, শঙ্কাবিশিষ্ট-কৃ।

To **Fear,** *v. n.* ভীরু-হ, ভীত-হ, আতঙ্কিত-হ, উৎকণ্ঠিত-হ, উদ্বিগ্ন-হ, চিন্তিত-হ, ভয়াকৃষ্ট-হ।

Fearful, *a.* ভীরু, ভীত, ডরুক, ত্রস্ত, ভয়তরাসে, ভয়শীল, ভীতস্বভাব বা আতঙ্কবিশিষ্ট, সভয়, সশঙ্ক, ভয়ানক, ভয়জনক, ভয়দায়ক, ভয়প্রদর্শক, ভয়ার্ত্ত।

Fearfully, *ad.* ডর বা ভয়পূর্ব্বক, আতঙ্কপূর্ব্বক, ভয়ানকত্বরূপে, ভয়জনকত্বপূর্ব্বক, শঙ্কাপূর্ব্বক, ভয়ার্ত্ত হইয়া ভীত হইয়া।

Fearfulness, *n. s.* ভীরুত্ব, ত্রস্ততা, ভয়জনকত্ব, আতঙ্ক, ভয়ানকতা, ভয়, শঙ্কা, ডর।

Fearless, *a.* নিঃশঙ্ক, নির্ভয়, শঙ্কারহিত, শঙ্কাবর্জ্জিত, অভয়, সাহসবান, সাহসিক, অকুতোভয়, নিঃসাধ্বস।

Fearlessly, *ad.* নিঃশঙ্কতারূপে, নির্ভয়তাপূর্ব্বক, শঙ্কারাহিত্যরূপে।

Fearlessness, *n. s.* অভয়ত্ব, ভয়রাহিত্য, শঙ্কাবর্জ্জিতত্ব, সাহসিকতা।

Feasibility, *n. s.* করণীয়ত্ব, ভবনীয়ত্ব, সম্ভাবনীয়ত্ব, কর্ত্তব্যতা, যোগ্যতা, করণীয় বা উপযুক্ত বস্তু, সাধ্যতা।

Feasible, *n. s.* হইতে পারে বা করা যায় যে বস্তু কর্ম্ম, সাধন করা যায় যে বস্তু বা কর্ম্ম।

Feasible, *a.* Fr. করণীয়, ভবনীয়, সম্ভাবনীয়, যোগ্য, উপযুক্ত, সাধনীয়, সাধ্য হইতে পারে যাহা, ভবিতব্য, শক্য।

Feasibleness, *n. s.* উপযুক্ততা, যোগ্যতা, ভবনীয়ত্ব, করণীয়ত্ব।

Feasibly, *ad.* উপযুক্তরূপে, যোগ্যত্বরূপে, সম্ভাবনারূপে।

Feast, *n. s.* Lat. যজ্ঞ, মহোৎসব, ভোজ, পর্ব্বাহ, সাম্বৎসরিক মহোৎসব বা পর্ব্বাহ, সুস্বাদু, সুখাদ্য, উত্তম আহার বা ভোজ, ফলাহার, নিমন্ত্রণের খাওয়া।

To **Feast,** *v. n.* উত্তম ভোজী-হ, উত্তমাহারী-হ।

To **Feast,** *v. a.* উত্তম ভোজন-করা, মহোৎসব-কৃ, খুসী-কৃ, আনন্দ-কৃ, ভোজ-কৃ বা-দা, খাদ (ক্রি)।

Feaster, *n. s.* উত্তমভোজয়িতা, উত্তম আহারদাতা, যজ্ঞকর্ত্তা, মহোৎসবকর্ত্তা।

Feastful, *a.* আনন্দশীল, সুখজনক, আনন্দময়, মহোৎসববিশিষ্ট, আনন্দকারী, গোলমেলে।

Feasting, *n. s.* মহোৎসব, যজ্ঞ, ভোজ, খানা।

Feastrite, *n. s.* যজ্ঞ বা মহোৎসবে ব্যবহার্য্য আচার বা নিয়ম বিশেষ।

Feat, *n. s.* Fr. কর্ম্ম, কার্য্য, ক্রিয়া, ফাকী, আশ্চর্য্য কর্ম্ম, ফিকির, অদ্ভুতকার্য্য।

Feat, *a.* Goth. প্রস্তুত, প্রজ্ঞ, বিজ্ঞ, চালাক, নিপুণ, পটু, সন্ধান দর্শী, উত্তম, ঠিক, পরিষ্কার, সুতরা, স্বচ্ছন্দ, এ শব্দ এইক্ষণে নিন্দার্থক বা অবজ্ঞার্থক বুঝায়।

To **Feat,** *v. a.* গঠ, নির্ম্মাণ-কৃ, রচ।

Feateous, *a.* চালাক, সতর্ক, দক্ষ, বিজ্ঞ, সত্বর।

Feateously, *ad.* উত্তমরূপে, সত্বররূপে, চালাকিরূপে, সতর্কতারূপে।

Feather, *n. s.* Sax. পক্ষ, পালক, পাখনা, পাখা, জাতি স্বভাব রূপ ধর্ম্ম, অলঙ্কার, ভূষণ, নিরর্থক উপাধি।

To **Feather,** *v. a.* পক্ষবিশিষ্ট-কৃ, পাখাতে সাজা বা আভরণ-কৃ, পালকের দ্বারা আচ্ছাদিত বা ভূষিত-কৃ, পালকাবৃত-কৃ।

Featherbed, *n. s.* পক্ষনির্ম্মিত বা পুরিত বিছানা বা তোষক, পালক ভরা তোষক বা গদী।

Featherdriver, *n. s.* পক্ষপরিষ্কারক, পক্ষ ঝাড়ে যে, পক্ষ বা পালক উড়াইয়া দেয় বা তফাৎ করে বা ঝাড়ে যে।

Feathered, *a.* পক্ষবান, পক্ষবিশিষ্ট, পক্ষাচ্ছাদিত, পালকওয়ালা, পালকময়, পালকে নির্ম্মিত আবৃত বা আচ্ছাদিত যে, পক্ষধারী,

Digitized by Google

পরিবৃত, পালকদ্বারা পরিবৃত বা ঝাড়িত, তীরের ন্যায় পালক বসান বা বিশিষ্ট।

Featheredge, *n. s.* তক্তাবিশেষ, যে তক্তার একটের বা মুড়া মোটা অন্য সরু।

Featheredged, *a.* পূর্ব্বোক্ততক্তাবিষয়ক বা সম্বন্ধীয়।

Featherfew, *n. s.* বৃক্ষবিশেষ।

Feathergrass, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Featherless, *a.* নঙ্গ, পক্ষবর্জ্জিত, পক্ষহীন, পালক নাই যাহার বা যাহাতে।

Featherly, *a.* পক্ষবৎ, পক্ষন্যায়, পক্ষের ন্যায় দৃশ্য বা আভা যাহার।

Featherseller, *n. s.* পক্ষবিক্রেতা, বিছানায় দিবার পক্ষ বিক্রয় করে যে, পালক বেচে যে।

Feathery, *a.* পক্ষাবৃত, পালকে ঢাকা, পালকপূর্ণ, পালকময়, পালকবিশিষ্ট।

Featly, *ad.* পরিষ্কাররূপে, সৌন্দর্য্যরূপে, উত্তমরূপে, ক্ষীণতা বা সূক্ষ্মতারূপে, শীঘ্রতারূপে, দক্ষতারূপে, চালাকিরূপে, পটুতারূপে, নিপুণতারূপে।

Featness, *n. s.* সৌন্দর্য্য, ক্ষীণতা, সূক্ষ্মতা, উত্তমতা, দক্ষতা, চালাকি, ক্ষিপ্রতা, পটুতা, নৈপুণ্য।

Featous, Feateous শব্দ দেখ।

Featously, *ad.* **Feateously** শব্দ দেখ।

Feature, *n. s.* Fr. মুখশ্রী, চেহারা, মুখ, অবয়ব, আকার, রূপ, নক্শা, তর, মুখের কোন অঙ্গ বা শ্রী কারিগরি।

Featured, *a.* সুশ্রী, শ্রী আছে যাহার বা যাহাতে, সুরূপ, সুন্দর, চেহারা আছে যাহার, অবয়বী, অবয়ববিশিষ্ট, আকারবিশিষ্ট, কোন আকার চেহারা বা রূপ ন্যায় বা তত্তুল্য।

To **Feaze,** *v. a.* Fr. পাক-খোল, দড়ির পাক-এলা, রজ্জুর অগ্রভাগে উল্টাপাকদ্বারা এলো-কৃ বা তদ্দ্রব্য পূর্ব্বাবস্থাপ্রাপ্ত-কৃ, মার, প্রহার-কৃ, আঘাত-কৃ, লাঠি গদা বা ছড়িদ্বারা প্রহার-কৃ।

To **Febricitate,** *v. n.* Lat. জ্বরী-হ, জ্বরাকৃষ্ট-হ, জ্বরে-পত, জ্বরে পীড়িত-হ।

Febrifick, *a.* জ্বরকারক, জ্বরোৎপাদক, জ্বর জন্মে বা হয় যাহার বা যদ্দ্বারা।

Febriculose, *a.* জ্বরী, জ্বরে পীড়িত, জ্বরে ব্যামুগ্ধ।

Febrifuge, *n. s.* Lat. জ্বরঘ্ন, জ্বরনাশক বা জ্বরান্তক ঔষধি, জ্বরের ঔষধ, জ্বরনিবারক ঔষধ।

Febrifuge, *a.* জ্বরঘ্ন, জ্বরান্তক, জ্বরনিবারক।

Febrile, *a.* Lat. জ্বরকারক, জ্বরবিষয়ক, জ্বরঘটিত, জ্বরসম্বন্ধীয়, জ্বরবিশিষ্ট, জ্বরোৎপাদক বা আকর্ষক, জ্বরজ, জ্বরোৎপন্ন।

February, *n. s.* Lat. ইউরোপীয় অব্দের দ্বিতীয় মাস, ফাল্গুণ মাস।

Februation, *n. s.* Lat. সাকারবাদি বা পৌত্তলিক জাতির মধ্যে সংস্কারজনক পূজাকর্ম্মবিশেষ, যজ্ঞ বা হোমবিশেষ।

Fecal, *a.* Fæcal শব্দ দেখ।

Feces, *n. s.* Lat. তলাট, তলানি, খাঁকরি, গাদ, শেষান্ত, শিটা, কাইট, মলা।

Feckless, *a.* নীরস, অবসন্ন, ক্ষীণ, নিস্তেজ, কাহীল, দুর্ব্বল, নির্গুণ।

Feculence বা **Feculency,** *n. s.* Lat. সমলধর্ম্ম, সমলত্ব, মেটেল, মলা, গাদ, খাঁকরি, তলানি, শিটা, কাইট।

Feculent, *a.* ময়লাবিশিষ্ট, গাদবিশিষ্ট, শিটাময় খাঁকরি, গাদ, কাটি বা শিটী আছে যাহাতে বা যাহার।

Fecund, *a.* Lat. ফলবতী, ফলবান, ফলবিশিষ্ট, সফলা, ফলোৎপাদক, ফলজনক, বহুফলা, বহুপত্যা, উর্ব্বরা।

Fecundation, *n. s.* উর্ব্বরাকরণ, সফল বা ফলবানকরণ, বহুপত্যা বা বহুফলাকরণ।

To **Fecundify,** *v. a.* সফলা-কৃ, ফলবান-কৃ, বহুপত্যা-কৃ, ফলোৎপাদক-কৃ।

Fecundity, *n. s.* ফলবত্ত্ব, সফলত্ব, ফলোৎপাদকত্ব, বহু ফলোৎপাদন শক্তি বা তদ্গুণ, ফলজনকত্ব, ফলবত্তা, উর্ব্বরত্ব।

Fed, *pret. and part. pass.* *To* **Feed,** ক্রিয়াপদের অতীত কালবাচক শব্দ, খাওয়াইয়াছে, পোষিয়াছে, পোষা, পোষ্য।

Fedary, *n. s.* অংশী, ভাগী, সরিক, প্রত্যাশী, অধীন।

Federal, *a.* Lat. সন্ধিবিষয়ক, ঐক্য ফিকির বা সন্ধিসম্বন্ধীয়, সন্ধিঘটিত।

Federary, *n. s.* সঙ্গী, সাথী, অংশী, মিত্র, একবাক্য, এক পরামর্শী, ঐক্য বা সন্ধি আছে যাহার সহিত বা যাহার তদ্ব্যক্তি।

Federate, *a.* Lat. ঐক্য, মিল বা সন্ধিতে বদ্ধ আছে যে, সঙ্গী, সুহৃৎ, মিত্র, সাহিত্যওয়ালা, ফিকির করিয়াছে যে বা তাহাতে মিলিত।

Federative, *a.* সন্ধি বা চুক্তিকরণক্ষম বা তৎকার্য্যের শক্তি আছে যাহার বা যাহাতে।

Federation, *n. s.* সন্ধি, ফিকির, ঐক্য।

Fedity, *n. s.* Lat. অধমত্ব, দুষ্টতা, কদর্য্যতা, নীচত্ব, ভ্রষ্টত্ব।

Fee, *n. s.* Sax. [In Law.] রাইয়তী, প্রজাত্ব স্বীকার, ভূম্যাদি বিষয়ে প্রাধান্য বা অধীনতা, স্বামিত্ব, তৎস্বামী বা কর্ত্তার স্থানে একরার বা পাট্টাদ্বারা নীত বা গৃহীত অর্থ ধর্ম্ম, অসাধারণ গুণ, বেতন, পারিতোষিক, রসুম, খরচা, দক্ষিণা, নজর, বৈদ্য কিম্বা উকীলের খরচা বা ফিচ, হিস্যা, ন্যায্য অংশ, বখরা, ভাগ।

Fee-farm, *n. s.* পাট্টা বা একরারনামা, যদ্দ্বারা ভূম্যাদি তৎস্বামির স্থানে নীত বা গৃহীত হয়।

To **Fee,** *v. a.* Goth. পারিতোষিক-দা, বেতন-দা, রসুম বা ফিচ-দা বা দাখিল-কৃ, উৎকোচ-দা, বেতনে-নী, ভাড়া-দা, কেরায়া-দা, কেরায়া করিয়া-নী, ভাড়া-কৃ, দক্ষিণা-দা।

Feeble, *a.* Fr. দুর্ব্বল, ক্ষীণ, কাহিল, ক্ষীণজীবী, জীর্ণ, অশক্ত, অসমর্থ, পীড়িত, জ্বরী, ক্ষীণ, কাহিল, রোগা, কমজোর।

To **Feeble,** *v. a.* ক্ষীণ-কৃ, কাহিল-কৃ, কমজোর-কৃ, রোগা-কৃ।

Feebleminded, *a.* ক্ষীণমনাঃ, অল্পবুদ্ধি, বিবেচনায় স্থৈর্য্য বা নিয়ম নাই যাহার, ক্ষীণপ্রতিজ্ঞ, ক্ষীণমানস।

Feebleness, *n. s.* ক্ষীণতা, অল্পবল, কমজোরী, কাহিলী, দুর্ব্বলতা, জীর্ণতা, জ্বরাবস্থা।

Feebly, *ad.* ক্ষীণতারূপে, দুর্ব্বলতারূপে, জ্বরাবস্থাপূর্ব্বক, বলহীনতা বা রাহিত্যপূর্ব্বক।

To **Feed,** *v. a.* Goth. পোষ, প্রতিপালন-কৃ, খাদ (ঞি), ভোজন-দা, ভোজন দ্রব্য-দা বা যোগা, ভক্ষ্য দ্রব্য সরবরাহ-কৃ, চরা, গবাদি পশুদ্বারা ব্যয় বা নষ্ট-কৃ, আহার-দা, ভরসা-কৃ, আমোদ-কৃ, আহ্লাদ-কৃ, খুসী-কৃ, সন্তুষ্ট-কৃ, খাওয়াইয়া মোটা-কৃ, পুষ্ট-কৃ, পুষ্টতা-জন্মা।

To **Feed,** *v. n.* আহার-কৃ, খাদ, চর, ভক্ষণকারী-হ, ভোজী-হ, আহারদ্বারা প্রাণরক্ষা-কৃ বা শরীর ধারণ-কৃ, চরিয়া-খাদ, মোটা-হ, পুষ্ট-হ।

Feed, *n. s.* আহার, ভোজন, ভক্ষ্যদ্রব্য, ভোজন সামগ্রী, চরিয়া খাইবার দ্রব্য, খাওন, খাদন, আহারকরণ, ভোজনকরণ।

Feeder, *n. s.* ভোজয়িতা, আহারদাতা, ভক্ষ্যদ্রব্য দেয় বা যোগায়

Digitized by Google

যে, প্রবর্ত্তক, উৎসুক্য জন্মায় যে, ভরসাদাতা, খাদক, ভোক্তা, খায় বা খাওয়ায় যে, পোষক, প্রতিপালক।

Feeding, *n. s.* আহার, খোরাক, ভোজন।

To **Feel,** স্পন্দ, ত্বাচ প্রত্যক্ষ-হ, কোনদ্রব্য বা বস্তু সংস্পর্শদ্বারা বোধ-কৃ, ভাল মন্দ হঠাৎ বোধ-কৃ।

To **Feel,** *v. a.* স্পর্শ, ছোঁয়, সংস্পৃশ, টীপ, টীপিয়া-দৃশ, ধৃ, হাতড়া, হস্তা মর্শ, বুঝ, বিবেচনা-কৃ, শব্দ-কৃ, উচ্চারণ-কৃ, সংস্কার-হ, বোধ-কৃ, বাহ্যে সুখ বা দুঃখ বোধ-কৃ, আকৃষ্ট-কৃ, মনে জ্ঞা বা -বুঝ, জ্ঞা, অবগত-হ বা-করা।

Feel, *n. s.* ত্বাচ প্রত্যক্ষ, সংস্পর্শন, স্পর্শন, ছোওন, সান, সাড়, চেতনা, চৈতন্য, স্পন্দন, উপলব্ধি।

Feeler, *n. s.* বোধকর্ত্তা, মনে জানে বা বোধ করে যে, কীটের হুল সুয়া বা শুঁড়।

Feeling, *part. a.* বোধকারী, সংস্কারজনক, বোধকারয়িতা, ত্বাচ প্রত্যক্ষক, স্পর্শ জ্ঞানজনক, সুখ দুঃখ বা অন্য সংস্কার জন্মে বা হয় যাহার বা যাহাতে।

Feeling, *n. s.* স্পর্শ জ্ঞান, ত্বাচ প্রত্যক্ষ, সান, সাড়, চৈতন্য, চেতনা, বোধ, কোন কার্য্যদ্বারা শারীরিক সংস্কার জ্ঞান বা বোধ, দয়া, মায়া, স্নেহ, ভাল মন্দ জ্ঞান, সংস্কার।

Feelingly, *ad.* স্নেহপূর্ব্বক, দয়াপূর্ব্বক, স্পর্শজ্ঞানপূর্ব্বক, চেতনাপূর্ব্বক, বোধপূর্ব্বক, সংস্কারপূর্ব্বক।

Feese, *n. s.* দৌড়, চালি, চলন।

Feet, *n. s.* পাদ শব্দের বহুবচনান্তপদ, চরণদ্বয়, বহুপাদ, ষোড়শ অঙ্গুলিপরিমিত গজ অথবা ফুটসংজ্ঞকমাপের বহুবচনান্ত শব্দ।

Feetless, *a.* নিষ্পাদ, পাদহীন, পাদদ্বয়বর্জ্জিত, চরণ নাই যাহার।

To **Feign,** *v. a.* Fr. রচনা-কৃ, নির্ম্মাণ-কৃ, গঠ, রূপ-দৃশ, বাহানা-কৃ, মিথ্যারূপে জ্ঞাত-কৃ, ছলনা-কৃ, ঠান-কৃ, প্রতারণা-কৃ, কল্পিতাকার-কৃ, অপ্রকৃত-কৃ, অযথার্থ-কৃ, বিশ্বাসঘাতন-কৃ, ফাকি-দা, ভোগা-দা, লুকা, গোপন-কৃ, ঢাক, আরোপিত-কথ।

To **Feign,** *v. n.* মিথ্যা-কথ বা-রচ, অপ্রকৃত, মিথ্যা বা কল্পিতরূপে ব্যক্ত-হ, আদর্শ নকল বা প্রতিমূর্ত্তি-হ, আরোপিত-রচ।

Feignedly, *ad.* প্রতারণা কল্পনা বা মিথ্যারূপে ভাবে বা অবস্থায় বা তৎপূর্ব্বক, অসত্যতারূপে, ছলক্রমে, ছল বা বাহানাপূর্ব্বক, ছদ্মবেশপূর্ব্বক।

Feignedness, *n. s.* মিথ্যা, অসত্য, অযাথার্থ্য, কল্পিতত্ব, প্রতারণা, বাহানা, ছল।

Feigner, *n. s.* রচক, গঠে যে, রচে যে, মিথ্যা বাদী কারী বা আচারী, প্রবঞ্চক, প্রতারক, ছদ্মবেশী, বাহানা করে যে, ছল করে যে।

Feigning, *n. s.* ছদ্মবেশ, প্রবঞ্চনা, প্রতারণা, ফিকির, ঠগামি।

Feigningly, *ad.* প্রতারণাপূর্ব্বক, প্রবঞ্চনারূপে, কারসাজিপূর্ব্বক।

Feint, *part. a.* প্রতারক, ছদ্মবেশী, দেখাউ, বাহ্যে প্রকাশক।

Feint, *n. s.* Fr. কল্পিত দর্শন, মিথ্যারূপে ছল বাহানা কারসাজি প্রতারণা কৃত্রিম খেলা কর্ম্ম বা বিষয়।

Felanders, *n. s.* Fr. বাজপক্ষির কীটবিশেষ।

To **Felicitate,** *v. a.* Lat. সুখী-কৃ, খুশী-কৃ, আনন্দিত-কৃ, মঙ্গলাচরণ-কৃ, পর মঙ্গলে আহ্লাদ প্রকাশ-কৃ, মঙ্গলঘটনায় বন্দনা-কৃ, মঙ্গলাচরণ-কৃ।

Felicitate, *part. a.* সুখী, আনন্দিত হইয়াছে যে বা করা গিয়াছে যাহাকে।

Felicitation, *n. s.* সুখ, আহ্লাদ, আনন্দ, পরমঙ্গলে আহ্লাদ বা আনন্দকরণ, মঙ্গলাচরণ, মঙ্গলঘটনায় বন্দনা।

Felicitous, *a.* Lat. আহ্লাদিত, আনন্দিত, খোষ, মঙ্গলজনক।

Felicitously, *ad.* আহ্লাদপূর্ব্বক, আনন্দপূর্ব্বক, সুখপূর্ব্বক।

Felicity, *n. s.* আনন্দ, সুখ, কুশল, আহ্লাদ, বিলাস, আরাম, নিত্য সুখ, সচ্চিদানন্দ, নির্ম্মল সুখ, সৌভাগ্য, শুভাদৃষ্ট।

Feline, *a.* Lat. মার্জ্জারবৎ, বিড়ালন্যায়, বিড়ালসম্বন্ধীয়।

Fell, *a.* Sax. কঠিন, নির্দ্দয়, নিষ্ঠুর, খল, বন্য, অসভ্য, গোঁয়ার, ক্রূর, চোয়াড়, পশু, অমনুষ্য, হিংসু, খুনে।

Fell, *n. s.* Sax. রাগ, বিষণ্ণতা, দুঃখ, শোক।

Fell, *n. s.* Sax. চর্ম্ম, চামড়া, ত্বক, ছাল।

Fell, *n. s.* Germ. পাহাড়, পর্ব্বত, Field অর্থাৎ ক্ষেত্র শব্দের অশুদ্ধ ভাষা জানিবে।

To **Fell,** *v. a.* Germ. মারিয়া-ফেল, পতন-করা, ফেলিয়া-দা, সমভূমি-কৃ, মৃত্তিকাতে-আনী বা-ফেল, কাটিয়া-ফেল, আঘাত-কৃ, মার, ছেদ-কৃ, ভূমিষ্ঠ-কৃ, ছেদনদ্বারা পাড়িয়া-ফেল।

Fell, *To* **Fall,** ক্রিয়াপদের অতীতকালবাচক শব্দ, পড়িয়াছে, পতন হইয়াছে, পতিত।

Feller, *n. s.* কাটিয়া নামায় বা ফেলে যে।

Fellifluous, *a.* Lat. পিত্তময়, পিত্তপরিপূর্ণ।

Fellmonger, *n. s.* চামড়াওয়ালা, চর্ম্মব্যবসায়ী, চামড়াক্রয় বিক্রয় করে যে।

Fellness, *n. s.* ক্রূরতা, নির্দ্দয়তা, নিষ্ঠুরতা, বন্যতা, পশুত্ব, গোয়ারতিমি, রাগ, গোস্সা, কোপ, ফোঁপানি।

Felloe, *n. s.* Dutch. চাকার পরিধি বা বেড়, চাকার অন্তিক ভাগ, চক্রের বেড়ের এক ভাগ।

Fellon, *n. s.* Felon, ক্ষত, ঘা, জখম, এতদ্ভিন্ন Felon শব্দের অর্থ -দেখ।

Fellow, *n. s.* Sax. সঙ্গী, সমভিব্যাহারী, সমযোটী, পরামর্শী, পরামর্শ হয় বা করা যায় যাহার সহিত, পারিষদ, একত্র থাকা যায় যাহার সহিত বা থাকে যে, এক কর্ম্মের কর্ম্মী, এককর্ম্ম বা মতবাদী, উপযুক্ত ব্যক্তি বা বস্তু, অন্যের সহিত যোট বা মেল হয় যাহার, যোড়া, যুগ্ম, জোড়ার একজন, তুল্য বস্তু, সমছাত্র, সমাধ্যায়ী, কোন বিদ্যালয়ের বা সমাজের লাভালাভের অংশী, বিদ্যালয়ে স্থায়ী বা তদংশী বা তৎস্থানের ছাত্র, হেয়ত্বসূচক শব্দ, ক্ষুদ্র, অধম, নীচ, পাজীবেটা, হারামজাদা।

To **Fellow,** *v. a.* যোগ-কৃ, একত্র-কৃ, যোড়-দা, যোড়া-লাগা, যুক্ত-কৃ, সংযুক্ত-কৃ, যোড়-বান্ধ, মিলা, সমতুল্য-কৃ।

Fellow-citizen, *n. s.* একশহরবাসী, একশহরের লোক।

Fellow-commoner, *n. s.* সাধারণ স্বার্থ আছে যাহার বা ভোগ করে যে।

Fellow-counsellor, *n. s.* একরাজার বা রাজ্যের মন্ত্রী, সমমন্ত্রী, তুল্যপরামর্শী।

Fellow-creature, *n. s.* সমসৃষ্ট, সমজাতি, একস্থানজ, এক জাতিজ, সহোৎপন্ন।

Fellow-heir, *n. s.* অংশী, ওয়ারিষ, পৈতৃক ধনে সমাংশী।

Fellow-helper, *n. s.* সাহায্যকর্ত্তা, উপকারক, সহকার।

Fellow-labourer, *n. s.* এক কর্ম্মের কর্ম্মী, সহকর্ম্মী, সহ বা এক কর্ম্মে নিযুক্ত যে, অন্যের সহিত পরিশ্রম করে যে।

Fellow-maiden, *n. s.* অবিবাহিতা স্ত্রীর সহবাসিনী, অবিবাহিতা বা কুমারীর সহিত বাস করে যে কুমারী বা দাসী, সহচরী।

Fellow-member, *n. s.* অংশী, ভাগী, কোন সমাজ বা জনসমূহের মধ্যে একজন।

Fellow-minister, *n. s.* এক কর্ম্মে নিযুক্ত, এক কর্ম্মকারী, এক রাজার মন্ত্রী।

Digitized by Google

Fellow-peer, *n. s.* সমকুলীন, কৌলীন্য বিষয়ে সমান মর্য্যাদা লাভ বা বৃত্তি ভোগ করে যে।

Fellow-prisoner, *n. s.* তুল্য বন্দিয়ান, এক জেলের কয়েদী, এক কারাগারস্থ ব্যক্তি।

Fellow-scholar, *n. s.* সমাধ্যায়ী, সমাধ্যায়ি ছাত্র, এক পাঠশালার ছাত্র, অন্যের সহিত একপাঠশালায় পড়ে যে।

Fellow-servant, *n. s.* সহদাস, একপ্রভুর দাস, এক স্থানে মনিবের চাকরি করে যে।

Fellow-soldier, *n. s.* সহযোদ্ধা, সহসৈন্য, একসৈন্যাধ্যক্ষের তাঁবে থাকে বা লড়াই করে যে, এক অধ্যক্ষের অধীন সৈন্য।

Fellow-student, *n. s.* সহপাঠক, তুল্যছাত্র, এক পাঠশালায় পাঠ করে যে, সমাধ্যায়ী, সহাধ্যায়ী, সতীর্থ।

Fellow-subject, *n. s.* একরাজ্যবাসী, একরাজার অধিকারে বাস করে যে, এক রাজার রাজ্যে বা দেশে অন্যের সহিত থাকে বা বাস করে যে।

Fellow-sufferer, *n. s.* সহভোগী, অন্যের সহিত দুঃখ ভোগ করে যে, সহদুঃখী, সহ দুঃখভাগী।

Fellow-traveller, *n. s.* অন্যের সহিত ভ্রমণকারী, অন্যের সহিত পর্য্যটন করে যে, অন্যের সহিত সফর বা দেশ ভ্রমণ করে যে।

Fellow-worker, *n. s.* সহকর্ম্মী, এক কর্ম্মকারী, এক কর্ম্মে নিযুক্ত যে, এক ব্যবসায় করে বা চলে যে।

Fellow-writer, *n. s.* এক বিষয় লেখক, তুল্য বিষয় লিখে বা রচনা করে যে, এক কালে অন্যের সহিত কোন বিষয় লেখক বা রচনাকর্ত্তা, সহলেখক, এক কালীন লেখক।

Fellowfeeling, *n. s.* সমব্যথা, সমবেদনা, পরস্পর সুখ দুঃখের অংশীহওন বা তৎসংস্কার, মেলন, ঐক্য, যোগ, সমাধিকার, তুল্যস্বার্থ ভোগ বা লাভ।

Fellowlike বা **Fellowly**, *a.* সমতুল্য, সঙ্গী বা সমভিব্যবহারিবৎ, সহকারিতুল্য, তুল্য, সমান অংশী, সঙ্গী, তুল্যকরণ বা হওনোপযুক্ত।

Fellowship, *n. s.* সমভিব্যাহারিতা, সঙ্গিত্ব, সহবাস, সংসর্গ, একত্রস্থিতি, মেল, ঐক্য, এক মত, এক পরামর্শ, সাজস, তুল্যত্ব, সমতুল্যতা, অংশিত্ব, সাজা, ভাগের ভাগী তদবস্থা বা ভাব, সন্দর্শন, সহবাস, একত্র স্থিতি বাস বা হওন তদবস্থা বা তদ্ভাব।

Good fellowship, আমোদকরণীয়ত্ব, আমোদ প্রমোদ যোগ্যত্ব বা তদবস্থা, বিদ্যালয়ের লাভ বা প্রাপ্তির অংশ পায় যে বা তদংশী. [In Arithmetick.] বহুজনের দেনা পাওনা একত্রে বা এক মাক্তায় হিসাবকরণের প্রকরণ বিশেষ।

Felly, *ad.* নিষ্ঠুরতারূপে, ক্রূরতাপূর্ব্বক, চোয়াড় বা জঙ্গলামতে।

Felly, *n. s.* Felloe শব্দ দেখ।

Felness, **Fellness** শব্দ দেখ।

Felo-de-se, *n. s.* আত্মঘাতী, আত্মহত্যা হয় বা করে যে।

Felon, *n. s.* Fr. দুষ্কর্ম্মী বা অপরাধিবিশেষ, চুরিডাকাতী খুন ইত্যাদি দুষ্কর্ম্মের কর্ম্মী যে, মহাপরাধী, মহাপাপগ্রস্ত, গাইট শূল, নখশূল, আঙ্গুলহাড়া, অতিনিষ্ঠুর বা ক্রূরব্যক্তি মৃত্যু হয় বা প্রাণদণ্ড হয় যে পাপে বা অপরাধে তৎপাপ বা অপরাধগ্রস্ত।

Felon, *a.* নিষ্ঠুর, নির্দয়, ক্রূর, অপকারী, জিঘাংসু, অমনুষ্য, পশু, রাগাল।

Felonious বা **Felonous** *a.* দুষ্ট, দুরাচার, দুষ্কর্ম্মী, বিশ্বাসঘাতক, অপকারী, মন্দকারী, পাপিষ্ঠ, মহাপরাধবিশিষ্ট।

Feloniously, *ad.* দুষ্টতারূপে, বিশ্বাসঘাতকতাপূর্ব্বক, মহাপাপ বা অপরাধপূর্ব্বক।

Felony, *n. s.* Fr. মহাপরাধ, বড়দুষ্কর্ম্ম, চুরি ডাকাতী খুনইত্যাদি কর্ম্ম, উত্তম বা অতিসাহস।

Felt, *To* Feel, ক্রিয়াপদের অতীতকালবাচক শব্দ, বোধ বা অনুভাব হইয়াছে বা করিয়াছে।

Felt, *n. s.* Sax. জমাট বস্ত্র, কম্বলবিশেষ, পশম জমাটদ্বারা নির্ম্মিত বস্ত্র, চর্ম্ম, চামড়া।

To **Felt**, *v. a.* জমাট-কৃ, পশম জমাট-কৃ, সূত্রের জমাট-কৃ, তাঁত বা বুননব্যতিরেকে নির্ম্মাণ-কৃ।

Felt-maker, *n. s.* জমাট বস্ত্র নির্ম্মাণ করে যে, জমাট পশমি বা কম্বল নির্ম্মাণ করে যে বা তৎকর্ম্মে নিযুক্ত ব্যক্তি।

To **Feltre**, *v. a.* পশমাদি দ্রব্য জমাট-কৃ, জমা।

Felucca, *n. s.* Ital. ছয় দাঁড়ের মেলা বা খোলা নৌকাবিশেষ।

Female, *n. s.* Fr. স্ত্রী, স্ত্রীজাতি, স্ত্রীলিঙ্গ, মাদী, মেয়্যা, মেনী, প্রসূতী।

Female, *a.* অপুংস্ত্রী, স্ত্রীবিষয়ক, স্ত্রীসম্বন্ধীয়, মাদী।

Female *Rhymes*, মিতাক্ষর বা অনুপ্রাসবিশেষ।

Feme *covert*, *n. s.* Fr. বিবাহিতা স্ত্রী।

Feme *sole*, *n. s.* Fr. এক স্ত্রী, এক জন স্ত্রী।

Feminality, *n. s.* Lat. স্ত্রীস্বভাব, স্ত্রীভাব লক্ষণ বা ধর্ম্ম।

Feminate, *a.* স্ত্রীবৎ, স্ত্রীধর্ম্মক।

Feminine, *a.* স্ত্রীলিঙ্গবাচক, স্ত্রীবিষয়ক, স্ত্রীধর্ম্মক, উৎপাদনকারী, প্রসবিনী, নরম, কোমল, ধীর, দান্ত, মৃদু, ক্ষীণ, ভীরু, স্ত্রীবৎ, স্ত্রীসম্বন্ধীয়, পুংস্ত্বরহিত বা বর্জ্জিত, খাসী, খোজা।

Feminine, *n. s.* স্ত্রী, স্ত্রীলোক, মেয়্যা।

Feminity, *n. s.* স্ত্রী স্বভাব, স্ত্রীধর্ম্ম, স্ত্রীর লক্ষণ।

To **Feminize**, *v. a.* স্ত্রীবৎ-কৃ, স্ত্রীধর্ম্মক-কৃ, মেয়্যা-কৃ, স্ত্রীর লক্ষণাক্রান্ত-কৃ।

Femoral, *a.* Lat. উরুসম্বন্ধীয়, জঙ্ঘাসম্বন্ধীয়।

Fen, *n. s.* Sax. জলা, নিম্ন ভূমি, আদ্র বা জলা জমী।

Fenberry, *n. s.* ফলবিশেষ।

Fen-born, *a.* জলা ভূমিতে জাত বা উৎপন্ন।

Fen-cress, *n. s.* Sax. জলা ভূমিতে উৎপন্ন কাঁচড়াবিশেষ।

Fen-cricket, *n. s.* মৃত্তিকার ভিতর গর্ত্তকারী বা থাকে জন্তু বিশেষ।

Fen-duck, *n. s.* একপ্রকার জলপক্ষী।

Fen-fowl, *n. s.* Sax. জলা বা বিলে থাকে যে পক্ষী।

Fen-land, *n. s.* জলা জমী, নিম্ন, কাদাটে বা ভিজা ভূমি।

Fence, *n. s.* Lat. রক্ষা, আটক, বেড়া, বেড়, ঘেরাণী, টাটী, ঘেরা, প্রাচীর বিশেষ, বেড়াদিবার প্রকরণ, গড়বন্দী, অস্ত্র খেলা বিদ্যায় নৈপুণ্য বা সংস্কার।

To **Fence**, *v. a.* অস্ত্র খেলাভ্যাসী-হ, রক্ষিত-হ, চোট সামল, অস্ত্রশিক্ষা-কৃ, অস্ত্রবিদ্যানুসারে যুদ্ধ-কৃ।

To **Fence**, *v. n.* ঘের, বেড়, বেড়া-দা, আটক-কৃ।

Fence-month, *n. s.* রাজবননিয়মে সংজ্ঞাবিশেষ, বনে শিকারকরণে নিষিদ্ধ মাস, বনে শিকার করিতে বারণ আছে যে মাসে, এতদর্থক জানিবে।

Fenceful, *a.* রক্ষক, বেড়া হয় যাহাতে বা যদ্দ্বারা, বেড়াবিশিষ্ট, রক্ষিত।

Fenceless, *a.* খোলা, আদুড়, বেপর্দা, বেড়া নাই যাহার বা যাহাতে প্রাচীর বা বেড়ারহিত, ঘেরা নাই যাহার।

Fencer, *n. s.* অস্ত্র বিদ্যাশিক্ষাকারক, যষ্টি ক্রীড়া অভ্যাস করায় যে, অস্ত্রবিদ্যা বা ক্রীড়া শিখায় বা অভ্যাস করায় যে, অস্ত্র বিদ্যাজ্ঞ।

Digitized by Google

Fencible, *a.* রক্ষণযোগ্য, রক্ষাক্ষম, রক্ষণীয়।
Fencibles, *n. s.* সৈন্যদল, পল্টনবিশেষ।
Fencing, *n. s.* অস্ত্রবিদ্যা, অস্ত্রশিক্ষা, যষ্টিক্রীড়াবিদ্যা।
Fencingmaster, *n. s.* শস্ত্রবিদ্যা শিক্ষাকর্ত্তা বা গুরু।
Fencingschool, *n. s.* শস্ত্রবিদ্যা শিক্ষালয়, অস্ত্রবিদ্যার পাঠশালা।
To **Fend,** *v. a.* Lat. নিবারণ-কৃ, রোধ বা আটক-কৃ, অবরোধ-কৃ, বর্জন-কৃ, দূর-কৃ, দূরে বা তফাতে-রক্ষ।
To **Fend,** *v. n.* বিবাদ-কৃ, অস্বীকার-কৃ।
Fender, *n. s.* আতসখানার কপাট বা তৎসম্মুখবর্ত্তি লোহার পাটাবিশেষ, যৎকর্তৃক অগ্নি নীচে পড়ে না, জাহাজের পার্শ্ববর্ত্তি কোন দ্রব্য।
To **Fenerate,** *v. n.* Lat. সুদে টাকা-রক্ষ, সুদে টাকা-স্থা।
Feneration, *n. s.* সুদ, লাভ, প্রাপ্তি।
Fenestral, *a.* Lat. করকাসম্বন্ধীয়, খিড়কী বা জানালার।
Fennel, *n. s.* Sax. উগ্র গন্ধবিশিষ্ট, বৃক্ষবিশেষ, শুলফা, শুলফা শাক।
Fennelflower, *n. s.* বৃক্ষবিশেষ।
Fennelgiant, *n. s.* বৃক্ষবিশেষ।
Fenny, *a.* Sax. জলুয়া, কাদাটে, পাঁকল, ভিজা, দাম বন বা কর্দ্দময় ভূমি, পাঁকলসম্বন্ধীয়, তদ্ভূমিতে বাস করে যে।
Fennystones, *n. s.* বৃক্ষবিশেষ।
Fenowed, *a.* Sax. নষ্ট, গলিত, পতিত, সড়া।
Fensucked, *a.* শুষ্ক।
Fenugreek, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।
Feod, *n. s.* Lat. জায়গীর, আয়মা, সনন্দবিশেষ, ভুক্তি।
Feodal, *a.* Fr. জায়গীর বা বৃত্তি ন্যায় বা তৎসম্বন্ধীয় বা বিষয়ক, সনন্দ বা ভুক্তিদ্বারা অধিকৃত, ভূমিসম্বন্ধীয়, আয়মা বা খুনকারের নিয়ম বা আইন।
Feodality, *n. s.* জায়গীর, আয়মাদারী, খুনকারী।
Feodary, *n. s.* জায়গীরদার, খুনকার।
Feodatary, *n. s.* জায়গীর, আয়মা, খুনকারের বৃত্তিভোগ।
Feodatory, *a.* জায়গীরদার।
To **Feoff,** *v. a.* Fr. দখল-দা (ক্রি), স্বত্ব-জন্মা, অধিকার-করা।
Feoff, *n. s.* আয়মা, জায়গীর, বৃত্তি।
Feoffee, *n. s.* দখলীকার, ভোগী, স্বত্বাধিকারবিশিষ্ট।
Feoffer, *n. s.* দখল দেওয়ায় যে, দখল দেয় যে, ভুক্তিদাতা।
Feoffment, *n. s.* দখল দেওন, দখলকরণ, অধিকার দেওন।
Feracious, *a.* Lat. উর্ব্বরা, সফলা, ফলবান।
Feracity, *n. s.* উর্ব্বরত্ব, ফলবত্ব, সফলত্ব।
Feral, *a.* Lat. মরণবিষয়ক, অন্ত্যেষ্টিক্রিয়াসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।
Fere, *n. s.* Sax. সঙ্গী, সাথী, সমভিব্যাহারী, সহকার, সমতুল্য, প্রতিযোগী।
Feretory, *n. s.* Lat. গিরিজাঘরের স্থানবিশেষ, যেখানে মড়ার সিন্দুক রাখে।
Ferial, *a.* Lat. সপ্তাহের কোন দিবসসম্বন্ধীয়, পর্ব্বাহবিষয়ক।
Feriation, *n. s.* পর্ব্বাহ বা পুণ্য দিন প্রতিপালনকরণ বা তদ্দিনের কর্ত্তব্য কর্ম্মকরণ, পবিত্র বা পুণ্য দিন পালন বা রক্ষাকরণ।
Ferie, *n. s.* সপ্তাহের কোন সাধারণ দিন, যে দিন পুণ্যাহ বা পবিত্র নহে।
Ferine, *a.* Lat. বন্য, জঙ্গলী, অসভ্য, নিষ্ঠুর, পশুবৎ।
Ferineness, *n. s.* বন্যত্ব, অসভ্যতা, পশুত্ব, নিষ্ঠুরতা।
Ferity, *n. s.* অসভ্যতা, পশুত্ব, নিষ্ঠুরতা, ক্রূরতা।

To **Ferk, Firk** শব্দ দেখ।
Ferm, *n. s.* Sax. খাজানা, ভাড়া, ইজারা, বাসাবাটী, বাসস্থান, বাসা।
To **Ferment,** *v. a.* Lat. ফাঁপা, পাকা, উথলা, খমির-তুল, মাতা, খমির-তুল বা-উঠ, গেঁজা।
To **Ferment,** *v. n.* ফাঁপ, মাত, উথলিয়া-উঠ, গেঁজ, ফাঁপিয়া বা মাতিয়া-উঠ।
Ferment, *n. s.* ফাঁপ, ফুলন, গাজলা, মাত, মাতিয়া উঠন, পাক, ফুলিয়া উঠন, খমির, মাত, গেঁজন, কলহ, গোলমাল।
Fermentable, *a.* মাতনযোগ্য, গাঁজিয়া উঠে যে, গাঁজিবার বা মাতিয়া উঠিবার যোগ্য।
Fermental, *a.* মাতনক্ষম, গাঁজিয়া উঠে যে, গেঁজনক্ষম।
Fermentation, *n. s.* Lat. মাতন, গাঁজন, উদ্ভাব, খমির, ফাঁপিয়া উঠন।
Fermentative, *a.* উদ্ভাবকারী বা জনক, খমিরসম্বন্ধীয়, ফাঁপনসম্বন্ধীয়।
Fermentativeness, *n. s.* উদ্ভাবকারয়িতা, ফাঁপিয়া গেঁজিয়া বা ফুলিয়া উঠিবার ক্ষমতা শক্তি বা তৎস্বভাব।
Fermillet, *n. s.* Fr. বন্ধনী, বন্ধ, আটক।
Fern, *n. s.* Sax. বৃক্ষবিশেষ।
Ferny, *a.* পূর্ব্বোক্ত বৃক্ষময় বা তদাবৃত।
Fatterer, *n. s.* খোসামুদে, মিথ্যাপ্রশংসক, স্তাবক, স্তুতিবাক্য গায়ক, স্তোতা, গোঁড়া, বাক্যে বশকারী, বাক্যদ্বারা ফুসলায় বা ভুলায় যে, প্রতারক।

Flatteringly, *ad.* খোসামোদপূর্ব্বক, মিথ্যাপ্রশংসাপূর্ব্বক, মিথ্যা প্রশংসাদ্বারা ফুসলান বা ভুলানপূর্ব্বক।

Flattery, *n. s.* খোসামোদ, মিথ্যা প্রশংসা, স্তব, আনুরক্ত্য প্রকাশ, স্তুতি, স্তোত্র।

Flattish, *a.* ঈষৎসমান প্রশস্ত বা চৌড়া, কিঞ্চিৎ চৌকোস চ্যাটকা বা খ্যাবড়া।

Flatulency, *n. s.* বাতিকত্ব, বায়ু, বায়ুপূর্ণত্ব, বায়ুরোগ, কোষ্ঠাশ্রিত বায়ু, পেটের ফাঁপ, উদর ধ্মান, খালি, অনর্থকতা, পেটের গরমী, জ্ঞানরাহিত্য, পাগলামি, অর্দ্ধাচীনতা, উদরধ্মানবিশিষ্টত্ব, পেটফাঁপা, স্ফীতি, ফুলা, ফাঁপ, কেবল বায়ুতে পূর্ণত্ব।

Flatulent, *a.* Lat. বায়ুরোগগ্রস্ত, বাতিক, বাইয়া, বায়ুবিশিষ্ট, খোলা, অনর্থক, ভড়কে, জাঁকওয়ালা, ফাঁপা।

Flatuosity, *n. s.* Fr. বাতিকত্ব, বায়ুবিশিষ্টত্ব, বায়ুপূর্ণত্ব।

Flatuous, *a.* বায়ে, বায়ুবিশিষ্ট, বায়ুরোগগ্রস্ত বা পরিপূর্ণ।

Flatus, *n. s.* Lat. বায়ু, শরীরস্থিত বায়ু, শরীরের মধ্যে সঞ্চারিত বায়ু, শ্বাস, স্ফীতি, ফাঁপ।

Flatwise, *a.* নীচে সমান, তলায় সমান, তলা চ্যাটকা।

To Flaunt, *v. n.* ভড়ক-দৃশ, ভড়ক বা জাঁক-কৃ, পোশাকে ভড়ক-কৃ, মুখশোভার্থ-দৃশ, দুষ্টমুখ-দৃশ, মুখের দুষ্টতা প্রকাশ-হ, ঝুল, লুণ্ঠায়মান-হ।

Flaunt, *n. s.* কোন খোলাসা লোটন্যা বা কোলা বস্ত্র, জাঁক, ভড়ক, বড়াই।

Flavour, *n. s.* Fr. রস, লালিত্য, আস্বাদ, মজা, জিহ্বাতে সুস্বাদু হয় যাহাতে তচ্ছক্তি, সুগন্ধি, গন্ধ দ্রব্য, সুবাস, স্বাদ।

Flavourous, *a.* সুস্বাদু, সুরস, সুগন্ধি, রসাল, স্বাদু, মজাদার, সুখাদ্য, সুপেয়, লালিত্য আছে যাহাতে।

Flavoured, *a.* স্বাদবিশিষ্ট, আস্বাদু, সুখাদ্য।

Flavous, *a.* Lat. পীত, পীতবর্ণ।

Flaw, *n. s.* Gr. ফাটি, চিড়, ছিদ্র, দোষ, খুঁত, দাগ, অপরাধ, ধুমাধম, ঝাপ্টা, ধাক্কা, সোরসরাবৎ, কলহ, হঙ্গাম, মনের উদ্বেগ চাঞ্চল্য বা বিকার।

Flawless, *a.* নির্দোষ, নিখুঁত, চিড় দাগ বা ফাটারহিত।

Flawn, *n. s.* Sax. পিষ্টকবিশেষ।

To Flawter, *v. a.* চামড়া-আচড়-ছিল বা-কাট।

Flawy, *a.* চিড়ময়, ফাটা বা খুঁতবিশিষ্ট।

Flax, *n. s.* Sax. শণ, কোষ্টা, বৃক্ষবিশেষ, যাহাতে উত্তম সূত্র হয়, তিসি, মশিনা, অতসী।

Flaxcomb, *n. s.* অস্ত্রবিশেষ, শণ বা কোষ্টা আঁচড়ে যৎদ্বারা, শণআঁচড়া চিরুণী।

Flaxdresser, *n. s.* শণ আঁচড়ে বা পরিষ্কার করে যে, বুননের নিমিত্তে শণ পরিষ্কার করে যে।

Flaxen, *a.* শুণো, শণনির্ম্মিত, দীর্ঘ বা লম্বা শণবৎ, দীর্ঘাকার তিসি নির্ম্মিত, তিসিবৎ ফরসা বা কোমল।

Flaxweed, *n. s.* বৃক্ষবিশেষ।

Flaxy, *a.* পরিষ্কার, ফরসা, শাপ।

To Flay, *v. a.* Icel. চামড়া-ছিল, চামড়া-কেলা, চর্ম্ম-তুল, ছাল-তোল, চর্ম্ম বা উপর্য্যংশ-ছাড়া, পৃথক-কৃ।

Flayer, *n. s.* চর্ম্ম বা ছাল বা উপর্য্যংশ ছাড়ায় বা ছোলে যে।

Flea, *n. s.* Sax. মক্ষিকা, মাছীবিশেষ, উয়াঙ্কি।

To Flea, *v. a.* মাছি-তাড়া, মাছি পরিষ্কার-কৃ।

Fleabane, *n. s.* বৃক্ষবিশেষ।

Fleabite, বা Fleabiting, *n. s.* মাছির কামড়, মক্ষিকার দংশন, মক্ষিকাদংশনবৎ ক্ষত চিহ্ন বা বেদনা।

Fleabitten, *a.* উয়াঙ্কিদংশিত, মক্ষিকাকর্ত্তৃক দষ্ট, মাছিকাটা, ক্ষুদ্র, অন্ত্যজ, জঘন্য, নীচ, অপকৃষ্ট, হেয়, তুচ্ছ।

Fleak, *n. s.* Lat. গুলি, ফেঁটা, তাল, লুড়ি, বহুদ্রব্য একত্রীকৃত বা ভূত।

Fleam, *n. s.* পশ্বাদির বেলকার, ঘোটকাদিজন্তুর রক্তমোক্ষণ করণের অস্ত্র।

Fleawort, *n. s.* বৃক্ষবিশেষ, কুক্কুর শুঁয়া, কুকশীমা।

To Fleck, *v. a.* Germ. দাগ-দা, দাগী-কৃ, ডোরাৎদাগ-কৃ, পাঁচরঙ্গা-কৃ।

To Flecker, *v. a.* দাগ-দা, ফোঁটা-দা, চিহ্ন-কৃ বা-দা, অঙ্ক-দা, ডোরা-দা, আঁক-দা, অঙ্কিত-কৃ, তুলী-বুলা।

Flection, *n. s.* Lat. নিম্নকরণ, হেটকরণ, ফিরণ বা ঘূরণ বা তৎশক্তি।

Flector, *n. s.* শরীরাঙ্গনামধেয়, Flexor শব্দ দেখ।

Fled. of Flee ক্রিয়াপদের অতীত বাচক শব্দ।

Fledge, *a.* Dutch. পাখাবিশিষ্ট, পালকময়, উড়নক্ষম, পাখাওয়ালা বা বিশিষ্ট।

To Fledge, *v. a.* পাখা-দা, পক্ষবিশিষ্ট-কৃ, পালকময় বা পালক পরিপূর্ণ-কৃ, পক্ষযুক্ত-কৃ, পালক-উঠা।

To Flee, *v. n.* পলায়ন-কৃ, উৎপাতহইতে পলাতক-হ, পলাই

Digitized by Google

য়া-গম বা বাঁচ, অদর্শন-কৃ, পলা, লুকা, রক্ষার্থে পলায়ন-কৃ, আশ্রয়াবলম্বন-কৃ।

Fleece, *n. s.* Sax. ভেড়ার লোম, ভেড়ার রোঁয়া, একটী ভেড়াতে যত রোম থাকে তৎপরিমিত লোম।

To **Fleece**, *v. a.* ভেড়ার লোম-ছাঁট বা-কাট, ছাট, টান, উৎপাটন -কৃ, লুঠ-কৃ, অপহরণ-কৃ, হরণ-কৃ, বিস্তীর্ণ-কৃ, বিস্তৃতকৃত লোমের ন্যায় সর্ব্বাঙ্গে বিস্তৃত-কৃ।

Fleeced, *a.* ভেড়ার লোমবিশিষ্ট, লোমে মণ্ডিত বা আবৃত, লোমবিশিষ্ট, লোমশ।

Fleecer, *n. s.* অপহারক, লুঠেরা, বঞ্চিত করে যে, কাড়িয়া লয় যে।

Fleecy, *a.* লোমময়, লোমজ, লোমবিশিষ্ট, লোমপূর্ণ, লোমাবৃত, পশমী, ফিকারঙ্গবিশিষ্ট।

To **Fleer**, *v. n.* Icel. ভেংচা, ভেঙ্গ, বিদ্রূপ-কৃ, তামাসা-কৃ, ব্যঙ্গ -কৃ, ঠাট্টা-কৃ, উপহাস-কৃ, পরিহাস-কৃ, তুচ্ছ-কৃ।

To **Fleer**, *v. a.* বিদ্রূপ-কৃ, উপহাস-কৃ, ঠাট্টা-কৃ, ব্যঙ্গ-কৃ।

Fleer, *n. s.* পরিহাস, ঠাট্টা, ব্যঙ্গ, বিদ্রূপ, টিঠকানি।

Fleerer, *n. s.* পরিহাসকর্ত্তা, ঠাট্টা ব্যঙ্গ বা বিদ্রূপ করে যে ব্যক্তি।

Fleet বা **Fleot** বা **Flot** মোহনা, খাড়ি।

Fleet, *n. s.* Sax. বহর, জাহাজের বহর, নৌকার আড্ডা বা বহর, অনেক নৌকা বা জাহাজ, জাহাজের ছড়া, জাহাজ সংগ্রহ, জলপথসম্বন্ধীয় বিষয় বা বস্তু।

Fleet, *n. s.* Sax. মোহনা, খাড়ি, আলী, সোতা।

Fleet, *a.* Icel. দ্রুতগামী, শীঘ্রগামী, ক্ষিপ্র, শীঘ্র, বেগবান, চালাক, অল্প বা সাধারণ ফলে যে ভূমিতে,উপরি ভাগে তোলে কাটে বা উঠায় যে, সতর্ক, আশুগ।

To **Fleet**, *v. n.* Sax. শীঘ্র-গম, দ্রুত-গম, অদর্শন-হ, অগোচর-হ, স্থানান্তর-হ, দূর-হ, ক্ষণিক বা অচিরাবস্থা প্রাপ্ত-হ, জলে ভাসিয়া-গম, জলেং ভ্রমণকারী-হ, ভাসমান-হ, আমোদ প্রমোদে কাল যাপন-কৃ।

To **Fleet**, *v. a.* জলে ছাক বা তোল, জলের উপরিভাগ-উঠা, নির্ব্বাহ-কৃ, দুগ্ধ-উঠা তোল বা ছাঁক।

Fleetfoot, *a.* চালাক, দ্রুতগামী, দ্রুতপদ, দ্রুত গতি বা চালি যাহার।

Fleetingdish, *n. s.* দুগ্ধাদি দ্রব্যের সর উঠায় যে পত্রে।

Fleetly, *ad.* শীঘ্রং, দ্রুতগমন বা চলনপূর্ব্বক, ক্ষিপ্রতারূপে, তাড়াতাড়ি, লম্বাপাদে, ঝটপট করিয়া।

Fleetness, *n. s.* দ্রুতগামিত্ব, দ্রুতত্ব, শীঘ্রত্ব, সর্তকতা, সত্বরত্ব।

Flegm, **Phlegm** শব্দ দেখ।

Fleming, *n. s.* নিম্নদেশ বা ভূমিতে জাত মনুষ্য বা তৎস্থানবাসী।

Flemish, *a.* পূর্ব্বোক্ত লোকসম্বন্ধীয় বা বিষয়ক।

Flesh, *n. s.* Sax. আমিষ, পলল, ক্রব্য, শরীরের পার্থিবাংশ, মাংস, শরীর, মাংসাদি আহার, তামসিক ভোজন বা আহার, মৎস্যভিন্ন পশুপক্ষ্যাদির মাংস, জীবের অবস্থা বা ধর্ম্ম, শারীরিক বস্তু, শারীরিক তৃষ্ণা ইচ্ছা বা ক্ষুধা, শারীরিক অবস্থা, সংসারের মত অভিপ্রায় বা লক্ষণ, নিকটসম্বন্ধীয়ব্যক্তি, নিকট কুটুম্ব।

To **Flesh**, *v. a.* কোন কর্ম্ম ব্যবহার বা আচার স্থির-কৃ, অধিক আহার-কৃ, ক্ষুধাতিরিক্ত আহার-কৃ, গলায়ং-খাদ বা-ভর।

Fleshbroth, *n. s.* মাংসের জুষ, মাংসের ঝোল।

Fleshbrush, *n. s.* মাংস পরিষ্কারকারি কুঁচিবিশেষ।

Fleshcolour, *n. s.* মাংসের বর্ণ, মাংসবদাকার বর্ণ বা রং।

Fleshdiet, *n. s.* মাংসাহার, মাংসভোজন।

Fleshed, *a.* মোটা, মাংসল, মাংসী, মাংসবিশিষ্ট, মাংসে পূর্ণ।

Fleshfly, *n. s.* মাংসাহারি মক্ষিকাবিশেষ

Fleshful, *a.* মোটা, পুষ্ট, মাংসল।

Fleshhook, *n. s.* মাংসটানা লৌহদ্রব্য, বড়শীবিশেষ, কটাহহইতে সিদ্ধমাংস তুলিবার কাঁটা বা আঁকড়া।

Fleshiness, *n. s.* মাংসলত্ব, মোটাই, পুষ্টতা, পূর্ণতা, মাংসপিণ্ডতা, মাংসলতা।

Fleshless, *a.* কৃশ, মাংসরহিত, মাংসবর্জ্জিত, মাংসহীন।

Fleshliness, *n. s.* মাংসপূর্ণতা, মাংসলত্ব, পুষ্টত্ব, দৈহিকাভিলাষ, ঐহিক ইচ্ছা ক্ষুধা বা তৃষ্ণা, শারীরিকতা, দেহিত্ব, পার্থিবতা।

Fleshly, *a.* ঐহিক, শারীরিক, দেহী, শরীরবিষয়ক বা তৎসম্বন্ধীয়, জীবী, সচেতন, মানুষিক, পার্থিব, শরীরসম্বন্ধীয়, মর্ত্ত্য, মোটা, পুষ্ট, মাংসল, স্থূল।

Fleshmeat, *n. s.* মাংসাহার,খাদ্য মাংস, ভোজনার্থে প্রস্তুতীকৃত মাংস।

Fleshment, *n. s.* স্পৃহা, অভিলাষ, তৃষ্ণা, প্রবৃত্তি।

Fleshmonger, *n. s.* মাংসবিক্রেতা, মাংসবিক্রায়ক, মাংসব্যাপারী, অবিদ্যাঘটক, জোটক, কোটনা।

Fleshpot, *n. s.* মাংসাধার, মাংসপাকাধার, মাংস পরিপূর্ণ আছে যাহাতে, সংসৃষ্ট মাংস।

Fleshquake, *n. s.* শরীরকম্প বা কাঁপুনি।

Fleshy, *a.* মাংসল, মোটা, স্থূল, পুষ্ট, হৃষ্টপুষ্ট, দৈহিক, শরীরী, মাংসবিশিষ্ট।

Flet, *To* **Fleet** শব্দের অতীত কালবাচক।

To **Fletch**, *v. a.* Fr. শরপুঙ্খ-কৃ, শরে পঙ্খ-লাগা।

Fletcher, *n. s.* Fr. ধনুর্ব্বাণনির্ম্মাণকর্ত্তা, ধনুক বা তীর নির্ম্মাণ করে যে।

Fleur *de Lis*, **Flower** *de Luce* শব্দ দেখ।

Flew, *To* **Fly** শব্দের অতীত কালবাচক।

Flew, *n. s.* ফাঁপা ঘর বা মেজ্যে।

Flewed, *a.* মুখ খোলা, খালকরা, খোলবিশিষ্ট, ফাঁপা, তলা ফাঁপা।

Flexanimous, *a.* Lat. অস্থিরচিত্ত, স্থৈর্য্য বা নিশ্চয় নাই মনে যাহার কিম্বা পরামনন শক্তি বা ক্ষমতাবর্জ্জিত।

Flexibility, *n. s.* নমনীয়ত্ব, নম্যতা, নরমি, নমনশীলত্ব, কোমলত্ব, নোঁয়ানযোগ্যত্ব, অনায়াসে প্রবৃত্তি-জন্মান, মনের অস্থৈর্য্য স্বীকারকরণ।

Flexible, *a.* Lat. নম্য, নম্র, নরম, নমনশীল, নোঁয়ানক্ষম, কোমল, অশক্ত, অদৃঢ়, অনুগ্র, বশ্য, বশীকরণোপযুক্ত, নানা কর্ম্মোপযুক্ত, নমনীয়, নোয়ানিয়া।

Flexibleness, *n. s.* নম্যত্ব, নরমি, নরমশীলত্ব, অনায়াসে বা সহজে নোঁয়ান যায় যাহা তদ্ধর্ম্ম বা তচ্ছক্তি।

Flexile, *a.* Lat. নরম, নম্র, সহজ।

Flexion, *n. s.* নোঁয়ান, নিম্নকরণ, নমন, অবনমন, মোড়, পেঁচ, দোমড়ান, খাটোকরণ, যোড়া, বাঁক, বক্রতা, হেলান, তেড়া।

Flexor, *n. s.* Lat. শরীরাঙ্গবিশেষ।

Flexuous, *a.* Lat. ঘোরফের বা পেঁচবিশিষ্ট, নোঁয়ান বাঁকা বক্র অস্থৈর্য্য নানাপ্রকার ভবনীয় বা করণীয়, ঘোঁজাল, পেঁচাউ, বক্রগামী।

Flexure, *n. s.* Lat. বাঁক, বক্র, বক্রভাব, মোড়, পেঁচ, নমন।

Flick, **Flitch** শব্দ দেখ।

To **Flicker**, *v. n.* Dutch. পাখশাট-মার, পাখা-ঝাড়, পাখালাড় নানাপ্রকার-হ, এলোমেলো চল।

Digitized by Google

Flickermouse, *n. s.* বাদুড়বিশেষ।

Flier, *n. s.* ভাগোড়া, পলাতক, পলায়িত।

Flight, *n. s.* পলায়নকরণ, পলাতকহওন, পলায়ন, ভাগন, পলাইয়া বাঁচন, পলায়নদ্বারা উৎপাতহইতে মোচন, আপদহইতে পলায়ন, পাখালাড়ন, পাখাঝাড়ন, উড়িয়া বেড়ান, একত্রীভূত পক্ষিসমূহ, পাখীর দল, পাখীর ঝাঁক, এককালজপক্ষী, এক ঋতুতে জন্মে যে পক্ষী, দেওড়, বাড়, খেয়াল, জ্ঞানের ভ্রান্তি, মনের বৈকল্য, উড়নক্ষমতা বা তচ্ছক্তি, বাণবিশেষ, তীর বা পূর্ব্বকালীন বাণক্রীড়া।

Flight-shot, *n. s.* একতীরপরিমিত স্থান বা দূর।

Flighted, *a.* ভাগোড়া, পলাতক, পলায়িত, পলাইয়াছে যে।

Flightiness, *n. s.* অনিশ্চয়ত্ব, অস্থৈর্য্য, গোলমাল, শৃঙ্খলা বা নিয়মরাহিত্য।

Flighty, *a.* শীঘ্র, দ্রুত, দ্রুতগামী, এলোমেলো, খেয়ালী, উড্ডীয়মান।

Flimflam, *n. s.* Icel. প্রতারণা, প্রবঞ্চনা, ঠকান, ভুলান, ঠাট।

Flimsiness, *n. s.* কোমল বা নরম আভা বা রং।

Flimsy, *a.* দুর্ব্বল, কাহিল, কৃশ, ক্ষীণ, ক্ষুদ্র, ছোট, নিস্তেজ, নির্ব্বল, সাহসহীন, অধম

To **Flinch**, *v. n.* Sax. হট, পরাঙ্মুখ-হ, কোন কর্ম্ম ক্লেশ বা দুঃখ দেখিয়া পশ্চাৎ-গম, খাত্তা-কৃ।

Flincher, *n. s.* পিছে হটে যে, পরাঙ্মুখ হয় যে, পিছপা হয় যে, বিমুখ, পরাবৃত্ত।

Flindermouse, *n. s.* চামচিকাবিশেষ।

To **Fling**, *v. a.* হস্তহইতে নিক্ষেপ-কৃ, ফেলিয়া-দা, ছিটা, প্রক্ষেপ-কৃ, ছুড়িয়া-ফেল, ক্ষেপ-কৃ, ফেল, ঘুরিয়া-ফেল, আছড়াইয়া-ফেল বা মার, ফেলিয়া-মার, জোরে-ফেল, বিস্তারণ-কৃ, ছড়াইয়া-ফেল, উত্ত্যক্ত-কৃ, জোরে নিঃসৃত-কৃ. *To fling down*, ভাঙ্গিয়া-ফেল, নষ্ট-কৃ, নাশ-কৃ, ছিন্নভিন্ন-কৃ. *To fling out*, স্বীকার খেলাতে-জিত, পরাজয়-কৃ বা ফাকী-দা।

To **Fling**, *v. n.* লাফালাফি-কৃ, ধড়ফড়া, ঝাঁপায়-ঝুড়, তড়প. *To fling out*, ব্যস্ত-হ, অস্থির-হ, লাফ পাড়।

Fling, *n. s.* ক্ষেপণ, নিঃক্ষেপ, প্রক্ষেপ, ক্ষেপ ফেলন, ফেলিয়া দেওন, ঠেস্সা, কটূক্তি, কটুকথা, দুর্ব্বাক্য, নিন্দা, ঠাট্টা, বিদ্রূপ, অবজ্ঞা বা তুচ্ছকরণ, বিগান, বিগানকরণ, পরিহাস।

Flinger, *n. s.* নিঃক্ষেপকর্ত্তা, প্রক্ষেপকারক, ক্ষেপয়িতা, ঠেস্সা মারে যে, ঠাট্টা করে যে, নিন্দক, অবজ্ঞাকারী।

Flint, *n. s.* Sax. অগ্নিপ্রস্তরবিশেষ, চকমকির পাথর, বন্দুকের পাথর, অগ্নি উঠে যে পাথরহইতে, অতিশক্ত বা দৃঢ় বা কঠিনদ্রব্য।

Flintheart বা **Flinthearted**, *a.* নির্দয়, নিষ্ঠুর, কঠিনহৃদয় যাহার, দয়া নাই যাহার অন্তঃকরণে, পাষাণ হৃদয় যাহার।

Flinty, *a.* পূর্ব্বোক্ত প্রস্তরে নির্ম্মিত, শক্ত, প্রস্তরময়, নির্দয়, শক্ত বা কঠিনচিত্ত, নিষ্ঠুর, প্রস্তরের ন্যায় হৃদয় যাহার, গোঁয়ার, অকোমলান্তঃকরণ।

Flip, *n. s.* অপর ভাষাবিশেষ, মদ্যবিশেষ, জাহাজে ব্যবহৃত পান দ্রব্য।

Flippancy, *n. s.* চাঞ্চল্য, চাপল্য, তারল্য, অস্থৈর্য্য, ঠেঁটামি, নষ্টতা, দুষ্টতা, হারামজাদ্দী, মগরামি, পাগলামি।

Flippant, *a.* মুখর, বিস্তর বকে যে, বাচাল, বহুবাক্যব্যয়ী, বহুবাদী, বক্কা, বড়বড়্যা।

Flippantly, *ad.* বাচালতাপূর্ব্বক, বড়বড়ামিরূপে, বকামরূপে, চপলতারূপে, বহুবাক্যব্যয়পূর্ব্বক, জল্পকতারূপে।

To **Flirt**, *v. a.* Sax. দ্রুত নিঃক্ষেপ-কৃ, ত্যাগ-কৃ বা ফেল, অবিবেচনা বা অসাবধানতাপূর্ব্বক বাক্য নির্গত-কৃ, হঠাৎ-বদ, অবিবেচনাপূর্ব্বক বাক্য-বদ, দ্রুত-গম, দ্রুত-চল, ঠাট্টা-কৃ, বিদ্রূপ-কৃ, বিরাগ-কৃ, গদ্য-কৃ, তামাসা-কৃ, অবজ্ঞা-কৃ, মিথ্যা লাফ-পড়, পরিহাস-কৃ, উপহাস-কৃ।

To **Flirt**, *v. n.* পরিহাসী-হ, ঠাট্টাকারী-হ, নিন্দা-কৃ, ঠেস্সা-মার, অনবরত-গম বা চল, চির-গম, ব্যস্ত-হ, অসাবধান বা অস্থির-হ, অবিবেচনায় কর্ম্মকারী-হ, বালকত্বব্যবহার-কৃ, প্রবঞ্চক-হ, কুব্যবহারী-হ, একপ্রকার প্রতারক-হ।

Flirt, *n. s.* গমন, চলন, প্রস্থান, যান, ভ্রষ্টা স্ত্রী, কটুবাদিনী বা অসতী স্ত্রী, তামাসা, ঠাট্টা, ব্যঙ্গ, নাচিয়া বেড়ান, লাফিয়া চলন, অঙ্গভঙ্গীকারিণী, ঠাট ঠমক্‌কারিণী স্ত্রী।

Flirt, *a.* ঠেঁটা, নষ্ট, দুষ্ট, মগরা, লুচ্চা, চঞ্চল, মস্কারা, লম্পট।

Flirtation, *n. s.* দ্রুতগতিবিশেষ, আকর্ষণেচ্ছা, প্রসিদ্ধহওনেচ্ছা।

To **Flit**, *v. n.* Dan. স্থানান্তর-গম, উড়িয়া-যা, স্থানান্তর-চল, ভ্রমণ-কৃ, অস্থির-হ, বড়বড়-কৃ, মিথ্যা-বাদ, এলো-হ, পলাইয়া-যা, ভাগ, অদর্শন-হ, অন্নষ্ট-হ, অদৃশ্য-হ, লুক্কায়িত-হ।

To **Flit**, *v. a.* স্থানান্তর-কৃ, বেদখল-কৃ, নিরধিকার-কৃ, নিরংশী-কৃ।

Flit, *a.* দ্রুত, শীঘ্র, ঝটিতি, তাড়াতাড়ি, ঝট, জলদ।

Flitch, *n. s.* Sax. শূকরের শুষ্ক মাংস, শূকরের পার্শ্বের মাংস, লোণা বা শুষ্কীকৃত শূকরের মাংস, লোণা এবং শুষ্ক শূকরের পঞ্জর।

To **Flitter**, *v. n.* কম্পিত-হ, অস্থির-হ, চঞ্চল-হ, ব্যস্ত-হ।

Flitter, *n. s.* Icel. লেকড়া, কানি, জীর্ণ বস্ত্র, ছিন্ন বস্ত্র।

Flittermouse, *n. s.* বাদুড়বিশেষ।

Flittiness, *n. s.* অস্থৈর্য্য, অদার্ঢ্য, অশক্ততা, হালকাই, লঘুত্ব।

Flitting, *n. s.* অপরাধ, দোষ, ত্রুটি, ভ্রমণ, বন, জঙ্গল।

Flitty, *a.* অশক্ত, অদৃঢ়, অস্থায়ী।

Flix, *n. s.* কুঁড়ি পালক, নরম পাখা, নরম চুল বা লোম, কোমল লোম, উদরাময়বিশেষ।

Flixwood, *n. s.* বৃক্ষবিশেষ।

Flo, *n. s.* Sax. বাণ, তীর, শর।

To **Float**, *v. n.* Sax. ভাসমান-হ, জলের উপর ভাসমান বা ভাসিয়া-গম, ভাস, তর, ভাসমান-হ।

To **Float**, *v. a.* জলাবৃত-কৃ, জলে-ভাসা, জলাপ্লাবিত-কৃ, জলাচ্ছন্ন-কৃ, জলময়-কৃ।

Float, *n. s.* ভাসন, ভেলাবিশেষ, মান্দাস, কাঠের মাড়, ভেলা, তারণ, মাছধরা বড়শীর ফাতনা, অপর ভাষাবিশেষ, সমানত্ব বুঝায়, তরঙ্গ, ভঙ্গ, ঢেউ।

Floater, *n. s.* ভাসে যে, জলে বেড়ায় যে, জলের উপর গমনাগমন করে যে, জলে সাঁতার দেয় যে।

Floating, *n. s.* স্রোতে বহন, স্রোতে পতন, স্রোতে চলন বা ভাসিয়া যাওন, ভাসন, ভাসা।

Floaty, *a.* ভাসমান, ভাসিয়া বেড়ায় বা ফেরে যে, ভাসিত।

Flock, *n. s.* Sax. ঝাঁক, পাল, গোষ্ঠী, দঙ্গল, যূথ, ঝুণ্ড, ভেড়ার পাল, ভেড়াসমূহ, মনুষ্যের দল, গণ, পশমের গাঁটরি, আটি, থুব।

To **Flock**, *v. n.* গোট-হ, একত্র-হ, মিল, জমা-হ, জনতা-হ, ঝাঁক-হ, ঝাঁক-বান্ধ, পালে২-আগম।

Flockly, *ad.* দলপূর্ব্বক, গোটপূর্ব্বক, থুবপূর্ব্বক, পালে২, ঝাঁকে২।

To **Flog**, *v. a.* Lat. মারপিট-কৃ, প্রহার-কৃ, আঘাত-কৃ, দণ্ড-কৃ, চাবুক-মার, কোড়া-মার, শাসন-কৃ।

Digitized by Google

Flong. *To* Fling ক্রিয়াপদের অতীত কালবাচক।

Flood, *n. s.* Sax. জলপ্লাবন, জোয়ার, বান, বন্যা, জলবৃদ্ধি, সাধারণ জলপ্লাবন, প্লাবন, জলাশয়, সমুদ্র, নদী, মহাপ্রলয়।

To **Flood,** *v. a.* জলপ্লাবিত-কৃ, জলাবৃত-কৃ, জলে মগ্ন-কৃ, জলময়-কৃ, ছয়লাপি-কৃ, বন্যা-কৃ, জলপ্লাবন-কৃ, বুড়া, ডুবা।

Floodgate, *n. s.* জলপ্রবেশ বা নির্গমদ্বার, জলের কপাট, জল পথ, নালা, জলের নরদমা।

Floodmark, *n. s.* জোয়ারের চিহ্ন, জোয়ারের জলের দাগ, জল বৃদ্ধি হইয়া উঠে যেপর্য্যন্ত তৎপরিমাণ বা তৎচিহ্ন।

Flook, *n. s.* Germ. লোঙ্গরের পাতা, লোঙ্গরের হুল, নদীর মৎস্য বিশেষ, ক্ষুদ্র মৎস্যবিশেষ।

Floor, *n. s.* Sax. মেজ্যে, শান, রোয়াক, তালা, মহালা, ঘরের মেজ্যে।

To **Floor,** *v. a.* মেজ্যে-কৃ, মেজ্যে-ঢাক, তক্তাবন্দি-কৃ, তক্তার মেজ্যে-গড়া।

Flooring, *n. s.* তলা, মেজ্যে, অধোদেশ, শান, ঘরের মেজ্যে, তক্তাবন্দি, তক্তার মেজ্যে।

To **Flop,** *v. a.* পাকশাট-মার, পাখা-লাড়, তেনা-ঝাড় বা মার, পাখা-ঝাড় বা তদ্দ্বারা শব্দ-কৃ।

Floral, *a.* Lat. পুষ্পসম্বন্ধীয়, পুষ্পবিষয়ক।

Floren, *n. s.* তৃতীয় এদ্বার্দনামক রাজার আমলের স্বর্ণমুদ্রা, এক প্রকার মোহর।

Florence, *n. s.* বস্ত্রবিশেষ, ফ্লোরেন্সনামক দেশহইতে আনীত মদ্যবিশেষ, তৃতীয় এদ্বার্দনামক রাজার স্বর্ণমুদ্রা, তিন টাকা মূল্য একপ্রকার মোহর।

Florentine, *n. s.* ফ্লোরেন্সনামক দেশজ মনুষ্য বা তদ্দেশবাসি লোক, একপ্রকার রেশম।

Floret, *n. s.* Fr. একপ্রকার ক্ষুদ্র পুষ্পবিশেষ, মৃত্তিকাবিশেষ।

Floriage, *n. s.* Fr. মুকুল, কুঁড়ি, পাকড়ি।

Florid, *a.* Lat. পুষ্পোৎপাদক, পুষ্পজনক, পুষ্পাচ্ছন্ন, পুষ্পময়, পুষ্পাবৃত, পুষ্পবিশিষ্ট, লাল রঙ্গা, শোভিত, অলঙ্কৃত, উত্তম, সুদৃশ্য, সজ্জাবিশিষ্ট।

Floridity, *n. s.* টাট্‌কা রং, তাজা রং, রঙ্গের বা বর্ণের নূতনতা।

Floridly, *ad.* বাহ্যে দর্শনপূর্ব্বক, জাঁকপূর্ব্বক, ভড়কপূর্ব্বক, জমকপূর্ব্বক।

Floridness, *n. s.* তাজা রং, টাট্‌কা রং, জেল্লা বা নূতনত্ব আছে যে রঙ্গে তদ্ধর্ম্ম বা চটক, তদ্ভাব বা তদবস্থা, সৌন্দর্য্য, চাকচিক্য, রঙ্গের তেজ, চটক, তেজ, দীপ্তি, জেল্লা, অলঙ্কার, শোভা, সজ্জা, বেশ ভূষা।

Floriferous, *a.* Lat. পুষ্পোৎপাদক, পুষ্প জন্মে যাহাতে।

Florin, *n. s.* Fr. মুদ্রাবিশেষ, দুই টাকার কিছু অধিক মূল্যক টাকা।

Florist, *n. s.* Fr. মালী, মালাকার, পুষ্পোৎপাদন করে যে, পুষ্পোদ্যান করে বা রাখে যে, ফুলের বাগানী, পুষ্পব্যবসায়ী।

Florulent, *a.* পুষ্পময়, পুষ্পবিশিষ্ট, মুকুলিত, পুষ্পিত, পুষ্পশালী।

Flosculous, *a.* Lat. পুষ্পে নির্ম্মিত, পুষ্পময়, পুষ্পবিশিষ্ট, পুষ্পশালী।

Flota, *n. s.* Span. জাহাজসমূহ, জাহাজের বহর, যদ্দ্বারা ইউরোপ ও আমেরিকাহইতে উভয়দেশের উৎপন্ন বাণিজ্যদ্রব্যের গমনাগমন হয়।

Flotage, *n. s.* Fr. বৃহৎ নদী বা সমুদ্রের জলের উপর ভাসমান থাকে বা হয় যে দ্রব্য বা বস্তু।

To **Flote,** *v. a.* চাঁচ, ছোল, উপর্য্যংশ তোল বা সংগ্রহ-কৃ

Flotilla, *n. s.* ক্ষুদ্রং জাহাজ বা নৌকাসমূহ, ক্ষুদ্র জাহাজের বহর।

Flotson, Flotzam, বা **Floatsam,** *n. s.* সমুদ্রে ভাসমান বাণিজ্য দ্রব্য, অস্বামিক ভাসমান দ্রব্য, ভাসিয়া বেড়ায় যে দ্রব্য, নদী বা সমুদ্রেতে ভাসিত অস্বামিক দ্রব্য।

Flotten, *part.* চাঁচনি, চাঁচা হইয়াছে যে দ্রব্য, তোলা হইয়াছে যে দ্রব্য।

To **Flounce,** *v. n.* Dutch. গমন-কৃ, জলের উপরে খলখলিয়া ফের, জলে অবরোধ-কৃ, জলের ঝাপ্‌টা-মার, আছড়াপিছড়ি-কৃ, লাফ-ছাড়, ধড়ফড়-কৃ, তড়প্।

To **Flounce,** *v. a.* সাজা, শোভা-কৃ, কাপড়ের উপর উপবস্ত্র বা অন্য কোন শোভাজনক দ্রব্যদ্বারা সাজা, উল্লম্ফন-কৃ, তড়প, লাফা, ধড়ফড়া, ঝাঁপাই ঝুড়।

Flounce, *n. s.* মৎস্যবিশেষ।

Flounder, *n. s.* Dan. ঠাসাঠাসী, পাছড়াপাছড়ী, লাফালাফি।

To **Flounder,** *v. n.* আছড়াপিছড়ি-কৃ, কুদ, লম্ফ-কৃ, উল্লম্ফ, ঝম্প।

Flour, *n. s.* গুঁড়ি, চূর্ণ, শুজি, আটা, ময়দা।

Flouret, Floweret, শব্দ দেখ।

To **Flourish,** *v. n.* Lat. উন্নত-হ, প্রবল-হ, বর্দ্ধিষ্ণু-হ, তাজা-হ, সতেজ-হ, তেজস্বী-হ, তেজঃপুঞ্জ-হ, সজীব-হ, ঐশ্বর্য্যশালী-হ, সমৃদ্ধ-হ, সম্পন্ন-হ, ঐশ্বর্য্যবান্-হ, সৎকথক-হ, সদ্বক্তা-হ, বাক্‌পটু-হ, চিহ্নবিশেষদ্বারা নানাপ্রকার মূর্ত্তি বা অঙ্ক বর্ণনা-কৃ, গর্ব্ব-কৃ, বড়াই-কৃ, আত্মশ্লাঘা-কৃ, বা বদ।

To **Flourish,** *v. a.* সুশোভিত-কৃ, বৃক্ষ বা লতাদিদ্বারা শোভিত-কৃ, চিকন কর্ম্ম-কৃ, সূচির দ্বারা নানাপ্রকার আকার বা কর্ম্ম-কৃ, লতা বুটা-কাট, যড়া, ফেটি-কৃ, সদ্বক্তৃতাদ্বারা অলঙ্কৃত-কৃ, বাক্‌পটুতা-কৃ, বক্তৃতা-কৃ, সদ্বক্তৃতা-কৃ, শোভিত-কৃ।

Flourish, *n. s.* তেজঃ, তাজগী, চেগরা, তেল, শক্তি, ঐশ্বর্য্য, ঐশ্বর্য্যশালিত্ব, বীরত্ব, সৌন্দর্য্য, রূপ, লাবণ্য, বড়াই, অভিমান, প্রাচুর্য্য, বাহুল্য, মূর্ত্তি, অক্ষর, অক্ষরের ফেঁচ, অঙ্ক, বাদ্যবিশেষ।

Flourisher, *n. s.* তাজা, নূতন, ঐশ্বর্য্যবান্, উন্নত, সমৃদ্ধ, সম্পন্ন, সমৃদ্ধিশালী।

Flourishingly, *ad.* শ্লাঘাপূর্ব্বক, আত্মপ্রশংসারূপে, আত্মশ্লাঘাপূর্ব্বক, আত্মপ্রকাশপূর্ব্বক, বাক্‌পটুতাপূর্ব্বক, সালঙ্কৃত বাক্যপূর্ব্বক, বক্তৃতারূপে।

To **Flout,** *v. a.* Sax. পরিহাস-কৃ, উপহাস-কৃ, গদ্য-কৃ, অনু-কৃ, ঠাট্টা-কৃ, বিদ্রূপ-কৃ, ব্যঙ্গ-কৃ, অবজ্ঞা-কৃ, অপমান-কৃ, তিরস্কার-কৃ, ভেঙ্গা।

To **Flout,** *v. n.* ব্যঙ্গকারী-হ, বিদ্রূপকারী-হ, পরিহাসকারী-হ, অবজ্ঞাপূর্ব্বক, ব্যবহারী-হ, ঠাট্টা করে যে।

Flout, *n. s.* পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ, ভ্যাঙ্গান, অবজ্ঞাসূচক বাক্য কর্ম্ম বা ব্যবহার।

Flouter, *n. s.* বিদ্রূপকর্ত্তা, পরিহাসকর্ত্তা, ঠাট্টা করে যে, ব্যঙ্গ করে যে।

Floutingly, *ad.* অবজ্ঞাপূর্ব্বক, তুচ্ছতারূপে, ঠাট্টা, বিদ্রূপ বা ব্যঙ্গপূর্ব্বক।

To **Flow,** *v. n.* Sax. প্রবহ, জলের ন্যায় বিস্তৃত-হ, জলবৎ-সর, স্রব, বহ, বহিয়া-যা, বেগবান্-হ, বন্যা-হ, নির্গত-হ, গড়িয়া-পত, উথল, জোয়ার-আগম, জোয়ার-হ, বৃদ্ধি-হ, গলিত-হ, গলিয়া-পত, দ্রব-হ, গল, ক্ষর, বাহির-হ, উৎপন্ন-হ, সমান লিখ, কথ, পরিপূর্ণ-হ, ভিড়-হ, প্রচুর-হ, যথেষ্ট-হ, লুণ্ঠমান-হ, ঝুল।

Digitized by Google

To **Flow**, *v. a.* বন্যা-কৃ, জলপ্লাবন-কৃ, প্রবাহ-কৃ, জলবৃদ্ধি-কৃ, স্রোতোবৃদ্ধি-কৃ।

Flow, *n. s.* জলবৃদ্ধি, জোয়ার, উথলন, বন্যা, জলপ্লাবন, প্রবাহ, স্রোত, ছয়লাপী, ভাসাইয়া দেওন, বাক্যের দ্রুততা, দ্রুতবাক্য।

Flower, *n. s.* Fr. ফুল, পুষ্প, কুসুম, পুষ্পক, বৌল, অলঙ্কার, শোভা, নবানুরাগ, নবযৌবন, উন্নতাংশ, যৌবনাবস্থা, বর্দ্ধিতাংশ, শস্যের খাদ্যাংশ, কোন খাদ্য বস্তুর প্রধান শ্রেষ্ঠ বা উত্তমাংশ, সারভাগ।

To **Flower**, *v. n.* Fr. ফুল-হ, পুষ্প-হ, কুসুম-হ, মঞ্জরী-হ, মঞ্জর, ফুল-ধর, মুকুল-হ, যৌবনাবস্থাপ্রাপ্ত-হ, বর্দ্ধিষ্ণু-হ, উন্নত-হ, শ্রেষ্ঠ সতেজ বা বৃদ্ধি-হ, ফেণা-হ, মাত, সর-পত।

To **Flower**, *v. a.* পুষ্পবান্-কৃ, পুষ্পদ্বারা শোভিত-কৃ, পুষ্পদ্বারা-সাজা, কল্পিত বা নির্ম্মিত পুষ্পদ্বারা-সাজা।

Flower-gentle, *n. s.* পুষ্পবিশেষ।

Flower-inwoven, *a.* পুষ্পদ্বারা সজ্জিত বা শোভিত, পুষ্পদ্বারা আবৃত বা অলঙ্কৃত।

Flowerage, *n. s.* পুষ্পাধিক্য, পুষ্পভাণ্ডার, পুষ্পের প্রাচুর্য্য।

Floweret, *n. s.* Fr. পুষ্প, ক্ষুদ্র পুষ্পবিশেষ।

Flowergarden, *n. s.* পুষ্পোদ্যান, ফুলবাগান, উপবন, বাগীচা।

Floweriness, *n. s.* পুষ্পময়ত্ব, বহুপুষ্প আছে যাহার বা যাহাতে তদ্ভাব বা তদবস্থা, বাক্পটুতা, সদ্বক্তৃতা।

Flowering, *n. s.* পুষ্পের মঞ্জরাবস্থা, মুকুলাবস্থা, মুকুলিতত্ব, এক প্রকার ফেণা।

Floweringbush, *n. s.* বৃক্ষবিশেষ।

Flowerless, *a.* নিঃপুষ্প, কুসুমরহিত, ফুলবর্জিত, ফুল নাই যাহাতে বা যাহার।

Flowery, *a.* পুষ্পময়, পুষ্পাচ্ছন্ন, পুষ্পপূর্ণ, পুষ্পে শোভিত, পুষ্পভূষিত, পুষ্পবিশিষ্ট, যথার্থ কিম্বা কৃত্রিম পুষ্পে শোভিত, পুষ্পে বেষ্টিত।

Flowery-kirtled, *a.* পুষ্পের ঝালরবিশিষ্ট বা পোশাকপরিহিত।

Flowing, *n. s.* জলবৃদ্ধি, জলোথলন, জোয়ার।

Flowingly, *ad.* প্রাচুর্য্যরূপে, যথেষ্টত্বরূপে, বাহুল্যরূপে, প্রচুরতাপূর্ব্বক, প্রবাহরূপে, আধিক্যরূপে।

Flowingness, *n. s.* বহুবাক্য, বাক্যে ভাসান, বাক্যের প্রাচুর্য্য, বাক্যের ছয়লাপী, কথার আড়ম্বর।

Flowk, *n. s.* Sax. মৎস্যবিশেষ।

Flowkwort, *n. s.* বৃক্ষবিশেষ।

Flown, গত, দূরীভূত, ভাগোড়া, পলায়িত, গিয়াছে যে, ফাঁপা, স্ফীত, প্রফুল্ল, গর্ব্বিত।

Fluctuant, *a.* Lat. অনিশ্চিত, বেঠিক, স্থৈর্য্য নাই যাহার, অস্থির, অনিয়মিত, সর্ব্বদা পরিবর্ত্তন বা ইতরবিশেষ হয় যাহার বা যাহাতে, দোলায়মান।

To **Fluctuate**, *v. n.* Lat. জলে-গড়া, ভাসিয়া ফির বা গম, অস্থির-হ, চঞ্চল-হ, অনিশ্চিত-হ, অনিশ্চিতাবস্থাপ্রাপ্ত-হ বা তদবস্থায়-স্থা, জোয়ার ভাটা-খেল, কমি বেশী-হ।

Fluctuation, *n. s.* Lat. জোয়ার ভাটার জলবৎ গমনাগমন, জলের হ্রাস বৃদ্ধি, অনিশ্চয়ত্ব, অস্থৈর্য্য, অনিরূপণ, অতিচাঞ্চল্য, অতিব্যস্ততা, অতিব্যাকুলতা, অনিশ্চিততা, দোলায়মানতা, চাঞ্চল্য।

Flue, *n. s.* বায়ুগমনাগমনের পথ, বায়ু নিঃসরণের পথ, বায়ু বহনের পথ, কোমলপালক বা লোম।

Fluellin, *n. s.* বৃক্ষবিশেষ।

Fluence, *n. s.* যথেষ্টত্ব, প্রাচুর্য্য, বাহুল্য, প্রস্তুতত্ব, তৈয়ারী, সত্বরতা, ক্ষিপ্রতা, শীঘ্রতা।

Fluency, *n. s.* বৃদ্ধি হয় উথলে বা গড়িয়া পতনের ক্ষমতা বা তদ্গুণ, মৃদুত্ব, কোমলত্ব, নিষ্পিণ্ডত্ব, সমানত্ব, নরমি, প্রস্তুতত্ব, সত্বরতা, প্রাচুর্য্য, বাহুল্য, দ্রুতত্ব, যথেষ্টত্ব, বাহুল্য, আধিক্য, বাক্পটুতা, সদ্বক্তৃতা, বাক্কৌশল।

Fluent, *a.* Lat. দ্রবি, দ্রবীভূত, জল্যো, জলবৎ, বর্দ্ধনশীল, গলিত, উথিত, উন্নত, প্রস্তুত, যথেষ্ট, প্রচুর, বাগ্মী, সদ্বক্তা, সুকথক।

Fluent, *n. s.* স্রোতঃ, জলপ্রবাহ, জলনিঃসরণ, বহনশীল, জল, উথলিত বস্তু দ্রব।

Fluently, *ad.* প্রবাহপূর্ব্বক, স্রোতোরূপে, দ্রুততাপূর্ব্বক, বাক্পটুতাপূর্ব্বক, অনায়াসে, সহজে, বিনা কষ্টে, বেগলগসে।

Fluid, *a.* Lat. দ্রব, বিভাজনীয়, অনিরেট, জলবৎ, পাতলা, নরম, তরল, জল্যো, বহনশীল।

Fluid, *n. s.* দ্রবি দ্রব্য, জলবৎদ্রব্য, রস, জীবিতশরীরের রস রক্তাদি।

Fluidity, *n. s.* তারল্য, দ্রব, রসালত্ব, পাতলত্ব, জলবৎ ধর্ম্ম বা অবস্থা, প্রবহণশীলতা।

Fluidness, *n. s.* তথা।

Fluke, **Flook**, বা **Flowk** শব্দ দেখ।

Fluke, মৎস্যবিশেষ, নঙ্গরের ফালপাঁতা বা দাড়ি।

Flume, *n. s.* Sax. নদী, সরিৎ, তরঙ্গিণী, শৈবলিনী।

Flummery, *n. s.* Welsh. আহারদ্রব্যবিশেষ, খোসামোদ, কল্পিত প্রশংসা।

Flung, **Fling** শব্দের অতীতকালবাচক ও অসমাপকক্রিয়াপদ।

Fluor, *n. s.* Lat. দ্রব, তারল্য, দ্রবাবস্থা, গলনশীলতা।

Flurry, *n. s.* বাত্যা, ঝড়, ঝটিকা, তুফান, আন্ধী, শীঘ্রত্ব, দৌড়াদৌড়ি, তাড়াতাড়ি, ধূমধাম, সোরসরাবৎ, হঙ্গাম, হড়বড়ি, হুজ্জত্।

To **Flurry**, *v. a.* ব্যস্ত-কৃ, ব্যস্ত-রাখা, ভীত-কৃ, ঘবরা ভয়-দর্শা।

To **Flush**, *v. n.* Dutch. বাহির হইয়া-পত, জোরে-উঠ, জোরে-বহ, ত্রস্ত হইয়া-আগম, ত্বরাপূর্ব্বক-আগম, হঠাৎ উজ্জ্বল-হ, লোহিতবর্ণ-হ, অনিশ্চিত সম্বাদপ্রাপ্তিজন্য মুখের বৈবর্ণ্য-হ, মুখ রাঙ্গা-হ, রাঙ্গা মুখ-হ, রক্তবদন-হ।

To **Flush**, *v. a.* বর্ণবিশিষ্ট-কৃ, রাঙ্গা-কৃ, লোহিতবর্ণ-কৃ, লালবর্ণ-কৃ, লালরং-কৃ, প্রফুল্ল-কৃ, হৃষ্টচিত্ত-কৃ, উন্নত-কৃ।

Flush, *a.* তাজা, তেজস্বী, টাট্কা, অপর্য্যুষিত, সতেজঃ, উচ্চমনাঃ, পরিপূর্ণ, অশোচ্য, ভ্রান্ত, আত্মশ্লাঘী, অভিমানী।

Flush, *n. s.* বৃদ্ধি, জোর, শক্তি, সামর্থ্য, বল, প্রবহণ, বানের আগমন, হঠাৎ উৎপন্ন বস্তু, জোয়ার, বান, জলবৃদ্ধি, এক জাতীয় তাস, মুকুল, উৎপত্তি, যথেষ্টত্ব, পরিপূর্ণত্ব, হংসসমূহার্থক সংজ্ঞা জানিবা।

Flusher, *n. s.* ব্যাধবিশেষ।

Flushing, *n. s.* মুখের রক্তবর্ণ, লোহিতবর্ণ মুখ, হঠাৎ রক্তবর্ণ হয় যে মুখ বা তদ্বর্ণ।

To **Fluster**, *v. a.* পানদ্বারা উষ্ণ-কৃ, তীক্ষ্ণ-কৃ, গরম-কৃ, রক্তবর্ণ-কৃ, ব্যস্ত-কৃ, ঘবরা, অপ্রতিভ-কৃ।

To **Fluster**, *v. n.* Teut. & Ger. ব্যস্ত-হ, গোলমাল-হ, বৃথা ধূমধাম-কৃ।

Fluster, *n. s.* ধাক্কা, প্রবাহ, হঠাৎ উপস্থিত উথিত বা উৎপাদিত বস্তুর ভাব অবস্থা বা ধর্ম্ম।

Flustered, *a.* মত্ত, পানদ্বারা মত্ত, উগ্র বা রাগী, আধমাতাল।

Flute, *n. s.* Fr. বংশী, মুরলী, বেণু, পীলপার মধ্যে গব্যে খোন্দা বা খোল।

To **Flute**, *v. n.* বংশী-বাদ, মুরলী-বাদ, বেণুধ্বনি-কৃ, বেণু-বাদ।

Digitized by Google

To Flute, *v. a.* খাতাং-কৃ, খোলং-কৃ।

Fluter, *n. s.* বাঁশী বাজায় যে, মুরলী বা বাঁশীওয়ালা, বংশীধারী, মুরলীবাদক।

To Flutter, *v. n.* Sax. উড়, অনর্থক দৌড় ধাঁপ-কৃ, ব্যস্ত হইয়া-ফের বা-গম, ছড়িভঙ্গ হইয়া-পড় বা চল, নিরর্থক-ধাব, মিথ্যা ধাবমান-হ।

To Flutter, *v. a.* গোলমাল-কৃ, ছড়িভঙ্গ-কৃ।

Flutter, *n. s.* গোলমাল, চাঞ্চল্য, কলহ, মনের অস্থৈর্য্য।

Fluttering, *n. s.* মনের উদ্বেগ, মনের ধড়পড়ানি, মানস চিন্তা, মানস, ক্লেশ, মানসিক ব্যামোহ।

Fluviatick, *a.* Lat. নদীবিষয়ক, নদীসম্বন্ধীয়।

Flux, *n. s.* Lat. প্রবাহ, প্রবহণ, গমন, পথ, চলিয়া যাওন বা তদবস্থা, কোন বস্তুর উদ্রেক উত্থলন বা নির্গমন, উদরাময়, উদরভঙ্গ, রক্তাতীসার, অতীসার, শরীরহইতে নির্গতমল, মলাদি বস্তু, সঙ্গম, মিলন, গলনশীলত্ব, গলে যদ্দ্বারা তৎবস্তু, পাইন।

Flux, *a.* অস্থির, অশক্ত, অস্থায়ী, অটেঁকসহী, কমপোক্ত।

To Flux, *v. a.* গলা, দ্রবীভূত-কৃ, মুখ-আন, ছেপদ্বারা পরিষ্কার-কৃ, ছেপদ্বারা খালি-কৃ।

Fluxation, *n. s.* প্রবহণ, চলিয়া যাওন, বহিয়া যাওন বা তদবস্থা।

Fluxible, *a.* অস্থায়ী, পরিবর্ত্তনশীল, অটেঁকাউ, অটেঁকসহী।

Fluxibility, *n. s.* বিস্তারকরণ ক্ষমতা, প্রবহণশক্তি বা তদ্যোগ্যতা।

Fluxility, *n. s.* বিভজনীয়ত্ব, বিভাজ্যত্ব, অনায়াসে পৃথক্ বা জুদা হইতে পারে যে তাহার ভাব বা তদ্ধর্ম্ম।

Fluxion, *n. s.* Lat. ছাপাইয়া পড়ন, গলন, উত্থলন, প্রবহণ, বহন, বহিয়া পড়ন, বহিয়া পড়িয়াছে যে দ্রব্য, নির্গত হয় যে দ্রব্য, অঙ্কশাস্ত্রে অত্যল্প বিষয়ের গণনাদি।

Fluxionary, *a.* পূর্ব্বোক্ত গণনাদিবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Fluxionist, *n. s.* তৎপ্রকরণে প্রজ্ঞ বা জ্ঞাত যে ব্যক্তি।

Fluxive, *a.* অশ্রুশালী, অশ্রুবিশিষ্ট, অশ্রুমান্ বা দ্রবণীয়, দ্রাব্য, অনিরেট, ফাঁপা।

Fluxure, *n. s.* উত্থলন, গড়িয়া পড়ন, প্রবহণ, দ্রব দ্রব্য, স্নেহ দ্রব্য।

To Fly, *v. n.* Sax. উড়, উড়িয়া-গম, বাতাসে-উড়, বায়ু পথে-গম বা চল, বহিয়া-যা, চট্‌পট করিয়া ফুট, পাখাদ্বারা-গম, আকাশ পথে-গম, পলায়ন-কৃ, দ্রুত-গম, জোর করিয়া ত্যাগ-কৃ, ভঙ্গ, হঠাৎ রাগী-হ, স্থিতি স্থাপকত্বহেতুক বক্রভাব ত্যাগ-কৃ, বন্দুকে ছোড়া, সর্ব্বস্ব ফেলিয়া-পলা, পলায়নোদ্যুক্ত-হ, বাজপক্ষিদ্বারা সীকার-কৃ বা পক্ষি-ধর, অপমান-কৃ, আস্পর্দ্ধা-কৃ, কর্ত্তৃত্বত্যাগ-কৃ, ঝাঁপ-দা।

To Fly *at*, ভাঙ্গিয়া-পত, হঠাৎ আক্রমণ-কৃ, হঠাৎ আসিয়া-ধর।

To Fly *back*, পিছে-হঠ, যাইতেং স্থিত-হ বা স্থা।

To Fly *in the face*, অপমান-কৃ, বক্রভাবে কর্ম্ম-কৃ, বিপরীতাচরণ-কৃ।

To Fly *off*, বিপক্ষে ফিরিয়া-যা, বিপক্ষ-হ, বিপক্ষতাচরণ-কৃ, দ্রোহিতা-কৃ।

To Fly *on*, ক্রোধান্বিত-হ, ক্রোধ-কৃ, ক্রোধ করিয়া-গম, ক্রোধাকুল-হ, ছুটিয়া-যা, নিয়মলঙ্ঘন-কৃ।

To Fly *out*, ত্যাগ-কৃ, নিক্ষেপ-কৃ, ছাড়, নির্জ্জাল বা খোলাসা-হ, বা তাসে উড্ডীয়মান-হ, বাতাসে দৃশ্যমান-হ।

To Fly, *v. a.* ত্যাগ-কৃ, পরিহার-কৃ, বর্জন-কৃ, অস্বীকার-কৃ, গরকবুল-কৃ, না মঞ্জুর-কৃ, সংসর্গ পরিহার-কৃ, সহবাস ত্যাগ-কৃ, পলাইয়া-গম, ছাড়িয়া পলায়ন-কৃ, পক্ষিদ্বারা-ধর, আক্রমণ-কৃ বা স্বীকার-কৃ, উড়া, উড্ডীয়মান-কৃ, উড়াইয়া-দা।

Fly, *n. s.* Sax. মক্ষিকা, মাছী, যন্ত্রের গমন বা চলন, যন্ত্রের বা কলবিশেষের অঙ্গ বা লাড়িয়া দিলে গতিশীল হয় যে যন্ত্র তদংশ, বাতাসে ফিরে যে, ধ্বজা, বায়ুর গতি নিরীক্ষণকারী ধ্বজা বা পতাকাবিশেষ, গুদারার গাড়ী, খোসামুদে।

Flybitten, *a.* মক্ষিকাকর্ত্তৃক দষ্ট, মাছিতে কামড়াইয়াছে যাহাকে।

Flyblow, *n. s.* মক্ষিকার ডিম্ব, মাছির ডিম, মক্ষিকাণ্ড।

To Flyblow, *v. a.* মক্ষিকাময়-কৃ, মক্ষিকাদ্বারা দাগবিশিষ্ট-কৃ, পোকাময় বা কীটময়-কৃ।

Flyboat, *n. s.* নৌকাবিশেষ, হালকা দ্রুতগতিবিশিষ্ট নৌকা।

Flycatcher, *n. s.* মক্ষিকাধারক, মক্ষিকানাশক, মাছি মারে যে।

Flyer, *n. s.* পলায় যে, পলিয়া যায় যে, পলায়িত, পলাতক, ভাগোড়া, পক্ষব্যবহার করে যে, কাবাবকরণার্থক কলের এক অংশ।

To Flyfish, *v. n.* ছিপে মৎস্য ধৃত-হ, বড়শীতে গাঁথা-হ।

Flyflap, *n. s.* মক্ষিকানিবারক পাখা বা চামরবিশেষ, মক্ষিকা তাড়ায় যে ব্যজনদ্বারা।

Flying-fish, *n. s.* উড়নশীল মৎস্যবিশেষ।

Foal, *n. s.* Sax. অশ্বশাবক, ঘোড়ার বাছড়া, ঘোড়ীর বাচ্চা, ভারবাহক জন্তুর শাবক।

To Foal, *v. a.* ঘোটকশাবকোৎপন্ন-কৃ, ঘুড়ির প্রসব-হ বা জন্মা।

To Foal, *v. n.* ঘোটকীর প্রসব-হ, ঘোড়ার বিয়ান বা বাচ্চা-হ।

Foalbit বা Foalfoot, *n. s.* বৃক্ষবিশেষ।

Foam, *n. s.* Sax. ফেণ, ফেণা, গাঁজা, গেঁজলা।

To Foam, *v. a.* ফেণা বা গাঁজলা-উঠা, ফেণা-পড়া, ফেণানির্গত-কৃ, গাঁজলা নির্গত-কৃ।

To Foam, *v. n.* ফেণা-পত, ফেণা-হ, ফেণা জমা-হ, রাগান্বিত-হ, উষ্মান্বিত-হ, ত্রিখণ্ডী-হ।

Foamingly, *ad.* ত্রিখণ্ডীরূপে, ঘর্ম্মে স্নান করিয়া, মুখে গাঁজলাউঠন পূর্ব্বক।

Foamy, *a.* ঘর্ম্মে স্নানকৃত, ঘর্ম্মার্দ্র, ঘর্ম্মাক্ত, গাঁজলাবিশিষ্ট, ফেণাযুক্ত, ফেণাবিশিষ্ট।

Fob, *n. s.* Germ. জেব, পাজামাতে ঘড়ীরাখিবার জেব বা পরয়া বিশেষ।

To Fob, *v. a.* Germ. প্রতারণা-কৃ, প্রবঞ্চনা-কৃ, ঠগা, ভুলা, অপহরণ-কৃ, অপহ্নব-কৃ. *To* fob off, ঝাড়িয়া-ফেল, ফিকিরে কলে বা কৌশলে ত্যাগ-কৃ।

Focal, *a.* অক্ষবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Focil, *n. s.* Fr. হস্ত বা পাদের অস্থিবিশেষ।

Focillation, *n. s.* Lat. সুখ, নির্বৃতি, স্বচ্ছন্দতা, নিশ্চিন্ততা, রক্ষা, প্রতিপালন।

Focus, *n. s.* Lat. অক্ষ।

Fodder, *n. s.* Sax. গবাদি জন্তুর নিমিত্তে সঞ্চিত তৃণাদি বা শুষ্ককরা আহার দ্রব্য, শুষ্কতৃণাদি দ্রব্য।

To Fodder, *v. a.* শুষ্কতৃণাদি আহার-করা বা-দা, শুষ্ক ঘাস খাদ (ক্রি)।

Fodderer, *n. s.* গবাদি জন্তুকে শুষ্ক তৃণ বা অন্য দ্রব্য খাওয়ায় বা আহার দেয় যে, গোচারক, গোপালক।

Foe, *n. s.* Sax. অরি, শত্রু, দুষ্মণ, বিপক্ষ, যুদ্ধে বৈরী বা প্রতিবাদী, মন্দ চেষ্টা করে যে, অনিষ্টাচরণ করে যে, মন্দ বা অমঙ্গল বা ঝুক।

To Foe, *v. a.* শত্রুবৎব্যবহার-কৃ, শত্রুন্যায় ব্যবহার-কৃ বা চল, বিপক্ষবৎ অহিতাচরণ-কৃ।

Digitized by Google

Foehood, Sax. শাত্রবতা, বৈরিতা, শত্রুতা, বিপক্ষতা, অনিষ্টাচরণ।

Foelike, *a.* শত্রুবৎ, শত্রুতুল্য, শত্রুর ন্যায় ব্যবহার বা কর্ম্ম করে যে।

Foeman, *n. s.* শত্রু, অরি, বৈরী, বিপক্ষ, দুষ্মণ, শাত্রব।

Foetus, *n. s.* Lat. গর্ভস্থ বালক, জরায়ুস্থ বালক, ভ্রূণ।

Fog, *n. s.* Dan. কুজ্ঝটিকা, কুআশা।

Fog, *n. s.* Lat. খড় কাটিয়া লইলে পর হয় যে তৃণ, উপতৃণ, ঘাস।

To **Fog**, *v. a.* কুজ্ঝটিকা-কৃ, অন্ধকার-কৃ, কুআশা-কৃ, আন্ধী-কৃ, কুআশা-উঠা।

To **Fog**, *v. n.* Fr. শক্তিবিশিষ্ট-হ, ক্ষমতাপন্ন-হ, সমর্থ-হ, শক্ত-হ, যোগ্য-হ, ক্ষমতা বা শক্তি-থাক।

Fogage, *n. s.* বনবিষয়ক নিয়মে এক প্রকার তৃণ বুঝায়।

Foggily, *ad.* কুজ্ঝটিকাপূর্ব্বক, অন্ধকারপূর্ব্বক।

Fogginess, *n. s.* কুজ্ঝটিকাবস্থা, অন্ধকারত্ব, মেঘাচ্ছন্নত্ব।

Foggy, *a.* কুজ্ঝটিকাবিশিষ্ট, কুজ্ঝটিকাময়, অন্ধকার, মেঘলা, দুর্দিন, মেঘাচ্ছন্ন, অজ্ঞানাবৃত, জড়।

Foh, *interject.* Sax. দ্বেষ বা ঘৃণাপ্রয়োজক অব্যয় শব্দ, ছি, ধিক।

Foible, *a.* Fr. ক্ষীণ, কৃশ, দুর্ব্বল, কাহেল।

Foible, *n. s.* ক্ষীণপক্ষ, ভ্রান্তিপক্ষ, ভুলাইবার বিষয়, ত্রুটি, ঘাইট।

To **Foil**, *v. a.* Fr. নষ্ট বা মন্দ-কৃ, খারাব-কৃ, অত্যন্ত মন্দ-কৃ, পরাজয়-কৃ, হারা, পরাভূত-কৃ, ভোতা-কৃ, নিস্তেজ-কৃ, জড়-কৃ, ব্যস্ত-কৃ, ত্যক্ত-কৃ, ঘবরাইয়া-দা, হায়রান-কৃ।

Foil, *n. s.* পরাজয়, বৈয়র্থ্য দোষ, বিকলত্ব, হল, ডাক, তেজ বা ঔজ্জ্বল্যবর্দ্ধক রং বা কোন দ্রব্য, নিস্তেজ অস্ত্র, ক্রীড়ার্থে ভোতা কিরীচ বা তরবাল, দর্পণের পৃষ্ঠের লেপ বা আবরণ যদ্দ্বারা দেখা যায়।

Foilable, *a.* জেতব্য, ত্যাজ্য, ত্যাগোপযুক্ত, পরিহার্য্য, অস্বীকার্য্য, হল করা যায় যাহাতে, ঔজ্জ্বল্যবৃদ্ধিকরণীয়।

Foiler, *n. s.* জয়ী, বিজয়ী, জেতা, অন্যের উপর জয় করিয়াছে যে, অন্যাপেক্ষায় লাভকর্ত্তা।

Foiling, *n. s.* শিকারীর ভাষাবিশেষ, তৃণাদির উপর হরিণের পদের ঈষৎ চিহ্ন।

To **Foin**, *v. n.* Fr. প্রবিষ্ট-হ, ঘুষ্যে-যা, সান্ধ, ভিতরে গম বা চল।

To **Foin**, *v. a.* ঢুষ-মার, খোঁচ, বিদ্ধ-কৃ, হুল-ফুটা, হুল-মার, হুল বসা।

Foin, *n. s.* ঢুষ, প্রবেশ, ঠেলা, ধাক্কা, সান্ধান, ভিতরে গমন।

Foiningly, *ad.* ধাক্কা বা আঘাতপূর্ব্বক, ধাক্কা মারিয়া, আঘাত করিয়া, খোঁচা হুড়া বা ঢুষ মারিয়া প্রবেশহওনপূর্ব্বক।

Foison, *n. s.* Lat. প্রাচুর্য্য, অশোচ্যতা, যথেষ্টত্ব, প্রচুরতা, বাহুল্য, সম্পূর্ণত্ব।

To **Foist**, *v. a.* Fr. কৃত্রিম-কৃ, জাল-কৃ, কল্পিত-কৃ, ঝুটা বা মিথ্যা-কৃ, কোন লিখনে বা পুস্তকে জালকরণদ্বারা উপলিখন-লিখ বা দাখিল-কৃ।

Foist, *n. s.* Fr. হালকা বা দ্রুতগামী জাহাজবিশেষ।

Foister, *n. s.* জাল সাজ, কৃত্রিমকারী, প্রতারক, ঠগ, প্রবঞ্চক, মিথ্যাবাদী বা কারী, মিথ্যাব্যবহারী।

Foistied, *a.* পচা, দুর্গন্ধ, শড়া, কুবাসী, পূতিগন্ধি।

Foistiness, *n. s.* দুর্গন্ধিতা, পচা বা শড়া দ্রব্যের অবস্থা বা ভাব, কুবাসিত্ব, পূতিগন্ধিতা।

Foisty, *a.* পচা, শড়া, দুর্গন্ধ, কুবাসী, পূতিগন্ধবিশিষ্ট।

Fold, *n. s.* Sax. ভেড়া বন্দ করিয়া রাখিবার স্থান, ভেড়ার গোয়ালি, মেষশালা, খোঁয়াড়, ভেড়ার পাল, মেষযূথ, সীমানা, কিনারা, মুড়ো, বেষ্টন বা ঘেরণ, বেড়া, তহ, ভাঁজ, পরত, দোহার, দ্বিত্ব, দ্বিগুণ।

To **Fold**, *v. a.* খোঁয়াড়ে ভেড়া-রক্ষ বা-ভর, গোয়ালে ভেড়া-পুর, দ্বিগুণ-কৃ, তহ-কৃ, ভাঁজ-কৃ, লপটা, ঘের, বেড়, সামিল-কৃ, একত্র-কৃ, বন্ধ-কৃ, আটক-কৃ, বদ্ধ-কৃ।

To **Fold**, *v. n.* ভাঁজ-হ, তহ-হ, উপর্য্যুপরি-হ, একত্র-হ।

Folder, *n. s.* ভাঁজকর্ত্তা, ভাঁজ বা তহ করে যে।

Folding, *n. s.* কৃষ্টভূমির মধ্যে ভেড়ার পাল বদ্ধ করিয়া রাখন, ভেড়ার খোয়াড়িবিশেষ।

Fole. **Foal** শব্দ দেখ।

Foliaceous, *a.* Lat. পত্রবিশিষ্ট, পত্রময়, পত্রাচ্ছন্ন, পত্রবেষ্টিত।

Foliage, *n. s.* Lat. পত্র, পত্রিকা, দল, পর্ণ, পাতাবরণ, পাতায় ঢাকন।

To **Foliage**, *v. a.* পত্রবৎ-কৃ, পত্রের ন্যায় কর্ম্ম-কৃ, পত্রনির্ম্মাণ-কৃ।

To **Foliate**, *v. a.* Lat. পত্র-কৃ, পিটিয়া পাত-কৃ।

Foliation, *n. s.* পত্রকরণ, পিটিয়া পাতকরণ, পাঁপড়ি।

Foliature, *n. s.* পাত, পত্রাবস্থা, পিটিয়া পাত হইয়াছে যে দ্রব্য তদবস্থা বা তদ্ভাব।

Folier, *n. s.* Dutch. স্বর্ণকারের পাতাবিশেষ।

Folio, *n. s.* Lat. দ্বিপত্র, পুস্তকের পত্র, চারি পৃষ্ঠা ছাপার বহি, একতক্তা কাগজ দুইভাঁজ করিলে হয় যে কর্দ্দ।

Foliomort, *a.* Lat. পীতবর্ণবিশেষ, শুষ্ক বা ম্রিয়মাণ পত্রের বর্ণ, ম্লান পত্রের বর্ণ, অবরভাষায় Filemot কহে, তৎশব্দ দেখ।

Foliot, *n. s.* Ital. উপদেবতাবিশেষ, ভূত।

Folious, *a.* পত্রবৎ পাতলা বা হালকা বা লঘু, পত্রময়, পত্রবিশিষ্ট, পত্রশালী।

Folk, *n. s.* Sax. সামান্য কথোপকথনে ব্যবহৃত লোক জন বা ব্যক্তি বুঝায়, মনুষ্য জাতি, লোক, মনুষ্যগণ।

Folkland, *n. s.* Sax. রাইয়তিভূমিবিশেষ, নিয়মিত সনন্দ বা পাট্টা নাই যে ভূমির তদ্ভূমি।

Folkmote, *n. s.* Sax. সভা, লোকের মজলিস, একত্রহওন বা বৈঠককরণ, সন্দর্শন বা পরস্পর মিলন।

Follicle, *n. s.* Lat. দৃঢ় আবরণবিশিষ্ট খোল, গর্ত্ত বা উদর, অভ্যন্তরের খোসা, ফলের খোসা বা ছাল, বীজাবরণ।

Folliful, *a.* মূর্খ, দোষবিশিষ্ট, নির্ব্বোধ, অজ্ঞ, নির্ব্বুদ্ধি, উন্মাদ, খেপা, পাগল, পাগলামিতে পূর্ণ বা মত্ত যে।

Follily, *ad.* উন্মত্ততারূপে, পাগলামিরূপে, উন্মত্ততা মূর্খতা বা অজ্ঞতাপূর্ব্বক।

To **Follow**, *v. a.* Sax. পশ্চাৎগম, অনুগম, তাড়াইয়া-ধর, পশ্চাত্ধাব, অনুবৃত বা সমভিব্যাহারী-কৃ, অধীন-কৃ, আজ্ঞানুবর্ত্তী-কৃ, পারিষদ-কৃ, সঙ্গ-রক্ষ, সঙ্গে-যা বা-গম, অনুবর্ত্তী-কৃ, অনুবর্ত্তির ন্যায় সহগমন-কৃ, হাজির-কৃ, পিছে-আগম, কালানুসারে-কৃ, রক্ষ বা-স্থাপ, পুষ্টি-কৃ, ন্যায় বা বিচারে পৌষ্টিকতা-কৃ, নকল-কৃ, অনু-কৃ, মান্য-কৃ, চেষ্টা-কৃ, চেষ্টাদ্বারা স্বীকার-কৃ, মনোযোগ-কৃ, ব্যস্ত-কৃ।

To **Follow**, *v. n.* অন্যের পশ্চাদ্গামী-হ, পশ্চাৎবর্ত্তী-হ, অনুযায়ী-হ, অনুচর-হ, অনুবর্ত্তী-হ, ভৃত্যবৎ সহবর্ত্তী-হ, অধীন-হ, আজ্ঞাকারী-হ, অনুকারী-হ, মতাবলম্বী-হ, অন্যের মতে-চল, সমভিব্যাহারী-হ, পারিষদ্-হ, প্রস্তুত-থাক, হাজীর-হ, কালানুসারে-বর্ত্ত বা-চল, অনুসারী-হ, অনুরূপ-হ, কারণকর্ত্তৃক ফলপ্রাপ্ত-হ বা গুণ-হ, অনবরত চেষ্টিত-হ, স্থির-হ, সহিষ্ণুতা করিয়া-স্থা, ধৈর্য্যাবলম্বী-হ।

Follower, *n. s.* পশ্চাদ্গামী, অনুসারী, অনুবর্ত্তী, অনুগামী, আজ্ঞা

Digitized by Google

কারী, আজ্ঞাবর্ত্তী, পশ্চাদ্বর্ত্তী, অনুচর, সাথী, সমভিব্যাহারী, পারিষদ্, অধীন, মান্যকারী, মতাবলম্বী, শিষ্য, চেলা।

Folly, *n. s.* Fr. নির্ব্বুদ্ধিতা, জ্ঞানাভাব, বুদ্ধিহীনতা, অল্পবুদ্ধি, বুদ্ধির ক্ষীণতা, দোষ, মূর্খতা, অজ্ঞতা, পশুত্ব, পাগলামি, উন্মত্ততা, অজ্ঞান, মোহ, মত্ততা।

To **Foment**, *v. a.* Lat. তাপ-দা, তাপ, স্বেদ-দা, সেঁক, বৃদ্ধি-কৃ, উন্নত-কৃ, উৎপাদন-কৃ, উষ্ণদ্রব্য ঔষধদ্বারা ধৌত-কৃ, ঝগড়া উস্কাইয়া-দা।

Fomentation, *n. s.* স্বেদ, স্বেদদেওন, স্বেদকঔষধি, বৃদ্ধিকরণ, উঠাইয়াদেওন, উস্কি, সেকন, প্রলেপ, লেপ, দ্রবৌষধদ্বারা কোন ক্ষত স্থান ধোওন।

Fomenter, *n. s.* স্বেদ দেয় যে, বৃদ্ধি করে যে, বর্দ্ধক, উস্কিয়া দেয় যে, সাহায্য করে যে, প্রবৃত্তি জন্মায় যে।

Fon, *n. s.* Goth. & Icel. পরিহাসের বিষয়, তামাসার বিষয়, তামাসা, পাগল, খেলা, কৌতুক, সং।

Fond, *a.* অনুরক্ত, অনুরাগী, অবিবেচক, অজ্ঞ, অপরিণামদর্শী, নিরত, মায়াশীল, স্নেহশীল, অনভিজ্ঞ, ছেপলা, অর্ব্বাচীন, কোন বিষয়ে চিত্ত গিয়াছে বা লাগিয়াছে যাহার, পাগল, কোন বিষয়ে অনুরাগান্ধ, উন্মত্তের ন্যায় হৃষ্ট তুষ্ট বা অনুরক্ত, কোন বিষয়ে অজ্ঞতা বিবেচনার অভাবে বা অনুরাগকর্তৃক মন আচ্ছন্ন হইয়াছে যাহার।

To **Fond** বা *To* **Fondle**, *v. a.* সোহাগ-কৃ, আদর-কৃ, স্নেহ-কৃ, প্রণয়-কৃ, অনুরাগ-কৃ, ভাল-বাস, প্রেম-কৃ।

To **Fond**, *v. n.* অনুরক্ত-হ, অনুরাগী-হ, প্রিয়-বাস, ভাল-বাস।

To **Fond**, *v. n.* Sax. চেষ্টা-কৃ, বিবেচনা-কৃ।

Fondler, *n. s.* সোহাগকর্ত্তা, প্রণয়কারক, আদর করে যে, স্নেহকারক, প্রেমকারী।

Fondling, *n. s.* দুলাল, বৎসল, স্নেহপাত্র, প্রিয়পাত্র বা বস্তু, অনুরাগের বিষয়, অনুরাগ হইয়াছে যে ব্যক্তিতে বা যে বস্তুতে সেই ব্যক্তি বা তদ্বস্তু, পাগল, উন্মত্ত, নির্ব্বোধ।

Fondly, *ad.* বাৎসল্যপূর্ব্বক, অবিবেচিত সোহাগ বা আদরপূর্ব্বক, উন্মত্ততারূপে, পাগলামিপূর্ব্বক, অত্যন্তানুরাগপূর্ব্বক, অজ্ঞতা বা নির্ব্বুদ্ধিতারূপে, অবিবেচনাপূর্ব্বক, অত্যন্ত অনুরাগ আদর বা সোহাগ বা স্নেহপূর্ব্বক।

Fondness, *n. s.* মূর্খের ন্যায় অনুরাগ বা স্নেহ, অজ্ঞতা, পাগলামি, বিবেচনাভাব, বুদ্ধি বা বিবেচনার ক্ষীণতা, জ্ঞানাভাব, প্রীতি, অবিবেচনার পছন্দ বা ইচ্ছা, বাৎসল্য, প্রেম, স্নেহ।

Fone, *n. s.* Foe শব্দের বহুবচনান্ত শব্দ।

Font, *n. s.* Lat. গ্রিজার মধ্যে ডুব সংস্কারার্থে প্রস্তরনির্ম্মিত জলাধারবিশেষ, যদ্দ্বারা ডুবিত হয়, ডুবাইবার জল বা চৌবাচ্চা, ছাপা অক্ষরের প্রস্থ বা বহুরকম একত্রীকৃত সংখ্যা বা পরিমাণ।

Fontanel, *n. s.* Fr. ক্ষুদ্র উনুই, শরীরের জল বা ক্লেদ নির্গতকরণার্থে শরীরে যে ছিদ্র করিয়া পলিতা দেওয়া যায়, নাতি।

Fontange, *n. s.* মস্তকাভরণাঙ্গবিশেষ, ফিতার জটা বা গুচ্ছিবিশিষ্ট ফুল বা থুপ যাহা মস্তকে পরিহিত হয়।

Food, *n. s.* Sax. অন্ন, আহারদ্রব্য, খাদ্যদ্রব্য, ওদন, খোরাক, ভোগ, ভোগ্য দ্রব্য, ভোজ্য সামগ্রী, আহার, ভুক্তি, খানা।

To **Food**, *v. a.* ভোজন করা বা-দা, খাদ (ক্রি)।

Foodful, *a.* আহার দ্রব্যে পরিপূর্ণ, ভোগময়, অশোচ্যাহার, অশোচ্যখাদ্য সামগ্রীবিশিষ্ট, খাদ্য, খাওনোপযুক্ত, ভোগ্য, ভোগোপযুক্ত।

Foodless, *a.* আহারাভাবশালী, অপ্রতুলগ্রস্ত, খাদ্যদ্রব্যের অভাববিশিষ্ট, আহার দ্রব্য নাই বা উৎপন্ন হয় না যাহার বা যাহাতে, অফল, নিষ্ফল।

Foody, *a.* খাদ্যোপযুক্ত, আহারের যোগ্য।

Fool, *n. s.* Goth. and Icel. নির্ব্বুদ্ধি, অজ্ঞান, জ্ঞান নাই যাহার, পাগল, মূর্খ, জড়, ধর্ম্মপুস্তকে শয়তান বুঝায়, হেয় বা তাচ্ছল্যোদ্বোধক শব্দ, যথা গরু, বোকা ইত্যাদি, উন্মত্ত, খেপা, বাতুল, পাগলবেশধারী, মস্করা, ভাঁড়, তামসিক. *To play the fool* ভাঁড়ামি বা মস্করামি-কৃ, তামাসা-কৃ, পাগলের ব্যবহার-কৃ. *To make a fool of*, প্রতারণা-কৃ, প্রবঞ্চনা-কৃ, ফাকি-দা, ঠগা, ব্যর্থ-কৃ, নিরাশ-কৃ।

To **Fool**, *v. n.* খেলা-কৃ, তুচ্ছ-কৃ, তামাসা-কৃ, পরিহাস-কৃ, ঠাট্টা-কৃ, কৌতুক-কৃ, উপহাস-কৃ, গদ্য-কৃ, মস্করাম-কৃ।

To **Fool**, *v. a.* অবজ্ঞা-কৃ, অনাদর-কৃ তুচ্ছ-কৃ, হেয়-কৃ. বিতর্ক-কৃ, অপমান-কৃ, নিরাশ-কৃ, কোন বিষয়ে বা ভরসার পরিণাম-কৃ, ব্যর্থ-কৃ, বৃথা-কৃ, পাগল-কৃ, পাগলামি-কৃ, ফাকি দিয়া-নী, ঠগাইয়া-নী।

Fool, *n. s.* খাদ্য দ্রব্যবিশেষ।

Foolbold, *a.* গোঁয়ার, অসভ্য, হুটকো, রক্তপেঁচিশা, ভাৎপিটে, মূর্খ, মূর্খতারূপে সাহস করে যে।

Foolborn, *a.* জন্মোন্মত্ত, পাগল হইয়া জন্মিয়াছে যে, উন্মত্তের ঔরসে জাত যে।

Foolery, *n. s.* স্বাভাবিক পাগলামি বা উন্মত্ততা, অবোধতা, পাগলামি, মূর্খতা, অজ্ঞতা, বাতুলতা, অজ্ঞানের কর্ম্ম, পাগলের ন্যায় কর্ম্ম বা ব্যবহার, পাগলামির বিষয় বা কারণ।

Foolhappy, *a.* অবিবেচনাপূর্ব্বক সাহস, অসমসাহস, বিবেচনা বা চেষ্টারহিত, অর্থাৎ পাগল ন্যায় নিশ্চিন্ত।

Foolhardiness, *n. s.* পাগলামি, উন্মত্ততা, গোঁয়ারতিমি, অজ্ঞানের সাহস, বিবেচনাশূন্যের সাহস, অবিবেচনাপূর্ব্বক সাহস।

Foolhardy, *a.* উন্মত্ত ন্যায়, বিনা বিবেচনাতে সাহস করে যে, গোঁয়ার, মূঢ়, অসমীক্ষ্যকারী, জাল্ম, অসমসাহসী।

Fooltrap, *n. s.* পাগলধরা ফাঁদ, জালবিশেষ।

Foolish, *a.* অজ্ঞান, ক্ষীণবুদ্ধি, অনভিজ্ঞ, অবিবেচক, উন্মত্ত, পাগল, বাতুল, বাউরা, খেপা, আধপাগলা, উপহাস্য, অবজ্ঞেয়, তুচ্ছ, বেঅকুপ, ভেকুয়া, হাবা, হাবুগেলা, আজবোক, নষ্টচেতাঃ।

Foolishly, *ad.* অনভিজ্ঞতারূপে, ক্ষীণবুদ্ধি বা অবিবেচনাপূর্ব্বক, জ্ঞানরাহিত্য বা অবোধপূর্ব্বক, অজ্ঞানে, ধর্ম্মশাস্ত্রে অধমত্ব কুকর্ম্ম বা অপকর্ম্মপূর্ব্বক বুঝায়, পাগলামি করিয়া।

Foolishness, *n. s.* পাগলামি, অবোধতা, নির্ব্বুদ্ধিপনা, বাতুলতা, উন্মত্ততা, অনভিজ্ঞতা, অজ্ঞতা, জ্ঞান বা বিবেচনারাহিত্য, উন্মত্তের ন্যায় কর্ম্ম, মূর্খতা, যাথার্থ্যত্যাগ।

Foolscap *Paper*, চৌরোখা কাগজবিশেষ।

Foolstones, *n. s.* বৃক্ষবিশেষ।

Foot, *n. s.* Sax. পদ, পাদ, চরণ, পায়া, খুর, অধঃ অংশ, অধঃ, তলা, গোড়া, চলন, গমনকরণ, কর্ম্মের ভাব বা গতিক, পদাতিক, পাপেয়াদা, পদাতিক সিপাহী, অবস্থা, ভাব, আকার, মতলব, নক্সা, বন্দোবস্ত, নির্ণয়, কবিতার চরণ, গতি, কর্ম্ম, চেষ্টা, কর্ম্মের সোপান, কর্ম্মারম্ভ, মনুষ্যের পায়ের পরিমাণ, অর্থাৎ বার বুরুল, ষোল অঙ্গুলী পরিমাণ; *on foot*, পদব্রজে বাবিনা যানে যাওন।

To **Foot**, *v. n.* হাঁট, নৃত্য-কৃ, নর্ত্তন-কৃ, নাচ, মাতামাতি-কৃ, লাফালাফি-কৃ, লাফাইয়া ফির, পদব্রজে-গম, -গমন-কৃ, চলিয়া-গম।

To **Foot**, *v. a.* মাড়া, পদাঘাত-কৃ, চরণপ্রহার-কৃ, পা-মার, লাতি

Digitized by Google

-মার, গোড়ারি-মার, পা-ছুড়, স্থির-কৃ, নিশ্চয়-কৃ, পায়ে চল বা মাড়া।

Football, *n. s.* গোলাবিশেষ, ভাঁটা যাহা পদদ্বারা উৎক্ষিপ্ত বা নিঃসৃত হয় তদ্দ্রব্যদ্বারা ক্রীড়া, ভাঁটা খেলা।

Footbands, *n. s.* পদাতিক সৈন্য, পয়দল ফৌজ।

Footboy, *n. s.* নফর, চাকর, সেবক, ক্ষুদ্র ভৃত্য, দাস, গোলাম।

Footbreadth, *n. s.* পাদপরিমিত স্থান, এক পদের পরিমাণ।

Footbridge, *n. s.* ক্ষুদ্র সেতু, কমচৌড়া পুল, যাহার দ্বারা গমনাগমন হয় বা করে।

Footcloth, *n. s.* ঘোড়ার বস্ত্রবিশেষ।

Footed, *a.* পাদাকার, পাদে গঠিত বা নির্ম্মিত, পদবিশিষ্ট, পায়াওয়ালা, পদী।

Footfall *n. s.* পাদস্খলন, পাদ বিচলিতহওন, পা সরণ, পায়ের চলন বা গতি।

Footfight, *n. s.* পদব্রজে যুদ্ধ, পায়২ লড়াই, খাড়া হইয়া বা চলিয়া যুদ্ধ।

Footguards, *n. s.* পদাতি সৈন্যবিশেষ, এতন্নামধেয় সৈন্য।

Foothold, *n. s.* পাদপরিমিত স্থান, এক পা ভূমি।

Foothot, *ad.* শিকারির ভাষা বিশেষ, ঝটিতি বা তৎক্ষণাৎ বুঝায়।

Footing, *n. s.* পদ, পায়া, তলা, নীচ, গোড়া, পাদনিক্ষেপস্থান, পাদ থাকে বা রাখা যায় যে স্থানে, গতি, ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, স্থান, বসতি, মাড়ান, দলান, পায়ে চাটন, নৃত্য, সোপান, রাস্থা, পথ, প্রবেশ, আরম্ভ, স্থিতি, অবস্থা, মকরর।

Footless, *a.* নিষ্পাদ, পাদহীন, পা বা গোড়া নাই যাহার, পায়ারহিত, আলগা।

Footlicker, *n. s.* পাচাটা, অতিজঘন্য বা নীচ ব্যক্তি, অধম, খোসামোদিয়া, নীচ বৃত্তি করে যে।

Footman, *n. s.* পাইক, পেয়াদা, হরকরা, ধাবক, ধাউড়ে, কাশীদ, এক প্রকার ক্ষুদ্র ভৃত্য, পদাতিক সিপাহীবিশেষ, পদব্রজে যায় যে, হাঁটিয়া বেড়ায় যে।

Footmanship, *n. s.* দৌড়ান, ধাবনশক্তি, ধাউড়ের কার্য্য, তচ্ছক্তি বা তৎক্ষমতা।

Footmantle, *n. s.* হাটুরে স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রবিশেষ।

Footpace, *n. s.* সিঁড়ির চাতাল, এক পাদ পাদে চলন, পাদগতি।

Footpad, *n. s.* ডাকাইৎ, বাটপাড়, রাহাজান, লেঠেরা, ঠেঙ্গাড়ে, পথের ডাকাইৎ বা লুঠেরা।

Footpath, *n. s.* স্তড়িরাস্থা, পদব্রজে এক ব্যক্তির গমনোপযুক্ত পথ, গলি, গলিঘুঁচি, ক্ষুদ্র পথ।

Footpost, *n. s.* হরকরাবিশেষ, ধাউড়ে, ধাবক, কাশীদ।

Footsoldier, *n. s.* পদাতিকসৈন্য, পদব্রজে যায় বা যুদ্ধ করে যে সিকাহী, পয়দল সিকাহী।

Footstall, *n. s.* ঘোড়ার সোয়ারিতে স্ত্রীলোকের পায়ের রেকাব, বিবীয়ানা রেকাব।

Footstep, *n. s.* পদচিহ্ন, পদাঙ্ক, চিহ্ন, পদবিক্ষেপ, কদম, সম্বাদ, ইসারা, লক্ষণ, ইঙ্গিত, দৃষ্টান্ত, প্রমাণ, নিদর্শন, উদাহরণ।

Footstool, *n. s.* পাদাসন, পাদখুরসী, পা রাখা চৌকী বা মোড়া, পাদপীঠ।

Fop, *n. s.* বাঁকা, বাঁকড়া, তেরিয়াঁ, ফুলফুলে বা রঙ্গিলা বাবু, ফুল্লারবিন্দ, ভড়কে, ভড়কদার, জাঁক করে যে, প্রতারক, ছদ্মবেশী, কাচ কাচে যে, বঁড়াই করে যে, লোক দেখানে, অল্পবুদ্ধি, অনভিজ্ঞ, শিখচিল্লী, অশিষ্ট।

Fopdoodle, *n. s.* পাগল, নির্ব্বোধ, ক্ষুদ্র, নীচ বা অধমব্যক্তি, অন্ত্যজ।

Fopling, *n. s.* শিখচিল্লী, পাগল বা অবোধ ব্যক্তি, ক্ষুদ্র, ক্ষুদ্র মের্জা।

Foppery, *n. s.* ভড়ক, জাঁকজমক, ভড়কদারী, জারী, বাঁকাম, লোক দেখান, ফুলফুলামি, পচাভুর দেখান, অজ্ঞতা, পাগলামি, অশিষ্টতা, ক্ষুদ্র মের্জাইগিরি।

Foppish, *a.* লোক দেখানিয়া, ভড়কে, অনভিজ্ঞ, পাগল, ছেপলা, রঙ্গিলা, শিখচিল্লী, অর্ব্বাচীন, খোসপোশাকী, শৌকীন্, মের্জা।

Foppishly, *ad.* পাগল ন্যায় ভড়ক বা জাঁকজমকপূর্ব্বক, লোক দেখানিয়ারূপে, শৌকীন হইয়া, মের্জাই করিয়া।

Foppishness, *n. s.* বাঁকাম, পাগলামি বা নিরর্থক বেশ, ভড়ক, জাঁকজমক, জারী, ফুলফুলামি।

For, *prep.* Sax. নিমিত্তে, তরে, প্রযুক্ত, কারণ, কেননা, যেহেতুক, যন্নিমিত্তে, যদর্থে, জন্যে, যেহেতুক, পরিবর্ত্তে, বদলে, স্থানে, অভিপ্রায়ে, তথাপি, তথাচ, ভরসা অনুসারে, অনুরোধে. *For all,* তথাচ, তথাপি।

For, *conj.* কারণ, কেননা, এতন্নিমিত্তে, এতদর্থে. *For as much,* তদর্থে, তন্নিমিত্তে, তদনুরোধে, তদ্বিবেচনায়. *For why,* কেননা, যে হেতুক।

For, শব্দ রচনায় প্রত্যয় বিশেষ, নিবারণার্থক জানিবে।

To **Forage,** *v. n.* Lat. লুঠ বা প্রাপ্ত্যর্থে ভ্রমণ-কৃ, ভ্রমণ করিয়া-ফির বা-গম, দূরে-গম, আহারান্বেষণে-ফির, ভক্ষ্য দ্রব্য নিমিত্তে ভ্রমণ-কৃ, ভক্ষদ্রব্যানুমান-কৃ, লুঠ-কৃ, অপহ্নব-কৃ, লুঠের দ্রব্য-খাদ।

To **Forage,** *v. a.* লুঠ-কৃ, লুঠিয়া-নী, অপহ্নব-কৃ, কাড়িয়া-নী, ছিনিয়া-নী।

Forage, *n. s.* ভক্ষ্য দ্রব্যান্বেষণ, ভক্ষ্য দ্রব্যার্থে অনুসন্ধান বা চেষ্টা চরণ, চরিয়া ফেরণ, চরিয়া খাওন, বাহিরে প্রাপ্ত খাদ্য দ্রব্য বা আহার, ভক্ষ্য দ্রব্য, আহার, রসদ।

Forager, *n. s.* আহারের নিমিত্তে ভ্রমণকারী, আহারদাতা, চরায় যে, লুঠেরা, দেশ ওয়রাণ করে যে, ধান্যাদি শস্যের মহাজন, পশু চরাইয়া খায় যে।

Foraging, *n. s.* রাহাজানী, রাস্থায় লুঠফসাদ।

Foraminous, *a.* Lat. ছিদ্রবিশিষ্ট, ছিদ্রময়, সচ্ছিদ্র, ঝাঁজরা।

To **Forbathe,** *v. a.* স্নান-কৃ, ধৌত-কৃ।

To **Forbear,** *v. n.* Sax. পরিহার-কৃ, ক্ষান্ত-হ, বিরাম-দা, স্থগিত-হ, গৌণ-কৃ, ইচ্ছানুসারে ত্যাগ-কৃ বা ছাড়িয়া-যা, না কৃ, ক্ষমা-কৃ, সহ্য-কৃ, বরদাস্ত-কৃ, থাম, টেক, তিতিক্ষা-কৃ।

To **Forbear,** *v. a.* অস্বীকার-কৃ, বেকবুল-কৃ, ইচ্ছাক্রমে ক্ষমা পরিহার বা ত্যাগ-কৃ, উপেক্ষা-কৃ, ক্ষান্ত-কৃ, রহিত-কৃ, বর্জন-কৃ, ছাড়িয়া-যা, দয়া-কৃ, স্নেহ-কৃ, তিতিক্ষা-কৃ, সংযমন-কৃ, ধৈর্য্য-কৃ।

Forbearance, *n. s.* তিতিক্ষা, পরিহার, ক্ষান্তি, ক্ষমা, সহিষ্ণুতা, সহ্য, সংযম, ত্যাগ, ছাড়িয়া যাওন, সহ্যতা, ধৈর্য্য, স্থৈর্য্য, নরমী, দণ্ডকরণে গড়িমসি।

Forbearer, *n. s.* ত্যাগকারী, বন্ধকারী, আটককারী, ছাড়িয়া ধরে বা দেয় যে।

To **Forbid,** *v. a.* Sax. বারণ-কৃ, নিষেধ-কৃ, মানা-কৃ, বাধা-দা, ক্ষান্ত-কৃ, বিরত-কৃ, ক্ষান্তহওনার্থে অনুজ্ঞা-কৃ, বিরুদ্ধ-কৃ, বাধা জন্মা, মোজাহেম-হ।

To **Forbid,** *v. n.* বারণ-দা, নিষেধ-হ, মানা-কৃ, বাধা বা বাক্য বচ, নিষেধবাক্য উচ্চারণ-কৃ।

Forbiddance, *n. s.* বারণ, নিষেধ, মানা।

Forbiddenly, *ad.* অশাস্ত্রপূর্ব্বক, অবিধিপূর্ব্বক, শাস্ত্রোল্লঙ্ঘনপূর্ব্বক, অবৈধত্বরূপে।

Forbiddenness, *n. s.* নিষিদ্ধত্ব, নিবারিতত্ব, অবিহিতত্ব।

Digitized by Google

Forbidder, *n. s.* নিষেধক, নিবারক, মানা বা বারণ করে যে, বা ধা জন্মায় যে ব্যক্তি।

Forbidding, *part. a.* ঘৃণাজনক, অশ্রদ্ধা বা অবজ্ঞাপ্রয়োজক, উপগমননিবারক।

Forby, Foreby শব্দ দেখ।

Force, *n. s.* Fr. জোর, বল, সামান্য ক্ষমতা, পরাক্রম, যুদ্ধের বল, জবরদস্তি, তেজ, শক্তি, গুণ, যাথার্থ্য শাস্ত্রের ক্ষমতা, সংগ্রাম, যুদ্ধার্থে সাজন বা তদস্ত্র, যুদ্ধোদ্যোগ, কপাল, অদৃষ্ট, আবশ্যকতা দূরকরণ, ঝোরা, জলের বেগ।

To **Force,** *v. a.* জোর-কৃ, বল-কৃ, জবরদস্তি-কৃ, ক্ষমতা বা বলের দ্বারা পরাভূত-কৃ, ঠেল, ঠেলিয়া ফেল, ঘুষড়া, বসাইয়া-দা, জোরে আসিয়া নির্গত-হ, জোরে-পত, উৎপাটন-কৃ, উত্ত্যক্ত-কৃ, লাচার-কৃ, জোরে-বহিষ্কৃ, জবরদস্তিক্রমে-নী বা প্রাপ, আক্রমণ-কৃ, হঠাৎ আক্রমণদ্বারা-ধর বা প্রবেশ-কৃ, নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ, সতীত্ব নাশ-কৃ, বদ্ধ-কৃ, সাজা-দা, বলবিশিষ্ট-কৃ, সৈন্য প্রস্তুত-কৃ, ছাউনি-কৃ, সৈন্যেরদের বল-জন্মা. *To force out,* বহিষ্কৃ, জোর করিয়া-নী।

To **Force,** *v. n.* জোর-হ, ঝোঁক-হ বা পত, প্রণিধান-কৃ।

Forcedly, *ad.* জোরপূর্ব্বক, জোরে, জোর করিয়া, অন্যভাব রূপে, জবরদস্তি করিয়া, বলাৎকারে, দৌরাত্ম্যপূর্ব্বক, বলক্রমে।

Forcedness, *n. s.* কদাকার, কিম্ভূতকিমাকার, মোচড়ান দোমড়ান বা স্বাভাবিক আকারের বৈলক্ষণ্য তদ্ভাব বাতদবস্থা।

Forceful, *a.* জবরদস্ত, শক্ত, উগ্র, মজবুত, পরাক্রমশালী, ভয়ানক, রাগান্বিত, ক্রোধাবিষ্ট।

Forcefully, *ad.* জোরপূর্ব্বক, জবরদস্তি করিয়া, বলাৎকারে, রাগপূর্ব্বক।

Forceless, *a.* ক্ষীণ, দুর্ব্বল, কৃশ, কাহেল, অল্পবলী, অল্প বল বা সামার্থ্য আছে যাহার বা যাহাতে।

Forcemeat, *n. s.* পাকশাস্ত্রে সংজ্ঞাবিশেষ।

Forceps, *n. s.* Lat. অস্ত্রচিকিৎসকের চিমটে, সাঁড়াশী, শোন্না, দাড়া, মোচনা।

Forcer, *n. s.* জোরকারী, জবরদস্ত, বলবান্, পরাক্রমকারী, প্রতাপী, খর্ব্ব হ্রস্ব বা আটক করে যে, বাধক, নিরোধক।

Forcible, *a.* শক্ত, দৃঢ়, মজবুত, বলবান্, সমর্থ, রাগী, উগ্র, গুণকারী, তীব্র, পরাক্রান্ত, জবরদস্ত, জোরাবর, অমোঘ, অব্যর্থ, ক্ষিপ্র, দক্ষ, পরাক্রমশালী, ক্ষমতাবিশিষ্ট, শক্তিমান্, যোগ্যতাবান্, প্রবল, প্রচলিত, চলনসহী, জোরে বা বলে কৃত, প্রসহ্য, নির্ব্বন্ধযুক্ত, প্রতিজ্ঞাত।

Forcibleness, *n. s.* জোর, বল, শক্তি, সামর্থ্য, জবরদস্তি, দৌরাত্ম্য।

Forcibly, *ad.* দৃঢ়তাপূর্ব্বক, দার্ঢ্যপুরঃসরে, জোরে, শক্তাইপূর্ব্বক, বল ক্ষমতা বা শক্তিপূর্ব্বক, উগ্রতারূপে, অতিশক্তি বা বলপূর্ব্বক, জোর করিয়া, জবরদস্তিতে, বলাৎকারে।

Forcipated, *a.* সন্দংশন, চিমটে বা সাঁড়াশীন্যায় বা তদাকার খোলা ও মোড়া যায় যাহা।

Forcipation, *n. s.* চিমটান, সাঁড়াশিদ্বারা টানন, সন্দংশনীদ্বারা আকর্ষণ বা প্রহারকরণ, পূর্ব্বকালীন প্রহারবিশেষ।

Forcing, *n. s.* জোরকরণ, বলকরণ, জবরদস্তি।

To **Forclose.** *To* **Foreclose** শব্দ দেখ।

Ford, *n. s.* Sax. থাই, স্থাই, নদীর তড়া চড়া বা স্তম্ভভাগ, অল্পজল যেখানে, হাঁটিয়া পার হওয়া যায় যে স্থানে, বিনা তরি বা সন্তরণে পার হওয়া যায় যাহাতে, স্রোত, ধারা, জল।

To **Ford,** *v. a.* পার-কৃ, বিনা সন্তরণে পার-হ, হাঁটিয়া পার-হ বা -যা।

Fordable, *a.* পদব্রজে বা হাঁটিয়া পার হওনোপযুক্ত নদীর বিশেষণ, হাঁটিয়া পারহওনযোগ্য তট, অল্পজল, তড়া আছে যে নদীতে, থাই পাওয়া যায় যে নদীতে, তলস্পর্শ হয় যাহার।

To **Fordo,** *v. a.* Sax. নষ্ট-কৃ, ধ্বস্ত-কৃ, বিনাশ-কৃ, দুঃখী-কৃ, অসুখী-কৃ, শ্রান্ত-কৃ, ক্লান্ত-কৃ, জয়-কৃ, পরাজয়-কৃ।

Fore, *a.* Sax. পূর্ব্ব, অগ্র, অগ্রগামী, পূর্ব্বগত বা জাত, পূর্ব্ববর্ত্তী, প্রথমে হয় যে, পূর্ব্বকাল্যে, সেকাল্যে।

Fore, *ad.* অগ্রে, পূর্ব্বে, প্রথমে, আগে, এ শব্দ লিখনে সর্ব্বদা পূর্ব্ব ভাব বা অবস্থা বুঝায়, *Fore and aft.* জাহাজের লম্বাই।

To **Foreadmonish,** *v. a.* পূর্ব্বে পরামর্শ-দা, অগ্রে-বুঝা, অগ্রে জানা, কর্ম্ম বা বিষয় উপস্থিত হওনের পূর্ব্বে পরামর্শ-কৃ বা-দা।

To **Foreadvise,** *v. n.* অগ্রে পরামর্শ-কৃ বা-দা, কর্ম্ম বা কার্য্য না হইতে পূর্ব্বে বিবেচনা-কৃ বা পরামর্শ-কৃ।

To **Foreallege,** *v. a.* পূর্ব্বে-কথ, অগ্রে-জানা, পূর্ব্বে প্রস্তাব-কৃ, অগ্রে প্রসঙ্গ-কৃ, পূর্ব্বে অবগত-কৃ।

To **Foreappoint,** *v. n.* অগ্রে নিরূপিত-কৃ, পূর্ব্বে হুকুম-দা, অগ্রে-কৃ, অগ্রে নিশ্চয় বা নিযুক্ত-কৃ, প্রথমে স্থির-কৃ।

Foreappointment, *n. s.* পূর্ব্বনিয়োগ, অগ্রে নিযুক্তকরণ, স্থির বা নিশ্চয়করণ।

To **Forearm,** *v. a.* পূর্ব্বে সাবধান-কৃ, প্রথমে বিবেচনা-কৃ, আবশ্যকতা হওনের পূর্ব্বে রক্ষা হওন বা করণার্থে বন্দোবস্ত বা প্রস্তুত-কৃ।

To **Forebode,** *v. n.* Sax. অগ্রসূচনা-কৃ, ভবিষ্যদ্বক্তা-হ, অগ্রে-কথ, অগ্রে-জ্ঞা, অগ্রে অবগত-হ, পূর্ব্বলক্ষণাক্রান্ত হ, আকার বা লক্ষণদ্বারা অনুমান-কৃ।

Foreboder, *n. s.* অগ্রসূচক, অনিষ্টসূচক, ভবিষ্যদ্বক্তা, ভাবিসূচক জ্ঞান লক্ষণ বা ভাবের দ্বারা ব্যক্ত করে যে, ভাবিকথক, ভাবি বিষয় অগ্রে সূচনা বা ব্যক্ত করে যে।

Forebodement, *n. s.* ভাবি বা আগামি বাক্য, ভবিষ্যৎ কথা।

Foreboding, *n. s.* ভাবি কথা, ভবিষ্যদ্বাক্য, অগ্রে অনুভব বা জানন।

Foreby, *prep.* নিকট, সমীপ, সন্নিহিত, অন্তিক।

Goth, *n. s.* Lat. Sax. ইউরোপের উত্তরাঞ্চলের লোক অসভ্য চাসা, বা জাতিবিশেষ, ইহারদিগের নাম আদৌ Getes, ছিল, এক্ষণে এই নামে খ্যাত, অজ্ঞ, সাধারণ জ্ঞানে ন্যূন, চোয়াড়, গোঁয়ার, মূর্খ।

Gothamist, *n. s.* অজ্ঞ ব্যক্তি, অপরিণামদর্শী।

Gothical বা **Gothick,** *a.* গোথনামক দেশ বা মনুষ্যসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, গোথেরদের মত বা অনুসারী, গৃহাদি নির্ম্মাণের রীতি বা বিদ্যাবিশেষ, এতন্নামধেয় মত, কর্কশ, গোঁয়ার, চাসা, মূর্খ, অসভ্য।

Gothick, *n. s.* পূর্ব্বোক্ত জাতির ভাষা।

Gothicism, *n. s.* তজ্জাতীয় ভাষা বা বাক্য, তজ্জাতীয় গৃহনির্ম্মাণের বিদ্যানুসারে গ্রন্থন বা কর্ম্ম, মূর্খত্ব, অসভ্যতা।

To **Gothicize,** *v. a.* মূর্খ-কৃ, পশুবৎ-কৃ, অসভ্য-কৃ, পুনর্ব্বার মূর্খত্ব প্রাপ্ত-কৃ।

Gotten, *part.* *To* **Get,** শব্দের অসমাপিকা ক্রিয়াবাচক, প্রাপ্ত, পাওয়া।

Goud, *n. s.* বৃক্ষবিশেষ।

Gove, *n. s.* কাস্ত্যাবিশেষ, কর্ত্তনীবিশেষ।

To **Gove,** *v. n.* পূর্ব্বোক্ত অস্ত্রদ্বারা-কাট বা-ছাঁট।

Digitized by Google

To Govern, *v. a.* Fr. প্রধান বিচারকর্ত্তার ন্যায় শাসন বা রক্ষা-কৃ, নিয়ম-কৃ, চালা, সাম্রাজ্য-কৃ, প্রভুত্ব বা হাকিমি-কৃ, কর্ত্তৃত্ব-কৃ, প্রাধান্য-কৃ, প্রভুত্ব-কৃ, শাসন-কৃ, রাজ্য-কৃ, নির্ব্বাহ-কৃ, সম্বরণ-কৃ, নিরস্ত-কৃ, বশ-কৃ, দাবা, আজ্ঞা-কৃ, হুকুম-কৃ, সরবরাহ-কৃ, পালন-কৃ, নবাবি-কৃ, সমাস-কৃ, জাহাজ-চালা, জাহাজকে পথ দেখাইয়া-আনী বা লইয়া-গম।

To Govern, *v. n.* প্রাধান্য-কৃ, কর্ত্তৃত্ব-কৃ, প্রধান বা কর্ত্তা-হ, কর্কশ ব্যবহার-কৃ, প্রভুত্ব-হ, সাম্রাজ্য-হ।

Governable, *a.* আজ্ঞার বশ, আজ্ঞাধীন, আজ্ঞাবহ, হুকুম আজ্ঞা বা রাজনিয়ম মানে যে বা তাহাতে বশ বা অধীন ভবনীয় বা করণীয়, কর্ত্তৃত্বকরণীয়, নিয়মাধীন, প্রাধান্য যোগ্য, শাসনীয়, শাস্য, নির্ব্বাহযোগ্য চালাইতে পারা যায় যাহাকে।

Governance, *n. s.* রাজশাসন, নবাবি, রাজনিয়ম, আইন, সরবরাহ, নির্ব্বাহ, আজ্ঞা, হুকুম, প্রাধান্য, কর্ত্তৃত্ব, প্রভুত্ব, চালি, ব্যবহার, রীতি, শাসন।

Governant, *n. s.* Fr. বিশিষ্টা বালিকা বা যুবতি স্ত্রীর রক্ষিকা বিশেষ, কর্ত্রী, উপদেষ্ট্রী।

Governess, *n. s.* Fr. কর্ত্রী, রক্ষিকা, উপদেশদায়িকা, আজ্ঞা কর্ত্রী, শিক্ষা করায় যে স্ত্রী, বালিকা বা যুবতি স্ত্রীরদিগের রক্ষিকা, শিক্ষাদায়িকা, পাঠাশালা বা মঠের কর্ত্রী বা প্রধানা।

Government, *n. s.* Fr. রাজশাসন, রাজ্যনিয়ম, রাজ্যের বা শাসনের রীতি, দেশ প্রতিপালন, নিজামৎ, বাদশাহী সরকার, নবাবী, রাজকর্ম্ম, রাজ্যশাসনের ব্যাপার, রাজত্ব, আধিপত্য, রাজ্য, দেশ, আমল, অধিকার, অধিকারিতা, কর্ত্তৃত্ব, রাজকার্য্য, চালি বা রীতির নিয়ম বা তন্নির্ব্বাহ, নির্ব্বাহকরণীয়ত্ব, স্বীকার, শরীর বা তদবয়ব বা অঙ্গ চালনা, সমাস।

Governour, *n. s.* Fr. অধিপতি, নবাব, হাকিম, বড়সাহেব, দেশাধিপতি, অধিষ্ঠাতা, হাকিম, মালিক, কর্ত্তা, প্রভু, মুনিব, নির্ব্বাহকর্ত্তা, রাজ্যাধিকারী, শিক্ষক, শিক্ষাদাতা, বালক বা যুবা ব্যক্তির রক্ষক শাস্তা বা উপদেষ্টা, ছোট নৌকা, জাহাজের পথ দেখায় যে, জাহাজকে পথ দেখাইয়া আনে বা লইয়া যায় যে, নিয়মকর্ত্তা।

Gouge, *n. s.* Fr. গোল বাঁটালিবিশেষ।

To Gouge, *v. a.* গোল বাঁটালিতে কাট বা তদ্দারা খুল বা কাটিয়া বাহির-কৃ, অঙ্গুলিদ্বারা চক্ষুর পুতলি উৎপাটন-কৃ।

Goujeers, *n. s.* Fr. ফ্রান্সদেশে রোগবিশেষ।

Gouland, *n. s.* পুষ্পবিশেষ।

Goulard, *n. s.* শীশার আরকবিশেষ, গোলর্ট নামক ব্যক্তি কর্ত্তৃক রচিত তন্নামধেয় ঔষধ, স্ফীতি ক্ষত অস্থি বিচলিত বা ভাঙ্গা হইলে এই ঔষধ দেয়।

Gourd, *n. s.* Fr. বৃক্ষবিশেষ, লাউ, কদু, ক্রীড়াস্ত্রবিশেষ, চিচিঙ্গা।

Gourdiness, *n. s.* ঘোড়ার ভ্রমণ বা গমনানন্তর পদে স্ফীতি বা রোগবিশেষ।

Gourmand, *n. s.* Fr. Gormand শব্দ দেখ, পেটুক, বহুভোক্তা।

To Gourmandize, *v. n.* বহুাহারী-হ, বহুভোক্তা-হ, পেটুক-হ।

Gourmandize, *n. s.* লোভ, লালচ, বহুল আহারী, অপরিমিতাহার।

Gournet, *n. s.* মৎস্যবিশেষ।

Gout, *n. s.* Fr. বাত, বাতরোগ।

Gout, *n. s.* Fr. অবর ভাষায়, আস্বাদবিশেষ।

Gout-swollen, *a.* বাতাকৃষ্ট, বাতরোগী, বাতে ফুলিয়াছে যে, বাতের ফুলা।

Goutwort, *n. s.* ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

Gouty, *a.* বাতগ্রস্ত, বাতরোগী, বেতো, ভিজা আর্দ্র বা নিম্ন।

Goutiness, *n. s.* বাতের বেদনা।

Gowd, *n. s.* খেলনা, পুতলা।

Gowk, *n. s.* Teut. পাগল বা নির্ব্বোধ ব্যক্তি।

To Gowk, *v. a.* নির্ব্বোধ জড় বা বেঅকুপ-কৃ।

To Gowl, *v. n.* Icel. শৃগাল বা কুক্কুরের ন্যায় ডাক-ডাক।

Gown, *n. s.* Ital. বড় জামা, লবেদা, পেশোআজ, আঙ্গরাখা, স্ত্রীলোকের জামা বা কোর্ত্তা, পাদরি বা বিচারকর্ত্তার জোড়া বা বড় জামা।

Gowned, *a.* জামা পরিহিত বা তদ্বিশিষ্ট।

Gownman, *n. s.* জামা পরিধান করিবার কার্য্য যাহার, ধর্ম্ম বা বিচার কর্ম্মে নিযুক্ত যে ব্যক্তি, অর্থাৎ পাদরি বা বিচারকর্ত্তা, এ শব্দ কখনং Gownsman লিখা যায়।

Gozzard, *n. s.* হৎসশাবক।

Grab, *n. s.* মালাবর দেশের নৌকাবিশেষ।

To Grabble, *v. n.* হাতড়, হস্তদ্বারা বোধ-কৃ, মৃত্তিকাতে-পড়, মৃত্তিকাতে দণ্ড কাষ্ঠ ন্যায়-পত।

Grace, *n. s.* Fr. অনুগ্রহ, দয়া, কৃপা, ভক্তি, শ্রদ্ধা, গুণ, ভগবৎ কৃপা, ক্ষমা, প্রসাদ, স্বার্থ, অধিকার, সাকার বাদির মতে দেবীবিশেষ, চালি, ডৌল, ঢপ, সৌন্দর্য্য, ভূষণ, কল্পিত গুণ রূপ বা শ্রী, লাবণ্য, স্ত্রী, শোভা, অস্বাভাবিকরূপ গুণ বা উত্তমতা, অনুরঞ্জকরূপ, অলঙ্কার, পুষ্প, সর্ব্বোত্তমতা, শ্রেষ্ঠত্ব, অনুপমত্ব, বিশেষগুণ বা ধর্ম্ম, ভিউকসংজ্ঞক কুলীন বা আর্চ্চ বিশপ ধর্ম্মাধ্যক্ষের উপাধি, এতদ্ব্যক্তির সম্বোধনবাচক, মহত্ত্ব বুঝায়, ক্ষুদ্র স্তববিশেষ যাহা ভোজনের পূর্ব্বে এবং পরে পঠিত হয়, ধর্ম্মাবতার, রাজকুমার, মহাশয়, মহাত্মা।

Grace-cup, *n. s.* মদ্যের বাটী, পেয়ালা, মঙ্গলার্থে পেয় বা পান।

To Grace, *v. a.* শোভা-কৃ, শোভা-জন্মা, মহৎ-কৃ, প্রধান শ্রেষ্ঠ বা শ্রীযুক্ত-কৃ, সুশোভিত-কৃ, মর্য্যাদাবন্ত-কৃ, সুন্দর-কৃ, অনুগ্রহ বা প্রসাদদ্বারা উন্নত-কৃ, দয়া বা অনুগ্রহ-কৃ, শ্রদ্ধান্বিত-কৃ, ভক্তিমান-কৃ, ঐশিক কৃপান্বিত-কৃ।

Graced, *a.* সুন্দর, উত্তম, মনোহর, মনোরম, পুণ্যবান, নিয়মিত, সতী।

Graceful, *a.* সৌন্দর্য্যবিশিষ্ট, মনোহর, অনুপম, সুশ্রী, সুভব্য, সুগঠন, কোমল, সুন্দর, উত্তম, শ্রীমান, ভাগ্যবান, লাবণ্যবান।

Gracefully, *ad.* উত্তমরূপে, সৌন্দর্য্যরূপে, সুশ্রী বা কোমলতাপূর্ব্বক, সুন্দররূপে, শ্রীরূপে।

Gracefulness, *n. s.* সুশ্রী, শ্রী, কোমলতা, সৌন্দর্য্য, উত্তমতা, সুভব্যতা, লাবণ্য।

Graceless, *a.* মন্দ, অকোমল, অনুত্তম, শ্রীহীন, অভাগ্যবান, অলাবণ্যবিশিষ্ট।

Gracelessly, *ad.* অনুত্তমতাপূর্ব্বক, শ্রীহীনত্বরূপে, অলাবণ্যপূর্ব্বক।

Graces, *n. s.* সুলক্ষণ, সুধারা, সুপ্রবৃত্তি বা ভাব।

Gracile, *a.* Lat. ক্ষীণ, পাতলা, কৃশ, ছোট, ক্ষুদ্র।

Gracilent, *a.* Lat. পাতলা, ক্ষীণ, কৃশ।

Gracility, *n. s.* Lat. ক্ষীণত্ব, কৃশের ভাব বা অবস্থা, ক্ষুদ্রত্ব, অল্পত্ব।

Gracious, *a.* Fr. দয়াবান্, দয়াশীল, দয়ালু, কৃপালু, কৃপাবান্, মেহরবান্, বৎসল, করুণানিধান, ক্ষমী, ক্ষমাশীল, অনুগ্রাহক, অনুকূল, সদয়, স্বীকার্য্য, অনুগৃহীত, কৃপান্বিত, পুণ্যবান্, পুণ্যশীল, শ্রেষ্ঠ, উত্তম, ভাল, অনুপম, সুশ্রী, শ্রীমান, উপযুক্ত, যোগ্য, মনোরঞ্জক, লাবণ্যযুক্ত।

Digitized by Google

Graciously, *ad.* দয়াপূর্ব্বক, কৃপাপূর্ব্বক, দয়া করিয়া, অনুকূল হইয়া, অনুগ্রহপূর্ব্বক, করুণাপূর্ব্বক, মনোহরতা, প্রসন্নতা বা মনোরমতাপূর্ব্বক।

Graciousness, *n. s.* দয়ালুতা, কৃপালুতা, অনুকূলতা, প্রসন্নতা, অনুগ্রহ, দয়া, কৃপা, করুণা, শ্রেষ্ঠত্ব, সুগুণ, সদ্গুণ, সুরীতি, মনআকৃষ্ট বা তুষ্ট হয় যদ্দ্বারা তদবস্থা।

Gradation, *n. s.* Fr. সিঁড়ি, ক্রম, দর্জা, পরম্পরা পদ, উত্তরোত্তর সিঁড়ি বা পায়া, সিঁড়িং বা ক্রমানুসারে উন্নতি বা বৃদ্ধি, বিচারের ক্রম।

Gradatory, *n. s.* Lat. দেবালয় বা ভজনাগারহইতে মন্দিরে বা গিরিজাতে চড়নের পথ বা সিঁড়ি।

Gradatory, *ad.* ক্রমেং, সিঁড়িং, পদেপদে।

Grade, *n. s.* Fr. পদ, অবস্থা, পায়া, দর্জা, ক্রম, সোপান, সিঁড়ি।

Gradient, *a.* Lat. চলনশীল, ক্রমে চলে বা উঠে যে।

Gradual, *a.* Fr. ক্রমবিশিষ্ট, ক্রমে বা সিঁড়িং চলে বা গমন করে যে, ক্রমিক।

Gradual, *n. s.* ক্রম, পদের ক্রম সিঁড়ি বা রীতি, ক্ষুদ্র বস্তু, গুঁড়া, টুকরা, প্রাচীনকালের ভজন বা স্তবের গ্রন্থ।

Graduality, *n. s.* ক্রমত্ব, ক্রমিকতা, ক্রমে চালি উন্নতি বা গমন তদ্ভাব বা তদবস্থা।

Gradually, *ad.* ক্রমেং, ক্রমশঃ, পরম্পর, রীতিপূর্ব্বক, পদেং।

To **Graduate**, *v. a.* Fr. মহাবিদ্যালয়ে উন্নতি বা বৃদ্ধির চিহ্নদ্বারা সম্ভ্রান্ত বা মর্য্যাদাবন্ত-কৃ, পায়া দর্জা বা মর্তবাদ্বারা খ্যাত্যাপন্ন বা গৌরববিশিষ্ট-কৃ, পদ বা ক্রমাঙ্কদ্বারা চিহ্ন-কৃ, স্থাপিত কোন কালেজে উপাধি-নী, উচ্চ-কৃ, বড়-কৃ, ঢাল-কৃ।

To **Graduate**, *v. n.* মহাবিদ্যালয়ের ক্রম বা পদপ্রাপ্ত-হ, পাঠশালার ক্রম বা উন্নতির পদগ্রহণ-কৃ, ক্রমে বা রীতিপূর্ব্বক চল বা -গম।

Graduate, *n. s.* বিদ্যালয়ের ক্রমপ্রাপ্ত বা বিশিষ্ট ব্যক্তি।

Graduateship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অবস্থা বা পদ।

Graduation, *n. s.* ক্রমে গতি, চালি বা উন্নতি, ক্রমিকতা, পদেং বা সিঁড়িং চলন, উন্নতি পদপ্রাপ্তি, উন্নত হওন, গুণের প্রাবল্য উন্নতি বা বৃদ্ধি, বিদ্যালয়ের ক্রমানুসারে উচ্চ পদ মর্য্যাদা বা গৌরবকরণ বা তচ্চিহ্ন প্রদানকরণ।

Graff, *n. s.* খাত, খানা, গর্ত্ত।

Graff বা **Graft**, *n. s.* Sax. কলম, গাছের ডালের কলম, এক বৃক্ষের শাখা অন্যেতে লাগান বা যোড়ন, কলমের গাছ বা তাহার কুঁড়ি।

To **Graff** বা *To* **Graft**, *v. a.* কলম-কৃ, কলম-লাগা, কলম-বসা, অন্য বা ভিন্ন দ্রব্যের সহিত-যোড় বা সংযুক্ত-কৃ, মিলা।

To **Graff**, *v. n.* কলম-হ, কলম ব্যবহার-হ।

Graffer, বা **Grafter**, *n. s.* মালিবিশেষ, কলম লাগায় বসায় বা যোড় দেয় যে।

Grail, *n. s.* Fr. ক্ষুদ্র বা অল্পবস্তু, গুঁড়া, টুকরা দ্রব্য।

Grail, *n. s.* Lat. রুমীরদিগের গ্রন্থবিশেষ।

Grain, *n. s.* Fr. Lat. শস্য, ধান্যাদি ভুষাদ্রব্য, কোন ফলের শস্য, বা বীজ, অণু, রেণু, দানা, রোয়া, কলিকা, পরমাণু বা ক্ষুদ্র দ্রব্য, সামান্য বা অল্প বস্তু, পরিমাণবিশেষ, রত্তি, ধান, *Grain of allowance*, ছাড়িয়া দেওয়া যায় বা রেয়াইত হয় যে বস্তু বা বিষয়, কাষ্ঠের রগ বা আঁশ, রংকরা বা দাগকরা দ্রব্য, মেজাজ, স্বভাব, মতলব, হৃদয়, অন্ত্র, তলা, অধোভাগ, উপরিভাগ বা তদাকার, খোঁটা, মেক, কাঁটা, শুয়াঁ।

To **Grain**, *v. n.* শস্য-হ, শস্যোৎপত্তি-হ।

To **Grain** বা **Grane**, *v. n.* Sax. কোঁকা, কোঁতা, কোঁত-পাড়।

Grained, *a.* অসমান, অনিষ্পিন্ন, আঁসওয়ালা, রংকরা, চিত্র করা।

Graining, *n. s.* অসমানত্ব, বহিষ্কৃতত্ব, বহির্ভাব।

Grains, *n. s.* তুষ, খোশা।

Grains *of Paradise*, *n. s.* শস্যবিশেষ।

Grainstaff, *n. s.* খোঁটা, মেক, গোঁজ।

Grainy, *a.* শস্যময়, শস্যপূর্ণ, শস্যবতী।

To **Graith**, *v. a.* Sax. প্রস্তুত-কৃ, তৈয়ার-কৃ।

Graith, *n. s.* Sax. সামান্য গৃহদ্রব্য, আসবাব, গৃহসজ্জা, দ্রব্য সামগ্রী, ধন দৌলত।

Gram, *a.* Sax. রাগান্বিত, উষ্মান্বিত, উগ্র।

Gramercy, *interj.* Fr. বাধ্য হওন বা করণ উদ্বোধক, অব্যয় শব্দ।

Gramineous, *a.* Lat. তৃণময়, ঘাসেপূর্ণ, ঘাসসম্বন্ধীয়।

Graminivorous, *a.* Lat. তৃণখাদক, তৃণজীবী, ঘাসাহারী।

Grammar, *n. s.* Fr. ব্যাকরণ, ব্যুৎপত্তিবাদ, বাক্য বা লিখনের শুদ্ধাশুদ্ধ, কথার শুদ্ধতা বা যাথার্থ্য, শব্দের ব্যুৎপত্তি, সমাস ইত্যাদি জানা যায় বা আছে যাহাতে তচ্ছাস্ত্র।

Grammar *School*, *n. s.* ব্যাকরণের চৌপাড়ী, ব্যাকরণ শিক্ষালয়।

To **Grammar**, *v. n.* ব্যাকরণের সূত্রানুসারে-রচ বা-কথ।

Grammarian, *n. s.* Fr. বৈয়াকরণীয়, ব্যাকরণশাস্ত্রজ্ঞ, ব্যাকরণের অধ্যাপক, ব্যাকরণবিদ্যাজ্ঞ।

Grammatical, *a.* Fr. ব্যাকরণসম্বন্ধীয়, ব্যাকরণসিদ্ধ, ব্যাকরণ দ্বারা শিক্ষিত বা উপদিষ্ট।

Grammatically, *ad.* ব্যাকরণানুসারে, ব্যাকরণের সূত্র বা মত পূর্ব্বক।

Grammaticaster, *n. s.* Lat. ব্যাকরণমূর্খ, শব্দ শাস্ত্রে মূর্খ, ব্যাকরণ শাস্ত্রে অল্পজ্ঞান বা সংস্কার আছে যাহার, মূর্খ, জ্ঞান নাই অথচ জ্ঞানাভিমানী বা তদ্বিষয়ে দর্প করে যে ব্যক্তি।

To **Grammaticise**, *v. a.* ব্যাকরণানুসারে-লিখ কথ বা রচ, শুদ্ধ-কৃ।

Grammatication, *n. s.* ব্যাকরণের সূত্র বা নিয়ম।

Grammatick, *a.* ব্যাকরণসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Grammatist, *n. s.* Lat. অবৈয়াকরণীয়, ব্যাকরণ শাস্ত্রেমূর্খ ব্যক্তি।

Grample, *n. s.* Fr. কর্কট মৎস্যবিশেষ।

Grampus, *n. s.* বৃহৎ মৎস্যবিশেষ।

Granado, *n. s.* Span. তুবড়িবিশেষ, একপ্রকার ফাঁপা বর্ত্তুলাকার লৌহ দ্রব্যবিশেষ।

Granadier, **Grenadier**, শব্দ দেখ।

Granam, **Grannam** শব্দ দেখ।

Granary, *n. s.* Lat. শস্যের গোলা, মরাই বা পালুই, ডোল, বাখার, ভাণ্ডার, গোলাঘর, হামার, কোষ।

Granate, *n. s.* Lat. প্রস্তরবিশেষ।

Grand, *a.* Lat. প্রকাণ্ড, বড়, বৃহৎ, মহান্, মহৎ, অতিশয়, উত্তম, প্রধান, উদার, সরদার, জ্যেষ্ঠ, ক্ষমতাবান্, শ্রেষ্ঠ, সুন্দর, উমদা, তেজঃশালী, খ্যাত্যাপন্ন, জাঁকাল, উচ্চ, পরম, সম্ভ্রান্ত, মর্য্যাদাবন্ত, উন্নত, মান্য, আদর্য্য, সম্বন্দের উচ্চতা বা নীচত্ব বুঝায়, যথা Grandfather, Grandson, &c.

Grandam, *n. s.* পিতামহী, মাতামহী, বৃদ্ধা বা জরতীস্ত্রী, বুড়ি।

Grandchild, *n. s.* পুত্রের কন্যা বা পুত্র, কন্যার পুত্র বা কন্যা, নাতি, নাতিনী, পৌত্র, পৌত্রী, দৌহিত্র, দৌহিত্রী।

Grandaughter, *n. s.* পৌত্রী, দৌহিত্রী, নাতিনী।

Digitized by Google

Grandee, *n. s.* Fr. উচ্চপদস্থব্যক্তি, আমীর, কুলীন, মহৎ, প্রধান মনুষ্য, উচ্চপদ, মর্য্যাদা, সম্ভ্রম।

Grandeeship, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ বা অবস্থা, আধিপত্য, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব।

Grandevity, *n. s.* Lat. অধিক কাল বা বয়ঃ, আয়ুঃ, দীর্ঘায়ুঃ।

Grandevous, *a.* দীর্ঘজীবী, অধিকবয়স্ক, অনেক কালের।

Grandeur, *n. s.* Fr. সম্পদ, বৈভব, ঐশ্বর্য্য, সম্পত্তি, মহিমা, গৌরব, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, প্রাধান্য, আমিরআনা, বড়মনুষ্যতা, ওমরাই, নবাবি চালি, তুমতড়াকি, জাঁকজমক, সৌন্দর্য্য, রূপ, ছটা, স্থূলত্ব, ভারিত্ব, চেহারারূপ বাক্য মত বা অভিপ্রায়ের উচ্চত্ব বা শ্রেষ্ঠতা।

Grandfather, *n. s.* পিতামহ, মাতামহ।

Grandifick, *a.* উন্নত, শ্রেষ্ঠ, বড় বা প্রধানকারী।

Grandiloquence, *n. s.* Lat. উচ্চ, বড় বা প্রগল্ভতাপূর্ব্বক বাক্য বা কথন।

Grandiloquous, *a.* Lat. উচ্চবাদী।

Grandinous, *a.* Lat. শিলময়, শিলে পূর্ণ, শিলবিশিষ্ট।

Grandity, *n. s.* Lat. প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, জাঁকজমক, উত্তমতা।

Grandly, *ad.* প্রাধান্য শ্রেষ্ঠত্ব বা উচ্চতারূপে।

Grandmother, *n. s.* মাতামহী, পিতামহী, আই, ঠাকুর মা, ঠাকুরাণী দিদী।

Grandness, *n. s.* উচ্চত্ব, প্রধানত্ব, শ্রেষ্ঠত্ব, উত্তমতা।

Grandsire, *n. s.* পিতামহ, মাতামহ, কাব্যশাস্ত্রে পিতামহাদি কোন পূর্ব্ব পুরুষকে বুঝায়।

Grandson, *n. s.* পৌত্র, দৌহিত্র, নাতি।

To **Grane**, *v. n.* কুন্থ।

Grange, *n. s.* Fr. খটী, ক্ষেত্র, গোলাবাটী।

Granite, *n. s.* Fr. প্রস্তরবিশেষ।

Granitical, *a.* পূর্ব্বোক্ত প্রস্তরবিশিষ্ট বা তন্ময়।

Granivorous, *a.* Lat. শস্যখাদক, শস্যোপজীবী, শস্যাহারী।

Grannam, *n. s.* মাতামহী, পিতামহী।

To **Grant**, *v. a.* Fr. স্বীকার-কৃ, দা, অঙ্গীকার-কৃ, দা, দান-কৃ, কবুল-কৃ, যাথার্থ্যপুরঃসরে অপ্রাপ্য বিষয়-দা।

Grant, *n. s.* দানকরণ, দেওন, দান, প্রদান, বৃত্তি, দত্ত দ্রব্য, খয়রাৎ, প্রসাদ, দানপত্র, হেবা, সনন্দ, স্বীকার, দ্বন্দ্বজ বিষয় দান বা স্বীকার।

Grantable, *a.* দেওনোপযুক্ত, দাতব্য, স্বীকারোপযুক্ত।

Grantee, *n. s.* গ্রহীতা, দানযোগ্য ব্যক্তি, দান করা যায় যাহাকে, সম্প্রদান, দানভোগী, বৃত্তিভোগী।

Grantor, *n. s.* দানকর্ত্তা, দাতা, দান করে যে, উৎসর্গকর্ত্তা।

Granulary, *a.* ক্ষুদ্র বা ছোট বীজের ন্যায় শস্য বা বীজতুল্য, শস্যবৎ, ক্ষুদ্র দানার ন্যায়।

To **Granulate**, *v. n.* Fr. শস্য-হ, দানা-হ, রোয়া-হ, বীজাকার-হ, ভুরো-হ, শস্যবদাকার-হ।

To **Granulate**, *v. a.* গুঁড়া-কৃ, রোয়া-কৃ, ভুরো-কৃ, দানা-কৃ, শস্যবদাকার-কৃ, দানাং-কৃ, শক্ত-কৃ, দৃঢ়-কৃ, রোয়াদার-কৃ।

Granulation, *n. s.* Fr. দ্রবীভূত ধাতুদ্রব্য জলে ঢালন বা নিক্ষেপকরণ, গুঁটলি, দানাং, দানাদারহওন বা করণ, রোয়াদারহওনবা করণ।

Granule, *n. s.* Lat. রোয়া, দানা, ক্ষুদ্রগুটিকা।

Granulous, *a.* বিজময়, শস্যপূর্ণ, রোয়া বা দানাময়।

Grape, *n. s.* Fr. দ্রাক্ষা, আঙ্গুর, আঙ্গুরের কান্দী।

Grape *Hyacinth*, বা **Grape** *Flower*, *n. s.* পুষ্পবিশেষ।

Grape *Shot*, *n. s.* ক্ষুদ্র গুলীসমূহ একত্রীভূত বা কৃত, গুলীর ছড় বা তাল, এক থলিতে বান্ধা বা রাখা অনেক ছিটাগুলি।

Grapeless, *a.* আঙ্গুরের স্বাদ বা রসবর্জ্জিত।

Grapestone, *n. s.* আঙ্গুরের বীচি।

Graphical, *a.* সুচিত্রিত, সুন্দররূপে অঙ্কিত বা লিখিত।

Graphically, *ad.* চিত্রবিচিত্রপূর্ব্বক, সুচিত্ররূপে।

Graphick, *a.* সুচিত্রিত, খোদনবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Graphometer, *n. s.* Gr. পরিমাপক যন্ত্রবিশেষ, ভূমি মাপকরণের অস্ত্রবিশেষ।

Grapnel, *n. s.* Fr. চারিকলী নঙ্গর, চারিপাতার নঙ্গর, ক্ষুদ্র নঙ্গর, নাবিক যুদ্ধে অস্ত্রবিশেষ, যদ্দ্বারা এক জাহাজ অন্যেতে বদ্ধ করা যায়।

To **Grapple**, *v. n.* Goth. হাতাহাতি-হ, কোস্তাকোস্তি-কৃ, মল্লযুদ্ধ-হ, লড়াই-হ, বাহুযুদ্ধ-কৃ, কুস্তি-কৃ।

To **Grapple**, *v. a.* বদ্ধ-কৃ, দৃঢ়-কৃ, আটক-কৃ, ধর।

Grapple, *n. s.* কোস্তাকোস্তি, হাতাহাতি যুদ্ধ, পাছড়াপাছড়ি, বাহুযুদ্ধ, লৌহাস্ত্রবিশেষ, যদ্দ্বারা এক জাহাজ অন্যেতে বদ্ধ থাকে বা হয়।

Grapplement, *n. s.* পাছড়াপাছড়ি বা হাতাহাতি যুদ্ধ, বাহুযুদ্ধ।

Grapy, *a.* Fr. আঙ্গুরময়, আঙ্গুরের ছড়া বা কান্দিবিশিষ্ট, আঙ্গুরে কৃত ঘটিত বা মিশ্রিত।

Grashopper, *n. s.* শলভবিশেষ, ফড়িঙ্গ, পতঙ্গ।

Grasier, *n. s.* গোচারক, রাখাল।

To **Grasp**, *v. a.* Ital. ধরিয়া-ফেল, ধরিয়া-বৈস, হস্তে-ধর, মুষ্টি দ্বারা-ধর, হস্তদ্বারা গ্রহণ-কৃ, ধর, আক্রমণ-কৃ, হস্তগত-কৃ, খাম ছিয়া-ধর, আঁকড়িয়া-ধর, মুটা করিয়া-ধর, মুষ্টের ভিতরে-আনী, হাতে-ফেল, আপন এক্তিয়ারে-আনী।

To **Grasp**, *v. n.* ধরণার্থে চেষ্টী-হ, ধৃত-হ, ধরা-পড়, দ্বন্দ্বজকারী-হ, আক্রমী-হ।

Grasp, *n. s.* হস্ত, হস্তদ্বারা আকর্ষণ আক্রমণ বা ধরণ, হস্তে আয়ত্ত করণ, হস্তগতকরণ, ধরণ, খামছা, মুষ্টি, মুটা, পাঞ্জা, হস্তে ধরণের ক্ষমতা, আঁকড়ান, চিমটান, দখল।

Grasper, *n. s.* হস্তাক্রমণ করে যে, হস্তগত করে যে, হস্তে ধরে যে, মুষ্টের ভিতর ভরে বা আনে যে ব্যক্তি।

Grass, *n. s.* Sax. তৃণ, ঘাস, খড়।

Grass *of Parnassus*, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

To **Grass**, *v. n.* তৃণোৎপত্তি-হ, ঘাসবন-হ, তৃণক্ষেত্র-হ, গবাদি জন্তুর চরণোপযুক্ত তৃণবিশিষ্ট ক্ষেত্র-হ, ঘাস-হ, ঘাস-জন্ম।

Grass-green, *a.* তৃণবিশিষ্ট, তৃণাবৃত।

Grass-grown, *a.* ঘাসবন, ঘাসদ্বারা জঙ্গল হইয়াছে যে স্থানে, ঘাস বাড়িয়াছে যাহাতে।

Grass-plot, *n. s.* ঘাসের কেয়ারি, ঘাসের দ্বারা শোভিত স্থান বিশেষ, ঘাসের আলি বা চৌকা।

Grass-poly, *n. s.* তৃণবিশেষ।

Grassation, *n. s.* Lat. মন্দ চেষ্টা, মন্দ চেষ্টায় ফিরণ বা খাড়াহওন বা করণ।

Grassiness, *n. s.* তৃণময়ত্ব, তৃণে পরিপূর্ণ অবস্থা বা তদ্ভাব।

Grassless, *a.* তৃণশূন্য, তৃণবর্জ্জিত, ঘাস নাই যাহাতে বা যাহার।

Grassy, *a.* তৃণাচ্ছাদিত, ঘাসময়, ঘাসযুক্ত, ঘাস বা তৃণ পূর্ণ।

Grate, *n. s.* Lat. লোহার বেড়া, কারাগার, লৌহনির্ম্মিত আটক বেড়া বা দ্বার, লোহার বাড়, ঝাঁজরি, চুলো বা অগ্নিকুণ্ডের ঝাঁজরি।

Digitized by Google

To Grate, *v. a.* লোহার গরাদে বা ঝাঁজরিদ্বারা বদ্ধ-কৃ, লোহার বাড়-দা, ঝাজীর-বসা।

To Grate, *v. a.* Fr. ঘর্ষণ-কৃ, ঘর্ষণদ্বারা ক্ষয়-কৃ, রগড়, বিরক্ত-কৃ, করকর-কৃ।

To Grate, *v. n.* ঘর্ষণ-হ, করকর শব্দ-হ।

Grate, *a.* Lat. উপযুক্ত।

Grateful, *a.* Lat. কৃতজ্ঞ, উপকারস্মারক বা স্বীকারকর্ত্তা, উপকারজ্ঞ, অনুরক্ত, গুণবাদী, যশোগায়ক, নিমকহালাল, উপকার মানে যে, আনন্দিত, সুখদ, প্রিয়রোচক, হৃদ্য।

Gratefully, *ad.* কৃতজ্ঞতারূপে, উপকার স্বীকারপূর্ব্বক, বাধ্যতা স্বীকারপূর্ব্বক, আনন্দপূর্ব্বক, সন্তুষ্টিপূর্ব্বক, প্রিয়ত্বরূপে।

Gratefulness, *n. s.* কৃতজ্ঞতা, উপকারস্মরণ, উপকারকের অনুগত, উপকারকের সম্বন্ধে সেবা কর্ম্ম বা শ্রদ্ধা, স্বীকারহওনোপযুক্ততা, গ্রাহ্যহওনের ক্ষমতা বা গুণ।

Grater, *n. s.* Fr. মোটা উখাবিশেষ, যদ্দ্বারা কোন নরম দ্রব্য ঘর্ষণ করিলে চূর্ণ হয়।

Gratification, *n. s.* Lat. আনন্দ, আহ্লাদ, পরিতোষকরণ, তৃপ্তিকরণ, সন্তোষ, পরিতোষ, প্রীতি, তৃপ্তি, খুসী, তুষ্টি, পারতোষিক, প্রত্যুপকার।

Gratifier, *n. s.* পরিতোষকর্ত্তা, তৃপ্তিকর্ত্তা।

To Gratify, *v. a.* Lat. তুষ্ট-কৃ, স্বীকারদ্বারা সন্তুষ্ট-কৃ, খুসী-কৃ, আনন্দ-জন্মা, আনন্দিত বা আহ্লাদিত-কৃ, প্রতিফল বা প্রত্যুপকারদ্বারা পরিতুষ্ট-কৃ, তৃপ্ত-কৃ, আমোদিত-কৃ।

Grating, *n. s.* লৌহ গরাদে, ঝাঁঝরি, জাহাজের উপর কাষ্ঠের গরাদেওয়ালা পরদাবিশেষ।

Gratingly, *ad.* কার্কশ্যরূপে, অপকারপূর্ব্বক, মন্দকারিত্ব বা দুষ্টতাপূর্ব্বক, কড়াৎ, কড়াৎ করিয়া।

Gratis, *ad.* Lat. মুফ্তে, বিনা মূল্যে, অমনি, খয়রাৎ বা দানপূর্ব্বক, আয়মা।

Gratitude, *n. s.* Lat. উপকারস্মরণ, উপকারজ্ঞতা, কৃতজ্ঞতা, নিমকহালালি, প্রত্যুপকারকরণেচ্ছা।

Gratuitous, *a.* Lat. মুফৎ, স্বেচ্ছানুসারে দত্ত, বিনা প্রত্যুপকারাকাঙ্খায় বা মূল্যে বা স্বার্থে দত্ত, প্রমাণবর্জিত, কল্পিত, মিথ্যা, অনিমিত্তক, আকড়িয়া, নিখরচা।

Gratuitously, *ad.* মুফতে, বিনামূল্যে, বিনাপ্রমাণে, মিথ্যা করিয়া অনিমিত্তে, অকারণে।

Gratuity, *n. s.* Fr. দান, ফল, অকারণ দান, এনাম্, বখশীশ, পারিতোষিক।

To Gratulate, *v. a.* Lat. আহ্লাদ প্রকাশ-কৃ, আনন্দ-কৃ, পরের মঙ্গলে আহ্লাদ-কৃ বা তদর্থে আহ্লাদ প্রকাশপূর্ব্বক শিষ্টাচার-কৃ, আনন্দ প্রকাশ-কৃ, প্রতিদান-কৃ, এনাম বা বখশীশ-দা।

Gratulation, *n. s.* আহ্লাদ প্রকাশপূর্ব্বক শিষ্টাচার, পরের মঙ্গলে শিষ্টাচার, সেলামী, প্রণাম, নমস্কার বা স্তব, আহ্লাদ বা আনন্দ প্রকাশ।

Gratulatory, *a.* আনন্দ প্রকাশজনক, আহ্লাদ প্রকাশকারী, আহ্লাদোদ্বোধক, প্রত্যুপকারেচ্ছা ব্যক্তকারী।

Grave, স্থানের নামের অন্তে ব্যবহার হয় জানিবে।

Grave, *n. s.* Sax. সমাধি, গোর, কবর, এ শব্দ বহুবচনান্ত হইলে চরবীর বাতির তলানি কিম্বা শেষ বুঝায়, শান্তা, নিয়মকর্ত্তা।

Grave-clothes, *n. s.* মৃত ব্যক্তির বস্ত্র বা ভূষণ, মরার পোশাক, শবাচ্ছাদন।

Grave-digger, *n. s.* গোর খোঁড়ে যে, কবর খননকর্ত্তা, গোর বা কবরখনক।

Grave-maker, *n. s.* গোর বানায় যে, গোর খুঁড়িয়া প্রস্তুত করে যে।

Grave-stone, *n. s.* গোরের উপরিস্থিত বা তাহাতে গ্রথিত প্রস্তর।

To Grave, *v. a.* তক্ষণ-কৃ, কোন দৃঢ় দ্রব্যোপরি খোদ, তক্ষ, কাষ্ঠ বা ধাতু দ্রব্যোপরি চিত্রের নকল-কৃ, খোদকারি-কৃ, কবর-দা, গোর-দা, পরিষ্কার-কৃ, কালাপাতি-কৃ, জাহাজের তলা মোড় বা যোড়।

To Grave, *v. n.* কোন দৃঢ় দ্রব্যোপরি লিখ বা চিত্র-হ।

Grave, *a.* Lat. মৌনী, গম্ভীর, ভারি, গোমড়া, ধীর, পরিমিতাচারী, প্রবীণ, প্রত্যয়িতব্য, মৃদু।

Gravel, *n. s.* Dutch. কাঁকর, কঙ্কর, কুন্নুই, কুরুই, পাথুরী।

To Gravel, *v. a.* কাঁকর-ছড়া বা বিছা, কাঁকর বিস্তৃত-কৃ, কাঁকরাবৃত-কৃ, কাঁকরদ্বারা সমান-কৃ, বালুকাতে বদ্ধ-কৃ, বিরক্ত-কৃ, আটক-কৃ, রহিত-কৃ, ঘোড়ারপদে কাঁকর বদ্ধ হইয়া জখম-কৃ।

Graveless, *a.* কবরবর্জিত, গোরহীন, গোরদেওয়া যায় নাই যাহাকে, গোর নাই যাহার উপরে।

Gravelly, *a.* Fr. কাঁকরময়, কঙ্করপূর্ণ, কঙ্করবিশিষ্ট কাঁকুরে, কাঁকরে ভরা বা পুরা।

Gravely, *a.* ভারিত্বরূপে, গাম্ভীর্য্যরূপে, প্রবীণতাপূর্ব্বক, অনর্ব্বাচীনত্বরূপে, ধীরে, ধীর হইয়া, বিবেচনাপূর্ব্বক, ঠাহরিয়া, পরিণাম দর্শনপূর্ব্বক।

Graveness, *n. s.* গাম্ভীর্য্য, প্রবীণতা, ভারিত্ব, ওজন, গুরুতা।

Graveolent, *a.* Lat. উৎকট বা শক্ত গন্ধবিশিষ্ট।

Graver, *n. s.* Fr. তক্ষণকর্ত্তা, প্রস্তর বা অন্য দৃঢ় দ্রব্যের উপর খোদে বা লিখে যে, চিত্রের নকল করে যে, খোদকারি কর্ম্মে ব্যবহৃত অস্ত্রবিশেষ।

Gravid, *a.* Lat. গর্ব্ভবতী, অন্তরাপত্যা।

Gravidated, *a.* পরিণত গর্ব্ভবতী, সগর্ব্ভা।

Gravidation, *n. s.* অন্তরাপত্যাবস্থা, সগর্ব্ভতাবস্থা।

Gravidity, *n. s.* সগর্ব্ভতাবস্থা, গর্ব্ভবদবস্থা, অন্তরাপত্যাবস্থা।

Graving, *n. s.* খোদকারী কর্ম্ম, তক্ষণ কার্য্য, ছাপা।

To Gravitate, *v. n.* Lat. মধ্যে-ঝুঁক বা আগম, অধঃ-পত, গম, তল-হ, নীচে-গম, গুরুত্ব বা ভারপ্রযুক্ত অধঃ-গম।

Gravitation, *n. s.* মধ্যে আগমন, মধ্যে ঝুঁকন, ঝোঁক, ভর, গুরুত্ব প্রযুক্ত গতি।

Gravity, *n. s.* Lat. গুরুত্ব, ভার, ওজন, ভারিত্ব, অত্যন্ত দুরাচার, অতিশয় পাপ, অপরাধের ঔৎকট্য, গাম্ভীর্য্য, ধীরত্ব, প্রবীণত্ব, বিশেষ ভার।

Gravy, *n. s.* Germ. মাংসের যূষ, মাংসের রস ঝোল বা সুরুয়া।

Gray, *a.* Sax. কর্ব্বুর বর্ণবৎ।

Gray, *n. s.* বৃদ্ধ, পক্কচুল হইয়াছে যাহার, পাংশুবর্ণবদাকার মনুষ্য বা বস্তু।

Gray, *n. s.* পাংশুবর্ণ।

Gray, *n. s.* জন্তুবিশেষ, মৎস্যবিশেষ।

Graybeard, *n. s.* বৃদ্ধ মনুষ্য, বুড়ামানুষ।

Grayfly, *n. s.* পতঙ্গবিশেষ।

Grayish, *a.* পাংশুবর্ণবৎ, ঈষৎ পাংশুবর্ণবিশিষ্ট।

Grayle, Grail শব্দ দেখ।

Grayling, *n. s.* মৎস্যবিশেষ।

Grayness, *n. s.* বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা বা তদ্ভাব ধর্ম্ম বা গুণ।

Digitized by Google

To Graze, *v. n.* Sax. চর, তৃণ-খাদ, তৃণ চেষ্টায়-ফির, খাইয়া -ফির।

To Graze, *v. a.* চরা, চরাইয়া-ফির, তৃণাহার-দা, ঘাস-খাদ (ক্রি) ঘাস-যোগা, সংস্পর্শ-কৃ।

Grazer, *n. s.* তৃণখাদক, তৃণাহারী, ঘাসে চরে যে।

Grazier, *n. s.* ঘাসে চরায় যে, ঘাস খাওয়ায় যে, গবাদিচারক বা পালক, পশুপালক, পশুরক্ষক, চারক, রাখাল।

Grease, *n. s.* চরবী, বসা, ঘৃত, ঘোটকপাদে মাংসল স্থানবিশেষ।

To Grease, *v. a.* চরবী-দা, চরবী লেপন-কৃ বা লাগা, চরবী মৃষ, উৎকোচ-দা, ঘুষ-দা, ঘুষ-খাদ(ক্রি), উৎকোচদ্বারা মুখবন্ধ-কৃ।

Greasily, *ad.* চিকণাই বা চরবী মাখানপূর্ব্বক, তেলা বা পিচ্ছল করিয়া, অসূক্ষ্মতা বা মোটাইপূর্ব্বক, অসভ্যতা বা অশিষ্টতা রূপে।

Greasiness, *n. s.* তেলাউ বা চিকণাই ভাব বা অবস্থা, চরবী বা বসা লিপ্তাবস্থা।

Greasy, *a.* সতৈল, তেলা, চরবীদার, চিক্কণ, বসাযুক্ত, পিচ্ছল, চরবীমাখা, মোটা, ভারি, স্থূল, অসূক্ষ্ম, অশিষ্ট, অসভ্য।

Great, *a.* Sax. বড়, বিস্তর, অধিক, অনেক, বৃহৎ, স্থূল, মহা, অতিভাগর, গুরু, প্রধান, মহৎ, প্রসিদ্ধ, ভারী, সরদার, মাখাল, মান্য, পূজ্য, অর্চ্চনীয়, সম্ভ্রান্ত, আদর্য্য, ত্রাস হয় যাহাকে বা যাহাতে, আশ্চর্য্য, অদ্ভুত, অপরূপ, চমৎকার, উচ্চপদস্থ, বড় শক্তিমান্, সাধারণ, প্রবল, সর্ব্বত্রমান্য, বিখ্যাত, খ্যাত্যাপন্ন, কুলীন, সুদৃশ্য, মহাত্মা, পরাক্রান্ত, সাহসী, দাতা, সদাশয়, ধনাঢ্য, সদ্ব্যয়ী, ব্যয়শীল, জাঁকাল, উত্তম, সুন্দর, জ্ঞানবান্, বুদ্ধিমান্, পরম, উচ্চ, গর্ব্বী, স্ফীত, সুহৃৎ, পরিচিত, গর্ব্ভবতী, প্রসবিনী, প্রসূতি, শক্ত, মুস্কিল, ক্লেশদ।

Great, *n. s.* সাকল্য, তাবৎ।

Greatbellied, *a.* গর্ব্ভবতী, পোয়াতী, প্রসবিনী, পেটওয়ালী, অন্তরাপত্যা, সসত্ত্বা।

To Greaten, *v. a.* বড়-কৃ, গুরুতর-কৃ, দীর্ঘ-কৃ, বৃদ্ধি-কৃ।

To Greaten, *v. n.* বুদ্ধিমান্-হ, বড়-হ।

Greathearted, *a.* উৎসুক, উৎসাহশীল, প্রসন্ন।

Greatly, *ad.* আধিক্যরূপে, অত্যন্তরূপে, অতিশয়রূপে, বৃহৎরূপে, যথেষ্টরূপে, প্রাধান্যরূপে, শ্রেষ্ঠত্বরূপে, উত্তমতাপূর্ব্বক, খ্যাত্যাপন্নত্বপূর্ব্বক, মহত্ত্বরূপে, দাতৃত্বরূপে, শৌর্য্যপূর্ব্বক।

Greatness, *n. s.* Sax. অনেকত্ব, বৃহত্ত্ব, স্থূলত্ব, যথেষ্টত্ব, আধিক্য মহত্ত্ব, আতিশয্য, প্রাধান্য, উচ্চপদ বা অবস্থা, সম্ভ্রম, শক্তি, ক্ষমতা, মহিমা, মাহাত্ম্য, গুরুত্ব, গৌরব, রাজ্য, বিভব, গর্ব্ব, দেমাক, অভিমান, গুণ, মহত্ত্ব, আমীরাণা, ঐশ্বর্য্য, পরাক্রম, খ্যাতি।

Greave, *n. s.* Sax. গহ্বর।

Greaves, *n. s.* Fr. পদের কবচ, পাদরক্ষণী, সাজোয়া, একপ্রকার মোজা।

Grecian, *a.* গ্রীকদেশসম্বন্ধীয় বা তদ্দেশজ।

Grecian, *n. s.* Lat. গ্রীকদেশবাসী, য়িহুদীবিশেষ, যে গ্রীক ভাষা কহে বা বুঝে, গ্রীক ভাষায় পণ্ডিত বা তদ্ভাষার পারদর্শী।

Grecian *Fire*, *n. s.* Fr. অগ্নিবিশেষ।

To Grecianize, *v. n.* Fr. গ্রীক ভাষা-কথ, গ্রীকের ন্যায় চল বা ভাঙ্গ-কৃ, গ্রীক ভাষাহইতে আনীত কথা ব্যবহার-কৃ।

To Grecise, *v. a.* Fr. গ্রীক ভাষাতে তর্জ্জমা-কৃ।

Grecism, *n. s.* Lat. গ্রীক ভাষার মত ধারা বা রীতি, গ্রীক মহাবরা, গ্রীক ভাষায় কথা বিন্যাসের রীতি।

Gredalin, Gridelin, শব্দ দেখ।

Gree, *n. s.* Fr. অনুগ্রহ, দয়া, কৃপা, স্নেহ, পদ, মর্ত্তবা।

To Gree, *v. n.* Fr. স্বীকার-কৃ, কবুল-কৃ।

Greece, *n. s.* গ্রীকদেশ, সিঁড়ী, পৈঠা, সোপান।

Greed, *n. s.* খাঁই, লোভ, লালচ।

Greedily, *ad.* অতিলোভপূর্ব্বক, লালচপূর্ব্বক, ব্যগ্র হইয়া, অত্যাকাঙ্ক্ষাপূর্ব্বক, অত্যন্ত ইচ্ছাপূর্ব্বক, স্পৃহাপূর্ব্বক।

Greediness, *n. s.* খাঁই, লালচ, লোভ, অত্যাকাঙ্ক্ষা, আকাঙ্ক্ষায় অপরিতোষ, অত্যাশা, লোভাকৃষ্টত্ব।

Greedy, *a.* Sax. আত্মম্ভরি, আত্মগ্রাহী, লোভী, আশায় অপরিতুষ্ট, লোলুপ, লালচী, লালচে, ছোঁচা, অতৃপ্ত, ব্যগ্র, লোভাকৃষ্ট, পেটুক।

Greedy-gut, *n. s.* লোভী, রাক্ষস, পেটসর্ব্বস্ব, উদরম্ভরি।

Greek, *n. s.* Lat. এতন্নামধেয় জাতি, গ্রীকদেশের মনুষ্য, গ্রীক ভাষা এ শব্দ মনুষ্যসম্বন্ধে রঙ্গিলা সদানন্দ বা হাসকুটে বুঝায়।

Greek, *a.* পূর্ব্বোক্ত দেশবিষয়ক বা সম্বন্ধীয়।

Greekish, *a.* প্রকৃত গ্রীক, গ্রীকদেশের রীতি বা ভাববিশিষ্ট, তদ্দেশে ব্যবহৃত বা সম্বন্ধীয়।

Greekling, *n. s.* গ্রীকদেশের সামান্য লেখক বা গ্রন্থকর্ত্তা।

Greekrose, *n. s.* পুষ্পবিশেষ, বৃক্ষবিশেষ।

Green, *a.* Sax. সবুজ বা শ্যাম বর্ণ যাহার, ফিকা, পীড়িত, তাজা, নবীন, টাট্‌কা, কাঁচা, অস্তস্থ, সরল, অদগ্ধ, অপক্ব, ছোট, নূতন।

Green, *n. s.* শ্যামবর্ণ, সবুজরং, সবুজি, শাক, ঘাসবন পত্র শাখা, ক্ষুদ্র বৃক্ষ।

To Green, *v. a.* শ্যামবর্ণ-কৃ, সবুজ রং-কৃ।

Greenbroom, *n. s.* ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

Greencloth, *n. s.* আদালতবিশেষ, রাজগৃহে ব্যবস্থানবিশেষ।

Greencoloured, *a.* রোগকর্ত্তৃক ফিকাবর্ণ হইয়াছে যাহার, পীড়িত।

Greeneyed, *a.* কটা বা বিড়াল চক্ষুবিশিষ্ট।

Greenfinch, *n. s.* পক্ষিবিশেষ।

Greenfish, *n. s.* মৎস্যবিশেষ।

Greengage, *n. s.* বদরীবিশেষ।

Greengrocer, *n. s.* শাক সবজী বিক্রেতা।

Greenhood, *n. s.* বাল্যাবস্থা, অপক্বতাবস্থা।

Greenhorn, *n. s.* কাঁচা, অপক্ব, বালক, ছেল্যা, অনায়াসে প্রতারিত হয় যে, কাঁচা ছেলিয়া।

Greenhouse, *n. s.* স্থানবিশেষ, যেখানে ক্ষুদ্র বৃক্ষ রৌদ্র বা শিশির হইতে আবৃত করিয়া রাখা যায়, চারার ঘর, যে ঘরে চারা রাখা যায়।

Greenish, *a.* সবুজ বা সবুজবর্ণবৎ, শ্যামবর্ণ, ঈষৎ শ্যাম।

Greenly, *a.* সবুজ, শ্যামবর্ণ।

Greenly, *ad.* সবুজ বা শ্যামবর্ণপূর্ব্বক, তাজা বা অপক্বত্বরূপে।

Greenness, *n. s.* সবুজ বা শ্যামবর্ণ, শ্যামতা, শ্যামবর্ণত্ব, সরসত্ব, তাজগী, তেজোবিশিষ্টত্ব, অপক্বত্ব, তেজ, নূতনত্ব।

Greensickness, *n. s.* স্ত্রীলোকের রোগবিশেষ, যাহাতে বর্ণ ফিকা হয়।

Greensicknessed, *a.* মুখবৈরস্যবিশিষ্ট, পীড়িতের ন্যায় মুখের বৈরস্য আছে যাহার।

Greenstall, *n. s.* ঘাসের দোকান, মাচাবিশেষ, যাহার উপর ঘাস বিক্রয় হয়।

Greensward বা Greensword, *n. s.* ঘাসের চাপড়া, যাহার উপর ঘাস জন্মে।

Digitized by Google

Greenweed, *n. s.* লতা বা দামবিশেষ।
Greenwood, *n. s.* কাষ্ঠবিশেষ।
Grees, *n. s.* Fr. Lat. সোপান, সিঁড়ী, Gree শব্দ দেখ।
To **Greet**, *v. a.* Sax. প্রণতি-কৃ, নমস্কার-কৃ, বন্দনা-কৃ, সেলাম-কৃ, শিষ্টাচার-কৃ, সাক্ষাৎ হইলে নমস্কার বা আশীর্ব্বাদইত্যাদি শিষ্টাচার-কৃ, পরমঙ্গলে আহ্লাদ-কৃ, মবারক বাদ-দা।
To **Greet**, *v. n.* সাক্ষাৎ হইলে দণ্ডবৎ বা প্রণত-হ।
To **Greet**, *v. n.* শোক-কৃ, আপশোষ-কৃ, খেদ-কৃ, *To* Greit শব্দ দেখ।
Greeter, *n. s.* শোককর্ত্তা, খেদকর্ত্তা।
Greeting, *n. s.* Sax. বন্দনা, নমস্কার, প্রণাম, স্মরণ, শিষ্টাচার।
Greeze, *n. s.* সোপান, সিঁড়ী, Gree, Grees, Greece, Greeze বা Grice শব্দ দেখ।
Greffier, *n. s.* Fr. শিরিস্তাদার, দপ্তরনবীশ, দপ্তরমুহুরি।
Gregal, *a.* Lat. পালসম্বন্ধীয়, যূথসম্বন্ধীয়।
Gregarian, *a.* সামান্য, সচরাচর, চলতি।
Gregarious, *a.* Lat. যূথবদ্ধ, ঝাঁকবান্ধা, পালবিশিষ্ট, পালেং গামী বা তদ্বিশিষ্ট।
Gregariously, *ad.* পালবদ্ধ হইয়া, ঝাঁকেং যূথে বদ্ধ হইয়া।
Gregariousness, *n. s.* পালবদ্ধত্ব, যূথবিশিষ্টত্ব।
Gregorian, *a.* গিরিগোরিনামক পাপার গণনানুসারে নিয়ম বা রীতি বা তৎসম্বন্ধীয়।
To **Greit**, *v. n.* Goth. ক্রন্দন-কৃ, খেদ-কৃ, রোদন-কৃ, আপশোষ-কৃ।
To **Greith**, *v. a.* প্রস্তুত-কৃ, *To* Graith শব্দ দেখ।
Gremial, *a.* Lat. ক্রোড় বা কক্ষসম্বন্ধীয়।
Grenade, *n. s.* Fr. লৌহ গোলাবিশেষ।
Grenadier, *n. s.* Fr. গ্রাণ্ডিল সিপাহী, লম্বা সিপাহী, পল্টনের মধ্যে ঢেঙ্গাতর সৈন্য বা যোদ্ধা।
Grenado, *n. s.* Grenade শব্দ দেখ।
Greut, *n. s.* ধাতু দ্রব্যবিশেষ।
Grew, *To* Grow ক্রিয়াপদের অতীতকালবাচক।
Grey, *a.* Fr. কর্ব্বুর, পাঁসকুটে, ধূসর, ধূসরবর্ণ, কাল ও শুক্লবর্ণে মিশ্রিত বর্ণ।
Greyhound, *n. s.* Sax. স্বীকারি কুক্কুরবিশেষ।
Grice, *n. s.* Goth. শূকরশাবক।
To **Gride**, *v. n.* Ital. ছেদ-কৃ, কাটিয়া-ফেল।
Gridelin, *a.* Fr. গোলাবী, পাটকিলিরং।
Gridiron, *n. s.* Goth. গ্রীলদান, কাবাব করিবার লোহার ঝাঁজরি বিশেষ।
Grief, *n. s.* Fr. শোক, খেদ, ভাবনা, চিন্তা, উদ্বেগ, সন্তাপ, দুঃখ, অনুসূচনা, বিষাদ, মনস্তাপ, আপশোষ, মনোব্যথা, অকুশল।
Griefful, *a.* ভাবিত, চিন্তিত, উদ্বিগ্ন, খেদিত, শোকবিশিষ্ট, মনস্তাপিত।
Griefless, *a.* অভাবিত, নিশ্চিন্ত, অনুদ্বিগ্ন।
Griefshot, *a.* চিন্তাকৃষ্ট, চিন্তা দুঃখ বা খেদকরণক বিদ্ধান্তঃকরণ হইয়াছে যাহার।
Grievable, *a.* অনুশোচনার্হ, খিদ্য, শোকযুক্ত, শোককরণীয়।
Grievance, *n. s.* Fr. ক্লিষ্টত্ব, দুঃখ, ক্লেশ শোক দুঃখ বা খেদাবস্থা বা তৎকারণ।
To **Grieve**, *v. a.* Fr. ক্লেশ-দা, দুঃখ-দা বা সন্তাপ-দা, জন্মা, পীড়া-দা, ভাবিত-কৃ, উদ্বিগ্ন-কৃ, খেদ-কৃ, অনুতাপ-জন্মা, শোকার্ত্ত-কৃ, তাপিত-কৃ, বিলাপ-কৃ, বিষাদ-কৃ।
To **Grieve**, *v. n.* অনুশোচিত-হ, অনুতাপ, শোক-কৃ, ভাবিত-হ, খেদিত-হ, খিদ্যমান-হ, শোকার্ত্ত-হ, মনস্তাপিত-হ।
Griever, *n. s.* শোককর্ত্তা, ক্লেশদাতা, শোক বা দুঃখ কারয়িতা।
Grievingly, *ad.* দুঃখপূর্ব্বক, খেদপূর্ব্বক, খেদ করিয়া, বিলাপপূর্ব্বক।
Grievous, *a.* Lat. দুঃখোৎপাদক, দুঃখদ, ক্লেশদ, অসহ্য, শোকজনক, অত্যন্ত দুঃখ ক্লেশ বা পীড়াজনক, উৎকট, গর্হিত, ভারী, শক্ত, অনুশোচনীয়, বিলাপবিশিষ্ট, বিলাপযুক্ত, বিলাপনীয়, খেদনীয়।
Grievously, *ad.* খেদনীয়স্বরূপে, অনুশোচনীয়স্বরূপে, ক্লেশপূর্ব্বক, দুঃখপূর্ব্বক, শোক করিয়া, খেদ বা অনুশূচনাপূর্ব্বক, অসম্মতিপূর্ব্বক, মন্দেচ্ছাপূর্ব্বক, দৌরাত্ম্যপূর্ব্বক।
Grievousness, *n. s.* দুঃখ, পীড়া, বেদনা, উৎপাত, গর্হা, ঔৎকট্য।
Griffin বা **Griffon**, *n. s.* Lat. সিংহ ও উৎক্রোশ পক্ষিদ্বারা জাত জন্তুবিশেষ, কাব্যশাস্ত্রে জন্তুবিশেষ।
Griffonlike, *a.* পূর্ব্বোক্ত পক্ষির ন্যায় বা তদাকার।
Grig, *n. s.* স্বাভাবিক, পরিমাণাপেক্ষায় কোন ক্ষুদ্র বস্তু, পাঁকাল মৎস্যবিশেষ, আনন্দিত ব্যক্তি, স্বাস্থ্য।
To **Grill**, *v. a.* Fr. কাবাব-কৃ, ঝলসা, ভাজ।
Grill, *a.* কম্পমান, কম্পকারয়িতা।
Grillade, *n. s.* কাবাব করা দ্রব্য, ভাজাদ্রব্য।
To **Grilly**, *v. a.* ক্লেশ-দা, দুঃখ-দা, জ্বলা, জ্বলাতন-কৃ।
Grim, *a.* Sax. কালস্বরূপ, ভয়জনক, ভয়ানক, ভয়ানক শ্রী বা মুখ যাহার, ভয়ঙ্কর, কুশ্রী, কুৎসিত, বিকট মূর্ত্তিবিশিষ্ট।
Grim-faced, *a.* ভয়ঙ্করাভাবিশিষ্ট, কুদৃশ্যানন, কালস্বরূপ, ভয়ঙ্কর মুখ বা আভা যাহার।
Grim-grinning, *a.* দাঁতকপাটি মারা, দন্ত কিড়মিড়িকারী, দাঁত কিড়মিড়ি করে যে।
Grim-visaged, *a.* কটু আভাবিশিষ্ট, কটুমুখ, উগ্রবদন।
Grimace, *n. s.* Fr. বক্রমুখ, উগ্রমুখ, বক্রাস্য, মুখ সেটকান, মুখ ভেটকান।
Grimalkin, *n. s.* Fr. বৃদ্ধ বিড়াল, পাকা বুড়ি।
To **Grime**, *v. a.* Icel. ময়লা-কৃ, সমল-কৃ, দাগ-কৃ, ময়লা দ্রব্য দ্বারা নষ্ট-কৃ, ময়লা লেপন-কৃ, লিপ্ত-কৃ, অন্তরে ময়লা-কৃ।
Grime, *n. s.* ময়লা দাগ, অন্তর্গত ময়লা, অন্তরে ময়লা, অন্তরে ময়লা লিপ্ত।
Grimly, *a.* ভয়ঙ্কর, ভয়ানকরূপ, ভয়ঙ্কর মূর্ত্তি বা আস্য যাহার, কালস্বরূপ, বিকটাকার।
Grimly, *ad.* Sax. ভয়ানকস্বরূপে, ভয়ঙ্করস্বরূপে, উগ্রতা বা কটুত্বরূপে, হঠাৎ, অকস্মাৎ, কালস্বরূপ।
Grimness, *n. s.* ভয়, ত্রাস, ভয়ঙ্করত্ব, ভয়ানকাস্য।
Grimy, *a.* সমল, কাল, অন্ধকার, অস্পষ্ট, অন্ধকারাচ্ছন্ন।
To **Grin**, *v. n.* Sax. দন্ত কিড়মিড়ি-কৃ, দাঁত-সিকট, দন্ত ঘর্ষণ-কৃ, দাঁত খামাটি-কৃ, দন্ত-দেখা, ভেঁউচা, দাঁত-কেলা।
Grin, *n. s.* দাঁত খামাটিমারণ বা করণ, দন্তদর্শান, দাঁত শিটকান, ভেঁউচান, দাঁতকেলান।
Grin, *n. s.* Sax. জাল, ফাঁদ, বাগুরা।
To **Grind**, *v. a.* Sax. পিষ, দল, চূর্ণ-কৃ, ঘুঁট, মর্দ্দ, ঘৃষ, রগড়, চর্ব্ব, চিবণ, ধার-কৃ, শাণ-দা, ঘর্ষণদ্বারা তীক্ষ্ণ-কৃ, ঘর্ষণ-কৃ, ডল, গুঁড়া-কৃ, ক্লেশ-দা, পীড়া-কৃ, ব্যতিব্যস্ত-কৃ।
To **Grind**, *v. n.* ঘর্ষণ কার্য্য-হ, ঘৃষ্ট-হ, মর্দ্দন কার্য্য-হ, পেষিত-হ।

Digitized by Google

Grinder, *n. s.* Sax. তলে যে, ঘর্ষক, পেষক, মর্দ্দন বা ঘর্ষণকর্ত্তা, যাঁতা, পেষণকারি যন্ত্র, চর্ব্বণ দন্ত, কসের দাঁত, যোড়া দাঁত, ঘৃণার্থে সাধারণ দন্ত বুঝায়।

Grindlestone বা **Grindstone**, *n. s.* শাণ, শাণপ্রস্তর, শিলা, যাঁতার চাকী, যাঁতা।

Grinner, *n. s.* দন্তঘর্ষণ করে যে, দাঁত খামাটি করে যে।

Grinningly, *ad.* দন্ত বহির্ভূত করত হাস্যপূর্ব্বক, দাঁত কেলাইয়া হাস্যপূর্ব্বক।

Grip, *n. s.* Sax. খানা, ক্ষুদ্র গর্ত্ত।

To **Grip**, *v. a.* গর্ত্ত-কাট, খানা-কাট, নরদামা-কৃ।

Grip বা **Gripe**, *n. s.* Lat. কল্পিত পশুবিশেষ, Griffin শব্দ দেখ।

To **Gripe**, *v. a.* Goth. উদর-খামচ, খামচ, চিমটি-কাট, কামড়া, দৃঢ়রূপে-ধর, ব্যগ্রতাপূর্ব্বক-ধর বা আকর্ষণ-কৃ, বদ্ধ-কৃ, কএদ-কৃ, খুঁচ, বিদ্ধ-কৃ, মুচড়, মর্দ্দ, নিংড়, ক্লেশ-দা, পীড়া-দা।

To **Gripe**, *v. n.* উদরে বেদনা বোধ-কৃ, উদর-খামচ, নিকৃষ্টস্বরূপে অর্থগ্রাহী-হ, জাহাজের গতিবিশেষ।

Gripe, *n. s.* ধরণ, হস্তদেওন, কামড়ান, খামচান, খাবাদেওন, খাবামারণ, নিংড়ান, চলান, মুচড়ান, মর্দ্দন, ডলন, দৌরাত্ম্যকরণ, ঘর্ষণ, উপদ্রোহ শক্তি নাশকরণ, শক্তি ক্ষমতা বা পরাক্রম খর্ব্বকরণ, নাশকরণ, ক্লেশ, পীড়া, উৎকট ব্যামোহ, উদরবেদনা, পেটখামচানি বা কামড়ানি, জাহাজের উপনৌকা দৃঢ়কারি কলবিশেষ।

Griper, *n. s.* উপদ্রবী, ক্লেশদায়ক, পীড়াদায়ক, অপহারক, জোর করিয়া বা ধরিয়া টাকা লয় যে ব্যক্তি।

Griping, *n. s.* বেদনা, উদরবেদনা, পেটকামড়ানি বা খামচানি, পীড়া, যন্ত্রণা।

Gripingly, *ad.* উদরে বেদনাপূর্ব্বক।

Gripple, *a.* লোভী, লালচী, আত্মম্ভরি, নির্ম্মোহ, স্পন্দন বা বিবেচনা বর্জ্জিত বা রহিত, উপদ্রবী, ক্লেশদ, দৃঢ়রূপে ধরে যে, চিটে, চামড়।

Grippleness, *n. s.* লোভ, লালচ, আত্মম্ভরিত্ব।

Gris, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Gris-amber, *n. s.* সুগন্ধি ঔষধিবিশেষ।

Grise, *n. s.* শূকর, তদর্থে Grice শব্দ দেখ, সোপান, ক্রম, এতদর্থে Gree বা Grees শব্দ দেখ।

Grisette, *n. s.* Fr. ব্যবসায়ী বা দোকানীর স্ত্রী বা কন্যা।

Griskin, *n. s.* পোড়া শূকরের মাংসবিশেষ, শূকরের পৃষ্ঠের দাঁড়া বা তাহার মাংস।

Grisled, **Grizzled** শব্দ দেখ।

Grisly, *a.* Sax. ভয়ানক, ভয়ঙ্কর, ভয়জনক।

Grisons, *n. s.* ইতালিদেশে পর্ব্বতবাসি মনুষ্যবিশেষ।

Grist, *n. s.* Sax. পেষণোপযুক্ত শস্য, খাদ্যদ্রব্য, আহার, যোগানদ্রব্য, খোরাক, লাভ, মুনাফা, যে তণ্ডুল ভানিতে দেওয়া যায়, যে তণ্ডুল নিস্তুষকরণার্থে যাঁতায় আনা যায়।

Gristle, *n. s.* Sax. কোমলাস্থি।

Gristly, *a.* কোমলাস্থিবিশিষ্ট।

Grit, *n. s.* Sax. সামান্য আহার, আটা, মলকো, বালুকা, পাথরিয়া কঙ্কর, খাঁকরি, কঙ্কর, কণা, আকর।

Grith, *n. s.* Sax. মিল, ঐক্য, যোগ।

Grittiness, *n. s.* কাঁকরের ভাব বা ধর্ম্ম, কঙ্কর বা বালুকাময়ত্ব, আকরময়ত্ব।

Gritty, *a.* কাঁকুরে, কঙ্করময়, কঙ্করীয়, কাঁকরভরা।

Grizelin, *a.* Gridelin শব্দ দেখ।

Grizzle, *n. s.* Fr. কর্ব্বুরবর্ণ।

Grizzled, *a.* পূর্ব্বোক্ত বর্ণে চিত্রিত বা তদ্বিশিষ্ট।

Grizzly, *a.* ঈষৎ কর্ব্বুর।

To **Groan**, *v. n.* Sax. কুহু, কোঁত-পাড়, গোঁগা, কোঁকা, কোঁতা।

Groan, *n. s.* কোঁতানি, কোঁকানি, কোঁয়ানি, ক্লেশপূর্ব্বক দীর্ঘনিশ্বাস, ভারী বা গভীর শব্দ, আর্ত্তনাদ।

Groanful, *a.* কোঁতপাড়া, ক্লিষ্ট, ক্ষুণ্ণ, বিষণ্ণ, আর্ত্তনাদবিশিষ্ট।

Groaning, *n. s.* কোঁকানি, কোঁতান, পীড়া বা ক্লেশ জন্য আর্ত্তনাদ, (শীকারার্থে) হরিণের ডাক বা ধ্বনি বুঝায়।

Groat, *n. s.* Dutch. তাম্র মুদ্রাবিশেষ, দুই আনা সতের গণ্ডা মূল্যক পয়সা, অল্পধন বা অর্থ বুঝায়, হলণ্ডদেশে খোসাছাড়ান বা নিস্তুষ যব বুঝায়।

Groats, *n. s.* Sax. যবান্নবিশেষ।

Groatsworth, *n. s.* Groat নামক মুদ্রার মূল্য।

Grocer, *n. s.* মুদী, পসারী, চা চিনিইত্যাদি খাদ্য দ্রব্য বিক্রেতা, দোকানী।

Grocery, *n. s.* মুদিখানার দ্রব্য, পসারির দ্রব্য, দোকান, দোকানের দ্রব্য, চা চিনি মশলাইত্যাদি দ্রব্য বা তদ্ব্যবসায়।

Grog, *n. s.* মদিরা, পান, মদওজল মিশ্রিত পেয় দ্রব্য।

Grogeram বা **Grogram** বা **Grogran**, *n. s.* Fr. পশমী বস্ত্রবিশেষ।

Groin, *n. s.* Goth. Icel. কুচকী,।

Groin, *n. s.* Fr. কুচ্‌কিস্থান।

To **Groin**, *v. n.* *To* Groan শব্দ দেখ।

Gromwell, *n. s.* বৃক্ষবিশেষ।

Groom, *n. s.* Teut. সহীস, অশ্বপাল, অশ্বরক্ষক, চাকর, ছোকরা, লেওণ্ডা, অল্পবয়স্ক মনুষ্য, নূতন বিবাহ হইয়াছে যাহার।

To **Groove**, *v. a.* Sax. খাল-কৃ, খাদ-কৃ, গর্ত্ত-কৃ, গর্ত্ত-কাট, খাঁজ-কাট।

Groove, *n. s.* খোল, গর্ত্ত, গহ্বর, খানা, খাদ, খাঁজ।

Groover, *n. s.* খনক বা বেলদারবিশেষ।

To **Grope**, *v. n.* Sax. হাতড়া, অজ্ঞাত বা অদৃশ্য বস্তুর অন্বেষণ-কৃ, রীত্যজ্ঞতাপ্রযুক্ত হাতুড়িয়া-ফের।

To **Grope**, *v. a.* হাতড়াইয়া তত্ত্ব-কৃ, অন্বেষণ-কৃ, হাতড়।

Groper, *n. s.* হাতড়ায় যে, অন্ধকারে অন্বেষণকর্ত্তা।

Groser, *n. s.* Gooseberry শব্দ দেখ।

Gross, *a.* Fr. মোটা, স্থূল, গুরু, পুষ্ট, বড়, ভারী, লজ্জাকর, কঠিন, গরিষ্ঠ, গরীয়ান, অবোধ, মোটাবুদ্ধি, জড়, স্থূলবুদ্ধি, অশুদ্ধ, অপরিষ্কৃত, অনুত্তম, বেআড়া, কুৎসিত, শক্ত, ঘন, মূর্খ, কদর্য্য, গলিজ।

Gross, *n. s.* প্রধানাংশ, স্থূলাংশ, মধ্যের বা প্রধান সৈন্য, সাকল্য, সমূহত্ব, তাবত্ত্ব, সাপটা বা একত্রীভূত সংখ্যা বা পরিমাণ, সমুদায়ত্ব, একশত চৌয়াল্লিশ সংখ্যা।

Gross-headed, *a.* নির্ব্বোধ, মূর্খ, জড়, জড়বুদ্ধি, অজ্ঞ।

Grossly, *ad.* সাকল্যে, তাবতে, সাপ্‌টায়, সমুদায়, একত্র করিয়া বা হইয়া, অনায়াসে, স্বচ্ছন্দে, সুস্পষ্টরূপে, অপরিদেবনাপূর্ব্বক, মোটামোটিরূপে, অসূক্ষ্মত্ব বা অপরিষ্কারত্বরূপে, অশিষ্টতারূপে।

Grossness, *n. s.* স্থূলতা, মোটাই, অসূক্ষ্মত্ব, গুরুত্ব, ঘনত্ব, বৃহত্ত্ব, ভারিত্ব, পুষ্টতা, আধিক্য, প্রাচুর্য্য, গাবদাই, অপরিষ্কারত্ব, অসূক্ষ্মত্ব, জড়বুদ্ধিতা, অশিষ্টতা।

Grot, *n. s.* Fr. Ital. কুঞ্জ, বৃক্ষবাটিকা, শীতল স্থান, রম্য স্থান, কুঞ্জ, কুটীর।

Digitized by Google

Grotesque, *a.* Fr. কুৎসিতাকার, বিকটাকার, কদর্য্যাকার, কদর্য্য, অস্বাভাবিক, অসম্ভব।

Grotesque, *n. s.* কদাকার বা বিকটাকার মূর্ত্তি।

Grotesquely, *ad.* বিকটাকারে, কদর্য্যরূপে।

Grotta, *n. s.* Ital. কুঞ্জ, বৃক্ষবাটিকা।

Grotto, *n. s.* কুঞ্জ, বৃক্ষবাটিকা, গুহা, গহ্বর।

Grove, *n. s.* Sax. কুঞ্জ, নিকুঞ্জ, লতাগৃহ।

To **Grovel**, *v. n.* Icel. ক্ষুদ্র-হ, সামান্য-হ, সামান্য বা নিকৃষ্ট ভাবাপন্ন-হ, মর্য্যাদা উন্নতি বা প্রাধান্যবর্জ্জিত-হ।

Groveller, *n. s.* জঘন্য, ক্ষুদ্র, পাজি অভিপ্রায় যাহার।

Ground, *n. s.* Sax. ভূমি, মৃত্তিকা, পৃথ্বী, দেশ, প্রদেশ, মুলুক, রাজ্য, বিভব, আবৃত বা বাস স্থান, মেজ্যে, সমভূমি, খোল, তলা, গহেরা, কাটিত নালি, ময়লা, জমি প্রথম যাহার উপর চিত্র হয়, গান, গীত, প্রথমসংস্কার, আদি, মূল, কারণ, আদিকারণ, প্রধানকারণ, রণস্থল, যুদ্ধভূমি, বৃদ্ধি বা উন্নত্যবস্থা, নাট্যশালার স্থানবিশেষ।

To **Ground**, *v. a.* মৃত্তিকার উপর-রক্ষ, গাড়, পোত, স্থাপিত-কৃ, জড়-কৃ, মূল-কৃ, কারণ-কৃ, প্রথম সংস্কার অভ্যাস বা শিক্ষা-কৃ, অবধারিত-কৃ।

Ground, *To* Grind শব্দের অতীতকালবাচক।

Ground-ash, *n. s.* মৃত্তিকাবিশেষ।

Ground-bait, *n. s.* টোপ, চারবিশেষ।

Ground-floor, *n. s.* মেজ্যে, নীচের মেজ্যে, একতালা, নীচের ঘর, হেটঘরের মেজ্যে।

Ground-ivy, *n. s.* লতা বৃক্ষবিশেষ।

Ground-oak, *n. s.* বৃক্ষবিশেষ।

Ground-pine, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Ground-plate, *n. s.* গৃহগ্রন্থনে কাষ্ঠবিশেষ।

Ground-plot, *n. s.* ইমারতের ভূমি, ইমারত বা বাটী নির্ম্মাণোপযুক্ত বা হয় বা থাকে যে ভূমিতে।

Ground-rent, *n. s.* ভূমিকর, ভূমির খাজানা বা ভাড়া।

Ground-room, *n. s.* একতালা, নীচের ঘর, মাটির সাতে সমান ঘর।

Ground-tackle, *n. s.* নঙ্গর কিম্বা রসী, যদ্দ্বারা জাহাজ স্থির হয়।

Groundage, *n. s.* কর বা শুল্কবিশেষ, জাহাজ বন্দরে আসিয়া নঙ্গর করিয়া থাকিবার খাজানা।

Groundedly, *ad.* কারণপূর্ব্বক, দৃঢ় বা অব্যর্থকারণজন্য।

Groundless, *a.* নিষ্কারণ, নির্হেতু, অমূলক, অকারণ, অনর্থক, নাহক, মিথ্যা।

Groundlessly, *ad.* নিষ্কারণপূর্ব্বক, নির্হেতুপূর্ব্বক, অকারণে, অনর্থকে।

Groundlessness, *n. s.* যথার্থকারণাভাব বা তদ্রাহিত্য।

Groundling, *n. s.* পঙ্কে স্থিত মৎস্যবিশেষ।

Groundly, *ad.* কারণপূর্ব্বক, হেতুপূর্ব্বক।

Groundsel, *n. s.* Sax. কাষ্ঠ বা পাকা কর্ম্মবিশেষ, যাহা গৃহগ্রন্থনে মৃত্তিকোপরি থাকে, ইমারতের বা পুরীর শোভা।

Groundsel, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Groundwork, *n. s.* আরম্ভ, মূল, জড়, আদি, আসল, বুনিয়াদ, ভিত্তি, আদিকর্ম্ম, মূলকর্ম্ম, প্রথমকর্ম্ম, আদিকারণ, আদিহেতু, সূত্রপাত।

Group, *n. s.* Fr. গুচ্ছ, সমূহ, একত্রীভূত বা কৃত সংখ্যা বা পরিমাণ, জনতা, ভিড়, আটি, ঝাঁক, ঝুণ্ড, খাতা, পাল।

To **Group**, *v. a.* পৃথক্‌২-কৃ, জুদা২-কৃ, খাতা২-কৃ।

Grouse, *n. s.* Gorcock শব্দ দেখ, পক্ষিবিশেষ, জঙ্গলা মুরগবিশেষ।

Grout, *n. s.* Sax. Grit and Groat শব্দ দেখ, সামান্য আহার দ্রব্য, মোটা ময়দা বা খাদ্য দ্রব্য, ভেদক দ্রব্য, এক প্রকার বন্য আতা, গৃহগ্রন্থনে এক প্রকার পাতলা মশালাবিশেষ।

Groutnol, Growthead শব্দ দেখ।

Grovy, *a.* কাঁচি কাটা বা ছাটা বৃক্ষ বা লতার কেয়ারিসম্বন্ধীয় বা তদ্বিষয়ক, উপবনসম্বন্ধীয় বা সেস্থানে গমনাগমনকারী।

To **Grow**, *v. n.* Sax. উৎপত্তি-হ, জন্ম, বর্দ্ধিত-হ, বৃদ্ধিশীল বা বর্দ্ধনশীল-হ, বৃদ্ধি বা উৎপত্তি হওনের গতিবিশিষ্ট-হ, উপজন্ম, ফল, ফুঁড়িয়া-উঠ, শরীর বৃদ্ধি-হ, বাল্যাবস্থাহইতে মনুষ্যাবস্থা প্রাপ্ত-হ, পরিমাণে বড়-হ, উত্তরোত্তর বড়-হ, ক্রমে বর্দ্ধিষ্ণু-হ, ভাল-হ, কোন অবস্থাপ্রাপ্ত-হ, ক্রমে-হ, অগ্রে-আগম, অবস্থান্তর প্রাপ্ত-হ, ভাল কিম্বা মন্দ-হ, কোন কারণহইতে উৎপন্ন বা উদ্ভব-হ, উপস্থিত-হ, নিবিষ্ট-হ, কোন দ্রব্যে বা বিষয়ে সংলগ্ন-হ, স্ফীত-হ, ফাঁপ, এশব্দ কোন অবস্থায় ক্রমশো বৃদ্ধিহওন ইত্যর্থক জানিবা।

To **Grow**, *v. a.* বৃদ্ধি-করা, জন্মা।

Grower, *n. s.* জনয়িতা, জনক, উৎপাদক, বর্দ্ধক, বাড়ায় যে, অনেক কৃষিকর্ম্ম আছে যাহার, শস্যাদি উৎপাদক, কৃষক।

Growing, *n. s.* উৎপত্তি, জন্ম, বৃদ্ধি, কালবৃদ্ধি, কালের গতি, কালের ক্রমশো গতি।

To **Growl**, *v. n.* গর্জ্জন-কৃ, গর্জ্জ ঘেঁত, ঘেঁক, বড়২-কৃ, গর২-কৃ, ঘুন২ বা ভন২-কৃ।

To **Growl**, *v. a.* তর্জ্জন বা গর্জ্জন ব্যক্ত-কৃ, বড়২ বা গর২-কৃ।

Growl, *n. s.* ঘেঙ্গান, বড়বড়ান, কুরকুরান, ঘেঁকান, রাগ বা বৈরক্ত্য প্রকাশকরণ।

Grown, বৃদ্ধ, বর্দ্ধিত, বড়, বর্দ্ধনপ্রাপ্ত, পূর্ণ, বৃদ্ধি বা পরিমাণপ্রাপ্ত, ফলিত, প্রবল, চলিত, বয়ঃপ্রাপ্ত।

Growth, *n. s.* উৎপত্তি, জন্ম, উৎপাদন শক্তি বা তেজ, উৎপন্ন বস্তু জনিত বা ফলিত বস্তু, উৎপত্তিকরণ, সংখ্যা বৃদ্ধি, পরিমাণ বা আয়তনের সংখ্যা, শরীরের বৃদ্ধি বা বাড়ি, পূর্ণত্বাবস্থা, তৎপ্রাপ্তি বা তদর্থে স্থাবরোৎপত্তি, গমন, বর্ত্তন, বৃদ্ধিহওন।

Growthead বা **Growtnol**, *n. s.* মৎস্যবিশেষ, কুড়্যে বা অলস ব্যক্তি, জড়, আহম্মক।

To **Growse**, *v. n.* Sax. কম্প, কম্পবান-হ, থরং-কৃ, থরথরায়মান-হ, থরথরকরিয়া-কাঁপ।

To **Grub**, *v. a.* খোদ, খুদিয়া বা কাটিয়া বহিষ্কৃ, খুঁড়, খুঁড়িয়া-ফেল, খুঁড়িয়া বাহির-কৃ, খুঁড়িয়া নষ্ট-কৃ, উৎপাটন-কৃ, উৎখাত-কৃ, মূলোৎপাটন-কৃ।

Grub, *n. s.* কীটবিশেষ, খর্ব্ব আয়ত মোটামনুষ্য, বাউনিয়া।

Grub-axe, *n. s.* অস্ত্রবিশেষ।

Grubber, *n. s.* বনচ্ছেদনকর্ত্তা, উপবন কাটে যে ব্যক্তি।

To **Grubble**, *v. a.* Germ. অন্ধকারে অনুভব-কৃ, জ্ঞা বা বোধ-কৃ।

To **Grubble**, *v. n.* *To* Grabble শব্দ দেখ।

Grubstreet, *n. s.* লণ্ডননগরে পাড়া বা মহলাবিশেষ, যেখানে নানাবিধ ক্ষুদ্র২ গ্রন্থকর্ত্তারা বাস করিত, সে হেতু অপকৃষ্ট অধম বা সামান্য গ্রন্থকর্ত্তাতে এ শব্দ প্রয়োগ হয়।

To **Grudge**, *v. a.* Fr. হিংসা-কৃ, দ্বেষ-কৃ, ঈর্ষা-কৃ, অস্বীকারপূর্ব্বক-দা বা গ্রহণ-কৃ, চটাচটি-কৃ, অনিচ্ছাতে-দা কিম্বা-নী।

To **Grudge**, *v. n.* হিংসু-হ, ঈর্ষা বা দ্বেষকারী-হ, গজ২-কৃ, অসম্মত-হ, অনিচ্ছু-হ, নারাজ-হ, বিরক্ত-হ, দুঃখী-হ, গোপনে ইচ্ছা-কৃ।

Grudge, *n. s.* ক্রোধ, দ্বেষ, বিপক্ষতা, আড়ি, চটাচটি, অত্যন্ত বৈরিতা, হিংসা, ঈর্ষা, শাত্রবতা, মন্দাভিপ্রায় বা ইচ্ছা, নিন্দা, পীড়ার উপক্রম বা আদিকারণ।

Digitized by Google

Grudgeons, *n. s.* Fr. সামান্যাহার, মোটা খাদ্যদ্রব্য, মলকো, আগড়া, আটা।

Grudger, *n. s.* গজ২ করে যে, অসন্তুষ্ট বা অতৃপ্ত ব্যক্তি।

Grudging, *n. s.* অতৃপ্তি, হিংসা, দ্বেষ, পরমঙ্গলে দুঃখ বা ক্লেশ, অস্বীকার, আড়ি, অপ্রবৃত্তি, নারাজী, অনিচ্ছা, গোপনে ইচ্ছা বা আশয়, রোগের উপক্রম বা পূর্ব্বভাব।

Grudgingly, *ad.* হিংসাপূর্ব্বক, দ্বেষপূর্ব্বক, অনিচ্ছা বা অস্বীকার পূর্ব্বক, অসম্মত বা নারাজ হইয়া।

Gruel, *n. s.* Fr. মণ্ড, ভাতের মাড়, ফেন, কাঁজী, আমানী।

Gruff, *a.* Dutch. কর্কশস্বভাব বা আভা, কটুভাব বা চরিত্র।

Gruffly, *ad.* কটুতাপূর্ব্বক, কর্কশতাপূর্ব্বক, কড়াই পুরঃসরে, শক্ত তারূপে।

Gruffness, *n. s.* কুশ্রী, কর্কশ বা বিষণ্ণ বা বক্রমুখ, গোমড়া মুখ, ভারি মুখ বা আভা, ভারী বা গভীরস্বর।

Grum, *a.* কটু, টক, কর্কশ শক্ত, কঠিন, পিত, রাগী।

To **Grumble**, *v. n.* Fr. গর্জ, বক২-কৃ, বিড়২-কৃ, বড়২-কৃ, বৈরক্ত্য প্রকাশ-কৃ, অতৃপ্ত-হ, অতৃপ্ততা অস্বীকার বা অসম্মতি প্রকাশকারী-হ, কড়২ বা ঝন২ শব্দ-হ, বিরক্ত-হ।

Grumbler, *n. s.* গর্জন করে যে, বড়২ করে যে, বিড়বিড়ে, অতৃপ্ত, বক্‌বকিয়া।

Grumbling, *n. s.* বড়বড়ান, গর্জন, কচকচি, ঝকঝকি, বিড়২ করণ, অতৃপ্তিজন্য বকন বা তৎপ্রকাশকরণ, বৈরক্ত।

Grumblingly, *ad.* অতৃপ্তিপূর্ব্বক, অস্বীকার বা অসম্মতিপূর্ব্বক, কর্কশ্যরূপে, গভীরস্বরপূর্ব্বক, গভীরস্বর বা ধ্বনি করিয়া।

Grume, *n. s.* Fr. Lat. অণ্ডের মধ্যস্থিত শুভ্র ঘনবৎ দ্রব্যবিশেষ বা তন্ন্যায় বস্তু।

Grumly, *ad.* নিরানন্দে বা বৈরক্ত্যপূর্ব্বক।

Grumous, *a.* মোটা, স্থূলকায়, জমা, তালবান্ধা, জটা, ঘন।

Grumousness, *n. s.* ঘনতা, জমনের ভাব বা অবস্থা।

Grundel, *n. s.* মৎস্যবিশেষ।

Grunsel, *n. s.* গৃহের অধোভাগ।

To **Grunt** বা **Gruntle**, *v. n.* Lat. গোঁ২-কৃ, ঘোত২-কৃ, কোঁত২-কৃ, শূকরের ন্যায় শব্দ-কৃ।

Grunt, *n. s.* ঘোঁত২ বা গোঁ২ শব্দ, শূকরের ন্যায় স্বর বা ডাক, শূকরের রব, কোঁতান।

Grunter, *n. s.* ঘোঁতঘোঁতিয়া ঘোঁত২ বা গোঁ২ শব্দকারী মৎস্যবিশেষ।

Grunting, *n. s.* শূকরের শব্দ বা স্বর।

Gruntingly, *ad.* বিড়২ বা বড়২ করিয়া।

Gruntling, *n. s.* শূকরশাবক।

To **Grutch**, *v. n.* হিংসা-কৃ, দ্বেষ-কৃ, হিংসাকরণজন্য ক্ষয় বা পীড়িত-হ।

Grutch, *n. s.* দ্বেষ, মন্দচেষ্টা, জিঘাংস হিংসেচ্ছা।

Gry, *n. s.* Gr. বৃথা দ্রব্য, মূল্য নাই যাহার, অল্পমূল্যক বা সামান্য দ্রব্য।

Gryphon, **Griffin** শব্দ দেখ।

Gryth, **Grith** শব্দ দেখ।

Guaiacum, *n. s.* ঔষধবিশেষ।

Guarantee, *n. s.* Fr. মধ্যস্থ, মধ্যবর্ত্তী, জামিন, প্রতিভূ, মাতব্বরি।

To **Guaranty**, *v. a.* Fr. মাতব্বরি-দা, মধ্যস্থতা-কৃ, কোন নিয়ম বা করার প্রতিপালনার্থে স্বীকার বা তন্নির্ব্বাহার্থে জামিন-হ বা-দা, প্রতিভূ-হ বা-কৃ।

To **Guard**, *v. a.* Lat. রক্ষা-কৃ, চৌকী-দা, পহরা-দা, খবরদারী-কৃ, সাবধানতাদ্বারা রক্ষা-কৃ, প্রতিবন্ধ নিবারণ-কৃ, সাবধান-কৃ।

To **Guard**, *v. n.* সাবধান-হ, হুসিয়ার-হ, সতর্ক-হ।

Guard, *n. s.* Fr. Teut. প্রহরী, চৌকী, পহরা, নাজির, রক্ষা, সাবধানতা, চৌকীদার, রক্ষক, পাইক, হুসিয়ারী, খবরদারী, চৌকীদারী আভরণ, শোভা।

Guard-boat, *n. s.* গস্তী বা গেরদয়ারি পানশী, ঘাটে জাহাজ সকল, উচিত মতে রাখা গিয়াছে কি না তাহার তদারকজন্য নৌকাবিশেষ।

Guard-chamber, *n. s.* কোতঘর, চৌকীর ঘর, থানাঘর।

Guard-room, *n. s.* কোত, পহরা আসিয়া প্রথমে জমা হয় যে স্থানে, চৌকী, থানা, Court of Guard শব্দ দেখ।

Guard-ship, **Guardship** শব্দ দেখ।

Guardable, *a.* রক্ষণীয়, রক্ষোপযুক্ত, রক্ষা খবরদারি বা প্রতিপালন দমন করণ বা হওনক্ষম।

Guardage, *n. s.* প্রতিপালন, রক্ষা, প্রতিপালকত্ব, রক্ষকত্ব।

Guardant, রক্ষক বা অশীর ক্ষমতাধারী বা তৎশক্তি চালায় যে, কুলীনপদ চিহ্নবিশেষ।

Guardant, *n. s.* রক্ষাকর্ত্তা, মুরব্বি, নেগাহ্‌বান, চৌকী।

Guardedly, *ad.* সাবধান হইয়া, সাবধানতাপূর্ব্বক, খবরদারিতে।

Guardedness, *n. s.* সাবধানতা, সতর্কতা।

Guarder, *n. s.* চৌকী, চৌকীদাতা।

Guardful, *a.* সাবধান, সতর্ক, হুসিয়ার।

Guardian, *n. s.* অশী, নাবালকের মুরব্বি কর্ত্তা রক্ষক বা প্রতিপালক, নেগাহদার।

Guardian, *n s.* Fr. চৌকীদার, রক্ষক, সাবধানকর্ত্তা।

Guardian, *a* অভিভাবক, মুরব্বি, রক্ষক, পিতৃমাতৃহীন বালকের খবরদারী করে যে, পিতার কার্য্য করে যে, নেগাহবান্, গোলা, ভাণ্ডার।

Guardianess, *n. s.* অভিভাবিকা, রক্ষিকা, মাতৃপিতৃহীন বালকের রক্ষা বা প্রতিপালন করে যে স্ত্রী।

Guardianship, *n. s.* অভিভাবক রক্ষক বা প্রতিপালক ব্যক্তির পদ বা কর্ম্ম, রক্ষকতা, প্রতিপালকতা, মুরব্বিগিরী।

Guardless, *a.* বেখবরদার, অসাবধান, রক্ষক, খবরদারী নাই যাহাতে, অরক্ষক, রক্ষাহীন।

Guardship, *n. s.* খবরদারী, নেগাহবানী, আশ্রয়, চৌকীর জাহাজ।

Guary-miracle, *n. s.* বুজরগী।

Guaiava বা **Guava**, *n. s.* আমিরিকান দেশের ফলবিশেষ, পেয়ারা, একপ্রকার সফরি আম।

To **Gubernate**, *v. a.* Lat. শাসন-কৃ, রক্ষা বা প্রতিপালন-কৃ।

Gubernation, *n. s.* কর্ত্তৃত্ব, অধ্যক্ষতা, রাজত্ব, আধিপত্য, নবাবী।

Gubernative, *a.* শাস্তা, রক্ষাকারী।

Gudgeon, *n. s.* Fr. মৎস্যবিশেষ, অচতুর বা উদার মনুষ্য, অনায়াসে প্রতার্য্য বা প্রতারিত হয় যে ব্যক্তি।

Guelder-rose, **Gelder-rose** শব্দ দেখ।

Guelfs, *n. s.* ইটালিদেশে সভা দল বা পক্ষতের নামবিশেষ।

Guerdon, *n. s.* Fr. পারিতোষিক, ইনাম, বখশীশ।

To **Guerdon**, *v. a.* বখশীশ-দা, পারিতোষিক-দা, প্রতিফল দা।

Digitized by Google

Guerdonable, *a.* পারিতোষিক দেওনোপযুক্ত, বখশীশ বা ইনামের যোগ্য।

Guerdonless, *a.* পারিতোষিকহীন, বখশীশ ইনাম বা প্রতিফল বর্জিত বা দেওয়া যায় নাই যাহাকে বা পায় নাই যে।

To **Guess**, *v. n.* Dutch. অনুমান-কৃ বা-হ, আটকল-কৃ, আন্দাজ-কৃ, বিনা নিশ্চয়ে বা প্রমাণে অনুমান বা বিবেচনা-কৃ, যথার্থ কারণে বোধ-কৃ।

To **Guess**, *v. a.* অনুমান-কৃ, আন্দাজ-কৃ, আটকল-কৃ, বিনা নিশ্চয়ে বিবেচনা-কৃ, যথার্থ বিবেচনা-কৃ, নিশ্চয় অনুমান-কৃ।

Guess, *n. s.* আন্দাজ, অনুভব, উপলব্ধি, অনুমান, আটকল, বিনা নিশ্চয়ে বা বিনা স্থৈর্য্যে আন্দাজ বা বিবেচনা।

Guesser, *n. s.* অনুমাতা, অনুমানকর্ত্তা, আন্দাজকর্ত্তা আটকল কর্ত্তা।

Guessingly, *ad.* অনুমানপূর্ব্বক, আন্দাজপূর্ব্বক, আটকোলে।

Guest, *n. s.* Sax. অতিথি, অভ্যাগত, আগন্তুক, অপরিচিত বা অজ্ঞাত লোক নিমন্ত্রিত ব্যক্তি।

Guestchamber, *n. s.* অতিথিশালা, সেবার ঘর, আহারের ঘর, খাওনের ঘর, নিমন্ত্রিত ব্যক্তিকে যেস্থানে বসান বা রাখা যায়।

Guestrite, *n. s.* অতিথির সেবা বা সম্মান।

Guest-wise, *ad.* অতিথির ন্যায়, অতিথি বা আহূত ব্যক্তির সাতে বা তৎপূর্ব্বক।

To **Guggle**, *v. n.* Ital. সরু ধারে জল পতনের ন্যায় শব্দ-হ, ফনং করিয়া শব্দ-হ।

Guidable, *a.* শাসনীয়, শিক্ষণীয়, উপদেশ্য, উপদেশনীয়, চলাইবার যোগ্য।

Guidage, *n. s.* গুরুদক্ষিণা, শিক্ষক বা উপদেষ্টার প্রতিদান বা পারিতোষিক।

Guidance, *n. s.* কর্তৃত্ব, অধ্যক্ষতা, রাজত্ব, জ্ঞাপ্তি, জ্ঞাপন, শাসন, উপদেশ শিক্ষা পরামর্শ।

To **Guide**, *v. a.* Fr. পথ-দেখা, শিক্ষা-করা, অনুজ্ঞা-কৃ, উপদেশ-দা, উপদেশদ্বারা শাসন বা রক্ষা-কৃ, নিয়ম-কৃ, অধ্যক্ষতা-কৃ, কর্তৃত্ব-কৃ, সরবরাহ বা নির্ব্বাহ-কৃ, বন্দোবস্ত-কৃ, সেখোগিরি-কৃ।

Guide, *n. s.* Fr. উপদেষ্টা, প্রদর্শক, শিক্ষক, পথদর্শক, শাস্তা, নিয়ন্তা, অনুজ্ঞাকর্ত্তা, নিয়মকারয়িতা।

Guideless, *a.* প্রদর্শকহীন, অরক্ষক, শাস্তা নিয়ন্তা বা অধ্যক্ষবর্জিত, রক্ষকহীন, শিক্ষকহীন।

Guidepost, *n. s.* আড্ডাবিশেষ, যেখানে দুই কিম্বা অধিক রাস্তা মিলে বা তদ্দ্বারা পথিক ব্যক্তিকে পথ দেখান যায়, পথ সন্ধান, পথের চিহ্ন বা ঠিকানা হয় যাহার।

Guider, *n. s.* অনুজ্ঞাকর্ত্তা, নিয়মকর্ত্তা, প্রদর্শক, সেখো, পথ দেখায় যে, অনুমান করায় যে, কহিয়া দেয় যে।

Guideress, *n. s.* অনুজ্ঞাকর্ত্রী, নিয়মকর্ত্রী, পথদর্শিকা, পথ দেখায় যে স্ত্রী, উপদেশ কর্ত্রী।

Guidon, *n. s.* Fr. পতাকাবাহক, ধ্বজা বা নিশানধারী, ধ্বজাদণ্ড।

Guild, *n. s.* Sax. সভা সমাজভুক্ত, দল, নগর কার্য্য সম্পাদনার্থে জনসমূহ, নগরের মধ্যে সাধারণ ঘর, সমাজ, বাণিজ্যের সমাজ।

Guildable, *a.* করাধীন, রাজস্বাধীন।

Guildhall, *n. s.* নগর কার্য্যসম্পাদনার্থে সাধারণ ঘর বা চত্বর, সাধারণ বৈঠক বা স্থান।

Guile, *n. s.* Fr. কৌটিল্য, প্রতারণা, কুটিলতা, খলতা, ধূর্ত্ততা, ফেরেব, বাহানা, শঠতা, বঞ্চকতা।

To **Guile**, *v. a.* Fr. প্রতারণা-কৃ, বাহানা-কৃ, প্রতারণা মিথ্যা বা কারসাজীদ্বারা অপ্রকাশ-কৃ, ছাপা।

Hoopoo, *n. s.* Lat. পক্ষিবিশেষ।

To **Hoot**, *v. n.* Welsh. হেয়তা তুচ্ছতা অস্বীকার বা ঘৃণাসূচক ধ্বনি-কৃ, তুচ্ছধ্বনি-কৃ, পেচকবৎ ধ্বনি-কৃ, পেচার রব-কৃ, আহ্লাদে বা উল্লাসে ধ্বনি-কৃ, সোর-কৃ।

To **Hoot**, *v. a.* সোর বা চীৎকার ধ্বনিতে দূর-কৃ, তাড়া, ভাগা।

Hoot, *n. s.* সোর, গোলমাল, চীৎকার শব্দ, কোলাহল, অবজ্ঞা তুচ্ছকরণ বা অস্বীকারসূচক শব্দ।

Hooting, *n. s.* গোলমাল, চীৎকার শব্দ।

Digitized by Google

To Hop, *v. n.* Sax. নাচ, নৃত্য-কৃ, লাফ-মার, বানরের ন্যায় নৃত্য-কৃ, এলুয়ামেলুয়া নৃত্য-কৃ বা লম্ফ-মার, কুঁদ, খুঁড়িয়া-চল, খঞ্জ তারূপে-গম, বেঁকেচুকে-চল, হেলিয়াদুলিয়া-চল, গতি-কৃ, চল, গম, খেলা-কৃ।

To Hop, *v. a.* নৃত্য-কৃ।

Hop, *n. s.* নৃত্য, লম্ফ, লাফমারণ, একপদে নৃত্য লাফ বা গতি।

Hop, *n. s.* Dutch. বৃক্ষবিশেষ।

Hop-bind, *n. s.* পূর্ব্বোক্ত বৃক্ষের শাখা বা ডাঁটা, *Bind* শব্দ দেখ।

Hop-garden, *n. s.* পূর্ব্বোক্ত বৃক্ষের উদ্যান বা বাগীচা।

Hop-oast, *n. s.* Lat. কেণ্টনগরে পূর্ব্বোক্ত বৃক্ষ শুখাইবার ভাটি বিশেষ।

Hop-picker, *n. s.* পূর্ব্বোক্ত বৃক্ষের ফল কুড়ায় যে।

Hop-pole, *n. s.* খুঁটী বা ঠেকো যাহাতে পূর্ব্বোক্ত বৃক্ষ বদ্ধ বা খাড়া থাকে।

Hop-yard, *n. s.* ভূমি, যাহাতে পূর্ব্বোক্ত বৃক্ষ রোপণ হয়।

Hope, *n. s.* Sax. ভরসা, উম্মেদ, আশা, কোন মঙ্গল বা ভাল হইবার প্রত্যাশা, আশ্বাস, বিশ্বাস, অপেক্ষা, উম্মেদ বা আশা হয় যাহাতে বা দেয় যে।

Hope, *n. s.* পর্ব্বতশিখরের মধ্যে কোন ঢালু স্থান বা ময়দান।

To Hope, *v. n.* আশা-কৃ, প্রত্যাশা-কৃ, ভরসা-কৃ, উম্মেদ-কৃ।

To Hope, *v. a.* প্রত্যাশাপন্ন-হ, আশাবিশিষ্ট-হ, ভরসা করিয়া-থাক, উম্মেদ-কৃ, বিশ্বাস-কৃ।

Hopeful, *a.* আশাযুক্ত, ভরসাযুক্ত, আশ্বাসী, গুণ বিষয় কারণ বা অবস্থাবিশিষ্ট, যদ্দ্বারা আশা হয়, আশাদাতা, ভরসাদাতা, আশাকারী, আশাপন্ন, ভরসান্বিত, প্রত্যাশাপন্ন, মঙ্গল হওনের বিশ্বাস আছে যাহাতে।

Hopefully, *ad.* আশাপূর্ব্বক, ভরসাতে, প্রত্যাশা করিয়া, নিরাশ না হইয়া, আশাতে, উম্মেদে।

Hopefulness, *n. s.* প্রত্যাশাপন্নত্ব, ভরসা, আশ্বাস।

Hopeless, *a.* অনুপায়, নিরাশ, আশাহীন, আশারহিত, হতাশ, অভরসান্বিত, ভরসা নাই যাহাতে বা যাহার, অনাশ্বাসী, ত্যক্তাশ, অভরসা, নাচার।

Hopelessly, *ad.* অভরসাপূর্ব্বক, ভরসাব্যতিরেকে, আশাবিনা, বিনা প্রত্যাশাতে, আশাহীনে, হতাশ হইয়া।

Hoper, *n. s.* ভরসা করে যে, ভরসা বা আশা আছে যে ব্যক্তির, আশান্বিত, প্রত্যাশাপন্ন ব্যক্তি।

Hopingly, *ad.* আশাতে, আশা করিয়া, ভরসাপূর্ব্বক।

Hopper, *n. s.* Sax. এক পায়ে নৃত্য করে যে, এক পায়ে হাঁটে বা লাফায় যে, এক পদে গতি করে যে।

Hopper, *n. s.* জাঁতা বা পিষণ কলের শস্যাধার পাত্রবিশেষ, শস্য লইয়া যাইবার ঝুড়ি বা ধামা।

Hoppers, নৃত্যবিশেষ, এক পায়ে নৃত্য।

Hopping, *n. s.* নৃত্যবিশেষ, নৃত্যেচ্ছু ব্যক্তিরদের সভা বা বৈঠক।

Hop-scotch, *n. s.* নৃত্যবিশেষ, Hoppers শব্দ দেখ।

Horal, *a.* Lat. ঘড়ীসম্বন্ধীয়, ঘড়ীবিষয়ক।

Horally, *ad.* প্রতিঘড়ীতে, ঘড়ী২।

Horary, *a.* Lat. ঘড়ীবিষয়ক, ঘড়ী বা দণ্ডসম্বন্ধীয়, একঘড়ী কাল ব্যাপক, একঘড়ীতে হয় বা থাকে যে।

Horde, *n. s.* অস্থিরবাসী দল বা সম্প্রদায়বিশেষ, অসভ্যের দল বা জাতিবিশেষ।

Hore বা Hoore, *n. s.* Sax. প্রাচীন ব্যবহৃত Whore পরিবর্ত্তে ব্যবহার জানিবা, তৎশব্দ দেখ।

Horizon, *n. s.* Gr. পৃথিবীর গাত্র দৃষ্টির পরিচ্ছেদক রেখাবিশেষ, মণ্ডল, চক্রবাড়, পরিসর।

Horizontal, *a.* চক্রবাড় দিগ্বর্ত্তী, অনুপ্রস্থ সোজা ঢাল বা নিম্ন, অতেড়া, অতের্চ্চা।

Horizontally, *ad.* পূর্ব্বোক্ত ঢাল বা নিম্ন ভাবে।

Horn, *n. s.* Goth. Sax. শৃঙ্গ, শিঙ্গা, রণশিঙ্গা, পানপাত্র, নদীর ফের বা বাঁক, বাদ্য শিঙ্গা, শম্বুকধরে বা ছোয় যাহারা, *To pull in the* horns, ঔৎসুক্য ভঙ্গ-কৃ, রাগ-কমা।

To Horn, *v. a.* শৃঙ্গ-দা, শৃঙ্গ-বসা, শৃঙ্গবিশিষ্ট-কৃ।

Hornbeak বা Hornfish, *n. s.* মৎস্যবিশেষ।

Hornbeam, *n. s.* Dutch. বৃক্ষবিশেষ।

Hornblower, *n. s.* শৃঙ্গবাদক, শিঙ্গাওয়ালা, শিঙ্গা বাজায় বা ফুঁকে যে।

Hornbook, *n. s.* বালকের প্রথম পাঠ্য গ্রন্থবিশেষ।

Horned, *a.* শৃঙ্গী, শিঙ্গাওয়ালা, শৃঙ্গবিশিষ্ট, শৃঙ্গাকার।

Hornedness, *n. s.* শৃঙ্গবদাকার, শিঙ্গার তুল্য গঠন যাহার।

Horner, *n. s.* শৃঙ্গ কাটে যে, হাড়কাটা, শৃঙ্গবিক্রেতা, শিঙ্গাওয়ালা, শিঙ্গা বাজায় যে।

Hornet, *n. s.* Sax. ভিমরুলবিশেষ, একপ্রকার বড় দংশক মক্ষিকা বিশেষ।

Hornfoot, *a.* খুরবিশিষ্ট, খুরী, খুরওয়ালা।

Horning, *n. s.* চন্দ্রাকার, চন্দ্রবদাকার।

To Hornify, *v. a.* শৃঙ্গ-দা, শৃঙ্গবিশিষ্ট-কৃ, শৃঙ্গান্বিত-কৃ, শৃঙ্গ দিয়া শোভিত-কৃ।

Hornish, *a.* শৃঙ্গবৎ, শৃঙ্গবদাকার, দৃঢ়, শক্ত।

Hornless, *a.* Sax. নিঃশৃঙ্গ, অশৃঙ্গ, শৃঙ্গরহিত বা বর্জ্জিত, শৃঙ্গ নাই যাহার বা যাহাতে, নেড়া।

Hornowl, *n. s.* পেচক পক্ষিবিশেষ।

Hornpipe, *n. s.* নৃত্যবিশেষ, বংশীবিশেষ।

Hornshavings, *n. s. pl.* হরিণের শৃঙ্গ, ছোলা গুঁড়া বা চূর্ণ।

Hornspoon, *n. s.* শৃঙ্গের চামচ।

Hornstone, *n. s.* নীল প্রস্তরবিশেষ।

Hornwork, *n. s.* Sax. কোণবিশিষ্ট দুর্গ বা ইমারতবিশেষ।

Horny, *a.* শৃঙ্গে নির্ম্মিত, শৃঙ্গতুল্য, শৃঙ্গবৎ দৃঢ় বা শক্ত, শৃঙ্গবিশিষ্ট, শৃঙ্গময়।

Horography, *n. s.* Gr. ঘড়ীর প্রকরণ বা বিবরণ।

Horologe বা Horology, *n. s.* Lat. ঘড়ী, বাদ্য ঘড়ী, ছোট ঘড়ী।

Horologiography, *n. s.* Gr. সময়নিরূপণকারী যন্ত্র বা ঘড়ীর বিবরণ, ঘড়ীর উপরি ভাগ নির্ম্মাণকরণ বা তন্নির্ম্মাণকরণের বিদ্যা বা প্রকরণ।

Horologiographick, *a.* পূর্ব্বোক্ত শিল্পকরণসম্বন্ধীয় বা তদ্বিষয়ক

Horometry, *n. s.* Gr. ঘড়ীপরিমাপক বিদ্যা বা প্রকরণ।

Horoscope, *n. s.* Gr. কোষ্ঠী, ঠিকুজী, জন্মপত্রী, জন্মকালের গ্রহ নক্ষত্রাদির বিবরণ যাহাতে লিখিত থাকে।

Horrent, *a.* Lat. শুঙওয়ালা কাঁটা বা হুল বহিষ্কৃত হইয়াছে যাহার বা যাহাতে, কাঁটাওয়ালা, হুলওয়ালা, সূচ্যগ্রবৎ।

Horrible, *a.* Lat. ভয়ানক, ভয়ঙ্কর, ভীম, দুর্জ্জয়, দারুণ, বৃহৎ, ভারী, শক্ত, কঠিন, অতিবাদ শঙ্কাজনক, বিকট।

Horribleness, *n. s.* ভয়ঙ্করত্ব, ভয়ানকত্ব, শঙ্কাজনকতা, দুর্জ্জয়ত্ব, দারুণত্ব, ভারিত্ব, কাঠিন্য, দৃঢ়ীভূতত্ব।

Horribly, *ad.* ভয়ানকত্বরূপে, ভয়ঙ্করত্বরূপে, শঙ্কাজনকত্বরূপে,

Digitized by Google

আতঙ্কদায়কতাপূর্ব্বক, বিকটরূপে, দারুণতাপূর্ব্বক, আত্যন্তিকত্ব রূপে।

Horrid, *a.* Lat. ভয়ানক, ভয়ঙ্কর, শঙ্কাজনক, কুৎসিত, কদর্য্য, বৃহৎ, দুর্জ্জয়, শক্ত, দৃঢ়, বিকট, দারুণ, অপকারক, হিংসুক, অসুখদ, কড়া, অপরিচ্ছন্ন, ঘোর, অন্ধকার, উদাস, অনাহ্লাদজনক।

Horridly, *ad.* ভয়ানকত্বরূপে, কুৎসিতত্বরূপে, বিকটরূপে, দারুণরূপে, কদর্য্যত্বরূপে, কদাকারত্বরূপে, কিম্ভূত কিমাকারত্বরূপে।

Horridness, *n. s.* ভয়ানকত্ব, ভয়ঙ্করত্ব, শঙ্কাজনকত্ব, কদর্য্যত্ব, মহাদুষ্টতা, কুৎসিতত্ব, অপকারকত্ব।

Horrifick, *a.* Lat. ভয়জনক, ভয়ানক, শঙ্কাদায়ক, আতঙ্কজনক, ভয়োৎপাদক, দারুণ, ভয় বা শঙ্কা করায় বা হয় যাহাতে।

Horrisonous, *a.* Lat. ভয়জনক শব্দবিশিষ্ট।

Horrour, *n. s.* Lat. দ্বেষ বা ঘৃণাযুক্ত ভয়, ভয়ঙ্কর চিন্তা, ভয়ানক, ভাবনা, ভয়ে থরথরাণ বা কম্পন।

Horse, *n. s.* Sax. বাজী, তুরঙ্গ, অশ্ব, ঘোড়া, হয়, ঘোটক, তারামণ্ডল, *To take* horse, ঘোড়ায় সওয়ার-হ, ঘোড়ায় চড়িতে-যা, বহুবচনান্ত অর্থাৎ Horses হইলে ঘোড়সওয়ার অশ্বারূঢ় বা সিপাহী বুঝায়, কাপড় রাখিবার আল্না, ঘড়াঞ্চে, পাতিয়ান, সিপাহীর দণ্ডকাষ্ঠ বা চৌকিবিশেষ, *as fine as a* horse, যে ব্যক্তি কদর্য্য বা এলোমেলো পোশাক পরে বুঝায়, অন্য লিঙ্গবাচক শব্দের সহিত যোগ করিলে কুৎসিত বুঝায় যথা, Horse-*face.*

To Horse, *v. a.* অশ্বারোহণ-কৃ, পৃষ্ঠদ্বারা-বহ, কোন দ্রব্যের উপরে আরোহণ-কৃ।

To Horse, *v. n.* অশ্বারূঢ়-হ, অশ্বের উপরে-চড়, অশ্বারোহণ-কৃ।

Horseback, *n. s.* ঘোটকারোহণ, অশ্বারোহণ, অশ্বপৃষ্ঠে বা ঘোড়ায় চড়ন, ঘোড়ার উপর সওয়ারি, ঘোড়ার উপর আরোহণাবস্থা।

Horsebean, *n. s.* ছিমবিশেষ।

Horseblock, *n. s.* কপী বা রেকাব যাহার দ্বারা ঘোড়ার উপর চড়ে।

Hoseboat, *n. s.* ঘোড়া পারকরা নৌকা।

Horseboy, *n. s.* সহীসবিশেষ, ঘোড়া পরিষ্কার করে যে ছোকরা।

Horsebreaker, *n. s.* ঘোড়া বশ বা তৈয়ার করে যে, সওয়ারির ঘোড়া তৈয়ার করে বা শিখায় যে, অশ্বশিক্ষক, ঘোটকশিক্ষাকারী, চাবুকসওয়ার।

Horsechesnut, *n. s.* বৃক্ষবিশেষ।

Horsecourser, *n. s.* ঘোড়দৌড় করে যে, ঘোড়দৌড়ের ঘোড়া রাখে যে, অশ্ববিক্রেতা।

Horsecrab, *n. s.* অশ্ববিশেষ।

Horsecucumber, *n. s.* বৃক্ষবিশেষ।

Horsedrench, *n. s* ঘোড়ার জেলাপ বা অশ্বৌষধিবিশেষ।

Horsedung, *n. s.* ঘোড়ার নাদ।

Horseemmet, *n. s.* পিপীলিকাবিশেষ।

Horseface, *n. s.* হুমামুখ, ঘোটকমুখ, ঘোড়ামুখ, কুৎসিতমুখ, তুরঙ্গবদন, অশ্বাস্য, ঘোটকানন।

Horseflesh, *n. s.* ঘোটকমাংস, অশ্বমাংস।

Horsefly, *n. s.* ঘোড়ার মাছী, অশ্বদংশক মক্ষিকাবিশেষ।

Horsefoot, *n. s.* বৃক্ষবিশেষ।

Horseguards, *n. s. pl.* অশ্বারূঢ় সৈন্যের দল বা পল্টন, রাজার শরীররক্ষক অশ্বারূঢ় সৈন্য।

Horsehair, *n. s.* ঘোড়ার চুল বা লোম, ঘোড়ার গোফালি।

Horseheel, *n. s.* বৃক্ষবিশেষ।

Horsekeeper, *n. s.* ঘোড়াওয়ালা, ঘোড়ার রক্ষার্থে নিযুক্ত যে ব্যক্তি, ঘোটকপাল, সহীসবিশেষ, অশ্বপালক।

Horseknave, *n. s.* সহীস।

Horselaugh, *n. s.* হাস্যবিশেষ, অট্টাট্টহাস, উচ্চৈঃস্বরে হাস্য, হাহা করিয়া হাস।

Horseleech, *n. s.* ঘোটকদংশক পেটুয়া জোঁকবিশেষ, অচিকিৎসক, লালবন্দ।

Horselitter, *n. s.* দুই ঘোড়ার গাড়ীবিশেষ।

Horseload, *n. s.* ঘোড়ার বোঝা, এক ঘোড়ায় লইয়া যাইতে পারে এতৎপরিমাণক বোঝা বা দ্রব্য, একাশ্ববহনীয় ভার।

Horsely, *a.* ঘোটকবৎ, ঘোটকধর্ম্মক।

Horseman, *n. s.* অশ্বারূঢ়, সাদী, ঘোড়সওয়ার, ঘোটকারোহণে নিপুণ, যুদ্ধেতে ঘোটক সৈন্যের কর্ম্ম করে যে, সওয়ার, অশ্বারোহণকর্ত্তা, অশ্বারোহী।

Horsemanship, *n. s.* ঘোটকারোহণ বিদ্যা, ঘোড়া চালানের নিয়ম বা প্রকরণ, তুরকসওয়ারি।

Horsemarten, *n. s.* একপ্রকার বড় মক্ষিকা, দংশবিশেষ।

Horsematch, *n. s.* পক্ষিবিশেষ।

Horsemeat, *n. s.* পশুর আহার বা খাদ্য দ্রব্য।

Horsemill, *n. s.* ঘোড়ার কল, ঘোড়ায় টানে চালায় বা ফিরায় যে কল।

Horsemilliner, *n. s.* ঘোড়ার সাজ দেয় যে, ঘোড়ার সজ্জা যোগায় যে।

Horsemint, *n. s.* বৃক্ষবিশেষ।

Horsemuscle, *n. s.* বড়ঝিনুকবিশেষ।

Horseplay, *n. s.* ক্রীড়াবিশেষ, ঘোড়ার লাফালাফি খেলা।

Horsepond, *n. s.* ঘোড়ার পুষ্করিণী বা চৌবাচ্চাবিশেষ।

Horserace, *n. s.* ঘোড়দৌড়, ঘোড়দৌড়ের ঘোড়া, ঘোড়দৌড় নির্ব্বাহক অশ্ব।

Horseradish, *n. s.* সজিনা বৃক্ষের মূল বা শিখড় বা যাহার ছাল অতিঝাল, বৃক্ষবিশেষ।

Horseshoe, *n. s.* ঘোড়ার লালবন্দী, ঘোড়ার নাল।

Horseshoehead, *n. s.* বাল রোগবিশেষ।

Horsestealer, *n. s.* ঘোড়াচোর, অশ্বতস্কর, ঘোটকাপহারক।

Horsetail, *n. s.* বৃক্ষবিশেষ।

Horsetongue, *n. s.* বৃক্ষবিশেষ।

Horseway, *n. s.* ঘোড়ার পথ, বড় রাস্তা, আয়ত বা প্রশস্ত পথ।

Horsewhip, *n. s.* ঘোড়ার চাবুক, কশা, অশ্বতাড়নী।

To Horsewhip, *v. a.* ঘোড়া চাবুক-মার, অশ্ব কশাঘাত-কৃ।

Hortation, *n. s.* Lat. উপদেশকরণ, শিক্ষা দেওন, আদেশ, প্রবৃত্তি লওয়ান, প্রবৃত্তিজনক ঔৎসুক্য বা ভরসা।

Hortative, *n. s.* Lat. উপদেশক, ঔৎসুক্যজনক, প্রবৃত্তিজনক, প্রাবর্ত্তক, আদেশ বা পরামর্শ দেয় যে।

Hortative, *a.* প্রবৃত্তিজনক, উৎসাহবর্দ্ধক, ঔৎসুক্যজনক, আদেশক।

Hortatory, *a.* উপদেশক, কোন কর্ম্মের উপদেশক, ঔৎসুক্যবর্দ্ধক, প্রাবর্ত্তক।

Hortensial, *a.* Lat. উদ্যানোপযুক্ত।

Horticultural, *a.* উদ্যান বা তদ্বিদ্যাসম্বন্ধীয়, উদ্যানবিষয়ক, উদ্যানের কৃষিকর্ম্মসম্বন্ধীয়, বাগান চাসসম্বন্ধীয়।

Digitized by Google

Horticulture, *n. s.* Lat. উদ্যান, বাগাৎকরণ, তদ্বিদ্যা বা প্রকরণ, উদ্যানবিদ্যা।

Horticulturist, *n. s.* উদ্যানবিদ্যায় পারদর্শী বা নিপুণ, মালী, বাগানের মালী।

Hortulan, *a.* উদ্যানসম্বন্ধীয় বা সম্পর্কীয়, বাগানের।

Hortus siccus, *n. s.* Lat. শুষ্ক উদ্যান, শুষ্ক বৃক্ষাদির নমুনা সংগ্রহ থাকে যে স্থানে।

Hortyard, *n. s.* Sax. ফল বৃক্ষের উদ্যান, ফলের বাগান।

Hosanna, *n. s.* Gr. ঈশ্বরের স্তববিশেষ, ধন্যবাদ বা প্রশংসাধ্বনি।

Hose, *n. s.* Sax. মোজা, সূতার মোজা।

Hosier, *n. s.* মোজাবিক্রেতা, সূতার মোজা বিক্রয় করে যে।

Hospitable, *a.* Lat. অতিথিসেবক, আতিথেয়, আতিথ্যকারী, দয়ালু, পরোপকারী, অতিথি বা আগত ব্যক্তির উপর আনুকূল্য বা দয়া করে যে, গরিবনওয়াজ।

Hospitableness, *n. s.* আতিথ্য, দয়া, উপকার, অতিথি বা অভ্যাগত লোকের প্রতি শ্রদ্ধা বা দয়া।

Hospitably, *ad.* আতিথ্যপূর্ব্বক, পরোপকারপূর্ব্বক শ্রদ্ধা বা দয়াপূর্ব্বক, দানশীলতাপূর্ব্বক।

Hospitage, *n. s.* Lat. আতিথ্য, শ্রদ্ধা, দয়া, পরোপকার।

Hospital, *n. s.* Lat. তাহ্‌তখানা, চিকিৎসাগার, ধর্ম্মপুরী, পীড়িত বা দরিদ্র লোকের ভরণ পোষণ বা রক্ষার্থে সংস্থাপিত স্থান, আশ্রয় স্থান, অতিথিশালা, ধর্ম্মশালা।

Hospital, *a.* আতিথেয়, দয়ালু, পরোপকারক, অনাহূত বা অপরিচিত লোকের উপর দয়া বা শ্রদ্ধা করে যে।

Hospitality, *n. s.* আতিথ্য, আতিথ্য কর্ম্ম, অতিথি সেবা, অতিথি সৎকার, দানশীলতা, দানশৌণ্ডতা।

Hospitaller, *n. s.* Fr. পুণ্যবান্ ব্যক্তিবিশেষ, দাতা, দানশীল, পরোপকারী, দীনদরিদ্রের প্রতিপালন করে যে বা এতদ্ধর্ম্ম যাহার, মাল্‌তা নামক দেশের কুলীন পদবাচ্য।

To **Hospitate**, *v. n.* Lat. অতিথি-হ, পরের ঘরে বাস-কৃ, পরের আশ্রয়ে-থাক।

To **Hospitate**, *v. a.* অতিথি-কৃ, অতিথি সেবা-কৃ, কোন ব্যক্তিকে স্থান বা আশ্রয়-দা, বাসা-দা।

Host, *n. s.* Fr. Lat. আতিথেয়, অতিথিসেবী, নিমন্ত্রক, ভোজনদাতা, খাওয়ায় বা আমোদ করে যে, ভেটারা, সরাইওয়ালা বা তদ্ধারী, যুদ্ধার্থে একত্রীভূত বা কৃত বল, সৈন্য, ফৌজ, লস্কর, জনসমূহ, অধিকসংখ্যক বস্তু বা ব্যক্তি, রোমীয় গ্রিজাতে বলিবিশেষ, তন্মতে ঈশ্বরভোজনকরণার্থে ময়দার টিক্‌লী।

To **Host**, *v. n.* অতিথি-হ, বাসা-নী, নিমন্ত্রণ স্বীকার-কৃ, যুদ্ধে প্রবৃত্ত-হ, গণ্‌তি-নী, সুমার-কৃ।

To **Host**, *v. a.* অতিথি-কৃ, ভোজন-দা, আশ্রয়-দা, অতিথি সেবা-কৃ।

Hostage, *n. s.* Fr. বন্ধক, জামিন, শরীরবন্ধক, সন্ধির নিয়ম প্রতিপালনার্থক কোন ব্যক্তিকে জামিন দেওন বা বন্ধক রাখন।

Hostel বা **Hostelry**, *n. s.* Fr. ভেটারাখানা, পঞ্চঘর, সাধারণ উত্তীর্ণ স্থান বা বাসা।

Hosteler, Hostler শব্দ দেখ।

Hostess, *n. s.* Fr. আতিথেয়ী, নিমন্ত্রণকারিণী, ভোজন করায় যে স্ত্রী, ভেটারিণী।

Hostess-ship, *n. s.* পূর্ব্বোক্ত স্ত্রীর নাম বা পদ।

Hostie, *n. s.* Lat. উৎসর্গীকৃত বা নিবেদিত ময়দার টিকলী বিশেষ।

Hostile, *a.* Lat. বিরুদ্ধ, বিপর্য্যয়, বিপরীত, বিপক্ষ, প্রতিকূল, দ্বেষী, বৈরী, শত্রুবৎ, শত্রুতোপযুক্ত।

Hostilely, *ad.* শাত্রবতারূপে, বিরুদ্ধ বা বিপরীতাচরণপূর্ব্বক, বিরুদ্ধমতে, বৈপরীত্যে, প্রাতিকূল্যরূপে, অনিষ্টাচরণপূর্ব্বক।

Hostility, *n. s.* Fr. যুদ্ধ, লড়াই, সমর, বিগ্রহ, সংগ্রাম, বিরুদ্ধতা, বৈরিতা, শাত্রবতা, আখেজ, প্রকাশরূপে যুদ্ধার্থে আক্রমণ, বৈরিভাব বা ব্যবহার, যুদ্ধে বিরুদ্ধ ভাব।

To **Hostilize**, *v. a.* শাত্রবতা-কৃ, বিরুদ্ধতা-কৃ, বিপক্ষতা-কৃ, দুষ্মনি-কৃ, অনিষ্টাচরণ-কৃ।

Hosting, *n. s.* সৈন্যের গণিত সংখ্যা, সুমার, অস্ত্রধারি লোকসমূহ, সভা বা জমা।

Hostless, *a.* অনাতিথেয়, অদয়ালু, অনুপকারী, অনাশ্রয়দাতা, আশ্রয় দেয় না যে, অতিথি করে না যে, দয়া নাই যাহার।

Hostler, *n. s.* পঞ্চঘরে ঘোড়ারক্ষক বা তাহার খবরদারী করে যে।

Hostlery, *n. s.* Hostelry শব্দের অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

Hostry, *n. s.* Fr. বাসাঘর, বাসাবাটী, ভেটারিঘর, উত্তীর্ণস্থান, অতিথির বা আগত ব্যক্তির ঘোড়া থাকে যে স্থানে।

Hot, *a.* Sax. উষ্ণ, তপ্ত, উগ্র, শক্ত, গরম, কটু, ঝাল, তাতালিয়া, কামাক্রান্ত, কামুক, লম্পট, লুচ্চা, চড়ক, খপীশ, চণ্ড, রাগাল, ভয়ানক, উৎপাতগ্রস্ত, আপজ্জনক, সরগরম, ব্যস্ত, প্রবল, ব্যগ্র।

Hot, Hote বা **Hoten**, *pret. To* Hight শব্দের অসমাপক ক্রিয়া পদ।

Hotbed, *n. s.* মৃত্তিকাতে নির্ম্মিত ঘুঁটের দ্বারা উত্তপ্তীকৃত শয্যা।

Hotbrained, *a.* শক্ত, উগ্র, রাগাল, ক্রোধী, খপীশ, চণ্ড, ক্রোধাকুল।

Hotchpot বা **Hotchpotch**, *n. s.* Fr. টুকরা মিশ্রিত দ্রব্য, সংযোগ, একত্রকরণ, শামিলকরণ, শামিলাৎ, গোলমাল, খিচড়ী।

Hotcockles, *n. s.* Fr. ক্রীড়াবিশেষ, চক্ষুটিপাটিপি খেলা।

Hotel, *n. s.* Fr. সরাই, ভেটিয়ারখানা, বাসাবাটী, উত্তীর্ণস্থান, ভাড়াটিয়া বাসা।

Hotheaded, *a.* ক্রোধী, চণ্ড, কোপী, কুপিত, ক্রোধান্বিত, রাগান্বিত, রাগাল, উগ্র, শক্ত, খপীস, উগ্র স্বভাব যাহার।

Hothouse, *n. s.* স্নানাগার, ভাবরা বা ভাপ লয় যে ঘরে, স্নানার্থে তপ্ত কুণ্ডবিশেষ, আবৃত স্থানবিশেষ, যাহাতে চারা বৃক্ষ রাখে বা ফল পাকায়, উষ্ণঘর, স্বেদকঘর, বেশ্যালয়।

Hotly, *ad.* উষ্ণতাপূর্ব্বক, উষ্ণ করিয়া, উগ্রতারূপে, উগ্রত্বরূপে, ব্যগ্রতারূপে, কামুকত্বরূপে, কামাক্রান্ত হইয়া, লাম্পট্যপূর্ব্বক।

Hotmouthed, *a.* কটুবাদী, কটুভাষী, রুক্ষবাদী, দুর্ম্মুখ, কটুমুখ, উগ্র, খপীস, একগুঁয়ে, রাগাল, অনায়ত্ত, অবাধ্য, অবশীভূত, অদম্য, অস্থির, অনিবার্য্য, অশান্ত।

Hotness, *n. s.* উষ্ণত্ব, উগ্রত্ব, উত্তাপ, গরমী।

Hotspur, *n. s.* উগ্রস্বভাবক মনুষ্য, ক্রোধাকুল, রাগাল, রাগান্বিত, মটরবিশেষ।

Hotspur, *a.* উগ্র, শক্ত, পরাক্রমী, পরাক্রান্ত, বিক্রান্ত, শূর।

Hotspurred, *a.* উগ্র, ব্যস্ত, অধৈর্য্য, গোঁয়ার, অসভ্য, চাসা।

Hottentot, *n. s.* আফ্রিকাদেশের দক্ষিণাঞ্চলবাসি বন্য পশুবৎ মনুষ্যবিশেষ।

Hove, Sax. *To* Heave শব্দের অতীতকালবাচক।

To **Hove**, *v. n.* Welsh. ইতস্ততো ভ্রমণ-কৃ, গুলিয়া-ফির, গৌণ-কৃ, গমনে বিরাম-দা, গড়িমসি-কৃ, দেরি-কৃ, গমনে গাফিলি-কৃ।

Hovel, *n. s.* Sax. কুঁড়ে, চালা, একচালা, সামান্য বা ক্ষুদ্র বাস স্থান, ঝুপড়ি ঘর, ঝোপড়া, টোঙ্গ।

Digitized by Google

To Hovel, *v. a.* আবৃত-কৃ, আচ্ছাদিত-কৃ, আবরণ-কৃ, ঢাকা-দা, চালা বা কুঁড়ের ভিতর-রক্ষ।

Hoven, *To* Heave শব্দের অসমাপক ক্রিয়াপদ, উচ্চীকৃত, উত্থিত, স্ফীত।

To Hover, *v. n.* Welsh. মস্তকোপরি-ফির, ঊর্দ্ধে ঝুলিয়া-থাক, ঊর্দ্ধে স্থিতি-কৃ, অভিপ্রায় বা আকাঙ্খায়-থাক, এক স্থানে-ফির বা ভ্রমণ-কৃ, নিকটে বা ইতস্ততঃ-ফের বা ভ্রমণ-কৃ।

Hover, *n. s.* আশ্রয়, রক্ষাকরণ বা হওন, কোন দ্রব্য ঝুলিয়া রাখণ দ্বারা ঢাকন আবরণ বা রক্ষাহওন।

Hover *Ground*, ভূমিবিশেষ।

Hough, *n. s.* Sax. পশ্বাদির পশ্চাৎপাদের সন্ধি বা গাঁটি, কুঠার, বাশ, কোদালি।

To Hough, *v. a.* জন্ত্বাস্থির শিরা-কাট বা ছেদ-কৃ বা তচ্ছিরা ছেদনদ্বারা গতি শক্তি রহিত-কৃ, খোঁড়া-কৃ, বাশী কুঠার বা কোদালিদ্বারা ছেদ-কৃ, বাজ শীকার-কৃ।

Houlet, Howlet শব্দ দেখ।

Hoult, *n. s.* Sax. ক্ষুদ্র কাষ্ঠবিশেষ।

Hound, *n. s.* Sax. শীকারী কুক্কুর, ভালকুত্তা, এশব্দ প্রথমে সাধারণ কুক্কুরের নাম ছিল।

To Hound, *v. a.* কুক্কুরের শীকার-কৃ, শীকারার্থে কুক্কুর-ছাড়, শীকারার্থে কুক্কুর লেলিয়া-দা, শীকারার্থে পশ্চাৎ-ধাবা।

Houndfish, *n. s.* মৎস্যবিশেষ।

Houndstongue, *n. s.* বৃক্ষবিশেষ।

Houndtree, *n. s.* বৃক্ষবিশেষ।

Houp, *n. s.* Lat. পক্ষিবিশেষ, Hoopoo শব্দ দেখ।

Hour, *n. s.* Fr. Lat. ঘড়ী, ঘণ্টা, দিবসের চতুর্ব্বিংশতি ভাগের একভাগ, আড়াই দণ্ডের ঘটিকা, হোরাকাল, ঘটিকাদ্বারা নিশ্চিত কাল, এশব্দ বহুবচনান্ত হইলে রুমীয় গ্রিজার পূজাদি কর্ম্মের নিশ্চিতকাল বুঝায়।

Hourglass, *n. s.* বালিঘড়ী, ঘড়ী নিশ্চিতকরণার্থে বালুকা যন্ত্রবিশেষ, কালের পরিমাপক যন্ত্র।

Hourhand, *n. s.* ঘড়ীর কর্ম্ম, ঘড়ীর দৃষ্টান্তে হস্তদ্বারা হয় যে কর্ম্ম।

Houri, *n. s.* মুসলমানেরদের স্বর্গীয় বিদ্যাধরী বা অপ্সরা বিশেষ।

Hourly, *a.* প্রতিঘড়ীতে কৃত বা ভূত, ঘড়ীতে হয় যে, এক ঘড়ীতে আগত, বারংবার কৃত বা উপস্থিত, ঘড়ীং দণ্ডং নিত্য সর্ব্বদা বা সতত, কৃত ভূত বা আগত।

Hourly, *ad.* দণ্ডেং, প্রতিদণ্ডে ও ঘড়ীং, সর্ব্বদা, অবিরত, অহরহঃ, হামেসা, প্রতিঘড়ী।

Hourplate, *n. s.* ঘড়ীর উপরিভাগ, যাহার উপর তৎপরিমিত কাল অঙ্কিত থাকে, ঘড়ীর ডাইল।

Housage, *n. s.* ঘরভাড়া, গুদামভাড়া, কোন স্থানে মাল রাখিলে তৎস্থানের ক্রেয়া।

Housal, *a.* বাটীসম্বন্ধীয়, বাটীর।

House, *n. s.* Sax. ঘর, বাটী, বাড়ী, আলয়, ভবন, সদন, মন্দির, বাসস্থান, মনুষ্য থাকে যে স্থানে, মনুষ্যালয়, সাধু ধর্ম্মিষ্ঠ বা বিদ্যার্থী ব্যক্তি সমূহ একত্র থাকে যে স্থানে, ধর্ম্মশালা, আখড়া, সওদাগরি, বাণিজ্য সমুয়, সওদাগরের বাটী বা দপ্তর, আড়ত, কোঠী, বিদ্যালয়, চৌবাড়ী, থাকিবার রীতি বা নিয়ম, খাদ্যদ্রব্য, আহার, ভোজন, নক্ষত্রাদির স্থান, জ্যোতিঃ শাস্ত্রানুসারে কোন গ্রহের নিশ্চিত স্থান, বংশ, কুল, পরিবার, সন্তান, জাতি, পরিকর, সংসার, পরিবারের বাসস্থান বা মহল, স্ত্রীপুত্রাদির বাস স্থান, পার্লিমেণ্টনামক সভা বা তদ্দল, পার্লিমেণ্টসংজ্ঞক আদালত বা সভার অন্তর্গত বা তদ্দলভুক্ত কুলীন ব্যক্তি বা সাধারণ ব্যবসায়িপ্রভৃতি লোকসমূহ, যথা *The Lords or Commons*, অথবা *The* House *of Lords, the* House *of Commons.*

To House, *v. a.* Sax. স্থিত-কৃ, বাসা-দা, ঘর-দা, আশ্রয়-দা, ঘরে-রক্ষ, ঘরে আশ্রয় বা স্থান-দা, ঘরের ভিতর-ঢুকা, ঘরের ভিতর-আনী।

To House, *v. n.* স্থিত-কৃ, বসতি-কৃ, বাসী-হ, বাসেন্দা-হ, অবস্থিতি-কৃ, নক্ষত্রাদির ন্যায় আকাশে স্থিতি-হ।

Houseboat, *n. s.* ঘরওয়ালা নৌকা, ঘরবিশিষ্ট নৌকা, আবরণবিশিষ্ট নৌকা, ছতরিওয়ালা নৌকা।

Housebote, *n. s.* Sax. কাষ্ঠের বৃত্তিবিশেষ, প্রজার গৃহ মেরামত নিমিত্ত ভূস্বামিকর্তৃক কাষ্ঠ দেওন।

Housebreaker, *n. s.* শিন্দেল চোর, সিন্দেল, সিন্দ কাটিয়া চুরি করে যে।

Housebreaking, *n. s.* সিন্দ, সিন্দেল চুরি, সিন্দকাটন।

Housedog, *n. s.* গৃহরক্ষক কুক্কুরবিশেষ।

Household, *n. s.* পরিবার, পরিজন, ঘরকন্না, সংসার, গার্হস্থ্যাশ্রম, পরিবার লইয়া একত্রে থাকন, পরিবারাদির রক্ষণাবেক্ষণ, গার্হস্থ্যাশ্রমের বিষয় বা দ্রব্য, গৃহসম্বন্ধীয় পরিবার বা দ্রব্যাদি।

Household-bread, *n. s.* সামান্য রুটী, গৃহজাত রুটী।

Householder, *n. s.* কোন পরিবারের কর্ত্তা ব্যক্তি, ঘরের কর্ত্তা, গৃহস্থ, গৃহপতি, গৃহস্বামী।

Householdstuff, *n. s.* দ্রব্য সমাধান, ঘরকন্নার দ্রব্য বা জিনিস পত্র, মালামাল, আওলাত, গৃহস্থলীর সামগ্রী, সাংসারিক দ্রব্য, লওয়াজিমা, লটবহর।

Housekeeper, *n. s.* গৃহস্থ, গৃহস্বামী বা কর্ত্তা, ঘর বাড়ী বা পরিবার আছে যাহার, গার্হস্থ্যের কর্ত্তা ব্যক্তি, স্বচ্ছন্দে থাকে যে, অপ্রতুল নাই যাহার, সুখী, ঘরে সর্ব্বদা থাকে যে, অপ্রবাসী, গৃহরক্ষিকাস্ত্রী, গৃহিণী, ঘরের কর্ম্মকর্ত্রী, দাসীবিশেষ, যে পরিবারের রক্ষণাবেক্ষণ করে, এবং অন্য ভৃত্যেরদের বা দাস দাসীর নির্ব্বাহ বা শাসনকর্ত্রী, ঘররক্ষক কুকুর।

Housekeeping, *a.* ঘরের, গার্হস্থ্যোপযুক্ত, গৃহের বা পরিবারের আবশ্যক যাহা।

Housekeeping, *n. s.* আতিথ্য, অকাতরে অন্নদান, সদাব্রত, অতিথি সেবা, গৃহকার্য্য, গৃহব্যাপার, গৃহস্থতা।

Housel, *n. s.* Sax. ঈশ্বর ভোজন।

To Housel, *v. a.* Sax. ঈশ্বর ভোজন করণ বা দেওন।

Houselamb, *n. s.* গৃহজাত মেষ, পুষ্টকরণার্থে পোষে যে মেষ।

Houseleek, *n. s.* বৃক্ষবিশেষ।

Houseless, *a.* নির্ব্বাস, গৃহহীন, গৃহরহিত, নিরালয়, নিরাশ্রয়, আশ্রয় বাসা বা গৃহ নাই যাহার।

Housemaid, *n. s.* দাসীবিশেষ, ঘরদ্বার পরিষ্কারিণী দাসী, চাকরাণী, পরিচারিকা।

Housepigeon, *n. s.* ঘর পোষা কপোত।

Houseraiser, *n. s.* গৃহনির্ম্মাতা, গৃহ নির্ম্মাণকর্ত্তা, ঘর বানায় যে।

Houseroom, *n. s.* বাটীর ভিতরস্থান, অন্তঃপুর, অন্দর।

Housesnail, *n. s.* শম্বুকবিশেষ।

Housewarming, *n. s.* গৃহ প্রবেশ, গৃহ প্রবেশ নিমিত্ত উৎসব বা যজ্ঞ।

Housewife, *n. s.* পুরন্ধ্রী, গৃহিণী, গিন্নী, ঘরের বা পরিবারের কর্ত্রী,

Digitized by Google

কুলস্ত্রী, অল্পব্যয়ে বা সামঞ্জস্যরূপে চলে যে স্ত্রী, স্ত্রীলোকের কর্ম্মে নিপুণা যে, স্ত্রী লোকের কর্ম্মের পাত্র থলী বা চুবড়ী বা অন্য দ্রব্য।

Housewifely, *a.* গৃহ কর্ম্মে পারগা, গৃহিণীর ন্যায় কর্ম্মে নিপুণা যে, গার্হস্থ্য কর্ম্মে উপযুক্তা বা পারগা।

Housewifely, *ad.* গৃহিণীর ন্যায় কর্ম্ম তদারক বা সাবধানতা বা সামঞ্জস্যপূর্ব্বক।

Housewifery, *n. s.* গৃহিণীর কর্ম্ম, গার্হস্থ্য কর্ম্ম, স্ত্রীলোকের কর্ম্ম, গৃহিণীর যোগ্য বা উপযুক্ত কর্ম্ম নির্ব্বাহ শাসন বা রক্ষণাবেক্ষণ, গৃহিণীর ন্যায় পরিমিত ব্যয়।

Housewright, *n. s.* গৃহনির্ম্মাতা, গৃহগুম্ফনকর্ত্তা, রাজমেস্ত্রী, কোঠা গাঁথে যে, শিল্পী।

Housing, *n. s.* বাসস্থান, ঘর, কোন বাড়ীর মধ্যে বাস করিবার স্থান, বস্ত্র যদ্দ্বারা ঘোড়ার জিন বানায়, জিনের কাপড়।

Housling, *a.* ঈশ্বর ভোজনস্থাপক, প্রাচীন মতে বিবাহসম্বন্ধীয়, বিবাহকর্ম্মে ঈশ্বর ভোজনার্থক অগ্নিসংস্থাপক।

Houss, *n. s.* Fr. জীন বানান কাপড়, জীনের কাপড়।

How, *ad.* Sax. কিমতে, কিপ্রকারে, কিরূপে, কিকারণে, কোন পর্য্যন্ত, কি নিমিত্তে, কি মূল্যে, কি দরে, কি সংযোগে, কি অবস্থায়, কেমন, কিমত, কিম্ভূত, কথং, কেন, কীদৃশ।

Howbeit বা **Howbe**, *ad.* তথাপি, তথাচ, তবু, যেমন হউক।

Howdy, *n. s.* দাই, প্রসবকারয়িত্রী, ধাত্রী।

Howd'ye, How *do ye* অথবা How *dye do*, প্রশ্নের পরিবর্ত্তে যৌগিক শব্দ, মঙ্গল, কেমন আছ, শারীরিক কুশল, তোমার শারীরিক স্বচ্ছন্দতার কি অবস্থা বা ভাল আছ বুঝায়।

However, *ad.* যাহা হউক, সে যা হউক, যে প্রকারে হউক, সে যেমন হউক, তথাচ।

Howitz বা **Howitzer**, *n. s.* একপ্রকার বড় কামান, বোম।

Howker বা **Hooker**, *n. s.* Sax. দিনামারী এক প্রকার নৌকা।

To **Howl**, *v. n.* Dutch. Lat. উচ্চৈঃস্বরে ক্রন্দন-কৃ, কুক্কুর বা শৃগাল বৎ শব্দ-কৃ, ক্রন্দন-কৃ, রোদন-কৃ, আর্ত্তনাদ-কৃ, কাব্যশাস্ত্রে গভীর বা ভয়ঙ্কর বহুধ্বনি-কৃ, কেঁকা।

Howl, *n. s.* কুক্কুর বা ব্যাঘ্রের ধ্বনি ডাক বা ক্রন্দন, ফুকরিয়া ক্রন্দন, অতিভয়ে বা দুঃখে ক্রন্দন বা রোদন।

Howlet, *n. s.* Fr. পেচক, অবর ভাষায় Owl শব্দের পরিবর্ত্তে ব্যবহৃত জানিবে।

Howling, *n. s.* কুক্কুর বা ব্যাঘ্রের ডাক বা রোদন, ফুকারিয়া ক্রন্দন, দুঃখে রোদন, গভীর বা ভয়ানক শব্দ, অবকূজ, কেঁকান।

Howso, *ad.* যদ্যপিস্যাৎ, যে প্রকারে হউক, যেমন হউক।

Howsoever, *ad.* কোনমতে, কোনপ্রকারে, যেমনি বা হউক, যে প্রকারে, যদ্যপিস্যাৎ, তথাপি।

Howve, Hood শব্দের পরিবর্ত্তে ব্যবহৃত প্রাচীন শব্দ।

To **Hox**, *v. a.* Sax. জঙ্ঘাস্থি শিরা-কাট বা ছেদ-কৃ বা তৎশিরা চ্ছেদদ্বারা গতিশক্তি রহিত-কৃ, পায়ের রগ কাটিয়া খোঁড়া-কৃ।

Hoy, *n. s.* Fr. বৃহন্নৌকাবিশেষ।

Hoy, *interj.* Fr. প্রবৃত্তিজনক বা বিরাম উদ্বোধক অব্যয় শব্দ, কুক্কুরের প্রতি প্রয়োগ হইলে লেং বুঝায়, গত্যর্থে চলং বুঝায়, দূর হও, কখনও রহং, স্থিরোভব, খাড়াকর, সবুর ইত্যাদি জানিবা।

Hubbub, *n. s.* হড়বড়ি, গোলমাল, গণ্ডগোল, কলরব, কলহ, কোলাহল শব্দ, দাঙ্গা, শোর সরাবৎ।

Hubbub-boo, *n. s.* ঐর্লণ্ডদেশে ক্ষুদ্র লোকের মধ্যে অন্ত্যেষ্টি কর্ম্মে ব্যবহৃত শব্দবিশেষ।

To **Huck**, *v. n.* Teut. দ্রব্য ক্রয়ার্থে কচাল-কৃ, কষ্টে দর-কৃ।

Huckaback, *n. s.* কাপড়বিশেষ।

Huckle, *n. s.* নিতম্ব, কঙ্কাল, কাঁকালি।

Hucklebacked, *a.* Germ. বক্র কন্ধরবিশিষ্ট।

Hucklebone, *n. s.* কঙ্কালাস্থি, কাঁকালের হাড়।

Huckster বা **Hucksterer**, *n. s.* Teut. খুজরা দ্রব্য বিক্রয় করে যে, ফড়্যে, কুঁজড়া, পাইকড়, ফেরিওয়ালা, প্রতারক বা ঠগ বিশেষ।

To **Huckster**, *v. n.* খুজরা বিক্রয়-কৃ, ক্ষুদ্র ব্যবসায়-কৃ, ফড়েম-কৃ, পাইকড়ী-কৃ।

Hucksterage, *n. s.* সামান্য ব্যবসায় কর্ম্ম বা বাণিজ্য।

Hucksteress, *n. s.* পাইকড়ি করে যে স্ত্রী, পাইকড়নী, বকালিনী।

Hud, *n. s.* খোসা, ছাল, ছিল্‌কে, আকরোট বা সুপারির ছাল।

To **Huddle**, *v. a.* Germ. জড়শড়-কৃ, কোন কর্ম্ম অসাবধানতা বা অশৃঙ্খলাপূর্ব্বক-কৃ, গোলমাল-কৃ, জড়-কৃ, উল্টাপাল্টা-কৃ, মিশাইয়া-দা, ত্বরায় আবরণ-কৃ।

To **Huddle**, *v. n.* ভিড়ের মধ্যে-আগম বা প্রবিষ্ট-হ, তাড়াতাড়ি -আগম।

Huddle, *n. s.* গোলমাল, ভিড়, গণ্ডগোল।

Huddler, *n. s.* Germ. গোলমেলিয়া, গণ্ডগোল্যে, কার্য্যেতে আনাড়ি বা মূর্খ।

Hue, *n. s.* Sax. বর্ণ, রং, কলরব, সোর, গোল, নালিশ, আদালতের চেষ্টা অনুধাবন বা অনুশীলন, সাধারণ ভয় প্রদর্শন, হপ্‌কী দেখান, আশঙ্কার ধ্বনি বা সাড়াবিশেষ।

Hued, *a.* রংকরা।

Huer, *n. s.* Fr. ডেক্যো, ফুকারে যে ব্যক্তি, অন্যকে ডাকা বা আহ্বান করা কর্ম্ম যার।

Huff, *n. s.* রাগ বা ক্রোধেতে হঠাৎ প্রজ্বলিতহওন, আত্মশ্লাঘী, আত্মাভিমানী, আপনাকে বড় করিয়া জানে বা জ্ঞান করে যে, ভ্রান্ত, অভিমানী।

To **Huff**, *v. a.* স্ফীত-কৃ, ভারি-কৃ, উচ্চ-কৃ, আত্মশ্লাঘা বা গর্ব্ব-কৃ, অহঙ্কার-কৃ, মৎসরতা-কৃ, অহঙ্কার বা মূর্খতাপ্রযুক্ত তুচ্ছ-কৃ।

To **Huff**, *v. n.* আস্ফাল, লাফালাফি-কৃ, গর্জ্জ, দাম্ভিকতা-কৃ, অহঙ্কার প্রকাশ-কৃ।

Huffer, *n. s.* দর্পী, অহঙ্কারী, দাম্ভিক, কোন্দলিয়া, ঝগড়াটিয়া, বিরোধী।

Huffish, *a.* গর্ব্বী, আত্মশ্লাঘী, দেমাকী, রাগী, উগ্র, ঠেঁটা, মগরা, অহঙ্কৃত, অশিষ্ট, অহঙ্কারী।

Huffishly, *ad.* অহঙ্কারপূর্ব্বক, গর্ব্ব অশিষ্টতা বা মৎসরতাপূর্ব্বক, ঠেটামিরূপে।

Huffishness, *n. s.* ঠেঁটামি, চিড়চিড়ামি, অহঙ্কার, গর্ব্ব, দেমাগ।

To **Hug**, *v. a.* Sax. কোলে-কৃ, গলাগলি-কৃ, কোলাকুলি-কৃ, গলা ধরিয়া আলিঙ্গন-কৃ, সোহাগ-কৃ, আদর-কৃ, গৌরব-কৃ, আঁকড়িয়া বা পাঁজা করিয়া-ধর, দৃঢ়রূপে-ধর, কুস্তি কর্ম্মে-খামচা বা -মোচড়া, বাহবা-দা, সাবাসি-দা, প্রশংসা-কৃ, ব্যাখ্যা-কৃ।

Hug, *n. s.* কোলাকুলি, গলাধরণ, গলা ধরিয়া আলিঙ্গনকরণ, কুস্তি কর্ম্মে ধরণ, জাপটিয়া-ধরণ।

Huge, *a.* Fr. বৃহৎ, মহৎ, ডাগর, বড়, দারুণ, প্রকাণ্ড, বিশাল, অতিবাদ।

Hugely, *ad.* প্রকাণ্ডরূপে, বৃহৎরূপে, যথেষ্টতারূপে, আতিশয্যরূপে।

Hugeness, *n. s.* বৃহত্ত্ব, মহত্ত্ব, প্রকাণ্ডত্ব, প্রকাণ্ড শরীর বা আয়তন, আত্যন্তিক পরিমাণ বা আয়তন।

Digitized by Google

Hugeous, *a.* অবর ভাষায় বড় প্রকাণ্ড বা বৃহৎ বুঝায়।

Huggermugger, *n. s.* গুপ্তস্থান, গোপন, নিভৃততা, রহস্যতা।

Huguenot, *n. s.* ফরাশিষ দেশের পরিবর্ত্তিত উপাসনা কাণ্ড বা তচ্ছাস্ত্রবিশেষ, ফরাশিষ দেশে কাল্‌বিনীয় মতাবলম্বী।

Huguenotism, *n. s.* পূর্ব্বোক্ত ধর্ম্মাচরণ বা তন্মতাবলম্বন।

Hugy, *a.* প্রকাণ্ড, বৃহৎ, বড়, বিশাল।

Huisher, *n. s.* Fr. ভৃত্যবিশেষ, দ্বারী, দ্বারপাল, এইক্ষণে এ শব্দ *Usher* লেখা যায়, তৎশব্দ দেখ।

Huke, *n. s.* Fr. জামাবিশেষ, কোর্ত্তাবিশেষ।

Hulch, *n. s.* Goth. কুঁজ, স্ফীতি, আব্‌, ফুলা।

Hulchbacked, *a.* কুব্জা, কুব্জ পৃষ্ঠ।

Hulched, *a.* স্ফীত, ফুলা।

Hulchy, *a.* স্ফীত, বক্র, কুব্জ, আব্‌ওয়ালা, গাঁটিওয়ালা।

Hulk, *n. s.* Goth. জাহাজ, নৌকা, ভারবাহক নৌকা, জাহাজের আয়তন বা গাত্র, ভারী প্রকাণ্ড বা বৃহৎ দ্রব্য, জাহাজের মাস্তুলাদি উপ অঙ্গ ব্যতীত অন্য ভাগ।

Hull, *n. s.* Germ. ছাল, ছিলকে, খোলা, খোসা আবর্ত্তন, আবরণ, জাহাজের খোল *To lie a* Hull নাবিক ভাষাবিশেষ, যখন জাহাজে সকল পালি লাগে না কিম্বা চলে না ইত্যাদ্যর্থক জানিবে।

To **Hull**, *v. a.* পেট-চের, পেট চিরিয়া নাড়ীভূঁড়ি নির্গত-কৃ পেট চাক-কৃ, উদর বিদীর্ণ-কৃ, পেট-ফাড়।

To **Hull**, *v. n.* ভাসমান-হ, ভাসিয়া-বেড়া, প্লবমান-হ।

To **Hull**, *v. a.* বীচিহইতে খোশা-খোল, ছিলকে-ছাড়া বা খসা, ছোবড়া বা খোসা-ছাড়া-কেলা, জাহাজের গাত্রে কামান-মার জাহাজের খোলের বগলে তোপ-মার, জাহাজের গাত্রে বা খোলে তোপ-মার।

Hully, *ad.* ছিলকে বা খোসাবিশিষ্ট, ত্বক্‌যুক্ত।

Hulver, *n. s.* বৃক্ষবিশেষ।

To **Hum**, *v. n.* Dutch. মৌমাছির ধ্বনি-কৃ, গুঞ্জর, ভন্‌ভন্‌-কৃ, গুনং-কৃ, কলরব শব্দ-কৃ, বাক্য কহিতেং বিরাম-দা, ক্ষুদ্র বা অস্পষ্ট শব্দ-কৃ, প্রশংসা সাবাসি বাহোবাইত্যাদ্যর্থক ধ্বনি-কৃ।

To **Hum**, *v. a.* প্রশংসা-কৃ, ধন্যবাদ-কৃ, তারিফ-কৃ, সাবাসি-দা, ক্ষুদ্র স্বরে বা মৃদু স্বরে গান-কৃ, অস্পষ্ট বা জাড্যরূপে-কথ বা-বচ, ঘুনং বা গুনং শব্দ-কৃ, গুঞ্জর শব্দ-কৃ, কোন ব্যক্তির উপর ভার বা তহমত-দা, মিথ্যা আরোপ-কৃ।

Hum, *n. s.* কীট বা মক্ষিকার ন্যায় শব্দ, ভনং বা গুনং শব্দ, কলরব বাক্য কথনে যতি, শব্দের যতি, প্রশংসাসূচক বাক্য বা ধ্বনি, প্রশংসা, সাবাসি, প্রাচীন ব্যবহৃত তীক্ষ্ণ মদ্যবিশেষ, গদ্য, তামাসা, উপহাস, ফষ্টী।

Hum, *interj.* সন্দেহ বা বিবেচনা উদ্বোধক শব্দবিশেষ।

Human, *a.* Lat. মানব, লৌকিক, মনুষ্যধর্ম্মক, মনুষ্যসম্বন্ধীয়, মানবীয়, মানুষিক, মনুষ্যজাতীয়।

Humanate, *part. a.* মনুষ্যত্ব ভাবাপন্ন, মনুষ্যত্ববিশিষ্ট, মনুষ্যত্বাপন্ন।

Humane, *a.* Fr. দয়ালু, কৃপালু, পরোপকারী, পরহিতৈষী, অন্যের শুভাকাঙ্খী, ভদ্র, সৎ, দয়ালু, দয়াশীল, করুণাশীল, সুস্বভাববিশিষ্ট, কোমল স্বভাব যাহার, কোমলান্তঃকরণ, কোমল প্রকৃতি, অক্রূর, অনিষ্ঠুর।

Humanely, *ad.* মনুষ্যত্বরূপে, দয়া বা কৃপাপূর্ব্বক, সাধুতা বা সুস্বভাবপূর্ব্বক, ভদ্রতা বা বিশিষ্টতারূপে।

Humaneness, *n. s.* মহত্ত্ব, মনুষ্যত্ব, সাধুতা, ভদ্রতা, বিশিষ্টতা, কৃপা, দয়া, করুণা, স্বভাবের কোমলত্ব।

Humanist, *n. s.* Fr. বৈয়াকরণীয়া, ব্যাকরণবেত্তা বা তচ্ছাস্ত্রে পারদর্শী, ব্যাকরণজ্ঞ, শব্দ শাস্ত্রবেত্তা, শাব্দিক।

Humanity, *n. s.* Lat. মনুষ্য ধর্ম্ম, মনুষ্য জাতি, সাধারণ মনুষ্য তজ্জাতি বা তদ্ধর্ম্ম, কৃপা, দয়া, করুণা, মহত্ত্ব, কোমলতা, কৃপালুতা, দাতৃত্ব, ব্যাকরণ, ব্যাকরণশাস্ত্র অধ্যয়ন।

To **Humanize**, *v. a.* নরম-কৃ, কোমল-কৃ, মোলাএম-কৃ, কোমল ভাব বা করুণাক্ষম-কৃ, দয়াশীল-কৃ, দয়ালু কৃপালু বা মহৎ-কৃ।

Humankind, *n. s.* মনুষ্যজাতি, মনুষ্যবর্গ।

Humanly, *ad.* মনুষ্য ধর্ম্ম বা অভিপ্রায়ানুসারে, মানব ধর্ম্মে বা তন্মতে, মনুষ্যের ক্ষমতা বা শক্তিপূর্ব্বক বা তদনুসারে, দয়া বা কৃপাপূর্ব্বক, সুস্বভাব বা সাধুতাপূর্ব্বক, ভদ্রতারূপে।

Humation, *n. s.* Lat. পোঁতন, গাড়ন, গোরদেওন, কবর দেওন।

Humbird, *n. s.* পক্ষিবিশেষ।

Humble, *a.* Fr. নম্র, নরম, নত, সবিনয়, দীনের ভাববিশিষ্ট, বিনয়ী, বিনীত, গরিব, অগর্ব্বিত, শিষ্ট, নম্রশীল, অনহঙ্কারী, অনহঙ্কৃত, অনভিমানী, অনুচ্চ, ক্ষুদ্র, ছোট, খাট, হ্রস্ব, লঘু।

To **Humble**, *v. a.* নম্র নত বা বিনয়ী-কৃ, বশীভূত বা আজ্ঞাবহ-কৃ, আয়ত্ত-কৃ, আদরপূর্ব্বক নমস্কার-কৃ, নত হইয়া প্রণাম-কৃ, ভাঙ্গিয়া-ফেল, খর্ব্ব-কৃ, কুঞ্চিত-কৃ, অধীন-কৃ, পরাজয়-কৃ, নিম্ন-কৃ।

Humblebee, *n. s.* Teut. মধু মক্ষিকাবিশেষ, ভ্রমর, গুঞ্জর, ভনং কারী কীটবিশেষ।

Humblebee, *n. s.* বৃক্ষবিশেষ।

Humblebee *Eater*, *n. s.* পূর্ব্বোক্তসংজ্ঞক মক্ষিকাখাদক কীটবিশেষ।

Humblemouthed, *a.* ধীর, নম্র, গরীব, বিনয়ী, কাকুতিবাদক, দীন, স্তাবক, স্থির, শান্ত, সাম্প্রদায়িক, শিষ্ট, সুশীল।

Humbleness, *n. s.* নম্রতা, দীনভাব, অগর্ব্ব, অহঙ্কারাভাব, শিষ্টতা, সাম্প্রদায়িকতা, সুশীলতা, সুসমানাধিকরণত্ব।

Humbleplant, *n. s.* বৃক্ষবিশেষ।

Humbler, *n. s.* নত হয় যে, ন্যূনতা স্বীকার করে যে, পরাধীন বা তাবেদার বা নম্র হয় যে।

Humbles, *n. s.* হরিণের আঁতুড়ী, Umbles শব্দ দেখ।

Humbless, *n. s.* Fr. নম্রতা, দীনত্ব, অধীনত্ব, নিরহঙ্কার, অনুনয়, বিনয়, অনুচ্চতা, সুশীলতা, শিষ্টতা, সাম্প্রদায়িকতা।

Humbling, *n. s.* নম্রতা, সুশীলতা, হ্রস্বতা, লাঘব, অদম্ভ, অভিমান বা অহঙ্কারের লঘুতা বা অল্পতা।

Humbly, *ad.* নম্রতাপূর্ব্বক, সুশীলতা, বিনয় বা অনুনয়পূর্ব্বক, ব্রীড়াপূর্ব্বক, সাবধানতা বা বৈশিষ্টরূপে, অদম্ভপূর্ব্বক, অনুচ্চতাপূর্ব্বক।

Humbug, *n. s.* প্রতারণা, ধূর্ত্ততা, ফাকী, প্রবঞ্চনা, প্রবঞ্চনা বা মিথ্যা কল্পনা বুঝায়, ঠগামি, ভড়ং, অবর ভাষাবিশেষ।

Humdrum, *a.* Icel. নির্ব্বোধ, অবোধ, আলসিয়া, জড়, অজ্ঞান, বেঅকুব, বেআক্কেল।

To **Humect** বা *To* **Humectate**, *v. a.* Lat. ভিজা, আর্দ্র-কৃ, নরম-কৃ, সরস-কৃ।

Humectation, *n. s.* ভিজান, আর্দ্রকরণ, নরমকরণ, শিথিলকরণ, শ্লথকরণ, সরসকরণ।

Humective, *a.* ভিজা বা আর্দ্রকরণক্ষম বা তচ্ছক্তিবিশিষ্ট।

Humeral, *a.* Fr. Lat. স্কন্ধসম্বন্ধীয়, স্কন্ধবিষয়ক।

Humicubation, *n. s.* Lat. মৃত্তিকাতে শয়নকরণ, মৃত্তিকার উপর থাকন, মৃত্তিকায় বাসকরণ।

Digitized by Google

Humid, *a.* Lat. আর্দ্র, ভিজা, সোঁতা, জল্যো, শপ্‌শপিয়া, নরম, সরস, শিথিল।

Humidity, *n. s.* Fr. সরদাই, সোঁতাভাব, আর্দ্রত্ব, জল, ঘর্ম্ম, রস, আর্দ্র করিবার ক্ষমতা।

To **Humile**, *v. a.* Fr. নম্র-কৃ, খাট-কৃ, খর্ব্ব-কৃ, গরীব-কৃ, নাচার-কৃ, অধীন-কৃ, আয়ত্ত-কৃ, তাবে-কৃ, বশ-কৃ।

Humiliation, *n. s.* Fr. লাঘব, লঘুতা, নম্রতা, সুশীলতা, মৃদুতা, অনুনয়, বিনয়, দৈন্য প্রকাশ, আপন পাপ বা অযোগ্যতা স্বীকার বা প্রকাশ, অহঙ্কারের বা অভিমানের অল্পতা বা হ্রাস বা তত্ত্যাগ।

Humility, *n. s.* Fr. নিরহঙ্কার দৈন্য, অগর্ব্ব, অনভিমান, গর্ব্বরাহিত্য, নম্রতা, বিনয়, গরিবী, অনুনয়, নতি, ব্রীড়া, সলজ্জত্ব, শিষ্টতা, স্বীকারকরণ, অধীনত্ব স্বীকারকরণ, তাবেদারি স্বীকার করণ।

Hummer, *n. s.* স্তুতিবাদক, স্তাবক, স্তবকারক, প্রশংসাকর্ত্তা, প্রশংসাকারী।

Humming, *n. s.* মধুমক্ষিকা বা কীটের শব্দ, গুনং শব্দ, ভ্রমরের গান, অস্পষ্ট শব্দ, ঘোর বা অনর্থক শব্দ।

Humming *Ale*, মদ্যবিশেষ।

Humming *Bird*, Humbird শব্দ দেখ।

Hummock, *n. s.* ক্ষুদ্র পাহাড়, মাটির ঢিবি, বল্মীক।

Hummums, *n. s.* Pers. হামাম, স্নানাগার, স্নানগৃহ, গাধোবার ঘর।

Humoral, *a.* Fr. অভিপ্রায়োৎপন্ন, অভিপ্রায় বা মনের ভাব হইতে জাত যে, অন্তঃকরণে উদয় হয় যাহা বা তজ্জাত।

Humorist, *n. s.* Fr. আপন অভিপ্রায়ানুসারে চলে যে, আপন মন বা অভিপ্রায় তুষ্ট করে যে, ভ্রান্ত, রসিক, পরিহাস বা উপহাস করে যে, মস্করা, ভাঁড়, বিদূষক, রাগী।

Humorous, *a.* আর্দ্র, সরস, ভিজা, নরম, শিশিরাক্ত, শেখচিল্লী, মনোরম, মনস্কামী, মনোরঞ্জক, রসিক, পরিহাসক, হাসজনক, মস্করা, হাস্যোৎপাদক, হাসকুটে, হাস্যার্ণব, বাচাল, ছেপ্‌লা।

Humorously, *ad.* পরিহাসপূর্ব্বক, ঠাট্টা গদ্য বা মস্করামিপূর্ব্বক, মনোরথপূর্ব্বক, ছেপলামি বা অর্ব্বাচীনতাপূর্ব্বক।

Humorousness, *n s.* অস্থিরতা, ছেপলামী, পাতলাই, অশিষ্টতা, অর্ব্বাচীনতা, খুসী, আমোদ, পরিহাস, মস্করামী, ভাড়ামী, কার্কশ্য, উগ্রভাব, চিড়চিড়ামি।

Humorsome, *a.* বিরক্ত, ব্যজার, দেক, পিত্‌পিতে, উগ্র, কর্কশ, বেচপ, বেআড়া, মস্করা, পরিহাসবিশিষ্ট।

Humorsomely, *ad.* বৈরক্ত্যরূপে, বিরক্ত হইয়া, বৈরক্ত্যপূর্ব্বক, বেজার হইয়া, দেক হইয়া।

Humour, *n. s.* Lat. রস, জল, ঘর্ম্ম, উদ্ভাব, শরীরের মধ্যে নানাপ্রকার জলীয় অংশ, চরিত্র, রীতি, স্বভাব, মেজাজ, গতি, ভাব, আশ্চর্য্য বিষয়, মনের ভাব খেয়াল বা অভিপ্রায়, মতলব, রসিকতা, হাস্য, পরিহাস, আহ্লাদ, আমোদ, নিদান, রোগের কারণ বা আমূল, রোগ, ব্যাধি, কার্কশ্য, উগ্রত্ব, চিড়চিড়ামি, প্রতারণা, নকল, ব্যবহার, মনে উদয় হয় যাহা, খেয়াল, মনোরথ, অভিলাষ, বাঞ্ছা।

To **Humour**, *v. a.* তুষ্ট-কৃ, পরিতোষ-কৃ, ইচ্ছাসম্পূরণদ্বারা তুষ্টি-কৃ, আহ্লাদ-জন্মা, স্বীকারদ্বারা নরম ঠাণ্ডা বা শীতল-কৃ, উপযুক্ত-কৃ, লাগা, স্বীকার-কৃ, গ্রাহ্য-কৃ।

Humourist, **Humorist** শব্দ দেখ।

Humoursome, **Humorsome** শব্দ দেখ।

Hump, *n. s.* Lat. কুঁজ, ঝুঠ, ককুদ।

Humpback, *n. s.* কুব্জ, কুঁজো, বক্রপৃষ্ঠ, উচ্চস্কন্ধ।

Humpbacked, *a.* কুব্জ, কুঁজো।

To **Hunch**, *v. a.* Germ. কীল-মার, মুষ্ট্যাঘাত-কৃ, কুঁজো কৃ।

Hunch, *n s.* আঘাত, ঘুসা, কীল, চপেটাঘাত, কুঁজ, গুচ্ছ।

Hunchbacked, *a.* কুব্জ, কুঁজো, বক্র পৃষ্ঠ যাহার।

Hundred, *a.* Sax. শত, একশতসংখ্যক, শতসংখ্যক।

Hundred, *n. s.* শত, এক শত সংখ্যা, একশতসংখ্যক দল সম্প্রদায় বা জন, পরগনা, জিলা।

Hundreder, *n. s.* Lat. পঞ্চাইতের মধ্যে এক জন, এক শত জনের ঠাকুর, প্রধান, সরদার, মুখ্য।

Hundredth, *a.* Sax. শতাঙ্কবিশিষ্ট, শতসংখ্যক বা পরিমিত, শতাংশ, এক শত ভাগের এক ভাগ।

Hung, *To* hang ক্রিয়াপদের অতীতকালবাচক, ঝুলাইয়াছে, ঝুলাইল।

Hungary *Water*, *n. s.* আরকবিশেষ, চোঁয়ান জলবিশেষ, হংরি দেশের রাজ্ঞীর নিমিত্তে এই আরক প্রথম প্রস্তুত হয় অতএব তন্নামে খ্যাত।

Hunger, *n. s.* Sax. ক্ষুধা, ক্ষুত, বুভুক্ষা, ক্ষুদ্বোধ, ভুক, আহারার্থ স্পৃহা, অনশনজন্য ক্লেশ, রুচি, উৎকটাকাঙ্ক্ষা, অত্যন্ত বাসনা, অতিলালসা, অত্যন্তাভিলাষ।

To **Hunger**, *v. n.* ক্ষুধিত-হ, ক্ষুধায় পীড়িত-হ, অত্যন্ত বাসনা বা ইচ্ছাবিশিষ্ট-হ, নিতান্ত-চাহ, বুভুক্ষু-হ।

To **Hunger**, *v. a.* ক্ষুধিত-কৃ, ক্ষুধার্ত্ত-কৃ, ক্ষুধায় পীড়িত-কৃ, উপযুক্ত আহার না-দা।

Hungerbit বা **Hungerbitten**. *a.* বুভুক্ষু, ক্ষুধিত, ক্ষুধায় পীড়িত, ক্ষুধাতুর, ক্ষুধার্ত্ত, ক্ষুধাতে পীড়িত বা ক্লিষ্ট।

Hungered, **Hungred** শব্দ দেখ।

Hungerly, *a.* ক্ষুধিত, ক্ষুধায় পীড়িত, ক্ষুধাতুর, অন্নার্থী, অন্নহীন, আহারবিহীন, অভুক্ত, ভোজনার্থী, অনশনে ক্লান্ত।

Hungerly, *ad.* ক্ষুধাতে, ক্ষুধাপূর্ব্বক।

To **Hungerstarve**, *v. a.* ক্ষুধায় পীড়িত-কৃ, খাইতে না দিয়া মারিয়া-ফেল, উপবাসী-রাখ, উপবাস-কৃ, অনশন-কৃ।

Hungerstarved, *a.* ক্ষুধায় পীড়িত বা মৃতপ্রায়, অন্নাভাবে মৃত বা পীড়িত, খাইতে না পাইয়া মরিয়াছে বা পীড়িত হইয়াছে যে।

Hungred, *a.* ক্ষুধিত, ক্ষুধায় পীড়িত, অন্নার্থী, ক্ষুধাতুর, ক্ষুধায় ক্লিষ্ট, ক্ষুধার্ত্ত, ক্ষুধায় কাতর, অনাহারে ক্লিষ্ট।

Hungrily, *ad.* ক্ষুধারূপে, ক্ষুধাপূর্ব্বক, ক্ষুধাতে।

Hungry, *a.* বুভুক্ষিত, বুভুক্ষু, ক্ষুধিত, ক্ষুধায় পীড়িত, ক্ষুধার্ত্ত, ক্ষুধাতুর, ভুখা, অন্নাভাবে পীড়িত কৃশ কাহিল বা রোগা, অপুষ্ট, অফলবন্ত, রাঁড়া, নিষ্ফল, ফল নাহি যাহার, শুষিয়া লয় বা খায় যে।

Hunks, *n. s.* Icel. লোভী, কৃপণ, বখিল, সুম, ব্যয়কুণ্ঠ, অপকৃষ্ট, জঘন্য, অন্ত্যজ, নিকৃষ্ট।

Huns, *n. s.* Lat. প্রাচীন সাইসিয়ানামক দেশজ অসভ্য জাতি বিশেষ, এক্ষণে, (Hungary) হঙ্গারী নামে খ্যাত।

To **Hunt**, *v. a.* Sax. সিকার-কৃ, মৃগয়া-কৃ, তাড়াইয়া-যা বা-ধর, পশ্চাৎ২ গমন-কৃ, তত্ত্ব-কৃ, অন্বেষণ-কৃ, অনুসন্ধান-কৃ, খোঁজ, সিকার অন্বেষণে কুক্কুর লেলাইয়া দিয়া তৎপশ্চাৎ গমন-কৃ।

To **Hunt**, *v. n.* মৃগয়ার্থে গমন-কৃ, সিকারী-হ, অন্বেষণকারী-হ, তত্ত্ব-কৃ, পশ্চাদ্গামী-হ, অন্বেষণার্থে অনুগামী বা ধাবমান-হ।

Hunt, *n. s.* ব্যাধিবিশেষ, মৃগয়াকারী, সিকার করে যে, সিকারী, কুক্কুরসমূহ বা ঝাক, মৃগয়া সিকারার্থে পশ্চাৎধাবন বা গমন।

Digitized by Google

Hunter, *n. s.* ব্যাধ, বেদ্যা, সিকারী, মৃগয়া করে যে, পাখিমারা, মাংসার্থে সিকার করে যে, সিকারী কুক্কুর বা ঘোটক।

Hunting, *n. s.* Sax. মৃগয়া, সিকার, সিকার খেলা বা ক্রীড়া।

Huntinghorn, *n. s.* মৃগয়াতে ব্যবহৃত তূরী বা বাঁশীবিশেষ, যাহা সিকারীরা কুক্কুরের ঔৎসুক্য বা লোভবর্দ্ধনার্থে বাজায়।

Huntinghorse, *n. s.* যে ঘোটকের উপর সওয়ার হইয়া মৃগয়া বা সিকার করা যায়, মৃগয়াশ্ব, মৃগয়োপযুক্ত ঘোটক, মৃগয়া বা সিকারের ঘোড়া, সিকারী ঘোড়া।

Huntingseat, *n. s.* সিকারীর বাসা বা টোল, বেদের টোল, মৃগয়া করিতে গিয়া প্রয়োজন মতে বা অল্পকালের নিমিত্তে প্রস্তুতী কৃত ঘর বা বাসা।

Huntress, *n. s.* ব্যাধপত্নী, ব্যাধী, বেদ্যানী, মৃগয়া বা সিকার করে যে স্ত্রী।

Huntsman, *n. s.* সিকার বা মৃগয়া কর্ম্মে তুষ্ট হয় যে, সিকারী, মৃগয়াকারক, মৃগয়া বা সিকারের কর্ম্ম করে যে, নির্ব্বাহক, চাকর।

Huntsmanship, *n. s.* সিকারী বা মৃগয়াকারকের গুণ অবস্থা বা ভাব, সিকারীর বিদ্যা পারগতা বা শক্তি, মৃগয়াবিদ্যা।

Hurden, *n. s.* মোটা কাপড়বিশেষ।

Hurdle, *n. s.* Sax. লৌহশলাকানির্ম্মিত ঝাঁজরি, গাড়িবিশেষ, যাহাতে খুনী লোককে ফাঁসী দিতে লইয়া যায়।

To **Hurdle**, *v. a.* পূর্ণ-কৃ, শেষ-কৃ, ভরতি-কৃ, বেড়া-দা, বেষ্টন-কৃ, আবর্ত্তন-কৃ, ঢাক, আচ্ছাদন-কৃ।

Hurds, *n. s.* শণের রদি বাচ বা ওঁছা।

Hurdy-gurdy, *n. s.* লণ্ডননগরের গলিপথে শ্রুত বাদ্যযন্ত্র বিশেষ।

To **Hurl**, *v. a.* Goth. ছুড়িয়া-ফেল, ক্ষেপণ-কৃ, বেগে বা জোরে ফেলাইয়া-দা, বেগে-চালা, জোরে বা বেগে উচ্চারণ-কৃ, ফেল, গড়িয়া-ফেল, ঠেলিয়া-ফেল।

To **Hurl**, *v. n.* বেগে গমন-কৃ, জোরে-চল, ঘুর, ঘুরপাক-দা।

Hurl, *n. s.* ফেলন, নিক্ষেপ, ফেলিয়া দেওন, গোলমাল, হঙ্গাম, ঝগড়া, কলহ, ধুমধাম, দাঙ্গা।

Hurlbat, *n. s.* ফিঙ্গাবিশেষ, ফেলিয়া মারিবার নিমিত্তে ঘুরাণ যায় যে বস্তু।

Hurler, *n. s.* নিক্ষেপক, ফেলিয়া মারে যে, ফেলে বা ঘুরায় যে, (Hurling) হুরলিংনামক খেলা খেলে যে ব্যক্তি।

Hurlwind, *n. s.* ঘূর্ণবায়ু, ঘূর্ণ্যা বাতাস।

Hurly বা **Hurlyburly**, *n. s.* Fr. Teut. গোলমাল, উলটপুলট, হড়বড়ী, সোরসার, ধুমধাম।

Hurrah, *interj.* Goth. আনন্দ প্রশংসা জয় বা ঔৎসুক্যজনক অব্যয় শব্দ, যথা সাবাশী, জয়২কার, ভাল২, ইত্যাদি।

Hurricane বা **Hurricano**, *n. s.* Span. ঝড়, আঁধী, ঝট্‌কা, অতি বাত, তুফান, ঝড়ঝাঁটা, অতিবড় ঝট্‌কা।

Hurrier, *n. s.* ব্যস্ত করে যে, ত্যক্তকর্ত্তা, বাধা দেয় যে, বিরক্ত করে যে, তাড়া লাগায় যে, তাড়া দেয় যে, তাড়াতাড়ি করে যে ব্যক্তি।

To **Hurry**, *v. a.* Goth. ত্রস্ত-কৃ, ব্যস্ত-কৃ, তাগাদা-কৃ, ত্বরা-কৃ, সত্বর-কৃ, গোলমাল-কৃ, তাড়াতাড়ি-কৃ, তাড়া-লাগা, তাড়া-দা, শীঘ্র-কৃ।

To **Hurry**, *v. n.* হড়বড়া, ত্রস্ত-হ, সত্বর-হ, বেগগামী-হ, দ্রুতগামী-হ, শীঘ্র বা বেগে গমন-কৃ, শীঘ্র-হ।

Hurry, *n. s.* শীঘ্রত্ব, ত্রস্ততা, হড়বড়ি, গোলমাল, ব্যস্তহওন বা করণ, তাড়াতাড়ি বা ব্যস্তভাব, ত্বরা, তাগাদা।

Hurry-skurry, *ad.* Goth. তাড়াতাড়িতে, গোলমালে, ত্রস্ততাপূর্ব্বক, তাড়াতাড়ি বা গোলমাল করিয়া।

Hurst, *n. s.* Sax. উপবন, উদ্যান, ক্ষুদ্র বন, ঝোপ, আবর্ত্তন।

To **Hurt**, *v. a.* Sax. অহিত-কৃ, ক্ষতি-কৃ, অপচয়-কৃ, অপকার-কৃ, আঘাত-কৃ, শারীরিক বেদনা বা পীড়া-দা, নোকসান-কৃ, খারাব-কৃ, হিংসা-কৃ, মন্দ-কৃ, অনিষ্ট-কৃ, চোট্-মার,।

Hurt, *n. s.* চোট, ঘা, জখম, আঘাত, ক্ষতি, অপচয়, অহিত, অনিষ্ট, হিংসা, অপকার, মন্দকরণ, নোক্সান, অনিষ্টাচরণ।

Hurter, *n. s.* ক্ষতি বা অপকারকর্ত্তা, আঘাত করে যে, চোট মারে যে, অপকার ক্ষতি নোক্সান বা মন্দকর্ত্তা, আঘাতকর্ত্তা, হিংসু, কাটে মারে বা জখম করে যে।

Hurtful, *a.* দুষ্ট, দুরাচার, অপকারক, ক্ষতিকারক, ক্ষতিজনক, পীড়াদায়ক, পীড়ক, পীড়াজনক, হিংসু, হিংসক, অহিতকারী, মন্দকারী, মন্দ, অগুণকারক, অনিষ্টকারী।

Hurtfully, *ad.* অপকারিতারূপে বা তৎপূর্ব্বক, পীড়া ক্ষতি নোক্সান অপচয় বা আঘাতপূর্ব্বক বা তদ্রূপে।

Hurtfulness, *n. s.* অপকারকত্ব, অনিষ্টাচারিতা, অহিতকারিতা।

To **Hurtle**, *v. n.* Ital. কাটাকাটি-হ, দুই অস্ত্রে বা দ্রব্যে পরস্পর আঘাত-হ, প্রত্যাঘাত-হ, লড়, বাজ, অগ্রগ-হ, ফির।

To **Hurtle**, *v. a.* জোরে-ঠেল বা-ঘুষটা, জোরে বা বেগে-চালা-সরা-ফেরা বা -ঘোরা।

Hurtleberry, *n. s.* Sax. ফলবিশেষ।

Hurtless, *a.* অনপকারক, নির্দোষী, অদুষ্ট, অহিংসক, অহিংসু, মন্দ করে না যে, পীড়া নাই বা মন্দ হয় না যাহার, স্বচ্ছন্দ, শান্ত, ক্ষতি নাই বা হয় না যাহার, বাঁচিয়া যায় যে।

Hurtlessly, *ad.* অনপকারপূর্ব্বক, অহিংসাপূর্ব্বক, স্বচ্ছন্দে, অনায়াসে, মন্দ বা ক্ষতিরাহিত্যপূর্ব্বক।

Hurtlessness, *n. s.* অনপকারকত্ব, অপচয়, হিংসা, ক্ষতি, নোক্সান বা মন্দরাহিত্যাবস্থা বা ভাব, অদুষ্টত্ব, নির্দোষত্ব, দোষরাহিত্য।

Husband, *n. s.* Dan. স্বামী, পতি, কান্ত, ভর্ত্তা, ভাতার, খসম, মাদা, পুরুষ, পরিমিত ব্যয়ী বা আচারী, আয় ব্যয়াভিজ্ঞ, লাভ নোক্সান বিষয়ে বিজ্ঞ, কৃষিকারী, কৃষাণ, চাসা, চাস করে যে ব্যক্তি।

To **Husband**, *v. a.* বিবাহ-দা, পতি-দা, পরিমিতাচার-কৃ, গৃহস্থালী-করা, কৃষিকর্ম্ম-কৃ, ভূমি চাস-কৃ, ভূমি আবাদ-কৃ, পরিমিতরূপে খরচ-যোগা।

Husbandable, *a.* পরিমিতাচারোপযুক্ত, অল্পব্যয়োপযুক্ত, পরিমিত ব্যয়ে বা রূপে নির্ব্বাহ হয় যাহা।

Husbandless, *a.* পতিহীনা, ভর্তৃরহিতা, স্বামী নাই যাহার, রাঁড়, বিধবা, কর্ত্তৃহীন, নিখামিন্দা।

Husbandly, *a.* গৃহস্থালী ব্যাপারাভিজ্ঞ, গার্হস্থ্য কর্ম্মাবৃত, পরিমিতাচারী বা ব্যয়ী।

Husbandman, *n. s.* কর্ত্তা, বাটীর কর্ত্তা, পরিবারের কর্ত্তা বা প্রধান, চাসা, চাসী, কৃষক, হালিয়া, লাঙ্গলিয়া, কৃষাণ, কৃষীবল।

Husbandry, *n. s.* কৃষিকর্ম্ম, কৃষাণী, চাসবাস, ক্ষেত্রবাড়ী, কৃষিকর্ম্ম করণের রীতি বা প্রকরণ, পরিমিতাচার, গৃহস্থালিকর্ম্ম বা তন্নির্ব্বাহ, কৃপণতা, ব্যয়কুণ্ঠতা।

Hush, *interj.* Fr. চুপ, চুপ কর, নিরস্ত হও, স্থির হও, ইত্যাদ্যর্থক অব্যয় শব্দ।

Hush, *a.* চুপ, নিরস্ত, নীরব, স্থির, মৌনী, মৌনাবলম্বী।

To **Hush**, *v. n.* নীরব-হ, স্থির-হ, মৌনী-হ, মৌনাবলম্বী-হ।

To **Hush**, *v. a.* নীরব-কৃ, স্থির-কৃ, থামা, নিরস্ত-কৃ, ক্ষান্ত-কৃ, বিরত-কৃ।

Digitized by Google

To **Hush** *up*, *v. a.* নিরস্ত হওনদ্বারা উড়াইয়া-দা, গোলমাল করিয়া উড়াইয়া-দা, উত্থাপন বা প্রসঙ্গ নিবারণ-কৃ।

Hushmoney, *n. s.* ঘুষবিশেষ, গুপ্ত ব্যক্ত অকরণার্থে ঘুষ, জাযুশী বা সমাচার না দেওনার্থে ঘুষ বা উৎকোচ।

Husk, *n. s.* Dutch. ছিলকা, ছাল, খোসা, বল্কল, বাকলা, ত্বক্, তুষ, ভূষি।

To **Husk**, *v. a.* ছিলকা বা ছাল-ছাড়া, ছাল খোসা তুষ বা ত্বক্-খসা-ছাড়া-বা নির্গত-কৃ।

Husked, *a.* ত্বক্‌বিশিষ্ট, ছিলকাওয়ালা, আছোলা, খোসা বা তুষবিশিষ্ট, খোসাযুক্ত, ছালযুক্ত।

Huskiness, *n. s.* ত্বকবিশিষ্টত্ব, খোসা বা তুষবিশিষ্টত্ব, ভাঙ্গা গলার আওয়াজ বা স্বর।

Husky, *a.* খোসা ছাল বা তুষময়, তাহাতে পূর্ণ বা তদ্বিশিষ্ট, ভাঙ্গাগলা, গলাভাঙ্গা, স্বর বদ্ধ হইয়াছে যাহার, কাশিবিশিষ্ট, কেশ্যো।

Hussar, *n. s.* Germ. ফরাশিষ অশ্বারূঢ় সৈন্যবিশেষ, প্রাচীন হঙ্গারীনামক দেশের ঘোড়সওয়ার।

Hussite, *n. s.* (John Huss) জানহুসনামক ব্যক্তির মতাবলম্বী বা তন্মত।

Hussy, *n. s.* অকর্ম্মণ্য, কুড়ে অলস বা হাবা স্ত্রী, দুষ্টা বা ভ্রষ্টা স্ত্রী, মিথ্যাবাদিনী স্ত্রী, ছিনাল, গস্তান।

Hustings, *n. s.* Sax. মন্ত্রণা বা পরামর্শ করিবার সভা বা বৈঠক, পার্লিমেণ্ট মহাসভার অধ্যক্ষ নিযুক্তকরণার্থে বৈঠক বা পরামর্শস্থল।

To **Hustle**, *v. a.* Teut. লড়া, হেলা, ঘুরা, গোলমাল-কৃ, মিলা, মিশা, ওজলপাজল-কৃ।

Huswife, *n. s.* মন্দগৃহিণী, অকর্ম্মণ্যা বা কুড়ে স্ত্রী, অল্পব্যয়ী বা কৃপণা স্ত্রী।

To **Huswife**, *v. a.* পরিমিতাচারে-চলা বা নির্ব্বাহ-কৃ, কৃপণতা পূর্ব্বক বা অল্পব্যয়ে নির্ব্বাহ-কৃ, ব্যয়কুণ্ঠতারূপে নির্ব্বাহ-কৃ।

Huswifely, *a.* পরিমিতাচারী, ব্যয়কুণ্ঠ, কৃপণ, শক্ত, গৃহস্থালী বা গৃহিণীর উপযুক্তা।

Huswifely, *ad.* গৃহিণীর মতে বা তৎরীত্যনুসারে বা তৎপূর্ব্বক।

Huswifery, *n. s.* নির্ব্বাহ, চালান, কোন প্রকারে চালান, গৃহস্থালী কর্ম্ম, স্ত্রীলোকের কর্ম্ম, গৃহিণীর কর্ম্ম, গৃহিণীপনা।

Hut, *n. s.* Sax. রামকুঁড়্যা, কুঁড়িয়া ঘর, কুটীর, ঝুপড়ী, ঝোপড়া, পর্ণশালা, টোল, টোঙ্গ, ঘাসের বা খড়ের ঘর, খড়্যো ঘর, চালা, অল্পকালের নিমিত্তে সৈন্যের ব্যবহারার্থে ঘর।

To **Hut**, *v. a.* Fr. যুদ্ধভাষায় সৈন্যেরদিগকে বাসা দেওন বুঝায়।

Hutch, *n. s.* Sax. Fr. সিন্দুকবিশেষ, চাসার কল বা ফাঁদবিশেষ, খরগোষ রাখা খাঁচা।

To **Hutch**, *v. a.* জমা-কৃ, রাশী-কৃ, ঢেরি-কৃ, স্তূপ-কৃ, সিন্দুকে-রাখ বা-ভর।

Hutchinsonian, *n. s.* (John Hutchinson) জান হচিনসননামক ব্যক্তির মতাবলম্বী।

To **Huzz**, *v. n.* গুণ২ শব্দ-কৃ, কীট বা মক্ষিকার ধ্বনি-কৃ, বড়২-কৃ।

Huzza, *interj.* অব্যয় শব্দ, জয়ধ্বনি, আনন্দ বা জয় সূচকার্থক ধ্বনি বুঝায়।

To **Huzza**, *v. n.* আনন্দ প্রকাশ-কৃ, বাহোবা-দা, সাবাশি-দা, প্রশংসা-কৃ।

To **Huzza**, *v. a.* বাহোবা-দা, আনন্দ ধ্বনি বা রব-কৃ, সাবাশী-দা প্রশংসাসূচক ধ্বনি-কৃ।

Hyacinth, *n. s.* Gr. পুষ্পবিশেষ, শম্বুল মণিবিশেষ।

Hyacinthine, *a.* পূর্ব্বোক্ত মণিনির্ম্মিত বা তৎবিশিষ্ট বা তদাকার।

Hyades বা **Hyads**, *n. s.* Gr. নক্ষত্রবিশেষ।

Hyaline, *a.* Gr. কাঁচ বা স্ফটিকবৎ তেজস্বী বা জেল্লাদার, স্বচ্ছ।

Hybrid, *a.* Gr. নানা জাতীয়, নানাধর্ম্মক।

Hybridous, *a.* খচ্চর, ভিন্ন জাতিজ।

Hydatides, *n. s.* Gr. স্থালীবিশেষ।

Hydra, *n. s.* Lat. বহু মস্তকবিশিষ্ট রাক্ষসবিশেষ, কাব্যশাস্ত্রে পশু বুঝায়, বহু দুরদৃষ্ট বা দুঃখ উপস্থিত হইলে তাহাতে এতৎ শব্দ প্রয়োগ হয়।

Hydragogues, *n. s.* Gr. জল বা রসনাশক ঔষধবিশেষ।

Hydraulical বা **Hydraulick**, *a.* নালীদ্বারা জলের গমনাগমন বিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Hydraulicks, *n. s.* Gr. চুঙ্গির বা নলের দ্বারা জল চালানের বিদ্যা।

Hydrocele, *n. s.* Gr. জল নির্গমন, জল বাহির হওন বা করণ, জল নিঃসরণ, কোষবৃদ্ধি, কুরণ্ড।

Hydrocephalus, *n. s.* সান্নিপাতিক রোগবিশেষ, মস্তকে জল হওন, মস্তকে একপ্রকার শ্লেষ্মরোগ।

Hydrogen, *n. s.* জলের ধর্ম্ম গুণ বা শক্তি, উদজান।

Hydrographer, *n. s.* সমুদ্রের নক্সা করে বা লেখে যে ব্যক্তি, সমুদ্রের ছবি করে বা লেখে যে।

Hydrographical, *a.* সমুদ্রের তীর বা তীরবর্ত্তি পাহাড় উপদ্বীপ চড়াইত্যাদিবিশিষ্ট নক্সাসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Hydrography, *n. s.* পৃথিবীর জল ভাগের বিবরণ, সমুদ্র নদ নদীর বিবরণ বা নক্সা, সমুদ্র বা জল নির্ণয়বিদ্যা।

Hydrology, *n. s.* সাধারণ জলের ধর্ম্ম বা গুণ বর্ণন বা বিবরণ।

Hydromancy, *n. s.* জলেরদ্বারা অনুমান বা ভাবি বিষয় কথন, জল দেখিয়া ভাবি বা অজ্ঞাত বস্তু বা বিষয় কথন বা ব্যক্তকরণ।

Hydromel, *n. s.* মধু আর জল, পেয় দ্রব্যবিশেষ।

Hydrometer, *n. s.* Gr. জলের ব্যাপকতা ভার গুরুত্ব শক্তি বেগ গুণ ইত্যাদিনিরূপক অস্ত্র বা যন্ত্রবিশেষ।

Hydrometry, *n. s.* জলমাপন, জলের আয়তত্ব বা ব্যাপকত্ব পরিমাণকরণ।

Hydrophobia, *n. s.* Gr. রোগজন্য জলভয়, জল দেখিয়া ভয়, জলভীত রোগ, কুক্কুরাদির দংশনে হয় যে বায়ু রোগ।

Hydrophoby, *n. s.* তথা।

Hydropical বা **Hydropick**, *a.* Gr. জলোদরীয়, জলোদরির ন্যায়।

Hydropsy, *n. s.* জলোদরী, উদরিরোগ।

Hydrostatical, *a.* Gr. জলীয় দ্রব্য পরিমাণকরণ বিদ্যা বিষয়ক বা তৎসম্বন্ধীয় বা তৎশাস্ত্রে শিক্ষিত বা উপলব্ধ।

Hydrostatically, *ad.* জলীয় দ্রব্য পরিমাপক বিদ্যানুসারে।

Hydrostaticks, *n. s.* জলীয় বস্তুর পরিমাণ বা ভারনিরূপক বিদ্যা, জলাবৃত জলযুক্ত বা দ্রব দ্রব্য পরিমাণকরণ বিদ্যা বা শাস্ত্র।

Hydrotick, *n. s.* Gr. জল বা রস নির্গতকারক।

Hydrus, *n. s.* Gr. জলুয়া সর্প, জলের সর্প, জলচর সর্প, দক্ষিণ প্রদেশে নক্ষত্রবিশেষ।

Hyemal, *a.* Lat. শীতকালসম্বন্ধীয়, শীত কালের, শীতকাল বিষয়ক, শীতের।

To **Hyemate**, *v. n.* কোন স্থানে শীতকালযাপন-কৃ, বাস-কৃ, শীত-কাটা।

Digitized by Google

Hyemation, *n. s.* শীত কাটাইবার স্থান, শীত কাল যাপনের স্থান, শীতকালের বাসোপযুক্ত স্থান, শিশির কাল ক্ষেপণের স্থান।

Hyen বা **Hyena**, *n. s.* Lat. Gr. নেকড়িয়া ব্যাঘ্র তুল্য জন্তুবিশেষ, যাহার স্বর মনুষ্যের ন্যায় এমত উপন্যাসে কথিত আছে।

Hygrometer, *n. s.* Gr. জল বা রস পরিমাপক যন্ত্রবিশেষ।

Hygroscope, *n. s.* Gr. যন্ত্রবিশেষ, যদ্দ্বারা বস্তুর জল রস বা স্নিগ্ধত্ব এবং শুষ্কত্ব জানা যায়, ও তত্তৎ পদার্থের পরিমাণ পৃথক্ অনুমান করা যায়।

Hygroscopick, *a.* জল সম্পর্কীয়, জলীয়, জলের ন্যায়, জলবৎ, জলের ধর্ম্মবিশিষ্ট বা তদর্থের ভাব আছে যাহাতে, জলধর্ম্মশালী।

Hylarchical, *a.* Gr. জলাধিপতি, জল বা পার্থিবাংশব্যাপক।

Hylozoick, *n. s.* পূর্ব্বকালের নাস্তিকবিশেষ, যাহারদিগের মতে জগতে যত স্থাবর জঙ্গমাদি বস্তু আছে সকলি প্রাণী ও ত্বাচ প্রত্যক্ষাদি গুণবিশিষ্ট।

Hymen, *n. s.* Gr. প্রজাপতি, বিবাহের অধিষ্ঠাত্রী দেবতা, কুমারী স্ত্রী লোকের শরীরাঙ্গ বা জালবৎত্বকবিশেষ, যদ্দ্বারা কুমারিকা বস্থা বা ধর্ম্ম জানা যায়, পুষ্পের সূক্ষ্ম ছাল বা পর্দা।

Hymeneal বা **Hymenean**, *n. s.* Gr. বিবাহসম্বন্ধীয় কবিতা গীত বা গান, বিবাহের গান, মঙ্গল গীত।

Hymeneal বা **Hymenean**, *a.* বিবাহসম্পর্কীয়, উদ্বাহবিষয়ক, পাণিগ্রহণীয়।

Hymn, *n. s.* Gr. স্তুতিগান, ধর্ম্মগান, স্তব, স্তুতি, স্তোত্র, স্তুতিবাদ, সংকীর্ত্তন, মাহাত্ম্য কথন, গীত, ধন্যবাদ, গান, পরমগীত।

To **Hymn**, *v. a.* Gr. স্তুতি-কৃ, স্তব-কৃ, গীতদ্বারা প্রশংসা বা স্তব-কৃ, সংগীতদ্বারা অর্চ্চনা-কৃ, স্তবগান-কৃ, ধন্যবাদ-কৃ, ধর্ম্মগান-কৃ, স্তুতিগান-কৃ।

To **Hymn**, *v. n.* স্তবপাঠ-কৃ, স্তব-পঠ, স্তোত্র-পাঠ-কৃ, স্তব-গাথ, সংকীর্ত্তন-কৃ।

Hymnick, *a.* স্তব বা সংকীর্ত্তনসম্পর্কীয় বা তৎসম্বন্ধীয়, স্তববিষয়ক, প্রশংসাবিষয়ক।

Hymnology, *n. s.* Gr. স্তবমালা, স্তুতিবাদ, স্তব বা স্তোত্রের গ্রন্থ বা পুস্তক।

To **Hyp**, *v. a.* ভাবিত-কৃ, উদ্বিগ্ন-কৃ, বিষণ্ণ-কৃ, উদাস বা মশূণ-কৃ, নির্ভরসা-কৃ, কমহিম্মত-কৃ, অভরসান্বিত-কৃ, নিরুৎসাহ-কৃ, উৎসাহভঙ্গ-কৃ।

Hypallage, *n. s.* Gr. কারক, পরিবর্ত্তনকারি চিহ্ন বা লক্ষণ বিশেষ।

Hyper, Gr. শব্দরচনায় ব্যবহৃত সংজ্ঞাবিশেষ, আতিশয্য বা আধিক্য বুঝায়।

Hyper, *n. s.* অত্যুক্তি, যথার্থাতিক্রম, শব্দার্থাতিক্রম, অতিক্রম, আতিশয্য।

Hyperaspist, *n. s.* Gr. রক্ষাকর্ত্তা, রক্ষক, রক্ষা করে যে।

Hyperbaton, *n. s.* Lat. লিখনে অঙ্ক বা চিহ্নবিশেষ, ব্যাকরণের সামান্য রীতির বৈলক্ষণ্যসূচক চিহ্ন।

Hyperbola, *n. s.* ক্ষেত্র পরিমাণ শাস্ত্রের সংজ্ঞাবিশেষ।

Hyperbole, *n. s.* Gr. অলঙ্কারশাস্ত্রে লক্ষণবিশেষ, অত্যুক্তি, যথার্থ্যাতিক্রম, যথার্থোল্লঙ্ঘন, সত্যাতিরিক্ত কথা।

Hyperbolical বা **Hyperbolick**, *a.* Hyperbola, সংজ্ঞাসম্বন্ধীয় বা তৎবিষয়ক, অত্যুক্তিবিশিষ্ট, সত্যাতিক্রম, অত্যুক্তি আছে যাহাতে বা যাহার।

Hyperbolically, *ad.* অত্যুক্তিপূর্ব্বক, সত্যাতিরিক্ত বা অত্যুক্তিরূপে।

Hyperboliform, *a.* পূর্ব্বোক্তরূপ বা তদনুসারী।

Hyperbolist, *n. s.* অত্যুক্তি লেখক, সত্যাতিক্রম করিয়া লেখে বা কহে যে ব্যক্তি, অসত্যরচক, অসত্যকথক।

To **Hyperbolize**, *v. n.* সত্যাতিক্রম করিয়া -লিখ বা -কথ বা -বাড়া।

To **Hyperbolize**, *v. a.* বাড়াইয়া-লিখ বা কথ, একগুণে চতুর্গুণ করিয়া-লিখ বা কথ, সত্যাতিক্রম করিয়া-বচ বা-লিখ।

Hyperborean, *n. s.* Lat. উদীচ্য, উত্তরীয়, উত্তরদেশজ, উত্তর দিকস্থ, উত্তরদিক্সম্বন্ধীয়, উত্তরদিক্স্বামী।

Hypercatalectick, *a.* ছন্দ বা পরিমাণাতিরিক্ত কবিতা বা শ্লোকের বিশেষণবাচক, যাহার শেষে বা অন্তে ছন্দের চরণের অপেক্ষা এক কিম্বা দুই অক্ষর অধিক থাকে।

Hypercritick, *n. s.* অবিবেচক শোধক, দোষাদোষ বিচার করণে স্থৈর্য্য নাই যাহার।

Hypercritical, *a.* বিবেচনা বা দোষ গুণ বিচারে অতিক্রম করে যে, তৎসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Hyperdulia বা **Hyperduly**, *n. s.* কুমারী মারিয়া অর্থাৎ যিশুখ্রীষ্টের মাতার সম্বন্ধে মহাপূজা বা আরাধনাবিশেষ, Dulia শব্দ দেখ।

Hypericon, *n. s.* Lat. বৃক্ষবিশেষ।

Hypermeter, *n. s.* নিশ্চিত পরিমাণের অধিক যাহা, চলনের অতিরিক্ত বা বেশী যাহা, ঠিক ওজনহইতে বাড়া যাহা।

Hyperphysical, *a.* অদ্ভুত, অসাধারণ, অলৌকিক, অসহজ, অপ্রাকৃত, দৈবকৃত, স্বাভাবিক ধর্ম্ম বা শক্তির বাহির।

Hypersarcosis, *n. s.* আব বা উপমাংস বিশেষ, আঁচিল, মাংস বৃদ্ধি, স্বাভাবিক মাংসহইতে অধিক মাংস।

Hyphen, *n. s.* Gr. শব্দ বিভাগকারী অঙ্ক বা চিহ্নবিশেষ, বিচ্ছেদ সূচক চিহ্ন বা ক্ষুদ্রাকার, যথা (-)

Hypnotick, *n. s.* Gr. নিদ্রাজনক ঔষধবিশেষ।

Hypocaust, *n. s.* রোমান ও গ্রীক লোকেরদের স্নানাগার উত্তপ্ত করিবার মৃত্তিকার নীচে চুলা বা অগ্নির স্থান, উত্তপ্তস্থান, এক্ষণে যেখানে তুন্দর থাকে।

Hypochondres, *n. s.* Gr. শরীরাঙ্গবিশেষ, পঞ্জরের অগ্রভাগ, ও হৃদয়ের নিকটবর্ত্তিস্থান, কলিজা।

Hypochondria, *n. s.* বায়ুরোগবিশেষ, চিত্তোচ্চাটন, বিষণ্ণতা, উদ্বিগ্নতা, স্তব্ধতা, অনাহ্লাদ, মৌনভাব।

Hypochondriacal বা **Hypochondriack**, *a.* মলিন, বিষণ্ণ, ম্লান, তাপিত, শোকক্ষিপ্ত, বাতুল, শোক বিমর্ষ আহ্লাদ অনুশোচনার বা তাপজনক পূর্ব্বোক্ত বায়ুবিষয়ক বা তৎসম্বন্ধীয়।

Hypochondriack, *n. s.* তাপিত ব্যক্তি, শোকক্ষিপ্ত ব্যক্তি, বিষণ্ণ তাপ্রাপ্তব্যক্তি, তাপী, বিষণ্ণ, চিন্তিত, ভাবিত, উদ্বিগ্নমনাঃ, উদাস চিত্ত, পরিতাপযুক্ত, অনুতাপী।

Hypochondriacism, *n. s.* তাপ, শোক, উদ্বেগ, বিষণ্ণতা, উদ্বিগ্নতা, মনের চাঞ্চল্য উদ্বেগ ভাবনা বা ঔদাস্য, বায়ু রোগবিশেষ।

Hypochondriasis, *n. s.* বায়ুরোগবিশেষ।

Hypochondry, *n. s.* Hypochondres নামক প্রদেশ দ্বয়ের একদেশ।

Hypocist, *n. s.* Gr. গাছের আটা বা রসবিশেষ।

Hypocras, *n. s.* Hippocras শব্দ দেখ।

Hypocrisy, *n. s.* আচার ধর্ম্ম বা ব্যবহার বিষয়ে প্রতারণা বা ছদ্মবেশ, কাল্পনিকতা, ভণ্ডতা, কাপট্য, ঠেঁটামি, শাঠ্য, শঠতা, খলতা, বিটলামী, ভাক্তত্ব, মিথ্যা কাচ বা ভেক।

Hypocrite, *n. s.* Gr. ভণ্ডতপস্বী, কপটতপস্বী, কপটসন্ন্যাসী, ভক্ত

Digitized by Google

বিটল, ভাক্ত, ভণ্ড, প্রবঞ্চক, প্রতারক, মিথ্যা বেশ বা ভেকধারী, ছদ্মবেশিব্যক্তি।

Hypocritical বা **Hypocritick**, *a.* কাল্পনিক, পাষণ্ড, কপটী, প্রবঞ্চক, প্রতারক, ঠগ, মিথ্যা ভেক বা বেশধারী, ছদ্মবেশী বা তদ্বেশধারী, ভক্তবিটল, মিথ্যা ভেশধারী।

Hypocritically, *ad.* কাল্পনিকতারূপে, কপটতাপূর্ব্বক, ছল করিয়া, প্রতারণাপূর্ব্বক, ছদ্ম বেশে, ভণ্ডামিপূর্ব্বক, ভক্তবিটলমি পূর্ব্বক, ভণ্ড তপস্যাপূর্ব্বক।

Hypogastrick, *a.* Gr. তলপেটস্থ, তলপেটস্থিত, তলপেটে থাকে যাহা।

Hypogeum, *n. s.* Gr. এমারত বা কোটার মৃত্তিকার নীচে বা ভূমি তলস্থ নাম, প্রাচীন গৃহ নির্ম্মাণকর্ত্তারা মৃত্তিকার নীচে যেং ঘর বা গাঁথনি করিত তাহা এই সংজ্ঞাদ্বারা অর্থ করিত।

Hypostasis, *n. s.* Gr. নির্লিপ্ত বা পৃথক পদার্থ, একাত্মক ধর্ম্ম বিষয়ক শাস্ত্রে বিশেষণবাচক শব্দ, বৈদ্যক শাস্ত্রে মূত্রের তলানি বা শেষ ভাগকে বুঝায়।

Hypostatical, *a.* পৃথক, স্বয়ং, অন্যাপেক্ষাতে স্বতন্ত্র।

Hypostatically, *a.* স্বতন্ত্রতা বা স্বাতন্ত্র্যরূপে।

Hypotenuse, *n. s.* Gr. রেখাবিশেষ।

To **Hypothecate**, *v. a.* Lat. বন্ধক-রাখ, বাঁধা-রাখ বা-দা, বোধ-রাখ।

Hypothesis, *n. s.* Gr. অনুমান, অনুভব, আনুমানিক শাস্ত্র, অনুমানসিদ্ধ কোন মত বা শাস্ত্র, যাহার মূল পদার্থ যথার্থ নির্ণয় হয় নাই।

Hypothetical বা **Hypothetick**, *a.* অনুমানসিদ্ধ, অনুভবসিদ্ধ, আনুমানিক, অনুভব্য।

Hypothetically, *ad.* অনুমান বা অনুভবপূর্ব্বক, উপলব্ধিপূর্ব্বক।

Hyrse, *n. s.* Germ. শস্যবিশেষ, একপ্রকার বাজরা।

Hyrst বা **Hurst** বা **Herst**, Sax. বিপিন, বন, কানন, কুঞ্জ, ঝোপ।

Hyssop, *n. s.* Fr. বৃক্ষবিশেষ।

Hysterical বা **Hysterick**, *a.* Gr. মূর্চ্ছারোগবিশিষ্ট, গর্ভ রোগ বিশিষ্ট বা তৎসম্বন্ধীয়।

Hystericks, *n. s.* স্ত্রীলোকেরদিগের রোগবিশেষ, গর্ভে রোগ জাত উপসর্গ।

Hysteron-Proteron, *n. s.* Gr. অলঙ্কার শাস্ত্রে সংজ্ঞাবিশেষ, প্রথম কৃত বিষয় শেষে কহিলে এশব্দ প্রয়োগ হয় জানিবে।

Hythe, *n. s.* বন্দর, ঘাট, Hithe শব্দ দেখ।

I.

I, বর্ণমালার নবমাক্ষর, ইংরাজীতে এ বর্ণকে স্বর ও ব্যঞ্জন উভয় বলা যায়, কিন্তু ইহার আকার ও উচ্চারণের ভেদপ্রযুক্ত পৃথক্ রূপে দুই বর্ণ গণ্য করা গিয়াছে. I স্বর হইলে ইহার উচ্চারণ হ্রস্ব এবং দীর্ঘ হয়, যথা *Fine, Thine* আর *Fin, Thin*, E সহিত যুক্ত হইলে দ্বিস্বর হয়, যথা *Field, Yield*, A কিম্বা E পরে যোগ হইলে দীর্ঘ উচ্চারণ হয়, যথা *Fail, Neigh*. O সহিত যোগ করিলে উভয়ধর্ম্মক উচ্চারণ হয়, যথা *Oil, Coin*. i e, লাতিন ভাষায় id est শব্দের সঙ্কেতার্থে ব্যবহার হয়, তাহাতে বিশেষতঃ বুঝায়। I ব্যঞ্জন হইলে জ বৎ উচ্চারণ হয়, ইহার বিশেষ স্বর বর্ণাত্মক শব্দ সমাপনানন্তরে লিখিব।

I, Goth. Sax. অস্মদ্ কর্ত্তৃবাচ্যে একবচনান্ত সর্ব্বনাম শব্দ, আমি অহং, এ শব্দ কখন *Ay* বা *Yes* অর্থে ব্যবহার হয়, আর সংখ্যার্থে এক বুঝায়।

Iambick, *n. s.* Lat. এক লঘু এক গুরু অথবা পঞ্চ চামর ছন্দো বিশিষ্ট শ্লোক বা কবিতা।

Iambick, *a.* পূর্ব্বোক্ত ছন্দে রচিত।

Iatroleptick, *a.* Gr. ঔষধ গুণবাচক, লেপনদ্বারা শান্তি করে যে ঔষধি বা তচ্ছক্তি আছে যাহার বা যাহাতে।

Ibis, *n. s.* মিসর দেশের পক্ষিবিশেষ।

Ice, *n. s.* Sax. বরফ, তুষার, পালা, জল বা অন্য কোন দ্রব দ্রব্যের জমাট, জমাট জল, মিছরিবিশেষ, *To make the* Ice, আরব্ধ-কৃ, কোন কর্ম্মে চেষ্টার্থে প্রবৃত্ত-হ।

To **Ice**, *v. a.* তুষার বা বরফে-ঢাক বা তদাবৃত-কৃ, বরফ-ফেল তুল-কৃ বা -জন্মা, জমাট-কৃ, কন্দ-কৃ, জমাট চিনিদ্বারা-ঢাক, চিনি-মাখা, বরফ ন্যায় ঘন-কৃ, হিম বা শীতলত্বপ্রযুক্ত তাল-বান্ধ, জমিয়া-যা।

Icebuilt, *a.* বরফের রাশি বা ঢেরীকৃত, বরফবদাকার স্তূপ বা ঢেরী।

Icehouse, *n. s.* বরফের গুদাম, গ্রীষ্মকালে গলিয়া না যায় এত দর্থে বরফ রাখা যায় যে ঘরে।

Icelander, *n. s.* দ্বীপস্থ, দ্বীপবাসী, দ্বীপের মানুষ।

Ichneumon, *n. s.* Gr. ক্ষুদ্র জন্তুবিশেষ, একপ্রকার বেজী, নকুল, নেউল।

Ichneumonfly, *n. s.* একপ্রকার কীট বা পোকা।

Ichnographical, *a.* চিত্রবিষয়ক, একপ্রকার চিত্রের পাণ্ডুলেখ করণ বিদ্যাসম্বন্ধীয়।

Ichnography, *n. s.* Gr. চিত্রবিদ্যা, চিত্রকরণের ঢাঁচা বা পাণ্ডুলেখ।

Ichor, *n. s.* Gr. ক্লেদ, কলতানি, রসানি, কষাণি, জল।

Ichorous, *a.* সরস, কসানি রস রসানি বা কলতানিবিশিষ্ট বা তদ্বৎ।

Ichthyology, *n. s.* Gr. মৎস্যবিদ্যা, মৎস্যের জাতি লক্ষণ ধর্ম্ম বা গুণবিষয়ক বিদ্যা বা তচ্ছাস্ত্র।

Ichthyophagy, *n. s.* Gr. মৎস্যের ভক্ষ্য বা আহার বা আধার, মৎস্যব্যবহার, মৎস্যাহার, মৎস্য ভোজন।

Digitized by Google

Icicle, *n. s.* জলের বা শিশিরের ফোঁটা বা বিন্দু, পতনশীল বা পতনোন্মুখ জলবিন্দু, শিশিরকণাবিশেষ।

Iciness, *n. s.* হিমজনকতা, বরফ জন্মান বা উৎপাদন অবস্থা।

Icing, *n. s.* চিনির রস মাখান বা তদাবরণ, চিনির কন্দে আবৃত বস্তু বা তদ্ভাব।

Ickle, *n. s.* উত্তর ইংগ্লণ্ডদেশে বরফের বিন্দু।

Icon, *n. s.* Gr. ছবি, প্রতিমূর্ত্তি, আকার, নক্সা।

Iconoclast, *n. s.* Gr. প্রতিমাভঞ্জক, প্রতিমা ভাঙ্গুন্যা, প্রতিমা বা দেবমূর্ত্তি ভাঙ্গে বা নষ্ট করে যে ব্যক্তি, কালাপাড় অথবা হোমা উবাদশাহ।

Iconoclastick, *a.* পূর্ব্বোক্ত ব্যক্তির বিশেষণবাচক শব্দ।

Iconography, *n. s.* Gr. পূর্ব্বকালের প্রতিমা মূর্ত্তি ছবি বা মন্দিরাদির বিবরণ ব্যাখ্যা বা বর্ণনা।

Iconolater, *n. s.* Gr. পৌত্তলিক, দেব প্রতিমূর্ত্তিমাননপূর্ব্বক সাকারবাদী বা তদর্চ্চক, দেবপূজক, রোমি লোকের উপাধিবিশেষ।

Iconology, *n. s.* Gr. প্রতিমা বা মূর্ত্তি লিখন, তদর্চ্চন বা মাননের শাস্ত্র বা তৎপ্রকরণ।

Icterical, *n. s.* Lat. পাণ্ডুরোগগ্রস্ত, পাণ্ডুরোগি ব্যক্তি, পাণ্ডুরোগে পীড়িত ব্যক্তি, তদ্রোগের উপকারক বস্তু।

Icthyology, Ichthyology শব্দ দেখ।

Icy, *a.* বরফে পূর্ণ, বরফ বা পালাময়, তুষারময়, বরফযুক্ত, ঠাণ্ডা, হিম, বরফে বা পালায় জাত বা তদুৎপন্ন, জমা, মসৃণ, নিরুৎসুক, রাগহীন, পরাঙ্মুখ, পশ্চাদ্গামী।

Icy-pearled, *a.* বরফ বিন্দুর ন্যায় শোভিত, বরফ বিন্দুর ন্যায় মুক্তায় জড়িত বা গ্রথিত।

I'd, *I would,* এতৎ পদের সংক্ষেপবাচক বাক্য বা লিখন।

Idea, *n. s.* Gr. ধ্যান, বিবেচনা, অনুমান, জ্ঞানবিশেষ, মনের মধ্যে হয় যে সংস্কার মত বোধ বা জ্ঞান, ধী, বুদ্ধি, প্রতিভা, উদ্দাম, চেতন।

Ideal, *a.* মনোজ, জ্ঞানজ, মানস, মানসিক, চিত্তোদ্ভূত, আনুমানিক, মনেতে উৎপন্ন উদ্ভাত বা উপস্থিত, ইন্দ্রিয়াতিরিক্ত।

To **Idealize,** *v. n.* মনে রচনা-কৃ, মনের মধ্যে কোন সংস্কার বা বিবেচনা-কৃ।

Ideally, *ad.* অনুমানপূর্ব্বক, জ্ঞানপূর্ব্বক, মানসপূর্ব্বক।

To **Ideate,** *v. a.* মনে বিবেচনা-কৃ, অনুমান-কৃ।

Identical বা **Identick,** *a.* Fr. তদেব, সোপি, অনন্যস্বরূপ, তুল্য, অভেদ, অনন্য, একই, তাহাই, সেই, তৎ।

Identically, *ad.* তুল্যত্বরূপে, স্বরূপত্বরূপে, অনন্যত্বরূপে।

Identicalness, *n. s.* সারূপ্য, সরূপত্ব, অভেদ, একত্ব, অভিন্নত্ব, অনন্যতা, আত্মতা, স্বীয়তা, তাদাত্ম্য।

Identification, *n. s.* সারূপ্যের প্রমাণ, সরূপত্ব, অভেদত্ব, ঠিক বা যথার্থ জন্মান বা উৎপাদন, স্বরূপকরণ, অভিন্নকরণ।

To **Identify,** *v. a.* স্বরূপ-কৃ, অনন্য বা তুল্য-কৃ, অভেদ-কৃ, এই যে তাহা ইহা জান।

Identity, *n. s.* Fr. সারূপ্য, সরূপতা, অভেদত্ব, অন্যপ্রকাররাহিত্য, অনন্যতা, আত্মতা, স্বীয়তা, তাদাত্ম্য।

Ides, *n. s.* Lat. রোমানেরদিগের কাল গণনাশাস্ত্রে বা পঞ্জিকাতে মাসের দিনবিশেষ, মার্চ মে জুলাই ও আক্টোবর মাসব্যতিরিক্ত প্রত্যেক মাসের ত্রয়োদশ দিবস, আর এই চারি মাসের পঞ্চদশ দিবসও বুঝায়।

Idiocrasy, *n. s.* স্বভাব বা ধাতু বা মেজাজের ভাব বা অবস্থা বিশেষ।

Idiocratical, *a.* স্বভাব ধাতু বা মেজাজ বিশেষের যোগ্য বা উপযুক্ত।

Idiocy, *n. s.* মেধাভাব, বোধাভাব বা তদ্রাহিত্য, পাগলামী।

Idiom, *n. s.* Gr. ভাষার ধারা বা মত, ভাষার পদ্য, কোন ভাষা কহিবার তদ্দেশানুযায়ি চলন বা রীতি, বাক্যের রীতি, মহাবরা।

Idiomatical বা **Idiomatick,** *a.* কোন ভাষা বা কথার চলন রীতি বা ব্যবহারানুযায়ী।

Idiopathy, *n. s.* Gr. রোগের আদিকারণ, স্বয়ং জাত রোগ বা ব্যাধি, শরীরের বিশেষ ভাব বোধ বা কর্ম্ম।

Idiosyncrasy, *n. s.* Gr. শরীরের বিশেষ ভাব বা ধর্ম্ম, শারীরিক অসাধারণ ধর্ম্ম।

Idiot, *n. s.* Gr. নির্ব্বোধ, অবোধ, নির্ব্বুদ্ধি, অজ্ঞান, হতজ্ঞান, জড়, বিবেচনাক্ষম, ভাল মন্দ বুঝে না যে ব্যক্তি, উন্মত্ত, পাগল, ক্ষেপা, হাবুগেলা, জড়ভরত, মনুষ্যাকার পশুবৎ।

Idiotical বা **Idiotick,** *a.* খোলাসা, নির্ব্বোধ, বেঅকুপ, জ্ঞান বিবেচনা বা বোধরহিত, কিছুই জানে না যে, বিষয়জ্ঞানরহিত।

Idiotcy, Idiocy শব্দ দেখ।

Idiotism, *n. s.* Gr. কোন দেশের ভাষা বা কথা কহিবার বা উচ্চারণের বিশেষ ধারা বা রীতি, হতজ্ঞান, স্বাভাবিক জ্ঞানাভাব, বিবেচনা বা বোধের অভাব বা রাহিত্য, উন্মত্ততা, পাগলামী, নির্ব্বোধতা।

To **Idiotize,** *v. n.* নির্ব্বোধ বা হতবুদ্ধি-হ।

Idle, *a.* Sax. অলস, কুড়্যা, সুস্থি, মন্দ, বেকার, নিষ্কর্ম্মা, কর্ম্ম করিতে প্রবৃত্তি নাই যাহার, অবকাশ বা অবসর আছে যাহার বা করে যে, অকর্ম্মণ্য, বৃথা, অনর্থক, নির্গুণ, অকেযুয়া, অফলদায়ক, নিষ্ফল, লাভ উপকার বা ভাল নাই বা জন্মে না যাহাতে, সামান্য, তুচ্ছ, মিথ্যা, অপ্রমাণক, মান্যতা বা প্রাধান্যরহিত।

To **Idle,** *v. n.* আলস্য বা নিষ্কর্ম্মে কালক্ষেপ-হ, অলস-হ, আলস্যে কাল যাপন-কৃ, খেলাতে কালক্ষেপ-কৃ, আলস্যেতে কাল হরণ-কৃ।

To **Idle,** *v. a.* বৃথা কালক্ষেপ-কৃ, মিথ্যা কাল-কাট, বৃথা অনর্থক বা বিনা লোভ বা উপকারে কাল ব্যয় নষ্ট বা ক্ষয়-কৃ।

Idleheaded, *a.* নির্ব্বোধ, অবিবেচক, উন্মত্ত, ক্ষেপা, ক্ষিপ্ত, পাগল, জ্ঞানরহিত।

Idlely, *ad.* Sax. Idly শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

Idleness, *n. s.* Sax. আলস্য, কুড়েমি, অকর্ম্মশীলতা, জড়তা, দীর্ঘসূত্রিতা, কর্ম্ম করিতে ঢিলামি, অপ্রতিভতা, অনুদ্যোগ, নিষ্কর্ম্ম, কর্ম্মরাহিত্য বা ত্যাগ, বৃথা কর্ম্ম নাই যাহাতে তদ্ভাব বা তদবস্থা, অপ্রাধান্য, সামান্যত্ব, ছেপলামি, গুণরাহিত্য, নির্গুণত্ব, অপ্রয়োজনার্হত্ব, অফলদায়কত্ব, মূল্য গুণ বা উপকার নাই যাহাতে তদ্ভাব, অবিবেচনা, বিবেচনার অভাব।

Idlepated, *a.* মূর্খ, জড়, অজ্ঞান, হতজ্ঞান, নির্ব্বোধ, অলসমনাঃ।

Idler, *n. s.* অলস ব্যক্তি, সুস্থি ব্যক্তি, জড় সুস্থি বা কুড়ে লোক, দীর্ঘসূত্রী।

Idlesby, *n. s.* অকর্ম্মা বা নিষ্কর্ম্মা ব্যক্তি।

Idly, *ad.* আলস্য গাফিলি বা অনবধানপূর্ব্বক, বিনা কর্ম্মে, পাগলামি অবিবেচনা অজ্ঞান বা জড়তারূপে, সামান্য ছেপলামী বা মূর্খতারূপে, অমনোযোগ বা গাফিলিপূর্ব্বক, বৃথা অনর্থক বা বিফলরূপে।

Idol, *n. s.* Lat. দেবমূর্ত্তি, বিগ্রহ, প্রতিমা, ঠাকুর, পুত্তলিকা, দেবপ্রতিমা।

Idolater, *n. s.* Lat. দেবপূজক, প্রতিমাপূজক, দেবোপাসক, সা

Digitized by Google

কার বা প্রতিমাসেবী, পুত্তলিকার্চ্চক, সাকার বিগ্রহ বা ঠাকুরপূজা করে বা মানে যে, বিগ্রহাদি পূজা মান্য ভক্তি বা সেবা করে যে।

Idolatress, *n. s.* পূর্ব্বোক্ত শব্দের স্ত্রীলিঙ্গবাচক, পৌত্তলিকা সেবিনী।

Idolatrical, *a.* প্রতিমাপূজাসূচক বা প্রয়োজক।

To **Idolatrize**, *v. a.* প্রতিমাপূজা-কৃ, বিগ্রহমূর্ত্তি তৎপূজা-কৃ, অর্চ্চনা-কৃ, মান্য বা ভক্তি-কৃ।

To **Idolatrize**, *v. n.* পৌত্তলিকের মতে পূজা-হ, প্রতিমার্চ্চনা-হ, দেবার্চ্চনা-কৃ বা তদনুসারে উপাসনা বা সেবা-কৃ।

Idolatrous, *a.* দেবার্চ্চক, প্রতিমাপূজক, প্রতিমা পূজারিশিষ্ট, বিগ্রহপূজার মত, পৌত্তলিক, সাকারবাদী বা তৎসূচক।

Idolatrously, *ad.* বিগ্রহপূজার ন্যায় বা তৎপূর্ব্বক।

Idolatry, *n. s.* Lat. বিগ্রহপূজা, দেবপূজা, দেবার্চ্চনা, প্রতিমা পূজা, দেবমূর্ত্তি সেবা বা আরাধনা।

Idolish, *a.* Idolatrous শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

Idolism, *n. s.* বিগ্রহ প্রতিমা বা পুত্তলিকার পূজা বা সেবা, সাকারবাদ রক্ষা বা প্রতিপালন।

Idolist, *n. s.* বিগ্রহপূজক, সাকার সেবার গ্রন্থবিশেষ।

To **Idolize**, *v. a.* বিগ্রহ বা সাকার পূজকন্যায় অর্চ্চনা বা আরাধনা-কৃ, স্নেহ ভক্তি বা শ্রদ্ধা-কৃ, দেবতার ন্যায় ভক্তি-কৃ।

Idolizer, *n. s.* পূজা ভাল বাসে বা মান্য করে যে।

Idolous, *a.* Idolatrous শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

Idoneous, *a.* Lat. উপযুক্ত, যোগ্য, মতমত, তুল্য।

Idyl, *n. s.* Gr. ক্ষুদ্র কবিতাবিশেষ।

I. E. id est শব্দের সংক্ষেপার্থ, সেই, অর্থাৎ, ইত্যাদি বুঝায়।

If, *conj.* Sax. যদি, যদ্যপিস্যাৎ যদিতু, যদ্যপি, চেত্, যদিস্যাৎ।

I'faith, *ad.* যথার্থ, হাঁ, বটেবটে, সত্য, প্রকৃত, ঠিক।

Ignaro, *n. s.* Lat. পূর্ব্বকালে ব্যবহৃত শব্দবিশেষ, মূর্খ বা অবোধ বুঝায়।

Igneous, *a.* Lat. অগ্নিময়,অগ্নি নির্গমনশীল, আগ্নেয়, অগ্নিতুল্য, অগ্নিযুক্ত, অগ্নি নির্গতকারী।

To **Ignify**, *v. a.* Lat. অগ্নিবৎ-কৃ, অগ্নি-জ্বলা, অগ্নি-কৃ।

Ignifluous, *a.* Lat. অগ্নি নির্গমনকারী, অগ্নি জ্বলে বা ভাসে যাহাতে বা যাহার উপর।

Ignipotent, *a.* Lat. অগ্নির অধিষ্ঠাতা, অগ্নিবাসী, অগ্নিস্থ, অগ্নির উপর থাকে যে।

Ignis fatuus, *n. s.* Lat. অগ্নিবদাকার, অগ্নিবিশিষ্ট দ্রব্যধারি বস্তু, আলায়াবিশেষ, মিথ্যা আলো।

To **Ignite**, *v. a.* Lat. অগ্নি-জ্বাল, অগ্নি-ধরা বা-লাগা, অগ্নি-দা, জ্বালা, উত্তপ্ত-কৃ,।

To **Ignite**, *v. n.* অগ্নিবৎ-হ, অগ্নির ন্যায় রক্তবর্ণ-হ।

Ignition, *n. s.* অগ্নি জ্বালান লাগান ধরাণ বা তাহার উপর রাখণ বা ধরণ, অগ্নিসংযোগকরণ।

Ignitible, *a.* জ্বালানযোগ্য, জ্বলনশীল, অগ্নি লাগাইবার যোগ্য, জ্বলনীয়, দহ্য।

Ignivomous, *a.* Lat. অগ্নি উৎপাদক বা নির্গমনকারক, অগ্নি উৎক্ষেপক।

Ignobility, *n. s.* অপকৃষ্টতা, ক্ষুদ্রত্ব, নীচত্ব, অসম্ভ্রম, মহত্ত্ব প্রাধান্য বা শ্রেষ্ঠত্বের অভাব বা তদ্ধীনতা, অধমত্ব, জঘন্যত্ব।

Ignoble, *a.* Lat. অধম, নীচ, জঘন্য, ইতর, তুচ্ছ, ক্ষুদ্র, ছোট বা সামান্য জাতিতে বংশে বা কুলে জাত যে, সম্মান সম্ভ্রম বা মর্য্যাদার অযোগ্য, অকুলীন, নীচজাত, ইতরজ, পাজি।

Ignobleness, *n. s.* প্রাধান্য শ্রেষ্ঠত্ব উত্তমতা মর্য্যাদা বা সম্ভ্রমের অভাব বা হীনতা।

Ignobly, *ad.* হেয় তুচ্ছ সামান্য বা ক্ষুদ্রত্বরূপে, অপমান অসম্ভ্রম বা দুর্নামপূর্ব্বক, নীচত্বরূপে, তুচ্ছত্বরূপে, হেয়ত্বরূপে।

Ignominious, *a.* কদর্য্য, কুৎসিত, লজ্জাকর, লজ্জাজনক, অপমানজনক, নীচ, ক্ষুদ্র, হেয়, তুচ্ছ, সামান্য, জঘন্য।

Ignominiously, *ad.* ক্ষুদ্রত্ব নীচত্ব বা জঘন্যত্বরূপে, লজ্জাকর বা অপমানকরত্বরূপে, নিন্দাপূর্ব্বক, লজ্জাজনকত্বরূপে, নীচত্বপূর্ব্বক।

Ignominy, *n. s.* Lat. অপমান, অমর্য্যাদা, অসম্ভ্রম, দুর্নাম, লজ্জা, ক্ষুদ্রত্ব, নীচত্ব, ত্রপা, কলঙ্ক, বদনাম।

Ignomy, *n. s.* পূর্ব্বোক্ত শব্দের সংক্ষেপ লিখন, তৎশব্দের অর্থবৎ জানিবে।

Ignoramus, *n. s.* Lat. আদালতের সংজ্ঞাবিশেষ, নির্ব্বোধ বা বাচাল ব্যক্তি, গূঢ়াভিমানী।

Ignorance, *n. s.* তমস্, অজ্ঞানতা, অজ্ঞানিত্ব, অনভিজ্ঞতা, সংস্কারাভাব, অবোধতা, অজ্ঞতা, জ্ঞানাভাব, অবৈচক্ষণ্য, আভা বা দৃশ্যেতে জানা যায় বা প্রকাশ হয় যাহা, মূর্খতা, অবিজ্ঞতা।

Ignorant, *a.* Lat. অজ্ঞান, মূর্খ, অজ্ঞ, বোকা, অনভিজ্ঞ, অবিজ্ঞ, অপঠিত, অবিদিত, অজানত, অপণ্ডিত, অবোধ, আনাড়ী, অকর্ম্মা, অকর্ম্মণ্য, অযোগ্য, অনুপযুক্ত, উমি, কাঁচা, আহাম্মক, বে অকুপ, মূঢ়।

Ignorant, *n. s.* অপণ্ডিত অপঠিত বা অজ্ঞাত ব্যক্তি।

Ignorantly, *ad.* মূর্খতা অজ্ঞতা অপাণ্ডিত্য বা অনভিজ্ঞতাপূর্ব্বক, না জানিয়া, না বুঝিয়া, না বিবেচনা করিয়া, আনাড়িরূপে, অজ্ঞানপূর্ব্বক, মূর্খতা বা মূঢ়তারূপে।

To **Ignore**, *v. a.* Lat. অজ্ঞ বা অজ্ঞাত-কৃ বা-হ, বোধ বা সংস্কার না-জন্মা, না-জানা।

Ignoscible, *a.* Lat. ক্ষমাযোগ্য, অপরাধ মার্জনার্হ বা তদ্যোগ্য।

Ignote, *a.* Lat. অজানত, অজ্ঞাত, অবিদিত।

Ile, *n. s.* Fr. কোন সাধারণ বা প্রসিদ্ধ প্রাসাদ বা দেবালয়ের মধ্যের পথ বা রাস্তা।

Ile, *n. s.* ধান্যাদি শস্যের শীষ বা শুঁয়া।

Ileus, *n. s.* Lat. নাড়ীর সংযোগবিশেষ।

Ilex, *n. s.* Lat. বৃহৎ বৃক্ষবিশেষ।

Iliack, *a.* Lat. অন্তর বা উদরের অধোভাগসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Iliack *Passion*, শূলব্যাধিবিশেষ।

Ilk, *a.* Sax. স্কটলণ্ডদেশে ব্যবহৃত সেই একই সেইপ্রকার প্রত্যেক বা একং বুঝায়।

Ill, *a.* মন্দ, বিরুদ্ধ, কদর্য্য, দুষ্ট, নিন্দা গর্হা বা অপ্রশংসাবিষয়ক, অশুদ্ধ, রোগী, পীড়িত, সঙ্কটাপন্ন, আতুর, অসুস্থ, এতদ্ভিন্ন Evil শব্দ দেখ।

Ill, *n. s.* দুষ্টতা, ভ্রষ্টতা, বিরুদ্ধতা, মূঢ়তা, অভাগ্য, দুঃখ, ক্লেশ, দোষ, হানি, আপদ, বালাই, উৎপাত, বিভ্রাট, দুর্দশা, অধর্ম্ম, অনাচার।

Ill, *ad.* মন্দত্বরূপে, দুষ্টতাপূর্ব্বক, কোনরূপে যথার্থ নহে, অযাথার্থ্যরূপে, ক্লেশে, দুঃখে, উৎপাতে, আয়াসে, অস্বচ্ছন্দে।

Ill, সংজ্ঞাবাচক ও ক্রিয়ার বিশেষণবাচক শব্দে যোগ করিলে স্বং অর্থ পৃথক্ এবং যৌগিক অর্থ করে।

Il, নঞর্থক অব্যয় অথবা প্রত্যয়বিশেষ, L আদি শব্দেতে in পরিবর্ত্তে ব্যবহার হয়।

Illacerable, *a.* Lat. অচ্ছেদ্য, অচ্ছেদনীয়।

Digitized by Google

Illacrymable, *a.* Lat. ক্রন্দনাক্ষম, রোদন করিতে পারে না যে।

Illapse, *n. s.* Lat. ক্রমে গমনাগমন, ক্রমে প্রবেশ কিম্বা নিবেশ, অকস্মাৎ আক্রমণ, হঠাৎ বা অনিশ্চিত আগমন প্রকাশ বা উপস্থিতহওন।

To **Illaqueate**, *v. a.* Lat. ফাঁদে-ফেল বা নিক্ষেপ-কৃ, জালে বদ্ধ-কৃ, আটক-কৃ, বদ্ধ-কৃ, জড়া, জড়িতে-ফেল, জড়ি-লাগা।

Illaqueation, *n. s.* ফাঁদে ফেলন ধরণ বা আটককরণ, জালে বদ্ধ করণ, জাল, ফাঁদ, আটক, ধরা যায় যাহাতে বা যদ্দ্বারা তদ্বস্তু।

Illation, *n. s.* Lat. অনুমান, অনুভব, বিবেচনান্তর স্থির বা নিশ্চয় করণ, ভাবগ্রহণ, ভাবার্থ, অনুমিতি।

Illative, *a.* Lat. ভাবার্থক, অনুমান বা নিশ্চয়করণবিষয়ক।

Illative, *n. s.* অনুমান বা নিশ্চয়প্রয়োজক বা উদ্বোধক, অনুমিতি।

Illatively, *ad.* অনুমিতিপূর্ব্বক, ভাবার্থ লইয়া বা তৎপূর্ব্বক, বিবেচনা করিয়া, ভাবার্থকতা অনুমিতি বা নিশ্চয়পূর্ব্বক।

Illaudable, *a.* Lat. অপ্রশংসনীয়, অনুরাগ বা প্রশংসার অযোগ্য।

Illaudably, *ad.* অযোগ্যতারূপে, অপ্রশংসনীয়ত্বরূপে, অনর্হত্বরূপে।

Illegal, *a.* Lat. অশাস্ত্রিক, অশাস্ত্রীয়, নিষিদ্ধ, অশাস্ত্র, অব্যবস্থা, নিয়ম ধারা বা শাস্ত্রবিপরীত, বেআইন, অযথার্থ, অবৈধ, অবিধি, শাস্ত্রবিপরীত।

Illegality, *n. s.* ব্যবস্থার বিরুদ্ধত্ব, অযাথার্থ্য, অশাস্ত্রার্থ, অবৈধতা।

To **Illegalize**, *v. a.* অশাস্ত্র-কৃ, ব্যবস্থার বিরুদ্ধ-কৃ বা জন্মা।

Illegally, *ad.* ব্যবস্থার বিরুদ্ধতারূপে, বেআইনে, অযাথার্থ্যরূপে, অবৈধরূপে, অশাস্ত্রপূর্ব্বক, শাস্ত্রের বৈপরীত্যে।

Illegalness, *n. s.* শাস্ত্র বা ব্যবস্থার বিরুদ্ধতার অবস্থা বা ভাব।

Illegibility, *n. s.* পাঠের অযোগ্যত্ব, পড়া যায় না যাহা তদবস্থা বা তদ্ভাব।

Illegible, *a.* Lat. কদক্ষর বা অস্পষ্ট লিখনের বিশেষণবাচক, অস্পষ্ট, অপাঠ্য, জাবড়া, পড়া যায় না যাহা।

Illegibly, *ad.* অস্পষ্টে, পড়া যায় না এমতরূপে, জাবড়া বা অস্পষ্টরূপে, জড়ান্যা বা কদক্ষরপূর্ব্বক।

Illegitimacy, *n. s.* জন্মের বৈলক্ষণ্য, বিজন্ম, জারজত্ব।

Illegitimate, *a.* Lat. জারজ, বিজন্মা, গোলক, কুণ্ড, কৃষ্ণপক্ষজ, কৃষ্ণপক্ষীয়, উপস্ত্রীর সন্তান, অনভিজাত, বিবাহিতা স্ত্রীতে জাত নহে যে, অযথার্থ, ঝুটা, কৃত্রিম।

To **Illegitimate**, *v. a.* বিজন্মা-কৃ, কুণ্ড বা জারজ-কৃ বা তদ্ধর্ম্মপ্রাপ্ত-কৃ, জারজত্ব বা তদবস্থা বা তদ্ভাব প্রমাণ-কৃ।

Illegitimately, *ad.* বিবাহিতা স্ত্রীতে জাত নহে যে তাহার অবস্থা ভাব বা ধর্ম্মপূর্ব্বক, জারজত্বরূপে, জন্মের বৈলক্ষণ্যরূপে।

Illegitimation, *n. s.* পূর্ব্বোক্ত ব্যক্তির অবস্থা ভাব বা ধর্ম্ম, জারজত্ব, উপস্ত্রীহইতে জননাবস্থা, অযাথার্থ্য।

Illeviable, *a.* Fr. অনপহার্য্য, অনপহরণীয়, লওয়া যায় না যাহা, অপহরণ বা জোরে গ্রহণ করা যায় না যাহা, মকরর করা যায় না যাহা।

Illfaced, *a.* অসুন্দর মুখ, কদর্য্য বা কুৎসিত মুখ বা রূপ যাহার, কুৎসিত।

Illfavoured, *a.* অঙ্গহীন, কুরূপ, কদাকার, কুৎসিতরূপ, কুৎসিত, বেঢপ।

Illfavouredly, *ad.* কদাকার কৌরূপ্য বা কুৎসিতরূপে, অসুন্দরতা বা অপারিপাট্যরূপে, অঙ্গহীনতাপূর্ব্বক।

Illfavouredness, *n. s.* কদর্য্যত্ব, কৌরূপ্য, অঙ্গহীনতা।

Illiberal, *a.* Lat. অপ্রধান, অবিজ্ঞ, অপণ্ডিত, অবিচক্ষণ, অদাতা, অদানশীল, ব্যয়কুণ্ঠ, কৃপণ, মাছিটেপা, অনুদার, নিচ্ছোড়, সুম, কুটিল, খল, আধুনিক, অধম, নীচ, ক্ষুদ্রমনাঃ, হাতকশা, পরিমিতব্যয়ী, সামান্য।

Illiberality, *n. s.* মনের ক্ষুদ্রত্ব বা নীচত্ব, ক্ষুদ্র চালি, সামান্য চালি বা ভাব, হাতকশা বা পরিমিত ব্যয়ির ভাব, কৃপণতা, মাছিটেপার ভাব, অপ্রাধান্য, অবিজ্ঞতা, অবিচক্ষণতা।

Illiberally, *ad.* কাপট্য অপ্রকৃততা অযাথার্থ্য বা নীচত্বরূপে, ব্যয়কুণ্ঠতাপূর্ব্বক, যৎসামান্যরূপে, অজ্ঞতারূপে।

Illicit, *a.* Lat. অনুপযুক্ত, অযথার্থ, অনুচিত, অবিধি, অশাস্ত্র, নিষিদ্ধ, বেআইন।

Illicitly, *ad.* অযাথার্থ্যরূপে, অশাস্ত্রপূর্ব্বক, অবিধিপূর্ব্বক, বেআইনে।

Illicitness, *n. s.* অযাথার্থ্য, অশাস্ত্র, অবিধি বিরুদ্ধ বা নিয়মের বিপরীতাবস্থা বা তদ্ধর্ম্ম।

Illicitous, *a.* অশাস্ত্রিক, অযথার্থ, বিরুদ্ধ।

To **Illighten**, *v a.* উজ্জ্বল-কৃ, দীপ্ত-কৃ, আলো-কৃ।

Illimitable, *a.* Lat. সীমা বা অন্ত করা যায় না যাহার বা যাহাতে, অসীমাবর্ত্তী, অসীমকরণীয়, অসীমক, অনন্ত।

Illimitably, *ad.* সীমা অন্ত বা শেষ নাই যাহাতে বা যাহার তদ্ভাবে বা তদবস্থানুসারে বা তৎপূর্ব্বক, অসীমপূর্ব্বক।

Illimited, *a.* অসীমক, অনন্ত, সীমা নাই যাহার, অশেষ, অনন্ত।

Illimitedness, *n. s.* সীমা বা অন্তরাহিত্য বা তদ্ভাব।

Illiteracy, *n. s.* অপাণ্ডিত্য, পাণ্ডিত্য বা জ্ঞানের অভাব, মূর্খতা, অজ্ঞতা, অনভিজ্ঞতা, বর্ণজ্ঞানাভাব।

Illiterate, *a.* Lat. বিদ্যাহীন, লেখাপড়া জানে না বা শিক্ষে নাই যে, অবিদ্য, অবুঝ, মূর্খ, অপণ্ডিত, অজ্ঞ, জ্ঞানহীন, অশিক্ষিত, মূঢ়, গোঁয়ার, চাসা, পশুবৎ, অমনুষ্য, অনক্ষর, অপ্রজ্ঞ, বর্ণজ্ঞান নাই যাহার।

Illiterateness, *n. s.* মূর্খতা, বিদ্যাহীনতা, অজ্ঞতা, অপ্রজ্ঞতা, অজ্ঞান, মূঢ়তা, বর্ণজ্ঞানহীনতা।

Illiterature, *n. s.* মূর্খত্ব, জ্ঞানাভাব, অবিদ্যা, বিদ্যা বা জ্ঞানহীনতা, লিখন পঠন জ্ঞানাভাব, শাস্ত্র জ্ঞানাভাব।

Ill-lived, *a.* দুষ্কর্ম্মে আয়ুঃক্ষয় করিয়াছে যে, দুষ্ট বা পাপ কর্ম্মে কালক্ষেপ করিয়াছে যে, দুষ্ট, মন্দ, পাপী।

Illnature, *n. s.* মন্দ বা দুষ্ট স্বভাব, কু বা দুষ্য ভাব, খল, নিষ্ঠুর মন্দ বা কু অন্তঃকরণ, দুঃশীলতা, দুশ্চরিত্রতা, ক্রূরতা, নিষ্ঠুর দয়া কৃপা বা মনুষ্যত্বের অভাব, খিটখিট্যাম।

Illnatured, *a.* নির্দয়, নিষ্ঠুর, দয়া কৃপা বা মনুষ্যত্ববিহীন, মন্দকারী, পরের মন্দ করণেচ্ছু, দুষ্ট, জিঘাংসু, কু বা দুষ্য ভাব বিশিষ্ট, খল বা কঠিন চিত্ত যাহার, অদম্য, অবাধ্য, অবশ, বেআবাদ, পাটী বা আবাদ হয় না যাহাতে।

Illnaturedly, *ad.* চিড়চিড়ে খিটমিটে খিটখিটে বা কটু স্বভাবপূর্ব্বক।

Illnaturedness, *n. s.* দয়া করুণা স্নেহভাব আকার বা ব্যবহার বর্জ্জিতত্ব বা রাহিত্য।

Illness, *n. s.* পীড়া, রোগ, অস্বাস্থ্য, ব্যাধি, আময়, অসুস্থতা, ক্ষীণতা, কাহিলী, ব্যায়াম, অভাব, অপ্রতুল, মন্দত্ব, দুষ্টত্ব, পাপির কর্ম্ম বা ভাব।

Illogical, *a.* অযুক্তিসিদ্ধ, অমীমাংসা, অন্যায়, বিবেচনা বা বিচারের বহির্ভূত বা তদ্বিপরীত।

Digitized by Google

Illogically, *ad.* অমীমাংসাপূর্ব্বক, অন্যায়পূর্ব্বক, অযুক্তি বা অবিচারানুসারে।

Illogicalness, *n. s.* অবিবেচনা, মীমাংসা বা যুক্তিসিদ্ধের বৈপরীত্য বা বিরুদ্ধত্ব।

Ill-starred, *a.* মন্দ বা কুগ্রহ হইয়াছে যাহার, অভাগা, দুর্ভাগা, দুর্দশা বা মন্দভাগ্য যাহার।

To **Illude,** *v. a.* Lat. প্রতারণা-কৃ, ঠগা, জুয়াচুরি-কৃ।

To **Illume,** *v. a.* Fr. উজ্জ্বল-কৃ, আলো-কৃ, ভূষিত-কৃ, সুশোভিত-কৃ, রোশনাই-কৃ।

To **Illuminate,** *v. a.* Fr. Lat. তথা, বাতি-দা, আলো-দা, জ্ঞানালঙ্কৃত-কৃ, জ্ঞানাপন্ন-কৃ, নানাপ্রকার অক্ষর বা চিহ্নদ্বারা-সাজা, প্রকাশমান-কৃ, ব্যাখ্যা-কৃ।

Illuminate, *a.* ঔজ্জ্বল্যবিশিষ্ট, উজ্জ্বলীকৃত, দীপ্তিবিশিষ্ট, সুশোভিত।

Illuminate, *n. s.* প্রতারক বা ছদ্মবেশধারী ব্যক্তি, যথার্থ বা দ্রব্য জ্ঞান আছে এমত প্রকাশ করে যে ব্যক্তি।

Illumination, *n. s.* রোশনাই, দীপান্বিত, আলোকদ, আলো হয় বা করে যে বস্তুতে, কোন পর্ব্বানুরোধে রোশনাই বা আলো কময় উজ্জ্বল, চাকচিক্য, দীপ্তি, ঔজ্জ্বল্য, ছটা, তেজ, জ্ঞানপ্রকাশ, বিদ্যা, রূপ।

Illuminative, *a.* আলোক দীপ্তি বা উজ্জ্বল করণক্ষম বা তৎকারী।

Illuminator, *n. s.* আলোক বা দীপ্তিদাতা বা কর্ত্তা, যে ব্যক্তি কোন গ্রন্থের পর্ব্বের বা খণ্ডের প্রথম বা মুখপত্রে ছবি বা কোন অনুরূপদ্বারা সুন্দর করে, দীপ্তিকারক, প্রকাশক।

To **Illumine,** *v. a.* উজ্জ্বল-কৃ, আলো-কৃ, আলো-দা, বাতি-দা, শোভা-কৃ, সাজা, বেশভূষণ-কৃ।

Illusion, *n. s.* Lat. ফাঁকি, ফাঙ্কা, ভোগা, ধোকা, ছদ্মবেশ, ভ্রম, ভুল, চুক, অলীকত্ব, মায়া।

Illusive, *a.* কৃত্রিমরূপ গুণ বা বেশ দর্শাইয়া প্রতারণাকারী, মায়িক, ভ্রমী, বঞ্চক, ভ্রমজনক, অলীক, ছলকারী, প্রতারক, স্বপ্নবৎ, ঐন্দ্রজালিক।

Illusively, *ad.* ভ্রমপূর্ব্বক, বঞ্চকতারূপে, মায়াপূর্ব্বক।

Illusiveness, *n. s.* ভ্রম, ধোকা, ফাকি, ভোগা, মায়া, বঞ্চনা।

Illusory, *a.* Lat. ভ্রমজনক, ভ্রামক, মায়িক, ছলকারক, বঞ্চক, ঐন্দ্রজালিক, প্রবঞ্চক, প্রতারক, ভোগা ফাকি বা ভ্রম জন্মে যাহাতে বা যদ্দ্বারা।

To **Illustrate,** *v. n.* Lat. উজ্জ্বল-কৃ, তেজ বা রোশনাই প্রকাশ বা সুস্পষ্ট-কৃ, ব্যক্ত-কৃ, প্রদীপ্ত-কৃ, আলোকদ্বারা পরিষ্কার-কৃ, অর্থ-কৃ, অলঙ্কৃত-কৃ, ভ্রম মর্য্যাদা বা সম্মানদ্বারা উজ্জ্বল প্রখ্যাত বা ব্যক্ত-কৃ, বুঝা, ব্যাখ্যা-কৃ, টীকা-কৃ বা -দা।

Illustration, *n. s.* অর্থ, ব্যাখ্যা, অর্থকরণ, ব্যাখ্যাকরণ, উৎপ্রেক্ষা, মানে, প্রদীপ্তি, টীকা বা টীপ্পনীকরণ লেখন বা দেওন, অলঙ্কৃত উজ্জ্বল সুস্পষ্ট বা ব্যক্তকরণ।

Illustrative, *a.* অর্থ ব্যাখ্যা বা সুস্পষ্ট করণ ক্ষম বা তদ্যোগ্য, প্রদীপ্তকারক, অর্থবোধক, টীকাসম্বন্ধীয়।

Illustratively, *ad.* প্রতিষ্ঠা ব্যক্ত প্রকাশ বা অর্থপূর্ব্বক, অর্থালঙ্কার করত, খ্যাতি বা সুস্পষ্টকরণপূর্ব্বক।

Illustrator, *n. s.* Lat. উজ্জ্বলকর্ত্তা, ব্যাখ্যাকর্ত্তা, সুস্পষ্ট বা অলঙ্কৃত কর্ত্তা, সৌন্দর্য্যজনক, সুস্পষ্টকারক, অর্থালঙ্কারকর্ত্তা।

Illustrious, *ad.* Lat. উজ্জ্বল, দীপ্তিমান্, সুখ্যাত, প্রতিষ্ঠান্বিত, যশস্বী, কীর্ত্তিমান্, প্রধান, মহান্, মহৎ, নামলব্ধ, শ্রেষ্ঠ, খ্যাত্যাপন্ন, মহামহিম, শিষ্ট, উদ্দীপক, তালেবর, ভাস্বর, শুভ, শ্রীযুক্ত, শ্রীমান্, শ্রীমৎ, শ্রীল, প্রসিদ্ধ।

Illustriously, *ad.* প্রতিষ্ঠা খ্যাতি প্রকাশ বা শ্রেষ্ঠত্বরূপে, মহত্ত্বপূর্ব্বক, যশঃ কীর্ত্তি বা প্রাধান্যরূপে, শ্রীমত্তত্ত্বরূপে, মহত্ত্বরূপে।

Illustriousness, *n. s.* প্রাধান্য, মুখ্যতা, মহত্ত্ব, শ্রেষ্ঠতা, নামলব্ধতা, যশস্বিত্ব, মহামহিমত্ব, সুখ্যাতি, কীর্ত্তিশালিত্ব।

Illuxurious, *a.* অসুখসেবী, সামান্য বা গরিবি চালি যাহার।

Ill-will, *n. s.* দ্বেষ, ঈর্ষা, হিংসা, মন্দেচ্ছা, জিঘাংসা, ঘৃণা, দ্বেষ বা হিংসার ইচ্ছা বা অভিপ্রায়, অপকারেচ্ছা, ক্রূরতা, খলতা।

Ill-willer, *n. s.* মন্দকারী, অপকারেচ্ছু, ক্রূর, খল, পরের মন্দ বা হিংসা করণাভিলাষী বা তদভিপ্রায় বা চেষ্টা আছে যাহার বা করে যে ব্যক্তি।

I'm, অহং, I am পদের সংক্ষেপার্থ জানিবে।

Im, শব্দ রচনায় হ্রস্ব বর্ণের পূর্ব্বে বা আদিতে In শব্দের পরিবর্ত্তে লিখা যায়।

Image, *n. s.* Fr. প্রতিমা, বিগ্রহ, মূর্ত্তি, ছবি, লিঙ্গ, অবয়ব, পুত্তলিকা, পুতুল, আকার, ছাঁচ, কৃত্রিম দেবতার রূপ, প্রতিবিম্ব, কোন বস্তুর তুল্য সমান অবিশেষ বা অভেদরূপ, আকৃতি, আদর্শ, নকল, খেয়াল, মতলব, মানস।

Image-worship, *n. s.* দেবপূজা, প্রতিমা বিগ্রহ বা সাকার পূজা অর্চ্চনা বা আরাধনা, পৌত্তলিকতা।

To **Image,** *v. a.* নকল বা চিত্র-কৃ, অবয়ব বা রূপ-লিখ, মানস-কৃ, অনুমান-কৃ, ধ্যান-কৃ।

Imagery, *n. s.* দৃষ্টি গোচরাত্মক মূর্ত্তি, অবয়ব প্রকাশ বা তন্মূর্ত্তি, রূপ, কল্পনা, অনুরূপ, ছবি, মূর্ত্তি, বিগ্রহ, পুত্তলিকা, আকার, মানস ভ্রম, মিথ্যা খেয়াল, কল্পনা, মনের মধ্যে মিথ্যা ভাব বা বোধ হয় যে বস্তু বা বিষয়, লিখনদ্বারা রূপ বর্ণন বা প্রকাশ, গঠন, শরীর।

Imaginable, *a.* Fr. চিন্তনীয়, বোধনীয়, বোধগম্য, অন্তর্ভাবনীয়, মনে ভাব্য ভাবনার যোগ্য বা তদুপযুক্ত, অনুভবনীয়।

Imaginant, *a.* চিন্তাকারী, ভাবিত, চিন্তিত, ভাবনাবিশিষ্ট।

Imaginant, *n. s.* যে ব্যক্তি মনের মধ্যে অসম্ভব বা আশ্চর্য্য বিষয় ভাবে বা চিন্তা করে।

Imaginary, *a.* Fr. মানসিক, কল্পিত, আনুমানিক, চিত্তোদ্ভাবিত, চিন্তিত, চিন্তাজাত।

Imagination, *n. s.* Lat. অনুমান, অনুভব, বুদ্ধিবৃত্তি, চিত্তোদ্ভূত বস্তু বা বিষয়, কল্পনা, খেয়াল, মতি, বোধ, বুঝ, মানস শক্তি, মনের শক্তি, যদ্দ্বারা কোন বস্তুর বা বিষয়ের ভাব অবয়ব বা রূপ মনে উদ্ভব বা সংস্কার হয়, বর্ণন বা চিত্রকরণ বা তৎশক্তি, অনুবোধ, মনে উপস্থিত আকার আভাস রূপ বা অবস্থা, চেষ্টা, উদ্যোগ, প্রবৃত্তি, ফিকির।

Imaginative, *a.* মানসিক, মানসোদ্ভূত, চিত্তোদ্ভূত, মনোভিপ্রায় বিশিষ্ট।

To **Imagine,** *v. a.* Fr. কল্পনা-কৃ, বুঝ, অনুমান-কৃ, উপলব্ধি-কৃ, মনে-কৃ, মনে অনুভব বা স্থির-কৃ, ফিকির বা চেষ্টা-কৃ, উদ্যোগ উপায় ফিকির বা চিন্তা-কৃ।

Imaginer, *n. s.* মনে কল্পনা করে যে ব্যক্তি।

Imagining, *n. s.* খেয়াল, কল্পনা, ভাবনা, চিন্তা, মনে করণ, মানস করণ।

To **Imbalm,** *To* Embalm শব্দ দেখ।

Imbargo, Embargo শব্দ দেখ।

To **Imbark,** *To* Embark শব্দ দেখ।

Imbarment, *n. s.* আটক, প্রতিবন্ধ, *To* Embar শব্দ দেখ।

To **Imbarn,** *v. a.* গোলাজাত-কৃ, সঞ্চয়-কৃ, সংগ্রহ-কৃ, গোলায় বা ভাণ্ডারে রক্ষ বা সঞ্চয়-কৃ, জমা-কৃ।

Digitized by Google

To Imbase, *v. a. To* Embase শব্দ দেখ।

To Imbase, *v. n.* অল্পমূল্য-হ, মূল্যের হ্রাস-হ, মূল্য কম-হ।

To Imbastardize, *v. a.* জারজত্ব প্রমাণ-কৃ, বিজন্মা বা জন্মের ব্যভিচার বা বৈলক্ষণ্য ব্যক্ত প্রকাশ বা প্রমাণ-কৃ।

To Imbathe, *v. a.* অবগাহন-কৃ, স্নান-কৃ, তাবৎশরীর ধৌত-কৃ।

Imbecile, *a.* Lat. ক্ষীণ, দুর্ব্বল, রোগা, শক্তিহীন, কমজোর, মনের বা শরীরের শক্তির অভাব বা অল্পতাবিশিষ্ট, মূর্খ, অজ্ঞ।

To Imbecile, *v. a.* অন্যায় বা মিথ্যা ব্যয়দ্বারা ঐশ্বর্য্য ধন সম্পত্তি বা পুঁজি ক্ষয় অল্প বা ক্ষীণ-কৃ, উড়াইয়া-দা।

Imbecility, *n. s.* দৌর্ব্বল্য, ক্ষীণতা, অশক্ততা, অক্ষমতা, কাহিলি, মনের বা শরীরের দুর্ব্বলতা।

Imbedded, Embedded শব্দ দেখ।

Imbellick, *a.* Lat. যুদ্ধে অনুপযুক্ত, যুদ্ধে অযোগ্য, সংগ্রামে অনিপুণ।

To Imbezzle, *v. a. To* Embezzle শব্দ দেখ।

Imbezzlement, *n. s.* Embezzlement শব্দ দেখ।

To Imbibe, *v. a.* Lat. চোপষ, শোষণ-কৃ, চুষ, শুষিয়া-নী, টানিয়া-নী, পান-কৃ, শুষ্ক-কৃ, আকর্ষণ-কৃ, নিঃস্বত্ব-কৃ, নীরস-কৃ, জ্ঞান প্রাপ্ত-কৃ, মনে-ধর, মনে গ্রহণ-কৃ, মনে স্বীকার-কৃ।

Imbiber, *n. s.* শোষক, শুষ্ককর্ত্তা, শুষিয়া বা চুষিয়া লয় যে, শুষ্ক করে যে, জল টানিয়া লয় যে।

Imbibition, *n. s.* Fr. শোষণ, চোষণ, শুষ্ককরণ।

To Imbitter, *v. a.* তিক্ত-কৃ, কটু-কৃ, মনঃপীড়া-দা, ক্ষোভ-কৃ বা জন্মা, আহ্লাদ নাশ বা বঞ্চিত-কৃ, নিরাহ্লাদ-কৃ বা জন্মা, দুঃখি-কৃ, রাগাল-কৃ, বিরক্ত-কৃ, ত্যক্ত-কৃ।

Imbitterer, *n. s.* ত্যক্তকর্ত্তা, ক্ষোভ বা বৈরক্ত্য জন্মায় যে, নিরাহ্লাদ বা দুঃখি করে যে, রাগায় বা ব্যজার করে যে।

To Imblazon, *To* Emblazon শব্দ দেখ।

To Imbody, *v. a.* একত্র-কৃ, মিলাইয়া একখান-কৃ, যোড়, মেল-কৃ, শরীরী-কৃ, সশরীর-কৃ, একশরীর-কৃ, শরীরবিশিষ্ট-কৃ, জমা-কৃ, সংযোগ-কৃ, সংযুক্ত-কৃ, একদল-কৃ, একজাতি এক স্থানে বা ভাবে সংযুক্ত-কৃ, ঘের, বেষ্টন-কৃ, একাঙ্গ-কৃ, ভর্ত্তি-কৃ।

To Imbody, *v. n.* একত্র-হ, সংলগ্ন-হ, সংযুক্ত-হ, মিশাইয়া-যা, মিশ্রিত-হ, লয়-হ, একাঙ্গ-হ, ভর্ত্তি-হ।

To Imboil, *v. n.* ফুট, সিদ্ধ-হ, পাক-হ, পচ।

To Imbolden, *v. a.* ভরসা-দা, সাহস-দা, সাহসী-কৃ, বল-দা, নির্ভয়-কৃ, ঔৎসুক্য-জন্মা, প্রত্যয় বা ভরসা-জন্মা।

Imbonity, *n. s.* Lat. অমহত্ত্ব, অসুন্দরতা, কুৎসিতত্ব, নিন্দিতত্ব, অপ্রশংসনীয়ত্ব।

To Imborder, *v. a.* সীমা-কৃ, অন্ত-কৃ, শেষ-কৃ, সরহদ্দ-কৃ।

To Imbosk, *v. n.* Ital. গোপনে-থাক বা রহ, লুকাইয়া-রহ, গুপ্ত ভাবে-থাক।

To Imbosk, *v. a.* গোপন-কৃ, লুকা, অপ্রকাশ-কৃ, অপ্রকাশে-রক্ষ।

To Imboss. *To* Emboss শব্দ দেখ।

To Imbosom, *v. a.* বক্ষস্থলে বা ক্রোড়ে-রক্ষ, বুকে করিয়া-রক্ষ, বুকে করিয়া স্নেহপ্রযুক্ত অঞ্চলাবৃত-কৃ, অঞ্চলদ্বারা-ঢাক, স্নেহ-কৃ, প্রেম-কৃ, ভাল-বাস, গুপ্ত-রাখ।

To Imbound, *v. a.* গুপ্তভাবে-রাখ, ঘের, বেড়, বেড়া-দা, আটক-কৃ, কএদ-কৃ।

To Imbow, *v. a.* খিলান-কৃ, খিলান-গ্রন্থ, গাঁথনদ্বারা ঢাক।

To Imbowel, *To* Embowel শব্দ দেখ।

To Imbower, *v. a.* বৃক্ষ শ্রেণীদ্বারা-ঢাক, আবৃত-কৃ বা শোভিত-কৃ।

To Imbower, *v. n. To* Embower শব্দ দেখ।

Imbowment, *n. s.* খিলান।

To Imbox, *v. a.* সিন্দুকে-ভর বা-পূর, সিন্দুকের ভিতর-রক্ষ, কএদ-কৃ, আটক-কৃ।

To Imbraid, *To* Embraid শব্দ দেখ।

To Imbrangle, *v. a.* কএদ-কৃ, আটক-কৃ, ফাঁদে-ফেল, উৎপাতে-ফেল।

Imbred, Inbred শব্দ দেখ।

To Imbreed, *v. a.* উৎপাদন-কৃ, জন্মা, পালবৃদ্ধি-কৃ, বংশ বা সন্তান বৃদ্ধি-কৃ।

Imbricate, *a.* Lat. উপর্য্যুপরিস্থিত বা রক্ষিত।

Imbricated, *a.* আচ্ছাদিত, বহিস্কৃত, ঢালপৃষ্ঠে আচ্ছাদিত বা আবৃত।

Imbrication, *n. s.* Lat. কূর্ম্ম পৃষ্ঠাকার।

To Imbrown, *v a.* ঘোর-কৃ, অন্ধকার বা তিমিরাবৃত-কৃ, অদৃশ্য বা অস্পষ্ট-কৃ।

To Imbrue, *v. a.* সিক্ত-কৃ, ডুবা, চুবা, ভিজা, বুড়া, আবৃত-কৃ, মগ্ন-কৃ, অধিক কাল ভিজাইয়া-রাখ, অত্যন্ত ভিজা-কৃ, ঢালিয়া-দা বা ফেল, বাহির করিয়া-ফেল, স্বেদ নির্গত-কৃ।

To Imbrute, *v. a.* পশুবৎ নীচ হীন বা ক্ষুদ্র-কৃ।

To Imbrute, *v. n.* পশুবৎ ক্ষুদ্র-হ।

To Imbue, *v. a.* Lat. রং-কৃ, কোন জলবৎ দ্রব্য অথবা রঙ্গে-চুবা বা-ছোবা, তাহাতে সিক্ত-কৃ বা মগ্ন-কৃ।

To Imburse, *v. a.* Fr. মুদ্রা বা টাকার দ্বারা পূর্ণ-কৃ, খরচ-কৃ।

Imitability, *n. s.* Lat. আদর্শ বা নকল হইতে পারে যাহার, আদর্শনীয়ত্ব তদ্ভাব বা তদবস্থা।

Imitable, *a.* আদর্শ বা নকল করিবার উপযুক্ত, আদর্শনীয়, আদর্শ বা নকল হওনযোগ্য বা হইতে পারে যাহার, অনুকরণীয়।

To Imitate, *v. a.* Lat. আদর্শ-কৃ, নকল-কৃ, অন্যের ন্যায় দেখাইবার চেষ্টা-কৃ, নমুনা-কৃ, অনুরূপ-কৃ, অনুকরণ-কৃ।

Imitation, *n. s.* Lat. আদর্শ, নকল, অন্যের ন্যায় দেখাইবার চেষ্টা, আদর্শ বা নকল করিয়া দেওয়া যায় যাহা, তর্জমার ধারা বিশেষ, অনুকরণ, কল্পনা, অনুরূপ।

Imitative, *a.* Lat. আদর্শ বা নকলকরণ ইচ্ছাবিশিষ্ট বা তাহাতে রত যে, অন্যের ন্যায় দেখাইবার আকাঙ্ক্ষাযুক্ত, নকলকারী, নমুনা দেখিয়া বানান বা করা গিয়াছে যাহা, অনুকরণীয়, অনুরূপকরণীয়।

Imitator, *n. s.* Lat. আদর্শ বা নকলকর্ত্তা, অন্যের মত হইতে চাহে যে, অনুকারক, অনুরূপকর্ত্তা, নকুলে।

Imitatorship, *n. s.* আদর্শ বা নকলকর্ত্তার পদ অবস্থা বা ভাব।

Immaculate, *a.* Lat. খুঁত দাগ বা কলঙ্করহিত, শুদ্ধ, পরিষ্কার, পবিত্র, সাফ, নির্ম্মল, অকলঙ্ক, নির্দ্দোষী, নিখুঁত, বেদাগী, নির্ম্মল।

Immaculately, *ad.* দোষ বা খুঁতরহিত হইয়া, নির্দ্দোষী হইয়া, শুদ্ধ পবিত্রতা বা নির্ম্মলতারূপে বা তৎপূর্ব্বক।

Immaculateness, *n. s.* শুদ্ধতা, পরিষ্কারতা, পবিত্রত্ব, নির্দ্দোষত্ব, অকিল্বিষত্ব, পাপ বা অপরাধ বা দোষরাহিত্য।

Immailed, *a.* কবচ, সাঁজোয়া বা লৌহ জামাবিশিষ্ট বা তাহা পরিয়াছে যে।

Immalleable, *a.* Lat. চিত্র বা অঙ্ককরা যাইতে পারে না যাহাতে বা যাহার উপর, শক্ত, ডলা বা গড়া যায় না যাহা।

To Immanacle, *v. a.* বেড়ি-দা বা পরা, বন্ধ-কৃ, কএদ-কৃ।

Immane, *a.* Lat. নিষ্ঠুর, ক্রূর, নির্দয়. Immanely শব্দ দেখ।

Digitized by Google

Immanely, *ad.* অত্যন্ত নিষ্ঠুরতা বা ক্রূরতাপূর্ব্বক, নির্দয়তাপূর্ব্বক।
Immanency, *n. s.* Lat. অন্তর স্থিতি বর্ত্তন বা বাস।
Immanent, *a.* Fr. অন্তরস্থাতা, সহজাত, আসল, প্রকৃত, অন্তরস্থ, আন্তরিক, সারযুক্ত, সসার।
Immanifest, *a.* অদৃশ্য, অস্পষ্ট, অপরিষ্কার, খোলাসা নহে যে।
Immanity, *n. s.* Lat. অমনুষ্যত্ব, মূঢ়ত্ব, অসভ্যতা, নির্দয়তা, পশুবৎ ভাব।
Immarcessible, *a.* Lat. অজর, অমর, অনশ্বর, শুখায় না যে, ক্ষয় বা নাশ হয় বা নাই যাহার।
Immartial, *a.* যুদ্ধসংক্রান্ত নহে যে, অবীর্য্যবান্।
To **Immask**, *v. a.* মুখস-লাগা বা-পরা বা তদ্দ্বারা আচ্ছাদন-কৃ, ঢাক, লুকা, ছদ্মবেশ-কৃ।
Immatchable, *a.* অতুল্য, নিরুপম, সদৃশরহিত, অদ্বিতীয়, সমান নাহি যাহার।
Immaterial, *a.* Fr. Lat. অশারীরিক, অশরীরী, অদেহী, অবয়বরহিত, ক্ষুদ্র, সামান্য, ভারি নহে যে, ভারহীন বা রহিত, নিঃসম্বন্ধীয়, নির্লেপ, অনাবশ্যক, নিষ্প্রয়োজনক।
Immateriality, *n. s.* অশরীর, অবয়বরাহিত্য।
Immaterially, *ad.* অশরীরিরূপে, অবয়বরহিত হইয়া বা তৎপূর্ব্বক।
Immaterialist, *n. s.* নিরাকারবাদী।
Immaterialized, *a.* অশরীরী, অবয়বহীন বা রহিত।
Immaterialness, *n. s.* অশরীরত্ব, অবয়বরাহিত্য।
Immateriate, *a.* পদার্থহীন, অশরীরী, অবয়বহীন বা তদ্রহিত।
Immature, *a.* Lat. অপক্ব, কাঁচা, অসম্পূর্ণ, শীঘ্র, অকালজাত, স্বাভাবিক কালের পূর্ব্বে হইয়াছে যাহা।
Immaturely, *ad.* অতিশীঘ্র, বড় তাগাদা, পক্ব বা সম্পূর্ণ হইবার পূর্ব্বে, অপরিপক্বতারূপে, অপোক্তরূপে।
Immatureness বা **Immaturity**, *n. s.* অপক্বতা, অসম্পূর্ণত্ব, অপরিপক্বত্ব, অপূর্ণতা।
Immeability, *n. s.* Lat. যাইবার বা ছাড়িয়া দিবার ক্ষমতারাহিত্য।
Immeasurable, *a.* বিস্তর, অপর্য্যাপ্ত, ঢের, অনেক, অপরিমেয়, মাপ সংখ্যা বা তুলনা হইতে পারে না যাহার, অনন্তত্ব, অসংখ্যেয়ত্ব।
Immeasurably, *ad.* অত্যন্তরূপে, বাহুল্যরূপে, বৃহদ্রূপে, অসীমা বা অপরিমাণে, অসংখ্যাপূর্ব্বক।
Immeasured, *a.* অপরিমিত, অসীমক, অসংখ্যক, অগণিত, বহুল, বৃহৎ, অত্যন্ত।
Immechanical, *a.* শিল্প শাস্ত্রের বহির্ভূত বা বিপরীত।
Immediacy, *n. s.* স্বয়ং প্রভুত্ব প্রাধান্য বা শ্রেষ্ঠত্ব, স্বাধীনত্ব, ক্ষমতাপন্নত্ব।
Immediate, *a.* Lat. অব্যবহিত, অব্যবধান আছে যাহার বা যাহাতে, অতিনিকট, এখন, বর্ত্তমান, এইক্ষণ উপস্থিত, নিকট, স্বয়ং, অস্বাধীন, আপ্তখোদী, হাতোহাত, সাক্ষাৎ।
Immediately, *ad.* এখনি, এইক্ষণে, এইমাত্র, আপাতত, সদ্যই, অদ্যই, এইদণ্ডে, অবিলম্বে, শীঘ্র, দ্রুত, ঝটিতি, তাগাদা, অব্যাজে, তৎক্ষণাৎ, ঝপ্ করিয়া।
Immediateness, *n. s.* বর্ত্তমান কালের ভাব বা অবস্থা, স্বায়ত্ততা, স্বাধীনত্ব, স্বাধীনতা।
Immedicable, *a.* Lat. অপ্রতিকার্য্য, অনুপশম্য, সুস্থহওনের অযোগ্য, ভাল হইতে পারে না যাহা, চিকিৎসা নাই যাহার, অচিকিৎস্য।

Immelodious, *a.* কুশ্রাব্য, অমিষ্ট, অশ্রাব্য, বেসুর, শুনিবার যোগ্য নয় যাহা।
Immemorable, *a.* Lat. অস্মরণীয়, স্মরণের অযোগ্য, মনে করণের যোগ্য বা উপযুক্ত নহে যাহা।
Immemorial, *a.* Lat. বিস্মরণীয়, মনে হয় না বা পড়ে না যাহা, জনশ্রুত, প্রথা, কিম্বদন্তী, পরম্পরা শ্রুত, অতিপ্রাচীন।
Immemorially, *ad.* বিস্মরণপূর্ব্বক, এতপ্রাচীন বা পূর্ব্বকালে যে মনে হয় না বা স্মরণে আইসে না যাহা তদ্রূপে, জনশ্রুতিতে।
Immense, *a.* Lat. অসীমক, অনন্ত, অপরিমিত, অপরিমেয়, অশেষ, বৃহৎ, বড়।
Immensely, *ad.* অপরিমাণে, অসীমাপূর্ব্বক, অতিবৃহদ্রূপে, অপরিমেয়ত্বরূপে।
Immenseness, *n. s.* অসীমক প্রাধান্য উচ্চতা বা শ্রেষ্ঠত্ব।
Immensity, *n. s.* Fr. অপরিমাণ, অপরিমেয়ত্ব, পরিমাণ, সংখ্যা বা নির্ণয় হয় না যাহার তদ্ভাব, অসীমত্ব, বৃহত্ত্ব।
Immensurability, *n. s.* অপরিমেয়ত্ব, পরিমাণ বা সংখ্যাহওনের অনুপযুক্ততা।
Immensurable, *a.* Lat. অপরিমেয়, অসংখ্যানীয়, নির্ণয়াযোগ্য, অনির্ণেয়।
Immensurate, *a.* অপরিমিত, অগণিত, অসংখ্যক।
To **Immerge**, *v. a.* Lat. ডুবা, বুড়া, জলে মগ্ন-কৃ, জলে-রক্ষ, মজ্জন-কৃ, অজ্ঞানাবস্থায়-রক্ষ, মূর্খ বা অজ্ঞাত করিয়া-রক্ষ।
Immerit, *n. s.* Lat. মাহাত্ম্য গুণ প্রশংসা বা শ্রেষ্ঠত্বের অভাব, বড় মূল্য বা কিম্মত নাই যাহাতে তদ্বস্তুর ভাব।
Immerited, *a.* অনুপযুক্ত, অযোগ্য, মাহাত্ম্য বা শ্রেষ্ঠত্ব নাই যাহার বা যাহাতে, প্রশংসা হয় না বা করা যায় না যাহাকে।
Immeritous, *a.* অযোগ্য, অনুপযুক্ত, বেদামি, মূল্য নাই যাহার বা যাহাতে।
To **Immerse**, *v. a.* Lat. জলে-রক্ষ, জলে-চুবা, অবগাহন-কৃ, ডুবিত-কৃ, ডুবা, মগ্ন-কৃ, তলাইয়া-যা, অধোগম, মূর্খতায় বা অজ্ঞানে-রক্ষ, জলের নীচে-গাড় বা-পোত।
Immerse, *a.* গাড়া, পোতা, মৃত্তিকার ভিতরে রক্ষিত বা স্থিত, আবৃত, মগ্ন।
Immersion, *n. s.* Lat. জলের নীচে রাখণ, জলের ভিতর ডুবান, চুবান, পোতন, গাড়ন, মগ্নাবস্থা, অবগাহন, ডুব, গোতা।
Immethodical, *a.* অব্যবস্থিত, অক্রমিক, অপর্য্যায়, নিয়ম বা রীতির বৈলক্ষণ্য বা তদ্বহির্গত, বেডৌল, গোলমাল, নিয়ম নাই যাহার বা যাহাতে, নিয়মাভাববিশিষ্ট।
Immethodically, *ad.* অব্যবস্থা নিয়ম বা অরীতিপূর্ব্বক, বিনানিয়মে, গোলমালে, অক্রমে।
Immethodicalness, *n. s.* ব্যবস্থা নিয়ম রীতি বা দাঁড়ারাহিত্য, গোলমাল বা অপর্য্যবস্থা বা তদ্ভাব।
To **Immew**, *To* **Emmew** শব্দ দেখ।
To **Immigrate**, *v. n.* Lat. গমন-কৃ, নির্গত-হ, ভিতরে-গম বা আগম, ভিতরহইতে বাহির-কৃ বা-হ, কোন স্থানে গিয়া বাসী-হ, ভ্রমণ-কৃ, বিদেশে-গম বা তৎস্থানে যাইয়া বাস-কৃ।
Immigration, *n. s.* কোন স্থানে গমনাগমন, কোন স্থানে গিয়া বাসকরণ।
Imminence, *n. s.* উপস্থিত আপদ বিপদ্ বা উৎপাত, সম্ভাবিত বা উপস্থিত উৎপাত, আগন্তুক বা নিকটবর্ত্তি বিপদ্।
Imminent, *a.* Lat. আগন্তুক, আগত, উপস্থিত, সম্ভাবিত, নিকটবর্ত্তি, ঘনাঘনি, হাতোহাতে উপস্থিত বা ঘটনপ্রায়।

Digitized by Google

To Immingle, *v. a.* মিশ্র, মিশ্রণ-কৃ, সংযোগ-কৃ, একত্র-কৃ, যোগ -কৃ, সংলগ্ন-কৃ।

Imminution, *n. s.* Lat. হ্রাস, ন্যূনতা, কমী, অল্পতা, হ্রাসকরণ বা হওন।

Immiscibility, *n. s.* একত্র বা মিশ্রিতহওন অসাধ্য বা তাহার অযোগ্যতা, সংযোগ হওনের অনর্হতা, অমিশ্রণীয়ত্ব।

Immiscible, *a.* একত্র বা মিশ্রিত হওনের অযোগ্য অনর্হ বা অনুপযুক্ত, একত্র হয় না বা করা যায় না যাহা বা যাহাকে, অমিশ্রণীয়, স্বতন্ত্র, পৃথক্।

Immission, *n. s.* Lat. প্রবেশ করাণ, ভিতরে পাঠান, ভিতরে ঢুকান, ভিতরে ভরণ বা প্রবেশ।

To Immit, *v. a.* Lat. প্রবেশ-কৃ, ভিতরে-গম, ভিতরে-ঢুকা, ভিতরে-ভর।

Immitigable, *a.* Lat. অস্নিগ্ধকরণীয়, শান্ত ক্ষান্ত বা নিরস্ত হয় না বা করা যায় না যাহাতে বা যাহাকে, শান্ত ন্যূন লঘু বা স্নিগ্ধকরণ বা পরিষ্কার হওনের অযোগ্য।

To Immix, *v. a.* মিশ্র, একত্র-কৃ, মিশ্রিত-কৃ, মিলা।

Immixable, *a.* মিশ্রকরণাযোগ্য, অমিশ্রণীয়, স্বতন্ত্র, মিশিবার নহে যে, অমেলনীয়।

Immixt, *a.* Lat. অমিশ্রিত, অমিল, স্বতন্ত্র, পৃথক্।

Immobility, *n. s.* Fr. অনিঃসরণীয়ত্ব, অলড় বা অটলাবস্থা, গতিশক্তির অভাব বা তদবস্থা, স্থিরতা, দৃঢ়াবস্থা, স্থিরত্ব, অলড়নীয়ত্ব।

Immoderacy, *n. s.* আধিক্য, আত্যন্তিকতা, আতিশয্য, অপরিমাণ, বাহুল্য।

Immoderate, *a.* Lat. অত্যন্ত অধিক, বাহুল্য, বিস্তর, অতিশয়, বেআন্দাজ, অপরিমিত, অতিবাদ, নিতান্ত, পরিমাণাতিরিক্ত, নিয়মাতিরিক্ত।

Immoderately, *ad.* আত্যন্তিকরূপে, অতিশয়ে, অপরিমাণে, বাহুল্য বা আধিক্যরূপে, অপরিমিতরূপে, অতিবাদে, বেআন্দাজে।

Immoderateness, *n. s.* পরিমাণাতিরিক্ততা, নিয়মাতিক্রমাবস্থা বা তদ্ভাব।

Immoderation, *n. s.* পরিমাণ, পরিদেবনা বা নিয়মাভাব বা তদতিক্রম, আতিশয্য, বাহুল্য।

Immodest, *a.* Fr. নির্লজ্জ, ত্যক্তলজ্জ, বেসরম, অলজ্জ, বিলজ্জ, বেহায়া, বেপরদা, কদর্য্য, দুষ্ট, লম্পট, ব্যভিচারী, অশিষ্ট, অশুচি, অসতী, অসৎ, অবিবেচিত, অত্যন্ত, অতিশয়, অপরিমিত, গর্ব্বী।

Immodestly, *ad.* নির্লজ্জতাপূর্ব্বক, অশুচিতা বা অসাধুতাপূর্ব্বক, নির্লজ্জ হইয়া, বেহায়ামিপূর্ব্বক।

Immodesty, *n. s.* বেহায়ামী, নির্লজ্জতা, অলজ্জা, ব্রীড়া বা লজ্জারাহিত্য, অপরিবেদনা, অপ্রজ্ঞতা, কদর্য্যতা, দুষ্টতা।

To Immolate, *v. a.* Lat. হত-কৃ, উৎসর্গ করিয়া-দা, উৎসর্গপূর্ব্বক হত্যা-কৃ, বলি-দা, বলিদান-দা।

Immolation, *n. s.* বলিদান, উৎসর্গকরণ, উৎসর্গ কার্য্য, বলি, হত্যা।

Immolator, *n. s.* বলিদাতা, বলিদানকর্ত্তা, বলিউৎসর্গ করে যে ব্যক্তি।

Immoment, *a.* তুচ্ছ, অতিঅল্প, আবশ্যকতা গুণ বা মূল্য নাই যাহাতে বা যাহার।

Immomentous, *a.* অনাবশ্যক, তুচ্ছ, সামান্য।

Immoral, *a.* অসাধু, দুঃশীল, দুঃস্বভাববিশিষ্ট, মন্দ, কুৎসিত, অযথার্থ, দুশ্চরিত্র, দোষী, অশুচি, অসচ্চরিত্র, অধর্ম্মী, সদ্গুণ বা নীতিবিহীন।

Immorality, *n. s.* অযাথার্থ্য, দোষ, অশুচিতা, দুশ্চরিত্রতা, অধার্ম্মিকতা, অসাধুত্ব, দুঃস্বভাব, কুচরিত্র, অধর্ম্ম, নীতি বা সদ্গুণাভাব, অগুণ।

Immorigerous, *a.* Lat. অসভ্য, কর্কশ, কটু, অসৎ, অশিষ্ট।

Immorigerousness, *n. s.* অবাধ্যতা, অবশতা, অনায়ত্ততা, অবশীভূতত্ব।

Immortal, *a.* Lat. অমর, চিরজীবী, চিরস্থায়ী, মরণরহিত, শেষ বা অন্ত নাহি যাহার।

Immortality, *n. s.* অমরতা, অমরণীয়ত্ব, অমৃত্যু, অমরাবস্থা, মৃত্যুরাহিত্য, চিরজীব, চিরস্থায়িত্ব, চিরজীবিতা, চিরস্মরণীয়ত্ব।

Immortally, *ad.* অমরাবস্থাপূর্ব্বক, মৃত্যুরাহিত্যপূর্ব্বক, চিরজীব পূর্ব্বক।

Immortalization, *n. s.* অমরকরণ, চিরজীবীকরণ, চিরস্থায়ীকরণ, চিরস্মরণীয়করণ।

To Immortalize, *v. a.* Fr. অমর-কৃ, চিরজীবী-কৃ, চিরস্থায়ী-কৃ, মৃত্যুহীন-কৃ, বিস্মরণহইতে নিবারণ বা রক্ষা-কৃ, চিরস্মরণীয়-কৃ।

To Immortalize, *v. n.* অমর-হ, চিরজীবী-হ, মৃত্যুবিহীন-হ।

Immortally, *ad.* অমরাবস্থানুসারে, চিরজীবিতাপূর্ব্বক, চিরকালপূর্ব্বক, অনন্তকালে।

Immortification, *n. s.* রিপুর বশতা বা তদধীনতা, রিপুদমন বা বশকরণ ক্ষমতারাহিত্য।

Immovability, *n. s.* অচলনীয়ত্ব, অচলত্ব, নিশ্চলত্ব, দার্ঢ্য, দৃঢ়তা, অলড় অঢেল বা অচলাবস্থা বা তদ্ভাব, স্থৈর্য্য।

Immovable, *a.* স্থিতিশীল, স্থাবর, নিশ্চল, অচল, অটল, অলড়, অঢেল, দৃঢ়, শক্ত, অগমনশীল, স্থানান্তরকরণ অযোগ্য, স্মৃতিশাস্ত্রে স্থাবরাদি ধনের বিশেষণ বুঝায়।

Immovableness, *n. s.* অস্থাবরত্ব, অচলতা, দৃঢ়তা, অঢেল বা অলড়াবস্থা বা তদ্ভাব।

Immovably, *ad.* দৃঢ়রূপে, অলড় অচল বা অঢেল অবস্থা ধর্ম্ম বা ভাবপূর্ব্বক, স্থাবরত্বরূপে।

Immund, *a.* Lat. অপরিষ্কার, অপবিত্র, অশুদ্ধ, ময়লা।

Immundicity, *n. s.* Fr. অপরিষ্কারত্ব, অশুচিতা, অশুদ্ধতা।

Immunity, *n. s.* Lat. মুক্তি, নিশা, খালাস, পরিত্রাণ, স্বাধীনতা প্রাপ্তি ক্ষমতা, করহইতে মুক্তি, কর রেয়াইত।

To Immure, *v. a.* Lat. বদ্ধ-কৃ, ঘের, বেড়া-দা, ঘেরা বা বেড়ার মধ্যে বদ্ধ বা আটক-কৃ, কএদ-কৃ, আটক-কৃ, কারাগারে-রুদ্ধ বা বদ্ধ-কৃ।

Immure, *n. s.* দেওয়াল, আটক, বেড়া, প্রাচীর, বেষ্টন।

Immusical, *a.* কর্কশ, কঠিন, শক্ত, বেসুর, বেমেল।

Immutability, *n. s.* অপরিবর্ত্তন, নিত্যতা, অবিকার, স্থিরতা, পরিবর্ত্তন বা বৈলক্ষণ্যাভাবাবস্থা, অবিকার্য্যতা।

Immutable, *a.* Lat. অবিকার্য্য, নিত্য, অপরিবর্ত্তনীয়, স্থির, দৃঢ়।

Immutableness, *n. s.* নিত্যতা, অবিকার্য্যত্ব, অপরিবর্ত্তনীয়ত্ব, স্থৈর্য্য, দৃঢ়তা।

Immutably, *ad.* নিত্যতাপূর্ব্বক, অবিকার অবৈলক্ষণ্য বা অপরিবর্ত্তনীয়ত্বরূপে।

Immutation, *n. s.* বিকার, পরিবর্ত্তন, বদল, বৈলক্ষণ্য।

Imp, *n. s.* Welsh. কলম, চারা, বাচ্চা, পুত্র, সন্তান, অপত্য, বালক, শিশু, ভূত, প্রেত, রাক্ষস, শয়তান।

To Imp, *v. a.* কলম-পোত, চারা-অর্জ, বৃদ্ধি-কৃ, বড়-কৃ।

Impacable, *a.* Lat. অসান্ত্বনীয়, নরম হয় না যে, ঠাণ্ডা হয় না যাহা।

Digitized by Google

To Impact, *v. a.* Lat. সংলগ্ন-কৃ, যুক্ত-কৃ, যোড়া-দা, কসিয়া একত্র-কৃ, দৃঢ়-কৃ।

To Impaint, *v. a.* চিত্র-কৃ, ভূষিত-কৃ, রংকরণদ্বারা-সাজা বা শোভা-কৃ।

To Impair, *v. a.* Fr. হ্রাস ন্যূন বা কম-কৃ, ক্ষতি-কৃ, হানি-কৃ, অপচয়-কৃ, নষ্ট-কৃ, বিকার-কৃ, উদাস-কৃ, মন্দ-কৃ, বিগড়াইয়া-দা, বেকল-কৃ, বিকৃত-কৃ।

To Impair, *v. n.* হ্রাস-হ, হানি-হ, অশক্ত-হ, পলকাইয়া-যা, পলিত-হ, জীর্ণ-হ, জরা-হ, বিকল বা বিকৃত-হ।

Impair, *n. s.* হ্রাস, হানি, ন্যূনতা, কমী, ক্ষতি, অপচয়।

Impair, *a.* Lat. অযোগ্য, অনুপযুক্ত, বিকল।

Impairer, *n. s.* হ্রাস হানি ক্ষতি অপচয় বা নষ্টকর্ত্তা।

Impairment, *n. s.* হ্রাস, কমি, অপচয়, ক্ষতি, ঘাটতি।

Impalatable, *a.* অরোচনীয়, অরুচিজনক, ভাল লাগে না যাহা, বিস্বাদু, অস্বাদু।

To Impale, *To* Empale শব্দ দেখ।

To Impallid, *v. a.* Lat. ফিকা-কৃ, মলিন বা ম্লান-কৃ।

To Impalm, *v. a.* Lat. হস্তগত-কৃ, মুষ্টিগত-কৃ, হস্তে-ভর, হস্তে-রক্ষ, হস্তে-ধর।

Impalpability, *n. s.* স্পর্শে বোধাগম্যত্ব, স্পর্শে বা হঠাৎ বোধ বা অনুভব হয় না যাহা তদ্ভাব বা তদবস্থা।

Impalpable, *a.* স্পর্শে বোধের অযোগ্য, অস্পৃশ্য, অস্পর্শনীয়, হঠাৎ বোধের অগম্য, অনুভব হয় না যাহা, সূক্ষ্ম, মিহি।

Impanate, *a.* Lat. রুটীর সহিত যুক্ত বা মিশ্রিত।

To Impanate, *v. a.* রুটীর সহিত যোগ-কৃ, একত্র-কৃ বা মিশ্রণ-কৃ।

Impanation, *n. s.* Lat. যিশু খ্রীষ্টের শরীররূপী পুপবিশেষ।

Impannel, Empannel শব্দ দেখ।

To Imparadise, *v. a.* Ital. স্বর্গস্থ-কৃ, স্বর্গে প্রেরণ স্থিতি বা অর্পণ-কৃ, স্বর্গীয়-কৃ।

Imparalleled, *a.* অসদৃশ. অতুল্য, অদ্বিতীয়, সমান তুল্য বা প্রতিযোগী নাই যাহার বা যাহাতে।

Impardonable, *a.* অক্ষমণীয়, অপরাধ ক্ষমার অযোগ্য, মাপ করা যায় না বা হয় না যাহার বা যাহাকে।

Imparity, *n. s.* Lat. অসমত্ব, অতুল্যত্ব, অসদৃশতা, বেআড়া বেডৌল বেআন্দাজ বা বেহিসাব এতদ্ভাব, সমান অংশ বা ভাগের অযোগ্যত্ব, পদ সম্ভ্রম বা উত্তমতা বা শ্রেষ্ঠত্বের ইতরবিশেষ।

To Impark, *v. a.* বেড়া বা বেষ্টনদ্বারা-ঘের বা আটক-কৃ, সাধারণহইতে পৃথক্-কৃ, আলি-দা, এতদ্ভিন্ন Empark শব্দবৎ অর্থ জানিবে, তৎশব্দ দেখ।

Imparlance, Emparlance শব্দ দেখ।

To Impart, *v. a.* Lat. দা, দান-কৃ, বার্ত্তা-দা, সংবাদ-কথ বা বচ বা-দা, জ্ঞাত-কৃ, জানা, বাক্য চিহ্ন বা ইশারাদ্বারা-দর্শা বা বিদিত-কৃ, বিজ্ঞাপন-কৃ, অংশ-দা, ভাগ-দা।

Impartial, *a.* Fr. যথার্থ, নিরপেক্ষ, গণতাশূন্য, অনপেক্ষক, ন্যায়ানুযায়ী, অমুখাপেক্ষক, বেতরফী, নিস্বার্থী, অযথার্থ বা গণতাশূন্য বিচার করে যে, নিরুপরোধী, নিরুপরুদ্ধ।

Impartialist, *n. s.* অনুরোধ উপরোধ বা অপেক্ষাশূন্য ব্যক্তি, নিস্বার্থী ব্যক্তি।

Impartiality, *n. s.* যাথার্থিকতা, নিরপেক্ষতা, ন্যায় বিচারকতা, নিরুপরোধ, অমুখাপেক্ষতা, বেতরফ।

Impartially, *ad.* অনুরোধ উপরোধ বা মুখাপেক্ষাশূন্যতারূপে, যাথার্থিকতারূপে, যথার্থ বিবেচনা বা বিচারপূর্ব্বক।

Impartible, *a.* Fr. জ্ঞাপনীয়, জানাইবার যোগ্য, দাতব্য, দেয়, প্রদান যোগ্য।

Impartment, *n. s.* উপদেশ বা জ্ঞান প্রদান, শিক্ষাকরণ বা দেওন, প্রকাশকরণ, ব্যক্তকরণ বা হওন।

Impassable, *a.* অগম্য, অগমনীয়, দুর্গম, কুপথ, অগন্তব্য, অতরণীয়, অপার, অতট, পথ নাই যাহাতে বা যাহার।

Impassableness, *n. s.* অগম্যত্ব, যাওয়া যায় না বা প্রবেশ হয় না যাহাতে বা যাহার ভিতর তদ্ভাব বা তদবস্থা।

Impassibility, *n. s.* Fr. মুক্তি, দুঃখ ক্লেশ বা উৎপাতহইতে মুক্তি নিবারণ বা বাঁচন।

Impassible, *a.* Fr. উপরি ভাগহইতে বা বাহ্যে অপকার বা অক্লেশ ভোগী, ক্লেশে লিপ্ত হইতে পারে না যে বা করা যাইতে পারে না যাহাকে, দুঃখ বা ক্লেশ হয় না যাহার।

Impassibleness, *n. s.* Impassibility শব্দবৎ অর্থ জানিবে, ক্লেশ দুঃখ বা বেদনাহইতে নিবারণ সামলান বা বাঁচন।

To Impassion, *v. a.* রাগাইয়া-দা, রাগাল-কৃ, অনুরাগবিশিষ্ট বা তদ্যুক্ত-কৃ।

Impassionate, *a.* রাগান্বিত, রাগাল, ক্রোধান্বিত, ক্রোধাকুল, রাগান্ধ, রাগে অজ্ঞান, উগ্র, নির্দয়, দয়াহীন অমায়িক, *Empassionate* শব্দ দেখ।

To Impassionate, *v. a.* রাগান্বিত-কৃ, ক্রোধাকুল-কৃ, রাগান্ধ-কৃ, উগ্র-কৃ।

Impassive, *a.* বাহ্যস্থ কারণের কার্য্য দর্শে না যাহাতে, উপরি ভাগ বা বাহ্যহইতে অপকার বা ক্লেশে লিপ্ত করিতে পারা যায় না যাহাকে।

Impassiveness, *n. s.* বাহ্যস্থ কারণের কার্য্য না দর্শে এমত ভাব বা অবস্থা, উপরিহেতুপ্রযুক্ত বৈলক্ষণ্য না হওন অবস্থা বা ভাব।

Impastation, *n. s.* নানা বর্ণ, নানাপ্রকার মিশ্রিত রং বা বর্ণ, সুখ, নানাজাতিবর্ণধর্ম্মক দ্রব্য, কড়ারদ্বারা বদ্ধ কৃত দ্রব্য।

To Impaste, *v. a.* Fr. কাই বা লাই-কৃ বা প্রস্তুত-কৃ, লাইতে জোড়া-দা, কাই-দা, চিত্র-কৃ বা-দা, রং-ভর।

Impatible, *a.* অসহ্য, সহিষ্ণুতা হয় না বা করা যায় না যাহা বা যাহাতে।

Impatience, *n. s.* Lat. অসহিষ্ণুতা, পীড়া বা ক্লেশে, সহিষ্ণুতা ভাব, রাগ বা ক্রোধজন্য আর্ত্তনাদ, অমর্ষণ, অস্থৈর্য্য, রাগ, ক্রোধ, উগ্রতা, অধৈর্য্য, গৌণে বা বিলম্বে ধৈর্য্যাভাব, শীঘ্রতা, ব্যগ্রতা, উতলা বা অস্থিরের ধর্ম্ম বা ভাব।

Impatient, *a.* Lat. অসহিষ্ণু অস্থির, অধৈর্য্য, অমর্ষ, ব্যগ্র, খেঁকী, বেসবুর, উতলা, ত্রস্ত, অশান্ত, তড়তড়্যা।

Impatient, *n. s.* ক্লেশাসহিষ্ণু ব্যক্তি।

Impatiently, *ad.* ব্যগ্রতারূপে, অধৈর্য্যরূপে, অসহিষ্ণুতাপূর্ব্বক, অস্থির বা অধৈর্য্য হইয়া, রাগ বা ক্রোধপূর্ব্বক, ব্যস্ত হইয়া, অতিব্যস্ত হইয়া, তাড়াতাড়ি করিয়া।

Impatronization, *n. s.* নিতান্ত প্রভুত্ব, অত্যন্ত স্বাধীনতা, পূর্ণ কর্ত্তৃত্ব, স্বামিত্ব, সরদারী।

To Impatronize, *v. a.* Fr. প্রভুত্ব-কৃ, কর্ত্তৃত্ব-কৃ, সরদারীপদলাভ-কৃ।

To Impawn, *v. a.* বন্ধক-দা, বন্ধক-রক্ষ, বোধ-রক্ষ।

Inclement, *a.* Lat. নির্দ্দয়, নিষ্ঠুর, ক্রূর, কঠিন, খল, দুষ্ট, শক্ত, কর্কশ।

Inclinable, *a.* মন আছে যাহাতে বা যাহার, ইচ্ছু, এষণীয়, স্পৃহার যোগ্য, আকাঙ্ক্ষণীয়, বাঞ্ছনীয়, বাঁকা, হেলা, কাইৎ, কাইৎ করা, ঝোঁকা, নমনীয়, নিম্ন, আভাষিত, অভিপ্রায়বিশিষ্ট, কোন পক্ষে গতিশীল।

Inclination, *n. s.* Lat. ঝোঁক, হেলন, কাইৎকরণ বা হওন, টান, মন, ইচ্ছা, বাসনা, এরাদা, মর্জি, বাঞ্ছা, মনস্থ, স্পৃহা, আকাঙ্ক্ষা, প্রীতি, তুষ্টি, ভালবাসন, স্নেহ, গতি।

Inclinatory, *a.* ইচ্ছাবিশিষ্ট, আকাঙ্ক্ষাবিশিষ্ট বা যুক্ত, হেলা, কাইৎ, ঝোঁকা, আকর্ষিত, আকৃষ্ট।

Inclinatorily, *ad.* হেলিয়া, কাইৎ হইয়া, একদিগে ঝোঁকিয়া, আকর্ষিত হইয়া, আকৃষ্ট বা হেলাভাবে, গতিভাবে, গমনশীলত্বরূপে।

To **Incline**, *v. n.* Lat. ঝোঁক, ঢালু-হ, নোয়, নিম্ন-হ, নত-হ, হেল, কাইৎ-হ, রত-হ, চাহ, ইচ্ছা-কৃ, বাঞ্ছা-কৃ, মানস-কৃ, অভিলাষ-কৃ, অভিপ্রায়-কৃ।

To **Incline**, *v. a.* ঝুঁকাইয়া-দা, ঝুঁকা, হেলা, হেলিয়া-দা, কাইৎ করিয়া-দা বা-রাখ, ঢালু-কৃ, নত-কৃ, রত-কৃ, ইচ্ছাবিশিষ্ট-কৃ, লওয়া, প্রবৃত্তি-জন্মা, বক্র-কৃ, বাঁকা-কৃ, তেড়া-কৃ।

Incliner, *n. s.* ডাইল [Dial.] সংজ্ঞক ঘড়ির উপরি ভাগের নাম বা তৎদ্রব্য।

To **Inclip**, *v. a.* ধর, জড়াইয়া বা আঁকাড়িয়া-ধর, বেষ্টন-কৃ, ঘের, চতুর্দ্দিগে-ঘের।

To **Incloister**, *v. a.* নিভৃত স্থানবর্ত্তি-কৃ, মঠস্থ-কৃ, নিভৃত স্থানে রক্ষ, ঘেরিয়া বা বেড়িয়া-রাখ, *To* Encloister শব্দ দেখ।

To **Inclose**, *v. a.* *To* Enclose শব্দ দেখ।

Incloser, *n. s.* Encloser শব্দ দেখ।

Inclosure, Enclosure শব্দ দেখ।

To **Incloud**, *v. a.* অন্ধকার-কৃ, ঘোর-কৃ, মেঘাচ্ছন্ন-কৃ।

To **Include**, *v. a.* Lat. ঘের, বেষ্টন-কৃ, বদ্ধ-কৃ, অঙ্গীভূত-কৃ, ভুক্ত-কৃ, অন্তর্গত-কৃ, শামিল-কৃ, অন্তর্গত বা একশামিল-কৃ, একত্র-কৃ, অন্তরবর্ত্তি-কৃ, অন্তর্ধান-কৃ, মধ্যবর্ত্তি-কৃ, ভিতরে-আনী-ভর বা -রাখ।

Inclusion, *n. s.* অন্তর্গত বা শামিলকরণ বা হওন বা তদবস্থা, ভুক্তকরণ।

Inclusive, *a.* একত্র, সমেত, সংযুক্ত, সুদ্ধ, ইন্তক বা লাগাইদ, শামিল, ভুক্ত।

Inclusively, *ad.* একত্র করিয়া, একত্রে, সমেতে, লইয়া, সংযুক্ত করিয়া বা হইয়া, শামিলে, শামিল করিয়া।

To **Incoach**, *To* Encoach শব্দ দেখ।

Incoact বা **Incoacted**, *a.* Lat. অবদ্ধ, অনধীন, বাধাহীন বা রহিত, খোলা।

Incoagulable, *a.* জমান যায় না যাহা, গাঢ় বা ঘনকরণ বা হওন অযোগ্য বা করা যায় না যাহা, অজমনীয়, অঘনভবনীয়, জমাট হয় না যাহা।

Incoexistence, *n. s.* অসমকালস্থায়িত্ব, একস্থানে বা এককালে না থাকন বা বর্ত্তন।

Incog, *ad.* Lat. গুপ্তভাবে, গুপ্ত বা লুক্কায়িত ভাবে, অপ্রকাশে, গোপনে, অজ্ঞাতে।

Incogitable, *a.* Lat. অচিন্তনীয়, অভাবনীয়।

Incogitancy, *n. s.* চিন্তারাহিত্য, ভাবনাশূন্যত্ব, চিন্তা বা ভাবনা নাই যাহার বা যাহাতে তদ্ভাব বা তদবস্থা।

Incogitant, *a.* চিন্তারহিত, ভাবনারহিত, বিবেচনাশূন্য, বিচারহীন, নিশ্চিন্ত, নির্ভাবিত।

Incogitantly, *ad.* অবিবেচনাপূর্ব্বক, বিচার না করিয়া, না ভাবিয়া, না চিন্তিয়া।

Incogitative, *a.* চিন্তা বা বিচারের ক্ষমতারহিত বা বর্জ্জিত, বিবেচনা শক্তিরহিত, নিশ্চিন্ত, নির্ভাবিত।

Incognito, *ad.* Ital. প্রচ্ছন্ন বা গুপ্তরূপে, অপ্রকাশ্যরূপে, লুকাইয়া, গোপনে, অপ্রকাশে, গুপ্তবেশে বা ভাবে।

Incoherence বা **Incoherency**, *n. s.* সংযোগাভাব, অসম্বন্ধ, মেলে না বা যোড় লাগে না এতদ্ভাব বা ধর্ম্মরাহিত্য, অমিল, বেমিল, অনৈক্য, অপারিপাট্য, সংমিলনাভাব, অসংলগ্নত্ব, অনন্বিততা, অসংযোগ, বৈষম্য।

Incoherent, *a.* অসম্মিলিত, অনন্বিত, অসংলগ্ন, বেমিল, গরমিল, এলো, আলগা, ছাড়া, অসম্বদ্ধতা, অযোগ্যত্ব, অসঙ্গত, মেল নাই যাহার, মেলে না যে।

Incoherently, *ad.* অসঙ্গতরূপে, অসম্বন্ধপূর্ব্বক, বেমিলে, অসংলগ্নরূপে, অনন্বিতরূপে, গরমিলে।

Incolumity, *n. s.* Lat. বাঁচাও, রক্ষা, নির্ব্বিঘ্নতা, নিঃশঙ্কা, অনুৎপাত, নির্ভয়।

To **Incomber**, *To* Encumber শব্দ দেখ।

Digitized by Google

To Incombine, *v. n.* অনৈক্য-হ, অমিল-হ, অযোগ্য-হ, নামেল, স্বতন্ত্র-হ, তফাৎ বা পৃথক্-হ, অসংযুক্ত-হ, অসংলগ্ন-হ।

Incombustibility, *n. s.* অদাহ্যত্ব, অদহনীয়ত্ব, অদহনশীলত্ব, অজ্বলনীয়ত্ব, অপোড়নীয়ত্ব।

Incombustible, *a.* অদাহ্য, অদাহনীয়, অপোড়, অপোড়নীয়, অজ্বলনীয়।

Incombustibleness, *n. s.* অদাহ্যতা, অদাহনশীলতা, অজ্বলনীয়ত্ব।

Income, *n. s.* কর, খাজানা, রাজস্ব, জমা, আয়, আমদানি, উৎপন্ন বিষয় অর্থ বা বস্তু, উপার্জ্জন, প্রাপ্তি, লাভ, সঙ্গতি।

Incoming, *a.* ভিতরে আইসে যে বা যাহা, প্রবেশক, অন্তরগামী।

Incommensurability, *n. s.* পরস্পর অপরিমেয়ত্ব, অসমপরিমেয়ত্ব, পরিমাণ বা জোঁখা হইতে পারে না যাহার তদ্ভাব বা তদবস্থা।

Incommensurable, *a.* Lat. অসমপরিমেয়, অপরিমাণযোগ্য, এক দ্রব্যের অন্যের সহিত পরস্পর পরিমাণ মাপ বা তুল্যত্ব হইতে বা দিতে পারে না বা পারা যায় না যাহার, জোঁখা যাইতে পারে না যাহা, পরিমাণ হয় না যাহার।

Incommensurate, *a.* সমান বা তুল্য পরিমাণকরণ বা ভবন অক্ষম বা হইতে পারে না যাহা, অযোগ্য, অজোঁখা।

Incommixture, *n. s.* অমিশ্রিতত্ব, অমিশ্রণ।

To Incommodate বা *To* Incommode, *v. a.* Lat. ব্যামোহ-দা, পীড়া-দা, ক্লেশ-দা, বাধা-জন্মা, উৎপাত-কৃ, ত্যক্ত বা বিরক্ত-কৃ, বিব্রত-কৃ, অসুভিধ-কৃ, অসুসার-কৃ।

Incommodious, *a.* বৈরক্ত্যজনক, ক্লেশদায়ক, উৎপাতজনক, বিব্রতকারক, অসুভিধ, অপ্রশস্ত, অনুপযুক্ত, অসুসার।

Incommodiously, *ad.* পীড়াদায়কত্বরূপে, অনুপযুক্ততাপূর্ব্বক, বৈরক্ত্যরূপে, বিব্রতত্বরূপে, উৎপাত করিয়া, অসুভিধপূর্ব্বক, অসুসারপূর্ব্বক।

Incommodiousness, *n. s.* অসুশার, অপ্রতুল, ক্লেশ, অসুভিধা, অনুপযুক্ততা।

Incommodity, *n. s.* Fr. তথা।

Incommunicability, *n. s.* অবক্তব্যতা, জানাইবার কহিবার বা লিখিবার যোগ্য নহে যাহা তদবস্থা বা তদ্ভাব, অপ্রকাশ, অজ্ঞাপনীয়ত্ব, অজ্ঞাপন, না জানান।

Incommunicable, *a.* অপ্রকাশ্য, অবক্তব্য, অকথ্য, অজ্ঞাপনীয়, অবাচ্য, অসাধারণ।

Incommunicableness, *n. s.* অপ্রকাশ্যত্ব, অবক্তব্যতা, অজ্ঞাপনীয়ত্ব, অপ্রকাশ।

Incommunicably, *ad.* অবক্তব্যরূপে, অপ্রকাশ্যরূপে, অজ্ঞাপনীয়ত্বরূপে, না জানাইয়া, না কহিয়া, না লিখিয়া।

Incommunicated, *a.* অনুক্ত, অকথিত, অপ্রকাশিত, অব্যক্ত, অলিখিত।

Incommunicating, *a.* পরস্পর কথোপকথন দেখাশুনা বা যাতায়াত নাই যাহার বা যাহার সঙ্গে।

Incommutable, *a.* অপরিবর্ত্তনীয়, বদলাইবার বা অন্যথা হইবার যোগ্য নহে যাহা।

Incommutability, *n. s.* অপরিবর্ত্তনীয় গুণ ভাব বা অবস্থা।

Incompact বা Incompacted, *a.* অযুক্ত, অযোগ্য, অভিন্ন, অসংলগ্ন, আল্‌গা, অনাটা, অশক্ত, অদৃঢ়।

Incomparable, *a.* অতুল্য, অত্যুত্তম, অনুপম, নিরুপম, অসদৃশ, অপ্রতিমেয়, অদ্বিতীয়, অসাধারণ, তুলনা দেওয়া যায় না যাহার বা যাহাতে, প্রতিযোগী নাই যাহার, সমান নাই যাহার, তুল না বা দৃষ্টান্তরহিত।

Incomparableness, *n. s.* অত্যুত্তমতা, অনুপমত্ব, উপাদেয়ত্ব, অতুল্যত্ব, সর্ব্বশ্রেষ্ঠত্ব, দৃষ্টান্ত বা তুলনারাহিত্য।

Incomparably, *ad.* অতুল্যত্বরূপে, নিরুপমত্বরূপে, অনুপমত্বরূপে, তুলনা হয় না বা নাই যাহার তদ্ভাবে বা তদ্রূপে, অত্যুত্তমতারূপে, আতিশয্যরূপে।

Incompared, *a.* অতুল্য, অসদৃশ, অপ্রতিযোগী।

Incompassionate, *a.* নির্দ্দয়, নিষ্ঠুর ক্রূর, অকোমল।

Incompassionately, *ad.* নির্দ্দয়তা বা নিষ্ঠুরতাপূর্ব্বক, দয়ারাহিত্যপূর্ব্বক, ক্রূরতাপূর্ব্বক, নির্দ্দয় হইয়া।

Incompassionateness, *n. s.* নির্দ্দয়া, দয়া বা স্নেহ রাহিত্য, নিষ্ঠুরতা।

Incompatibility, *n. s.* অসাঙ্গত্য, অসম্ভাব্য, অনুপযুক্ততা, অমেল, অনৈক্য।

Incompatible, *a.* Lat. অসঙ্গত, অযুক্ত, অমেল, অযোগ্য, অনুপযুক্ত, অসম্ভব, বিপরীত।

Incompatibly, *ad.* অযুক্ত অনৈক্য বা অনুপযুক্তরূপে।

Incompetency, *n. s.* অযোগ্যতা, অক্ষমতা, অপারগতা, জ্ঞান শক্তি বা বিষয়ে অযোগ্যত্ব বা ন্যূনতা, অনভিজ্ঞতা, অনৈপুণ্য।

Incompetent, *a.* অপারগ, অবিজ্ঞ, অশক্ত, অযোগ্য, অনুপযুক্ত, অক্ষম, অনিপুণ।

Incompetently, *ad.* অনুপযুক্ততাপূর্ব্বক, অযোগ্যত্বরূপে, অক্ষমতাপূর্ব্বক।

Incomplete, *a.* অপূর্ণ, অসম্পূর্ণ, অসমাপ্ত, নাতামাম, অসাঙ্গ, অপরিপূর্ণ, অপরিপক্ব।

Incompleteness, *n. s.* অসম্পূর্ণত্ব, অসমাপ্তি, নাতামামী, অপূর্ণত্ব, অপরিপক্বতা।

Incomplex, *a.* গোলমাল, অশ্লিষ্ট, অসিদা, অসুগম।

Incompliance, *n. s.* বদমেজাজ, বিপরীত স্বভাব বা চরিত্র অপ্রমেয়ত্ব, অদম্যত্ব, অশিষ্টতা, অসাধ্যত্ব, অস্বীকার করে যে ব্যক্তি, মানে না বা লয় না যে ব্যক্তি, নামঞ্জুর।

Incomposed, *a.* অস্থির, ত্যক্ত, ব্যস্ত, উদ্বিগ্ন, অস্তব্ধ, ব্যতিক্রম বিশিষ্ট।

Incompossibility, *n. s.* অন্যকে নাশ বা অন্যথা না করিয়া সাধ্য হয় না যাহা তদ্ভাব বা তদবস্থা, অনৈক্য।

Incompossible, *a.* একত্র করিতে বা মিলিতে অক্ষম অযোগ্য বা অসাধ্য যাহা, পরকে নষ্ট বা দূর না করিয়া সাধ্য হয় না যাহা।

Incomprehensibility, *n. s.* Fr. অজ্ঞেয়ত্ব, অবোধ্যত্ব, অভাবনীয়ত্ব, অচিন্তনীয়তা, বোধের অগম্যত্ব বা অযোগ্যত্ব, মনুষ্যের বুদ্ধির অগোচরত্ব।

Incomprehensible, *a.* অজ্ঞেয়, অভাবনীয়, অচিন্তনীয়, উপলব্ধি হয় না যাহা, অবিচিন্ত্য, বুদ্ধির অগোচর, বোধের অগম্য, সম্যক্ প্রকারে বুঝা যায় না যাহা, অসামঞ্জস্য, ধরে না বা তাৎড়ে না যাহা বা যাহাতে।

Incomprehensibleness, *n. s.* বোধের অগম্যত্ব, অভাবনীয়ত্ব, বুদ্ধির অগোচরত্ব, অজ্ঞেয়তা, অচিন্তনীয়তা।

Incomprehensibly, *ad.* অভাবনীয় অচিন্তনীয় বা বুদ্ধির অগোচরতাপূর্ব্বক, অজ্ঞেয় বা অচিন্তনীয়ত্বরূপে।

Incomprehension, *n. s.* বুদ্ধির অগোচর, জ্ঞানাভাব, বিচিন্তা।

Incomprehensive, *a.* ছোট, খাট বড় বা প্রশস্ত নহে যাহা।

Digitized by Google

Incompressible, *a.* অবিবর্দ্ধনীয়, অসংক্ষেপণীয়, ছোট বা খাট খর্ব্ব বা কষা হয় না বা করা যায় না যাহা।

Incompressibility, *n. s.* অখর্ব্বণীয়ত্ব, ঠাশা বা কষা যায় না যাহা তদ্ভাব বা তদবস্থা, অসংক্ষেপণীয়ত্ব।

Inconcurring, *a.* মনের মেল হয় না যাহার, এক চিত্ত বা মত হয় না যাহার বা যাহার সহিত।

Inconcealable, *a.* অগোপনীয়, প্রকাশ্য, লুকান যায় না যাহা, অলুক্কায়িতব্য।

Inconceivable, *a.* অননুধাবনীয়, অচিন্তনীয়, জ্ঞানের বিষয় নহে যাহা, অভাবনীয়, অবিচিন্তনীয়, অবিচিন্ত্য, মনের মধ্যে বা বুদ্ধিতে আইসে না যাহা।

Inconceivableness, *n. s.* অননুধাবনীয়ত্ব, অচিন্তনীয়ত্ব, অভাবনীয়ত্ব, অনুপলব্ধি।

Inconceivably, *ad.* অননুধাবনীয়রূপে, অবিচিন্ত্যরূপে, অচিন্তনীয়রূপে।

Inconceptible, *a.* অচিন্তনীয়, অভাবনীয়, অনুপলভ্য, বুঝিতে পারা যায় না যাহা।

Inconcinnity, *n. s.* Lat. অযোগ্যত্ব, অনুপযুক্তত্ব, বেমানান, অতুল্যতা।

Inconcludent, *a.* অসিদ্ধান্ত, সিদ্ধান্ত নাহি বা করে না যে যাহাতে বা যাহার, অস্থির, অনিশ্চিত।

Inconcluding, *part. a.* সিদ্ধান্ত হয় না যাহাতে বা করে না যে, উত্তম কারণ দর্শায় না যে, অনির্দ্দিষ্টকারী।

Inconclusive, *a.* অমান্য, অপ্রামাণ্য, নিরস্ত, স্থির বা সিদ্ধান্ত করিতে পারে না যে বা যাহা, অনির্দ্দিষ্ট।

Inconclusively, *ad.* অপ্রামাণ্যরূপে।

Inconclusiveness, *n. s.* অপ্রামাণ্য, উত্তম নিদর্শনরাহিত্য, অনিদর্শনতা।

Inconcoct বা **Inconcocted,** *a.* অপক্ব, অশক্ত, কাঁচা, অজীর্ণ।

Inconcoction, *n. s.* অপক্বতা, অপক্বত্ব, অজীর্ণতা।

Inconcussible, *a.* Lat. অটল, অনড়, অকম্পনীয়, অচৈল, নাড়া যায় না যাহা।

Incondite, *a.* Lat. অব্যবস্থিত, গোঁয়ার, অসভ্য, বিপরীত, অযুক্ত, বেআড়া।

Inconditional, *a.* অনিয়মিত, অনির্দ্ধার্য্য, অপ্রতিজ্ঞাকারী, সীমা বা নিয়ম নাহি যাহার বা যাহাতে, করার বন্দোবস্ত বা নিয়মাভাব বিশিষ্ট।

Inconditionate, *a.* তথা।

Inconformity, *n. s.* অনুযায়িকত্ব, অনুসারিত্ব, প্রচলিত ধর্ম্মে অসম্মতি বা বৈপরীত্য।

Inconfused, *a.* Lat. স্পষ্ট, পরিষ্কার, সাফ, খোলাসা, জড়তা নাহি যাহাতে, গোলমালরহিত।

Incongelable, *a.* জমে না যাহা, বসিয়া যায় না যাহা, অজমনীয়।

Incongruence, *n. s.* অযোগ্যত্ব, অসঙ্গততা, অনুপযুক্ততা, অনৈক্য, অমিল, অনন্বিততা।

Incongruent, *a.* অযোগ্য, অসঙ্গত, অনুপযুক্ত, অনুচিত।

Incongruity, *n. s.* অযোগ্যত্ব, অসঙ্গতত্ব, অনুপযুক্ততা, অনৈক্য, অমিলত্ব, অব্যবস্থিতত্ব, অসমতা, অনন্বিততা।

Incongruous, *a.* অযোগ্য, অসঙ্গত, অনুপযুক্ত, অনৈক্য, অমিল, বেমানান, অব্যবস্থিত, অসম্ভব।

Incongruously, *ad.* অযোগ্যত্বরূপে, অনুপযুক্তত্বরূপে, অসঙ্গতত্বরূপে, অতুল্য বা অমানানরূপে।

Inconnexedly, *ad.* অসংযুক্তত্বরূপে, অসম্পর্ক বা অমিলপূর্ব্বক, স্বতন্ত্রং হইয়া বা করিয়া।

Inconnexion, *n. s.* অসংযুক্ততা, অমিল, অসংলগ্নতা, অসংযোগ, অসম্পর্ক।

Inconscionable, *a.* ভাল মন্দ জ্ঞানরহিত, মূঢ়, অজ্ঞান, বিবেচনারহিত।

Inconsequence, *n. s.* Lat. অফলিতার্থ, অনিশ্চিতত্ব, সিদ্ধান্তরাহিত্য, অনিমিত্ত, অকারণ।

Inconsequent, *a.* Lat. অনিমিত্তক, নিষ্ফল, ফলরহিত, ব্যর্থ, সিদ্ধান্তরহিত, অসিদ্ধান্ত।

Inconsequential, *a.* অসিদ্ধান্ত, সিদ্ধান্ত হয় না যাহাতে বা যাহার, নিষ্ফল, ব্যর্থ।

Inconsiderable, *a.* ক্ষুদ্র, ছোট, অল্প, লঘু, অমান্য, অবিবেচনীয়, অগণ্য, তুচ্ছ, যৎসামান্য, অত্যল্প, বড় নহে যাহা।

Inconsiderableness, *n. s.* অল্পতা, সামান্যত্ব, অবিবেচনীয়ত্ব, তুচ্ছনীয়ত্ব, লঘুতা, ক্ষুদ্রতা, অগণ্যত্ব।

Inconsideracy, *n. s.* অবিবেচনা, অজ্ঞানতা, পূর্ব্বে, Inconsideran-cy শব্দ, ছিল।

Inconsiderance, Inconsideracy শব্দ দেখ।

Inconsiderate, *a.* Lat. অবিবেচক, অপরিণামদর্শী, অবুঝ, অবিচারী, অমনোযোগী, বেখবরদার, গাফিল, অসতর্ক, অজ্ঞান, অবোধ, নির্ব্বোধ, অলস, কুড়্যা, অসামাল, অনুধাবনাশূন্য, অসাবধান, অচর্চ্চক।

Inconsiderately, *ad.* অবিবেচকতাপূর্ব্বক, অবিবেচনাপূর্ব্বক, অমনোযোগপূর্ব্বক, অসতর্কতাপূর্ব্বক, গাফিলি করিয়া, অসাবধান হইয়া, অসাবধানতাপূর্ব্বক, অচিন্তাপূর্ব্বক।

Inconsiderateness, *n. s.* অসাবধানতা, বেখবরদারী, বেহুঁসিয়ারী, অমনোযোগ, গাফিলি, অসতর্কতা, অপরিণামদর্শিতা, অবিবেচকতা, অবিবেচনা, অচর্চ্চা, অচিন্তা।

Inconsideration, *n. s.* তথা।

Inconsistence বা **Inconsistency,** *n. s.* বৈষম্য, বৈপরীত্য, অসঙ্গততা, অসংলগ্নত্ব, অস্থিরতা, অমিলিততা, অনৈক্য, অসম্ভবতা।

Inconsistent, *a.* অনুপযুক্ত, অসঙ্গত, অসম্ভব, অযোগ্য, বিপরীত, উল্টা, অনর্থক, নিরর্থক, বৃথা, অকেজুয়া, অযথার্থ, বৈষম্য আছে যাহাতে।

Inconsistently, *ad.* অসঙ্গততাপূর্ব্বক, অযোগ্যত্বরূপে, অনর্থকতাপূর্ব্বক, বৈপরীত্যপূর্ব্বক, অসম্ভবরূপে, বৈষম্যরূপে।

Inconsistentness, *n. s.* অসঙ্গততা, অনুপযুক্ততা, অযোগ্যত্ব, বৈষম্য।

Inconsolable, *a.* অপ্রবোধনীয়, অত্যন্ত কাতর, নিতান্ত শোকাকুল বা ভাবিত, সান্ত্বনা হয় না যাহার, অসান্ত্বনীয়, অত্যুৎকণ্ঠিত।

Inconsonancy, *n. s.* অনৈক্য, অমিল, গরমিল, বেমিল, বৈষম্য, বৈপরীত্য।

Inconspicuous, *a.* অস্পষ্ট, অস্ফুট, অসুস্পষ্ট, অপরিষ্কার, ঝটিতি বা হঠাৎ দেখা বুঝা বা জানা যায় না যাহা।

Inconstancy, *n. s.* অস্থিরতা, চঞ্চলতা, অব্যবস্থিতত্ব, অব্যবস্থিতচিত্ততা, ক্ষণিকতা, অমিলত্ব, তারল্য, চুলবুল্যামী, ঐক্যাভাব।

Inconstant, *a.* Lat. ক্ষণিক, চঞ্চল, অস্থির, পরিবর্ত্তনীয়, লড়চড়্যা, চুলবুল্যা, তরল।

Inconstantly, *ad.* ক্ষণিকত্বরূপে, চাঞ্চল্যরূপে, অস্থিরতাপূর্ব্বক, পরিবর্ত্তনীয়ত্বরূপে, ক্ষণিকতাপূর্ব্বক।

Inconsumable, *a.* অক্ষয়ণীয়, অনাশ্য, বিনাশ হয় না যাহার Inconsumptible শব্দ দেখ।

Digitized by Google

Inconsummate, *a.* অপূর্ণ, অসম্পূর্ণ, অসমাপ্ত, সমাপন হয় না যাহার।

Inconsumptible, *a.* Lat. অক্ষয়, অনাশ্য, শেষ হয় না যাহার, অদহনীয়।

Incontestable, *a.* অবিরোধযোগ্য, অচেল, সিদ্ধান্ত, নিরুত্তরীয়, বিবাদ হইতে পারে না যাহাতে, অবিরোধনীয়, অবিবাদ্য, কথা নাই যাহাতে বা যাহার উপর।

Incontestably, *ad.* অবিরোধপূর্ব্বক, অবিরোধনীয়ত্বরূপে, অচেলপূর্ব্বক, বিবাদ হইতে পারে না এমতরূপে, বিবাদ ওজর বা আপত্তি নাই যাহাতে তৎপূর্ব্বক।

Incontiguous, *a.* অযুক্ত, অন্তর, অনিকটবর্ত্তী, অসংলগ্ন, তফাৎ, জুদা, পৃথক, অসংসৃষ্ট।

Incontinence বা **Incontinency**, *n. s.* অজিতেন্দ্রিয়ত্ব, রিপু বিষয়ে অসহিষ্ণুতা, ভ্রষ্টতা, নষ্টতা, অপবিত্রতা, লম্পটতা, লোচ্চামি।

Incontinent, *a.* Lat. অসৎ, মন্দ, দুষ্ট, নষ্ট, লম্পট, ভ্রষ্ট, বিনষ্ট, অজিতেন্দ্রিয়, শারীরিক বিষয়ে অসহিষ্ণু।

Incontinent, *n. s.* লম্পট, লচো, লোচ্চা বা অজিতেন্দ্রিয় ব্যক্তি, শারীরিক বিষয়ে অসহিষ্ণু যে ব্যক্তি।

Incontinently, *ad.* অজিতেন্দ্রিয়ত্বরূপে, অসহিষ্ণুতাপূর্ব্বক, লম্পটতারূপে, লাম্পট্যপূর্ব্বক।

Incontracted, *a.* অসংক্ষেপকৃত, অসঙ্কুচিত।

Incontrollable, *a.* অদমনীয়, অনিবার্য্য, অবশীভূত, প্রভুত্ব বা কর্তৃত্ব করা যায় না যাহার উপর।

Incontrollably, *ad.* অদমনীয়ত্বরূপে, অনিবার্য্যত্বরূপে, অবশীভূততাপূর্ব্বক।

Incontrovertible, *a.* অবিবদনীয়, সিদ্ধান্ত, অটল, অচেল, অবিবাদ্য।

Incontrovertibly, *ad.* অবিবদনীয়ত্বরূপে, সিদ্ধান্তপূর্ব্বক, অচেলতাপূর্ব্বক, অবিবাদপূর্ব্বক, অটলরূপে।

Inconvenience বা **Inconveniency**, *n. s.* Fr. অসুখ, ক্লেশ, দুঃখ, বিব্রততা, অনুপযুক্ততা, অযোগ্যত্ব, দোষ, উৎপাত, অসঙ্গতি, অসুভিদা, অসৌগম্য, অলাভ, অপ্রতুল, অস্বচ্ছন্দতা, আয়াস, ক্ষতি, কষ্ট, ব্যর্থ, নিষ্ফলতা।

To **Inconvenience**, *v. a.* ক্লেশ-দা, দুঃখ-দা, কষ্ট-দা, ক্ষতি-কৃ, অসুখ-কৃ, অসুভিদা-কৃ, অনুপযুক্ত-কৃ, অসঙ্গতি বা অসুগম-কৃ।

Inconvenient, *a.* অনুপযুক্ত, অযোগ্য, অসুখদায়ক, ক্লেশদ, অকর্ম্মা, অলভ্য, অসুভিদাজনক বা কারী, অসুগম, নিরর্থক, বৃথা, নিষ্ফল, বিব্রত, অস্বচ্ছন্দ।

Inconveniently, *ad.* অনুপযুক্ততা অযোগ্যতা বা অসুখদায়কতারূপে, ক্লেশদত্ব বা অলভ্যত্বপূর্ব্বক, অসুভিদাকারিত্বরূপে, অসুগমত্ব নিষ্ফলত্ব বা অস্বচ্ছন্দরূপে, বিব্রতরূপে, আয়াসে, ক্লেশে, অসুভিদাতে।

Inconversable, *a.* অনালাপী কথোপকথনের অযোগ্য, অপ্রণয়ী, অপ্রণয়শীল, অমিলনশীল, অজ্ঞাপনীয়, অনালাপ্য, অপ্রকাশ্য, অকথোপকথনীয়, অবাচ্য, অবক্তব্য।

Inconvertible, *a.* অপরিবর্ত্তনীয়, পরিবর্ত্তন হয় না যাহার, বদল নাই যাহার।

Inconvincible, *a.* অবোধ, বুঝাইলে বুঝিতে পারে না যে, অবুঝ, জড়, বোঝে না যে, বুঝাইলে বুঝিতে অক্ষম যে।

Inconvincibly, *ad.* অবোধত্বরূপে, অপ্রামাণ্যরূপে, অস্বীকারপূর্ব্বক।

Incony, *a.* অশিক্ষিত, মূর্খ, সিধা, উদার, সরল, অকপটী।

Incorporal, *a.* অশরীরী, নিরাকার, অদেহী, অমূর্ত্তি, অতীন্দ্রিয়, নিরাকৃতি, অশারীরিক।

Incorporality, *n. s.* অশরীরিত্ব, নিরাকারতা, অদেহিত্ব, অমূর্ত্তত্ব, অতীন্দ্রিয়তা, অশরীর, অমূর্ত্তি, অদেহ।

Incorporally, *ad.* অশরীরিত্বরূপে, অদেহিত্বরূপে, অমূর্ত্তিপূর্ব্বক, অতীন্দ্রিয়ত্বরূপে।

To **Incorporate**, *v. a.* Fr. একত্র-কৃ, মিশ্রিত-কৃ, যোগ-কৃ, মিশ্রণ দ্বারা একপদার্থ-কৃ, সংলগ্ন-কৃ, যোড়া-দা, ঐক্য-কৃ, মিল-কৃ, মিশা, মিলা, দলভুক্ত-কৃ।

To **Incorporate**, *v. n.* একত্র-হ, সংলগ্ন-হ, সংযুক্ত-হ, মিশ্রিত-হ, যোগ-হ, ঐক্য-হ, মিল-হ, মিশ, মিল, দলভুক্ত-হ।

Incorporate, *part. a.* মিশ্রিত, একত্রীভূত, সংযুক্ত, সংলগ্ন একদলভুক্ত, অশরীরী, নিরাকার, অদেহী, নিরাকৃতি, অশারীরিক।

Incorporation, *n. s.* মিশ্রণ, একত্রহওন বা করণ, একদলহওন, যোগ, দলবাঁধন।

Incorporeal, *a.* Lat. অশরীরী, অদেহী, দেহশূন্য, অমূর্ত্ত, নিরাকার, নিরাকৃতি, অশারীরিক।

Incorporeally, *ad.* শরীররাহিত্যপূর্ব্বক, দেহশূন্যতাপূর্ব্বক।

Incorporeity, *n. s.* দেহরাহিত্য, দেহশূন্যত্ব, অশরীরিত্ব, নিরাকারতা, অমূর্ত্তি, অশারীরিকতা।

To **Incorpse**, *v. a.* একদল-কৃ, একত্র-কৃ।

Incorrect, *a.* ভুল, অশুদ্ধ, অঠিক, গরমিল, অযথার্থ, দোষযুক্ত, দোষী, ভুলবিশিষ্ট।

Incorrection, *n. s.* অশুদ্ধতা, ভুল, চুক, ভ্রম, ভ্রান্তি।

Incorrectly, *a.* অসদ্রূপে, ভুল ভ্রান্তি বা অঠিকরূপে, অশুদ্ধরূপে, ভুলে, ভুলক্রমে, ভুল করিয়া, অযথার্থরূপে।

Incorrectness, *n. s.* অশুদ্ধত্ব, ঠিক বা যাথার্থ্যরাহিত্য বা তদ্ভাব, অসাবধানতা, ভুল, চুক, অযাথার্থ্য।

Incorrigible, *a.* অত্যপকৃষ্ট, অতিদুষ্ট, নিতান্ত কুৎসিত, শুধিবার যোগ্য নহে যাহা, সারিবার যোগ্য নহে যাহা, নিরুপায়, অশাসনীয়, অশোধনীয়।

Incorrigibility, *n. s.* অত্যপকৃষ্টতা, অতিদুষ্টতা, নিতান্ত কুৎসিতত্ব, অশোধনীয়ত্ব, নিরুপায়তা।

Incorrigibleness, *n. s.* নিরুপায়ত্ব, অত্যপকৃষ্টত্ব, সারিবার বিষয় নাই যাহাতে বা যাহার তদ্ভাব বা তদবস্থা, অশোধনীয়তা।

Incorrigibly, *ad.* নিরুপায়ত্বপূর্ব্বক, অত্যপকৃষ্টতারূপে, অশোধনীয়রূপে।

Incorrupt বা **Incorrupted**, *a.* Lat. শুদ্ধ, অমন্দ, অবিকৃত, পরিষ্কৃত, শুচি, পবিত্র, যথার্থ, সৎ, ভাল, সচ্চরিত্র, সুরীতিবিশিষ্ট, মন্দ বা দুষ্টতাহইতে বহির্ভূত, ভদ্র, সাধু।

Incorruptibility, *n. s.* Fr. মন্দ বা দুষ্টহওনের অযোগ্যত্ব, শুদ্ধতা, শুচিতা, পবিত্রতা।

Incorruptible, *a.* অবিকার্য্য, অক্ষয়, পচে না শড়ে না বা মন্দ হয় না যাহা বা যে, অক্ষয়ণীয়।

Incorruption, *n. s.* যাথার্থ্য, পবিত্রতা, নির্ম্মলতা, দুষ্ট বা মন্দহওনের অক্ষমতা, অক্ষয়ণীয়ত্ব, অবিকার, অক্ষয়, নির্ব্বিকার।

Incorruptness, *n. s.* সচ্চরিত্রতা, সাধুত্ব, নৈষ্ঠিকতা, অবিকার্য্যতা, যথার্থতা, সারল্য।

Incorruptive, *a.* নির্ব্বিকার, বিকাররহিত।

To **Incrassate**, *v. a.* Lat. ঘন-কৃ, মোটা বা গাঢ়-কৃ, পুষ্ট-কৃ।

To **Incrassate**, *v. n.* ঘনমোটা পুষ্ট বা গাঢ়-হ।

Incrassate, *part. a.* পুষ্ট, মোটা, পূর্ণ, ভরা।

Digitized by Google

Incrassation, *n. s.* ঘন মোটা বা গাঢ়করণ, স্থূলত্ব, পুষ্টতা, মোটাই।

Incrassative, *n. s.* ঘন স্থূল বা মোটাকরণক্ষম বা তচ্ছক্তিবিশিষ্ট।

To **Increase,** *v. n.* Lat. বৃদ্ধিশীল-হ, বৃদ্ধি-প্রাপ, বৃদ্ধি-হ, সংখ্যা বা আয়তনে অধিক-হ, ভারি-হ, উন্নত-হ, অধিক-হ, উর্ব্বরা বা ফলবতী-হ, পুষ্ট-হ, বর্দ্ধিষ্ণু-হ, বাড়, বড়-হ।

To **Increase,** *v. a.* বৃদ্ধি-কৃ, বড়-কৃ, উন্নত-কৃ, অধিক-কৃ, ভারি-কৃ।

Increase, *n. s.* বৃদ্ধি, বাড়ি, উন্নতি, পুষ্টি, বাড়তি, বেশী, সমৃদ্ধি, ঔন্নত্য, বর্দ্ধিষ্ণুতা, বাহুল্য, আদি বা পূর্ব্বের সংখ্যাহইতে আধিক্য, উৎপত্তি, জনন, বংশ, সন্ততি, বংশবৃদ্ধি।

Increaseful, *a.* উৎপত্তিবিশিষ্ট, ফলময়, ফলে পরিপূর্ণ।

Increaser, *n. s.* বর্দ্ধক, বৃদ্ধিকর্ত্তা।

Increasible, *a.* বর্দ্ধনীয়, বৃদ্ধি হইতে পারে যাহার।

Increate, *a.* Lat. অসৃষ্ট, অকৃত।

Increated, *a.* তথা।

Incredibility, *n. s.* অবিশ্বসনীয়ত্ব তদ্ভাব বা তদ্গুণ, অবিশ্বাস্যতা, অপ্রত্যেতব্যতা, অশ্রদ্ধেয়তা, অনাস্থেয়তা।

Incredible, *a.* Lat. অবিশ্বসনীয়, অবিশ্বাস্য, বিশ্বাস প্রতীতি বা এতবার নাই বা হয় না যাহাতে, অশ্রদ্ধেয়, অনাস্থেয়।

Incredibleness, *n. s.* অবিশ্বসনীয়ত্ব, অপ্রত্যয়, অবিশ্বাস, অপ্রতীতি, অনাস্থা, গরএতবার।

Incredibly, *ad.* অবিশ্বাসপূর্ব্বক, অপ্রত্যয়পূর্ব্বক, অনাস্থাপূর্ব্বক, অপ্রত্যয়ে।

Incredulity, *n. s.* অশ্রদ্ধা, অবিশ্বাস, অপ্রত্যয়, অপ্রতীতি, অনাস্থা, বিশ্বাস হয় না যাহাতে তদ্গুণ।

Incredulous, *a.* Lat. অবিশ্বাসী, অপ্রত্যয়ী, অনাস্থিক, অশ্রদ্ধালু।

Incredulousness, *n. s.* অবিশ্বাসিত্ব, অপ্রত্যয়িত্ব, অনাস্থিকত্ব।

Incremable, *a.* Lat. অদহ্য, অগ্নিদ্বারা অধ্বংসনীয়।

Increment, *n. s.* Lat. বর্দ্ধন, বৃদ্ধিকরণ, বড়করণ, বৃদ্ধি, উন্নতি, আধিক্য, বৃদ্ধি হয় যদ্দ্বারা তদ্বস্তু, উৎপন্ন দ্রব্য।

To **Increpate,** *v. a.* Lat. ভর্ৎসনা-কৃ, তিরস্কার-কৃ, ধমকা।

Increpation, *n. s.* Lat. তিরস্কার, ভর্ৎসনা, ধমকান, ডাঁটন।

To **Incroach,** *To* **Encroach** শব্দ দেখ।

Incruental, *a.* Lat. অহিংসক, হনন মারণ বা খুনরহিত, খুন করে না যে।

To **Incrust** বা *To* **Incrustate,** *v. a.* Lat. আবর্ত্তন-কৃ, লেপ-দা, লেপটা, ত্বক্-দা, ছালেতে আবৃত-কৃ, খোসা-বাঁধ।

Incrustation, *n. s.* ত্বক্, ছাল, ছিলকা।

To **Incubate,** *v. n.* Lat. ডিম্বোপরি-বৈস বা তা-দা।

Incubation, *n. s.* Lat. তা দেওন, ডিম্বোপরি বৈসন।

Incubiture, *n. s.* Lat. তথা।

Incubus, *n. s.* Lat. কুস্বপ্ন, দুঃস্বপ্ন, গুমরা রোগ।

To **Inculcate,** *v. a.* Lat. উপদেশ-কৃ, উপদেশ-দা, শিক্ষা-করা, অভ্যাসদ্বারা শিক্ষা-করা, শিখা ঘোষাণ লওয়ান বা বুঝানদ্বারা সংস্কার-দা বা-জন্মা।

Inculcation, *n. s.* উপদেশ, শিক্ষা, ঘোষাণ, শিক্ষাণ, সংস্কার জন্মান।

Inculpable, *a.* Lat. নির্দোষী, নিষ্কলঙ্ক, দোষশূন্য, দোষরহিত, অননুযোজ্য, সাধু, বেতকশীর।

Inculpableness, *n. s.* নির্দোষত্ব, নিষ্কলঙ্কতা, দোষশূন্যত্ব, দোষরাহিত্য, অননুযোজ্যতা।

Inculpably, *ad.* নির্দোষে, নিষ্কলঙ্কতারূপে, দোষরাহিত্যপূর্ব্বক, অননুযোজ্যতারূপে, যাথার্থ্যরূপে, নির্দোষরূপে।

Incult, *a.* Lat. অকৃষ্ট, পতিত।

Incultivated, *a.* অকৃষ্ট, অচসা, চাস বা পাটি হয় নাই যাহাতে, অনাবাদি, পতিত।

Incultivation, *n. s.* অকৃষ্টতা, চাস বা পাটি হয় নাই যে ভূমিতে তাহার ভাব বা অবস্থা, অনাবাদ, অচাস।

Inculture, *n. s.* তথা।

Incumbency, *n. s.* অনুরোধ, আবশ্যকতা, ভার, অন্যের উপর নির্ভর দেওন বা তদবস্থা, ভারার্পণ, অনুজ্ঞা, করস্থাপন, হুকুম, বৃত্তিভোগ বা তদবস্থা।

Incumbent, *a.* Lat. আবশ্যক, অপেক্ষিত, অনুরুদ্ধ, কর্ত্তব্য, ভারার্পিত, উপযুক্ত।

Incumbent, *n. s.* বৃত্তিভোগী, কোন বৃত্তি বা স্বার্থ বর্ত্তমান দখল বা ভোগ করে যে ব্যক্তি।

To **Incumber,** *v. a.* Fr. উৎপাত-কৃ, দুঃখ-দা, ক্লেশ-দা, উৎপাতে-ফেল, জড়া।

Incumbrance, Encumbrance শব্দ দেখ।

Incumbrous, *a.* উৎপাতজনক, ক্লেশদ, দুঃখদায়ক, কষ্টদায়ক, ব্যস্তকারী, দুষ্কর, ভারি, ঝঞ্ঝাটে।

To **Incur,** *v. a.* Lat. দণ্ডার্হ-কৃ বা-হ, দায়ে-ঠেকা, ঝুঁকি-নী, অতুষ্টি-জন্মা, উপস্থিত-কৃ, ঘটা, আকর্ষণ-কৃ, ব্যয়-কৃ, উৎপাত-কৃ বা জন্মা।

Incurability, *n. s.* অনুপায়ত্ব, অস্বাস্থ্যার্হত্ব, নিতান্ত উপায় রাহিত্য, অপ্রতিকার্য্যত্ব, সঙ্কট, অসাধ্যত্ব।

Incurable, *a.* অনুপায়, অপ্রতিকার্য্য, অসাধ্য, অস্বাস্থ্যার্হ, উপায় রহিত, ভরসা নাই যাহাতে বা যাহার, অচিকিৎস্য।

Incurableness, *n. s.* অনুপায়ত্ব, অপ্রতীকার্য্যতা, উপায়রাহিত্য, অস্বাস্থ্যার্হত্ব, অচিকিৎসা।

Incurably, *ad.* অনুপায়তারূপে, অপ্রতীকার্য্যত্বপূর্ব্বক, উপায় রাহিত্যপূর্ব্বক, অচিকিৎস্যত্বরূপে।

Incuriosity, *n. s.* Fr. চেষ্টারাহিত্য, নির্বুভুৎসুতা, অনুসন্ধানানিচ্ছা, অমনোযোগ, অনুৎসুকতা, অনৌৎসুক্য, গাফীলী, আলস্য, ঢিলেম।

Incurious, *a.* চেষ্টারহিত, নির্বুভুৎসু, অনুসন্ধানানিচ্ছু, অনুৎসুক, গাফীল, অলস, ঢিলে, অননুসন্ধানী।

Incuriously, *ad.* চেষ্টারাহিত্যপূর্ব্বক, নির্বুভুৎসুতারূপে, অনুৎসুকতাপূর্ব্বক, গাফীলী বা আলস্যপূর্ব্বক।

Incuriousness, *n. s.* চেষ্টারহিতত্ব, নির্বুভুৎসুতা, গাফীলী, অমনোযোগ, অনবধান, অননুসন্ধানেচ্ছা।

Incursion, *n. s.* Lat. চড়াউ, আক্রমণ, ক্লেশ, দুঃখ, অশুভ বা মন্দ জনক ব্যাপার বা বিষয় উপস্থিত হওন বা ঘটন, পড়িয়া বা ঢুকিয়া লুঠকরণ, বলদ্বারা প্রবেশ করিয়া লুঠ বা অপকারকরণ, বিনা যুদ্ধে আক্রমণ বা লুঠ, জবরদস্তীতে প্রবেশ।

To **Incurvate,** *v. a.* Lat. বক্র-কৃ, নিম্ন-কৃ, নোয়া, কূর্ম্মপৃষ্ঠাকার-কৃ।

To **Incurve,** *v. a.* নত-কৃ, হেঁট-কৃ, নিম্ন-কৃ।

Incurvation, *n. s.* বক্র হওন বা করণ, ঝোঁকান, নোঁয়ান, বক্রত্ব, নিম্ন বা বক্রাবস্থা, প্রণাম প্রণতি বা দণ্ডবৎকরণ বা তৎকর্ম্ম।

Incurvity, *n. s.* বক্রত্ব, নিম্নভাব বা তদবস্থা।

To **Indagate,** *v. a.* Lat. অনুসন্ধান-কৃ, তল্লাস-কৃ, যত্নপূর্ব্বক অন্বেষণ-কৃ।

Indagation, *n. s.* তল্লাস, অন্বেষণ, চেষ্টা, খোঁড়ন, খোজন।

Digitized by Google

Indagator, *n. s.* তল্লাসকারী, অন্বেষণকর্ত্তা, চেষ্টাকারী, খোঁড়ে যে, খোঁজে যে, বিবেচক, পরীক্ষক, তজবীজকর্ত্তা।

To Indamage, *To* Endamage শব্দ দেখ।

To Indear, *To* Endear শব্দ দেখ।

Indearment, *n. s.* Endearment শব্দ দেখ।

To Indart, *v. a.* নিক্ষেপ-কৃ, ছুড়িয়া-মার বা-ফেল, আঘাত-কৃ।

To Indebt, *v. a.* ঋণী-কৃ, ঋণগ্রস্ত-কৃ, ঋণে বদ্ধ-কৃ, দেনাদার-কৃ, ধারো বা কর্জ্জী-কৃ, অধীনত্বে নিক্ষেপ-কৃ, বাধিত-কৃ, উপকৃত-কৃ।

Indebted, *part. a.* ঋণী, ঋণগ্রস্ত, কর্জ্জী, দেনাদার, ধারুয়া, ঋণে বদ্ধ, বাধিত, উপকৃত।

Indebtment, *n. s.* ঋণগ্রস্তত্ব, ঋণির ধর্ম্ম বা অবস্থা।

Indecency, *n. s.* Fr. অযোগ্যতা, অনুপযুক্ততা, অকর্ত্তব্যতা, অশিষ্টতা, অসভ্যতা, কুস্বভাব, মন্দতা, গর্হিতত্ব, লজ্জাকরত্ব, নিন্দনীয়ত্ব, নির্লজ্জতা, বেহায়াপনা।

Indecent, *a.* মন্দ, কদর্য্য, অযোগ্য, অনুপযুক্ত, অকর্ত্তব্য, অশিষ্ট, কুস্বভাব, মন্দ, গর্হিত, লজ্জাকর, কুদৃশ্য, কুশ্রাব্য, নির্লজ্জ, বেহায়া, অসভ্য, অশিষ্ট, কদাকার।

Indecently, *ad.* অযোগ্যতাপূর্ব্বক, অনুপযুক্ততারূপে, অকর্ত্তব্যতারূপে, অশিষ্টতাপূর্ব্বক, কুস্বভাবরূপে, লজ্জাকরত্বরূপে, গর্হিতত্বরূপে, মন্দত্বপূর্ব্বক, কুদৃশ্যত্বরূপে, কুশ্রাব্যত্বরূপে, কদাকারে, নির্লজ্জরূপে, বেহায়ারূপে।

Indeciduous, *a.* অপতনশীল, অনাবৃত, সতেজ, সরস, অক্ষয়, পতন হয় না যাহার।

Indecimable, *a.* দশাংশ হয় না যাহার বা করা যায় না যাহাকে।

Indecision, *n. s.* অনিশ্চয়, অনির্ণয়, শেষ বা স্থৈর্য্যাভাব।

Indecisive, *a.* অনিশ্চিত, অনির্ণীত, ঠিকানা বা স্থৈর্য্য নাই যাহার বা যাহাতে, অস্থির, অঠিক।

Indecisiveness, *n. s.* কোন বিবাদ বৈলক্ষণ্য ভেদ বা বিতণ্ডা স্থির করণে অক্ষমতা, কোন কর্ম্ম পরিষ্কার বা রক্ষাকরণে অক্ষমতা।

Indeclinable, *a.* Lat. অপরিবর্ত্তনীয়, পরিবর্ত্তন বা বদল নাই যাহার, সর্ব্বদা এক ভাব বা অবস্থা থাকে যাহার, অবিকল, অবিকৃত ধাতু বা সংজ্ঞার বিশেষণবাচক, অব্যয়, অব্যয়ী।

Indeclinably, *ad.* অপরিবর্ত্তনীয়ত্বপূর্ব্বক, পরিবর্ত্তন বা বদল নাই যাহার তদ্ভাব, অবিকলত্ব, অবিকৃতত্ব।

Indecorous, *a.* Lat. মন্দ, গর্হিত, লজ্জাহীন, নির্লজ্জ, বেহায়া, অযোগ্য, অনুপযুক্ত, অশিষ্ট, অসভ্য, দুষ্ট কুরূপ।

Indecorously, *ad.* লজ্জাহীনতাপূর্ব্বক, অসভ্যতাপূর্ব্বক, অশিষ্টতারূপে, অযোগ্যতাপূর্ব্বক, অনুপযুক্ততারূপে, দুষ্টিকৌরূপ্যপূর্ব্বক।

Indecorousness, *n. s.* লজ্জাহীনতা, অসভ্যতা, অশিষ্টতা, অমনুষ্যত্ব, অযোগ্যতা, অনুপযুক্ততা, কুব্যবহার, কদাচার, অশিষ্টাচার, ব্যবহারের কদর্য্যত্ব, দুষ্টিকৌরূপ্য।

Indecorum, *n. s.* Lat. অসভ্যতা, অশিষ্টতা, ব্যবহারের আচারের বা চলনের অনুপযুক্ততা বা গর্হ্যত্ব, অকর্ত্তব্যতা, দুষ্টিকৌরূপ্য।

Indeed, *ad.* যাথার্থ্যরূপে, প্রকৃতরূপে, যাথার্থ্যপূর্ব্বক, অবশ্য, নিতান্ত, বটে, হাঁ, এই বটে, সত্য, ফলতঃ, ঠিক, খলু, বটে২।

Indefatigable, *a.* Lat. অবিশ্রান্ত, অক্লান্ত, অক্লিষ্ট, অশ্রান্ত, অপরিশ্রান্ত।

Indefatigableness, *n. s.* অবিশ্রান্তি, অক্লান্তি, অক্লিষ্টতা, অশ্রান্ততা, অশ্রান্তি।

Indefatigably, *ad.* অবিশ্রান্তিরূপে, অপরিশ্রান্তরূপে, অক্লান্তত্বপূর্ব্বক, অক্লিষ্টতারূপে, অক্লেশপূর্ব্বক, অবিশ্রান্তে, না জিরিয়া, বিশ্রাম না লইয়া।

Indefatigation, *n. s.* অবিশ্রান্তি, অক্লান্তি, অক্লিষ্টতা, অশ্রান্ততা, অশ্রান্তি।

Indefeasible, *a.* অপরাভবনীয়, অজেয়, অজয্য, অপরাসনীয়, অবিনাশ্য।

Indefectibility, *n. s.* ক্ষয় বা হ্রাস হয় না বা নাই যাহার তদ্ভাব তদবস্থা বা তচ্ছক্তি, ন্যূনতা বা অক্ষয়ত্ব, অবৈলক্ষণ্য, অপরিবর্ত্তনীয়ত্ব।

Indefectible, *a.* Lat. অবিলক্ষণ, অপরিবর্ত্তনীয়, দোষ চুক ভুম হ্রাস বা বিকারবর্জ্জিত, অক্ষয়ণীয়, অনাশ্য।

Indefective, *a.* শুদ্ধ, পরিপূর্ণ

Indefeisible, *a.* Fr. আকাটা, অকর্ত্তনীয়, অত্যাজ্য, অটল, দৃঢ়, অনন্যথাভবনীয়।

Indefensible, *a.* Lat. অরক্ষণীয়, অরক্ষ্য, অপ্রত্যুত্তরণীয়, অনুত্তরণীয়।

Indefensive, *a.* অরক্ষণীয়, রক্ষা বা বাঁচোয়া নাই যাহার।

Indeficiency, *n. s.* বিলম্বাসহত্ব।

Indeficient, *a.* নিশ্চিত, নির্ণীত, নিঃসন্দেহ, ঠিক, সম্পূর্ণ, পূর্ণ।

Indefinable, *a.* অনির্ব্বচনীয়, অনিশ্চেতব্য, স্থৈর্য্য বা নিশ্চয় হয় না যাহার, অনিরূপণীয়।

Indefinite, *a.* Lat. অনিশ্চিত, অনিরূপিত, অস্থির, অনির্দ্দিষ্ট, অনিয়মিত, ইয়ত্তা শেষ বা স্থৈর্য্য নাই যাহার, অনিত্য, অনন্ত, বুদ্ধির অগোচর, অশেষ।

Indefinitely, *ad.* অনিশ্চিতত্বপূর্ব্বক, অনিরূপিতত্বরূপে, অনির্দ্দিষ্টতারূপে, অনিয়মপূর্ব্বক, অনিত্যতারূপে, অনিয়মিতরূপে, অশেষরূপে।

Indefiniteness, *n. s.* অনিশ্চিতত্ব, অনিরূপিতত্ব, অস্থৈর্য্য, অনির্দ্দিষ্টতা, অনিয়ম।

Indefinitude, *n. s.* বাহুল্য, আধিক্য, বহুত্ব, মনের অগোচরত্ব, বুদ্ধির অগোচর সংখ্যা পরিমাণ বা ইয়ত্তা।

Indeliberate বা Indeliberated, *a.* অবিবেচিত, অসাবধান, অবিবেচ্য, অচিন্তিত, ভাবিয়া বা বিবেচনা না করিয়া হইয়াছে যাহা।

Indelibility, *n. s.* অনাশ্যত্ব, অপ্রোঞ্ছনীয়তা, অলোপত্ব, অনশ্বরতা।

Indelible বা Indeleble, *a.* অনাশ্য, স্থায়ী, অপ্রোঞ্ছনীয়, অলোপ্য, অমোচনীয়, অনশ্বর, অনন্যথাকরণীয়, মিটান যায় না যাহা।

Indelibly, *ad.* অনাশ্যতাপূর্ব্বক, অপ্রোঞ্ছনীয়ত্বরূপে, অলোপ্যতাপূর্ব্বক, অনশ্বরতাপূর্ব্বক।

Indelicacy, *n. s.* অকোমলত্ব, অমার্দ্দব, অমৃদুত্ব, কাঠিন্য, অশিষ্টতা, সুস্বভাবরাহিত্য, অসদাচার।

Indelicate, *a.* অকোমল, অমৃদু, সুরীতি বা সুস্বভাবরহিত, অশিষ্ট, অসদাচারী, অযুক্ত।

Indemnification, *n. s.* বাঁচোয়া, রক্ষা, ক্ষতিপূরণ, ক্ষতি বা দণ্ড হইতে রক্ষা, বাঁচোয়া, পরিহার, কোন ক্ষতি বা ভাবি উৎপাতের ভার জিম্মা করিয়া লওন, জামিনহওন বা দেওন, গুনাহগারি ফিরিয়া পাওন বা তদর্থে বোধ বা স্বীকার, নিসা।

To Indemnify, *v. a.* নিসা-কৃ, দায়-দা, ক্ষতি-পূরা, কোন ক্ষতি বা দণ্ড পূরণার্থে জিম্মা করিয়া-নী, রক্ষা-কৃ, বিনা ক্ষতিতে নির্ব্বাহ-কৃ।

Digitized by Google

Indemnity, *n. s.* Fr. নিসা, রক্ষা, জামিনী, কোন দণ্ডহইতে বাঁচন বা রক্ষা পাওন, তদর্থে একরার স্বীকার বা বোধ।

Indemonstrable, *a.* অপ্রমেয়, অপ্রমাণার্হ, প্রমাণকরণাযোগ্য, প্রমাণ করা যায় না যাহার, সাব্যস্ত হয় না যাহা, অসাধ্য, অপ্রামাণ্য।

Indenization, *n. s.* সনন্দ, পরবানা, সনন্দ দেওন, পরবানা যদ্দ্বারা কোন ব্যক্তি স্বাধীন হয়।

To **Indenize**, *v. a.* স্বাধীন-কৃ, খোলাসা-কৃ, *To* **Endenize** শব্দ দেখ।

To **Indenizen**, *v. a.* স্বাধীন-কৃ, স্বাভাবিক-কৃ।

To **Indent**, *v. a.* Lat. খাঁজ-কাট বা-কৃ, অসমান-কৃ, অসমান রেখা দ্বারা চিহ্নিত-কৃ, কমবেশ-রাখ, কাঁকরো-কাট, সর্পের ন্যায় বক্র হইয়া-যা বা তদাকার-কৃ, জিনিসের হুকুম-পাঠা বা চিটী-কৃ, কোন দ্রব্য পাঠাইতে হুকুম-কৃ।

To **Indent**, *v. n.* সওদা-কৃ, ফুরাইয়া-নী, ছোট-হ, খাঁজ-হ, কম বেশ-রাখ, উচানীচা বা ছোট বড়-কৃ, জিনিসের হুকুম-পাঠা।

Indent, *n. s.* অসাম্য, অসমানতা, খাঁজ, চিহ্ন, ছাপ, দাগ, চিহ্ন।

Indentation, *n. s.* নিয়মপত্র, অসমানতা, খাঁজ।

Indentment, *n. s.* একরারনামা, বন্দোবস্ত, নিয়মপত্র, মুচলকা।

Indenture, *n. s.* তথা।

To **Indenture**, *v. a.* খাঁজ-কাট, কুঞ্চা।

Independence বা **Independency**, *n. s.* স্বাধীনতা, অপরাধীনত্ব, স্বতন্ত্রতা, স্বাতন্ত্র্য, মুক্ত্যবস্থা, অনধীনতা, স্ববশতা, নিরপেক্ষতা।

Independent, *a.* স্বাধীন, অপরাধীন, অনধীন, স্বতন্ত্র, স্ববশ, অনায়ত্ত, নিরপেক্ষ, ব্যতিরিক্ত, সেওয়ায়, তদ্ভিন্ন।

Independent, *n. s.* অনধীন বা স্বতন্ত্র ব্যক্তি, খ্রীষ্টীয়ানবিশেষ।

Independently, *ad.* ব্যতিরেকে, বিনা অন্যবিষয় বা ব্যক্তি, তদ্ভিন্ন, অপেক্ষা না করিয়া, স্বাধীনত্বরূপে, স্বতন্ত্ররূপে, অনায়ত্তরূপে।

Indeprecable, *a.* Lat. মিনতির অযোগ্য।

Indeprehensible, *a.* Lat. খুঁজিয়া পাওয়া যাইতে পারে না যাহা, অনুসন্ধান হইতে পারে না যাহার, জানা যাইতে পারে না যাহা।

Indeprivable, *a.* অহরণীয়, অনপহরণীয়।

Indescribable, *a.* অনির্ব্বচনীয়, অবর্ণনীয়, বর্ণনা বা বিবরণ করা যায় না যাহা।

Indesert, *n. s.* অপ্রশংসা, গুণ বা প্রতিষ্ঠার অভাব।

Indesinent, *a.* Lat. অবিশ্রান্ত, অবিরত, ক্রমিক, ধারাবাহিক।

Indesinently, *ad.* অবিশ্রান্তিরূপে, অবিরামপূর্ব্বক, ক্রমিকত্বরূপে, ধারাবাহিকত্বপূর্ব্বক।

Indestructible, *a.* অনাশ্য, অবিনশ্বর, অধ্বংসনীয়, অবিনাশ্য।

Indeterminable, *a.* অস্থৈর্য্য, অনিশ্চেয়, অনির্দ্ধারণীয়, পরিষ্কার বা শেষ হয় না যাহার, নির্দ্ধার্য্য বা পরিষ্কার হয় না যাহার।

Indeterminate, *a.* অস্থির, অনিশ্চিত, অনির্দ্ধারিত।

Indeterminately, *ad.* অস্থৈর্য্যপূর্ব্বক, অনিশ্চিতত্বরূপে, অনির্দ্ধারণপূর্ব্বক।

Indetermination, *n. s.* অস্থৈর্য্য, অনিশ্চয়, স্থৈর্য্যাভাব, অনির্দ্ধারণ, অবধারণরাহিত্য।

Indetermined, *a.* অনিশ্চিত, অনির্দ্ধারিত, অস্থির, অনিয়ত, অনবধারিত, অনিয়মিত।

Indevote, *a.* Fr. অল্পশ্রদ্ধান্বিত, অল্পস্নেহ যাহার।

Indevoted, *part. a.* অনিবিষ্ট, শ্রদ্ধারহিত, অনাস্থিক, আস্থাহীন, শ্রদ্ধা বা আস্থা নাই যাহার।

Indevotion, *n. s.* আস্থারাহিত্য, শ্রদ্ধাহীনতা, অধর্ম্ম, উপাসনাভাব।

Indevout, *a.* Fr. অধার্ম্মিক, অধর্ম্মিষ্ঠ।

Indevoutly, *ad.* অধার্ম্মিকতারূপে, অধর্ম্মিষ্ঠতাপূর্ব্বক, বিনা ধর্ম্মাচরণে, বিনা উপাসনায়।

Index, *n. s.* Lat. প্রকাশক, প্রচারক, ব্যক্তকারক, দর্শয়িতা, অনুক্রমণিকা, সূচীপত্র, গ্রন্থের সূচি বা চুম্বক, নির্ঘণ্ট, ফিরিস্তি, সারার্থ, হস্তাকার চিহ্ন, যথা ☞।

Indexterity, *n. s.* অদক্ষতা, অপটুতা, চালাকীর অভাব, গাফিলি, ক্ষিপ্রতাভাব, জড়তা।

India, *n. s.* হিন্দুস্থান, *East* India ভারতবর্ষ, *West* India আমেরিকা দেশ।

Indian, *a.* পূর্ব্বোক্ত দেশজ মনুষ্য বা দ্রব্য, তদ্দেশবাসী।

Indian *Arrow Root*, *n. s.* মূলবিশেষ।

Indian *Cress*, *n. s.* চারাবিশেষ।

Indian *Fig*, *n. s.* চারাবিশেষ।

Indian *Ink*, *n. s.* কালিবিশেষ, একপ্রকার বর্ণ।

Indian *Red*, *n. s.* সিন্দূরবিশেষ।

Indicant, *a.* Lat. দর্শক, দেখাইয়া দেয় যে, কোন রোগে কর্ত্তব্যাকর্ত্তব্য বা উপায় জানায় যে।

To **Indicate**, *v. a.* Lat. চিহ্ন বা আকার-দর্শা, দেখা, দেখাইয়া-দা, বৈদ্য শাস্ত্রে রোগের ঔষধ বা উপায়-কৃ, অনুভব-কৃ, লক্ষ-কৃ, সূচনা-কৃ।

Indication, *n. s.* চিহ্ন, আকার, লক্ষণ, সূচনা, অনুভব, উপসর্গ, উপক্রম, রোগের শান্তি, প্রকাশ, সম্বাদ, ব্যাখ্যা, দেখাওন।

Indicative, *a.* দর্শক, দর্শয়িতা, দেখায় যে, উপদেশ করে যে, জ্ঞাপক, জানায় যে, কর্তৃবাচ্য, সার্থ্য, সটীক, সূচনীয়।

Indicatively, *ad.* লক্ষণ বা চিহ্ন বা উপদেশপূর্ব্বক।

Indicator, *n. s.* দর্শক, দর্শয়িতা, দেখাইয়া দেয় যে।

Indicatory, *a.* অর্থকারক, প্রকাশক, সুস্পষ্টজ্ঞাপক, সুস্পষ্টরূপে দর্শায় জানায় বা প্রকাশ করে যে।

Indice, *n. s.* Fr. অর্থ, স্থূল, অভিপ্রায়, চিহ্ন, লক্ষণ, সূচীপত্র, অনুক্রমণিকা।

To **Indict** বা *To* **Indite**, *v. a.* Fr. নালিস-কৃ, ফৌজদারী আদালতে নালিস-কৃ, আদালতে দরখাস্ত দিয়া নালিস-কৃ, রচনা-কৃ, লিখ, প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ।

Indictable, *a.* ফৌজদারী আদালতের যোগ্য, ফৌজদারী আদালতে নালিসকরণীয়।

Indicter বা **Inditer**, *n. s.* ফরিয়াদী, ফৌজদারী আদালতে নালিস করে যে ব্যক্তি, লেখক, **Enditer** শব্দ দেখ।

Indiction, *n. s.* বর্ণন, প্রকাশকরণ, ব্যক্তকরণ, ঢেণ্ডারা দেওন, শ্রেষ্ঠ, মহামহিম, (Constantine) কানষ্টেন্টিননামক রাজা কর্তৃক স্থাপিত করবিষয়ক আইনবিশেষ।

Indictive, *a.* Lat. ব্যক্ত, কথিত, প্রকাশিত।

Indictment, *n. s.* **Endictment**, শব্দ দেখ।

Indifference বা **Indifferency**, *n. s.* উদাসীনতা, অপক্ষপাত, অনুপরোধ, সমভাব, অমুখাপেক্ষা, অগণতা, বেপরবা, অসাবধান, স্নেহরাহিত্য, অমনোযোগ, অগণ্যতা, অনভিলাষ, অনুদ্যমতা, অস্পৃহা, বিতৃষ্ণা।

Indifferent, *a.* Lat. ভাল মন্দের মধ্যে নহে যে, কোন পক্ষ লয় না যে, ভাল মন্দ কিছুই বলে না যে, গণতা করে না যে, সমভাবে স্থিত, সমবুদ্ধি যাহার, অমায়িক, অনাসক্তমনা, উদাসীন, অগণতাকারী, অপক্ষপাতী, বেপরবা, অমনোযোগী, স্নেহশূন্য,

Digitized by Google

নিস্পৃহ, অনভিলাষী, অনিচ্ছুক, অব্যগ্র, অনুদ্যম, বেগরজ, নিরপেক্ষ, নিঃস্বার্থ, মধ্যবর্ত্তী, চলনসহী।

Indifferently, *ad.* অমায়িকতারূপে, অনাসক্তমনস্কপূর্ব্বক, অগণতাকারিত্বপূর্ব্বক, অমনোযোগিত্বরূপে, অনভিলাষিত্বরূপে, অনিচ্ছুকত্বপূর্ব্বক, বিনা ইতরবিশেষ ভাবে, বিনা পক্ষপাতে, সমতুল্যে, সমভাবে, পক্ষপাতশূন্য হইয়া, মধ্যবর্ত্তিত্বরূপে, বিনা অভিলাষ বা তাচ্ছল্যেতে, চলনসহিরূপে, মাজামাজীতে, অনুত্তমরূপে।

Indigence বা **Indigency**, *n. s.* দৈন্য, গরীবী, অভাব, দুঃখ, কাঙ্গলাম, দরিদ্রতা, দীনতা, দরিদ্রের ভাব, অসাঙ্গত্য, নিঃস্বতা, দুর্ভাগ্য।

Indigene, *n. s.* Lat. কোন দেশজাত ব্যক্তি বা বস্তু।

Indigenous, *a.* কোন দেশজ, দেশীয়, দেশজাত, কোন দেশের আদিস্থিত বা জাত।

Indigent, *a.* Lat. গরীব, দীন, দরিদ্র, দুঃখী, নির্দ্ধন, কাঙ্গালি, দীনহীন, নিঃস্ব, নাচার, খোলা, শূন্য, অভাববিশিষ্ট।

Indigest বা **Indigested**, *a.* Lat. গোলমাল, শুচিক্রম বা নিয়মরহিত, পৃথক্ বা শিথিল হয় নাই যাহার, অবিবেচিত, অশ্রেণীকৃত, অজীর্ণ, অপক্ব, অপাককৃত, অজীর্ণিত, বেহজম।

Indigestible, *a.* দুষ্পাচ, অপাকযোগ্য, অপাক্য, দুষ্পাচ্য, পাক হয় না যাহা, লওনাক্ষম, গ্রহণাক্ষম।

Indigestion, *n. s.* অপাক, অজীর্ণতা, অপচার, বেহজমী, মন্দাগ্নি।

To **Indigitate**, *v. a.* Lat. দর্শা, দেখাইয়া-দা, অঙ্গুলিদ্বারা-দর্শা, দেখা।

Indigitation, *n. s.* দেখান, দর্শান, দেখাইয়া দেওন, অঙ্গুলিদ্বারা লক্ষকরণ বা দেখান।

Indign, *a.* Lat. অনুপযুক্ত, অযোগ্য, অপমানজনক, অসম্ভ্রমজনক, লজ্জাকর, কলঙ্ককারক।

Indignly, *a.* অযোগ্য, অনুপযুক্ত।

Indignance বা **Indignancy**, *n. s.* ক্রোধ, কোপ, উষ্মা, হেয়জ্ঞান, দ্বেষ, অবজ্ঞা, কোপযুক্তঘৃণা, ঘৃণা, তুচ্ছকরণ বা তৎজ্ঞান।

Indignant, *a.* Lat. ক্রোধান্বিত, রুষ্ট, ক্রুদ্ধ, রাগান্বিত, কুপিত, অবজ্ঞাদ্বারা রাগপ্রাপ্ত, ঘৃণা প্রযুক্ত ক্রোধ আছে বা হয় যাহার।

Indignantly, *ad.* ক্রোধপূর্ব্বক, কোপপূর্ব্বক, কুপিতত্বরূপে।

Indignation, *n. s.* Lat. অবজ্ঞাবিশিষ্ট ক্রোধ, রাগ, কোপ, কহর, শ্রেষ্ঠ ব্যক্তির ক্রোধ, ক্রোধের ফল বা গুণ।

To **Indignify**, *v. a.* অবজ্ঞা-কৃ, হেয়-কৃ, অবজ্ঞাপূর্ব্বক ব্যবহার-কৃ, অপমান বা হেয়ত্বরূপে ব্যবহার-কৃ, অপমান-কৃ, অনাদর-কৃ।

Indignity, *n. s.* Lat. অসম্ভ্রম, অসম্মান, অপমান, অভ্রম, অমর্য্যাদা, অবজ্ঞা, হেয়তা, তাচ্ছল্য।

Indigo, *n. s.* Lat. নীলবৃক্ষ, নীল, নীলবড়ি।

Indilatory, *a.* সত্বর, ত্বরিত, ক্ষিপ্র, অগৌণকারী।

Indiligence, *n. s.* আলস্য, কুড়েম, গাফীলী, অসাবধানতা, অপরিশ্রম, পরিশ্রম বা ক্লিন্নতাভাব।

Indiligent, *a.* Fr. অশ্রমী, অশ্রান্ত, অলস, অকর্ম্মঠ, কর্ম্মে অদক্ষ, শ্রম লয় না যে।

Indiligently, *ad.* অশ্রান্তিপূর্ব্বক, অশ্রমিত্বরূপে, কর্ম্মে অদক্ষতাপূর্ব্বক, অলস হইয়া, আলস্য বা কুড়েমপূর্ব্বক, অক্লিপ্রতাপূর্ব্বক।

Indiminishable, *a.* অক্ষয়, কমতি নাই যাহার, অহ্রস্বনীয়, কম বা হ্রাসহওনে বা করণে অক্ষম বা অযোগ্য।

Indirect, *a.* Lat. বক্র, বাঁকা, অসরল, আঁচক, উল্টা, অপ্রকৃত, অন্যায়, অযথার্থ, অকর্ত্তব্য, অসিদা, পেঁচা পাঁচা, অসুস্পষ্ট, বরাবর নহে যাহা, প্রকারান্তর।

Indirection, *n. s.* অযথার্থ ব্যাপার বিষয় বা ব্যবহার, অযথার্থ পথ রীতি বা ভাব।

Indirectly, *a.* অপ্রকৃতরূপে, অযথার্থরূপে, অন্যায়ে, অস্পষ্টে, বক্রতারূপে বা ভাবে, বিনামে, পরদ্বারা, প্রকারান্তরে, সঙ্কেতে, বক্রভাবে, বেঁকাবেঁকিতে।

Indirectness, *n. s.* অপ্রকৃতত্ব, অযাথার্থ্য, অন্যায্যত্ব, অস্পষ্টত্ব, বক্রতা, অনৌচিত্য।

Indiscernible, *a.* অদৃশ্য, অলক্ষণীয়, অদর্শনীয়, অপ্রকাশ্য, অবোধ্য, অননুভবনীয়, ব্যক্ত হয় না যাহা, অনুপলভ্য, বুঝা বা চিনা যায় না যাহা।

Indiscernibleness, *n. s.* বোধে অক্ষমতা, প্রকাশ ব্যক্ত বা দৃষ্টিকরণে অক্ষমতা।

Indiscernibly, *a.* অননুভবপূর্ব্বক, অবোধপুরঃসরে।

Indiscerpible, *a.* ভঙ্গ নাশ বা ক্ষয় হওনে অযোগ্য বা অক্ষম, অনাশ্য, অনশ্বর, নাশ নাই যাহার।

Indiscerptible, *a.* অচ্ছেদ্য, অভেদ্য, অপৃথক্করণীয়, অনাশ্য, অবিভজনীয়, অবিভাজ্য।

Indiscerptibility, *n. s.* অচ্ছেদ্যতা, অভেদ্যতা, অপৃথক্করণীয়ত্ব, অনাশ্যতা।

Indisciplinable, *a.* সুরীতি বা নিয়মের দ্বারা ভাল হইতে পারে না যাহা বা তাহাতে অক্ষম যে।

Indiscoverable, *a.* অপ্রকাশ্য, অবাচ্য, অবক্তব্য, অপ্রাপ্য, দুর্লভ, অদৃশ্য, অন্বেষণদ্বারা অপ্রাপ্য, গুপ্ত, নিশ্চয় বা স্থির করিতে পারা যায় না যাহা।

Indiscovery, *n. s.* গোপন, অপ্রকাশ, অপ্রকাশাবস্থা, গুপ্তাবস্থা, অপ্রাপণ।

Indiscreet, *a.* অপরিণামদর্শী, অবিজ্ঞ, অবিবেচক, অসাবধান, প্রমাদী, অবুদ্ধিমান্, অবিবেচিত, অসমীক্ষ্যকারী।

Indiscreetly, *ad.* অপরিণামদর্শনপূর্ব্বক, অবিবেচনাপূর্ব্বক, প্রমাদরূপে, অসাবধানপূর্ব্বক, অবিজ্ঞতারূপে, অবিবেচিতরূপে, অনালোচিতত্বরূপে।

Indiscrete, *a.* Lat. অবিচ্ছিন্ন, অপৃথগ্ভূত, অচিহ্নিত।

Indiscretion, *n. s.* অপরিণামদর্শন, অবিবেচনা, অনালোচনা, অসাবধানতা, প্রমাদ, অনবধান, গোঁয়ারতিমি।

Indiscriminate, *a.* Lat. অবিবিক্ত, অপৃথক্কৃত, অবিশেষ, অভেদ, সামান্যতঃ, অব্যবস্থিত, কোন ভেদ বা চিহ্ন নাই যাহাতে বা যাহার, একাদিক্রমিক, গোলমাল।

Indiscriminately, *ad.* বিনাভেদে, অবিশেষ, অবৈলক্ষণ্যে, অভেদপূর্ব্বক, সাধারণে, ইতরবিশেষ না করিয়া, অবচ্ছেদাবচ্ছেদে, একাদিক্রমে, অভেদরূপে, মোটামোটিতে।

Indiscriminating, *a.* অপ্রভেদ, অবিশেষ, প্রভেদ বিশেষ গুণ বা লক্ষণ নাই বা করে না যাহার বা যাহাতে, চিহ্নরহিত।

Indiscrimination, *n. s.* বিবেচনা চিহ্ন প্রভেদ বা বিশেষরাহিত্য বা তদ্ভাব।

Indiscussed, *a.* অবিবেচিত, অপরীক্ষিত, অবিচারিত, বিচার বা বিবেচনা হয় নাই যাহার বা যাহাতে।

Indispensability, *n. s.* ত্যাগ নিবারণ বা রহিতহওনে বা করণে অক্ষমতা, আবশ্যকতা, অত্যাবশ্যকতা, না হইলে নয় যাহা তদ্ভাব।

Indispensable, *a.* Fr. অত্যাজ্য, অনিবার্য্য, অনিরোধ্য, অবাধ্য,

Digitized by Google

অদেয়, আবশ্যক, অবশ্যভবিতব্য, কর্ত্তব্য, অবশ্য, অত্যাবশ্যক, না হইলে নয় যাহা।

Indispensableness, *n. s.* অত্যাজ্যতা, অনির্ব্বার্য্যতা, অনিরোধ্যতা, আবশ্যকতা, অবশ্যভবিতব্যতা, অবশ্যম্ভাব।

Indispensably, *ad.* অত্যাজ্যতাপূর্ব্বক, অনির্ব্বার্য্যতারূপে, অনিরোধ্যতাপূর্ব্বক, অবশ্যভবিতব্যতাপূর্ব্বক, আবশ্যকরূপে, অত্যাবশ্যকতারূপে।

Indispersed, *a.* অছড়ান, বিলি পার্থক্য বা অংশ করা নাই বা হয় নাই যাহার, ইতস্তত অনিক্ষিপ্ত।

To **Indispose**, *v. a.* Fr. অনুপযুক্ত-কৃ, অযোগ্য-কৃ, ফিরা, বিপরীত বা উল্টা গোলমাল-কৃ, বেআড়া-কৃ, প্রতিকূল-কৃ, বেকল-কৃ, অপ্রবৃত্তি-জন্মা, মন-ফিরা, মন-বিগড়া, অক্ষম-কৃ, কর্ত্তব্য কার্য্য করণে অনুপযুক্ত বা অযোগ্য-কৃ, ঈষৎপীড়িত-কৃ, পীড়ার উপক্রম বা লক্ষণ-কৃ বা-জন্মা, অল্পপীড়া জন্মা-বা -কৃ, শারীরিক অস্বচ্ছন্দ-কৃ, অসুস্থ-কৃ।

Indisposedness, *n. s.* অনুপযুক্ততা, অযোগ্যতা, ঈষৎ পীড়িতাবস্থা, অপ্রবৃত্তি, বৈলক্ষণ্যাবস্থা।

Indisposition, *n. s.* পীড়ার উপক্রম, পীড়ার লক্ষণ, পীড়ার প্রাদুর্ভাব, অস্বাস্থ্য, ঈষৎপীড়া, বিচ্ছেদ, অপ্রীতি, বিগড়, অপ্রেম, বিরাগ।

Indisputable, *a.* নিঃসন্দিগ্ধ, অবিবদনীয়, অবিরোধ্য, অন্যথাকরণাযোগ্য, অনন্যথাকরণীয়, বিতণ্ডা বা বিবাদ নাই যাহাতে।

Indisputableness, *n. s.* নিঃসন্দিগ্ধত্ব, নিঃসন্দেহ, ঠিক, প্রামাণ্য, অবিবদনীয়ত্ব।

Indisputably, *ad.* নিঃসন্দিগ্ধতারূপে, নিশ্চয়রূপে, নিঃসন্দেহে, অবিবাদ বা অনন্যথাপূর্ব্বক, বিনাপ্রতিবন্ধকে, অবশ্য।

Indissolvable, *ad.* অদ্রবণীয়, অগলনীয়, অভঞ্জনীয়, অনাশ্য, অনন্ত, চিরস্থায়ী, অলড়নীয়, দৃঢ়, অত্যাজ্য, অভঙ্গুর।

Indissolubility, *n. s.* Fr. অদ্রবণীয়ত্ব, অগলনীয়ত্ব, স্থায়িত্ব, দার্ঢ্য, শক্ততা, মজবুতী, দৃঢ়তা, বদ্ধতা, চিরাধীনত্ব, অভেদ্যাবস্থা।

Indissoluble, *a.* Lat. অদ্রবণীয়, অভেদ্য, অপৃথক্করণীয়, শক্ত, দৃঢ়, মজবুত, চিরাধীন বা বদ্ধকরণীয়, অভঙ্গকরণীয়, অটল, অনন্তকালস্থায়ী।

Indissolubleness, *n. s.* অদ্রবণীয়ত্ব, অভেদ্যত্ব, অপৃথক্করণীয়ত্ব, শক্তত্ব, দৃঢ়ত্ব, মজবুতী, চিরাধীনত্ব, বদ্ধত্ব, বদ্ধাবস্থা, অটলত্ব, অনন্তকালস্থায়িত্ব।

Indissolubly, *ad.* অপার্থক্যরূপে, অভেদ্যত্বরূপে, অদ্রবণীয়ত্বপূর্ব্বক, অনন্তকালস্থায়িত্বরূপে, দৃঢ় বন্ধনপূর্ব্বক।

Indistancy, *n. s.* অপার্থক্যাবস্থা, সংলগ্নতাবস্থা।

Indistinct, *a.* Lat. অস্পষ্ট, অব্যক্ত, অস্ফুট, অপ্রকাশ, অপৃথক্, অবিবিক্ত, অপৃথগ্ভূত, স্পষ্টরূপে চিহ্নিত নহে যাহা, অভেদকৃত, গোলমাল।

Indistinctible, *a.* চিহ্নিত বা পৃথক্কৃত নহে যাহা, ভেদ হয় না যাহার, চিনিতে বা জানিতে পারা যায় না যাহা।

Indistinction, *n. s.* অস্পষ্টত্ব, গোলমাল, অনিশ্চিতত্ব, অব্যবস্থিতত্ব, অনিরূপণ, বিবেচনা বা ইতরবিশেষরাহিত্য, প্রভেদবিশেষ বা ভিন্নত্বরাহিত্য।

Indistinctly, *ad.* অস্পষ্টে, অস্পষ্টত্বরূপে, অনিশ্চিতত্বপূর্ব্বক, গোলমালে, অব্যবস্থিতত্বরূপে, অব্যক্তরূপে।

Indistinctness, *n. s.* অস্পষ্টত্ব, গোলমাল, অভেদ, অপার্থক্য, অনিশ্চয়তা, অব্যক্ততা।

Indistinguishable, *a.* স্পষ্টরূপে চিহ্নিত বা উক্ত নহে যাহা, অনবধারিত, অনিরূপিত, অস্থৈর্য্যশালী।

Indisturbance, *n. s.* স্থিরত্ব, অবিরোধ, খোলাসা, উৎপাত বিরোধ গোলমালহইতে পৃথক্ বা মুক্তাবস্থা বা তদ্ভাব।

To **Inditch**, *v. a.* খানায়-পোত বা -গাড়।

To **Indite**. *To* **Indict** শব্দ দেখ।

Inditer. **Indicter** শব্দ দেখ।

Individable, *a.* পৃথক্ বা অংশ হয় না যাহার, অবিভাজ্য, অবিভক্ত।

Individed, *a.* অবিভক্ত, অপৃথক্, অবিভিন্ন।

Individual, *a.* Lat. অপৃথক্, স্বয়ং, স্বতন্ত্র, কেহ, প্রত্যেক, একক, এক, সংখ্যাতে এক, অবিভক্ত, মিলিত, প্রতিজন।

Individual, *n. s.* জনেক, একসংখ্যক দ্রব্য বা ব্যক্তি, প্রত্যেক জন, প্রতিব্যক্তি, কোন এক ব্যক্তি বা জন, ব্যক্তি, লোক।

Individuality, *n. s.* পার্থক্য, পৃথক্ বা স্বাতন্ত্র্য বর্ত্তন তদবস্থা বা তদ্ভাব, ব্যক্তিত্ব।

Individually, *ad.* একেং, জনেং, প্রত্যেকে, স্বতন্ত্র হইয়া, পৃথক্ হইয়া, সকলে জুদাং হইয়া, প্রতিজনে, ব্যক্তিরূপে।

To **Individuate**, *v. a.* পৃথক্-কৃ, স্বতন্ত্র-কৃ, জুদাং-কৃ, একং-কৃ।

Individuate, *a.* অবিভক্ত, মিলিত।

Individuation, *n. s.* স্বতন্ত্র বা পৃথক্করণ।

Individuity, *n. s.* পার্থক্য, পৃথক্ বা স্বতন্ত্রাবস্থা, প্রত্যেকত্ব।

Indivinity, *n. s.* ঐশিক শক্তিরাহিত্য বা তদভাব।

Indivisibility বা **Indivisibleness**, *n. s.* অবিভাজ্যাবস্থা, ভাগ বা অংশ বা পার্থক্য হয় না যাহাতে বা যাহার তদবস্থা বা তদ্ভাব, অচ্ছেদ্যত্ব, অভেদ্যত্ব, অনংশত্ব, অংশরাহিত্য।

Indivisible, *a.* অচ্ছেদ্য, অভেদ্য, অনংশনীয়, অভেদনীয়, অবিভাজ্য, অভেদনীয়, অচ্ছেদনীয়, অদ্বিধা।

Indivisible, *n. s.* অবিভাজ্য বস্তু, ভাগ বা অংশহওনে অযোগ্য বস্তু বা বিষয়।

Indivisibly, *ad.* অনংশ বা অবিভাগপূর্ব্বক, অংশ হয় না যাহার তদনুসারে।

Indocible, *a.* অশিক্ষণীয়, অনুপদেশ্য, অনায়ত্ত, অনিবিষ্ট, শিক্ষা বা উপদেশ গ্রহণে অক্ষম যে।

Indocile, *a.* Lat. তথা।

Indocility, *n. s.* অশিক্ষণীয়ত্ব, অনুপদেশ্যত্ব, অনায়ত্তত্ব, শিক্ষা বা উপদেশ গ্রহণাক্ষমত্ব, অনিবিষ্টতা।

To **Indoctrinate**, *v. a.* Fr. শিক্ষা-দা, উপদেশ-কৃ, শিক্ষা-করা, কোন বিদ্যা বা মতদ্বারা সংস্কার-জন্মা।

Indoctrination, *n. s.* উপদেশ, শিক্ষা করাণ, উপদেশ দেওন, জ্ঞানদান, জ্ঞাম।

Indolence বা **Indolency**, *n. s.* Lat. আলস্য, সুস্থি, কুড়েমি, ঢিলেমি, গতর্জমা, জড়তা, অসতর্কতা, গাদুলসেমি, গড়েমি, অনুদ্যোগ, গাতুলস্যামি, অনুৎসুকতা, অমনোযোগ, নিশ্চেষ্টা, ক্লেশ পীড়া বা বেদনাহইতে মুক্তি বা উদ্ধার বা নিস্তার, সুস্থতা, স্বচ্ছন্দতা।

Indolent, *ad.* Fr. অলস, কুড়ে, ঢিলে, সুস্থি, জড়, অসতর্ক, গড়্যে, অনুদ্যোগী, নিরুৎসাহী, অমনোযোগী, নিশ্চেষ্ট, কুণ্ঠ।

Indolently, *ad.* সুস্থতা বা স্বচ্ছন্দতারূপে ক্লেশ পীড়া বা আয়াসরাহিত্যপূর্ব্বক, কুড়েমিপূর্ব্বক, অলসতারূপে, আস্তে, সুস্থে, অনুদ্যোগপূর্ব্বক, নিশ্চেষ্টাপূর্ব্বক, আলস্যরূপে।

Indomable, *a.* Lat. অনায়ত্ত, অবশীভূত, অবাধ্য, পোষ মানে না যে।

Digitized by Google

Indomitable, *a.* Lat. তথা।

To **Indorse**. *To* **Endorse**, শব্দ দেখ।

To **Indow**, *v. a.* **Endow** শব্দ দেখ।

Indraught, *n. s.* পথ, খাল, খাড়ি, ভিতরের পথ, সমুদ্রের খাড়ী।

To **Indrench**, *v. a.* Sax. সিক্ত-কৃ, ভিজা, চুবা, ডুবা, আর্দ্র-কৃ।

Indubious, *a.* নিঃসন্দেহ, নিশ্চয়, নিঃসংশয়।

Indubitable, *a.* Lat. তথা।

Indubitableness, *n. s.* নিঃসন্দেহত্ব, নিশ্চয়ত্ব, নিঃসংশয়ত্ব।

Indubitably, *ad.* নিঃসন্দেহত্বপূর্ব্বক, নিশ্চয়রূপে, নিঃসংশয়তা রূপে।

Indubitate, *a.* Lat. নিঃসন্দিগ্ধ, নিঃসন্দেহ, নিশ্চয়, নিশ্চিত, নির্ধার্য্য, স্পষ্ট, খোলাসা।

To **Induce**, *n. s.* Lat. প্রবৃত্তি-করা-লওয়া বা-জন্মা, আকর্ষণ-কৃ, কোন কর্ম্মে প্রবৃত্ত-কৃ, আনয়ন-কৃ, প্রবৃত্তি বা বুঝানদ্বারা স্বীকার করা, ভুলা, ব্যবহার-কৃ, সুস্পষ্ট-কৃ, লোভা, কারণ-দর্শা।

Inducement, *n. s.* প্রবৃত্তি, লালচ, লোভ বা কোন কারণ দর্শান যদ্দ্বারা কোন কর্ম্মে প্রবৃত্ত হয় বা করা যায়, প্রবৃত্তির কারণ বা বিষয়।

Inducer, *n. s.* প্রাবর্ত্তক, লওয়ায় যে, প্রবৃত্তি জন্মায় যে, লোভায় যে, ভুলায় যে।

Inducible, *a.* আরম্ভক, উপক্রমক, আরম্ভ বা ভর্ত্তি করা যায় যাহা বা যদ্দ্বারা করণীয় বা করাণ যায় যাহা।

To **Induct**, *v. a.* Lat. প্রবেশ-করা, নিযুক্ত-কৃ, ভর্ত্তি-কৃ, দখল-দা, আমলে-আনা।

Induction, *n. s.* Lat. প্রবেশ, প্রবেশকরাণ, নিযুক্তকরণ, প্রবিষ্ট হওন বা করণ, কোন কর্ম্মে ভর্ত্তিকরণ, অনুষ্ঠান, ভর্ত্তি, প্রস্তাবনা, গ্রিজার বৃত্তি দখল দেওন।

Inductive, *a.* প্রাবর্ত্তক, প্রবৃত্তিজনক, প্রদর্শক, অনুমেয়, উৎপাদন অনুভাব বা অনুমান করাণক্ষম, কারণদর্শক।

Inductively, *ad.* প্রবৃত্তিপূর্ব্বক, অনুভব বা অনুমানপূর্ব্বক, কারণ দর্শানপূর্ব্বক।

Inductor, *n. s.* গ্রিজার বৃত্তিতে প্রবিষ্ট করায় বা দখল দেওয়ায় যে।

To **Indue**, *v. a.* Lat. প্রদান-কৃ, অর্পণ-কৃ, ভূষিত-কৃ, দান-কৃ, দা, অর্পিত-কৃ।

To **Indulge**, *v. a.* Lat. -দা, স্বীকার বা দানদ্বারা উৎসুক-কৃ, অনুগ্রহ-কৃ, অনুগ্রহ করিয়া-দা, নাই-দা, অনুগ্রহ দান-কৃ, স্নেহ প্রকাশ-কৃ, কৃপা দান-কৃ।

To **Indulge**, *v. n.* অনুকূল-হ, অনুগ্রহ-কৃ, অনুগ্রহপূর্ব্বক দাতা-হ বা স্বীকার-কৃ।

Indulgence বা **Indulgency**, *n. s.* অনুগ্রহ, কৃপা, ক্ষমা, আনুকূল্য, দয়া, স্নেহ, আদর, নাই, অনিস্পৃহা, দান, প্রসাদ, ভোগ, তৃপ্তি, রুমী গ্রিজাতে দান বা বৃত্তিবিশেষ, পাপমোচন।

Indulgent, *a.* অনুগ্রাহক, অনুকূল, দয়াশীল, বৎসল, কৃপালু, দিৎসু, ধীর, নরম, তৃপ্তিজনক, স্বীকারকারী।

Indulgential, *a.* রুমীয় ধর্ম্ম মণ্ডলীর অনুগ্রহ বা প্রসাদসম্বন্ধীয় বা তদ্বিষয়ক।

Indulgently, *ad.* অনুগ্রহপূর্ব্বক, দয়ালুতাপূর্ব্বক, প্রসন্নবদনে, বিনা দোষে, খাতির করিয়া।

Indulger, *n. s.* অনুগ্রহদাতা, দয়াকর্ত্তা, নাই দেয় যে ব্যক্তি।

Indult বা **Indulto**, *n. s.* Ital. Fr. স্বার্থ, অধিকার, রেয়াইত, খালাসী, মুক্তি।

To **Indurate**, *v. n.* Lat. শক্ত-হ, দৃঢ়-হ, কড়া-হ।

To **Indurate**, *v. a.* শক্ত-কৃ, কঠিন-কৃ, কড়া-কৃ, মন শক্ত বা দৃঢ়-কৃ, কঠিন মন-কৃ, চিত্ত কঠিন-কৃ।

Indurate, *a.* দৃঢ়মনাঃ, শক্তমনা, মনের কাঠিন্যশালী, শক্ত, দৃঢ়, স্তব্ধ, দৃঢ়কৃত।

Induration, *n. s.* দৃঢ়াবস্থা, দৃঢ় বা শক্ত হওনাবস্থা, দৃঢ় কঠিন বা শক্তকরণ, মনের কাঠিন্য, কঠিনতা।

Industrious, *a.* Lat. শ্রমী, শ্রান্ত, শ্রমসহ, পরিশ্রমী, মিহনতী, উদ্যোগী, কর্ম্মঠ, কর্ম্মশীল, অনলস, আলস্যবিহীন, কর্ম্মের শেষ করে যে, কর্ম্মনির্ব্বাহক।

Industriously, *ad.* আলস্যরাহিত্যপূর্ব্বক, বিনালস্যে, অশ্রান্তিপূর্ব্বক, উদ্যোগপূর্ব্বক, পরিশ্রমপূর্ব্বক, কর্ম্মঠরূপে, মিহনৎ করিয়া, অভিপ্রায়সিদ্ধিপূর্ব্বক, মতলব করিয়া।

